কুন্তয় ইতি। কুন্তয়ঃ কুন্তিদেশীয়াঃ। মহাসত্ত্বা মহাধ্যবসায়াঃ। সানুবন্ধাঃ সানুচরাঃ ॥২॥
নারেতি। নারায়ণা বালভদ্রাশ্চ তত্তন্নামানঃ। অনুরক্তাঃ পাণ্ডবেষু ॥৩॥
সম ইতি। বীর্য্যেণ দৈহিকশক্ত্যা, বলেন মানসিকশক্ত্যা। সত্যসন্ধেন সত্যপ্রতিজ্ঞেন ॥৪॥
পাঞ্চালানামিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৫॥

বধ করিয়াছে, তুমি তাহাদের কথা বলিলে; এখন আমার যোদ্ধারা পাণ্ডবপক্ষের যাহাদিগকে বধ করিয়াছেন, তাহাদের কথা বল' ॥১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! বিক্রমশালী, মহাধ্যবসায়যুক্ত ও মহাবল কুন্তিদেশীয় বীরগণ অনুচর ও অমাত্যগণের সহিত যুদ্ধে ভীষ্মকর্তৃক নিপাতিত হইয়াছেন ॥২॥

এবং মহাবীর ভীষ্ম যুদ্ধে বীর ও পাণ্ডবগণের প্রতি অনুরক্ত শত শত নারায়ণ ও বালভদ্রনামক সৈন্যদিগকে নিপাতিত করিয়াছেন ॥৩॥

বল ও বীর্য্যে অর্জ্জুনের তুল্য সত্যজিৎ যুদ্ধে সত্যপ্রতিজ্ঞ দ্রোণের হস্তে নিহত হইয়াছেন ॥৪॥

পাঞ্চালসৈন্যের মধ্যে যাহারা মহাধনুর্দ্ধর ও যুদ্ধবিশারদ ছিল, তাহারা সকলে যুদ্ধে দ্রোণের সহিত মিলিত হইয়া যমালয়ে গমন করিয়াছে ॥৫॥

বৃদ্ধ বিরাট ও দ্রুপদরাজা পুত্রগণের সহিত মিলিত হইয়া যুধিষ্ঠিরপ্রভৃতির জন্য যুদ্ধে পরাক্রম প্রকাশ করিতে করিতে দ্রোণের হস্তে নিহত হইয়াছেন ॥৬॥

(২) কুন্তিনো যুধি বিক্রান্তাঃ···নি, ···ভীষ্মেণ যুধিপাতিতাঃ—পি। (৩) নারায়ণা বল্লবাশ্চ···শতশো রণে···পি, নারায়ণা বল্লবাশ্চ রামাশ্চ···নি।

যো বাল এব সমরে সম্মিতঃ সব্যসাচিনা।
কেশবেন চ দুর্দ্ধর্ষো বলদেবেন বা বিভো! ॥৭॥
পরেষাং কদনং কৃত্বা মহদ্রণবিশারদঃ।
পরিবার্য্য মহামাত্রৈঃ ষড়্ভিঃ পরমকৈ রথৈঃ।
অশক্নু বদ্ভির্বীভৎসুমভিমন্যুর্নিপাতিতঃ ॥৮॥ (যুগ্মকম্)
কৃতং তং বিরথং বীরং ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতম্।
দৌঃশাসনির্মহারাজ! সৌভদ্রং হতবান্ রণে ॥৯॥
পটচ্চরনিহন্তা চ মহত্যা সেনয়া বৃতঃ।
অম্বষ্ঠস্য সুতঃ শ্রীমান্ মিত্রহেতোঃ পরাক্রমন্ ॥১০॥
আসাদ্য লক্ষ্মণং বীরং দুর্য্যোধনসুতং রণে।
সুমহৎ কদনং কৃত্বা গতো বৈবস্বতক্ষয়ম্ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। সুতৈঃ সহেতি সহসুতৌ। মিত্রাণাং পাণ্ডবানামর্থে ॥৬॥

য ইতি। সম্মিতস্তুল্যঃ। মহৎ কদনং মহামারীম্। মহামাত্রৈর্বয়োবাহুল্যেন বৃহৎ-প্রমাণৈঃ। বীভৎসুমর্জ্জুনং জেতুমিতি শেষঃ। নিপাতিতো ভূশায়ী কৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭—৮॥

কৃতমিতি। ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতং তদ্দশায়ামপি যুধ্যমানমিত্যর্থঃ ॥৯॥

পটচ্চরেতি। পটচ্চরাণাং দস্যূনাং নিহন্তা। কদনমুৎপীড়নম্ ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

আখ্যাতা ইতি ॥১—৭॥ ষড়্ভিঃ দ্রোণদ্রৌণিশল্যকর্ণকৃপকৃতবর্ম্মভিঃ, পরমকৈ

রাজা! যিনি বাল্যকালেই যুদ্ধে অর্জ্জুন, কৃষ্ণ ও বলরামের তুল্য দুর্দ্ধর্ষ ছিলেন, সেই যুদ্ধবিশারদ অভিমন্যু যুদ্ধে শত্রুপক্ষের মহামারী ঘটাইতেছিলেন; পরে বিশালাকৃতি ছয় জন মহারথ অর্জ্জুনকে জয় করিতে না পারিয়া অভিমন্যুকে পরিবেষ্টন করিয়া ভূতলশায়ী করিয়াছিলেন ॥৭—৮॥

মহারাজ! সেই বীর অভিমন্যু রথবিহীন হইয়াও যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থায় দুঃশাসনের পুত্র যুদ্ধে তাঁহাকে বধ করিয়াছিলেন ॥৯॥

দস্যুনিহন্তা ও বীরশোভায় শোভিত অম্বষ্ঠপুত্র বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া মিত্র পাণ্ডবগণের জন্য পরাক্রম প্রকাশ করতঃ শত্রুপক্ষের মহামারী ঘটাইয়া সমরাঙ্গনে দুর্য্যোধনের পুত্র বীর লক্ষ্মণের সম্মুখে যাইয়া যমালয়ে গিয়াছেন ॥১০-১১॥

(৭)…বলদেবেন চাভিভুঃ—নি। (৮)…অভিমন্যুরভিক্রতঃ—পি।

বৃহন্তঃ সুমহেম্বাসঃ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ।
দুঃশাসনেন বিক্রম্য গমিতো যমসাদনম্ ॥১২॥
মণিমান্ দণ্ডধারশ্চ রাজানৌ যুদ্ধদুর্ম্মদৌ।
পরাক্রমন্তৌ মিত্রার্থে দ্রোণেন যুধি পাতিতৌ ॥১৩॥
অংশুমান্ ভোজরাজস্তু সহসৈন্যো মহারথঃ।
ভারদ্বাজেন বিক্রম্য গমিতো যমসাদনম্ ॥১৪॥
সামুদ্রশ্চিত্রসেনশ্চ সহ পুত্রেণ ভারত!।
সমুদ্রসেনেন বলাদ্‌গমিতো যমসাদনম্ ॥১৫॥
অনূপবাসী নীলশ্চ ব্যাঘ্রদত্তশ্চ বীর্য্যবান্।
অশ্বত্থাম্না বিকর্ণেন গমিতৌ যমসাদনম্ ॥১৬॥
চিত্রায়ুধশ্চিত্রযোধী কৃত্বা চ কদনং মহৎ।
চিত্রমার্গেণ বিক্রম্য বিকর্ণেন হতো মৃধে ॥১৭॥

ভারতকৌমুদী

বৃহন্ত ইতি। সুমহেম্বাসঃ অতিমহাধনুর্দ্ধরঃ, কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ ॥১২॥
মণিমানিতি। মিত্রাণাং পাণ্ডবানামর্থে ॥১৩॥
অংশুমানিতি। সৈন্যৈঃ সহেতি সহসৈন্যঃ। ভারদ্বাজেন দ্রোণেন ॥১৪॥
সামুদ্র ইতি। সামুদ্রঃ সমুদ্রসন্নিহিতরাজ্যাধিপতিঃ ॥১৫॥
অনূপেতি। অনূপবাসী সমুদ্রজলপ্রায়দেশবাসী। গমিতৌ যথাসংখ্যেন ॥১৬॥
চিত্রেতি। কদনং কৌরবসৈন্যোৎপীড়নম্। মৃধে যুদ্ধে ॥১৭॥

দুঃশাসন বিক্রম প্রকাশ করিয়া অতিমহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ বৃহন্তকে যমালয়ে প্রেরণ করিয়াছিলেন ॥১২॥

যুদ্ধদুর্দ্ধর্ষ মণিমান্ ও দণ্ডধাররাজা মিত্রগণের জন্য যুদ্ধে পরাক্রম প্রকাশ করিতে থাকিয়া দ্রোণকর্ত্তৃক নিপাতিত হইয়াছেন ॥১৩॥

দ্রোণাচার্য্য বিক্রম প্রকাশ করিয়া মহারথ ভোজরাজ অংশুমান্‌কে সৈন্যগণের সহিত যমালয়ে প্রেরণ করিয়াছিলেন ॥১৪॥

ভরতনন্দন! সমুদ্রসেন বলপূর্ব্বক সমুদ্রসন্নিহিতরাজ্যাধিপতি চিত্রসেনকে তাঁহার পুত্রের সহিতই যমালয়ে পাঠাইয়াছেন ॥১৫॥

অশ্বত্থামা সমুদ্রতীরবাসী নীলরাজাকে এবং বিকর্ণ বলবান্ ব্যাঘ্রদত্তকে যমভবনে প্রেরণ করিয়াছেন ॥১৬॥

(১৩)···দ্রোণেন বিনিপাতিতৌ—পি। (১৬)···অশ্বত্থাম্না মহারাজ! গমিতো যমসাদনম্—পি। (১৭)···কৃত্বা তৌ কদনং মহৎ···হতো যুধি—পি।

বৃকোদরসমো যুদ্ধে বৃতঃ কেকয়জো যুধি।
কেকয়েন চ বিক্রম্য ভ্রাতা ভ্রাত্রা নিপাতিতঃ ॥১৮॥
জনমেজয়ো গদাযোধী পার্ব্বতীয়ঃ প্রতাপবান্।
দুর্ম্মুখেন মহারাজ! তব পুত্রেণ পাতিতঃ ॥১৯॥
রোচমানৌ নরব্যাঘ্রৌ রোচমানৌ গ্রহাবিব।
দ্রোণেন যুগপদ্রাজন্! দিব্যং সংপ্রাপিতৌ শরৈঃ ॥২০॥
নৃপাশ্চান্যে প্রযুধ্যন্তঃ পরাক্রান্তা বিশাংপতে!।
কৃত্বা নস্থকরং কর্ম্ম গতা বৈবস্বতক্ষয়ম্ ॥২১॥
পুরুজিৎ কুন্তিভোজশ্চ মাতুলৌ সব্যসাচিনঃ।
সংগ্রামনির্জ্জিতাল্লোঁকান্ গমিতৌ দ্রোণসায়কৈঃ ॥২২॥

ভারতকৌমুদী

বৃকোদরেতি। বৃতঃ সৈন্যৈঃ পরিবেষ্টিতঃ। কেকয়েন কৌরবপক্ষগতেন ॥১৮॥
জনেতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। জনমেজয়ো নাম ॥১৯॥
রোচেতি। রোচমানৌ উভাবেব রোচমাননামানৌ, রোচমানৌ দীপ্যমানৌ ॥২০॥
নৃপা ইতি। প্রযুধ্যন্তঃ প্রযুধ্যমানাঃ। নস্থকরমন্যৈর্দুষ্করম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

রথৈর্মহামাত্রৈর্মুখ্যৈঃ, অশক্নুবদ্ভিরেকৈকশ্যেন হন্তুমিতি শেষঃ ॥৮—১৯॥ রোচমানৌ একনামানৌ ভ্রাতারৌ ॥২০—৩৮॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

বিচিত্রযুদ্ধকারী চিত্রায়ুধ বিচিত্র পথে বিক্রমপ্রকাশ করিয়া কৌরবপক্ষের মহামারী ঘটাইয়া যুদ্ধে বিকর্ণের হস্তে নিহত হইয়াছেন ॥১৭॥

এক কেকয়ভ্রাতা পরাক্রম প্রকাশ করিয়া সৈন্যপরিবেষ্টিত ও যুদ্ধে ভীমের তুল্য অপর কেকয়ভ্রাতাকে নিপাতিত করিয়াছেন ॥১৮॥

মহারাজ! আপনার পুত্র দুর্ম্মুখ পার্ব্বত্যদেশবাসী, গদাযোধী ও প্রতাপশালী জনমেজয়কে নিহত করিয়াছিলেন ॥১৯॥

রাজা! দ্রোণাচার্য্য বাণদ্বারা নরশ্রেষ্ঠ এবং দুইটা গ্রহের ন্যায় উজ্জ্বলমূর্ত্তি রোচমাননামক দুই বীরকে একদাই স্বর্গে প্রেরণ করিয়াছিলেন ॥২০॥

নরনাথ! অন্য অনেক পরাক্রমশালী রাজা দুষ্কর কার্য্য সকল করিয়া যুদ্ধ করিতে করিতে যমালয়ে গিয়াছেন ॥২১॥

---

(১৮)···বৃতঃ কৈকেয়যোধিভিঃ। কৈকেয়েন স বিক্রম্য···পি।

শ্রেণিমাংশ্চ মহারাজ ! যুধ্যমানঃ পরাক্রমী।
কৃত্বা নস্থকরং কর্ম্ম গতো বৈবস্বতক্ষয়ম্ ॥৩৪॥
তথৈব যুধি বিক্রান্তো মাগধঃ পরমাস্ত্রবিৎ।
ভীষ্মেণ নিহতো রাজন্ ! শেতেঽন্য পরবীরহা ॥৩৫॥
বিরাটপুত্রঃ শঙ্খস্তু উত্তরশ্চ মহারথঃ।
কুর্ব্বন্তৌ সুমহৎ কর্ম্ম গতৌ বৈবস্বতক্ষয়ম্ ॥৩৬॥
বসুদানশ্চ কদনং কুর্ব্বাণোঽতীব সংযুগে।
ভারদ্বাজেন বিক্রম্য গমিতো যমসাদনম্ ॥৩৭॥
এতে চান্যে চ বহবঃ পাণ্ডবানাং মহারথাঃ।
হতা দ্রোণেন বিক্রম্য যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঞ্জয়বাক্যে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তথেতি। এষ সত্যধৃতিঃ পূর্বস্মাদ্ভিন্নঃ ॥৩৩॥
শ্রেণিমানিতি। কর্ম্ম শত্রুসংহারম্ ॥৩৪॥
তথেতি। মাগধো মগধরাজঃ। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৩৫॥
বিরাটেতি। শঙ্খোত্তরৌ নাম। কর্ম্ম কৌরবসৈন্যসংহারম্ ॥৩৬॥
বস্বিতি। কদনং কৌরবোৎপীড়নম্। ভারদ্বাজেন দ্রোণেন ॥৩৭॥

বীর অপর সত্যধৃতি, বলবান্ মদিরাশ্ব এবং বিক্রমশালী সূর্য্যদত্ত দ্রোণের বাণে নিহত হইয়াছেন ॥৩৩॥

মহারাজ ! পরাক্রমশালী শ্রেণিমান্ যুদ্ধে প্রবৃত্ত হইয়া অন্যের দুষ্কর কার্য্য করিয়া যমালয়ে গমন করিয়াছেন ॥৩৪॥

রাজা ! বিক্রমশালী, পরমাস্ত্রবিৎ ও বিপক্ষবীরহন্তা মগধের রাজা ভীষ্মকর্ত্তৃক নিহত হইয়া অদ্যাপি রণস্থলে শয়ন করিয়া রহিয়াছেন ॥৩৫॥

বিরাটরাজার পুত্র মহারথ শঙ্খ ও উত্তর অতিগুরুতর কার্য্য করিতে করিতে যমালয়ে গমন করিয়াছেন ॥৩৬॥

এবং বসুদান যুদ্ধে কৌরবপক্ষের অত্যন্ত উৎপীড়ন করিতেছিলেন, সেই অবস্থায় দ্রোণ বিক্রম প্রকাশ করিয়া তাঁহাকে যমালয়ে প্রেরণ করিয়াছিলেন ॥৩৭॥

(৩৫)···শেতে চ পরবীরহা—পি। (৩৬) শ্লোকঃ পি নাস্তি। (৩৮)···পাণ্ডবানাং মহারণে···পি। * '···তৃতীয়োঽধ্যায়ঃ' নি, '···ষষ্ঠোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো।

পঞ্চমোঽধ্যায়ঃ।

——— ঃ-৹-ঃ ———

ধৃতরাষ্ট্র উবাচ।

মামকস্যাস্য সৈন্যস্য হতোৎসেকস্য সঞ্জয় !।
অবশেষং ন পশ্যামি ককুদে মৃদিতে সতি ॥১॥
তৌ হি বীরৌ মহেম্বাসৌ মদর্থে কুরুসত্তমৌ।
ভীষ্মদ্রোণৌ হতৌ শ্রুত্বা কো ন্বর্থো জীবিতেন মে ॥২॥

ভারতকৌমুদী

এত ইতি। পরিপৃচ্ছসীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

——— ঃ-০-ঃ ———

মামকস্যেতি। হে সঞ্জয়! ককুদে বীরশ্রেষ্ঠে ভীষ্মদ্রোণকর্ণাদৌ, মৃদিতে নিহতে সতি, হত উৎসেকো দর্পো যস্য তস্য, অস্য মামকস্য সৈন্যস্য, অবশেষং ন পশ্যামি ॥১॥

তাবিতি। কুরুষু কুরুযোদ্ধৃষু সত্তমৌ শ্রেষ্ঠৌ। অর্থঃ প্রয়োজনম্ ॥২॥

ভারতভাবদীপঃ

মামকস্যেতি। হৃতোৎসেকস্য কেদারান্ প্রতি প্রাপিতোদকস্য ক্ষুদ্রসরস ইবাবশেষং ন পশ্যামি, ককুদে প্রধানপুরুষসমূহে ভীষ্মদ্রোণকর্ণরূপে মৃদিতে নাশিতে সতি ॥১॥ অসতি

দ্রোণ বিক্রম প্রকাশ করিয়া ইহাদিগকে এবং অন্যও বহুতর পাণ্ডবপক্ষের মহারথকে বধ করিয়া গিয়াছেন। মহারাজ! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছেন, (তাহা এই বলিলাম)' ॥৩৮॥

—— ঃ*ঃ ——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! প্রধান বীরগণ নিহত হওয়ায় হতদর্প আমার এই সৈন্যগণের আমি আর অবশেষ দেখিতেছি না ॥১॥

মহাধনুর্দ্ধর ও কৌরবযোদ্ধৃশ্রেষ্ঠ সেই ভীষ্ম ও দ্রোণ আমার জন্য নিহত হইয়াছেন শুনিয়া আমার জীবনে আর প্রয়োজন কি ॥২॥

---

(১)...হৃতোৎসেকস্য...পি,...হতশেষস্য সঞ্জয় !...বা সো। (২) মদর্থং কুরুসত্তমৌ ...পি।

ন চ মৃষ্যামি রাধেয়ং হতমাহবশোভিনম্।
যস্য বাহ্বোর্বলং তুল্যং কুঞ্জরাণাং শতং শতম্ ॥৩॥
হতপ্রবরসৈন্যং মে যথা শংসসি সঞ্জয় ! ।
অহতানপি মে শংস যেঽত্র জীবন্তি কেচন ॥৪॥
এতেষু হি মৃতেম্বন্য যে ত্বয়া পরিকীর্ত্তিতাঃ।
যেঽপি জীবন্তি তে সর্ব্বে মৃতা ইতি মতির্মম ॥৫॥

সঞ্জয় উবাচ।

যস্মিন্ মহাস্ত্রাণি সমর্পিতানি চিত্রাণি শুভ্রাণি চতুর্বিধানি।
দিব্যানি রাজন্ ! বিহিতানি চৈব দ্রোণেন বীরে দ্বিজসত্তমেন ॥৬॥
মহারথঃ কৃতিমান্ ক্ষিপ্রহস্তো দৃঢ়ায়ুধো দৃঢ়মুষ্টির্দৃঢ়েষুঃ।
সবীর্য্যবান্ দ্রোণপুত্রস্তরস্বী ব্যবস্থিতো যোদ্ধুকামস্ত্বদর্থে ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। মৃষ্যামি সহে। শতং শতং দশ সহস্রাণি তদ্বলস্য তুল্যমিত্যর্থঃ ॥৩॥
হতেতি। হতাঃ প্রবরাঃ প্রধানা যস্য তচ্চ তৎ সৈন্যঞ্চেতি তৎ, শংসসি ব্রবীষি ॥৪॥
এতেম্বিতি। ত্বয়া যে পরিকীর্ত্তিতাঃ, এতেষু তেষু। মৃতা ইতি মতিঃ প্রধানাভাবাৎ ॥৫॥
যস্মিন্নিতি। শুভ্রাণি নির্ম্মলাণি, চতুর্বিধানি ধনুঃক্ষেপ্য-যন্ত্রক্ষেপ্য-চ্ছেদক-ভেদকভেদাৎ।

ভারতভাবদীপঃ

তুচ্ছে ॥২॥ শতং শতং সহস্রদশকম্ আর্ষো বিভক্তিব্যত্যয়ঃ। কুঞ্জরাণামযুতেন তুল্যং বাহ্বোর্ব্বলং যস্য তস্যাপি বধং ন মৃষ্যামীতি ন অপি তু মৃষ্যাম্যেব। মৃত্যুঞ্জয়িনো ভীষ্মস্য ক্ষাত্রব্রাহ্মোভয়বলবতো দ্রোণস্য চ বধং কুর্ব্বতাং পরেষাং কর্ণবধস্ত্বৈষৎকরত্বাদিতি ভাবঃ ॥৩—৪॥ মৃতা মৃতপ্রায়াঃ ॥৫॥ চিত্রাণি অনেকনানায়ুধপ্রসবক্ষমাণি, শুভ্রাণি দীপ্তিমন্তি, চতুর্ব্বিধানি দৃঢ়দূরসূক্ষ্মশব্দবেধীনি বিহিতানি ধনুর্ব্বেদোদিতানি। চিত্রশুভ্রদিব্যবিহিতান্যেব বা চতুর্ব্বিধানি। অত্র বিহিতানি কৃত্রিমাণীতি প্রাহুঃ। অস্ত্রান্তরনিবর্ত্ত্যমাগ্নেয়াদি। নতিমাত্রনিবর্ত্ত্যং নারায়ণাস্ত্রাদি। প্রয়োক্তৈকনিবর্ত্ত্যং ব্রহ্মশিরআদি। সর্ব্বথাপ্যনিবর্ত্ত্যং

যাঁহার বাহুবল দশসহস্র হস্তীর বলের তুল্য ছিল, সেই যুদ্ধশোভী কর্ণের নিধন আমি আর সহ্য করিতে পারিতেছি না ॥৩॥

সে যাহা হউক, সঞ্জয় ! তুমি যেমন নিহত প্রধান বীরগণের নাম বলিলে, তেমন যে কেহ জীবিত আছেন, সেই অনিহত বীরগণের নামও বল ॥৪॥

তুমি যাঁহাদের নাম বলিলে, তাঁহারা মৃত্যুমুখে পতিত হওয়ায় এখন যাঁহারা জীবিত আছেন, তাঁহারা সকলেও মরিয়াছেন বলিয়াই আমার ধারণা হইতেছে' ॥৫॥

(৪) হতপ্রবীরে সৈন্যেঽস্মিন্ মামকে বদতাং বর !···পি।

আনর্ত্তবাসী হৃদিকাত্মজোঽসৌ মহারথঃ সাত্বতানাং বরিষ্ঠঃ।
স্বয়ং ভোজঃ কৃতবর্ম্মা কৃতাস্ত্রো ব্যবস্থিতো যোদ্ধুকামস্ত্বদর্থে ॥৮॥
আর্ত্তায়নিঃ সমরে দুষ্প্রকম্প্যঃ সেনাগ্রণীঃ প্রথমস্তাবকানাম্।
যঃ স্বস্রীয়ান্ পাণ্ডবেয়ান্ বিসৃজ্য সত্যাং বাচং স্বাং চিকীর্ষুস্তরস্বী ॥৯॥
তেজোবধং সূতপুত্রস্য সংখ্যে প্রতিশ্রুত্যাজাতশত্রোঃ পুরস্তাৎ।
দুরাধর্ষঃ শক্রসমানবীর্য্যঃ শল্যঃ স্থিতো যোদ্ধুকামস্ত্বদর্থে ॥১০॥ (যুগ্মকম্)
শারদ্বতো গৌতমশ্চাপি রাজন্! মহাবাহুর্বহুচিত্রাস্ত্রযোধী।
ধনুশ্চিত্রং সুমহদ্ভারসাহং ব্যবস্থিতো যোদ্ধুকামঃ প্রগৃহ্য ॥১১॥

ভারতকৌমুদী

ধনুঃক্ষেপ্যাণি বাণাদীনি, যন্ত্রক্ষেপ্যাণি গুলিকাদীনি, ছেদকানি খড়্গাদীনি, ভেদকানি শূলাদীনি। কৃতিমান্ যুদ্ধনিপুণঃ। দৃঢ়েষুর্দৃঢ়বাণঃ। তরস্বী বেগবান্ ॥৬—৭॥

আনর্ত্তেতি। আনর্ত্তবাসী আনর্ত্তদেশস্থিতঃ। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ ॥৮॥

আর্ত্তেতি। আর্ত্তায়নস্য পুত্র ইত্যার্ত্তায়নিঃ। স্বস্রীয়ান্ ভাগিনেয়ান্। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ, তরস্বী বলবান্। সূতপুত্রস্য কর্ণস্য। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

পাশুপতাদি। এবং চতুর্ব্বিধানি বীরৈর্নিহিতানি সমর্পিতানি ॥৬॥ কৃতিমান্ অবন্ধ্যযত্নঃ ॥৭—৮॥ আর্ত্তায়নিঃ শল্যঃ, স্বস্রীয়ান্ ভাগিনেয়ান্। উভয়োরেব ভাগিনেয়ত্বেঽপি লিঙ্গসমবায়াৎ

সঞ্জয় বলিলেন—'রাজা! ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ যে বীরকে বিচিত্র, নির্দ্দোষ ও অলৌকিক চতুর্ব্বিধ মহাস্ত্র দিয়াছিলেন, সেই মহারথ, যুদ্ধনিপুণ, লঘুহস্ত, দৃঢ়াস্ত্র, দৃঢ়মুষ্টি, দৃঢ়বাণ, বলবান্ ও বেগবান্ অশ্বত্থামা আপনার জন্য যুদ্ধাভিলাষী হইয়া রহিয়াছেন ॥৬—৭॥

আনর্ত্তদেশবাসী, হৃদিকপুত্র, সাত্বতবংশশ্রেষ্ঠ, ভোজবংশীয় এবং সমস্ত অস্ত্রে সুশিক্ষিত মহারথ কৃতবর্ম্মা স্বয়ং আপনার জন্য যুদ্ধাভিলাষী হইয়া অবস্থান করিতেছেন ॥৮॥

যিনি আর্ত্তায়নের পুত্র, যুদ্ধে অকম্পনীয় ও আপনার সৈন্যগণের প্রধান অগ্রগামী এবং যিনি নিজের বাক্য সত্য করিবার ইচ্ছায় ভাগিনেয় পাণ্ডবগণকে ত্যাগ করিয়া যুধিষ্ঠিরের সম্মুখে যুদ্ধে কর্ণের তেজোনাশ করিবার প্রতিশ্রুতি দিয়াছিলেন, সেই বলবান্, দুর্দ্ধর্ষ এবং ইন্দ্রের তুল্য শক্তিশালী শল্য আপনার জন্য যুদ্ধ করিবার ইচ্ছায় সৈন্যমধ্যে রহিয়াছেন ॥৯—১০॥

(৭)…স দূরপাতী দ্রোণপুত্রো মহাত্মা…পি। (৯)…তাং চিকীর্ষুঃ…পি। (১১) শ্লোকো দ্বাদশশ্লোকাৎ পরং পঠ্যতে পি সো।

গান্ধাররাজঃ সসুতশ্চ রাজন্ ! দুর্দ্যূতদেবী কলহপ্রিয়শ্চ।
গান্ধারমুখ্যৈর্যবনৈশ্চ রাজন্! ব্যবস্থিতো যোদ্ধুকামস্ত্বদর্থে ॥১২॥
মহারথঃ কেকয়রাজপুত্রঃ সদশ্বযুক্তঞ্চ পতাকিনঞ্চ।
রথং সমারুহ্য নরপ্রবীরো ব্যবস্থিতো যোদ্ধুকামস্ত্বদর্থে ॥১৩॥
তথা সুতস্তে জ্বলনার্কবর্ণং রথং সমাস্থায় কুরুপ্রবীরঃ।
ব্যবস্থিতঃ পুরুমিত্রো নরেন্দ্র! ব্যভ্রে সূর্য্যো ভ্রাজমানো যথা খে ॥১৪॥
দুর্য্যোধনো নাগকুলস্য মধ্যে মহাবীর্য্যঃ সহ সৈন্যপ্রবীরৈঃ।
রথেন জাম্বূনদভূষণেন ব্যবস্থিতঃ সমরে যোৎস্যমানঃ ॥১৫॥

ভারতকৌমুদী

শারদ্বত ইতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ, গৌতমো গৌতমগোত্রঃ কৃপঃ, বহুচিত্র-মতীবাশ্চর্য্যম্ অস্ত্রৈর্যুধ্যত ইতি সঃ। ভারসাহমধিকাকর্ষণসহম্, ধনুঃ প্রগৃহ্য ॥১১॥

গান্ধারেতি। গান্ধাররাজঃ শকুনিঃ। দুষ্টেন দ্যূতেন দীব্যতি ক্রীড়তীতি দুর্দ্যূতদেবী। গান্ধারমুখ্যৈর্গান্ধারসৈন্যশ্রেষ্ঠৈর্যবনৈশ্চ সহ। রাজন্নিতি দ্বিঃসম্বোধনমার্ষত্বাৎ সোঢ়ব্যম্ ॥১২॥

মহেতি। পতাকিনং পতাকাযুক্তম্। নরেষু প্রবীরঃ প্রকৃষ্টশূরঃ ॥১৩॥

তথেতি। জ্বলনার্কবর্ণম্ অগ্নিসূর্য্যতুল্যদ্যুতিম্, সমাস্থায় আরুহ্য। পুরুমিত্রো নাম। বিগতমভ্রং মেঘো যস্মাত্তাদৃশে খে আকাশে, ভ্রাজমানো দীপ্যমানঃ ॥১৪॥

রাজা! শরদ্বানের পুত্র, গৌতমগোত্র, মহাবাহু এবং অস্ত্রদ্বারা অতিবিচিত্র-যুদ্ধকারী কৃপাচার্য্য আশ্চর্য্য, বিশাল ও গুরুতরাকর্ষণসহ ধনু ধারণ করিয়া আপনার জন্য যুদ্ধাভিলাষী হইয়া অবস্থান করিতেছেন ॥১১॥

রাজা! দুষ্টদ্যূতক্রীড়াকারী ও কলহপ্রিয় শকুনি পুত্রগণ, গান্ধারদেশীয় প্রধান সৈন্যগণ ও যবনগণের সহিত মিলিত হইয়া আপনার জন্য যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থান করিতেছেন ॥১২॥

মহারাজ! মহারথ ও নরপ্রবীর কেকয়রাজপুত্র উত্তমঘোটক ও পতাকাযুক্ত রথে আরোহণ করিয়া আপনার জন্য যুদ্ধাভিলাষী হইয়া রহিয়াছেন ॥১৩॥

নরশ্রেষ্ঠ! আপনার পুত্র ও কৌরবমধ্যে অন্যতম প্রধান বীর পুরুমিত্র অগ্নি ও সূর্য্যের তুল্য উজ্জ্বল রথে আরোহণ করিয়া মেঘবিহীন আকাশে সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতে থাকিয়া সৈন্যমধ্যে অবস্থান করিতেছেন ॥১৪॥

---

(১২) আজানেয়ৈঃ সৈন্ধবৈঃ পার্বতীয়ৈর্নদীজকাম্বোজবনায়ুবাহ্লিকৈঃ। গান্ধাররাজঃ সুবলেন যুক্তঃ···পি,···স্ববলেন যুক্তঃ···সো,···স্বকুলেন যুক্তঃ···বা। (১৩) মহাবলঃ কেকয়···পি,···কুরুপ্রবীর!···বা সো নি। (১৪)···ভাসমানো যথা খে—পি। (১৫)··· ব্যবস্থিতঃ সিংহ ইবাবভাসে···বা সো নি।

স রাজমধ্যে পুরুষপ্রবীরো ররাজ জাম্বূনদচিত্রবর্ম্মা।
পদ্মপ্রভো বহ্নিরিবাল্পধূমো মেঘান্তরে সূর্য্য ইব প্রকাশঃ ॥১৬॥
তথা সুষেণোঽপ্যসিচর্ম্মপাণিস্তবাত্মজঃ সত্যসেনশ্চ বীরঃ।
ব্যবস্থিতৌ চিত্রসেনেন সার্দ্ধং হৃষ্টাত্মানৌ সমরে যোদ্ধুকামৌ ॥১৭॥
হ্রীনিষেবো ভারতরাজপুত্র উগ্রায়ুধঃ শ্রুতবর্ম্মা জয়শ্চ।
শলশ্চ সত্যব্রতদুঃশলৌ চ ব্যবস্থিতাঃ সহসৈন্যা নরাগ্র্যাঃ ॥১৮॥
কৈতব্যানামধিপঃ শূরমানী রণে রণে শত্রুহা রাজপুত্রঃ।
রথী হয়ী নাগপত্তিপ্রযায়ী ব্যবস্থিতো যোদ্ধুকামস্ত্বদর্থে ॥১৯॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। নাগকুলস্থ হস্তিসমূহস্থ। রথেন রথারোহণেন, জাম্বূনদস্থ স্বর্ণস্থ ভূষণানি যত্র তেন, সমরে সমরভূমৌ ॥১৫॥

দুর্য্যোধনং বিশিনষ্টি স ইতি। জাম্বূনদেন স্বর্ণেন তন্ময়তয়া চিত্রং বর্ম্ম যস্থ সঃ। পদ্মপ্রভঃ পদ্মবর্ণঃ। মেঘানামন্তরে মধ্যে প্রকাশত ইতি প্রকাশঃ ॥১৬॥

তথেতি। হৃষ্টাত্মানৌ যুদ্ধসম্ভবাদ্বীরস্বভাবেনানন্দিতচিত্তৌ ॥১৭॥

হ্রীতি। হ্রিয়মকার্য্যকরণে লজ্জাং নিষেবতে আশ্রয়তীতি সঃ ॥১৮॥

কৈতব্যানামিতি। কৈতব্যানাং ধূর্ত্তস্বভাবানাম্ অধিপঃ প্রধানঃ। শত্রুহা শত্রুহন্তা। রথী কদাচিৎ রথারোহী, হয়ী কদাচিদশ্বারোহী, নাগেন হস্তিনা পত্তিভিঃ পদাতিভিশ্চ প্রযাতীতি সঃ, কদাচিদ্গজারোহী কদাচিচ্চ পদাতিভিঃ সহগামীত্যর্থঃ ॥১৯॥

মহাবীর দুর্য্যোধন প্রধানবীরসৈন্যগণের সহিত মিলিত হইয়া স্বর্ণভূষণভূষিত রথে আরোহণ করিয়া যুদ্ধ করিবেন বলিয়া সমরাঙ্গনে হস্তিসমূহমধ্যে রহিয়াছেন ॥১৫॥

পুরুষপ্রধান ও পদ্মের ন্যায় পাটলবর্ণ দুর্য্যোধন স্বর্ণময়বিচিত্র বর্ম্ম ধারণ করিয়া অল্পধূম অগ্নির ন্যায় এবং মেঘমধ্যে সূর্য্যের তুল্য রাজগণমধ্যে বিরাজ করিতেছেন ॥১৬॥

মহারাজ! আপনার পুত্র অসিচর্ম্মধারী বীর সুষেণ ও সত্যসেন হৃষ্টচিত্ত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া চিত্রসেনের সহিত অবস্থান করিতেছেন ॥১৭॥

লজ্জাশীল, ভরতবংশীয়রাজপুত্র ও ভীষণাস্ত্রধারী শ্রুতবর্ম্মা, জয়, শল, সত্যব্রত ও দুঃশল এই নরশ্রেষ্ঠেরা সৈন্যগণের সহিত রহিয়াছেন ॥১৮॥

---

(১৬) রাজ্ঞাং মধ্যে যঃ পুরুষঃ প্রবীরঃ…পি। (১৮) হ্রীনিষেবা ভারতরাজপুত্রাঃ… বলিনো যোদ্ধুকামাঃ—পি। (১৯)…রণে ধৃষ্টঃ…পত্তী হয়ী নাগরথপ্রযায়ী…পি।

বীরঃ শ্রুতায়ুশ্চ ধৃতায়ুধশ্চ চিত্রাঙ্গদশ্চিত্রসেনশ্চ বীরঃ।
ব্যবস্থিতা যোদ্ধুকামা নরাগ্র্যাঃ প্রহারিণো মানিনঃ সত্যসন্ধাঃ ॥২০॥
কর্ণাত্মজঃ সত্যসেনো মহাত্মা ব্যবস্থিতঃ সমরে যোৎস্যমানঃ।
অথাপরৌ কর্ণসুতৌ বরাস্ত্রৌ ব্যবস্থিতৌ লঘুহস্তৌ নরেন্দ্র !।
বলে মহত্যুল্বণসত্ত্ববীর্য্যৌ সমাস্থিতৌ যোদ্ধুকামৌ ত্বদর্থে ॥২১॥
এতৈশ্চ মুখ্যৈরপরৈশ্চ রাজন্ ! যোধপ্রবীরৈরমিতপ্রভাবৈঃ।
ব্যবস্থিতো নাগকুলস্য মধ্যে যথা মহেন্দ্রঃ কুরুরাজো জয়ায় ॥২২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

আখ্যাতা জীবমানা যে পরে সৈন্যা যথাতথম্।
ইতীদমবগচ্ছামি ব্যক্তমর্থাভিপত্তিতঃ ॥২৩॥

ভারতকৌমুদী

বীর ইতি। নরেষগ্র্যাঃ প্রধানাঃ। সত্যসন্ধাঃ সত্যপ্রতিজ্ঞাঃ ॥২০॥
কর্ণেতি। উল্বণসত্ত্ববীর্য্যৌ মহাধ্যবসায়বলৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
এতৈরিতি। নাগকুলস্য হস্তিসমূহস্য। কুরুরাজো দুর্য্যোধনঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বেষাং ভাগিনেয়ত্বম্ ॥৯—১৭॥ ক্ষণভোজী শীঘ্রভোজী ॥১৮॥ নাগপঙ্ক্তিপ্রয়ায়ী নাগৈঃ পঙ্ক্তিভিশ্চ প্রয়াতুং শীলমস্য; নাগরথপ্রয়ায়ীতি পাঠান্তরম্ ॥১৯—২২॥ সৈন্যাঃ

ধূর্ত্তশ্রেষ্ঠ, বীরাভিমানী, প্রত্যেক যুদ্ধেই শত্রুহন্তা, কখনও রথারোহী, কখনও অশ্বারোহী, কখনও গজারোহী এবং কখনও পদাতিসহচারী এক রাজপুত্র আপনার জন্য যুদ্ধ করিবার অভিলাষী হইয়া অবস্থান করিতেছেন ॥১৯॥

বীর শ্রুতায়ু, ধৃতায়ুধ, চিত্রাঙ্গদ ও চিত্রসেন এই নরশ্রেষ্ঠ, প্রহারনিপুণ, বীরাভিমানী ও সত্যপ্রতিজ্ঞেরা যুদ্ধাভিলাষী হইয়া রহিয়াছেন ॥২০॥

রাজা ! কর্ণের পুত্র মহাত্মা সত্যসেন যুদ্ধ করিবেন বলিয়া অবস্থান করিতেছেন এবং উত্তমাস্ত্রধারী, লঘুহস্ত, মহাধ্যবসায়শালী ও মহাবল কর্ণের অপর পুত্র দুই জন আপনার জন্য যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া বিশাল কৌরবসৈন্যমধ্যে অবস্থান করিতেছেন ॥২১॥

রাজা ! অমিতপ্রভাবশালী এই সকল ও অন্যান্য প্রধান যোদ্ধাদের সহিত মিলিত হইয়া দুর্য্যোধন জয়লাভের জন্য দেবরাজের ন্যায় হস্তিসমূহমধ্যে অবস্থান করিতেছেন' ॥২২॥

(২০) বীরাঃ…চিত্রবর্ম্মা তথৈব—পি। (২১) কর্ণাত্মজঃ সত্যসন্ধো মহাত্মা…নি। (২৩)…পরেভ্যোঽপি যথাতথম্…পি বা সো।

বৈশম্পায়ন উবাচ।

এবং ব্রুবন্নেব তদা ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
হতপ্রবীরভূয়িষ্ঠং কিঞ্চিচ্ছেষং স্বকং বলম্ ॥২৪॥
শ্রুত্বা ব্যামোহমাগচ্ছচ্ছোকব্যাকুলিতেন্দ্রিয়ঃ।
মুহ্যমানোঽব্রবীচ্চাপি মুহূর্ত্তং তিষ্ঠ সঞ্জয়! ॥২৫॥ (যুগ্মকম্)
ব্যাকুলং মে মনস্তাত! শ্রুত্বা সুমহদপ্রিয়ম্।
মনো মুহ্যতি চাঙ্গানি ন চ শক্নোমি ধারিতুম্ ॥২৬॥

ভারতকৌমুদী

আখ্যাতা ইতি। হে সঞ্জয়! যে পরে বিপক্ষীয়াঃ তৎপরে স্বপক্ষীয়াশ্চ সৈন্যাঃ, জীবমানা জীবন্তঃ সন্তি, তে যথাতথম্ আখ্যাতাঃ ত্বয়া উক্তাঃ। ইতি অনেনাখ্যানেন, অর্থস্য যুক্তিরূপস্য বিষয়স্য অভিপত্তিত আগমাৎ, ইদং নিঃশেষেণ মৎপক্ষ-বিনাশনম্, ব্যক্তং স্পষ্টমবগচ্ছামি, পরপক্ষে প্রধানবীরাণাং স্থিতেঃ স্বপক্ষে চ তদস্থিতেরিতি ভাবঃ ॥২৩॥

এবমিতি। হতাঃ প্রবীরা ভূয়িষ্ঠা যস্য তৎ। ব্যামোহং মূর্চ্ছাম্ ॥২৪—২৫॥

ব্যাকুলমিতি। ব্যাকুলং শোকবিহ্বলম্। ধারিতুমুপবিষ্টাবস্থায়াং ধারয়িতুম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

সেনামর্হন্তি তে রাজানঃ যথাযথং পক্ষদ্বয়েঽপি জীবমানা আখ্যাতাঃ। ইদং ভাবি-জয়পরাজয়াদিকম্ ইত্যনেন পক্ষদ্বয়বলতোলনেন ব্যক্তং স্পষ্টমভিগচ্ছামি জানামি, অর্থাভিপত্তিতঃ ফলোপপত্তিতঃ। তেন জয়ো মদীয়ানাং নাস্তীতি নিশ্চিনোমীতি ভাবঃ ॥২৩—২৫॥ অঙ্গানি চক্ষুরাদীনি মনশ্চ মুহ্যন্তি ॥২৬—২৭॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! স্বপক্ষে ও বিপক্ষে যে সকল যোদ্ধা জীবিত আছেন, তুমি যথাযথভাবে তাঁহাদের কথা বলিলে; ইহাতে যুক্তিবশতঃ আমি স্পষ্ট বুঝিতেছি যে, আমার পক্ষে একটীও শেষ থাকিবে না' ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিতে থাকিয়াই তখন অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র আপন সৈন্যের প্রধান প্রধান বহুতর বীর নিহত হইয়াছেন এবং অল্পমাত্রই অবশিষ্ট রহিয়াছেন ইহা শুনিয়া শোকে আকুলচিত্ত হইয়া মূর্চ্ছাপন্ন হইতে লাগিলেন। তিনি মূর্চ্ছাপন্ন হইতে থাকিয়া বলিলেন—'সঞ্জয়! একটু কাল থাক ॥২৪—২৫॥

(২৫)···শ্রুত্বা তু মোহমগমৎ···পি।

ইত্যেবমুক্ত্বা বচনং ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
ভ্রান্তচিত্তস্ততঃ সোঽথ বভূব জগতীপতিঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঞ্জয়বাক্যে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

ষষ্ঠোঽধ্যায়ঃ।

——:-০-:——

জনমেজয় উবাচ।
শ্রুত্বা কর্ণং হতং যুদ্ধে পুত্রাংশ্চৈব পলায়িনঃ।
নরেন্দ্রঃ কিঞ্চিদাশ্বস্তো দ্বিজশ্রেষ্ঠ! কিমব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। ভ্রান্তচিত্তো মোহবিহ্বলচিত্তঃ। জগতীপতির্ভূপতিঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

————:-০-:————

শ্রুত্বেতি। নরেন্দ্রো ধৃতরাষ্ট্রঃ, আশ্বস্তঃ কালেনাপগতশোকঃ ॥১॥

বৎস! গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া আমার মন শোকে আকুল হইয়াছে, চিত্ত মুগ্ধ হইতেছে এবং আমি আর শরীর রাখিতে পারিতেছি না' ॥২৬॥

অম্বিকানন্দন রাজা ধৃতরাষ্ট্র এইরূপ বাক্য বলিয়া মোহাকুলচিত্ত হইয়া পড়িলেন ॥২৭॥

——:-০-:——

জনমেজয় বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! যুদ্ধে কর্ণ নিহত হইয়াছেন এবং পুত্রেরাও পলায়ন করিয়া আসিয়াছেন ইহা শুনিয়া কিছু আশ্বস্ত হইয়া ধৃতরাষ্ট্র কি বলিলেন? ॥১॥

(২৭)···নষ্টচিত্তস্তথা সোঽথ পপাত জগতাং পতিঃ—পি। * '···চতুর্থোঽধ্যায়ঃ'. নি, '···সপ্তমোঽধ্যায়ঃ' বা সো বঙ্গ বৰ্দ্ধ। (১)···পুত্রাংশ্চৈবাপলায়িনঃ···সো,···পুত্রাংশ্চৈব নিপাতিতান্···পি।

প্রাপ্তবান্ পরমং দুঃখং পুত্রব্যসনজং মহৎ।
তস্মিন্ যদুক্তবান্ কালে তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥২॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা কর্ণস্য নিধনমশ্রদ্ধেয়মিবাদ্ভুতম্।
ভূতসম্মোহনং ভীমং মেরোঃ সংসর্পণং যথা ॥৩॥
চিত্রমোহমিবাযুক্তং ভার্গবস্য মহামতেঃ।
পরাজয়মিবেন্দ্রস্য দ্বিষদ্ভ্যো ভীমকর্ম্মণঃ ॥৪॥
দিবঃ প্রপতনং ভানোরুর্ব্যামিব মহাদ্যুতেঃ।
সংশোষণমিবাচিন্ত্যং সমুদ্রস্যাক্ষয়াম্ভসঃ ॥৫॥
মহীবিয়দ্দিগম্বূনাং সর্ব্বনাশমিবাদ্ভুতম্।
কর্ম্মণোরিব বৈফল্যমুভয়োঃ পুণ্যপাপয়োঃ ॥৬॥
সঞ্চিন্ত্য নিপুণং বুদ্ধ্যা ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
নেদমস্তীতি সঞ্চিন্ত্য কর্ণস্য সমরে বধম্ ॥৭॥

ভারতকৌমুদী

প্রাপ্তবানিতি। পরমং গভীরম্, পুত্রাণাং ব্যসনজং বিনাশাজ্জাতম্ ॥২॥

শ্রুত্বেতি। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যম্। ভূতস্য মনসঃ সম্মোহনম্, ভীমং ভীষণম্, সংসর্পণং স্থানান্তরে চলনম্। ভার্গবস্য জামদগ্ন্যস্য। দিবো গগনাৎ, ভানোঃ সূর্য্যস্য। অক্ষয়াণি অম্ভাংসি জলানি যস্য তস্য। পুণ্যপাপয়োঃ পুণ্যপাপজনকয়োঃ। ইদং সৈন্যম্। অন্যেষাং

হায়! তিনি পুত্রগণের বিনাশনিবন্ধন অতিগুরুতর দুঃখই পাইয়াছিলেন। সুতরাং আমি জিজ্ঞাসা করিতেছি, সেই সময়ে তিনি যাহা বলিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥২॥

বৈশম্পায়ন কহিলেন—মহারাজ! ঐন্দ্রজালিক অদ্ভুত ব্যাপারের ন্যায় অবিশ্বাস্য, সুমেরুপর্ব্বতের স্থানান্তরে গমনের তুল্য মনোমোহজনক ও ভয়ঙ্কর, মহামতি পরশুরামের চিত্তমোহের সমান ও ভীমকর্ম্মা ইন্দ্রের শত্রুগণ হইতে পরাজয়ের সদৃশ অযুক্তি সিদ্ধ, মহাতেজা সূর্য্যের আকাশ হইতে পতন ও অলক্ষয়জ সমুদ্রের শোষণের সদৃশ অচিন্তনীয় এবং ভূমি, আকাশ, দিক্ ও জলের সম্পূর্ণ বিনাশ ও পুণ্যপাপজনক উভয়বিধ কর্ম্মের নিষ্ফলতার ন্যায় আশ্চর্য্য, কর্ণের নিধন শ্রবণ করিয়া যুদ্ধে কর্ণবধের গুরুত্ব ভাবিয়া অন্যান্য প্রাণীরও এইরূপই ক্ষয় হইয়াছে ইহা ধারণা করিয়া নিপুণভাবে আপন বুদ্ধিতে আলোচনা করিয়া এবং

(৩)…মেরোঃ পর্য্যসনং যথা—পি।

প্রাণিনামেবমন্যেষাং স্যাদপীতি বিনাশনম্।
শোকাগ্নিনা দহ্যমানো ধম্যমান ইবোরগঃ ॥৮॥
বিস্রস্তাঙ্গঃ শ্বসন্ দীনো হাহেত্যুক্ত্বা সুদুঃখিতঃ।
বিললাপ মহারাজ! ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥৯॥ (কুলকম্)

ধৃতরাষ্ট্র উবাচ।

সঞ্জয়াধিরথির্বীরঃ সিংহদ্বিরদবিক্রমঃ।
বৃষভপ্রতিমস্কন্ধো বৃষভাক্ষগতিস্বরঃ ॥১০॥
বৃষভো বৃষভস্যেব যো যুদ্ধে ন নিবর্ত্ততে।
শত্রোরপি মহেন্দ্রস্য বজ্রসংহননো যুবা ॥১১॥
যস্য জ্যাতলশব্দেন শরবৃষ্টিরবেণ চ।
নরাশ্বরথমাতঙ্গা নাবতিষ্ঠন্তি সংযুগে ॥১২॥

ভারতকৌমুদী

প্রাণিনামপি এবং বিনাশনং স্যাদিতি চ সঞ্চিন্ত্যেতি সম্বন্ধঃ। ধম্যমানঃ অগ্নিনৈব দহ্যমানঃ। বিস্রস্তাঙ্গঃ শিথিলাঙ্গঃ, দীনঃ কাতরঃ। ধৃতং রক্ষিতং রাষ্ট্রং রাজ্যং যেন স ইত্যপুনরুক্তিঃ ॥৩—৯॥

সঞ্জয়েতি। আধিরথিঃ অধিরথপুত্রঃ কর্ণঃ, সিংহস্য দ্বিরদস্য গজস্য চ বিক্রম ইব বিক্রমো যস্য সঃ। বৃষভো বৃষভস্কন্ধস্তৎপ্রতিমস্তত্তুল্যঃ স্কন্ধো যস্য সঃ, বৃষভস্যেব অক্ষিণী চক্ষুষী

ভারতভাবদীপঃ

শ্রুত্বেতি ॥১—৩॥ ভার্গবস্য রামস্য শুক্রস্য বা ॥৪—৬॥ কর্ণস্য বধং সঞ্চিন্ত্য মনস্যালোচ্য ইদং কৃৎস্নং জগৎ স্বসৈন্যং বা নাস্তীতি সঞ্চিন্ত্য নিশ্চিত্য বিললাপেতি তৃতীয়েন সম্বন্ধঃ ॥৭॥ প্রাণিনাম্ অবধ্যাৎ কর্ণাদন্যেষাং তৃণতুল্যানাং মন্দত্বাদল্পবীর্য্যত্বাৎ ইতি অনেনৈব প্রকারেণ বিনাশনং স্যাদপীতি হেতোরাশয়ে চেতসি ধম্যমান ইব বিস্রস্তাঙ্গঃ। যথা ভ্রাষ্ট্রে ধম্যমানঃ

'এ সৈন্য আর নাই' এইরূপ সম্ভাবনাপূর্ব্বক রাজ্যরক্ষক জননায়ক অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র শোকানলে দগ্ধ হইতে থাকিয়া দহ্যমান সর্পের ন্যায় শ্বাসত্যাগ করতঃ শিথিলাঙ্গ, কাতর ও অতিদুঃখিত হইয়া 'হাহা' এইরূপ বলিয়া বিলাপ করিতে লাগিলেন ॥৩—৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সিংহ ও হস্তীর ন্যায় যাঁহার বিক্রম, আর বৃষের তুল্য যাঁহার স্কন্ধ, নয়ন, গমন ও স্বর ছিল; বৃষ যেমন অপর বৃষের যুদ্ধ হইতে নিবৃত্তি পায় না, সেইরূপ যিনি শক্রভূত স্বয়ং ইন্দ্রের যুদ্ধেও নিবৃত্তি পাইতেন না;

(৮) প্রাণিনামেবমাত্মত্বাৎ স্যাদপীতি বিচার্য্য চ…নি,…ধম্যমান ইবাশয়ে—বা সো নি। (১০) সর্ব্বত্র বৃষভস্থানে ঋষভশব্দঃ পি।

যমাশ্রিত্য মহাবাহুং দ্বিষৎসংঘঘ্নমচ্যুতম্।
দুর্য্যোধনোঽকরোদ্বৈরং পাণ্ডুপুত্রৈর্মহারথৈঃ ॥১৩॥
স কথং রথিনাং শ্রেষ্ঠঃ কর্ণঃ পার্থেন সংযুগে।
নিহতঃ পুরুষব্যাঘ্রঃ প্রসহ্যাসহ্যবিক্রমঃ ॥১৪॥ (কুলকম্)
যো নামন্যত বৈ নিত্যমচ্যুতঞ্চ ধনঞ্জয়ম্।
ন বৃষ্ণীন্ সহিতানন্যান্ স্ববাহুবলদর্পিতঃ ॥১৫॥
শার্ঙ্গগাণ্ডীবধন্বানৌ সহিতাবপরাজিতৌ।
অহং দিব্যাদ্রথাদেকঃ পাতয়িষ্যামি সংযুগে ॥১৬॥
ইতি যঃ সততং মন্দমবোচল্লোভমোহিতম্।
দুর্য্যোধনমবাচীনং রাজ্যকামুকমাতুরম্ ॥১৭॥
যোঽজয়ৎ সর্বকাম্বোজানাবন্ত্যান্ কেকয়ৈঃ সহ।
গান্ধারান্ মদ্রকান্ মাৎস্যাংস্ত্রিগর্ত্তাংস্তঙ্গণান্ শকান্ ॥১৮॥
পাঞ্চালাংশ্চ বিদেহাংশ্চ কুলিন্দান্ কাশিকোশলান্।
সুহ্মানঙ্গাংশ্চ বঙ্গাংশ্চ নিষাদান্ পুণ্ড্রকীকটান্ ॥১৯॥

ভারতকৌমুদী

গতির্গমনং স্বরঃ কণ্ঠশ্চ যস্য সঃ। বৃষভস্য যুদ্ধে বৃষভ ইব যঃ শত্রোর্মহেন্দ্রস্যাপি যুদ্ধে ন নিবর্ত্ততে, বজ্রমিব দৃঢ়ং সংহননং শরীরং যস্য সঃ। জ্যাতলয়োর্ধনুর্গুণহস্তাবাপয়োঃ শব্দেন। দ্বিষৎসংঘঘ্নং শত্রুসমূহহন্তারম্, অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টম্। প্রসহ্য হঠেন ॥১০—১৪॥

য ইতি। অচ্যুতং কৃষ্ণম্। শার্ঙ্গগাণ্ডীবধন্বানৌ কৃষ্ণার্জ্জুনৌ। মন্দং মূর্খম্। অবাচীনম্ অর্বাচীনম্, আতুরং লালসার্ত্তম্। কাম্বোজাদয়ো দেশবাচিনঃ শব্দাস্তত্তদ্দেশিষু লক্ষ্যন্তে।

যাঁহার ধনুষ্টঙ্কারে ও বাণবর্ষণের শব্দে বিপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতি যুদ্ধে থাকিতে পারিত না এবং শত্রুসমূহহন্তা, বীরব্রত হইতে অভ্রষ্ট ও মহাবাহু যে বীরকে আশ্রয় করিয়া দুর্য্যোধন মহারথ পাণ্ডবগণের সহিত শত্রুতা আরম্ভ করিয়াছিলেন; সেই অধিরথনন্দন, বীর, রথিশ্রেষ্ঠ, পুরুষপ্রধান ও অসহ্যবিক্রম কর্ণকে অর্জ্জুন কি করিয়া যুদ্ধে হঠাৎ বধ করিল! ॥১০—১৪॥

যিনি আপন বাহুবলে দর্পিত থাকিয়া সর্ব্বদা কৃষ্ণ, অর্জ্জুন, বৃষ্ণিগণ এবং সম্মিলিত অন্যান্য বীরগণকে গ্রাহ্য করিতেন না; 'আমি একাকী সম্মিলিত ও অপরাজিত কৃষ্ণ ও অর্জ্জুনকে তাহাদের দিব্য রথ হইতে নিপাতিত করিব' এই কথা যিনি সর্ব্বদাই মূর্খ, লোভমোহিত, অর্ব্বাচীন, রাজ্যকামী ও লালসার্ত্ত

(১৫)···স্ববাহুবলমাশ্রিতঃ—পি। (১৮) ইতঃপ্রভৃতি পুস্তকভেদেষেব পাঠভেদা দৃশ্যন্তে।

বৎসান্ কলিঙ্গান্ দরদানশ্মকানৃষিকানপি।
শবরান্ হারহূণাংশ্চ প্রঘূণান্ সরলানপি ॥২০॥
জিত্বৈতান্ সমরে বীরঃ প্রদীপ্তৈঃ কঙ্কপত্রিভিঃ।
করমাহারয়ামাস জিত্বা সর্বানরীংস্তথা ॥২১॥
দুর্য্যোধনস্য বৃদ্ধ্যর্থং রাধেয়ো রথিনাং বরঃ।
দিব্যাস্ত্রবিন্মহাতেজাঃ কর্ণো বৈকর্ত্তনো বৃষঃ ॥২২॥
সেনাগোপশ্চ স কথং শত্রুভিঃ পরমাস্ত্রবিৎ।
ঘাতিতঃ পাণ্ডবৈঃ শূরৈঃ সমরে বীর্য্যশালিভিঃ ॥২৩॥ (কুলকম্)
বৃষো মহেন্দ্রো দেবেষু বৃষঃ কর্ণো নরেষ্বপি।
তৃতীয়মন্যং লোকেষু বৃষং নৈবানুশুশ্রুম ॥২৪॥
উচ্চৈঃশ্রবা বরোঽশ্বানাং রাজ্ঞাং বৈশ্রবণো বরঃ।
বরো মহেন্দ্রো দেবানাং কর্ণঃ প্রহরতাং বরঃ ॥২৫॥

ভারতকৌমুদী

কীকটা মগধাঃ। হারাখ্যস্তদানীন্তনো দেশবিশেষঃ। প্রদীপ্তৈরুজ্জ্বলৈঃ, কঙ্কপত্রিভির্বাণৈঃ। আহারয়ামাস আনিনায়। বৃদ্ধ্যর্থম্ উন্নত্যর্থম্। বৈকর্ত্তনো বৃষশ্চ কর্ণস্যৈব নামান্তরে। সেনাগোপঃ সেনারক্ষকঃ। দিব্যাস্ত্রবিৎ স্বর্গীয়াস্ত্রজ্ঞঃ, পরমাস্ত্রবিৎ লৌকিকোত্তমাস্ত্রজ্ঞঃ ॥১৫-২৩॥

বৃষ ইতি। বৃষঃ শ্রেষ্ঠঃ, "শুক্রলে মূষিকে শ্রেষ্ঠে সুকৃতে বৃষভে বৃষঃ" ইত্যমরঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

পাষাণাদিঃ শীর্য্যতে তদ্বদ্বিশীর্ণ ইত্যর্থঃ ॥৮—১০॥ ন নিবর্ত্ততে ইতি চ্ছেদঃ ॥১১—১৬॥ অবাচীনং চিন্তয়াধোমুখম্ ॥১৭—১৩॥ জলবর্ষিত্বাদ্দেবেষু মহেন্দ্রো বৃষঃ। তৃতীয়মেবমভিতো

দুর্য্যোধনকে বলিতেন; যিনি—সমস্ত কাম্বোজ, আবন্ত্য, কেকয়, গান্ধার, মদ্রক, মৎস্য, ত্রিগর্ত্ত, তঙ্গণ, শক, পাঞ্চাল, বিদেহ, কুলিন্দ, কাশী, কোশল, সুহ্ম, অঙ্গ, বঙ্গ, নিষাদ, পুণ্ড্র, মগধ, বৎস, কলিঙ্গ, দরদ, অশ্মক, ঋষিক, শবর, হার, হূণ, প্রঘূণ ও সরল এই সকলকে এবং অন্য সমস্ত শত্রুকে উজ্জ্বল বাণসমূহদ্বারা যুদ্ধে জয় করিয়া দুর্য্যোধনের বৃদ্ধির জন্য কর আনয়ন করিয়াছিলেন, সেই রাধানন্দন, রথিশ্রেষ্ঠ, স্বর্গীয়াস্ত্রজ্ঞ, উত্তমলৌকিকাস্ত্রবিৎ, মহাতেজা ও সৈন্যরক্ষক কর্ণকে বীর, বলবান্ ও শত্রু পাণ্ডবেরা কি করিয়া যুদ্ধে নিহত করিল ॥১৫—২৩॥

দেবতাদের মধ্যে ইন্দ্র শ্রেষ্ঠ এবং মানুষের মধ্যে কর্ণ শ্রেষ্ঠ; কিন্তু তৃতীয় অপর শ্রেষ্ঠ ব্যক্তির বিষয় আমরা জগতে শুনিতে পাই নাই ॥২৪॥

(২৩)···সমরে বলশালিভিঃ—পি। (২৪)···বৃষঃ কর্ণো মহীক্ষিতাম্···পি।

যোঽজিতঃ পার্থিবৈঃ শূরৈঃ সমর্থৈর্বীর্য্যশালিভিঃ।
দুর্য্যোধনস্য বৃদ্ধ্যর্থং কৃৎস্নামুর্বীমথাজয়ৎ ॥২৬॥
যং লব্ধ্বা মাগধো রাজা সান্ত্ব-মানার্থ-গৌরবৈঃ।
অরৌৎসীৎ পার্থিবং ক্ষত্রমৃতে যাদবকৌরবান্ ॥২৭॥
তং শ্রুত্বা নিহতং কর্ণং দ্বৈরথে সব্যসাচিনা।
শোকার্ণবে নিমগ্নোঽহং ভিন্না নৌরিব সাগরে ॥২৮॥ (বিশেষকম্)
তং বৃষং নিহতং শ্রুত্বা দ্বৈরথে রথিনাং বরম্।
শোকার্ণবে নিমগ্নোঽহমপ্লবঃ সাগরে যথা ॥২৯॥
ঈদৃশৈর্যদ্যহং দুঃখৈর্ন বিনশ্যামি সঞ্জয়!।
বজ্রাদ্দৃঢ়তরং মন্যে হৃদয়ং মম দুর্ভিদম্ ॥৩০॥

ভারতকৌমুদী

উচ্চৈরিতি। বৈশ্রবণঃ কুবেরঃ। প্রহরতাং বীরাণাম্ ॥২৫॥

য ইতি। সমর্থৈর্জয়শক্তিশালিভিঃ। যং সহায়মিতি শেষঃ, মাগধো জরাসন্ধঃ। সান্ত্বং সান্ত্বনয়বাক্যং মানঃ সম্মানকরণম্ অর্থো ধনদানং গৌরবং গৌরববিধানঞ্চ তৈঃ। যাদবকৌরবান্ ঋতে বিনা সর্ব্বং পার্থিবং পৃথিবীসম্বন্ধি ক্ষত্রং ক্ষত্রিয়ম্, অরৌৎসীৎ রুদ্ধমকার্ষীৎ। দ্বৈরথে যুদ্ধে। ভিন্না পাষাণাদিনা অধোবিদীর্ণা ॥২৬—২৮॥

তমিতি। বৃষং কর্ণম্। অপ্লবস্তরণিশূন্যঃ ॥২৯॥

ঈদৃশৈরিতি। বিনশ্যামি ম্রিয়ে। তদেতি শেষঃ। দুর্ভিদং দুর্ভেদ্যম্ ॥৩০॥

অশ্বের মধ্যে উচ্চৈঃশ্রবা শ্রেষ্ঠ, রাজার মধ্যে কুবের শ্রেষ্ঠ, দেবতার মধ্যে ইন্দ্র শ্রেষ্ঠ এবং বীরের মধ্যে কর্ণ শ্রেষ্ঠ ছিলেন ॥২৫॥

বীর, জয়শক্তিশালী ও বলবান্ রাজারাও যাঁহাকে জয় করিতে পারেন নাই, যিনি দুর্য্যোধনের উন্নতির জন্য সমগ্র পৃথিবী জয় করিয়াছিলেন এবং মগধরাজ জরাসন্ধ সান্ত্ববাদ, সম্মান, অর্থদান ও গৌরবদ্বারা যাঁহাকে সহায় লাভ করিয়া যাদব ও কৌরব ব্যতীত পৃথিবীর ক্ষত্রিয়গণকে রুদ্ধ করিয়াছিলেন, সেই কর্ণকে অর্জ্জুন দ্বৈরথযুদ্ধে বধ করিয়াছে শুনিয়া সমুদ্রে বিদীর্ণ নৌকার ন্যায় আমি শোকসাগরে নিমগ্ন হইয়াছি ॥২৬—২৮॥

রথিশ্রেষ্ঠ সেই কর্ণকে দ্বৈরথযুদ্ধে নিহত শুনিয়া সমুদ্রে নৌকাবিহীন লোকের ন্যায় আমি শোকার্ণবে নিমগ্ন হইয়াছি ॥২৯॥

(২৭)…সান্ত্বমানোঽথ সৌহৃদৈঃ…বা সো নি। (২৮)…নিমগ্নোঽস্মি সমুদ্রে ভিন্ননৌরিব—পি। (২৯) নৃরুষং নিহতং শ্রুত্বা…পি। (৩০)…বজ্রাদ্দৃঢ়তরং নূনম্…পি।

জ্ঞাতিসম্বন্ধিমিত্রাণামিমং শ্রুত্বা পরাভবম্ ।
কো মদন্যঃ পুমাল্লোঁকে ন জহ্যাৎ সূত ! জীবিতম্ ॥৩১॥
বিষমগ্নিং প্রপাতং বা পর্ব্বতাগ্রাদহং বৃণে ।
ন হি শক্যামি দুঃখানি সোঢ়ুং কষ্টানি সঞ্জয় ! ॥৩২॥

সঞ্জয় উবাচ ।

শ্রিয়া কুলেন যশসা তপসা চ শ্রুতেন চ ।
ত্বামদ্য সন্তো মন্যন্তে যযাতিমিব নাহুষম্ ॥৩৩॥
শ্রুতে মহর্ষিপ্রতিমঃ কৃতকৃত্যোঽসি পার্থিব ! ।
পর্য্যবস্থাপয়াত্মানং মা বিষাদে মনঃ কৃথাঃ ॥৩৪॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

দৈবমেব পরং মন্যে পৌরুষন্তু নিরর্থকম্ ।
যত্র শালপ্রতীকাশঃ কর্ণোঽবধ্যত সংযুগে ॥৩৫॥

ভারতকৌমুদী

জ্ঞাতীতি । ন জহ্যাৎ ন ত্যজেৎ, হে সূত ! সূতবংশীয় সঞ্জয় ! ॥৩১॥
বিষমিতি । প্রপাতং পতনম্ । বৃণে আশ্রয়ে । কষ্টানি কষ্টকরাণি ॥৩২॥
শ্রিয়েতি । শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন । নাহুষং নহুষপুত্রম্ ॥৩৩॥
শ্রুত ইতি । কৃতানি কৃত্যানি পুরুষকর্ত্তব্যানি যাগাদীনি যেন সঃ । আত্মানং মনঃ ॥৩৪॥

সঞ্জয় ! এইরূপ দুঃখসমূহেও যদি আমি না মরি, তাহা হইলে আমার হৃদয় বজ্র অপেক্ষাও অতিদৃঢ় এবং দুর্ভেদ্য বলিয়া মনে করিব ॥৩০॥

সূতবংশীয় ! জ্ঞাতি, সম্বন্ধী ও মিত্রগণের এইরূপ পরাভব শুনিয়া জগতে আমি ভিন্ন অন্য কোন্ লোক জীবন ত্যাগ না করে ? ॥৩১॥

অতএব সঞ্জয় ! আমি শীঘ্রই বিষপান, অগ্নিপ্রবেশ, কিংবা পর্ব্বতাগ্র হইতে পতন করিব। কারণ, এই কষ্টজনক দুঃখরাশি আর সহ্য করিতে পারিতেছি না' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! সজ্জনেরা আপনাকে এখন সম্পদ্, বংশ, যশ, তপস্যা ও শাস্ত্রজ্ঞানে নহুষপুত্র যযাতির তুল্য বলিয়া মনে করেন ॥৩৩॥

রাজা ! আপনি শাস্ত্রজ্ঞানে মহর্ষিদের তুল্য এবং জীবনের সমস্ত কর্ত্তব্য কার্য্যই করিয়াছেন। সুতরাং মনটাকে স্থির করুন, বিষাদের দিকে মন দিবেন না' ॥৩৪॥

(৩২)…প্রপাতঞ্চ…বা সো নি । ইতঃ পরম্ '…পঞ্চমোঽধ্যায়ঃ' নি, '…অষ্টমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো । (৩৫)…ধিক্‌পৌরুষমনর্থকম্…কর্ণোঽহন্যত…নি ।

হত্বা যুধিষ্ঠিরানীকং পাঞ্চালানাং রথব্রজান্।
প্রতাপ্য শরবর্ষেণ দিশঃ সর্ব্বা মহারথঃ ॥৩৬॥
মোহয়িত্বা রণে পার্থান্ বজ্রহস্ত ইবাসুরান্।
স কথং নিহতঃ শেতে বাতরুগ্‌ণ ইব দ্রুমঃ ॥৩৭॥ (যুগ্মকম্)
শোকস্যান্তং ন পশ্যামি পারং জলনিধেরিব।
চিন্তা মে বর্ত্ততে তীব্রা মুমূর্ষা চাপি জায়তে ॥৩৮॥
কর্ণস্য নিধনং শ্রুত্বা বিজয়ং ফাল্গুনস্য চ।
অশ্রদ্ধেয়মহং মন্যে বধং কর্ণস্য সঞ্জয়! ॥৩৯॥
বজ্রসারমিদং নূনং হৃদয়ং দুর্ভিদং মম।
যচ্ছ্রুত্বা পুরুষব্যাঘ্রং হতং কর্ণং ন দীর্য্যতে ॥৪০॥

ভারতকৌমুদী

দৈবমিতি। নিরর্থকং নিষ্ফলম্। যত্র যেন হেতুনা, শালপ্রতীকাশঃ শালবৃক্ষতুল্যো বিশালঃ ॥৩৫॥

হত্বেতি। যুধিষ্ঠিরস্য অনীকং সৈন্যম, রথানাং ব্রজান্ সমূহান্। পার্থান্ পাণ্ডবান্, বজ্রহস্ত ইন্দ্রঃ। স কর্ণঃ। বাতরুগ্‌ণো বায়ুভগ্নঃ ॥৩৬—৩৭॥

শোকস্যেতি। চিন্তা উপায়নির্দ্ধারণবিষয়া। মুমূর্ষা মর্ত্তুমিচ্ছা ॥৩৮॥

কর্ণস্যেতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যম্ ॥৩৯॥

বজ্রেতি। বজ্রস্যেব সারঃ স্থিরাংশো যস্য তৎ। যৎ যস্মাৎ ॥৪০॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমি মনে করি—দৈবই প্রধান, আর পুরুষকার নিষ্ফল। যে হেতু শালবৃক্ষের ন্যায় বিশালাকৃতি কর্ণও যুদ্ধে নিহত হইয়াছেন ॥৩৫॥

মহারথ কর্ণ যুধিষ্ঠিরের সৈন্য ও পাঞ্চালসৈন্যের রথিগণকে বধ করিয়া বাণবর্ষণে সমস্ত দিক্ সন্তপ্ত করিয়া—ইন্দ্র যেমন অসুরগণকে মোহিত করিতেন, সেইরূপ পাণ্ডবগণকে মোহিত করিয়া বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় কিপ্রকারে নিহত হইয়া শয়ন করিলেন ॥৩৬—৩৭॥

সমুদ্রের পারের ন্যায় শোকের অন্ত দেখিতেছি না। সুতরাং আমার গুরুতর চিন্তা হইতেছে এবং মরণের ইচ্ছাও জন্মিয়াছে ॥৩৮॥

সঞ্জয়! আমি কর্ণের নিধন এবং অর্জ্জুনের জয় শুনিয়াও কর্ণের বধটাকে অবিশ্বাস্য বলিয়াই মনে করিতেছি ॥৩৯॥

নিশ্চয়ই আমার এই হৃদয়টা বজ্রের তুল্য দৃঢ় ও দুর্ভেদ্য। যে হেতু কর্ণকে নিহত শুনিয়াও বিদীর্ণ হইতেছে না ॥৪০॥

(৩৮)···চিন্তা মে বর্দ্ধতেঽতীব···নি।

আয়ুর্নূনং সুদীর্ঘং মে বিহিতং দৈবতৈঃ পুরা।
যত্র কর্ণং হতং শ্রুত্বা জীবামীহ সুদুঃখিতঃ ॥৪১॥
ধিগ্‌জীবিতমিদঞ্চৈব সুহৃদ্ধীনস্য সঞ্জয় ! ।
অদ্য চাহং দশামেতাং গতঃ সঞ্জয় ! গর্হিতাম্।
কৃপণং বর্ত্তয়িষ্যামি শোচ্যঃ সর্ব্বস্য মন্দধীঃ ॥৪২॥
অহমেব পুরা ভূত্বা সর্ব্বলোকস্য সৎকৃতঃ।
পরিভূতঃ কথং সূত ! পরৈঃ শক্ষ্যামি জীবিতুম্ ॥৪৩॥
দুঃখাদ্দুঃখতরং মন্যে প্রাপ্তবানস্মি সঞ্জয় ! ।
ভীষ্মদ্রোণবধেনৈব কর্ণস্য চ মহাত্মনঃ ॥৪৪॥
নাবশেষং প্রপশ্যামি সূতপুত্রে হতে যুধি।
স হি পারং মহানাসীৎ পুত্রাণাং মম সঞ্জয় ! ॥৪৫॥

ভারতকৌমুদী

আয়ুরিতি। আয়ুর্জীবনকালঃ। দৈবতৈরদৃষ্টৈঃ। যত্র যেন হেতুনা ॥৪১॥
ধিগিতি। দশামবস্থাম্। কৃপণং নিকৃষ্টম্, বর্ত্তয়িষ্যামি জীবিষ্যামি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪২॥
অহমিতি। সৎকৃত আদৃতঃ। পরিভূতঃ অবজ্ঞাতঃ ॥৪৩॥
দুঃখাদিতি। ভীষ্মদ্রোণবধে দুঃখং কর্ণবধে তু দুঃখতরমিত্যাশয়ঃ ॥৪৪॥

আর নিশ্চয়ই দৈব পূর্ব্বে আমার সুদীর্ঘ আয়ু বিধান করিয়াছে। যে হেতু কর্ণকে নিহত শুনিয়া অতিদুঃখিত হইয়া এখনও আমি জীবিত রহিয়াছি ॥৪১॥

সঞ্জয় ! আমি এখন বন্ধুবিহীন হইয়াছি ; সুতরাং আমার জীবনে ধিক্। বর্ত্তমান সময়ে আমি এই নিন্দিত অবস্থা প্রাপ্ত হইয়াছি। অতএব সঞ্জয় ! মন্দ-বুদ্ধি আমি এখন হইতে সকলের শোকের পাত্র হইয়া নিকৃষ্টভাবে জীবন যাপন করিব ॥৪২॥

সঞ্জয় ! আমিই পূর্ব্বে সকল লোকের আদরের পাত্র ছিলাম, এখন পরের অবজ্ঞার পাত্র হইয়া কি প্রকারে জীবন ধারণ করিব ॥৪৩॥

সঞ্জয় ! আমি মনে করি—ভীষ্ম ও দ্রোণের বধে দুঃখ পাইয়াছিলাম, এখন মহাত্মা কর্ণের বধে গুরুতর দুঃখ পাইতেছি ॥৪৪॥

সঞ্জয় ! আমি দেখিতেছি—কর্ণ যুদ্ধে নিহত হওয়ায় আমার পক্ষের একটী লোকও অবশিষ্ট থাকিবে না। কারণ, কর্ণই আমার পুত্রগণের প্রধান অবলম্বন ছিলেন ॥৪৫॥

---

(৪৩)…পুনঃ শক্যামি জীবিতুম্—পি। (৪৪) দুঃখাৎ সুদুঃখং ব্যসনম্…পি বা সো। (৪৫) নাত্র শেষম…হতে সতি। স হি সারঃ…পি।

যুদ্ধে হি নিহতঃ শূরো বিসৃজন্ সায়কান্ বহূন্।
কো হি মে জীবিতেনার্থস্তমৃতে পুরুষর্ষভম্ ॥৪৬॥
রথাদাধিরথির্নূনং ন্যপতৎ সায়কার্দ্দিতঃ।
পর্ব্বতস্যেব শিখরং বজ্রপাতাদ্বিদারিতম্ ॥৪৭॥
স শেতে পৃথিবীং নূনং শোভয়ন্ রুধিরোক্ষিতঃ।
মাতঙ্গ ইব মত্তেন মাতঙ্গেন নিপাতিতঃ ॥৪৮॥
যো বলং ধার্ত্তরাষ্ট্রাণাং পাণ্ডবানাং যতো ভয়ম্।
সোঽর্জ্জুনেন হতঃ কর্ণঃ প্রতিমানং ধনুষ্মতাম্ ॥৪৯॥
স হি বীরো মহেষ্বাসো মিত্রাণামভয়ঙ্করঃ।
শেতে বিনিহতো বীরঃ শক্রেণেব পুরা বলঃ ॥৫০॥

ভারতকৌমুদী

নেতি। অবশেষং মৎপক্ষস্য। পারং পারবদবলম্বনম্ ॥৪৫॥
যুদ্ধ ইতি। শূরঃ কর্ণঃ। অর্থঃ প্রয়োজনম্, ঋতে বিনা ॥৪৬॥
রথাদিতি। আধিরথিঃ কর্ণঃ। শিখরং শৃঙ্গম্ ॥৪৭॥
স ইতি। পৃথিবীং রণভূমিম্। মাতঙ্গো হস্তী ॥৪৮॥
য ইতি। প্রতিমানম্ উপমাস্থানম, ধনুষ্মতাং ধনুর্দ্ধরাণাম্ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

বৃষ্টিকর্ত্তারং বৃষম্ ॥২৪—২৫॥ অজিত ইতি ছেদঃ, যোজিতো নিযোজিতো ময়েতি বা ॥২৬॥ যমিতি মাগধোঽপ্যস্যৈব বলেন বলবানিতি ভাবঃ ॥২৭—২৮॥ অপ্লবঃ নৌকাহীনঃ ॥২৯—৪৩॥ দুঃখার্ত্তাস্মদ্রোণবধজাৎ, দুঃখঞ্চ ব্যসনঞ্চ তদ্ভয়ং দুঃখং কর্ণবধজং ব্যসনং শেষনাশজম্। তদেবাহ—ভীষ্মেত্যাদিনা ॥৪৪॥ পার্য্যং পারপ্রদং নৌকাস্থানীয়ম্ ॥৪৫—৪৮॥

মহাবীর কর্ণ যুদ্ধে বহুতর বাণ নিক্ষেপ করিতে থাকিয়া নিহত হইয়াছেন। সুতরাং সেই পুরুষশ্রেষ্ঠ ব্যতীত আমার জীবনে আর প্রয়োজন কি ॥৪৬॥

নিশ্চয়ই বজ্রপাতবিদারিত পর্ব্বতশৃঙ্গের ন্যায় কর্ণ বাণপীড়িত হইয়া রথ হইতে নিপাতিত হইয়াছেন ॥৪৭॥

নিশ্চয়ই তিনি মত্তমাতঙ্গকর্ত্তৃক নিপাতিত অপর মত্ত মাতঙ্গের ন্যায় রক্তাক্ত দেহে রণভূমির শোভা সম্পাদন করতঃ শয়ন করিয়া রহিয়াছেন ॥৪৮॥

যিনি ধার্ত্তরাষ্ট্রগণের বল ছিলেন এবং যাঁহা হইতে পাণ্ডবগণের ভয় ছিল, ধনুর্দ্ধরগণের উপমাস্থল সেই কর্ণ অর্জ্জুনকর্ত্তৃক নিহত হইয়াছেন ॥৪৯॥

• (৪৮)…দ্বিপেন্দ্রেণ নিপাতিতঃ—পি। (৪৯) যদ্বলম্…প্রতিমানঃ…পি। (৫০)…দেবেন্দ্রেণ ইবাচলঃ—পি বা সো।

পঙ্গোরিবাধ্বগমনং দরিদ্রস্যেব কামিতম্।
দুর্য্যোধনস্য লোভশ্চ সমান্যেতানি সঞ্জয় ! ॥৫১॥
অন্যথা চিন্তিতং কার্য্যমন্যথা তত্তু জায়তে।
অহো নু বলবদ্দৈবং কালশ্চ দুরতিক্রমঃ ॥৫২॥
পলায়মানঃ কৃপণো দীনাত্মা দীনপৌরুষঃ।
কচ্চিদ্বিনিহতঃ সূত ! পুত্রো দুঃশাসনো মম ॥৫৩॥
কচ্চিন্ন দীনাচরিতং কৃতবাংস্তাত ! সংযুগে।
কচ্চিন্ন নিহতঃ শূরা যথান্যে ক্ষত্রিয়র্ষভাঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। বীরো বলো নামাসুরঃ ॥৫০॥
পঙ্গোরিতি। কামিতমভীষ্টলাভঃ। এতানি সমানি অসম্ভবত্বে ॥৫১॥
অন্যথেতি। দৈবাৎ কালাচ্চ জয়স্থানে পরাজয়ো জাত ইত্যাশয়ঃ ॥৫২॥
দুঃশাসনবধবিষয়ং পৃচ্ছতি পলায়েতি। কৃপণঃ কাতরঃ, দীনাত্মা দুর্বলচিত্তঃ ॥৫৩॥
কচ্চিদিতি। দীনাচরিতং কাতরব্যবহারম্। অন্যে বীরভাবাপন্নাঃ ॥৫৪॥

ভারতভাবদীপঃ

প্রতিমানং ধ্বজভূতম্ ॥৪৯—৫০॥ যথা পঙ্গোরধ্বগমনং দুর্ঘটমেবং দুর্য্যোধনস্যাকৃতমভিপ্রায়ো দুর্ঘটঃ, তৃষিতস্য বিপ্রুষো জলবিন্দবো যথা তৃষ্ণোপশমায় ন ভবন্তি এবং দুর্য্যোধনচেষ্টিতমপীষ্টসিদ্ধ্যর্থে ন পর্য্যাপ্তমিত্যর্থঃ ॥৫১—৫২॥ দীনপৌরুষঃ নষ্টপরাক্রমঃ ॥৫৩॥ অন্যে

হায় ! পূর্ব্বকালে মহাবীর বলাসুর যেমন ইন্দ্রকর্ত্তৃক নিহত হইয়া শয়ন করিয়া রহিয়াছিল, সেইরূপ মহাবীর মহাধনুর্দ্ধর ও মিত্রগণের অভয়দাতা কর্ণ অর্জ্জুনকর্ত্তৃক নিহত হইয়া শয়ন করিয়া রহিয়াছেন ॥৫০॥

সঞ্জয় ! পঙ্গুর পথগমন, দরিদ্রের অভীষ্টলাভ এবং দুর্য্যোধনের লোভ এই তিনটাই সমান ॥৫১॥

কার্য্যের চিন্তা করা হয় একরূপ, তাহা হইয়া যায় অন্যরূপ। ওঃ কি প্রবল দৈব, কি দুরতিক্রম কাল ! ॥৫২॥

সঞ্জয় ! আমার পুত্র দুঃশাসন কাতর, দুর্ব্বলচিত্ত ও ক্ষুণ্ণপুরুষকার হইয়া পলায়ন করিতে থাকিয়া নিহত হইয়াছেন কি ? ॥৫৩॥

বৎস ! তিনি যুদ্ধে কাতরব্যবহার করেন নাই ত ? অন্যান্য বীর ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা যেভাবে নিহত হইয়া থাকেন, তিনি সেইভাবে নিহত হন নাই কি ? ॥৫৪॥

(৫১)…দুর্য্যোধনস্য চাকৃতং তৃষিতস্যেব বিপ্রুষঃ—পি বা সো। (৫৪)…তাত ! সঞ্জয় !…পি।

যুধিষ্ঠিরস্য বচনং মা যুধ্যস্বেতি সর্ব্বদা।
দুর্য্যোধনো নাভ্যগৃহ্লান্মূঢ়ঃ পথ্যমিবৌষধম্ ॥৫৫॥
শরতল্পে শয়ানেন ভীষ্মেণ সুমহাত্মনা।
পানীয়ং যাচিতঃ পার্থঃ সোঽবিধ্যন্মেদিনীতলম্ ॥৫৬॥
জলস্য ধারাং জনিতাং দৃষ্ট্বা পাণ্ডুসুতেন চ।
অব্রবীৎ স মহাবাহুস্তাত! সংশাম্য পাণ্ডবৈঃ ॥৫৭॥
প্রশমাদ্ধি ভবেচ্ছান্তির্মদন্তং যুদ্ধমস্তু বঃ।
ভ্রাতৃভাবেন পৃথিবীং ভুঙ্‌ক্ষ্ব পাণ্ডুসুতৈঃ সহ ॥৫৮॥
অকুর্ব্বন্ বচনং তস্য নূনং শোচতি পুত্রকঃ।
তদিদং সমনুপ্রাপ্তং বচনং দীর্ঘদর্শিনঃ ॥৫৯॥
অহস্তু নিহতামাত্যো হতপুত্রশ্চ সঞ্জয়!।
দ্যূততঃ কৃচ্ছ্রমাপন্নো লূনপক্ষ ইব দ্বিজঃ ॥৬০॥

ভারতকৌমুদী

যুধীতি। হে দুর্য্যোধনেতি শেষঃ। নাভ্যগৃহ্লাৎ তদ্বচনম্ ॥৫৫॥
শরেতি। শরতল্পে বাণশয্যায়াম্। পানীয়ং জলম্, পার্থোঽর্জ্জুনঃ ॥৫৬॥
জলস্যেতি। পাণ্ডুসুতেনার্জ্জুনেন। স ভীষ্মঃ। সংশাম্য সন্ধিকরণেন শান্তো ভব ॥৫৭॥
প্রেতি। প্রশমাৎ সন্ধিকরণেন যুদ্ধনিবৃত্তেঃ। অহং মদ্বধ এবান্তো যস্য তৎ ॥৫৮॥
অকুর্বন্নিতি। পুত্রকো দুর্য্যোধনঃ। বচনং বচনফলম্, দীর্ঘদর্শিনো ভীষ্মস্য ॥৫৯॥

হায়! যুধিষ্ঠির সর্ব্বদা বলিতেন—'দুর্য্যোধন! যুদ্ধ করিও না' কিন্তু মূঢ়লোকে যেমন হিতকারী ঔষধ গ্রহণ করে না, সেইরূপ মূর্খ দুর্য্যোধনও সে বাক্য গ্রহণ করে নাই ॥৫৫॥

অতিমহাত্মা ভীষ্ম শরশয্যায় শয়ন করিয়া অর্জ্জুনের নিকট জল চাহিয়াছিলেন; তখন অর্জ্জুন ভূতল বিদ্ধ করিয়াছিলেন ॥৫৬॥

সেই সময়ে অর্জ্জুন ভূতল বিদ্ধ করিয়া জলধারা উৎপাদন করিয়াছেন দেখিয়া মহাবাহু ভীষ্ম দুর্য্যোধনকে বলিয়াছিলেন—'বৎস! তুমি পাণ্ডবগণের সহিত সন্ধি করিয়া শান্ত হও ॥৫৭॥

সন্ধিনিবন্ধন যুদ্ধনিবৃত্তি হওয়ায় দুই পক্ষেরই শান্তি হইবে, আমার বধপর্য্যন্তই তোমাদের যুদ্ধ হউক; তুমি পাণ্ডবগণের সহিত ভ্রাতৃভাবে পৃথিবী ভোগ কর' ॥৫৮॥

নিশ্চয়ই পুত্রটা ভীষ্মের সেই বাক্য রক্ষা না করিয়া এখন অনুতপ্ত হইতেছে। কারণ, দূরদর্শী ভীষ্মের সেই বাক্যের ফল এই উপস্থিত হইয়াছে ॥৫৯॥

(৫৫)···মা যুদ্ধমিতি সর্বদা···নি।

যথা হি শকুনিং গৃহ্য ছিত্ত্বা পক্ষৌ চ সঞ্জয় !।
বিসর্জ্জয়ন্তি সংহৃষ্টাঃ ক্রীড়মানাঃ কুমারকাঃ ॥৬১॥
লূনপক্ষতয়া তস্য গমনং নোপপদ্যতে।
তথাহমপি সংপ্রাপ্তো লূনপক্ষ ইব দ্বিজঃ ॥৬২॥ (যুগ্মকম্)
ক্ষীণঃ সর্বার্থহীনশ্চ নির্জ্ঞাতির্বন্ধুবর্জ্জিতঃ।
কাং দিশং প্রতিপৎস্যামি দীনঃ শত্রুবশং গতঃ ॥৬৩॥
যোঽজয়ৎ সর্ব্বকাম্বোজান্ অম্বষ্ঠান্ কেকয়ৈঃ সহ।
গান্ধারাংশ্চ বিদেহাংশ্চ জিত্বা কার্য্যার্থমাহবে ॥৬৪॥
দুর্য্যোধনস্য বৃদ্ধ্যর্থং যোঽজয়ৎ পৃথিবীং প্রভুঃ।
স জিতঃ পাণ্ডবৈঃ শূরৈঃ সমরে বাহুশালিভিঃ ॥৬৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অহমিতি। দ্যূততঃ পূর্ব্বদ্যূতক্রীড়াতঃ। লূনপক্ষশ্ছিন্নপক্ষঃ, দ্বিজঃ পক্ষী ॥৬০॥

যথেতি। শকুনিং কঞ্চিৎ পক্ষিণম্, গৃহ্য গৃহীত্বা। ক্রীড়মানাঃ খেলন্তঃ, কুমারকা বালকাঃ। নোপপদ্যতে ন সম্ভবতি। সম্প্রাপ্তঃ অগমনম্, অন্ধত্বাৎ হতসহায়ত্বাচ্চ ॥৬১—৬২॥

ক্ষীণ ইতি। ক্ষীণঃ ক্ষীণসম্পৎ। প্রতিপৎস্যামি গমিষ্যামি ॥৬৩॥

য ইতি। দুর্য্যোধনস্য কার্য্যার্থং প্রয়োজনসিদ্ধ্যর্থম্ আহবে তান্ কাম্বোজাদীন্ জিত্বা, তস্য দুর্য্যোধনস্যৈব বৃদ্ধ্যর্থং যঃ প্রভুঃ প্রভাবশালী পৃথিবীমপ্যজয়দিতি সম্বন্ধঃ ॥৬৪—৬৫॥

সঞ্জয় ! আমার অমাত্য ও পুত্র নিহত হইয়াছে। সুতরাং সেই দ্যূতক্রীড়াতেই এই কষ্টে পড়িয়াছি এবং ছিন্নপক্ষ পক্ষীর ন্যায় হইয়া গিয়াছি ॥৬০॥

সঞ্জয় ! খেলায় প্রবৃত্ত বালকেরা যেমন আনন্দিতচিত্তে কোন পক্ষী ধরিয়া তাহার পক্ষ ছেদন করিয়া ছাড়িয়া দেয় ; তখন পক্ষ ছিন্ন হওয়ায় তাহার গমন সম্ভবপর হয় না, আমিও সেইরূপ অবস্থায় উপনীত হইয়াছি—অর্থাৎ ছিন্নপক্ষ পক্ষীর ন্যায় হইয়া পড়িয়াছি ॥৬১—৬২॥

সঞ্জয় ! আমার সমস্ত সম্পত্তি নষ্ট হইয়া গিয়াছে, সমস্ত প্রয়োজন তিরোহিত হইয়াছে, জ্ঞাতি নাই এবং বন্ধুও নাই, নিঃস্ব হইয়া পড়িয়াছি ; এই অবস্থায় শত্রুদের বশীভূত হইয়া কোন্ দিকে যাইব ॥৬৩॥

যিনি সমস্ত কাম্বোজ, অম্বষ্ঠ, কেকয়, গান্ধার ও বিদেহদেশ জয় করিয়াছিলেন এবং যে প্রভাবশালী বীর দুর্য্যোধনের কার্য্যসিদ্ধির জন্য যুদ্ধে সেই দেশগুলি জয়

(৬১)···তাড্যমানাঃ কুমারকাঃ—বা সো। (৬৩) শ্লোকাৎ পরম্ '···নবমোঽধ্যায়ঃ। বৈশম্পায়ন উবাচ।' বা সো।

তস্মিন্ হতে মহেষ্বাসে কর্ণে যুধি কিরীটিনা।
কে বীরাঃ পর্য্যতিষ্ঠন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৬৬॥
কচ্চিন্নৈকঃ পরিত্যক্তঃ পাণ্ডবৈর্নিহতো রণে।
উক্তং ত্বয়া পুরা তাত! যথা বীরো নিপাতিতঃ ॥৬৭॥
ভীষ্মমপ্রতিযুধ্যন্তং শিখণ্ডী সায়কোত্তমৈঃ।
পাতয়ামাস সমরে সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ॥৬৮॥
তথা দ্রৌপদিনা দ্রোণো ন্যস্তসর্ব্বায়ুধো যুধি।
ধর্ম্মরাজবচঃ শ্রুত্বা অশ্বত্থামা হতস্ত্বিতি ॥৬৯॥
যুক্তযোগো মহেষ্বাসঃ শরৈর্বহুভিরাচিতঃ।
নিহতঃ খড়্গমুদ্যম্য ধৃষ্টদ্যুম্নেন সঞ্জয়! ॥৭০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বীরাঃ কৌরবপক্ষীয়াঃ, পর্য্যতিষ্ঠন্ত রণাঙ্গনে স্থিতাঃ ॥৬৬॥

কচ্চিদিতি। অন্যকৌরবৈঃ পরিত্যক্তঃ, অতএবৈকঃ কর্ণঃ পাণ্ডবৈর্ন নিহতঃ কচ্চিৎ ॥৬৭

ভীষ্মমিতি। অপ্রতিযুধ্যন্তং শিখণ্ডিনঃ স্ত্রীপূর্ব্বত্বাত্তেন সহ প্রতিযুদ্ধমকুর্ব্বন্তম্ ॥৬৮॥

তথেতি। দ্রৌপদিনা দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেনেতি পরেণান্বয়ঃ। অশ্বত্থামা হত ইতি ধর্ম্মরাজবচঃ শ্রুত্বা ন্যস্তসর্ব্বায়ুধো যুক্তযোগঃ প্রবৃত্তসমাধিশ্চেত্যন্বয়ঃ। আচিতো ব্যাপ্তঃ ॥৬৯-৭০

করিয়া দুর্যোধনেরই উন্নতির জন্য পৃথিবী জয় করিয়াছিলেন; বাহুবলশালী বী: পাণ্ডবেরা সেই কর্ণকে যুদ্ধে জয় করিয়াছে ॥৬৪—৬৫॥

সে যাহা হউক, সঞ্জয়! অর্জ্জুন যুদ্ধে সেই মহাধনুর্দ্ধর কর্ণকে বধ করিলে কুরুপক্ষীয় কোন্ বীরেরা সেই রণস্থলে ছিলেন, তাহা আমার নিকট বল ॥৬৬॥

বৎস সঞ্জয়! তুমি পূর্ব্বে বলিয়াছ যে, বীর কর্ণ নিপাতিত হইয়াছেন তাহাতে জিজ্ঞাসা করি—অন্য কৌরবেরা তাঁহাকে পরিত্যাগ করিয়া যাওয়ায় তিনি একাকী হইয়া যুদ্ধে পাণ্ডবগণকর্ত্তৃক নিহত হন নাই ত? ॥৬৭॥

সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ভীষ্ম শিখণ্ডীর সহিত প্রতিযুদ্ধ করিতেছিলেন না, সে: অবস্থায় শিখণ্ডী উত্তম উত্তম বাণদ্বারা তাঁহাকে যুদ্ধে নিপাতিত করিয়াছে ॥৬৮॥

আর সঞ্জয়! 'অশ্বত্থামা নিহত হইয়াছেন' এইরূপ ধর্ম্মরাজের বাক্য শুনিয় মহাধনুর্দ্ধর ও বহুবাণব্যাপ্তদেহ দ্রোণ যুদ্ধে সমস্ত অস্ত্রত্যাগ করিয়া যোগাবলম্বী হইয়াছিলেন; সেই অবস্থায় দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন যাইয়া খড়্গ উত্তোলনপূর্ব্বক তাঁহাকে বধ করিয়াছে ॥৬৯—৭০॥

(৬৯) অস্ত পরার্দ্ধং পি বা সো নাস্তি।

অন্তরেণ হতাবেতৌ চ্ছলেন চ বিশেষতঃ।
অশ্রৌষমহমেতদ্বৈ ভীষ্মদ্রোণৌ নিপাতিতৌ ॥৭১॥
ভীষ্মদ্রোণৌ হি সমরে ন হন্যাদ্বজ্রভৃৎ স্বয়ম্।
ন্যায়েন যুধ্যন্ সমরে তদ্বৈ সত্যং ব্রবীমি তে ॥৭২॥
কর্ণং ত্বস্যন্তমস্ত্রাণি দিব্যানি চ বহূনি চ।
কথমিন্দ্রোপমং বীরং মৃত্যুর্যুদ্ধে সমস্পৃশৎ ॥৭৩॥
যস্য বিদ্যুৎপ্রভাং শক্তিং দিব্যাং কনকভূষণাম্।
প্রায়চ্ছদ্দ্বিষতাং হন্ত্রীং কুণ্ডলাভ্যাং পুরন্দরঃ ॥৭৪॥
যস্য সর্পমুখো দিব্যঃ শরঃ কাঞ্চনভূষণঃ।
অশেত নিশিতঃ পত্রী সমরেষ্বরিসূদনঃ ॥৭৫॥
ভীষ্মদ্রোণমুখান্ বীরান্ যোঽবমত্য মহারথান্।
জামদগ্ন্যান্মহাঘোরং ব্রাহ্মমস্ত্রমশিক্ষিত ॥৭৬॥

ভারতকৌমুদী

অন্তরেণেতি। এতৌ ভীষ্মদ্রোণৌ, অন্তরেণ তত্তচ্ছিদ্রেণ হতৌ, বিশেষতশ্চ ছলেন শিখণ্ডিনঃ সম্মুখস্থাপনেন অশ্বত্থাম্নো হতত্বমিথ্যোক্ত্যা চ নিপাতিতাবেতদহমশ্রৌষম্ ॥৭১॥

ভীষ্মেতি। ন হন্যাৎ হন্তুং ন শক্নুয়াৎ, বজ্রভৃদিন্দ্রোঽপি। যুধ্যন্ যুধ্যমানঃ ॥৭২॥

কর্ণস্য হননন্তু ন তথেত্যাহ কর্ণমিতি। অস্যন্তং ক্ষিপন্তম্ ॥৭৩॥

যস্যেতি। শক্তিং তদাখ্যমস্ত্রবিশেষম্। কুণ্ডলাভ্যাং কুণ্ডলদ্বয়গ্রহণেন। অশেত

ভারতভাবদীপঃ

ক্ষুদ্রাঃ ॥৫৪—৬০॥ তাড্যমানাঃ তাড়য়ন্তঃ ॥৬১—৬৭॥ অপ্রতিযুধ্যন্তং শিখণ্ডিনা প্রতিযুদ্ধমনঙ্গীকুর্ব্বাণম্ ॥৬৮॥ দ্রৌপদিনা দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন ॥৬৯—৭৩॥ কুণ্ডলাভ্যাং

এই ভীষ্ম ও দ্রোণকে ছিদ্রে (ফাঁকে) বধ করিয়াছে, বিশেষতঃ উঁহাদিগকে ছলক্রমেই নিপাতিত করিয়াছে ইহা আমি শুনিয়াছি ॥৭১॥

না হইলে, রণস্থলে ন্যায় অনুসারে যুদ্ধ করিতে থাকিয়া স্বয়ং ইন্দ্রও যুদ্ধে ভীষ্ম ও দ্রোণকে বধ করিতে সমর্থ হন না ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৭২॥

কিন্তু কর্ণ অলৌকিক বহুতর অস্ত্রক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় সেই ইন্দ্রতুল্য বীরকে মৃত্যু আসিয়া কিপ্রকারে স্পর্শ করিল! ॥৭৩॥

(৭২)…ন্যায়েন যুধ্যমানৌ হি…পি বা সো। (৭৩) কর্ণং বর্ষন্তমস্ত্রাণি…পি। (৭৫)…অশেত নিহিতঃ পত্রী চন্দনেষ্বরিসূদনঃ—পি বা,…স শেতে নিহতঃ সংখ্যে কর্ণস্ত্বরিনিসূদনঃ—সো। (৭৬)…জামদগ্ন্যান্মহারাজ!…পি।

যশ্চ দ্রোণমুখান্ দৃষ্ট্বা বিমুখানর্দ্দিতান্ শরৈঃ।
সৌভদ্রস্য মহাবাহুর্ব্যধমৎ কার্ম্মুকং শিতৈঃ ॥৭৭॥
যশ্চ নাগাযুতপ্রাণং বজ্ররংহসমচ্যুতম্।
বিরথং সহসা কৃত্বা ভীমসেনমপাহসৎ ॥৭৮॥
সহদেবঞ্চ নির্জ্জিত্য শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
কৃপয়া বিরথং কৃত্বা নাহনদ্ধর্ম্মচিন্তয়া ॥৭৯॥
যশ্চ মায়াসহস্রাণি বিকুর্ব্বাণং জয়ৈষিণম্।
ঘটোৎকচং রাক্ষসেন্দ্রং শক্রশক্ত্যা নিজঘ্নিবান্ ॥৮০॥
এতাংশ্চ দিবসান্ যস্য যুদ্ধে ভীতো ধনঞ্জয়ঃ।
নাগমদ্দ্বৈরথং বীরঃ স কথং নিহতো রণে ॥৮১॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তূণীরে অতিষ্ঠৎ, নিশিতঃ সুধারঃ, পত্রী কঙ্কপক্ষবান্। জামদগ্ন্যাৎ পরশুরামাৎ। দ্রোণমুখান্ দ্রোণাদীন্। সৌভদ্রস্য অভিমন্যোঃ, ব্যধমৎ অচ্ছিনৎ। নাগাযুতপ্রাণং দশসহস্রহস্তিবল-তুল্যবলম্, বজ্রস্যেব রংহো বেগো যস্য তম্, অচ্যুতং বীরধর্ম্মাদভ্রষ্টম্। নাহনৎ নাহন্, বিকরণ-লোপাভাব আর্ষঃ। ধর্ম্মচিন্তয়া কুন্ত্যান্তিকে কৃতায়াঃ প্রতিজ্ঞায়া রক্ষেচ্ছয়া। বিকুর্বাণ-মাবিষ্কুর্বন্তম্। দ্বৈরথং যুদ্ধমিতি শেষঃ, স বীরঃ কর্ণঃ ॥৭৪—৮১॥

ইন্দ্র যাঁহার কুণ্ডল দুইটী লইয়া বিদ্যুতের ন্যায় উজ্জ্বল, অলৌকিক, স্বর্ণভূষণে ভূষিত ও শত্রুনাশক শক্তি দান করিয়াছিলেন; যাঁহার তূণের ভিতরে সর্পমুখ, অলৌকিক, স্বর্ণভূষিত, সুধার, কঙ্কপক্ষযুক্ত ও যুদ্ধে শত্রুনাশক একটী বাণ প্রবেশিত থাকিত; যিনি ভীষ্মদ্রোণপ্রভৃতি মহারথ বীরগণকে অগ্রাহ্য করিয়া পরশুরামের নিকট মহাভীষণ ব্রহ্মাস্ত্র শিক্ষা করিয়াছিলেন; যে মহাবাহু—অভিমন্যুর সুধার বাণসমূহে দ্রোণপ্রভৃতি বীরগণকে পীড়িত ও পরাঙ্মুখ দেখিয়া অভিমন্যুর ধনু ছেদন করিয়াছিলেন; যিনি—দশসহস্র হস্তীর তুল্য বলশালী, বজ্রের তুল্য বেগবান্ এবং বীরব্রত হইতে অভ্রষ্ট ভীমসেনকে রথবিহীন করিয়া উপহাস করিয়াছিলেন; যিনি নতপর্ব্ব বাণসমূহদ্বারা সহদেবকে রথশূন্য ও পরাজিত করিয়া দয়াবশতঃ এবং কুন্তীর নিকটে কৃত প্রতিজ্ঞা রক্ষার ইচ্ছায় তাহাকে বধ করেন নাই; যিনি ইন্দ্রদত্ত শক্তিদ্বারা সহস্র সহস্র মায়াকারী ও পাণ্ডবগণের জয়াভিলাষী রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচকে বধ করিয়াছিলেন এবং এত দিন যাবৎ অর্জ্জুন ভীত হইয়া যাঁহার সহিত দ্বৈরথযুদ্ধে গমন করেন নাই; সেই মহাবীর কর্ণ কি করিয়া যুদ্ধে নিহত হইলেন ॥৭৪—৮১॥

রথভঙ্গো ন চেত্তস্য ধনুর্বা ন ব্যশীর্য্যত।
ন চেদস্ত্রাণি নষ্টানি স কথং নিহতঃ পরৈঃ ॥৮২॥
কো হি শক্তো রণে কর্ণং বিধুন্বানং মহদ্ধনুঃ।
বিমুঞ্চন্তং শরান্ ঘোরান্ দিব্যান্যস্ত্রাণি চাহবে ॥৮৩॥
জেতুং পুরুষশার্দ্দূলং শার্দূলমিব বেগিনম্।
ধ্রুবং তস্য ধনুশ্ছিন্নং রথো বাপি মহীং গতঃ ॥৮৪॥
অস্ত্রাণি বা প্রনষ্টানি যথা শংসসি মে হতম্।
নহ্যন্যদপি পশ্যামি কারণং তস্য নাশনে ॥৮৫॥ (বিশেষকম্)
ন হন্মি ফাল্গুনং যাবত্তাবৎ পাদৌ ন ধাবয়ে।
ইতি যস্য মহাঘোরং ব্রতমাসীন্মহাত্মনঃ ॥৮৬॥
যস্য ভীতো রণে নিদ্রাং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ত্রয়োদশ সমা নিত্যং নাভজৎ পুরুষর্ষভঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

রথেতি। ন ব্যশীর্য্যত ন ভগ্নম্। নষ্টানি ক্ষয়ং গতানি ॥৮২॥

ক ইতি। শক্তো জেতুমিতি পরেণান্বয়ঃ। বিধুন্বানং চালয়ন্তম্। মহীং গতো ভূতলং প্রবিষ্টঃ। শংসসি ব্রবীষি, হতং কর্ণমিতি শেষঃ ॥৮৩—৮৫॥

নেতি। ফাল্গুনমর্জ্জুনম্। ধাবয়ে প্রক্ষালয়ে। ব্রতং ব্রতমিবাপরিহার্য্যনিয়মঃ। সমা বৎসরান্। পুত্রো দুঃশাসনঃ। পাণ্ডূনাং পাণ্ডবানাম্। পাঞ্চালীং দ্রৌপদীম্, অব্রবীদ্ য

তাঁহার যদি রথ ভগ্ন, বা ধনু বিশীর্ণ, কিংবা অস্ত্র সকল বিনষ্ট না হইয়া থাকে, তবে শত্রুরা তাঁহাকে কি করিয়া বধ করিল ॥৮২॥

ব্যাঘ্রের তুল্য বেগবান্ ও পুরুষব্যাঘ্র কর্ণ বিশাল ধনু সঞ্চালনপূর্ব্বক যুদ্ধে ভয়ঙ্কর বাণ ও অন্যান্য অলৌকিক অস্ত্র সকল নিক্ষেপ করিতে লাগিলে, কোন্ ব্যক্তি তাঁহাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হয়? সুতরাং নিশ্চয়ই তাঁহার ধনু ছিন্ন, বা রথ ভূতলে প্রবিষ্ট, অথবা অস্ত্র সকল ক্ষয়প্রাপ্ত হইয়াছিল। যে হেতু তুমি আমার নিকট কর্ণকে নিহত বলিতেছ। কিন্তু কর্ণবধে অন্য কারণ আমি দেখিতে পাই না ॥৮৩—৮৫॥

'আমি যেপর্য্যন্ত অর্জ্জুনকে বধ না করিব, সে পর্য্যন্ত পাদদ্বয় প্রক্ষালন করিব না' এইরূপ যে মহাত্মার অতিদারুণ ব্রত ছিল; পুরুষশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির যুদ্ধে

(৮২)…ন চৈবাস্ত্রাণি নির্ন্নেশুঃ…পি,…ন চেদস্ত্রাণি নির্নেশুঃ…বা সো। (৮৪)…শার্দ্দূলমিব বেগিতম্…পি। (৮৭)…নালভৎ পুরুষর্ষভঃ—পি।

যস্য বীর্য্যবতো বীর্য্যমুপাশ্রিত্য মহাত্মনঃ।
মম পুত্রঃ সভাং ভার্য্যাং পাণ্ডূনাং নীতবান্ বলাৎ ॥৮৮॥
তত্রাপি চ সভামধ্যে পাণ্ডবানাঞ্চ পশ্যতাম্।
দাসভার্য্যেতি পাঞ্চালীমব্রবীৎ কুরুসন্নিধৌ ॥৮৯॥
ন সন্তি পতয়ঃ কৃষ্ণে! সর্ব্বে ষণ্ডতিলৈঃ সমাঃ।
উপতিষ্ঠস্ব ভর্ত্তারমন্যং বা বরবর্ণিনি! ॥৯০॥
ইত্যেবং যঃ পুরা বাচো রূক্ষাঃ সংশ্রাবয়ন্ রুষা।
সভায়াং সূতজঃ কৃষ্ণাং স কথং নিহতঃ পরৈঃ ॥৯১॥ (কুলকম্)
যদি ভীষ্মো রণশ্লাঘী দ্রোণো বা যুধি দুর্ম্মদঃ।
ন হনিষ্যতি কৌন্তেয়ান্ পক্ষপাতাৎ সুযোধন! ॥৯২॥
সর্ব্বানেব হনিষ্যামি ব্যেতু তে মানসো জ্বরঃ।
কিং করিষ্যতি গাণ্ডীবমক্ষয্যৌ চ মহেষুধী ॥৯৩॥
স্নিগ্ধচন্দনদিগ্ধস্য যচ্ছরস্যাভিধাবতঃ।
স নূনমৃষভস্কন্ধো হ্যর্জ্জুনেন কথং হতঃ ॥৯৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইত্যর্থঃ। পতয়স্তবেতি শেষঃ, হে কৃষ্ণে! দ্রৌপদি! ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরোৎপাদনাসমর্থা ইত্যর্থঃ যে তিলাস্তৈঃ সমাঃ, কিমপি কর্ত্তুমশক্তত্বাদিত্যাশয়ঃ। উপতিষ্ঠস্ব ভজস্ব। রূক্ষাঃ কর্কশাঃ, সংশ্রাবয়ন্নাসীৎ কৃষ্ণামিতি সম্বন্ধঃ। সূতজঃ কর্ণঃ ॥৮৬—৯১॥

যদীতি। পক্ষপাতাৎ তেষাং ন্যায়বর্ত্তিতয়েতি ভাবঃ। তথাপ্যহং সর্ব্বানেব হনিষ্যামি, ব্যেতু অপগচ্ছতু, জ্বরঃ শত্রুস্থিতিনিবন্ধনঃ সন্তাপঃ। স্নিগ্ধচন্দনেন দিগ্ধস্য লিপ্তস্য। ইতি চাব্রবীদিতি শেষঃ। ঋষভস্কন্ধো বৃষবদুন্নতস্কন্ধঃ কর্ণঃ ॥৯২—৯৪॥

যে মহাত্মার ভয়ে ত্রয়োদশ বৎসর যাবৎ প্রত্যহ নিদ্রা যান নাই; যে বলবান্ মহাত্মার বলের ভরসা করিয়া আমার পুত্র দুঃশাসন বলপূর্ব্বক পাণ্ডবভার্য্যা দ্রৌপদীকে দ্যূতসভামধ্যে লইয়া গিয়াছিল; যিনি আবার সেই সভামধ্যে পাণ্ডবগণের সমক্ষে এবং কৌরবগণের নিকটে দ্রৌপদীকে 'তুমি দাসভার্য্যা' এই কথা বলিয়াছিলেন; আর 'বরবর্ণিনি! কৃষ্ণে! তোমার সেই পতিরা নাই; উহারা সকলেই ক্লীব তিলের (তিলের চিটার) ন্যায় হইয়া গিয়াছে। সুতরাং তুমি অন্য পতির সেবা কর' যিনি ক্রোধে এইরূপ কর্কশ বাক্য সকল সভামধ্যে দ্রৌপদীকে শুনাইয়াছিলেন, শত্রুরা সেই কর্ণকে কি করিয়া নিহত করিল ॥৮৬—৯১॥

'দুর্য্যোধন! সমরশ্লাঘী ভীষ্ম, কিংবা যুদ্ধদুর্দ্ধর্ষ দ্রোণ পক্ষপাতনিবন্ধন যুদ্ধে

(৯০) ইতঃ পঞ্চ শ্লোকাঃ পি বা সো বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

যশ্চ গাণ্ডীবমুক্তানাং স্পর্শমুগ্রমচিন্তয়ন্।
অপতির্হ্যসি কৃষ্ণেতি ব্রুবন্ পার্থানবৈক্ষত ॥৯৫॥
যস্য নাসীদ্ভয়ং পার্থাৎ সপুত্রাৎ সজনার্দ্দনাৎ।
স্ববাহুবলমাশ্রিত্য মুহূর্ত্তমপি সঞ্জয় ! ॥৯৬॥
তস্য নাহং বধং মন্যে দেবৈরপি সবাসবৈঃ।
প্রতীপমভিধাবদ্ভিঃ কিং পুনস্তাত ! পাণ্ডবৈঃ ॥৯৭॥ (বিশেষকম্)
নহি জ্যাং সংস্পৃশানস্য তলত্রে চাপি গৃহ্নতঃ।
পুমানাধিরথেঃ স্থাতুং কশ্চিৎ প্রমুখতোঽর্হতি ॥৯৮॥

ভারতকৌমুদী

য ইতি। গাণ্ডীবমুক্তানাং শরাণাম্। অপতিঃ পাণ্ডবানাং পরভৃত্যত্বাৎ পতিশূন্যা, কৃষ্ণা দ্রৌপদী। সপুত্রাদভিমন্যুসহিতাৎ। বধং সম্ভবপরমিতি শেষঃ। প্রতীপং প্রতিকূলম্ ॥৯৫—৯৭॥

নহীতি। জ্যাং ধনুর্গুণম্, সংস্পৃশানস্য সংস্পৃশতঃ, তলত্রে হস্তাবরণদ্বয়ম্ ॥৯৮॥

ভারতভাবদীপঃ

সকবচাভ্যামর্থে তাদর্থ্যে চতুর্থী ॥৭৪—৭৫॥ অবমন্যে অবমেনে ॥৭৬—৮১॥ রথেত্তি রথভঙ্গাদ্যভাবে তস্য মৃত্যুর্ন ভবেদিতি ভাবঃ ॥৮২—৯৬॥ প্রতীপং প্রাতিভট্যেন অভিধাবদ্ভিঃ সর্ব্বদিগ্‌ভ্যঃ সমাগতৈঃ ॥৯৭॥ আধিরথেঃ অধিরথপুত্রস্য, সোমসূর্য্যসাহচর্য্যাৎ প্রকর্ষেণ

যদিও পাণ্ডবগণকে বধ করিবেন না, তথাপি আমি তাহাদের সকলকেই বধ করিব। সুতরাং তোমার মনের সন্তাপ দূর হউক। তরলচন্দনলিপ্ত আমার বাণ সকল অর্জ্জুনের অভিমুখে ধাবিত হইতে লাগিলে, তাহার গাণ্ডীবধনু ও অক্ষয় তূণদ্বয় সে বাণগুলির কি করিবে' এই কথা যিনি দুর্য্যোধনকে বলিতেন, বৃষের ন্যায় উন্নতস্কন্ধ সেই কর্ণকে অর্জ্জুন কি করিয়া বধ করিল ॥৯২—৯৪॥

বৎস সঞ্জয় ! যিনি গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহের উগ্রস্পর্শের চিন্তা না করিয়া 'দ্রৌপদি ! তোমার পতিরা আর নাই' এই কথা বলিতে থাকিয়া পাণ্ডবগণের প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন এবং আপন বাহুবলের ভরসা থাকায় পুত্র অভিমন্যু ও কৃষ্ণের সহিত অর্জ্জুন হইতে মুহূর্ত্তকালের জন্যও যাঁহার ভয় ছিল না; আমি মনে করি—ইন্দ্রের সহিত দেবতারাও প্রতিকূলে ধাবিত হইয়া সে কর্ণকে বধ করিতে পারিতেন না, তাহাতে পাণ্ডবদের কথা আর কি বলিব ॥৯৫—৯৭॥

কর্ণ ধনুর গুণস্পর্শ এবং তলত্র গ্রহণ করিলে, কোন পুরুষই তাঁহার সম্মুখে থাকিতে পারিত না ॥৯৮॥

(৯৬)…পার্থৈঃ সপুত্রৈঃ সজনার্দ্দনৈঃ…পি বা সো। (৯৮)…তনুত্রং বাপি গৃহ্নতঃ…সো।

অপি স্যান্মেদিনী হীনা সোমসূর্য্যপ্রভাংশুভিঃ।
ন বধঃ পুরুষেন্দ্রস্য সংযুগেষ্বপলায়িনঃ ॥৯৯॥
যেন মন্দঃ সহায়েন ভ্রাত্রা দুঃশাসনেন চ।
বাসুদেবস্য দুর্বুদ্ধিঃ প্রত্যাখ্যানমরোচত ॥১০০॥
স নূনং বৃষভস্কন্ধং কর্ণং দৃষ্ট্বা নিপাতিতম্।
দুঃশাসনঞ্চ নিহতং মন্যে শোচতি পুত্রকঃ ॥১০১॥ (যুগ্মকম্)
হতং বৈকর্ত্তনং শ্রুত্বা দ্বৈরথে সব্যসাচিনা।
জয়তঃ পাণ্ডবান্ দৃষ্ট্বা কিং স্বিদ্দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১০২॥
দুর্ম্মর্ষণং হতং দৃষ্ট্বা বৃষসেনঞ্চ সংযুগে।
প্রভগ্নঞ্চ বলং দৃষ্ট্বা বধ্যমানং মহারথৈঃ ॥১০৩॥
পরাঙ্মুখাংশ্চ রাজ্ঞস্তু পলায়নপরায়ণান্।
বিদ্রুতান্ রথিনো দৃষ্ট্বা মন্যে শোচতি পুত্রকঃ ॥১০৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অপীতি। স্যাৎ সম্ভবেৎ। পুরুষেন্দ্রস্য কর্ণস্য ॥৯৯॥

যেনেতি। যেন কর্ণেন, মন্দো মূর্খঃ। প্রত্যাখ্যানং সন্ধিবিষয়ে। বৃষভস্কন্ধং বৃষবদুন্নত-স্কন্ধম্, তং কর্ণম্। কুৎসিতঃ পুত্র ইতি পুত্রকো দুর্য্যোধনঃ ॥১০০—১০১॥

হতমিতি। বৈকর্ত্তনং কর্ণম্, দ্বাভ্যামেব রথাভ্যাং প্রবৃত্তমিতি দ্বৈরথং যুদ্ধং তস্মিন্ ॥১০২॥

দুরিতি। প্রভগ্নং বিশ্লিষ্টম্, বলং সৈন্যম্। বিদ্রুতান্ অপসৃতান্ ॥১০৩—১০৪॥

ভারতভাবদীপঃ

ভাতেতি যোগাচ্চ প্রভা বহ্নিস্তেষাং ত্রয়াণামংশুভির্ময়ূখৈঃ ॥৯৯॥ মন্দো দুর্য্যোধনঃ ॥১০০-১০৩॥ প্রাঙ্মুখানিতি পাঠে নিবর্ত্তিতমুখান্, প্রত্যঙ্মুখাঃ কৌরবা যদি পলায়ন্তে তদা প্রাঙ্মুখা এব

পৃথিবী চন্দ্র ও সূর্য্যের প্রভা ও কিরণশূন্য হইতে পারে, কিন্তু যুদ্ধে অপলায়ী পুরুষশ্রেষ্ঠ কর্ণের বধ হইতে পারে না ॥৯৯॥

মূর্খ ও দুর্বুদ্ধি দুর্য্যোধন যে কর্ণের সহায়তা এবং যে ভ্রাতা দুঃশাসনের সহায়তার ভরসায় সন্ধির প্রস্তাবের সময়ে কৃষ্ণকে প্রত্যাখ্যান করা ভাল মনে করিয়াছিল; সেই বৃষস্কন্ধ কর্ণকে নিপাতিত এবং দুঃশাসনকে নিহত দেখিয়া সেই দুর্য্যোধন শোক করিতেছে ইহা আমি মনে করি ॥১০০—১০১॥

অর্জ্জুন দ্বৈরথ যুদ্ধে কর্ণকে বধ করিয়াছে ইহা শুনিয়া এবং পাণ্ডবগণকে জয় লাভ করিতে দেখিয়া দুর্য্যোধন কি বলিতেছিল? ॥১০২॥

আমি মনে করি—দুর্ম্মর্ষণ ও বৃষসেন নিহত হইয়াছে, মহারথেরা বধ করিতে

(১০২) হতং বৈকর্ত্তনং রাজা…সো, হতং বৈকর্ত্তনং দৃষ্ট্বা…নি।

অনেয়শ্চাভিমানী চ দুর্ব্বুদ্ধিরজিতেন্দ্রিয়ঃ।
হতোৎসাহং বলং দৃষ্ট্বা কিংস্বিদ্দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১০৫॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা বার্য্যমাণঃ সুহৃদ্‌গণৈঃ।
প্রধনে হতভূয়িষ্ঠৈঃ কিংস্বিদ্দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১০৬॥
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা ভীমসেনেন সংযুগে।
রুধিরে পীয়মানে চ কিংস্বিদ্দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১০৭॥
সহ গান্ধাররাজেন সভায়াং যদভাষত।
কর্ণোঽর্জ্জুনং রণে হন্তা হতে তস্মিন্ কিমব্রবীৎ ॥১০৮॥
দ্যূতং কৃত্বা পুরা হৃষ্টো বঞ্চয়িত্বা চ পাণ্ডবান্।
শকুনিঃ সৌবলস্তাত! হতে কর্ণে কিমব্রবীৎ ॥১০৯॥

ভারতকৌমুদী

অনেয় ইতি। অনেয়ঃ অভিমানিত্বাদেবোপদেশমলঙ্ঘনীয়ঃ ॥১০৫॥
স্বয়মিতি। প্রধনে যুদ্ধে, হতা ভূয়িষ্ঠা বহুলা যেষাং তৈঃ সৈন্যৈর্হেতুভিঃ ॥১০৬॥
ভ্রাতরমিতি। ভ্রাতরং দুঃশাসনম্। রুধিরে তস্য, পীয়মানে তেন ॥১০৭॥
সহেতি। গান্ধাররাজেন শকুনিনা, অভাষত দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ ॥১০৮॥
দ্যূতমিতি। সৌবলঃ সুবলপুত্রঃ ॥১০৯॥

থাকায় সৈন্যেরা ভগ্ন হইয়া পড়িয়াছে, রাজারা পরাঙ্মুখ হইয়াছেন ও পলায়ন করিতেছেন এবং রথীরা দ্রুত অপসৃত হইতেছেন ইহা দেখিয়া দুর্য্যোধন শোক করিতেছিল ॥১০৩—১০৪॥

অশিক্ষণীয়, অভিমানী, দুষ্টবুদ্ধি ও অজিতেন্দ্রিয় দুর্য্যোধন সৈন্যগণকে হতোৎসাহ দেখিয়া কি বলিল? ॥১০৫॥

বন্ধুগণ বারণ করিতে থাকিলেও দুর্য্যোধন নিজেই পাণ্ডবগণের সহিত গুরুতর শত্রুতা করিয়া এখন যুদ্ধে বহু বীর নিহত হওয়ায় কি বলিল? ॥১০৬॥

ভীমসেন যুদ্ধে ভ্রাতা দুঃশাসনকে নিহত করিয়া তাহার রক্তপান করিতে লাগিলে, তাহা দেখিয়া দুর্য্যোধন কি বলিল? ॥১০৭॥

শকুনির সহিত দুর্য্যোধন সেই দ্যূতসভায় বলিয়াছিল যে, 'যুদ্ধে কর্ণ অর্জ্জুনকে বধ করিবে' কিন্তু এখন অর্জ্জুন সেই কর্ণকে বধ করিলে, দুর্য্যোধন কি বলিল? ॥১০৮॥

বৎস সঞ্জয়! সুবলপুত্র শকুনি পূর্ব্বে দ্যূতক্রীড়ায় পাণ্ডবগণকে বঞ্চনা করিয়া আনন্দিত হইয়াছিল; এখন কর্ণ নিহত হইলে সে কি বলিল? ॥১০৯॥

(১০৯)···বঞ্চয়িত্বা চ পাণ্ডবম্···পি।

কৃতবর্ম্মা মহেষ্বাসঃ সাত্বতানাং মহারথঃ।
হতং বৈকর্ত্তনং দৃষ্ট্বা হার্দ্দিক্যঃ কিমভাষত ॥১১০॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা যস্য শিক্ষামুপাসতে।
ধনুর্ব্বেদং চিকীর্ষন্তো দ্রোণপুত্রস্য ধীমতঃ ॥১১১॥
যুবা রূপেণ সম্পন্নো দর্শনীয়ো মহাযশাঃ।
অশ্বত্থামা হতে কর্ণে কিমভাষত সঞ্জয়! ॥১১২॥ (যুগ্মকম্)
আচার্য্যো যো ধনুর্ব্বেদে গৌতমো রথসত্তমঃ।
কৃপঃ শারদ্বতস্তাত! হতে কর্ণে কিমব্রবীৎ ॥১১৩॥
মদ্ররাজো মহেষ্বাসঃ শল্যঃ সমিতিশোভনঃ।
দৃষ্ট্বা বিনিহতং কর্ণং সারথ্যে রথিনাং বরঃ ॥১১৪॥
কিমভাষত সৌবীরো মদ্রাণামধিপো বলী।
দৃষ্ট্বা বিনিহতং সর্ব্বে যোধা বারণদুর্জয়াঃ ॥১১৫॥
যে চ কেচন রাজানঃ পৃথিব্যাং যোদ্ধুমাগতাঃ।
বৈকর্ত্তনং হতং দৃষ্ট্বা কান্যভাষন্ত সঞ্জয়! ॥১১৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কৃতেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ ॥১১০॥

ব্রাহ্মণা ইতি। উপাসতে ভজন্তে। ধনুর্ব্বেদং ধনুর্ব্বেদজ্ঞানম্, চিকীর্ষন্তঃ কর্ত্তুমিচ্ছন্তঃ। রূপেণ সৌন্দর্য্যেণ সম্পন্নঃ, অতএব সর্ব্বেষামেব দর্শনীয়ঃ ॥১১১—১১২॥

আচার্য্য ইতি। গৌতমো গৌতমগোত্রঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥১১৩॥

মদ্রেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। সারথ্যে কর্ণস্যৈব সারথ্যকার্য্যে স্থিত ইতি শেষঃ। সৌবীরঃ সৌবীরবংশ্যঃ। বারণা গজা ইব দুর্জয়াঃ। কানি বাক্যানি ॥১১৪—১১৬॥

মহাধনুর্দ্ধর ও সাত্বতবংশের মহারথ হৃদিকনন্দন কৃতবর্ম্মা কর্ণকে নিহত দেখিয়া কি বলিলেন? ॥১১০॥

সঞ্জয়! ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ ধনুর্ব্বেদে জ্ঞান জন্মাইবার ইচ্ছা করিয়া যে বিদ্বান্ দ্রোণপুত্রের নিকট শিক্ষা করিয়া থাকেন, সেই যুবা, রূপসম্পন্ন, সুদৃশ্য-মূর্ত্তি ও মহাযশা অশ্বত্থামা কর্ণ নিহত হইলে কি বলিলেন? ॥১১১—১১২॥

বৎস! যিনি ধনুর্ব্বেদের আচার্য্য, গৌতমগোত্র ও রথিশ্রেষ্ঠ, শরদ্বানের পুত্র সেই কৃপ কর্ণ নিহত হইলে কি বলিলেন? ॥১১৩॥

সঞ্জয়! মহাধনুর্দ্ধর, যুদ্ধশোভী, রথিশ্রেষ্ঠ, সৌবীরবংশজাত, মদ্রদেশের নেতা, বলবান্ ও কর্ণেরই সারথ্যকার্য্যে নিযুক্ত মদ্ররাজ শল্য কর্ণকে নিহত দেখিয়া কি

(১১৫)…সৌবীরমদ্রাণামধিপো বলী…পি।

দ্রোণে তু নিহতে বীরে রথব্যাঘ্রে নরর্ষভে।
কে বা মুখমনীকানামাসন্ সঞ্জয়! ভাগশঃ ॥১১৭॥
মদ্ররাজঃ কথং শল্যো নিযুক্তো রথিনাং বরঃ।
বৈকর্ত্তনস্য সারথ্যে তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১১৮॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং সূতপুত্রস্য যুধ্যতঃ।
বামং চক্রং ররক্ষুর্ব্বা কে বা বীরস্য পৃষ্ঠতঃ ॥১১৯॥
কে কর্ণং ন জহুঃ শূরাঃ কে ক্ষুদ্রাঃ প্রাদ্রবংস্ততঃ।
কথঞ্চ বঃ সমেতানাং হতঃ কর্ণো মহারথঃ ॥১২০॥
পাণ্ডবাশ্চ কথং শূরাঃ প্রত্যুদীয়ুর্মহারথাঃ।
সৃজন্তঃ শরবর্ষাণি বারিধারা ইবাম্বুদাঃ ॥১২১॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। রথব্যাঘ্রে রথিশ্রেষ্ঠে। অনীকানাং কুরুসৈন্যানাম্, মুখং সম্মুখস্থাঃ ॥১১৭॥
মদ্রেতি। শল্যস্য সারথ্যনিয়োগস্তু পূর্ব্বালোচনয়াবগত ইতি তৎপ্রশ্নসঙ্গতিঃ ॥১১৮॥
ক ইতি। চক্রং সৈন্যব্যূহম্, যুধ্যতো যুধ্যমানস্য। পৃষ্ঠত আসন্ ॥১১৯॥
ক ইতি। জহুস্তত্যজুঃ। প্রাদ্রবন্ পলায়ন্ত। সমেতানাং মিলিতানাং মধ্যে ॥১২০॥
পাণ্ডবা ইতি। প্রত্যুদীয়ুঃ কৌরবান্ প্রত্যুজ্জগ্মুঃ ॥১২১॥

বলিলেন? আর যোদ্ধা ও হস্তীর ন্যায় দুর্জয় পৃথিবীর যে কোন রাজা যুদ্ধ করিতে আসিয়াছেন, তাঁহারা সকলে কর্ণকে নিহত দেখিয়া কোন্ কোন্ কথা বলিলেন? ॥১১৪—১১৬॥

সঞ্জয়! মহাবীর, রথিশ্রেষ্ঠ ও নরপ্রধান দ্রোণ নিহত হইলে, কাঁহারা ভাগে ভাগে কৌরবসৈন্যের সম্মুখে ছিলেন? ॥১১৭॥

সঞ্জয়! রথিশ্রেষ্ঠ মদ্ররাজ শল্য কিভাবে কর্ণের সারথ্যকার্য্যে নিযুক্ত হইয়াছিলেন, তাহা আমার নিকট বল ॥১১৮॥

কাঁহারা যুধ্যমান কর্ণের দক্ষিণ চক্র রক্ষা করিতেছিলেন? কাঁহারাই বা তাঁহার বাম চক্র রক্ষা করিয়াছিলেন? এবং কোন্ বীরেরাই বা সেই বীরের পৃষ্ঠের দিকে ছিলেন? ॥১১৯॥

কোন্ বীরেরা কর্ণকে ত্যাগ করেন নাই? কোন্ ক্ষুদ্রেরা সে স্থান হইতে পলায়ন করিয়াছিল? কি প্রকারেই বা সম্মিলিত তোমাদের মধ্যে সেই মহারথ কর্ণ নিহত হইলেন? ॥১২০॥

(১১৯)…বামচক্রং ররক্ষুর্বা…পি সো। (১২১)…পাণ্ডবাশ্চ স্বয়ং শূরাঃ…নি।

স চ সর্পমুখো দিব্যো মহেষুপ্রবরস্তদা।
ব্যর্থঃ কথং সমভবত্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১২২॥
মামকস্যাস্য সৈন্যস্য হতোৎসাহস্য সঞ্জয়!।
অবশেষং ন পশ্যামি ককুদে মৃদিতে সতি ॥১২৩॥
তৌ হি বীরৌ মহেষ্বাসৌ মদর্থে ত্যক্তজীবিতৌ।
ভীষ্মদ্রোণৌ হতৌ শ্রুত্বা কো ন্বর্থো জীবিতেন মে ॥১২৪॥
পুনঃ পুনর্ন মৃষ্যামি হতং কর্ণঞ্চ পাণ্ডবৈঃ।
যস্য বাহ্বোর্ব্বলং তুল্যং কুঞ্জরাণাং শতং শতম্ ॥১২৫॥

ভারতকৌমুদী

স ইতি। দিব্যঃ অলৌকিকঃ, মহেষুপ্রবরঃ মহাবাণশ্রেষ্ঠঃ ॥১২২॥

মামকস্যেতি। ককুদে ভীষ্মে দ্রোণে কর্ণে চ, মৃদিতে হতে ॥১২৩॥

তাবিতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ। অর্থঃ প্রয়োজনম্ ॥১২৪॥

পুনরিতি। মৃষ্যামি সহে। কুঞ্জরাণাং কুঞ্জরবলস্য শতং শতগুণিতং যৎ শতং তচ্চ তুল্যং দশসহস্রহস্তিবলতুল্যমিত্যর্থঃ ॥১২৫॥

ভারতভাবদীপঃ

ভবন্তীত্যর্থঃ ॥১০৪॥ অনেয়ঃ অশিক্ষণীয়ঃ যতোঽভিমানী বিদ্বত্ত্বাভিমানী অতএব দুর্বুদ্ধিঃ হিতমজানন্ ॥১০৫॥ প্রধনে রণে ॥১০৬—১১৫॥ কানি বাক্যানীতি শেষঃ ॥১১৬—১২০॥ প্রত্যুদীয়ুঃ কথমিতি শেষঃ ॥১২১—১২২॥ হতোৎসেধস্য বিনষ্টোৎকর্ষস্য ॥১২৩—১২৭॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

বীর ও মহারথ পাণ্ডবেরাই বা কিপ্রকারে বারিধারাবর্ষী মেঘসমূহের ন্যায় বাণবর্ষণ করিতে করিতে উপস্থিত হইলেন? ॥১২১॥

সঞ্জয়! সর্পমুখ ও দিব্য সেই উত্তম বাণশ্রেষ্ঠটাই বা তখন কি প্রকারে ব্যর্থ হইয়া গেল, তাহা আমার নিকট বল ॥১২২॥

সঞ্জয়! প্রধান বীরেরা নিহত হওয়ায় নিরুৎসাহ আমার এই সৈন্যের আর অবশেষ দেখিতেছি না ॥১২৩॥

মহাবীর ও মহাধনুর্দ্ধর সেই ভীষ্ম ও দ্রোণ আমার জন্য নিহত হইয়া জীবন ত্যাগ করিয়াছেন ইহা শুনিয়া আমার জীবনে আর প্রয়োজন কি ॥১২৪॥

যাঁহার বাহুযুগলের বল দশসহস্র হস্তীর বলের তুল্য ছিল, সেই কর্ণকে যে পাণ্ডবেরা বধ করিয়াছে, ইহা আমি কিছুতেই সহ্য করিতে পারিতেছি না ॥১২৫॥

(১২৩)…হতোৎসাহস্য…পি,…হতোৎসেধস্য…নি। (১২৫)…বধং কর্ণস্য পাণ্ডবৈঃ…নি,…কুঞ্জরাণাং শতৈঃ শতৈঃ—পি,…কুঞ্জরাণাং শতং শতৈঃ—বা সো।

দ্রোণে হতে চ যদ্‌বৃত্তং কৌরবাণাং পরৈঃ সহ।
সংগ্রামে নরবীরাণাং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১২৬॥
যথা কর্ণশ্চ কৌন্তেয়ৈঃ সহ যুদ্ধমযোজয়ৎ।
যথা চ দ্বিষতাং হন্তা রণে শান্তস্তদুচ্যতাম্ ॥১২৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি ধৃতরাষ্ট্রপ্রশ্নে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হতে দ্রোণে মহেষ্বাসে তস্মিন্নহনি ভারত!
কৃতে চ মোঘসঙ্কল্পে দ্রোণপুত্রে মহারথে ॥১॥
দ্রবমাণে মহারাজ! কৌরবাণাং বলার্ণবে।
ব্যূহ্য পার্থঃ স্বকং সৈন্যমতিষ্ঠদ্‌ভ্রাতৃভিঃ সহ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। বৃত্তং জাতম্, পরৈঃ পাণ্ডবৈঃ ॥১২৬॥
যথেতি। অযোজয়দারভত। শান্তো মৃতঃ। আদ্যন্তকর্ণযুদ্ধবৃত্তান্ত উচ্যতামিত্যর্থঃ ॥১২৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

হত ইতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। মোঘসঙ্কল্পে নারায়ণাস্ত্রাদিব্যর্থীকরণাদ্ব্যর্থাভিলাষে। দ্রবমাণে পলায়মানে। বলার্ণবে সৈন্যসাগরে। ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥১—২॥

সে যাহা হউক, সঞ্জয়! দ্রোণ নিহত হইলে পর পাণ্ডবগণের সহিত কুরুপক্ষীয় নরবীরগণের যুদ্ধে যাহা ঘটিয়াছে, তাহা তুমি আমার নিকট বল ॥১২৬॥
কর্ণ পাণ্ডবগণের সহিত যেভাবে যুদ্ধারম্ভ করিয়াছিলেন এবং যেভাবে সেই শত্রুহন্তা যুদ্ধে নিহত হইয়াছেন, সেই সমস্ত বৃত্তান্ত বল' ॥১২৭॥

(১২৭) যথা কর্ণেন কৌন্তেয়াঃ সহ যুদ্ধমযোধয়ন্…পি। * '…নবমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…দশমোঽধ্যায়ঃ' কা সো।

তমবস্থিতমাজ্ঞায় পুত্রস্তে ভরতর্ষভ !।
বিদ্রুতং স্ববলং দৃষ্ট্বা পৌরুষেণ ন্যবারয়ৎ ॥৩॥
স্বমনীকমবস্থাপ্য বাহুবীর্য্যমুপাশ্রিতঃ।
যুদ্ধা চ সুচিরং কালং পাণ্ডবৈঃ সহ ভারত ! ॥৪॥
লব্ধলক্ষৈঃ পরৈর্হৃষ্টৈর্ব্ব্যায়চ্ছদ্ভিশ্চিরং তদা।
সন্ধ্যাকালং সমাসাদ্য প্রত্যাহারমকারয়ৎ ॥৫॥ (যুগ্মকম্)
কৃত্বাবহারং সৈন্যানাং প্রবিশ্য শিবিরং স্বকম্।
কুরবঃ সহিতা মন্ত্রং মন্ত্রয়াঞ্চক্রিরে মিথঃ ॥৬॥
পর্য্যঙ্কেষু পরার্দ্ধ্যেষু স্পর্দ্ধ্যাস্তরণবৎসু চ।
বরাসনেষূপবিষ্টাঃ সুখশয্যাস্বিবামরাঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। পুত্রো দুর্য্যোধনঃ। বিদ্রুতং পলায়িতম্। ন্যবারয়ৎ স্ববলমেব ॥৩॥

স্বমিতি। অনীকং সৈন্যম্। যুদ্ধা যুদ্ধং কৃত্বা। লব্ধং লক্ষং শরব্যং যৈস্তৈঃ, হৃষ্টৈর্জয়-লাভাদানন্দিতৈঃ, ব্যায়চ্ছদ্ভির্যুদ্ধব্যায়ামং কুর্বদ্ভিঃ। প্রত্যাহারং তদ্দিনযুদ্ধসমাপ্তিম্ ॥৪—৫॥

কৃত্বেতি। অবহারং যুদ্ধবিরামম্। মন্ত্রয়াঞ্চক্রিরে চক্রুঃ, মিথঃ পরস্পরম্। পরার্দ্ধ্যেষু উৎকৃষ্টেষু, স্পর্দ্ধ্যানি দুগ্ধফেননিভানি পীনানি বা আস্তরণান্যেষাং সন্তীতি তেষু ॥৬—৭॥

ভারতভাবদীপঃ

হতে দ্রোণ ইতি ॥১—২॥ স্ববলং প্রতি বিদ্রুতং দ্রবৎ দৃষ্ট্বা ॥৩—৪॥ লব্ধলক্ষৈঃ প্রাপ্তজয়ৈঃ, ব্যায়চ্ছদ্ভিঃ যতমানৈঃ, প্রত্যাহারং প্রত্যবহারম্, প্রত্যাহারমিতি বা পাঠঃ

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন মহারাজ! সে দিন মহাধনুর্দ্ধর দ্রোণ নিহত হইলে এবং পাণ্ডবেরা মহারথ অশ্বত্থামার সঙ্কল্প ব্যর্থ করিয়া দিলে, আর কৌরব-সৈন্যসাগর পলায়ন করিতে লাগিলে, অর্জ্জুন আপন সৈন্য পুনরায় ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া ভ্রাতাদের সহিত অবস্থান করিতে লাগিলেন ॥১—২॥

ভরতশ্রেষ্ঠ! অর্জ্জুন সেইভাবে অবস্থান করিতেছেন ইহা জানিয়া এবং আপন সৈন্য পলায়ন করিতেছে দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন পুরুষকার প্রকাশ করিয়া সেই সৈন্যগণকে নিবারণ করিলেন ॥৩॥

ভরতনন্দন! তিনি আপন সৈন্যস্থাপনপূর্ব্বক বাহুবল অবলম্বন করিয়া লব্ধলক্ষ্য, হৃষ্টচিত্ত ও দীর্ঘকাল ব্যায়ামকারী পাণ্ডবগণের সহিত অনেক কাল যুদ্ধ করিয়া ক্রমে সন্ধ্যা হইয়াছে দেখিয়া সে দিনের মত যুদ্ধ সমাপ্তি করাইলেন ॥৪—৫॥

পরে কৌরবেরা সৈন্যগণের যুদ্ধবিরাম করাইয়া আপন শিবিরে প্রবেশ করিয়া

(৪)···বাহুবীর্য্যং সমাশ্রিতঃ···পি। (৬)···কুরবঃ সহিতং মন্ত্রম্···পি বা।

ততো দুর্য্যোধনো রাজা সাম্না পরমবল্গুনা।
তানাভাষ্য মহেম্বাসান্ প্রাপ্তকালমভাষত ॥৮॥
মতং মতিমতাং শ্রেষ্ঠাঃ! সর্ব্বে প্রব্রূত মা চিরম্।
এবং গতে তু কিং কার্য্যং কিঞ্চ কার্য্যতরং নৃপাঃ! ॥৯॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তে নরেন্দ্রেণ নরসিংহা যুযুৎসবঃ।
চক্রুর্নানাবিধাশ্চেষ্টাঃ সিংহাসনগতাস্তদা ॥১০॥
তেষাং নিশাম্যেঙ্গিতানি যুদ্ধে প্রাণান্ জুহূষতাম্।
সমুদ্বীক্ষ্য মুখং রাজ্ঞো বালার্কসমবর্চ্চসম্।
আচার্য্যপুত্রো মেধাবী বাক্যজ্ঞো বাক্যমাদদে ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। সাম্না সান্ত্বনয়বাক্যেন, পরমবল্গুনা অতিমনোহরেণ ॥৮॥

মতমিতি। এবং গতে ঈদৃশ্যামবস্থায়াম্, কার্য্যং কর্ত্তব্যম্, কার্য্যতরং প্রাধান্যেন কর্ত্তব্যম্ ॥৯॥

এবমিতি। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। চেষ্টা বাহ্বাস্ফোটনাদিযুদ্ধেঙ্গিতানি ॥১০॥

তেষামিতি। নিশাম্য দৃষ্ট্বা। দর্শনার্থত্বাৎ "শমোঽদর্শনে" ইত্যুক্তের্ন হ্রস্বঃ। জুহূষতাং হোতুং ত্যক্তুমিচ্ছতাম্। বালার্কসমবর্চ্চসমিতি রাজাদিত্বাদৎ। আচার্য্যপুত্রোঽশ্বত্থামা। আদদে উবাচেত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

॥৫—৬॥ পর্য্যঙ্কেম্বেব বরাসনেষু ॥৭॥ সাম্না প্রিয়বচসা, পরমবল্গুনাতিমধুরেণ ॥৮॥ কার্য্যতরম্ আবশ্যকতরং যৎ কার্য্যং কর্ত্তব্যং পরং মতং সম্মতং তৎ প্রব্রূত ॥৯॥ চেষ্টাঃ শৌর্য্যাভিনয়রূপাঃ ভুজাস্ফালনাদ্যাঃ ॥১০॥ নিশাম্য আলোচ্য, বর্চ্চসঃ ছান্দসষ্টচ্ ॥১১॥

পরস্পর মিলিত হইয়া, সুখশয্যাস্থিত দেবগণের ন্যায় উৎকৃষ্ট ও স্পর্দ্ধ্যাস্তরণযুক্ত (গদিযুক্ত) পর্য্যঙ্ক ও শ্রেষ্ঠাসনে উপবিষ্ট থাকিয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥৬—৭॥

তদনন্তর রাজা দুর্য্যোধন অতিমনোহর সান্ত্বনয় বাক্যে সেই মহাধনুর্দ্ধরগণকে সম্বোধন করিয়া এই কালোচিত বাক্য বলিলেন—॥৮॥

'হে প্রাজ্ঞশ্রেষ্ঠ রাজগণ! আপনারা সকলে আপন আপন মত বলুন, বিলম্ব করিবেন না; এই অবস্থায় আমার কি সাধারণ কর্ত্তব্য, কিই বা প্রধান কর্ত্তব্য?' ॥৯॥

সঞ্জয় বলিলেন—'দুর্য্যোধন এইরূপ বলিলে, তখন সিংহাসনস্থিত যুদ্ধার্থী সেই নরশ্রেষ্ঠেরা যুদ্ধেরই নানাবিধ ইঙ্গিত করিলেন ॥১০॥

(৯)…এবং গতেন যৎ কার্য্যং ভবেৎ কার্য্যতরং নৃপাঃ!—নি। (১১) তেষাং নিশম্যে-ঙ্গিতানি…পি বা সো,…বালার্কসমবর্চ্চসঃ…পি।

রাগো যোগস্তথা দাক্ষ্যং নয়শ্চেত্যর্থসাধকাঃ।
উপায়াঃ পণ্ডিতৈঃ প্রোক্তাস্তে তু দৈবমুপাশ্রিতাঃ ॥১২॥
লোকপ্রবীরা যেঽস্মাকং দেবকল্পা মহারথাঃ।
নীতিমন্তস্তথা যুক্তা দক্ষা রক্তাশ্চ তে হতাঃ ॥১৩॥
ন ত্বেব কার্য্যং নৈরাশ্যমস্মাভির্বিজয়ং প্রতি।
সুনীতৈরিহ সর্বার্থৈর্দৈবমপ্যনুলোম্যতে ॥১৪॥
তে বয়ং প্রবরং নৃণাং সর্বৈর্যোধগুণৈর্যুতম্।
কর্ণমেবাভিষেক্ষ্যামঃ সৈনাপত্যেন ভারত! ॥১৫॥

ভারতকৌমুদী

রাগ ইতি। রাগঃ কার্য্যসাধনেচ্ছা, যোগস্তত্রোদ্‌যোগঃ, দাক্ষ্যং তত্তৎকার্য্যে নৈপুণ্যম্, নয়ো নীতিঃ কৌশলঞ্চ, ইতি চত্বারঃ, অর্থসাধকাঃ কার্য্যনিষ্পাদকাঃ। দৈবমুপাশ্রিতা দৈবোপজীবিনঃ, দৈবে প্রতিকূলে তু তে কার্য্যং ন সাধয়ন্তীত্যাশয়ঃ ॥১২॥

লোকেতি। যুক্তাস্তব জয়বিষয়ে নিরতাঃ, রক্তা অনুরক্তাশ্চ ॥১৩॥

নেতি। সুনীতৈঃ সুষ্ঠুনীত্যনুসৃতৈঃ, সর্ব্বার্থৈঃ সর্ববাপারৈঃ, অনুলোম্যতে অনুকূল্যতে ॥১৪॥

ত ইতি। যোধগুণৈর্ধৈর্য্যোৎসাহাদিভিঃ। সৈনাপত্যেন সেনাপতিভাবেন ॥১৫॥

ভারতভাবদীপঃ

রাগঃ স্বামিভক্তিঃ, যোগো দেশকালাদিসম্পত্তিঃ, দাক্ষ্যং বলম্, নয়ো নীতিঃ ॥১২—১৩॥ সর্ব্বার্থৈঃ রাগাদিভিঃ সুনীতৈঃ দৈবমনুলোম্যতেঽনুকূলং ক্রিয়তে ন কেবলং রাগাদ্যপেক্ষয়া

তখন যুদ্ধে প্রাণত্যাগার্থী সেই রাজগণের ইঙ্গিত দেখিয়া নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল দুর্য্যোধনের মুখমণ্ডলের দিকে চাহিয়া বুদ্ধিমান্ ও বাক্যবিৎ অশ্বত্থামা এইরূপ বাক্য বলিতে লাগিলেন—॥১১॥

পণ্ডিতেরা বলিয়াছেন—কার্য্যসাধনের ইচ্ছা, তাহার উদ্‌যোগ, কার্য্যদক্ষতা ও নীতি এই চারিটী কার্য্যসাধনের উপায়; কিন্তু সে চারিটীই দৈবের অধীন ॥১২॥

আমাদের মধ্যে যাঁহারা জগতে প্রধান বীর, দেবতুল্য, মহারথ, নীতিজ্ঞ, আপনার জয়সাধনে নিরত, যুদ্ধনিপুণ ও অনুরক্ত ছিলেন, তাঁহারা নিহত হইয়াছেন ॥১৩॥

কিন্তু তথাপি জয়লাভবিষয়ে আমাদের নিরাশ হওয়া উচিত নহে। কারণ, উপযুক্ত নীতি অনুসারে সকল কার্য্য করিতে পারিলে দৈবকেও অনুকূল করা যায় ॥১৪॥

---

(১৫)…সর্বৈ গুণগণৈর্যুতম্…পি,…সর্বৈর্গুণগণৈর্যুতম্…বা সো।

কর্ণং সেনাপতিং কৃত্বা প্রমথিষ্যামহে রিপূন্।
এষ হ্যতিবলঃ শূরঃ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ ॥১৬॥
বৈবস্বত ইবাসহ্যঃ শক্তো জেতুং রণে রিপূন্।
এতদাচার্য্যতনয়াচ্ছ্রুত্বা রাজংস্তবাত্মজঃ ॥১৭॥
আশাঞ্চ মহতীং চক্রে কর্ণং প্রতি স বৈ তদা।
হতে ভীষ্মে চ দ্রোণে চ কর্ণো জেষ্যতি পাণ্ডবান্ ॥১৮॥ (বিশেষকম্)
তামাশাং হৃদয়ে কৃত্বা সমাশ্বস্য চ ভারত !।
ততো দুর্য্যোধনঃ প্রীতঃ প্রিয়ং শ্রুত্বাস্য তদ্বচঃ ॥১৯॥
প্রীতিসৎকারসংযুক্তং তথ্যমাত্মহিতং শুভম্।
স্বং মনঃ সমবস্থাপ্য বাহুবীর্য্যমুপাশ্রিতঃ ॥২০॥
প্রিয়সৎকারসংযুক্তং তথ্যমাত্মহিতে রতম্।
দুর্য্যোধনো মহারাজ ! রাধেয়মিদমব্রবীৎ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কর্ণমিতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্বাস্ত্রঃ। বৈবস্বতো যমঃ। আশাং জয়স্য ॥১৬—১৮॥
তামিতি। প্রীতঃ অভবৎ, অস্য অশ্বত্থাম্নঃ, তৎ প্রাগুক্তম্ ॥১৯॥
প্রীতীতি। প্রীতিঃ প্রেম সৎকার আদরশ্চ তাভ্যাং সংযুক্তম্, তথ্যং সত্যম্, আত্মহিতং

ভারতভাবদীপঃ

দৈবস্য প্রাবল্যমপি তু দৈবাপেক্ষয়াপি সুপ্রণীতা রাগাদয়ঃ প্রবলা ইত্যর্থঃ ॥১৪—১৭॥
বহুমতীং বাহুল্যবতীম্, অতিশয়িতামিতি যাবৎ ॥১৮—১৯॥ শুভং বচঃ শ্রুত্বা মনঃ সমবস্থাপ্য

অতএব ভরতশ্রেষ্ঠ ! আমরা—নরশ্রেষ্ঠ ও সমস্তযোদ্ধৃগুণযুক্ত কর্ণকেই সেনাপতিরূপে অভিষিক্ত করিব ॥১৫॥

আমরা কর্ণকে সেনাপতি করিয়া শত্রুগণকে মথিত করিব। ইনি মহাবল, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ; সুতরাং যমের ন্যায় শত্রুগণের অসহ্য। অতএব ইনি যুদ্ধে শত্রুগণকে জয় করিতে সমর্থ হইবেন।' রাজা ! আপনার পুত্র দুর্য্যোধন অশ্বত্থামার মুখে এই কথা শুনিয়া তখন কর্ণদ্বারা বিশেষভাবে জয়ের আশা করিলেন এবং তিনি ভাবিলেন—ভীষ্ম ও দ্রোণ নিহত হইলেও কর্ণ পাণ্ডবগণকে জয় করিতে পারিবেন ॥১৬—১৮॥

ভরতনন্দন ! তাহার পর দুর্য্যোধন অশ্বত্থামার সেই কথা শুনিয়া সেই আশা হৃদয়ে করিয়া আশ্বস্ত হইয়া সন্তুষ্ট হইলেন ॥১৯॥

(১৮) আশাং বহুমতীং চক্রে…পি নি। (১৯)…প্রিয়ং শ্রুত্বা চ তদ্বচঃ—পি। (২১) পূর্ব্বার্দ্ধং পি বা সো নাস্তি।

কর্ণ! জানামি তে বীর্য্যং সৌহৃদং পরমং ময়ি।
তথাপি ত্বাং মহাবাহো! প্রবক্ষ্যামি হিতং বচঃ ॥২২॥
শ্রুত্বা যথেষ্টঞ্চ কুরু বীর! যত্তব রোচতে।
ভবান্ প্রাজ্ঞতমো নিত্যং মম চৈব পরা গতিঃ ॥২৩॥
ভীষ্মদ্রোণাবতিরথৌ হতৌ সেনাপতী মম।
সেনাপতির্ভবানস্তু তাভ্যাং দ্রবিণবত্তরঃ ॥২৪॥
বৃদ্ধৌ চ তৌ মহেষ্বাসৌ সাপেক্ষৌ চ ধনঞ্জয়ে।
মানিতৌ চ ময়া বীরৌ রাধেয়! বচনাত্তব ॥২৫॥
পিতামহত্বং সংপ্রেক্ষ্য পাণ্ডুপুত্রা মহারণে।
রক্ষিতাস্তাত! ভীষ্মেণ দিবসানি দশৈব তু ॥২৬॥

ভারতকৌমুদী

শুভঞ্চ তদ্বচঃ শ্রুত্বেতি শেষঃ। সমবস্থাপ্য স্থিরীকৃত্য। প্রিয়শ্চাসৌ সৎকারসংযুক্তশ্চেতি তম্, তথ্যং সত্যং সত্যবাদিনমিত্যর্থঃ। রাধেয়ং কর্ণম্ ॥২০—২১॥

কর্ণেতি। ময়ি পরমং সৌহৃদঞ্চ জানামীতি সম্বন্ধঃ ॥২২॥

শ্রুত্বেতি। পরা গতিঃ প্রধানমবলম্বনম্ ॥২৩॥

ভীষ্মেতি। দ্রবিণবত্তরঃ অধিকবলঃ, "দ্রবিণন্তু বলং ধনম্" ইত্যমরঃ ॥২৪॥

বৃদ্ধাবিতি। সাপেক্ষৌ পক্ষপাতিনৌ। তর্হিং কথং তৌ সেনাপতী কৃতাবিত্যাহ মানিতাবিতি ॥২৫॥

মহারাজ! প্রণয় ও আদরযুক্ত, সত্য, আপন হিতকর ও মঙ্গলজনক সেই বাক্য শুনিয়া নিজের মন স্থির করিয়া এবং কর্ণের বাহুবলে ভরসা রাখিয়া দুর্য্যোধন প্রিয়, আদরান্বিত, সত্যবাদী ও আপন হিতে নিরত কর্ণকে এই কথা বলিলেন—॥২০—২১॥

'মহাবাহু কর্ণ! তোমার বল এবং আমার উপরে তোমার পরম সৌহার্দ্দের বিষয় আমি জানি; তথাপি তোমাকে আমি হিতকর বাক্য বলিব ॥২২॥

বীর! তুমি শুনিয়া তোমার যেমন রুচি হয়, ইচ্ছানুসারে তেমন কার্য্য কর। তুমি বিশেষ প্রাজ্ঞ এবং সর্ব্বদা আমার প্রধান অবলম্বন ॥২৩॥

আমার সেনাপতি অতিরথ ভীষ্ম ও দ্রোণ নিহত হইয়াছেন; এখন তাঁহাদের অপেক্ষা অধিকবলশালী তুমি আমার সেনাপতি হও ॥২৪॥

রাধানন্দন! তাঁহারা মহাধনুর্দ্ধর হইলেও বৃদ্ধ এবং অর্জ্জুনের পক্ষপাতী ছিলেন। তথাপি আমি তোমার অনুরোধেই তাঁহাদিগকে সেনাপতি করিয়া সম্মানিত করিয়াছিলাম ॥২৫॥

(২২)···সৌহৃদঞ্চ পরং ময়ি···পি।

ন্যস্তশস্ত্রে তু ভবতি হতো ভীষ্মঃ পিতামহঃ।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ফাল্গুনেন মহাহবে ॥২৭॥
হতে তস্মিন্ মহেষ্বাসে শরতল্পগতে তথা।
ত্বয়োক্তে পুরুষব্যাঘ্র! দ্রোণো হ্যাসীৎ পুরঃসরঃ ॥২৮॥
তেনাপি রক্ষিতাঃ পার্থাঃ শিষ্যত্বাদিতি মে মতিঃ।
স চাপি নিহতো বৃদ্ধো ধৃষ্টদ্যুম্নেন সত্বরম্ ॥২৯॥
নিহতাভ্যাং প্রধানাভ্যাং তাভ্যামতুলবিক্রম!।
ত্বৎসমং সমরে যোধং নান্যং পশ্যামি চিন্তয়ন্ ॥৩০॥
ভবানেব তু নঃ শক্তো বিজয়ায় ন সংশয়ঃ।
পূর্ব্বং মধ্যে চ পশ্চাচ্চ তথৈব বিহিতং হিতম্ ॥৩১॥

ভারতকৌমুদী

পিতেতি। পিতামহত্বমাত্মন ইতি শেষঃ। হে তাত! স্নেহাস্পদ! ॥২৬॥
ন্যস্তেতি। ন্যস্তশস্ত্রে ভীষ্মকটূক্ত্যা ত্যক্তাস্ত্রে, ভবতি ত্বয়ি। ফাল্গুনেনার্জ্জুনেন ॥২৭॥
হত ইতি। শরতল্পগতে শরশয্যায়াং পতিতে সতি। পুরঃসরঃ সেনাপতিঃ ॥২৮॥
তেনেতি। সত্বরং দশাহাপেক্ষয়া শীঘ্রং পঞ্চমদিন ইত্যর্থঃ ॥২৯॥
নিহতাভ্যামিতি। সপ্তম্যর্থে পঞ্চমী। চিন্তয়ন্ চিন্তয়া মার্গয়ন্নপি ॥৩০॥

ভারতভাবদীপঃ

সমাধায়াব্রবীদিতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥২০—২৩॥ তাভ্যাং সকাশাৎ দ্রবিণবত্তরঃ বলবত্তরঃ ॥২৪—২৯॥ তাভ্যামপি ন মিতঃ সম্যক্ জ্ঞাতো বিক্রমো যস্য ॥৩০॥ বিহিতং ত্বয়েতি

সখে! ভীষ্ম পিতামহ বলিয়া দশদিনপর্য্যন্তই মহাযুদ্ধে পাণ্ডবগণকে রক্ষা করিয়া গিয়াছেন ॥২৬॥

কিন্তু তুমি অস্ত্রত্যাগ করায় অর্জ্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া মহাযুদ্ধে পিতামহ ভীষ্মকে নিহত করিয়াছে ॥২৭॥

পুরুষশ্রেষ্ঠ! সেই মহাধনুর্দ্ধর আহত হইয়া শরশয্যায় পতিত হইলে, তোমার কথানুসারেই দ্রোণ সেনাপতি হইয়াছিলেন ॥২৮॥

তিনিও শিষ্য বলিয়া পাণ্ডবগণকে রক্ষা করিয়া গিয়াছেন ইহা আমার ধারণা। তা'র পর ধৃষ্টদ্যুম্ন সেই বৃদ্ধকেও ভীষ্ম অপেক্ষা অল্পকালমধ্যে নিহত করিয়াছে ॥২৯॥

অতুলবিক্রম! সেই প্রধান বীর দুই জন নিহত হওয়ার পরে আমি চিন্তা করিয়াও তোমার তুল্য অপর যোদ্ধা দেখিতেছি না ॥৩০॥

(৩০)…অমিতবিক্রম!…পি বা সো। (৩১) ভবানেবাস্য নঃ শক্তঃ…পি।

স ভবান্ ধুর্য্যবৎ সংখ্যে ধুরমুদ্বোঢ়ুমর্হতি।
অভিষেচয় সৈনান্যে স্বয়মাত্মানমাত্মনা ॥৩২॥
দেবতানাং যথা স্কন্দঃ সেনানীঃ প্রভুরব্যয়ঃ।
তথা ভবানিমাং সেনাং ধার্ত্তরাষ্ট্রীং বিভর্ত্তু বৈ ॥৩৩॥
জহি শত্রুগণান্ সর্বান্ মহেন্দ্রো দানবানিব।
অবস্থিতং রণে দৃষ্ট্বা পাণ্ডবাস্ত্বাং মহারথাঃ ॥৩৪॥
দ্রবিষ্যন্তি চ পাঞ্চালা বিষ্ণুং দৃষ্ট্বেব দানবাঃ।
তস্মাত্ত্বং পুরুষব্যাঘ্র! প্রকর্ষৈতাং মহাচমূম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
ভবত্যবস্থিতে যত্তে পাণ্ডবা মন্দচেতসঃ।
দ্রবিষ্যন্তি সহামাত্যাঃ পাঞ্চালাঃ সৃঞ্জয়াশ্চ হ ॥৩৬॥
যথা হ্যভ্যুদিতঃ সূর্য্যঃ প্রতপন্ স্বেন তেজসা।
ব্যপোহতি তমস্তীব্রং তথা শত্রূন্ প্রতাপয় ॥৩৭॥

ভারতকৌমুদী

ভবানিতি। নঃ অস্মাকং মধ্যে। বিহিতং ভবতেতি শেষঃ ॥৩১॥
স ইতি। ধুর্য্যবৎ ভারবাহীব, ধুরং সেনারক্ষাভারম্। সেনান্যো ভাবঃ সৈনান্যং তস্মিন্ ॥৩২॥
দেবতানামিতি। স্কন্দঃ কার্ত্তিকেয়ঃ, প্রভুঃ প্রভাববান্, অব্যয়োঽবিনশ্বরঃ ॥৩৩॥
জহীতি। জহি বিনাশয়। দ্রবিষ্যন্তি পলায়িষ্যন্তে। প্রকর্ষাকর্ষ ॥৩৪—৩৫॥
ভবতীতি। ভবতি ত্বয়ি, যত্তে জয়ায় যত্নবতি। অমাত্যৈরনুচরৈঃ সহেতি তে ॥৩৬॥

আমাদের মধ্যে তুমিই বিপক্ষজয় করিতে সমর্থ, এবিষয়ে কোন সন্দেহ নাই। বিশেষতঃ তুমি প্রথমে, মধ্যে ও পরে আমার হিতই করিয়াছ ॥৩১॥

অতএব কর্ণ! তুমি ভারবাহীর ন্যায় যুদ্ধে আমার সৈন্যরক্ষার ভার বহন কর; নিজেই নিজেকে সেনাপতিপদে অভিষিক্ত কর ॥৩২॥

প্রভাবশালী ও অসম্ভাব্যবিনাশ কার্ত্তিক যেমন দেবগণের সেনাপতি ছিলেন, সেইরূপ তুমি আমার সেনাপতি হইয়া এই ধার্ত্তরাষ্ট্র সৈন্য রক্ষা কর ॥৩৩॥

কর্ণ! ইন্দ্র যেমন দানবগণকে বধ করিতেন, তুমিও তেমন সমস্ত শত্রুগণকে বধ কর। রণস্থলে তোমাকে অবস্থিত দেখিয়া মহারথ পাণ্ডবেরা ও পাঞ্চালেরা বিষ্ণুকে দেখিয়া দানবগণের ন্যায় পলায়ন করিবে। অতএব পুরুষশ্রেষ্ঠ! তুমি এই বিশাল সেনা আকর্ষণ কর ॥৩৪—৩৫॥

তুমি জয়ের জন্য যত্নবান্ হইয়া অবস্থান করিতে লাগিলে, দুর্ব্বলচিত্ত পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়েরা অনুচরগণের সহিতই পলায়ন করিবে ॥৩৬॥

সঞ্জয় উবাচ।

আশা বলবতী রাজন্! পুত্রস্য তব যাঽভবৎ।
হতে ভীষ্মে চ দ্রোণে চ কর্ণো জেষ্যতি পাণ্ডবান্ ॥৩৮॥
তামাশাং হৃদয়ে কৃত্বা কর্ণমেবং তদাব্রবীৎ।
সূতপুত্র! ন তে পার্থঃ স্থিত্বাগ্রে সংযুযুৎসতি ॥৩৯॥ (যুগ্মকম্)

কর্ণ উবাচ।

উক্তমেতন্ময়া পূর্ব্বং গান্ধারে! তব সন্নিধৌ।
জেষ্যামি পাণ্ডবান্ সর্ব্বান্ সপুত্রান্ সজনার্দ্দনান্ ॥৪০॥
সেনাপতির্ভবিষ্যামি তবাহং নাত্র সংশয়ঃ।
স্থিরো ভব মহারাজ! জিতান্ বিদ্ধি চ পাণ্ডবান্ ॥৪১॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো মহারাজ! ততো দুর্য্যোধনো নৃপঃ।
উত্তস্থৌ রাজভিঃ সার্দ্ধং দেবৈরিব শতক্রতুঃ ॥৪২॥

ভারতকৌমুদী

যথেতি। ব্যপোহতি বিনাশয়তি, তমঃ অন্ধকারম্ ॥৩৭॥
আশেতি। পুত্রস্য দুর্য্যোধনস্য। সংযুযুৎসতি সম্যগ্‌যোদ্ধুমিচ্ছতি ॥৩৮—৩৯॥
উক্তমিতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ বাহ্বাদিত্বাদিণি সম্বোধনম্ ॥৪০॥
সেনেতি। নাত্র সংশয়ঃ, ত্বয়ি চিরানুরক্তত্বাৎ প্রবীরত্বাচ্চেতি ভাবঃ ॥৪১॥
এবমিতি। উত্তস্থৌ আসনাদিতি শেষঃ। শতক্রতুরিন্দ্রঃ ॥৪২॥

সূর্য্য যেমন উদিত হইয়া আপন তেজে সন্তপ্ত করিতে থাকিয়া গাঢ় অন্ধকার নাশ করেন, তুমিও সেইরূপ শত্রুগণকে সন্তপ্ত করিতে থাকিয়া নাশ কর' ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—'রাজা! ভীষ্ম ও দ্রোণ নিহত হইলে কর্ণ পাণ্ডবগণকে জয় করিবেন, এইরূপ যে প্রবল আশা আপনার পুত্রের ছিল; তিনি সেই আশা হৃদয়ে করিয়া তখন পুনরায় কর্ণকে এইরূপ বলিলেন—'কর্ণ! অর্জ্জুন তোমার সম্মুখে থাকিয়া যুদ্ধ করিতে ইচ্ছাই করিবে না' ॥৩৮—৩৯॥

কর্ণ বলিলেন—'গান্ধারীনন্দন! আমি পূর্ব্বেই তোমার নিকট এই কথা বলিয়াছিলাম যে, আমি—কৃষ্ণ ও পুত্রগণের সহিত সমস্ত পাণ্ডবকে জয় করিব ॥৪০॥

আর মহারাজ! আমি তোমার সেনাপতি হইব, এবিষয়ে কোন সন্দহ নাই; তুমি স্থির হও এবং পাণ্ডবগণকে বিজিত বলিয়া মনে কর' ॥৪১॥

(৩৮) (৩৯) শ্লোকস্থানে—'এবমুক্তস্তু রাধেয়ো রাজ্ঞা দুর্য্যোধনেন হ। রাজ্ঞাং মধ্যে মহাবাহুঃ প্রীতাত্মা স মহাবলঃ। হর্ষয়ন্নব্রবীৎ কর্ণো দুর্য্যোধনমিদং বচঃ ॥' ইতি পাঠঃ নি।

সৈনাপত্যেন সৎকর্ত্তুং কর্ণং স্কন্দমিবামরাঃ।
ততোঽভিষিষিচুঃ কর্ণং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৪৩॥
দুর্য্যোধনমুখা রাজন্! রাজানো বিজয়ৈষিণঃ।
শাতকুম্ভময়ৈঃ কুম্ভৈর্মাহেয়ৈশ্চাভিমন্ত্রিতৈঃ ॥৪৪॥
তোয়পূর্ণৈর্বিষাণৈশ্চ দ্বিপখড়্গমহর্ষভৈঃ।
মণিমুক্তাযুতৈশ্চান্যৈঃ পুণ্যগন্ধৈস্তথৌষধৈঃ ॥৪৫॥
ঔডুম্বরে সুখাসীনমাসনে ক্ষৌমসংবৃতে।
শাস্ত্রদৃষ্টেন বিধিনা সংভারৈশ্চ সুসংভৃতৈঃ ॥৪৬॥ (কলাপকম্)
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাস্তথা শূদ্রাশ্চ সম্মতাঃ।
তুষ্টুবুস্তং মহাত্মানমভিষিক্তং বরাসনে ॥৪৭॥

ভারতকৌমুদী

সৈনেতি। সৈনাপত্যেন সেনাপতিভাবেন, সৎকর্ত্তুং সম্মানয়িতুম্। শাতকুম্ভময়ৈঃ স্বর্ণময়ৈঃ, মহী ইয় ইতি মাহেয়া মৃন্ময়াস্তৈঃ। বিষাণৈর্দন্তময়ৈঃ শৃঙ্গময়ৈশ্চ পাত্রৈরিত্যর্থঃ, দ্বিপা গজাস্তেষাং বিষাণৈর্দন্তময়ৈঃ, খড়্গা গণ্ডকাঃ মহর্ষভা বিশালবৃষভাশ্চ তেষাং বিষাণৈঃ শৃঙ্গময়ৈশ্চ পাত্রৈঃ। "অতস্ত্রিষু বিষাণং স্যাৎ পশুশৃঙ্গেভদন্তয়োঃ" ইত্যমরঃ। ঔষধৈ-র্বচাদিভিঃ। ঔডুম্বরে তাম্রময়ে। ক্ষৌমসংবৃতে ক্ষৌমবস্ত্রাবৃতে। সংভারৈর্দ্রব্যৈঃ, সুসংভৃতৈঃ সম্যগায়োজিতৈঃ ॥৪৩—৪৬॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥৩১॥ সৈনান্যে সেনানীত্বে সৈনাপত্যে ॥৩২—৩৮॥ কর্ণমেবং তদাব্রবীৎ দুর্য্যোধন ইতি শেষঃ। ন সংযুযুৎসতি যুদ্ধেচ্ছামপি ন করিষ্যতি কিং পুনর্যুদ্ধমিতি ভাবঃ ॥৩৯—৪৩॥ শাতকুম্ভময়ৈঃ সৌবর্ণৈর্মাহেয়ৈর্মহীময়ৈশ্চ কুম্ভৈঃ ॥৪৪॥ বিষাণৈর্দ্বিপস্য গজস্য দন্তময়ৈঃ পাত্রৈঃ খড়্গাস্য গণ্ডস্য মহর্ষভস্য গবয়স্য চ শৃঙ্গৈঃ। "বিষাণং দন্তশৃঙ্গয়ো"রিতি বিশ্বঃ।

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ এইরূপ বলিলে, তাহার পর রাজা দুর্য্যোধন দেবগণের সহিত ইন্দ্রের ন্যায় রাজাদের সহিত গাত্রোত্থান করিলেন ॥৪২॥

রাজা! তাহার পর দেবতারা যেমন সেনাপতিরূপে সম্মানিত করিবার জন্য কার্ত্তিককে অভিষিক্ত করিয়াছিলেন, সেইরূপ জয়াভিলাষী দুর্য্যোধনপ্রভৃতি রাজারা শাস্ত্রদৃষ্ট কর্ম্ম অনুসারে অভিমন্ত্রিত জলপূর্ণ স্বর্ণময় ও মৃন্ময় কুম্ভ এবং মণি ও মুক্তা-যুক্ত, পবিত্রগন্ধশালী ও ঔষধসমন্বিত গজদন্তময়, গণ্ডকশৃঙ্গময় ও মহাবৃষশৃঙ্গময় পাত্রদ্বারা আর সুসংগৃহীত অন্যান্য দ্রব্যদ্বারা ক্ষৌমবস্ত্রাবৃত তাম্রময় আসনে সুখোপবিষ্ট কর্ণকে অভিষিক্ত করিলেন ॥৪৩—৪৬॥

(৪৪)···কুম্ভৈর্মন্ত্রৈশ্চৈবাম্বুমন্ত্রিতৈঃ···পি।

ততোঽভিষিক্তো রাজেন্দ্র ! নিষ্কৈর্গোভির্ধনেন চ ।
বাচয়ামাস বিপ্রাগ্র্যান্ রাধেয়ঃ পরবীরহা ॥৪৮॥
স ব্যরোচত রাধেয়ঃ সূতমাগধবন্দিভিঃ ।
স্তূয়মানো যথা ভানুরুদয়ে ব্রহ্মবাদিভিঃ ॥৪৯॥
ততঃ পুণ্যাহঘোষেণ বাদিত্রনিনদেন চ ।
জয়শব্দেন শূরাণাং তুমুলঃ সর্ব্বতোঽভবৎ ॥৫০॥
জয় পার্থান্ সগোবিন্দান্ সানুগাংস্তান্ মহামৃধে ।
ইতি তং বন্দিনঃ প্রাহুর্দ্বিজাশ্চ পুরুষর্ষভম্ ॥৫১॥
জহি পার্থান্ সপাঞ্চালান্ রাধেয় ! বিজয়ায় নঃ ।
উদ্যন্নিব সদা ভানুস্তমাংস্যুগ্রৈর্গভস্তিভিঃ ॥৫২॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। সম্মতা অনুরক্ততয়া রাজ্ঞোঽভিমতাঃ। তং কর্ণম্ ॥৪৭॥
তত ইতি। নিষ্কৈর্দীনারৈঃ। বাচয়ামাস স্বস্ত্যাদীন্, রাধেয়ঃ কর্ণঃ ॥৪৮॥
স ইতি। সূতাদয়ঃ পূর্ব্বং নিরুক্তাঃ। ভানুঃ সূর্য্যঃ, ব্রহ্মবাদিভির্ব্রাহ্মণৈঃ ॥৪৯॥
তত ইতি। তুমুলঃ কোলাহল ইতি শেষঃ ॥৫০॥
জয়েতি। পার্থান্ পাণ্ডবান্, সানুগান্ অনুচরসহিতান্ ॥৫১॥
জহীতি। তমাংসি অন্ধকারান্, গভস্তিভিঃ কিরণৈঃ ॥৫২॥

তাহার পর রাজসম্মত ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রেরা উত্তমাসনে অভিষিক্ত মহাত্মা কর্ণের স্তব করিতে লাগিলেন ॥৪৭॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পর বিপক্ষবীরহন্তা কর্ণ অভিষিক্ত হইয়া মোহর, গরু ও অপর ধনদ্বারা শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকে দিয়া স্বস্তিবাচনপ্রভৃতি করিলেন ॥৪৮॥

তৎপরে উদয়কালে সূর্য্য যেমন ব্রাহ্মণগণকর্ত্তৃক স্তূয়মান হইয়া বিরাজ করেন, কর্ণও সেইরূপ সূত, মাগধ ও বন্দিগণকর্ত্তৃক স্তূয়মান হইয়া বিরাজ করিতে লাগিলেন ॥৪৯॥

তদনন্তর পুণ্যাহশব্দ, বাদ্যধ্বনি ও বীরগণের জয়শব্দে সকল দিকে তুমুল কোলাহল হইতে থাকিল ॥৫০॥

'কর্ণ ! আপনি মহাযুদ্ধে কৃষ্ণ ও অনুচরগণের সহিত পাণ্ডবগণকে জয় করুন' এই কথা পুরুষশ্রেষ্ঠ কর্ণের প্রতি বন্দীরা ও ব্রাহ্মণেরা বলিতে লাগিলেন ॥৫১॥

(তাঁহারা আরও বলিলেন—) 'রাধানন্দন ! সূর্য্য যেমন উদিত হইতে থাকিয়া

(৪৯—৫০) শ্লোকৌ পি বা সো ন স্তঃ।

নহ্যলং ত্বদ্বিসৃষ্টানাং শরাণাং বৈ সকেশবাঃ।
উলূকাঃ সূর্য্যরশ্মীনাং জ্বলতামিব দর্শনে ॥৫৩॥
নহি পার্থাঃ সপাঞ্চালাঃ স্থাতুং শক্তাস্তবাগ্রতঃ।
আত্তবজ্রস্য সমরে মহেন্দ্রস্যেব দানবাঃ ॥৫৪॥

সঞ্জয় উবাচ। *

স সংকৃতঃ স্তূয়মানঃ সুহৃদ্‌গণবৃতো রুষা।
কর্ণো দুর্য্যোধনং বাক্যমব্রবীৎ প্রহসন্ প্রিয়ম্ ॥৫৫॥
দুর্য্যোধনাদ্য সগণং পাণ্ডূনাং প্রবরৈঃ সহ।
ফাল্গুনং সূদয়িষ্যামি ত্বৎপ্রিয়ার্থং সবান্ধবম্ ॥৫৬॥

ভারতকৌমুদী

নহীতি। অলং সমর্থাঃ। সকেশবাঃ পাণ্ডবাঃ। উলূকাঃ পেচকাঃ ॥৫৩॥
নহীতি। অগ্রতঃ সম্মুখে। আত্তং গৃহীতং বজ্রং যেন তস্য ॥৫৪॥
স ইতি। সংকৃতস্তত্রত্যৈঃ সম্মানিতঃ। রুষা রোষাভিনয়েন ॥৫৫॥
দুর্য্যোধনেতি। সগণমনুচরসহিতম্। ফাল্গুনমর্জ্জুনম্, সূদয়িষ্যামি দময়িষ্যামি ॥৫৬॥

ভারতভাবদীপঃ

দ্বিপখড়্গামহর্ষভৈরিতি তদ্ধিতলোপ আর্ষঃ ॥৪৫—৫২॥ ন হীতি শরাণাং দর্শনেঽপি নালং কিমুত স্পর্শে ইত্যর্থঃ ॥৫৩—৬২॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

ভীষণ কিরণসমূহদ্বারা অন্ধকার বিনাশ করেন, আপনিও তেমন আমাদের জয়লাভের জন্য ভীষণ অস্ত্রসমূহদ্বারা পাঞ্চালগণের সহিত পাণ্ডবগণকে বিনাশ করুন ॥৫২॥

পেচকগণ যেমন উজ্জ্বল সূর্য্যরশ্মিদর্শনে সমর্থ হয় না, সেইরূপ কৃষ্ণের সহিত পাণ্ডবেরাও আপনার নিক্ষিপ্ত বাণদর্শনে সমর্থ হইবে না ॥৫৩॥

দানবেরা যেমন যুদ্ধে বজ্রধারী ইন্দ্রের সম্মুখে থাকিতে পারিত না, সেইরূপ পাঞ্চালগণের সহিত পাণ্ডবেরাও আপনার সম্মুখে থাকিতে পারিবে না ॥৫৪॥

সঞ্জয় কহিলেন—'ক্রমে তত্রত্য লোকেরা সম্মান ও স্তব করিতে লাগিলে, সুহৃদ্‌গণবেষ্টিত কর্ণ রোষান্বিত হইয়াই যেন হাস্য করিতে থাকিয়া দুর্য্যোধনকে এই প্রিয় বাক্য বলিলেন—॥৫৫॥

'সখে দুর্য্যোধন! আজ আমি তোমার প্রীতির জন্য পাণ্ডবপক্ষের প্রধান প্রধান বীর, অনুচর ও বন্ধুগণের সহিত অর্জ্জুনকে দমন করিব ॥৫৬॥

(৫৪)···আত্তশস্ত্রস্য···পি। * 'সঞ্জয় উবাচ' ইত্যাদ্যষ্টপঞ্চাশচ্ছ্লোকপর্য্যন্তো ভাগঃ পি বা সো নাস্তি।

সপর্ব্বতার্ণবদ্বীপাং শাধি গাং গতপাণ্ডবাম্।
পুত্রপৌত্রপ্রপৌত্রেষু প্রতিষ্ঠাং গময়িষ্যসি ॥৫৭॥
নাসহ্যং বিদ্যতে মহ্যং ত্বৎপ্রিয়ার্থমরিন্দম !।
সত্যধর্ম্মানুরক্তস্য সিদ্ধিরাত্মবতো যথা ॥৫৮॥
অভিষিক্তস্তু রাধেয়ঃ প্রভয়া সোঽমিতপ্রভঃ।
অত্যরিচ্যত রূপেণ দিবাকর ইবাপরঃ ॥৫৯॥
সৈনাপত্যে তু রাধেয়মভিষিচ্য সুতস্তব।
অমন্যত তদাত্মানং কৃতার্থং কালচোদিতঃ ॥৬০॥
কর্ণোঽপি রাজ্ঞঃ সংপ্রাপ্য সৈনাপত্যমরিন্দমঃ।
যোগমাজ্ঞাপয়ামাস সূর্য্যস্যোদয়নং প্রতি ॥৬১॥

ভারতকৌমুদী

সেতি। পর্ব্বতৈরর্ণবৈর্দ্বীপৈশ্চ সহেতি তাম্, শাধি পালয়, গাং পৃথিবীম্ ॥৫৭॥

নেতি। মহ্যং মম। আত্মবতো যত্নবতো যথা সিদ্ধির্ভবতি, তথা তে সিদ্ধির্ভবিষ্যতীত্যর্থঃ ॥৫৮॥

অভীতি। স্বভাবত এবামিতপ্রভঃ। অত্যরিচ্যত বীরান্তরেভ্যোঽতিরিক্তোঽভবৎ ॥৫৯॥

সৈনেতি। কৃতার্থং কৃতপাণ্ডবজয়ম্, কালেন চোদিতঃ পরাজয়ায় প্রেরিতঃ ॥৬০॥

কর্ণ ইতি। রাজ্ঞো দুর্য্যোধনাৎ। যোগং সৈন্যানাং সন্নহনম্। উদয়নং প্রতি উদয়কালে ॥৬১॥

এখন হইতে তুমি পর্ব্বত, সমুদ্র ও দ্বীপের সহিত পাণ্ডবশূন্য পৃথিবী শাসন করিতে থাক; পরেও এই পৃথিবীকে পুত্র, পৌত্র ও প্রপৌত্রের উপরে প্রতিষ্ঠিত করিবে ॥৫৭॥

অরিন্দম! তোমার প্রীতির জন্য আমার কিছুই অসহনীয় নাই। সুতরাং সত্যধর্ম্মানুরক্ত যত্নবান্ লোকের যেমন কার্য্যসিদ্ধি হয়, তোমারও সেইরূপ কার্য্যসিদ্ধি হইবে' ॥৫৮॥

স্বভাবতঃ অতুলনীয়বীরশোভাসম্পন্ন কর্ণ অভিষিক্ত হইয়া তৎকালীন বীরশোভাদ্বারা—উজ্জ্বল রূপদ্বারা অপর সূর্য্যের ন্যায় অন্যান্য বীর হইতে অতিরিক্ত হইলেন ॥৫৯॥

মহারাজ! তখন আপনার পুত্র দুর্য্যোধন কর্ণকে সেনাপতিপদে অভিষিক্ত করিয়া কালপ্রেরিত হইয়া আপনাকে কৃতার্থ বলিয়া মনে করিতে লাগিলেন ॥৬০॥

শত্রুদমনকারী কর্ণও দুর্য্যোধন হইতে সেনাপতিপদ লাভ করিয়া সূর্য্যোদয়কালে সৈন্যগণের যুদ্ধসজ্জার আদেশ করিলেন ॥৬১॥

তব পুত্রৈর্বৃতঃ কর্ণঃ শুশুভে তত্র ভারত !।
দেবৈরিব যথা স্কন্দঃ সংগ্রামে তারকাময়ে ॥৬২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
কর্ণাভিষেকে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

— —ঃ*ঃ— —

অষ্টমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

ধৃতরাষ্ট্র উবাচ।
সৈনাপত্যন্তু সংপ্রাপ্য কর্ণো বৈকর্ত্তনস্তদা।
তথোক্তশ্চ স্বয়ং রাজ্ঞা স্নিগ্ধং ভ্রাতৃসমং বচঃ ॥১॥
হিতশ্চ প্রিয়কামশ্চ মম পুত্রস্য নিত্যশঃ।
অকরোৎ কিং মহাপ্রাজ্ঞস্তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তবেতি। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্। তারকস্যাসুরস্য আময়ঃ পীড়া যত্র তস্মিন্ ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

————ঃ-০-ঃ————

সৈনেতি। ইন্দ্রায় বিকর্ত্তনপূর্ব্বককবচদানাদ্বৈকর্ত্তন ইতি কর্ণস্য নামান্তরম্। তথা 'কর্ণ ! জানামি তে বীর্য্যম্' ইত্যাদিপূর্ব্বাধ্যায়গতরূপেণ, রাজ্ঞা দুর্য্যোধনেন। হিতো হিতকরঃ ॥১-২॥

ভরতনন্দন ! তখন কর্ণ আপনার পুত্রগণে পরিবেষ্টিত হইয়া—তারকাসুর-যুদ্ধে দেবগণপরিবেষ্টিত কার্ত্তিকের ন্যায় শোভা পাইতে লাগিলেন' ॥৬২॥

———ঃ-০-ঃ———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! সর্ব্বদা আমার পুত্রের হিতকারী, প্রিয়কামী ও মহাপ্রাজ্ঞ বৈকর্ত্তন কর্ণ তখন সেনাপতিপদ লাভ করিয়া এবং স্বয়ং দুর্য্যোধনকর্ত্তৃক সেইরূপ সস্নেহে ও ভ্রাতৃতুল্য বাক্যে অভিহিত হইয়া কি করিলেন, তাহা আমার নিকট বল' ॥১—২॥

(৬২)···দেবৈরপি যথা স্কন্দঃ···সো। * '···দশমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ, '···একাদশোঽধ্যায়ঃ' বা সো। (২) যোগমাজ্ঞাপ্য সেনানামাদিত্যেঽভ্যুদিতে তদা···পি বা সো।

সঞ্জয় উবাচ।

কর্ণস্য মতমাজ্ঞায় পুত্রাস্তে ভরতর্ষভ !।
যোগমাজ্ঞাপয়ামাসুর্নন্দিতূর্য্যপুরঃসরম্ ॥৩॥
মহত্যপররাত্রে চ তব সৈন্যস্য মারিষ !।
যোগো যোগ ইতি হ্যাশু প্রাদুরাসীন্মহাস্বনঃ ॥৪॥
কল্প্যতাং নাগমুখ্যানাং রথানাঞ্চ বরূথিনাম্।
সন্নহ্যতাং নরাণাঞ্চ বাজিনাঞ্চ বিশাংপতে ! ॥৫॥
ক্রোশতাঞ্চৈব যোধানাং ত্বরিতানাং পরস্পরম্।
বভূব তুমুলঃ শব্দো দিবস্পৃক্ সুমহাংস্ততঃ ॥৬॥ (যুগ্মকম্)
ততঃ শ্বেতপতাকেন বলাকাবর্ণবাজিনা।
হেমপৃষ্ঠেন ধনুষা নাগকক্ষেণ কেতুনা ॥৭॥

ভারতকৌমুদী

কর্ণস্যেতি। যোগং সন্নহনম্, নন্দিতূর্য্যমানন্দজনকতূর্য্যধ্বনিঃ পুরঃসরো যস্মিন্ কর্ম্মণি তৎ যথা স্যা তথা ॥৩॥

মহতীতি। মহত্যপররাত্রে অতীবপ্রত্যূষে। যোগঃ সন্নহনম্, ক্রিয়তামিতি শেষঃ ॥৪॥

কল্প্যতামিতি। কল্প্যতাং কল্প্যমানানাং সজ্জীক্রিয়মাণানামিত্যর্থঃ, নাগমুখ্যানাং গজশ্রেষ্ঠানাম্, বরূথিনাং ব্যাঘ্রচর্ম্মাদ্যাবরণবতাম্। ক্রোশতামাহ্বয়তাম্। দিবস্পৃক্ গগনস্পর্শী ॥৫—৬॥

ভারতভাবদীপঃ

সৈনেতি ॥১—২॥ নন্দিতূর্য্যমানন্দবাদ্যম্ ॥৩—৪॥ কল্প্যতাং সন্নহ্যমানানাং বরূথিনাং রথগুপ্তিমতাম্, সন্নহ্যতাং নরাণাং সন্নহ্যমানানাং গজাদীনাঞ্চ শব্দো বভূবেতি দ্বয়োঃ সম্বন্ধঃ

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! আপনার পুত্রেরা কর্ণের মত জানিয়া আনন্দজনক তূর্য্যধ্বনি করিয়া সৈন্যগণকে যথাসময়ে সজ্জীভূত হইতে আদেশ করিলেন ॥৩॥

মাননীয় রাজা ! তাহার পর অতিপ্রত্যূষকালে 'সজ্জীভূত হও, সজ্জীভূত হও' এইরূপ মহাকোলাহল আপনার সৈন্যমধ্যে সত্বর প্রাদুর্ভূত হইল ॥৪॥

নরনাথ ! তদনন্তর নির্দ্দিষ্ট লোকেরা হস্তী ও অশ্বগণকে সাজাইতে লাগিল, চর্ম্মাবরণযুক্ত রথ সকল চলিতে থাকিল, পদাতিরা যুদ্ধসজ্জা করিতে লাগিল এবং প্রধান যোদ্ধারা ত্বরান্বিত হইয়া পরস্পর আহ্বান করিতে থাকিলেন। সুতরাং তৎকালে গগনস্পর্শী, অতিবিশাল ও তুমুল কোলাহল হইতে লাগিল ॥৫—৬॥

(৪)···যোগো যোগেতি সহসা···পি বা সো। (৫) কল্পতাম্···সন্নহ্যতাং পদাতীনাম্···পি বা সো। (৭)···বলাকাবর্ণবাজিনা···পি।

তূণীরশতপূর্ণেন সগদেন বরূথিনা।
শতঘ্নীকিঙ্কিণীশক্তিশূলতোমরধারিণা ॥৮॥
কার্ম্মুকৈরুপপন্নেন বিমলাদিত্যবর্চসা।
রথেনাভিপতাকেন সূতপুত্ত্রোঽভ্যদৃশ্যত ॥৯॥
ধ্মাপয়ন্ বারিজং রাজন্! হেমজালবিভূষিতম্।
বিধুন্বানো মহচ্চাপং কার্ত্তস্বরবিভূষিতম্ ॥১০॥ (কলাপকম্)
দৃষ্ট্বা কর্ণং মহেষ্বাসং রথস্থং রথিনাং বরম্।
ভানুমন্তমিবোদ্যন্তং তমো ঘ্নন্তং দুরাসদম্ ॥১১॥
ন ভীষ্মব্যসনং কেচিন্নাপি দ্রোণস্য মারিষ!।
নান্যেষাং পুরুষব্যাঘ্র! মেনিরে তত্র কৌরবাঃ ॥১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

৩৩ ইতি। শ্বেতা পতাকা যস্য তেন, বলাকাবর্ণা বকপক্ষিবচ্ছুভ্রবর্ণা বাজিনো ঘোটকা যস্য তেন। হেমপৃষ্ঠেন ধন্বুষা সর্বদা ব্যবহার্য্যেণ কার্ম্মুকেণ যুক্তেনেত্যপুনরুক্তিঃ। নাগস্য গজস্য কক্ষা বন্ধনরজ্জুশ্চিহ্নভূতা যত্র তেন, কেতুনা ধ্বজেন যুক্তেন। গদয়া সহেতি সগদস্তেন, বরূথো রথগুপ্তিশ্চর্ম্মাবরণমস্যাস্তীতি তেন। কার্ম্মুকৈরধিকৈঃ। অভি অভিমুখস্থা পতাকা যস্য তেন, সূতপুত্ত্রঃ কর্ণঃ। ধ্মাপয়ন্ বাদয়ন্, বারিজং শঙ্খম্। বিধুন্বানঃ সঞ্চালয়ন্, কার্ত্তস্বরেণ স্বর্ণেন বিভূষিতম্ ॥৭—১০॥

দৃষ্ট্বেতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। ভানুমন্তং সূর্য্যম্, তমোঽন্ধকারম্। ভীষ্মস্য ব্যসনং বিপদং পতনম্, দ্রোণস্যাপি ব্যসনমিত্যনুষঙ্গঃ ॥১১—১২॥

ভারতভাবদীপঃ

॥৫—৬॥ শ্বেতেত্যাদিবিশেষণদ্বয়ং রথেনেত্যস্য ॥৭—৮॥ অভিপতাকেন বায়োঃ প্রাতিকূল্যাদভিমুখপতাকেন, এতৎ পরাজয়সূচকম্ ॥৯—১০॥ নিঘ্নন্ নিঘ্নন্তম্, ঘ্নন্তমিতি বা পাঠঃ

রাজা! তাহার পর কর্ণ দৃষ্টিগোচর হইলেন; তৎকালে তিনি স্বর্ণভূষিত শঙ্খ বাজাইতেছিলেন এবং স্বর্ণালঙ্কৃত বিশাল ধনু সঞ্চালন করিতেছিলেন; তাঁহার রথের বর্ণ সূর্য্যের ন্যায় উজ্জ্বল ছিল, তাহার সম্মুখের দিকে শ্বেতবর্ণ পতাকা দুলিতেছিল, বিশাল ধ্বজের উপরে হস্তিবন্ধনরজ্জুর চিহ্ন ছিল, যথাস্থানে চর্ম্মময় আবরণ প্রকাশ পাইতেছিল এবং সম্মুখে বকপক্ষীর ন্যায় শুভ্রবর্ণ চারিটা অশ্ব যোজিত ছিল; আর সেই রথের ভিতরে সর্ব্বদা ব্যবহার্য্য স্বর্ণখচিত ধনু, অন্য বহুতর ধনু, অনেক তূণ, গদা, শতঘ্নী, কিঙ্কিণী, শক্তি, শূল ও তোমর স্থাপিত ছিল ॥৭—১০॥

(৯)···সূতপুত্ত্রো হ্যদৃশ্যত—নি।

ততস্তু ত্বরয়ন্ যোধান্ শঙ্খশব্দেন মারিষ ! ।
কর্ণো নিষ্কর্ষয়ামাস কৌরবাণাং মহদ্বলম্ ॥১৩॥
ব্যূহং ব্যূহ্য মহেষ্বাসো মকরং শত্রুতাপনঃ ।
প্রত্যুদ্যযৌ তদা কর্ণঃ পাণ্ডবান্ বিজিগীষয়া ॥১৪॥
মকরস্য তু তুণ্ডে বৈ কর্ণো রাজন্ ! ব্যবস্থিতঃ ।
নেত্রাভ্যাং শকুনিঃ শূর উলূকশ্চ মহারথঃ ॥১৫॥
দ্রোণপুত্রস্তু শিরসি গ্রীবায়াং সর্ব্বসোদরাঃ ।
মধ্যে দুর্য্যোধনো রাজা বলেন মহতা বৃতঃ ॥১৬॥
বামপাদে তু রাজেন্দ্র ! কৃতবর্ম্মা ব্যবস্থিতঃ ।
নারায়ণবলৈর্যুক্তো গোপালৈর্যুদ্ধদুর্ম্মদৈঃ ॥১৭॥
পাদে তু দক্ষিণে রাজন্ ! গৌতমঃ সত্যবিক্রমঃ ।
ত্রিগর্ত্তৈঃ সুমহেষ্বাসৈর্দাক্ষিণাত্যৈশ্চ সংবৃতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। নিষ্কর্ষয়ামাস রণস্থলং প্রত্যাচকর্ষ। স্বার্থে ইন্ ॥১৩॥
ব্যূহমিতি। ব্যূহ্য বিধায়, মকরং নাম মকরাকারম্। বিজিগীষয়া বিজেতুমিচ্ছয়া ॥১৪॥
মকরস্যেতি। তুণ্ডে মুখে। নেত্রাভ্যাং নেত্রয়োঃ। উলূকো নাম শকুনিপুত্রঃ ॥১৫॥
দ্রোণেতি। দ্রোণপুত্রোঽশ্বত্থামা। সর্বসোদরা অবশিষ্টা ধার্ত্তরাষ্ট্রাঃ ॥১৬॥
বামেতি। গোপালৈর্গোপজাতীয়ৈঃ ॥১৭॥

পুরুষশ্রেষ্ঠ মাননীয় রাজা ! তখন অন্ধকারনাশক উদয়মান দুর্দ্ধর্ষ সূর্য্যের ন্যায় মহাধনুর্দ্ধর ও রথিশ্রেষ্ঠ কর্ণকে রথস্থিত দেখিয়া কোন কৌরবই ভীষ্ম, দ্রোণ, বা অন্যান্য বীরগণের পতন মনে করিলেন না ॥১১—১২॥

মাননীয় রাজা ! তদনন্তর কর্ণ শঙ্খশব্দদ্বারা যোদ্ধাদিগকে ত্বরান্বিত করিতে থাকিয়া সেই বিশাল কৌরবসৈন্য আকর্ষণ করিয়া লইয়া চলিলেন ॥১৩॥

তখন মহাধনুর্দ্ধর ও শত্রুতাপন কর্ণ মকরব্যূহ নির্ম্মাণ করিয়া জয় করিবার ইচ্ছায় পাণ্ডবগণের প্রতি গমন করিতে লাগিলেন ॥১৪॥

রাজা ! মকরব্যূহের মুখদেশে কর্ণ অবস্থান করিতে লাগিলেন এবং বীর শকুনি ও মহারথ উলূক তাহার নয়নযুগলস্থানে রহিলেন ॥১৫॥

শিরোদেশে অশ্বত্থামা, গ্রীবাদেশে অবশিষ্ট ধার্ত্তরাষ্ট্রগণ এবং মধ্যস্থানে রাজা দুর্য্যোধন বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া রহিলেন ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! গোপজাতীয় যুদ্ধদুর্দ্ধর্ষ নারায়ণসৈন্যের সহিত কৃতবর্ম্মা ব্যূহের বামপাদে অবস্থান করিতে লাগিলেন ॥১৭॥

অনুপাদস্তু যো বামস্তত্র শল্যো ব্যবস্থিতঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং মদ্রদেশসমুত্থয়া ॥১৯॥
দক্ষিণে তু মহারাজ! সুষেণঃ সত্যসঙ্গরঃ।
বৃতো রথসহস্রেণ দন্তিনাঞ্চ ত্রিভিঃ শতৈঃ ॥২০॥
পুচ্ছে হ্যাস্তাং মহাবীর্য্যৌ ভ্রাতরৌ পার্থিবৌ তদা।
চিত্রশ্চ চিত্রসেনশ্চ মহত্যা সেনয়া বৃতৌ ॥২১॥
তথা প্রয়াতে রাজেন্দ্র! কর্ণে নরবরোত্তমে।
ধনঞ্জয়মভিপ্রেক্ষ্য ধর্ম্মরাজোঽব্রবীদিদম্ ॥২২॥
পশ্য পার্থ! যথা সেনা ধার্ত্তরাষ্ট্রীহ সংযুগে।
কর্ণেন বিহিতা বীর! গুপ্তা বীরৈর্মহারথৈঃ ॥২৩॥

ভারতকৌমুদী

পাদ ইতি। গৌতমঃ কৃপঃ। ত্রিগর্ত্তৈস্ত্রিগর্ত্তদেশীয়ৈঃ ॥১৮॥
অস্থিতি। অনুপাদঃ পাদপশ্চাদ্ভাগঃ। মদ্রদেশে সমুত্থয়া সমুৎপন্নয়া ॥১৯॥
দক্ষিণ ইতি। দক্ষিণে অনুপাদে। সত্যসঙ্গরো যথার্থপ্রতিজ্ঞঃ ॥২০॥
পুচ্ছ ইতি। আস্তাং স্থিতবন্তৌ। পার্থিবৌ রাজানৌ ॥২১॥
তথেতি। প্রয়াতে রণস্থলমায়াতে। ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥২২॥

রাজা! যথার্থবিক্রমশালী কৃপাচার্য্য অতিমহাধনুর্দ্ধর ত্রিগর্ত্ত ও দাক্ষিণাত্য সৈন্যে বেষ্টিত হইয়া ব্যূহের দক্ষিণপাদে থাকিলেন ॥১৮॥

ব্যূহের বামপাদের যে পশ্চাদ্ভাগ, সেই স্থানে মদ্রদেশীয় বিশাল সৈন্যের সহিত শল্য অবস্থান করিতে লাগিলেন ॥১৯॥

মহারাজ! সত্যপ্রতিজ্ঞ সুষেণ সহস্র রথী ও তিন শত গজসৈন্যে বেষ্টিত হইয়া দক্ষিণপাদের পশ্চাদ্ভাগে রহিলেন ॥২০॥

এবং মহাবীর ও রাজা চিত্র ও চিত্রসেন এই দুই ভ্রাতা বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া সেই মকরব্যূহের পুচ্ছদেশে রহিলেন ॥২১॥

রাজশ্রেষ্ঠ! নরবরশ্রেষ্ঠ কর্ণ সেইভাবে আসিতে লাগিলে, যুধিষ্ঠির অর্জ্জুনের দিকে চাহিয়া এই কথা বলিলেন—॥২২॥

'বীর অর্জ্জুন! এই যুদ্ধে কর্ণ যেভাবে ধার্ত্তরাষ্ট্রসৈন্য সন্নিবেশিত করিয়াছে এবং বীর মহারথেরা যেভাবে ইহা রক্ষা করিয়াছেন, তাহা দেখ ॥২৩॥

(১৯) অনুপাদে তু যো বামঃ···বা নি। (২০) দক্ষিণেন মহারাজ!···দন্তিনাঞ্চ ত্রিষট্শতৈঃ—পি। (২১) পুচ্ছেঽস্তাস্তাম্···পি।

হতবীরতমা হ্যেষা ধার্ত্তরাষ্ট্রী মহাচমূঃ।
ফল্গুশেষা মহাবাহো! তৃণৈস্তুল্যা মতা মম ॥২৪॥
একো হ্যত্র মহেষ্বাসঃ সূতপুত্রো বিরাজতে।
সদেবাসুরগন্ধর্বৈঃ সকিন্নরমহোরগৈঃ ॥২৫॥
চরাচরৈস্ত্রিভির্লোকৈরজয্যো যো মহারথঃ।
তং হত্বাদ্য মহাবাহো! বিজয়স্তব ফাল্গুন! ॥২৬॥ (যুগ্মকম্)
উদ্ধৃতশ্চ ভবেচ্ছল্যো মম দ্বাদশবার্ষিকঃ।
এবং জ্ঞাত্বা মহাবাহো! ব্যূহং ব্যূহ যথেচ্ছসি ॥২৭॥
ভ্রাতুরেতদ্বচঃ শ্রুত্বা পাণ্ডবঃ শ্বেতবাহনঃ।
অর্দ্ধচন্দ্রেণ ব্যূহেন প্রত্যব্যূহত তাং চমূম্ ॥২৮॥

ভারতকৌমুদী

পশ্যেতি। সেনা ব্যূহরূপেণ সৈন্যসন্নিবেশঃ। গুপ্তা রক্ষিতা ॥২৩॥
হতেতি। হতা বীরতমাঃ প্রধানবীরা যস্যাঃ সা। ফল্গুরসারঃ শেষো যস্যাঃ সা ॥২৪॥
এক ইতি। সূতপুত্রঃ কর্ণঃ। অজয্যো জেতুমশক্যঃ ॥২৫—২৬॥
উদ্ধৃত ইতি। শল্যঃ শল্যবন্মনস্তাপঃ। ব্যূহ রচয় ॥২৭॥

ভারতভাবদীপঃ

॥১১—১৮॥ অনুপাদে পাদস্থানস্থাপি পশ্চাদ্ভাগে ॥১৯॥ দক্ষিণে অনুপাদে ॥২০—২৬॥ ব্যূহ রচয় ॥২৭—৪৩॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

মহাবাহু! এই বিশাল ধার্ত্তরাষ্ট্রসৈন্যের প্রধান প্রধান বীর নিহত হইয়াছেন, এখন কতকগুলি অসার লোকমাত্র অবশিষ্ট রহিয়াছে। সুতরাং তোমার নিকট ইহা তৃণের তুল্য বলিয়া আমি মনে করি ॥২৪॥

এই সৈন্যমধ্যে একমাত্র কর্ণই মহাধনুর্দ্ধর রহিয়াছে। অতএব মহাবাহু অর্জ্জুন! দেবতা, অসুর, গন্ধর্ব্ব, কিন্নর ও নাগপ্রভৃতির সহিত চরাচর ত্রিভুবনও যে মহারথকে জয় করিতে সমর্থ হয় না, সেই বীরকে আজ বধ করিয়া তুমি জয় লাভ কর ॥২৫—২৬॥

মহাবাহু! কর্ণকে বধ করিলে, দ্বাদশবর্ষব্যাপী আমার হৃদয়শল্য উদ্ধৃত হইবে; ইহা বুঝিয়া যেমন ইচ্ছা হয়, তেমন ব্যূহ রচনা কর' ॥২৭॥

(২৪)···কর্ণশেষা···পি,···মহাবাহো! বিজয়স্তব ফাল্গুন!—সো। (২৬)···অজেয়ো যো মহারথঃ···নি।

বামপার্শ্বে তু তস্যাথ ভীমসেনো ব্যবস্থিতঃ।
দক্ষিণে চ মহেষ্বাসো ধৃষ্টদ্যুম্নো ব্যবস্থিতঃ ॥২৯॥
মধ্যে ব্যূহস্য রাজা তু পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ।
নকুলঃ সহদেবশ্চ ধর্ম্মরাজস্য পৃষ্ঠতঃ ॥৩০॥
চক্ররক্ষৌ তু পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ।
পার্থং ন জহতুর্যুদ্ধে পাল্যমানৌ কিরীটিনা ॥৩১॥
শেষা নৃপতয়ো বীরাঃ স্থিতা ব্যূহস্য দংশিতাঃ।
যথাভাগং যথোৎসাহং যথাযত্নঞ্চ ভারত! ॥৩২॥
এবমেতন্মহাব্যূহং ব্যূহ্য ভারত! পাণ্ডবাঃ।
তাবকাশ্চ মহেষ্বাসা যুদ্ধায়ৈব মনো দধুঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

ভ্রাতুরিতি। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ। প্রত্যব্যূহত সন্ন্যবেশয়ৎ, তাং পাণ্ডবীয়াম্ ॥২৮॥
বামেতি। দক্ষিণে চ পার্শ্বে, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥২৯॥
মধ্য ইতি। রাজা যুধিষ্ঠিরঃ, ব্যবস্থিত ইত্যনুবৃত্তিঃ। এবমন্যত্র ॥৩০॥
চক্রেতি। চক্ররক্ষৌ উভয়পার্শ্বস্থসৈন্যসমূহরক্ষকৌ। পার্থমর্জ্জুনম্, জহতুস্তত্যজতুঃ ॥৩১॥
শেষা ইতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ সাত্যকিপ্রভৃতয়ঃ ॥৩২॥
এবমিতি। এষ চাসৌ মহাব্যূহশ্চেতি এতন্মহাব্যূহস্তম্, ব্যূহ্য বিধায় ॥৩৩॥

যুধিষ্ঠিরের এই কথা শুনিয়া পাণ্ডুনন্দন অর্জ্জুন পাণ্ডবসৈন্যকে অর্দ্ধচন্দ্রব্যূহরূপে সন্নিবেশিত করিলেন ॥২৮॥

তাহার বামপার্শ্বে থাকিলেন—ভীমসেন এবং দক্ষিণপার্শ্বে রহিলেন—মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন ॥২৯॥

যুধিষ্ঠির সেই ব্যূহের মধ্যস্থানে অবস্থান করিতে লাগিলেন এবং তাঁহার পিছনে পাণ্ডুনন্দন অর্জ্জুন, নকুল ও সহদেব থাকিলেন ॥৩০॥

অর্জ্জুনের চক্ররক্ষক পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজা অর্জ্জুনকর্তৃক রক্ষিত হইতে থাকিয়া তাঁহাকে ত্যাগ করিলেন না ॥৩১॥

ভরতনন্দন! অবশিষ্ট রাজারা ও সাত্যকিপ্রভৃতি বীরেরা ব্যূহের যথাস্থানে আপনাদের উৎসাহ ও যত্ন অনুসারে অবস্থান করিতে লাগিলেন ॥৩২॥

ভরতনন্দন! এইরূপ এই মহাব্যূহ রচনা করিয়া পাণ্ডবেরা এবং আপনার পক্ষের মহাধনুর্দ্ধরেরা যুদ্ধের দিকেই মনোনিবেশ করিলেন ॥৩৩॥

(৩১)···নার্জ্জুনং জহতুর্যুদ্ধে···পি বা সো।

দৃষ্ট্বা ব্যূঢ়াং তব চমূং সূতপুত্রেণ সংযুগে।
নিহতান্ পাণ্ডবান্ মেনে ধার্ত্তরাষ্ট্রঃ সবান্ধবঃ ॥৩৪॥
তথৈব পাণ্ডবীং সেনাং ব্যূঢ়াং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
ধার্ত্তরাষ্ট্রান্ হতান্ মেনে সকর্ণান্ বৈ জনাধিপঃ ॥৩৫॥
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
ডিণ্ডিমাশ্চাপ্যহন্যন্ত ঝর্ঝরাশ্চ সমন্ততঃ ॥৩৬॥
সেনয়োরুভয়ো রাজন্! প্রাবাদ্যন্ত মহাস্বনাঃ।
সিংহনাদশ্চ সংজজ্ঞে শূরাণাং জয়গৃদ্ধিনাম্ ॥৩৭॥
হয়হেষিতশব্দাশ্চ বারণানাঞ্চ বৃংহিতাঃ।
রথনেমিস্বনাশ্চোগ্রাঃ সংবভূবুর্জনাধিপ! ॥৩৮॥
ন দ্রোণব্যসনং কশ্চিজ্জানীতে তত্র ভারত!।
দৃষ্ট্বা কর্ণং মহেষ্বাসং মুখে ব্যূহস্য দংশিতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। ব্যূঢ়াং ব্যূহরূপেণ স্থাপিতাম্। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ ॥৩৪॥
তথেতি। ধার্ত্তরাষ্ট্রান্ অবশিষ্টান্ ধৃতরাষ্ট্রপুত্রান্। কর্ণেন সহেতি তান্ ॥৩৫॥
তত ইতি। ভের্য্যাদীনি তদানীন্তনানি বাদ্যানি। অহন্যন্ত তাড়িতানি বাদিতানি ॥৩৬॥
সেনয়োরিতি। মহাস্বনা অন্যেঽপি বাদ্যবিশেষাঃ। জয়গৃদ্ধিনাং জয়াভিলাষিণাম্ ॥৩৭॥
হয়েতি। হয়ানামশ্বানাং হেষিতশব্দাঃ, বারণানাং গজানাম্ ॥৩৮॥
নেতি। দ্রোণস্য ব্যসনং মৃত্যুম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্, দংশিতং সন্নদ্ধম্ ॥৩৯॥

তখন বন্ধুগণসমন্বিত দুর্য্যোধন যুদ্ধে কর্ণরচিত ব্যূহ দেখিয়া পাণ্ডবগণকে নিহত বলিয়াই মনে করিলেন ॥৩৪॥

সেইরূপই রাজা যুধিষ্ঠিরও পাণ্ডবসৈন্যকে ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া কর্ণের সহিত ধার্ত্তরাষ্ট্রগণকে নিহত বলিয়া মনে করিলেন ॥৩৫॥

তাহার পর সকল দিকে শঙ্খ, ভেরী, পণব, আনক, গোমুখ, ডিণ্ডিম ও ঝর্ঝর বাদিত হইতে লাগিল ॥৩৬॥

রাজা! উভয়সৈন্যমধ্যে বিশালশব্দকারী অন্যান্য বাদ্যও বাদিত হইতে থাকিল এবং জয়াভিলাষী বীরগণের সিংহনাদও হইতে লাগিল ॥৩৭॥

নরনাথ! আর অশ্বগণের হেষিতশব্দ, হস্তিগণের বৃংহিতধ্বনি এবং রথচক্রের ভীষণ শব্দ হইতে থাকিল ॥৩৮॥

---

(৩৬)···পণবানকদুন্দুভীঃ···পি,···পণবানকদুন্দুভিঃ···বা সো।

উভে সৈন্যে মহারাজ! প্রহৃষ্টনরসঙ্কুলে।
যোদ্ধুকামে স্থিতে রাজন্! হন্তুমন্যোন্যমোজসা ॥৪০॥
বিজয়ে জাতসংরম্ভে দৃষ্ট্বান্যোন্যং ব্যবস্থিতে।
অনীকমধ্যে রাজেন্দ্র! চেরতুঃ কর্ণপাণ্ডবৌ ॥৪১॥
নৃত্যন্ত্যাবিব তে সেনে সমেয়াতাং পরস্পরম্।
তয়োঃ পক্ষপ্রপক্ষেভ্যো নির্ব্বযুর্যুদ্ধলিপ্সবঃ ॥৪২॥
ততঃ প্রববৃতে যুদ্ধং নরবারণবাজিনাম্।
রথানাঞ্চ মহারাজ! অন্যোন্যমভিনিঘ্নতাম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি ব্যূহনির্ম্মাণে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

উভে ইতি। প্রহৃষ্টৈর্নরৈঃ সঙ্কুলে ব্যাপ্তে। ওজসা বলেন ॥৪০॥

বীতি। বিজয়ে বিশিষ্টজয়লাভে, জাতসংরম্ভে উৎপন্নোৎসাহে সেনে ॥৪১॥

নৃত্যন্ত্যাবিতি। সমেয়াতাং মিলিতে। তয়োর্ব্যূহয়োঃ ॥৪২॥

তত ইতি। নরবারণবাজিনাং পদাতিগজাশ্বানাম্। অভিনিঘ্নতাং প্রহরতাম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

ভরতনন্দন! তখন মহাধনুর্দ্ধর কর্ণকে ব্যূহের সম্মুখে যুদ্ধসজ্জায় সজ্জিত দেখিয়া কোন ব্যক্তিই দ্রোণের অভাব জানিতে পারিল না ॥৩৯॥

মহারাজ! তৎকালে উভয় সৈন্যের লোকেরাই আনন্দিত হইল এবং রাজা! দুই সৈন্যই যুদ্ধার্থী ও তেজে পরস্পর বধার্থী হইয়া অবস্থান করিতে লাগিল ॥৪০॥

রাজশ্রেষ্ঠ! সেই দুইটা সৈন্যকেই জয়লাভে পরস্পর জাতোৎসাহ হইয়া থাকিতে দেখিয়া কর্ণ ও অর্জ্জুন সৈন্যমধ্যে বিচরণ করিতে লাগিলেন ॥৪১॥

ক্রমে সেই দুইটা সৈন্যই নৃত্য করিতে করিতেই যেন পরস্পর মিলিত হইল এবং যুদ্ধার্থী বীরেরা সেই ব্যূহদ্বয়ের পক্ষ ও প্রপক্ষ হইতে নির্গত হইতে থাকিলেন ॥৪২॥

মহারাজ! তাহার পর পরস্পর প্রহারকারী হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের যুদ্ধারম্ভ হইল' ॥৪৩॥

---

(৪০)···হন্তুমন্যোন্যমঞ্জসা—পি। (৪১) তত্র যত্তৌ সুসংরব্ধৌ দৃষ্ট্বান্যোন্যং ব্যবস্থিতৌ··· পি বা সো। (৪২) নৃত্যমানে তু···তেষাং পক্ষৈঃ প্রপক্ষৈশ্চ নির্জ্জগ্মুস্তে যুযুৎসবঃ—পি বা সো। * ···একাদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ, ···দ্বাদশোঽধ্যায়ঃ' বা সো।

নবমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

তে সেনেঽন্যোন্যমাসাদ্য প্রহৃষ্টাশ্বনরদ্বিপে।
বৃহত্যৌ সম্প্রজহ্রাতে দেবাসুরচমূসমে ॥১॥
ততো নররথাশ্বেভাঃ পত্তয়শ্চোগ্রবিক্রমাঃ।
সম্প্রহারান্ ভৃশং চক্রুর্দেহপাপ্মবিনাশনান্ ॥২॥
পূর্ণচন্দ্রার্কপদ্মানাং কান্তিত্বিড্‌গন্ধতঃ সমৈঃ।
উত্তমাঙ্গৈর্নৃসিংহানাং নৃসিংহাস্তস্তরুর্মহীম্ ॥৩॥
অর্দ্ধচন্দ্রৈস্তথা ভল্লৈঃ ক্ষুরপ্রৈরসিপট্টিশৈঃ।
পরশ্বধৈশ্চাপহৃতান্যুত্তমাঙ্গানি যুধ্যতাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তে ইতি। অন্যোন্যমিত্যকারলোপ আর্যঃ। প্রহৃষ্টা অশ্বা নরা দ্বিপাশ্চ যয়োস্তে ॥১॥

তত ইতি। ইভা গজাঃ। যুদ্ধমৃত্যোঃ স্বর্গজনকত্বে তদ্‌ঘটকপ্রহারাণাং পাপ্মনাশকত্বম্ ॥২॥

পূর্ণেতি। নৃসিংহা নরশ্রেষ্ঠাঃ, কান্তিঃ শোভা ত্বিট্ প্রভা গন্ধঃ সৌরভঞ্চ তৈঃ, "সর্ব্ব-বিভক্তিভ্যস্তস্" ইতি তৃতীয়ান্তাত্তস্। যথাসংখ্যং পূর্ণচন্দ্রার্কপদ্মানাং সমৈঃ সদৃশৈঃ, নৃসিংহানাং নরশ্রেষ্ঠানাম্, উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ, মহীং রণভূমিম্, তস্তরুঃ আচ্ছাদয়ামাসুঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

তে সেনে ইতি প্রগৃহ্যত্বাভাবশ্ছান্দসঃ ॥১॥ দেহানাং পাপ্মনামসূনাঞ্চ নাশনান্ ॥২॥ পূর্ণচন্দ্রার্কাণাং কান্তিভিঃ সমৈঃ পদ্মানাং গন্ধতঃ সমৈস্তস্তরুঃ আস্তীর্ণবন্তঃ ॥৩—৪॥ ব্যায়তাঃ

সঞ্জয় বলিলেন—'মহারাজ! প্রহৃষ্ট ঘোটক, পদাতি ও গজযুক্ত দেবাসুর-সৈন্যতুল্য সেই বিশাল সৈন্য দুইটা নিকটবর্ত্তী হইয়া পরস্পর প্রহার করিতে প্রবৃত্ত হইল ॥১॥

তাহার পর ভীষণবিক্রমশালী হস্তী, অশ্ব, রথ ও পদাতিরা দেহ ও পাপনাশক গুরুতর প্রহার করিতে লাগিল ॥২॥

ক্রমে সৌন্দর্য্যে পূর্ণচন্দ্রের তুল্য, তেজে সূর্য্যের সমান এবং গন্ধে পদ্মের সদৃশ বীরমস্তকদ্বারা অপর বীরেরা ভূতল আবৃত করিয়া ফেলিলেন ॥৩॥

---

(১)···দেবাসুরসমপ্রভে—পি বা সো। (২) ততো নানারথাশ্বেভাঃ···নি, দেহপাপ্মাসু-নাশনান্—বা,···দেহপাপ্মপ্রণাশনান্ —সো।

ব্যায়তায়তবাহূনাং ব্যায়তায়তবাহুভিঃ।
বাহবঃ পাতিতা রেজুর্ধরণ্যাং সায়ুধাঙ্গদাঃ ॥৫॥
তৈঃ স্ফুরদ্ভির্মহী ভাতি রক্তাঙ্গুলিতলৈস্তথা।
গরুড়প্রহিতৈরুগ্রৈঃ পঞ্চাস্যৈরুরগৈরিব ॥৬॥
দ্বিরদ-স্যন্দনাশ্বেভ্যঃ পেতুর্বীরা দ্বিষদ্ধতাঃ।
বিমানেভ্যো যথা ক্ষীণে পুণ্যে স্বর্গসদস্তথা ॥৭॥
গদাভিরন্যে গুর্বীভিঃ পরিঘৈর্মুসলৈরপি।
পোথিতাঃ শতশঃ পেতুর্বীরা বীরতরৈ রণে ॥৮॥
রথা রথৈর্বিমথিতা মত্তা মত্তৈর্দ্বিপা দ্বিপৈঃ।
সাদিনঃ সাদিভিশ্চৈব তস্মিন্ পরমসঙ্কুলে ॥৯॥

ভারতকৌমুদী

অর্দ্ধেতি। অর্দ্ধচন্দ্রেস্তদাকারৈর্বাণৈঃ। যুধ্যতাং যুধ্যমানানাম্ ॥৪॥

ব্যায়তেতি। ব্যায়তাঃ স্থূলাঃ আয়তা দীর্ঘাশ্চ বাহবো ভুজা যেষাং তেষাং বীরাণাম্, আয়ুধৈরস্ত্রৈঃ অঙ্গদৈঃ কেয়ূরৈশ্চ সহেতি তে তাদৃশা বাহবঃ, তথৈব ব্যায়তায়তবাহুভিঃ স্থূল-দীর্ঘভুজৈর্বীরৈঃ, ধরণ্যাং ছিত্বা পাতিতাঃ সন্তঃ, রেজুঃ প্রচকাশিরে ॥৫॥

তৈরিতি। গরুড়েন প্রহিতৈর্নিক্ষিপ্তৈঃ, পঞ্চাস্যৈঃ পঞ্চমুখৈঃ। পঞ্চাঙ্গুলিসাম্যার্থমিদম্ ॥৬॥

দ্বিরদেতি। দ্বিরদা গজাঃ স্যন্দনা রথা অশ্বাশ্চ তেভ্যঃ। স্বর্গসদঃ স্বর্গবাসিনঃ ॥৭॥

গদাভিরিতি। গুর্বীভির্মহতীভিঃ। পোথিতা নিষ্পিষ্টাঃ। বীরতরৈঃ প্রধানবীরৈঃ ॥৮॥

রথা ইতি। বিমথিতা বিধ্বংসিতাঃ। সাদিনঃ অশ্বারোহিণঃ। পরমসঙ্কুলে রণে ॥৯॥

বীরগণ অর্দ্ধচন্দ্রবাণ, ভল্ল, ক্ষুরপ্রবাণ, তরবারি, পট্টিশ ও পরশুদ্বারা যুধ্যমান অপর বীরগণের মস্তক সকল হরণ করিতে লাগিলেন ॥৪॥

স্থূল ও দীর্ঘবাহু বীরেরা স্থূল ও দীর্ঘবাহু অপর বীরগণের অস্ত্র ও কেয়ূরযুক্ত বাহু সকল ছেদন করিয়া ভূতলে পাতিত করিতে থাকিলেন ॥৫॥

তখন গরুড়নিক্ষিপ্ত পঞ্চমুখ ভীষণ সর্পসমূহের ন্যায় রক্তাঙ্গুলিযুক্ত সেই বাহুগুলি স্পন্দিত হইতে থাকিয়া রণভূমির শোভা জন্মাইতে লাগিল ॥৬॥

পুণ্যক্ষয় হইয়া গেলে স্বর্গবাসীরা যেমন বিমান হইতে পতিত হন, সেইরূপ শত্রুনিহত বীরেরা হস্তী, অশ্ব ও রথ হইতে পতিত হইতে লাগিলেন ॥৭॥

প্রধান বীরেরা বিশাল গদা, পরিঘ ও মুসলদ্বারা পোথিত করিলে অন্য শত শত বীর রণস্থলে পতিত হইতে থাকিলেন ॥৮॥

(৫)…সায়ুধাঙ্গদৈঃ—পি বা সো।

রথৈর্নরা রথা নাগৈরশ্বারোহাশ্চ পত্তিভিঃ।
অশ্বারোহৈঃ পদাতাশ্চ নিহতা যুধি শেরতে ॥১০॥
রথাশ্বপত্তয়ো নাগৈ রথাশ্বেভাশ্চ পত্তিভিঃ।
রথপত্তিদ্বিপাশ্চাশ্বৈ রথৈশ্চাপি নরদ্বিপাঃ ॥১১॥
রথাশ্বেভনরাণান্তু নরাশ্বেভরথৈঃ কৃতম্।
পাণিপাদৈশ্চ শস্ত্রৈশ্চ রথৈশ্চ কদনং মহৎ ॥১২॥
তথা তস্মিন্ বলে শূরৈর্বধ্যমানে হতেঽপি চ।
অস্মানভ্যাযযুঃ পার্থা বৃকোদরপুরোগমাঃ ॥১৩॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ দ্রৌপদেয়াঃ প্রভদ্রকাঃ।
সাত্যকিশ্চেকিতানশ্চ দ্রাবিড়ৈঃ সৈনিকৈঃ সহ ॥১৪॥
বৃতা ব্যূহেন মহতা পাণ্ড্যাশ্চোলাঃ সকেরলাঃ।
ব্যূঢ়োরস্কা দীর্ঘভুজাঃ প্রাংশবঃ পৃথুলোচনাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

রথৈরিতি। নাগৈর্গজৈঃ। পত্তিভিঃ পদাতিভিঃ। পদাতাঃ পদাতয়ঃ ॥১০॥
রথেতি। ইভা হস্তিনঃ। নিহতা যুধি শেরতে ইত্যনুবৃত্তিঃ ॥১১॥
রথেতি। নরাশ্চাত্র পদাতয়ঃ। কদনমুৎপীড়নম্ ॥১২॥
তথেতি। অস্মান্ কৌরবান্, সঞ্জয়েনোচ্যমানত্বাৎ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥১৩॥
ধৃষ্টেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। ব্যূঢ়োরস্কা বিশালবক্ষসঃ, প্রাংশব উচ্চদেহাঃ,

(২) অশ্বত্থাম্না তু···পি বঙ্গ বর্দ্ধ।

সন্তস্তার ক্ষিতিং ক্ষিপ্রং বিনালৈর্নলিনৈরিব।
সুবৃত্তানায়তান্ পুষ্টাংশ্চন্দনাগুরুরূষিতান্ ॥৬॥
সায়ুধান্ সতলত্রাণান্ পঞ্চাস্যোরগসন্নিভান্।
বাহূন্ ক্ষুরৈরমিত্রাণাং চিচ্ছেদ সমরেঽর্জ্জুনঃ ॥৭॥ (বিশেষকম্)
ধুর্য্যান্ ধুর্য্যগতান্ সূতান্ ধ্বজাংশ্চাপানি সায়কান্।
পাণীনরত্নীনসকৃদ্ভল্লৈশ্চিচ্ছেদ পাণ্ডবঃ ॥৮॥
রথান্ দ্বিপান্ হয়াংশ্চৈব সারোহানর্জ্জুনো যুধি।
শরৈরনেকসাহস্রৈর্নিন্যে রাজন্! যমক্ষয়ম্ ॥৯॥
তং প্রবীরাঃ সুসংরব্ধা নর্দ্দমানা ইবর্ষভাঃ।
বাসিতার্থমিব ক্রুদ্ধা হুং কৃত্বা চাভিদুদ্রুবুঃ।
নিঘ্নন্তমভিজঘ্নুস্তে শরৈঃ শৃঙ্গৈরিবর্ষভাঃ ॥১০॥

ভারতকৌমুদী

শিরাংসীতি। পূর্ণচন্দ্রাভানি বক্ত্রাণি যেষাং তানি, শোভনা অক্ষিভ্রূদশনা যেষাং তানি। সন্তস্তার আচ্ছাদয়ামাস। বিনালৈর্নালরহিতৈঃ। সুবৃত্তান্ অতিগোলান্, আয়তান্ দীর্ঘান্, চন্দনাগুরুভিঃ রূষিতান্ রঞ্জিতান্। তলত্রাণৈরঙ্গুলীত্রৈঃ সহেতি তান্, পঞ্চাস্যাঃ পঞ্চমুখা যে উরগাঃ সর্পাস্তৎসন্নিভান্। পঞ্চাস্যেত্যনেন বাহূনাং পঞ্চাঙ্গুলীযুক্তত্বমাক্ষিপ্যতে ॥৫—৭॥

ধুর্য্যানিতি। ধুর্য্যান্ ভারবাহিনো গর্দ্দভাদীন্, ধুর্য্যগতান্ শকটস্থান্ রক্ষকজনান্, সূতান্ সারথীন্। অরত্নীন্ নিষ্কনিষ্ঠমুষ্টীন্ হস্তান্, "অরত্নিস্তু নিষ্কনিষ্ঠেন মুষ্টিনা" ইত্যমরঃ ॥৮॥

রথানিতি। সারোহান্ আরোহিসহিতান্। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥৯॥

পরে অর্জ্জুন সুধার ভল্লদ্বারা সংশপ্তকবীরগণের মস্তক সকল ছেদন করিয়া নালশূন্য পদ্মের তুল্য সেই সকল মস্তকদ্বারা সমরভূমি আবৃত করিতে লাগিলেন; সেই মস্তকগুলির মুখমণ্ডল পূর্ণচন্দ্রের তুল্য এবং নয়ন, ভ্রূ ও দন্ত সকল সুন্দর ছিল। আর অর্জ্জুন ক্ষুরপ্রদ্বারা যুদ্ধে শত্রুগণের বাহু সকল ছেদন করিতে থাকিলে সে বাহুগুলি সুগোল, দীর্ঘ, স্থূল, চন্দন ও অগুরুরঞ্জিত, অস্ত্রযুক্ত, অঙ্গুলিত্রসমন্বিত, এবং পঞ্চমুখ সর্পের তুল্য ছিল ॥৫—৭॥

অর্জ্জুন ভল্লদ্বারা ভারবাহী গর্দ্দভপ্রভৃতি, শকটস্থিত ভাররক্ষক লোক, সারথি, ধ্বজ, ধনু, বাণ, হস্ত ও কনুই সকল বার বার ছেদন করিতে লাগিলেন ॥৮॥

অর্জ্জুন বহুতর বাণদ্বারা যুদ্ধে আরোহীদের সহিত হস্তী, অশ্ব ও রথ সকল বিনাশ করিতে থাকিলেন ॥৯॥

---

(৮) ধুর্য্যান্ ধুর্য্যৈতরান্…পি। (১০)…নিঘ্নন্তং স্বশরৈস্তীক্ষ্ণৈঃ স্বৈঃ স্বৈঃ শৃঙ্গৈরিবর্ষভাঃ পি।

তস্য তেষাঞ্চ তদ্‌যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
ত্রৈলোক্যবিজয়ে যদ্বদ্দৈত্যানাং সহ বজ্রিণা ॥১১॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য দ্বিষতাং সর্বতোঽর্জ্জুনঃ।
ইষুভির্বহুভিস্তূর্ণং বিদ্ধ্বা প্রাণান্ জহার সঃ ॥১২॥
ছিন্নত্রিবেণুচক্রাক্ষান্ হতযোধাশ্বসারথীন্।
বিধ্বস্তায়ুধতূণীরান্ সমুন্মথিতকেতনান্ ॥১৩॥
সংছিন্নযোক্ত্ররশ্মীশান্ বিবরূথান্ বিকূবরান্।
বিস্রস্তবন্ধুরযুগান্ বিস্রস্তাক্ষপ্রমণ্ডলান্ ॥১৪॥

ভারতকৌমুদী

তমিতি। সুসংরব্ধা অতীবদৃপ্তাঃ। বাসিতা ঋতুমতী গৌস্তদর্থং তৎসঙ্গমার্থম্। অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ। নিঘ্নন্তম্ অপরমৃষভমিব। ঋষভা বৃষাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

তস্যেতি। তস্য অর্জ্জুনস্য, তেষাং সংশপ্তকানাম্। বজ্রিণা ইন্দ্রেণ ॥১১॥

অস্ত্রৈরিতি। দ্বিষতাং সংশপ্তকানাম্। ইষুভির্বাণৈঃ ॥১২॥

ছিন্নেতি। ত্রিবেণুপ্রভৃতয়ো রথাঙ্গবিশেষাঃ। ছিন্নাস্ত্রিবেণুচক্রাক্ষা যেষাং তান্, হতা

ভারতভাবদীপঃ

যথেতি ॥১—৭॥ সরত্নান্ রত্নাঙ্গুলীয়কাদিযুক্তান্। সরত্নীনিতি পাঠে রত্নিঃ কূর্পরাদাকনিষ্ঠান্তঃ করস্তৎসহিতান্ পাণীন্ ॥৮—৯॥ সুসংরব্ধা ইত্যত্র সুসম্মর্দ্দা ইতি পাঠে শোভনঃ স্বর্গদঃ সম্মর্দ্দো যেষাং তথাভূতাঃ, বাসিতা পুষ্পবতী গৌস্তদর্থম্ ॥১০—১২॥ ছিন্নেতি। ত্রিবেণুঃ উভয়তঃ কাষ্ঠদ্বয়সহিতো ধূর্দ্দণ্ডঃ, অক্ষশ্চক্রাধারদণ্ডঃ ॥১৩॥ যোক্ত্রাণি বন্ধনরজ্জবঃ,

তখন সংশপ্তকবীরেরা অত্যন্তদর্পিত ও ক্রুদ্ধ হইয়া ঋতুমতী ধেনুর সহিত সঙ্গমের জন্য বৃষগণের ন্যায় গর্জন করিতে থাকিয়া এবং হুঙ্কার করিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন। এই সময়ে অর্জ্জুন তাঁহাদিগকে আঘাত করিতে লাগিলে, বৃষগণ যেমন শৃঙ্গদ্বারা অপর বৃষগণকে প্রত্যাঘাত করে, সেইরূপ তাঁহারাও বাণদ্বারা অর্জ্জুনকে প্রত্যাঘাত করিতে লাগিলেন ॥১০॥

পূর্ব্বকালে ত্রিভুবন অধিকার করিবার জন্য ইন্দ্রের সহিত দৈত্যগণের যেরূপ লোমহর্ষণ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ অর্জ্জুন ও সংশপ্তকগণের লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥১১॥

ক্রমে অর্জ্জুন অস্ত্রদ্বারা সমস্ত অস্ত্র নিবারণপূর্ব্বক বহুতর বাণদ্বারা বিদ্ধ করিয়া শত্রুগণের প্রাণ হরণ করিতে লাগিলেন ॥১২॥

সংশপ্তকগণের রথগুলির ত্রিবেণু, চক্র ও অক্ষ সকল ছিন্ন হইতে লাগিল; যোদ্ধা, অশ্ব ও সারথিগণ নিহত হইতে থাকিল; অস্ত্র ও তূণগুলি বিধ্বস্ত হইতে

(১৪) সংছিন্নযোক্ত্ররশ্মীকান্···বঙ্গ বর্দ্ধ বা সো।

রথান্ বিশকলীকুর্ব্বন্ মহাভ্রাণীব মারুতঃ।
বিস্মাপয়ন্ প্রেক্ষণীয়ং দ্বিষতাং ভয়বর্দ্ধনঃ ॥১৫॥
মহারথসহস্রস্য সমং কর্ম্মাকরোজ্জয়ঃ।
সিদ্ধা দেবর্ষিসংঘাশ্চ চারণাশ্চাপি তুষ্টুবুঃ ॥১৬॥ (কলাপকম্)
দেবদুন্দুভয়ো নেদুঃ পুষ্পবর্ষাণি চাপতন্।
কেশবার্জ্জুনয়োর্মূর্দ্ধ্নি প্রাহ বাগশরীরিণী ॥১৭॥
চন্দ্রাগ্ন্যনিলসূর্য্যাণাং কান্তিদীপ্তিবলদ্যুতীঃ।
যৌ সদা বিভ্রতৌ বীরামিমৌ তৌ কেশবার্জ্জুনৌ ॥১৮॥

ভারতকৌমুদী

যোধা অশ্বাঃ সারথয়শ্চ যেষাং তান্। বিধ্বস্তা আয়ুধতূণীরা যেষাং তান্, সমুন্মথিতানি ছিন্নানি কেতনানি ধ্বজা যেষাং তান্। সংছিন্না যোক্ত্রাণি রজ্জুজালবিশেষাঃ রশ্ময়ঃ প্রগ্রহা ঈশা দণ্ডবিশেষাশ্চ যেষাং তান্, বিগতা বরূথা রথগুপ্তয়শ্চর্ম্মাবরণানি যেষাং তান্, বিকূবরান্ সংযোজকদারুবিশেষরহিতান্, বিস্রস্তানি স্খলিতানি বন্ধুরযুগানি তির্য্যগ্‌লম্বিতকাষ্ঠানি যেষাং তান্, বিস্রস্তানি অক্ষপ্রমণ্ডলানি সংযুক্তগোলদারূণি যেষাং তান্। বিশকলীকুর্ব্বন্ খণ্ডখণ্ডীকুর্ব্বন্, মহাভ্রাণি বিশালমেঘান্। প্রেক্ষণীয়ং প্রেক্ষকজনম্। কর্ত্তব্যনীয়ঃ। জয়োঽর্জ্জুনঃ। তুষ্টুবুঃ কৃষ্ণার্জ্জুনাবিতি শেষঃ ॥১৩—১৬॥

দেবেতি। অশরীরিণী অদৃশ্যশরীর-জন-প্রযুক্তা বাক্, পরশ্লোকদ্বয়ং প্রাহ ॥১৭॥

চন্দ্রেতি। পূর্ব্বার্দ্ধে যথাসংখ্যেন সম্বন্ধঃ। বিভ্রতৌ ধারয়ন্তৌ বর্ত্তেতে ॥১৮॥

ভারতভাবদীপঃ

রশ্ময়ঃ প্রগ্রহাঃ, বিবরূথান্ রথগুপ্তিরহিতান্, কূবরস্ত্রিবেণোরগ্রভাগঃ। বন্ধুরং রথতল্পঃ. যুগং ধুরগ্রকাষ্ঠম্, অক্ষপ্রমণ্ডলং রথনীড়াক্ষয়োঃ সন্ধানকাষ্ঠজাতম্ ॥১৪॥ বিশকলীকুর্ব্বন্

দেখা গেল ; ধ্বজ সকল ভগ্ন হইল ; যোক্ত্র (যোৎ), লাগাম ও দীর্ঘ দণ্ডগুলি ছিন্ন হইতে থাকিল ; চর্ম্মের আবরণ ও সংযোজককাষ্ঠ সকল বিনষ্ট হইতে লাগিল এবং তির্য্যক্‌কাষ্ঠ , লম্বিত কাষ্ঠ ও গোল কাষ্ঠগুলি স্খলিত হইতে থাকিল ; এই ভাবে বায়ু যেমন বিশাল মেঘগুলিকে খণ্ড খণ্ড করে, সেইরূপ শত্রুগণের ভয়বর্দ্ধক অর্জ্জুন রথগুলিকে খণ্ড খণ্ড করিয়া দর্শক লোকদিগকে বিস্ময়াপন্ন করিতে থাকিয়া একাকী সহস্র মহারথের ন্যায় কার্য্য করিয়া ফেলিলেন। তখন সিদ্ধগণ, দেবর্ষিগণ ও চারণগণ কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন ॥১৩—১৬॥

দেবদুন্দুভি সকল বাজিতে থাকিল ; কৃষ্ণ ও অর্জ্জুনের মস্তকে পুষ্পবৃষ্টি পড়িতে লাগিল এবং অদৃশ্য ব্যক্তির উক্তি এইরূপ বলিতে থাকিল ॥১৭॥

(১৫)...ভয়বর্দ্ধনম্—পি বা সো। (১৮)...যৌ সদা বিভ্রতুর্বীরৌ...পি বা সো।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

কর্ণপর্ব্ব

দ্বিতীয়খণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্কুরিবস্ব স্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৫ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১॥৹

ব্রহ্মেশানাবিবাজেয়ৌ বীরাবেকরথে স্থিতৌ।
সর্ব্বভূতবরৌ বীরৌ নরনারায়ণাবিমৌ ॥১৯॥
ইত্যেতন্মহদাশ্চর্য্যং দৃষ্ট্বা শ্রুত্বা চ ভারত !।
অশ্বত্থামা সুসংযত্তঃ কৃষ্ণাবভ্যদ্রবদ্রণে ॥২০॥
অথ পাণ্ডবমস্যন্তমমিত্রাস্তকরান্ শরান্।
সেষুণা পাণিনাহূয় প্রহসন্ দ্রৌণিরব্রবীৎ ॥২১॥
যদি মাং মন্যসে বীর ! প্রাপ্তমর্হমিবাতিথিম্।
ততঃ সর্বাত্মনাদ্য ত্বং যুদ্ধাতিথ্যং প্রয়চ্ছ মে ॥২২॥
এবমাচার্য্যপুত্রেণ সমাহূতো যুযুৎসয়া।
বহু মেনেঽর্জ্জুনোঽত্মানমিদঞ্চাহ জনার্দ্দনম্ ॥২৩॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। নরনারায়ণৌ তয়োরবতারভূতৌ, ইমৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১৯॥
ইতীতি। সুসংযত্তো জয়ে অতীবযত্নবান্, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥২০॥
অথেতি। অস্যন্তং ক্ষিপন্তম্, অমিত্রাস্তকরান্ শত্রুনাশজনকান্ ॥২১॥
যদীতি। প্রাপ্তমুপস্থিতম্, অর্হং যোগ্যম্। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন ॥২২॥
এবমিতি। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। অর্জ্জুনোঽত্মানমিতি সন্ধিরার্ষঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

বিশেষেণ শকলীকুর্ব্বন্ ॥১৫—১৭॥ চন্দ্রাদীনাং কান্ত্যাদীন্ যথাসংখ্যং বিভ্রতুঃ ॥১৮—২০॥ অমিত্রঘ্নাঃ করাঃ করাকারমগ্রফলকং যেষাং তান্ অমিত্রঘ্নকরান্ ॥২১॥ অর্হং পূজয়িতুং

'যাঁহারা সর্ব্বদা চন্দ্রের কান্তি, অগ্নির দীপ্তি, বায়ুর বল ও সূর্য্যের তেজ ধারণ করিয়া থাকেন, এই সেই বীর কৃষ্ণ ও অর্জ্জুন ॥১৮॥

ব্রহ্মা ও শিবের ন্যায় অজেয়, সর্ব্বভূতশ্রেষ্ঠ এবং নর ও নারায়ণের অবতার এই সেই বীর কৃষ্ণ ও অর্জ্জুন একরথে রহিয়াছেন' ॥১৯॥

এই সকল মহাশ্চর্য্য দেখিয়া এবং এই অদৃশ্য ব্যক্তির বাক্য শুনিয়া অশ্বত্থামা জয়ের জন্য বিশেষ যত্নবান্ হইয়া রণস্থলে কৃষ্ণ ও অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২০॥

তদনন্তর অর্জ্জুন শত্রুনাশজনক বাণ সকল ক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় অশ্বত্থামা বাণযুক্ত হস্তদ্বারা আহ্বান করিয়া হাস্য করতঃ তাঁহাকে বলিলেন—॥২১॥

'বীর ! তুমি যদি আমাকে যোগ্য অতিথির ন্যায় উপস্থিত বলিয়া মনে কর, তবে আজ তুমি আমাকে সর্ব্বপ্রযত্নে যুদ্ধাতিথ্য দান কর' ॥২২॥

(১৯) ব্রহ্মেশানাবিবাজয্যৌ...পি বা সো।

সংশপ্তকাশ্চ মে বধ্যা দ্রৌণিরাহ্বয়তে চ মাম্।
যদত্রানন্তরং প্রাপ্তং শংস মে তদ্ধি মাধব ! ॥২৪॥
আতিথ্যকর্ম্মাভ্যুত্থায় দীয়তাং যদি মন্যসে।
এবমুক্তোঽবহৎ পার্থং কৃষ্ণো দ্রোণাত্মজান্তিকম্ ॥২৫॥
জৈত্রেণ বিধিনাহূতং বায়ুরিন্দ্রমিবাধ্বরে।
তমামন্ত্র্যৈকমনসং কেশবো দ্রৌণিমব্রবীৎ ॥২৬॥
অশ্বত্থামন্ ! স্থিরো ভূত্বা প্রহরাশু সহস্ব চ।
নির্ব্বেষ্টুং ভর্তৃপিণ্ডং হি কালোঽয়মুপজীবিনাম্ ॥২৭॥
সূক্ষ্মো বিবাদো বিপ্রাণাং স্থূলৌ ক্ষাত্রৌ জয়াজয়ৌ।
যামভ্যর্থয়সে মোহাদ্দিব্যাং পার্থস্য সৎক্রিয়াম্।
তামাপ্তুমিচ্ছন্ যুধ্যস্ব স্থিরো ভূত্বাদ্য পাণ্ডবম্ ॥২৮॥

ভারতকৌমুদী

সংশপ্তকা ইতি। প্রাপ্তং কর্ত্তুমুচিতম্, শংস ব্রূহি ॥২৪॥
আতিথ্যেতি। আতিথ্যকর্ম্ম যুদ্ধরূপম্, অভ্যুত্থায় উদ্যুজ্য ॥২৫॥
জৈত্রেণেতি। জৈত্রেণ জয়রীতিসিদ্ধেন। একমনসং যুদ্ধে একাগ্রচিত্তন্ ॥২৬॥
অশ্বেতি। সহস্ব অর্জ্জুনপ্রহারমিতি শেষঃ। নির্ব্বেষ্টুং পরতোঽপি ভোক্তুম্ ॥২৭॥
সূক্ষ্ম ইতি। সূক্ষ্মঃ সূক্ষ্মবুদ্ধিমাত্রনিষ্পাদ্যঃ। স্থূলৌ স্থূলাস্ত্রসাধ্যৌ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৮॥

যুদ্ধ করিবার ইচ্ছায় অশ্বত্থামা এইরূপ আহ্বান করিলে, অর্জ্জুন আপনাকে গৌরবান্বিত মনে করিলেন এবং কৃষ্ণকে এই কথা বলিলেন—॥২৩॥

'কৃষ্ণ ! এদিকে সংশপ্তকগণকে আমার বধ করিতে হইবে, আবার ওদিকে অশ্বত্থামা আমাকে আহ্বান করিতেছেন। অতএব এখন আমার যাহা কর্ত্তব্য, তাহা বল ॥২৪॥

যদি ভাল মনে কর, তবে উদ্যোগ করিয়া অশ্বত্থামাকে যুদ্ধরূপ আতিথ্যকর্ম্ম দান কর'। অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ তাঁহাকে অশ্বত্থামার নিকটে লইয়া গেলেন ॥২৫॥

বায়ু যেমন যজ্ঞে বিজয়বিধানে আহূত ইন্দ্রকে বলিতেন, সেইরূপ কৃষ্ণ জয়ে একাগ্রচিত্ত অশ্বত্থামাকে আহ্বান করিয়া বলিলেন—॥২৬॥

'অশ্বত্থামা ! আপনি স্থির হইয়া সত্বর প্রহার করুন এবং প্রতিপ্রহার সহ্য করুন। কারণ, উপজীবিগণের পক্ষে ভর্তৃপিণ্ড ভোগ করিবার এই সময় ॥২৭॥

(২৬)···বায়ুরগ্নিমিবাধ্বরে···পি।

ইত্যুক্তো বাসুদেবেন তথেত্যুক্ত্বা দ্বিজোত্তমঃ।
বিব্যাধ কেশবং ষষ্ট্যা নারাচৈরর্জ্জুনং ত্রিভিঃ ॥২৯॥
তস্যার্জুনঃ সুসংক্রুদ্ধস্ত্রিভির্বাণৈঃ শরাসনম্।
চিচ্ছেদ চান্যদাদত্ত দ্রৌণির্ঘোরতরং ধনুঃ ॥৩০॥
সজ্যং কৃত্বা নিমেষাচ্চ বিব্যাধার্জুনকেশবৌ।
ত্রিভিঃ শতৈর্বাসুদেবং সহস্রেণ চ পাণ্ডবম্ ॥৩১॥
ততঃ শরসহস্রাণি প্রযুতান্যর্বুদানি চ।
সসৃজে দ্রৌণিরায়স্তঃ সংস্তভ্য চ রণেঽর্জ্জুনম্ ॥৩২॥
ইষুধের্ধনুষো জ্যায়া অঙ্গুলিভ্যশ্চ মারিষ!।
বাহ্বোঃ করাভ্যামুরসো বদনঘ্রাণনেত্রতঃ ॥৩৩॥
কর্ণাভ্যাং শিরসোঽঙ্গেভ্যো লোমবর্ম্মভ্য এব চ।
রথধ্বজেভ্যশ্চ শরা নিষ্পেতুর্ব্রহ্মবাদিনঃ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। তথা ভবত্বিতি শেষঃ। দ্বিজোত্তমঃ অশ্বত্থামা ॥২৯॥
তস্যেতি। শরাসনং ধনুঃ। আদত্ত অগৃহ্লাৎ, দ্রৌণিরশ্বত্থামা ॥৩০॥
সজ্যমিতি। সজ্যং সগুণম্। শতৈঃ সহস্রেণ চ শরাণামিতি শেষঃ ॥৩১॥
তত ইতি। সংখ্যানির্দ্দেশো বহুত্বমাত্রপরঃ। আয়স্তো যত্নবান্, সংস্তভ্য সংস্থাপ্য ॥৩২॥
শীঘ্রনির্গমাদ্দ্বাভ্যামুৎপ্রেক্ষতে ইষুধেরিতি। জ্যায়া গুণাৎ। ব্রহ্মবাদিনোঽশ্বত্থাম্নঃ ॥৩৩-৩৪॥

ব্রাহ্মণদের শাস্ত্রীয় বিচার কেবল সূক্ষ্ম বুদ্ধিদ্বারা নিষ্পন্ন হয়, আর ক্ষত্রিয়দিগের জয় ও পরাজয় স্থূল অস্ত্রদ্বারা সাধিত হইয়া থাকে। সে যাহা হউক, আপনি মোহবশতঃ অর্জ্জুনের নিকট যে উত্তম সৎকারের প্রার্থনা করিয়াছেন, তাহা লাভ করিবার ইচ্ছায় আজ স্থির হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করুন' ॥২৮॥

কৃষ্ণ এইরূপ বলিলে, অশ্বত্থামা 'তাহাই হউক' এই কথা বলিয়া ষাটটা নারাচদ্বারা কৃষ্ণকে এবং তিনটাদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তখন অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া তিনটা বাণদ্বারা অশ্বত্থামার ধনু ছেদন করিলেন; পরে অশ্বত্থামা অন্য একখানা ভয়ঙ্কর ধনু লইলেন ॥৩০॥

তিনি নিমেষমধ্যে সেই ধনুতে গুণারোপণ করিয়া তিন শত বাণে কৃষ্ণকে, আর সহস্র বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৩১॥

তদনন্তর অশ্বত্থামা যত্নবান্ হইয়া যুদ্ধে অর্জ্জুনকে যথাস্থানে রাখিয়া বহু সহস্র, বহু অযুত ও বহু অর্বুদ বাণ ক্ষেপ করিলেন ॥৩২॥

(৩২)···সসৃজে দ্রৌণিরায়াস্তম্···সো।

শরজালেন মহতা বিদ্ধা মাধবপাণ্ডবৌ।
ননাদ মুদিতো দ্রৌণির্মহামেঘৌঘনিস্বনম্ ॥৩৫॥
তস্য তং নিনদং শ্রুত্বা পাণ্ডবোঽচ্যুতমব্রবীৎ।
পশ্য মাধব! দৌরাত্ম্যং গুরুপুত্রস্য মাং প্রতি ॥৩৬॥
বধং প্রাপ্তৌ মন্যতে নৌ প্রবেশ্য শরবেশ্মনি।
এষোঽস্মি হন্মি সঙ্কল্পং শিক্ষয়া চ বলেন চ ॥৩৭॥
অশ্বত্থাম্নঃ শরানস্তাংশ্ছিত্ত্বৈককং ত্রিভিস্ত্রিভিঃ।
ব্যধমদ্ভরতশ্রেষ্ঠ! নীহারমিব ভাস্করঃ ॥৩৮॥
ততঃ সংশপ্তকান্ ভূয়ঃ সাশ্বসূতরথদ্বিপান্।
ধ্বজপত্তিগণানুগ্রৈর্বাণৈর্বিব্যাধ পাণ্ডবঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

শরেতি। মহামেঘৌঘস্য নিস্বন ইব নিস্বনো গম্ভীরশব্দো যস্মিন্ কর্ম্মণি তৎ ॥৩৫॥
তস্যেতি। অচ্যুতং কৃষ্ণম্। দৌরাত্ম্যং দম্ভপ্রকাশম্ ॥৩৬॥
বধমিতি। নৌ আবাম্। সঙ্কল্পম্ অশ্বত্থাম্নোঽভিলাসম্ ॥৩৭॥
অশ্বেতি। অস্তান্ ক্ষিপ্তান্। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩৮॥
তত ইতি। সূতঃ সারথিঃ, দ্বিপো হস্তী। পত্তিঃ পদাতিঃ ॥৩৯॥

মাননীয় রাজা! তৎকালে অশ্বত্থামার তূণ, ধনু, গুণ, অঙ্গুলি, বাহু, হস্ত, বক্ষ, মুখ, নাসিকা, চক্ষু, কর্ণ, মস্তক, অঙ্গ, লোম, বর্ম্ম, রথ ও ধ্বজ হইতেই যেন বাণ সকল নির্গত হইতে লাগিল ॥৩৩—৩৪॥

অশ্বত্থামা সেইরূপ বিশাল শরজালে কৃষ্ণ ও অর্জ্জুনকে বিদ্ধ করিয়া আনন্দিত হইয়া মহামেঘসমূহের ন্যায় গম্ভীর সিংহনাদ করিলেন ॥৩৫॥

তাঁহার সেই সিংহনাদ শুনিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! দেখ—আমার প্রতি গুরুপুত্রের কিরূপ দৌরাত্ম্য ॥৩৬॥

উনি আমাদিগকে শরময় গৃহে প্রবেশ করাইয়া নিহত বলিয়া মনে করিতেছেন। এই আমি শিক্ষা ও শক্তির প্রভাবে উঁহার সঙ্কল্প নষ্ট করিতেছি' ॥৩৭॥

ভরতশ্রেষ্ঠ! পরে অর্জ্জুন তিন তিনটা বাণে অশ্বত্থামার এক একটা বাণ ছেদন করিয়া—সূর্য্য যেমন নীহার নষ্ট করেন, সেইরূপ অশ্বত্থামার ক্ষিপ্ত সমস্ত বাণ নষ্ট করিলেন ॥৩৮॥

তাহার পর অর্জ্জুন পুনরায় ভীষণ বাণসমূহদ্বারা অশ্ব, সারথি, রথ ও হস্তীর

(৩৫)···মহামেঘৌঘনিস্বনঃ—বা সো নি। (৩৯)···ধ্বজপত্তিরথান্···বর্দ্ধ।

যে যে দদৃশিরে তত্র যদ্‌যদ্রূপা জনাস্তদা।
তে তে তত্র শরৈর্ব্যাপ্তং মেনিরেত্মানমাত্মনা ॥৪০॥
তে গাণ্ডীবপ্রমুক্তাস্তু নানারূপাঃ পতত্রিণঃ।
ক্রোশে সাগ্রে স্থিতান্ ঘ্নন্তি দ্বিপাশ্বপুরুষান্ রণে ॥৪১॥
ভল্লৈশ্ছিন্নাঃ করাঃ পেতুঃ করিণাং মদবর্ষিণাম্।
যথা বনে পরশুভির্নিকৃত্তাঃ সুমহাদ্রুমাঃ ॥৪২॥
পশ্চাত্তু শৈলবৎ পেতুস্তে গজাঃ সহ সাদিভিঃ।
বজ্রিবজ্রপ্রমথিতা যথৈবাদ্রিচয়াস্তথা ॥৪৩॥
গন্ধর্ব্বনগরাকারান্ রথাংশ্চাপি সুকল্পিতান্।
বিনীতৈর্জবনৈর্যুক্তান্ আস্থিতান্ যুদ্ধদুর্ম্মদৈঃ ॥৪৪॥
শরৈর্বিশকলীকুর্ব্বন্নমিত্রানভ্যবীবৃষৎ।
স্বলঙ্কৃতানশ্বসাদীন্ পত্তীংশ্চাহন্ ধনঞ্জয়ঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। দদৃশিরে তত্রত্যৈর্লোকৈঃ। মেনিরেত্মানমিতি সন্ধিরার্ষঃ ॥৪০॥
ত ইতি। পতত্রিণো বাণাঃ। সাগ্রে সাধিকে ॥৪১॥
ভল্লৈরিতি। করাঃ শুণ্ডাঃ। পরশুভিঃ কুঠারৈঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥৪২॥
পশ্চাদিতি। সাদিভিরারোহিভিঃ। বজ্রিণ ইন্দ্রস্য বজ্রেণ প্রমথিতা ভগ্নাঃ ॥৪৩॥
গন্ধর্বেতি। সুকল্পিতান্ সুসজ্জিতান্। বিনীতৈঃ শিক্ষিতৈঃ, জবনৈর্বেগবদ্ভিরশ্বৈঃ। বিশকলীকুর্বন্ খণ্ডখণ্ডীকুর্বন্, অমিত্রান্ শত্রূন্। সাদীতীদন্তত্বমার্ষম্ ॥৪৪—৪৫॥

সহিত সংশপ্তকগণকে এবং তাহাদের ধ্বজ, পদাতি ও রথগুলিকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৯॥

তখন তত্রত্য লোকেরা যে যে লোককে যে যে রূপে দেখিতেছিল, তাহারা তাহারা আপনাদিগকে অর্জ্জুনের বাণে ব্যাপ্ত বলিয়া মনে করিতে লাগিল ॥৪০॥

গাণ্ডীবনিক্ষিপ্ত সেই নানারূপ বাণগুলি যাইয়া সমধিক এক ক্রোশ দূরে স্থিত হস্তী, অশ্ব এবং মনুষ্যদিগকেও বধ করিতে থাকিল ॥৪১॥

বনমধ্যে বিশাল বৃক্ষ সকল কুঠারচ্ছিন্ন হইয়া যেমন পতিত হয়, সেইরূপ মদবর্ষী হস্তিগণের শুণ্ডগুলি অর্জ্জুনের ভল্লে ছিন্ন হইয়া পতিত হইতে লাগিল ॥৪২॥

পরে ইন্দ্রের বজ্রাঘাতে ভগ্ন পর্ব্বতসমূহ যেমন পতিত হয়, তেমন সেই পর্ব্বত-প্রমাণ হস্তিগণ আরোহিগণের সহিত পতিত হইতে থাকিল ॥৪৩॥

ক্রমে অর্জ্জুন বাণসমূহদ্বারা শিক্ষিত ও মহাবেগ-ঘোটক-যুক্ত, যুদ্ধদুর্দ্ধর্ষবীরগণারূঢ় ও সুসজ্জিত গন্ধর্ব্বনগরতুল্য রথগুলিকে খণ্ডখণ্ড করিতে থাকিয়া শত্রুগণের

ধনঞ্জয়যুগান্তার্কঃ সংশপ্তকমহার্ণবম্ ।
ব্যশোষয়ত দুঃশোষং তীক্ষ্ণৈঃ শরগভস্তিভিঃ ॥৪৬॥
পুনর্দ্রৌণিং মহাশৈলং নারাচৈঃ সূর্য্যসন্নিভৈঃ ।
নির্বিভেদ মহাবেগৈস্ত্বরন্ বজ্রীব পর্ব্বতম্ ॥৪৭॥
তমাচার্য্যসুতঃ ক্রুদ্ধঃ সাশ্বযন্তারমাশুগৈঃ ।
যুযুৎসুরাগমদ্বেদ্ধুং পার্থস্তানচ্ছিনচ্ছরান্ ॥৪৮॥
ততঃ পরমসংক্রুদ্ধঃ পাণ্ডবেহস্ত্রাণ্যবাসৃজৎ ।
অশ্বত্থামাভিরূপায় গৃহানতিথয়ে যথা ॥৪৯॥

ভারতকৌমুদী

ধনেতি। ধনঞ্জয় এব যুগান্তার্কঃ প্রলয়সূর্য্যঃ, তীক্ষ্ণৈঃ, শরা এব গভস্তয়ঃ কিরণাস্তৈঃ, দুঃখেন শোষ্যত ইতি দুঃশোষস্তম্, সংশপ্তক এব মহার্ণবস্তম্, ব্যশোষয়ত ॥৪৬॥

অর্জ্জুনস্য লঘুহস্ততাং দর্শয়তি পুনরিতি। মহাশৈলমিব স্থিতমিতি শেষঃ ॥৪৭॥

তমিতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা কৃষ্ণেন চ সহেতি তম্। বেদ্ধুং তাড়য়িতুম্ ॥৪৮॥

তত ইতি। অভিরূপায় বুধায়, "অভিরূপো বুধমনোজ্ঞয়োঃ" ইত্যমরঃ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

যোগ্যম্ ॥২২—২৩॥ অনন্তরং প্রথমম্ ॥২৪—৩১॥ আয়ত্তো যত্নবান্ ॥৩২—৩৩॥ ইষুধি-প্রভৃতিভ্যঃ শরাঃ পেতুর্লোমভ্যোহপি বর্ম্মভ্যোহপি চ পেতুস্তত্র হেতুর্ব্রহ্মবাদিনঃ যোগবলবত ইত্যর্থঃ ॥৩৪—৪৬॥ মহৎ শৈলং শিলাসমূহো যস্মিন্ তং মহাশৈলং পর্ব্বতমিব ॥৪৭—৪৮॥ পাণ্ডবেহস্ত্রাণীত্যত্র কাণ্ডকোশান্ ন্যবেদয়দিতি পাঠে বাণানাং কোশভূতান্নিষঙ্গান্

উপরেও বাণবর্ষণ করিতে লাগিলেন এবং অলঙ্কৃত অশ্বারোহিগণ ও পদাতিগণকেও বধ করিতে থাকিলেন ॥৪৪—৪৫॥

ক্রমশঃ অর্জ্জুনরূপ প্রলয়সূর্য্য তীক্ষ্ণবাণরূপ কিরণদ্বারা দুঃশোষণীয় সংশপ্তকরূপ মহাসমুদ্রকে শুষ্ক করিয়া তুলিলেন ॥৪৬॥

অর্জ্জুন ত্বরান্বিত হইয়া ইন্দ্র যেমন পর্ব্বত বিদারণ করিতেন, সেইরূপ সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও মহাবেগশালী নারাচসমূহদ্বারা পর্ব্বতের ন্যায় অবস্থিত অশ্বত্থামাকে পুনরায় বিদারণ করিতে লাগিলেন ॥৪৭॥

তখন যুদ্ধার্থী অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত অর্জ্জুনকে বিদ্ধ করিবার জন্য আসিতে লাগিলেন ; তৎকালে অর্জ্জুনও তাঁহার বাণগুলি ছেদন করিতে থাকিলেন ॥৪৮॥

---

(৪৭)···নারাচৈর্বজ্রসন্নিভৈঃ···পি বা সো। (৪৯)···ক্রুদ্ধঃ কাণ্ডকোষানবাসৃজৎ···পি বর্দ্ধ।

অথ সংশপ্তকাংস্ত্যক্ত্বা পাণ্ডবো দ্রৌণিমভ্যয়াৎ।
অপাঙ্‌ক্তেয়ানিব ত্যক্ত্বা দাতা পাঙ্‌ক্তেয়মর্থিনম্ ॥৫০॥
ততঃ সমভবদ্‌যুদ্ধং শুক্রাঙ্গিরসবর্চ্চসোঃ।
নক্ষত্রমভিতো ব্যোম্নি শুক্রাঙ্গিরসয়োরিব ॥৫১॥
সন্তাপয়ন্তাবন্যোন্যং দীপ্তৈঃ শরগভস্তিভিঃ।
লোকত্রাসকরাবাস্তাং বিমার্গস্থৌ গ্রহাবিব ॥৫২॥
ততোঽবিধ্যদ্‌ভ্রুবোর্মধ্যে নারাচেনার্জ্জুনো ভৃশম্।
স তেন বিবভৌ দ্রৌণিরূর্দ্ধরশ্মির্যথা রবিঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

অথেতি। অপাঙ্‌ক্তেয়ান্ অপঙ্‌ক্তিপাবনান্ ব্রাহ্মণান্। পাঙ্‌ক্তেয়ং পঙ্‌ক্তিপাবনং ব্রাহ্মণম্। পঙ্‌ক্তিপাবনমাহ মনুঃ—"অগ্র্যাঃ সর্বেষু বেদেষু সর্ব্বপ্রবচনেষু চ। শ্রোত্রিয়ান্বয়জাশ্চৈব বিজ্ঞেয়াঃ পঙ্‌ক্তিপাবনাঃ ॥" এতেন দ্রৌণ্যপেক্ষয়া সংশপ্তকানাং নিকর্ষঃ সূচিতঃ ॥৫০॥

তত ইতি। আঙ্গিরসো বৃহস্পতিঃ। অভিতঃ সমীপে। এতেন কৃষ্ণসামীপ্যং দ্যোতিতম্ ॥৫১॥

সন্নিতি। শরা গভস্তয়ঃ কিরণা ইব তৈঃ। আস্তামর্জ্জুনাশ্বত্থামানৌ ॥৫২॥

তত ইতি। অবিধ্যৎ দ্রৌণিমিতি শেষঃ। তেন ভ্রূমধ্যপ্রবিষ্টেন নারাচেন ॥৫৩॥

তাহার পর অশ্বত্থামা অত্যন্তক্রুদ্ধ হইয়া—গৃহস্থ যেমন বিদ্বান্ অতিথিকে ঘর ছাড়িয়া দেয়, সেইরূপ অর্জ্জুনের উপরে অস্ত্র ছাড়িতে লাগিলেন ॥৪৯॥

তদনন্তর দাতা যেমন অপঙ্‌ক্তিপাবন ব্রাহ্মণগণকে ত্যাগ করিয়া প্রার্থী পঙ্‌ক্তিপাবন ব্রাহ্মণের দিকে গমন করেন, সেইরূপ অর্জ্জুন সংশপ্তকগণকে ত্যাগ করিয়া অশ্বত্থামার দিকে গমন করিলেন ॥৫০॥

তৎপরে আকাশে নক্ষত্রের নিকটে শুক্র ও বৃহস্পতির ন্যায় শুক্র ও বৃহস্পতির তুল্য তেজস্বী অর্জ্জুন ও অশ্বত্থামার যুদ্ধ হইতে লাগিল ॥৫১॥

ক্রমে বিপথবর্ত্তী দুইটা গ্রহের ন্যায় অর্জ্জুন ও অশ্বত্থামা কিরণতুল্য উজ্জ্বল বাণদ্বারা পরস্পর সন্তপ্ত করিতে থাকিয়া তত্রত্য লোকের ভয় উৎপাদন করিতে থাকিলেন ॥৫২॥

পরে অর্জ্জুন একটা নারাচদ্বারা গুরুতরভাবে অশ্বত্থামার ভ্রূমধ্য বিদ্ধ করিলেন; তখন অশ্বত্থামা সেই নারাচদ্বারা ঊর্দ্ধরশ্মি সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫৩॥

(৫০) ইতঃ পরম্ '…ষোড়শোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' পি বঙ্গ বর্দ্ধ সো, '…সপ্তদশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বা। (৫৪)…স্বরশ্মিজালবিকটৌ…পি।

অথ কৃষ্ণৌ শরশতৈরশ্বত্থাম্নার্দ্দিতৌ ভৃশম্।
স্বরশ্মিজালবিকচৌ যুগান্তার্কাবিবাসতুঃ ॥৫৪॥
ততোঽর্জ্জুনঃ সর্ব্বতোধারমস্ত্রমবাসৃজদ্বাসুদেবেঽভিভূতে।
দ্রৌণায়নিঞ্চাভ্যহনৎ পৃষৎকৈর্ব্বজ্রাগ্নিবৈবস্বতদণ্ডকল্পৈঃ ॥৫৫॥
স কেশবঞ্চার্জ্জুনঞ্চাতিতেজা বিব্যাধ মর্ম্মস্বতিরৌদ্রকর্ম্মা।
বাণৈঃ সুমুক্তৈরতিতীব্রবেগৈর্যৈরাহতো মৃত্যুরপি ব্যথেত ॥৫৬॥
দ্রৌণেরিষূনর্জ্জুনঃ সংনিবার্য্য ব্যায়চ্ছতস্তদ্দ্বিগুণৈঃ সুপুঙ্খৈঃ।
তং সাশ্বসূতধ্বজমেকবীরমাবৃত্য সংশপ্তকসৈন্যমার্চ্ছৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

অথেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। স্বরশ্মিজালেন বিকচৌ প্রকাশিতৌ ॥৫৪॥

তত ইতি। সর্বত উভয়পার্শ্বয়োর্ধারা যস্ত তৎ। অভিভূতে অশ্বত্থাম্না তাড়িতে। দ্রৌণায়নিমশ্বত্থামানম্, পৃষৎকৈর্বাণৈঃ। বৈবস্বতো যমঃ ॥৫৫॥

স ইতি। সুমুক্তৈর্বিশেষসন্ধানপূর্ব্বকক্ষিপ্তৈঃ। মৃত্যুর্মৃত্যুদেবতা যমোঽপি ॥৫৬॥

দ্রৌণেরিতি। ইষূন্ বাণান্, ব্যায়চ্ছতো যুদ্ধব্যায়ামং কুর্ব্বতঃ। আর্চ্ছদপীড়য়ৎ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

স্তবেদয়ৎ ॥৪৯—৫০॥ নক্ষত্রমভিতঃ নক্ষত্রং লক্ষ্যীকৃত্য ॥৫১॥ বিমার্গস্থৌ বক্রাতিচারগৌ ॥৫২—৫৩॥ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ আসতুঃ দীপয়াঞ্চক্রতুঃ ॥৫৪॥ সর্ব্বতোধারং সর্ব্বতোঽস্ত্রধারাবর্ষকং বজ্রকল্পৈঃ অমোঘৈঃ, অগ্নিকল্পৈঃ দাহকৈঃ, বৈবস্বতদণ্ডকল্পৈঃ প্রাণহরৈঃ ॥৫৫—৫৬॥

তাহার পর অশ্বত্থামা বহুতর বাণদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে অত্যন্ত বিদ্ধ করিলে, তাঁহারা স্বকীয় রশ্মিজালে প্রকাশিত প্রলয়কালের দুইটা সূর্য্যের ন্যায় রহিলেন ॥৫৪॥

তদনন্তর কৃষ্ণ তাড়িত হইলে, অর্জ্জুন দুই দিকে ধারাযুক্ত একটা অস্ত্র নিক্ষেপ করিলেন এবং বজ্র, অগ্নি ও যমদণ্ডতুল্য বাণদ্বারা অশ্বত্থামাকে আঘাত করিলেন ॥৫৫॥

অতিতেজা ও অত্যন্তভীষণকর্ম্মা অশ্বত্থামা—যে বাণগুলিদ্বারা আহত হইয়া স্বয়ং যমও ব্যথিত হন, অতিতীব্রবেগশালী সেই সকল বাণ সম্যক্ নিক্ষেপ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনের সমস্ত মর্ম্মস্থান বিদ্ধ করিলেন ॥৫৬॥

অশ্বত্থামা এইভাবে যুদ্ধব্যায়াম করিতে লাগিলে, অর্জ্জুন তাঁহার বাণ সকল নিবারণ করিয়া তাহার দ্বিগুণ সুন্দরপুঙ্খ বাণদ্বারা অশ্ব, সারথি ও ধ্বজের সহিত অদ্বিতীয় বীর সেই অশ্বত্থামাকে আবৃত করিয়া সংশপ্তকসৈন্যগণকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৭॥

(৫৬)···যৈরাহবে মৃত্যুরপি ব্যথেত—পি।

ধনূংষি বাণানিষুধীর্ধনুর্জ্যাঃ পাণীন্ ভুজান্ পাণিগতঞ্চ শস্ত্রম্।
ছত্রাণি কেতূংস্তুরগানথেশাং বস্ত্রাণি মাল্যানি চ ভূষণানি ॥৫৮॥
বর্ম্মাণি চর্ম্মাণি মনোরমাণি প্রিয়াণি সর্ব্বাণি শিরাংসি চৈব।
চিচ্ছেদ পার্থো দ্বিষতাং সুমুক্তৈর্ব্বাণৈঃ স্থিতানামপরাঙ্মুখানাম্ ॥৫৯॥
(যুগ্মকম্)

সুকল্পিতাঃ স্যন্দনবাজিনাগাঃ সমাস্থিতা যত্নকৃতৈর্নৃবীরৈঃ।
পার্থেরিতৈর্ব্বাণশতৈর্নিরস্তাস্তৈরেব সার্দ্ধং নৃবরা নিপেতুঃ ॥৬০॥
পদ্মার্কপূর্ণেন্দুনিভাননানি কিরীটমাল্যাভরণোজ্জ্বলানি।
ভল্লার্দ্ধচন্দ্রক্ষুরহিংসিতানি প্রপেতুরুর্ব্যাং নৃশিরাংস্যজস্রম্ ॥৬১॥
অথ দ্বিপৈর্দৈত্যরিপুদ্বিপাভৈর্দেবারিদর্পাপহমত্যুদগ্রম্।
কলিঙ্গবঙ্গাঙ্গনিষাদবীরা জিঘাংসবঃ পাণ্ডবমভ্যধাবন্ ॥৬২॥

ভারতকৌমুদী

ধনূংষীতি। ইষুধীস্তূণান্, ধনুষাং জ্যা গুণান্। কেতূন্ ধ্বজান্, ঈশাং দীর্ঘদণ্ডম্। সুমুক্তৈঃ সম্যক্ ক্ষিপ্তৈঃ, অপরাঙ্মুখানাং সংশপ্তকানাম্ ॥৫৮—৫৯॥

স্বিতি। সুকল্পিতাঃ সুসজ্জিতাঃ, স্যন্দনবাজিনাগা রথঘোটকগজাঃ, সমাস্থিতাঃ সমারূঢ়াঃ, যত্নকৃতৈঃ কৃতযত্নৈঃ, অগ্ন্যাহিতাদিবৎ পরনিপাতঃ। নিরস্তাস্তাড়িতাঃ ॥৬০॥

পদ্মেতি। ভল্লৈরর্দ্ধচন্দ্রৈঃ ক্ষুরৈশ্চাস্ত্রৈঃ হিংসিতানি অর্জ্জুনেন ছিন্নানি ॥৬১॥

অথেতি। অথ কলিঙ্গবঙ্গাঙ্গনিষাদবীরাঃ, দৈত্যরিপুরিন্দ্রস্তস্য দ্বিপাভৈরৈরাবততুল্যৈঃ,

এবং অর্জ্জুন সমীচীনভাবে নিক্ষিপ্ত বাণসমূহদ্বারা সম্মুখস্থ শত্রুগণের ধনু, বাণ, তূণ, ধনুর গুণ, হস্ত, বাহু, হস্তস্থিত অস্ত্র, ছত্র, ধ্বজ, অশ্ব, রথের দীর্ঘ দণ্ড, বস্ত্র, মাল্য, অলঙ্কার, বর্ম্ম, চর্ম্ম এবং মনোহর ও প্রিয়দর্শন মস্তক সকল ছেদন করিতে থাকিলেন ॥৫৮—৫৯॥

ক্রমে অর্জ্জুননিক্ষিপ্ত শত শত বাণে যত্নশীল-বীরগণাধিষ্ঠিত সুসজ্জিত হস্তী, অশ্ব ও রথ সকল তাড়িত হইতে লাগিল এবং সেইগুলির সহিতই নরশ্রেষ্ঠেরা পতিত হইতে থাকিলেন ॥৬০॥

অর্জ্জুন ভল্ল, অর্দ্ধচন্দ্র ও ক্ষুরপ্রবাণদ্বারা ছেদন করিতে লাগিলে, পদ্ম, সূর্য্য ও পূর্ণচন্দ্রতুল্য এবং মুকুট, মালা ও অন্যান্য অলঙ্কারে অলঙ্কৃত মানুষগণের মস্তক সকল অনবরত ভূতলে পড়িতে লাগিল ॥৬১॥

(৫৮)···তুরগাংস্তথেশাম্···পি,···তুরগান্ রথেষাম্···মাল্যান্যথ ভূষণানি—বা সো।
(৬১)···কিরীটমালামুকুটোৎকটানি···পি বর্দ্ধ।

তেষাং দ্বিপানাং নিচকর্ত্ত পার্থো বর্ম্মাণি মর্ম্মাণি করান্ নিয়ন্তৄন্।
ধ্বজান্ পতাকাশ্চ ততঃ প্রপেতুর্বজ্রাহতানীব গিরেঃ শিরাংসি ॥৬৩॥
তেষু প্ররুগ্ণেষু গুরোস্তনূজং বাণৈঃ কিরীটী নবসূর্য্যবর্ণৈঃ।
প্রচ্ছাদয়ামাস মহাভ্রজালৈর্বায়ুঃ সমুদ্যন্তমিবাংশুমন্তম্ ॥৬৪॥
ততোঽর্জ্জুনেষূনিষুভির্নিরস্য দ্রৌণিঃ শরৈরর্জ্জুনবাসুদেবৌ।
প্রচ্ছাদয়িত্বা দিবি চন্দ্রসূর্য্যৌ ননাদ সোঽম্ভোদ ইবাতপান্তে ॥৬৫॥

ভারতকৌমুদী

দ্বিপৈর্গজৈঃ, জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ সন্তঃ, দেবারীণাং নিবাতকবচাদীনাং দর্পাপহম্, অত্যুদগ্রং যুদ্ধে অতীবোন্নতং নিপুণঞ্চ, পাণ্ডবমর্জ্জুনম্, অভ্যধাবন্ ॥৬২॥

তেষামিতি। নিচকর্ত্ত চিচ্ছেদ। করান্ শুণ্ডাঃ, নিয়ন্তৄন্ চালকাংশ্চ ॥৬৩॥

তেম্বিতি। প্ররুগ্ণেষু ভগ্নেষু পরাজিতেম্বিত্যর্থঃ, গুরোস্তনূজমশ্বত্থামানম্। মহাভ্রজালৈর্মহামেঘসমূহৈঃ, সমুদ্যন্তং সমুদয়মানম্, অংশুমন্তং সূর্য্যম্ ॥৬৪॥

তত ইতি। নিরস্য অপসার্য্য। আতপান্তে গ্রীষ্মাবসানে বর্ষাসু, দিবি গগনে, চন্দ্রসূর্য্যৌ প্রচ্ছাদয়িত্বা অম্ভোদো মেঘ ইব স দ্রৌণির্ননাদ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

ব্যায়চ্ছতো যতমানস্য আর্চ্ছৎ গতবান্ ॥৫৭—৫৯॥ সুকল্পিতাঃ সুসন্নদ্ধাঃ, যত্নকৃতৈঃ কৃতযত্নৈঃ, তৈরেব বাণৈরেব ॥৬০-৬১॥ দেবরিপুশ্চাসৌ দ্বিপশ্চেতি গজাসুরতুল্যৈরিত্যর্থঃ ॥৬২॥

তাহার পর অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ ও নিষাদদেশীয় বীরেরা ঐরাবতহস্তিতুল্য হস্তিগণদ্বারা বধ করিবার ইচ্ছা করিয়া দৈত্যদর্পহারী ও মহাযুদ্ধনিপুণ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

তখন অর্জ্জুন সেই হস্তিগণের বর্ম্ম, মর্ম্ম, শুণ্ড, চালকগণ, ধ্বজ ও পতাকা সকল ছেদন করিতে থাকিলেন; তৎকালে বজ্রতাড়িত পর্ব্বতশৃঙ্গের ন্যায় সেগুলি পতিত হইতে লাগিল ॥৬৩॥

সেই হস্তিগণ পরাজিত হইলে, বায়ু যেমন মহামেঘসমূহদ্বারা উদয়মান সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ অর্জ্জুন নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল বাণসমূহদ্বারা অশ্বত্থামাকে আচ্ছাদন করিলেন ॥৬৪॥

তদনন্তর অশ্বত্থামা বাণদ্বারা অর্জ্জুনের বাণগুলিকে নিরস্ত করিয়া—বর্ষাকালে মেঘ যেমন চন্দ্র ও সূর্য্যকে আবৃত করিয়া আকাশে গর্জ্জন করে, সেইরূপ বাণদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে আচ্ছাদন করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥৬৫॥

(৬৩)···ধ্বজাঃ পতাকাশ্চ···বর্দ্ধ।

তমর্জ্জুনস্তাংশ্চ পুনস্ত্বদীয়ানভ্যর্দ্দিতস্তৈরভিসৃত্য শস্ত্রৈঃ।
বাণান্ধকারং সহসৈব কৃত্বা বিব্যাধ সর্ব্বানিষুভিঃ সুপুঙ্খৈঃ ॥৬৬॥
নাপ্যাদদৎ সন্দধন্নৈব মুঞ্চন্ বাণান্ রণেঽদৃশ্যত সব্যসাচী।
হতাংশ্চ নাগাংস্তুরগান্ পদাতীন্ সংস্যূতদেহান্ দদৃশূ রথাংশ্চ ॥৬৭॥
সন্ধায় নারাচবরান্ দশাশু দ্রৌণিস্ত্বরন্নেকমিবোৎসসর্জ।
তেষাস্তু পঞ্চার্জ্জুনমভ্যবিধ্যন্ পঞ্চাচ্যুতং নির্বিভিদুঃ সুমুক্তাঃ ॥৬৮॥
তৈরাহতৌ সর্ব্বমনুষ্যমুখ্যাবসৃক্ ক্ষরন্তৌ ধনদেন্দ্রকল্পৌ।
সমাপ্তবিদ্যেন তথাভিভূতৌ হতৌ রণে তাবিতি মেনিরেঽন্যে ॥৬৯॥

ভারতকৌমুদী

তমিতি। তান্ সংশপ্তকান্। তৈরভ্যর্দ্দিতঃ পীড়িতঃ, অভিসৃত্য উপগম্য ॥৬৬॥
নেতি। আদানাদীনামন্তরং নাদৃশ্যতেত্যর্থঃ। সংস্যূতদেহান্ বাণৈগ্র থিতদেহান্ ॥৬৭॥
সন্ধায়েতি। আশু শীঘ্রম্। একং বাণমিব। তেষাং নারাচানাং মধ্যে পঞ্চ ॥৬৮॥
তৈরিতি। অসৃক্ রুধিরম্। ধনদেন্দ্রকল্পৌ কুবেরেন্দ্রতুল্যৌ। সমাপ্তবিদ্যেনাশ্বত্থাম্না ॥৬৯॥

ভারতভাবদীপঃ

করান্ শুণ্ডাঃ ॥৬৩—৬৫॥ তম্ অশ্বত্থামানম্, তান্ তদন্যান্, তৈঃ কৃতঃ বাণান্ধকারং কৃত্বা ছিত্বা; কৃতী ছেদনে ॥৬৬॥ সংস্যূতাঃ অন্যোন্যং সঙ্ঘট্টবন্তঃ ॥৬৭—৬৮॥ সমাপ্তবিদ্যেন

অশ্বত্থামা ও সংশপ্তকেরা অস্ত্রদ্বারা পীড়ন করিলে, অর্জ্জুন তাঁহাদের নিকটে যাইয়া সত্বর বাণান্ধকার করিয়া সুপুঙ্খ বাণসমূহদ্বারা পুনরায় অশ্বত্থামাকে এবং আপনার পক্ষের সমস্ত সংশপ্তককে বিদ্ধ করিলেন ॥৬৬॥

তৎকালে অর্জ্জুন যে বাণগ্রহণ, বাণসন্ধান ও বাণক্ষেপ করিতেছিলেন, তাহার অবকাশ (ফাঁক্) দেখা যায় নাই; কেবল হস্তী, অশ্ব ও পদাতিদিগকে নিহত এবং রথগুলিকে বাণগ্রথিত দেখা যাইতে লাগিল ॥৬৭॥

এই সময়ে অশ্বত্থামা ত্বরান্বিত হইয়া একটা বাণের ন্যায় দশটা উত্তম নারাচ সন্ধানপূর্ব্বক নিক্ষেপ করিলেন; তাহার পাঁচটা নারাচ যাইয়া অর্জ্জুনকে বিদ্ধ করিল, আর অপর পাঁচটা কৃষ্ণকে বিদারণ করিল ॥৬৮॥

যুদ্ধবিদ্যাসমাপ্তকারী অশ্বত্থামা সেই নারাচগুলিদ্বারা আঘাত করিলে, সমস্ত মনুষ্যশ্রেষ্ঠ এবং কুবের ও ইন্দ্রের তুল্য কৃষ্ণ ও অর্জ্জুন দেহ হইতে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া সেইরূপ অভিভূত হইয়া পড়িলেন, যাহাতে অন্য লোকেরা তাঁহাদিগকে যুদ্ধে নিহত বলিয়া মনে করিতে লাগিল ॥৬৯॥

(৬৭)···রথাংশ্চ নাগান্···দদৃশুর্হতাংশ্চ—পি বা সো।

অথার্জ্জুনং প্রাহ দশার্হনাথঃ প্রমাদ্যসে কিং জহি যোধমেতম্ ।
কুর্য্যাদ্ধি দোষং সমুপেক্ষিতোঽয়ং কষ্টো ভবেদ্ব্যাধিরিবাক্রিয়াবান্ ॥৭০॥
তথেতি চোক্ত্বাচ্যুতমপ্রমাদী দ্রৌণিং প্রযত্নাদিষুভিস্ততক্ষ ।
ভুজৌ বরৌ চন্দনসারদিগ্ধৌ বক্ষঃ শিরোঽথাপ্রতিমৌ তথোরূ ॥৭১॥
গাণ্ডীবমুক্তৈঃ কুপিতো বিকর্ণৈর্দ্রৌণিং শরৈঃ সংযতি নির্বিভেদ ।
ছিত্ত্বা তু রশ্মীংস্তুরগানবিধ্যত্তে তং রণাদূহুরতীব দূরম্ ॥৭২॥
স তৈর্হৃতোবাতজবৈস্তুরঙ্গৈর্দ্রৌণির্দৃঢ়ং পার্থশরাভিভূতঃ ।
ইয়েষ নাবৃত্য পুনস্তু যোদ্ধুং পার্থেন সার্দ্ধং মতিমান্ বিমৃষ্য ॥৭৩॥
জানন্ জয়ং মতিমান্ বৃষ্ণিবীরে ধনঞ্জয়ে চাঙ্গিরসাং বরিষ্ঠঃ ।
বিবেশ কর্ণস্য বলং তরস্বী ক্ষীণোৎসাহঃ ক্ষীণবাণাস্ত্রযোগঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

অথেতি। দশার্হনাথো দশার্হবংশপ্রধানঃ কৃষ্ণঃ। অক্রিয়াবান্ প্রতীকারশূন্যঃ ॥৭০॥
তথেতি। অচ্যুতং কৃষ্ণম্, অপ্রমাদী অর্জ্জুনঃ। ততক্ষ তনূচকার বিভেদেত্যর্থঃ ॥৭১॥
গাণ্ডীবেতি। বিকর্ণৈঃ উভয়তঃ কর্ণাকারাংশরহিতৈঃ। সংযতি যুদ্ধে। ঊহুর্নিন্যুঃ ॥৭২॥
স ইতি। বাতজবৈর্বায়ুবেগৈঃ। আবৃত্য পরিবৃত্য। বিমৃষ্য বিবিচ্য ॥৭৩॥
জানন্নিতি। অঙ্গিরসাং বরিষ্ঠঃ অশ্বত্থামা। তরস্বী বলবান্। যোগঃ সন্নাহঃ ॥৭৪॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি অসাবধান রহিতেছ কেন, এই যোদ্ধাটাকে বধ কর, ইহাকে উপেক্ষা করিলে এ দোষ ঘটাইবে এবং প্রতীকারশূন্য রোগের ন্যায় পরে কষ্টকর হইবে' ॥৭০॥

'তাহাই হউক' এই কথা কৃষ্ণকে বলিয়া অর্জ্জুন সাবধান হইয়া যত্নপূর্ব্বক বাণদ্বারা অশ্বত্থামার চন্দনসারলিপ্ত উত্তম বাহুযুগল, বক্ষঃস্থল, মস্তক এবং অতুলনীয় ঊরুদ্বয় বিদীর্ণ করিলেন ॥৭১॥

ক্রুদ্ধ অর্জ্জুন পুনরায় গাণ্ডীবনিক্ষিপ্ত কর্ণহীন বাণসমূহদ্বারা যুদ্ধে অশ্বত্থামাকে বিদীর্ণ করিলেন এবং অশ্বমুখরজ্জু ছেদন করিয়া অশ্বগুলিকে বিদ্ধ করিলেন। তখন সেই অশ্বগুলি অশ্বত্থামাকে রণস্থল হইতে অতিদূরে লইয়া গেল ॥৭২॥

বায়ুর তুল্য বেগবান্ অশ্বগণ অতিদূরে লইয়া গেলে, অর্জ্জুনের বাণে গুরুতর তাড়িত বুদ্ধিমান্ অশ্বত্থামা বিবেচনা করিয়া আবার ফিরিয়া যাইয়া অর্জ্জুনের সহিত আর যুদ্ধ করিতে ইচ্ছা করিলেন না ॥৭৩॥

তৎকালে অশ্বত্থামার উৎসাহ তিরোহিত হইয়াছিল এবং বাণ, অন্যান্য অস্ত্র ও যুদ্ধসজ্জা ক্ষয় পাইয়াছিল; তাই বুদ্ধিমান্ অশ্বত্থামা বলবান্ হইয়াও কৃষ্ণ এবং

(৭৪) জানন্ জয়ং নিয়তং বৃষ্ণিবীরে···পি বা সো।

নিয়ম্য তু হয়ান্ দ্রৌণিঃ সমাশ্বস্য চ মারিষ !।
রথাশ্বনরসংবাধং কর্ণস্য প্রাবিশদ্বলম্ ॥৭৫॥
প্রতীপকামে তু রণাদশ্বত্থাম্নি হৃতে হয়ৈঃ।
মন্ত্রৌষধিক্রিয়াযোগৈর্ব্যাধৌ দেহাদিবাহৃতে ॥৭৬॥
সংশপ্তকানভিমুখৌ প্রয়াতৌ কেশবার্জ্জুনৌ।
বাতোদ্ধূতপতাকেন স্যন্দনেনৌঘনাদিনা ॥৭৭॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি অশ্বত্থামপরাজয়ে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

— — :*: — —

ভারতকৌমুদী

নিয়ম্যেতি। নিয়ম্য সংযম্য। রথাশ্বনরৈঃ সংবাধং সঙ্কীর্ণম্ ॥৭৫॥

প্রতীপেতি। প্রতীপকামে পাণ্ডবানাং প্রাতিকূল্যাভিলাষিণি। আহৃতে আকৃষ্টে সতি। বাতেন উদ্ধূতা চালিতা পতাকা যস্য তেন, স্যন্দনেন রথেন, ওঘনাদিনা মেঘসমূহ-তুল্যশব্দেন ॥৭৬—৭৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

————:-০-:————

ভারতভাবদীপঃ

সমগ্রধনুর্ব্বেদবিদা ॥৬৯॥ অক্রিয়াবান্ প্রতিকাররহিতঃ ॥৭০—৭১॥ অবিকর্ণৈঃ অবিকর্ণতুল্যাগ্রৈঃ ॥৭২—৭৩॥ অঙ্গিরসাম্ অঙ্গিরোগোত্রাণাং মধ্যে ॥৭৪—৭৬॥ ওঘনাদিনা জলৌঘবন্নাদবতা ॥৭৭॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

অর্জ্জুনের জয় হইয়াছে জানিয়া কর্ণসৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিবার উদ্যোগ করিলেন ॥৭৪॥

মাননীয় রাজা ! পরে অশ্বত্থামা অশ্বগুলিকে সংযত করিয়া এবং নিজে আশ্বস্ত হইয়া রথ, অশ্ব ও পদাতিগণে পরিপূর্ণ কর্ণসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৭৫॥

রোগ যেমন মন্ত্র, ঔষধ ও ক্রিয়ার গুণে দেহ হইতে আকৃষ্ট হয়, সেইরূপ পাণ্ডবপ্রতিকূল অশ্বত্থামা অশ্বগণকর্তৃক রণস্থল হইতে আকৃষ্ট হইলে, অর্জ্জুন ও কৃষ্ণ সংশপ্তকগণের অভিমুখে প্রস্থান করিলেন। তখন তাঁহাদের রথখানা মেঘের ন্যায় গম্ভীর শব্দ করিতে লাগিল এবং পতাকা বায়ুবেগে দুলিতে থাকিল ॥৭৬—৭৭॥

* '…অষ্টাদশোঽধ্যায়ঃ' বা, '…সপ্তদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ সো।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

অথোত্তরেণ পাণ্ডূনাং সেনায়াং ধ্বনিরুত্থিতঃ।
রথনাগাশ্বপত্তীনাং দণ্ডধারেণ বধ্যতাম্ ॥১॥
নিবর্ত্তয়িত্বা তু রথং কেশবোঽর্জ্জুনমব্রবীৎ।
বাহয়ন্নেব তুরগান্ গরুড়ানিলরংহসঃ ॥২॥
মাগধোঽপ্রতিবিক্রান্তো দ্বিরদেন প্রমাথিনা।
ভগদত্তাদনবরঃ শিক্ষয়া চ বলেন চ ॥৩॥
এনং হত্বা নিহন্তাসি পুনঃ সংশপ্তকানিতি।
বাক্যান্তে প্রাপয়ৎ পার্থং দণ্ডধারান্তিকং প্রতি ॥৪॥
স মাগধানাং প্রবরোঽঙ্কুশগ্রহে গ্রহেষ্বসহ্যো বিকচো যথা গ্রহঃ।
সপত্নসেনাং প্রমমাথ দারুণো মহীং সমগ্রাং বিকচো যথা গ্রহঃ ॥৫॥

ভারতকৌমুদী

অথেতি। উত্তরেণ দিগ্বিভাগেন। দণ্ডধারেণ তদাখ্যেন বীরেণ, বধ্যতাং বধ্যমানানাম্ ॥১॥
নিবর্ত্তয়িত্বেতি। বাহয়ন্ চালয়ন্, গরুড়ানিলয়ো রংহ ইব রংহো বেগো যেষাং তান্ ॥২॥
মাগধ ইতি। মাগধো দণ্ডধারঃ, ন বিদ্যতে প্রতিবিক্রান্তো যস্য সঃ। অনবরঃ অন্যূনঃ ॥৩॥
এনমিতি। ইতি বাক্যান্তে ইতি সম্বন্ধঃ, প্রাপয়ৎ উপাস্থাপয়ৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর পাণ্ডবসৈন্যের উত্তরদিকে দণ্ডধার যে সকল হস্তী, অশ্ব, রথ ও পদাতি বধ করিতেছিলেন, তাহাদের আর্ত্তনাদ উত্থিত হইল ॥১॥

তখন কৃষ্ণ রথ ফিরাইয়া গরুড় ও বায়ুর ন্যায় বেগবান্ অশ্বগণকে চালাইতে থাকিয়াই অর্জ্জুনকে বলিলেন—॥২॥

'অর্জ্জুন! মগধরাজ দণ্ডধার শত্রুনাশক হস্তী, শিক্ষা ও শক্তির প্রভাবে ভগদত্ত অপেক্ষা ন্যূন নহেন; সুতরাং বিক্রমে ইহার প্রতিপক্ষ নাই ॥৩॥

অতএব তুমি ইহাকে বধ করিয়া আবার সংশপ্তকদিগকে বধ করিবে' এই কথার পরেই কৃষ্ণ অর্জ্জুনকে দণ্ডধারের নিকটে উপস্থিত করিলেন ॥৪॥

---

(১) অথান্তরেণ পাণ্ডূনাম্···পি। (৫)···অঙ্কুশগ্রহঃ···পি।

সুকল্পিতং দানবনাগসন্নিভং মহাভ্রনির্হ্রাদমমিত্রমর্দ্দনম্।
রথাশ্বমাতঙ্গগণান্ সহস্রশঃ সমাস্থিতো হন্তি শরৈর্নরানপি ॥৬॥
রথানধিষ্ঠায় সবাজিসারথীন্ নরাংশ্চ পাদৈর্দ্বিরদো ব্যপোথয়ৎ।
দ্বিপাংশ্চ পদ্ভ্যাং মমৃদে করেণ দ্বিপোত্তমো হন্তি চ কালচক্রবৎ ॥৭॥

ভারতকৌমুদী

স ইতি। অঙ্কুশগ্রহে অঙ্কুশাস্ত্রধারণে লোকানাং ভাগ্যবিপর্য্যয়ে চ, গ্রহেষু রব্যাদিষু মধ্যে, বিকচঃ শিরোহীনতয়া কেশহীনঃ, গ্রহঃ কেতুর্যথা অসহ্যঃ, তথা অসহ্যঃ, অতএব দারুণঃ স মাগধানাং প্রবরো দণ্ডধারঃ, বিকচস্তেজোময়স্বাম্মস্তকযুক্তোঽপি কেশহীনঃ, গ্রহো ধূমকেতুঃ, যথা সমগ্রাং মহীং প্রমথ্নাতি, তথা সপত্নসেনাং শত্রুসৈন্যম্, প্রমমাথ আলোড়য়ামাস ॥৫॥

স্বিতি। সুকল্পিতং সুসজ্জিতম্, দানব এব নাগো গজো গজাসুর ইত্যর্থঃ তৎ সন্নিভম্, মহতঃ অভ্রস্য মেঘস্যেব নির্হ্রাদো গর্জনং যস্য তম্, অমিত্রমর্দ্দনং শত্রুমর্দ্দকং কঞ্চিদ্গজমিতি শেষঃ, সমাস্থিতঃ সমারূঢ়ো দণ্ডধার ইত্যর্থঃ, শরৈঃ, সহস্রশো রথাশ্বমাতঙ্গগণান্ নরান্ পদাতীনপি চ হন্তি বিনাশয়তি স্ম ॥৬॥

রথানিতি। অধিষ্ঠায় সম্মুখপাদাভ্যামাক্রম্য। করেণ শুণ্ডয়া, হন্তি স্ম ॥৭॥

ভারতভাবদীপঃ

অথেতি। উত্তরেণ উত্তরতঃ, বধ্যতাং বধ্যমানানাম্ ॥১—২॥ অনবরঃ অহীনঃ ॥৩—৪॥ অঙ্কুশগ্রহে অঙ্কুশধারণে হস্তিযুদ্ধে ইত্যর্থঃ। গ্রহে আদিত্যাদিগ্রহসমূহে যুদ্ধপরিগ্রহে চ অপ্রসহ্যঃ, বিকচঃ কচোপলক্ষিতশিরোরহিতঃ কেতুরূপী গ্রহ ইব, বিকচো বিস্তীর্ণো গ্রহো ধূমকেতুরূপী উৎপাতগ্রহঃ ॥৫॥ দানবনাগসন্নিভং গজাসুরোপমং গজমিত্যর্থাৎ সমাস্থিতঃ স হন্তীত্যন্বয়ঃ ॥৬॥ রথান্ পাদৈরধিষ্ঠায়াক্রম্য মমৃদে মর্দ্দয়ামাসেত্যুত্তরার্দ্ধস্থানুকর্ষঃ। এবং করেণ শুণ্ড্যা নরাদীনপোথয়দিতি। এবং দ্বিপো হন্তি রথাদীনিত্যর্থাৎ ॥৭॥ শুষ্মিণা

লোকের ভাগ্যবিপর্য্যয়বিষয়ে গ্রহগণের মধ্যে কেতুগ্রহ যেমন অসহ্য, সেইরূপ অঙ্কুশাস্ত্রগ্রহকালে অন্যের অসহ্য, ভীষণমূর্ত্তি ও মগধশ্রেষ্ঠ দণ্ডধার তখন—ধূমকেতু যেমন সমগ্র পৃথিবী আলোড়ন করে, সেইরূপ শত্রুসৈন্য আলোড়ন করিতেছিলেন ॥৫॥

এবং তিনি— সুসজ্জিত গজাসুর তুল্য, মহামেঘের ন্যায় গর্জ্জনকারী ও শত্রুমর্দ্দক একটা হস্তীর উপরে আরোহণ করিয়া বাণদ্বারা পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণকে সংহার করিতেছিলেন ॥৬॥

দণ্ডধারের সেই হস্তীটা সম্মুখের চরণযুগলদ্বারা অশ্ব ও সারথির সহিত রথগুলিতে অধিষ্ঠান করিয়া সেই সকল রথ ও মনুষ্যগণকে পোথিত করিতেছিল এবং পদযুগলদ্বারা হস্তিগণকে মর্দ্দন করিতেছিল, আর কালচক্রের ন্যায় ঘুরিতে থাকিয়া শুণ্ডদ্বারা সৈন্যসংহার করিতেছিল ॥৭॥

নরাংশ্চ কার্ষ্ণায়সবর্ম্মভূষণান্ নিপাত্য সাশ্বানপি পত্তিভিঃ সহ।
ব্যপোথয়দ্দন্তিবরেণ শুষ্মিণা সশব্দবৎস্থূলনলং যথা তথা ॥৮॥
অথার্জ্জুনো জ্যাতলনেমিনিস্বনে মৃদঙ্গভেরীবহুশব্দনাদিতে।
রথাশ্বমাতঙ্গসহস্রসঙ্কুলে রথোত্তমেনাভ্যপতদ্দ্বিপোত্তমম্ ॥৯॥
ততোঽর্জ্জুনং দ্বাদশভিঃ শরোত্তমৈর্জনার্দ্দনং ষোড়শভিঃ সমার্পয়ৎ।
স দণ্ডধারস্তুরগাংস্ত্রিভিস্ত্রিভিস্ততো ননাদ প্রজহাস চাসকৃৎ ॥১০॥
ততোঽস্য পার্থঃ সগুণেষু কার্ম্মুকং চকর্ত্ত ভল্লৈর্ধ্বজমপ্যলঙ্কৃতম্।
পুনর্নিয়ন্তৄন্ সহপাদগোপ্তৃংস্ততঃ স চুক্রোধ গিরিব্রজেশ্বরঃ ॥১১॥

ভারতকৌমুদী

নরানিতি। কৃষ্ণেন অয়সা লৌহসারেণ নির্ম্মিতানীতি কার্ষ্ণায়সানি বর্ম্মাণ্যেব ভূষণানি যেষাং তান্। নলসাম্যার্থমিদম্। ব্যপোথয়ৎ দণ্ডধারঃ, শুষ্মিণা তেজঃসন্তাপবতা ॥৮॥

অথেতি। জ্যানাং গুণানাং তলানামঙ্গুলিত্রাণাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ নিস্বনো যস্মিন্ তত্র। রথাশ্বমাতঙ্গসহস্রেণ সঙ্কুলে ব্যাপ্তে রণস্থলে। দ্বিপোত্তমং দণ্ডধারহস্তিশ্রেষ্ঠম্ ॥৯॥

তত ইতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। তুরগান্ অর্জ্জুনরথাশ্বান্ ॥১০॥

তত ইতি। গুণেন ইষুণা চ সহেতি তৎ। নিয়ন্তৄন্ গজচালকান্, পাদগোপ্তৃভিঃ গজস্যৈব পাদরক্ষকৈঃ সহেতি তান্। গিরিব্রজস্য তদাখ্যায়া জরাসন্ধরাজধান্যা ঈশ্বরো দণ্ডধারঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

বলবতা, স্থূলং সুষিরং নলং তৃণবিশেষম্ ॥৮॥ সঙ্কুলে রণদেশে ইতি সামর্থ্যাৎ জ্ঞেয়ম্ ॥৯—১০॥ সগুণেষুকার্ম্মুকং মৌর্বীবাণসহিতং ধনুঃ, নিয়ন্তৄন্ নিয়ন্তারম্ ॥১১॥ "ঘনাঘনোঘাতুকমত্ত-

আর দণ্ডধার সেই তেজস্বী হস্তিদ্বারা লৌহসারনির্ম্মিতবর্ম্মধারী সৈন্যগণকে অশ্ব ও পদাতিগণের সহিত নিপাতিত করাইয়া স্থূল নলের ন্যায় সেগুলিকে পোথিত (থেতো) করাইতেছিলেন; তখন তাহার শব্দ হইতেছিল ॥৮॥

তৎকালে সেখানে সহস্র সহস্র হস্তী, অশ্ব ও রথ সমবেত হইয়াছিল, ধনুষ্টঙ্কার, তলত্রধ্বনি ও রথচক্রশব্দ হইতেছিল এবং মৃদঙ্গ ও ভেরীপ্রভৃতি বহুবাদ্য বাজিতেছিল; এমন সময়ে অর্জ্জুন উত্তম রথে আরোহণ করিয়া সেখানে সেই হস্তিশ্রেষ্ঠের সম্মুখে উপস্থিত হইলেন ॥৯॥

তদনন্তর দণ্ডধার উত্তম বারটা বাণে অর্জ্জুনকে, ষোলটা বাণে কৃষ্ণকে এবং তিন তিনটা বাণে অর্জ্জুনের অশ্বগুলিকে পীড়ন করিলেন, আর বার বার গর্জ্জন ও হাস্য করিলেন ॥১০॥

(১১)···সহ পাদগোপ্তৃভিঃ···পি।

ততোঽর্জুনং ভিন্নকটেন দন্তিনা ঘনোপমেনানিলতুল্যরংহসা।
অতীব চুক্ষোভয়িষুর্জনার্দ্দনং ধনঞ্জয়ঞ্চাভিজঘান তোমরৈঃ ॥১২॥
অথাস্য বাহূ দ্বিপহস্তসন্নিভৌ শিরশ্চ পূর্ণেন্দুনিভাননং ত্রিভিঃ।
ক্ষুরৈঃ প্রচিচ্ছেদ সহৈব পাণ্ডবস্ততো দ্বিপং বাণশতৈঃ সমার্পয়ৎ ॥১৩॥
স পার্থবাণৈস্তপনীয়ভূষণৈঃ সমাবৃতঃ কাঞ্চনবর্ম্মভৃদ্দ্বিপঃ।
তথা চকাশে নিশি পর্ব্বতো যথা দাবাগ্নিনা প্রজ্বলিতৌষধিদ্রুমঃ ॥১৪॥
স বেদনার্ত্তোঽম্বুদনিস্বনো নদংশ্চলন্ ভ্রমন্ প্রস্খলিতান্তরো দ্রবন্।
পপাত রুগ্‌ণঃ সনিয়ন্তৃকস্তদা যথা গিরির্বজ্রবিদারিতস্তথা ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভিন্নৌ মদস্রাবিণৌ কটৌ গণ্ডৌ যস্য তেন, ঘনোপমেন মেঘতুল্যেন। অনিলতুল্যরংহসা বায়ুসমানবেগেন। চুক্ষোভয়িষুঃ ক্ষোভয়িতুমিচ্ছুর্দণ্ডধারঃ ॥১২॥

অথেতি। দ্বিপহস্তসন্নিভৌ হস্তিশুণ্ডাতুল্যৌ, পূর্ণেন্দুনিভমাননং যস্য তৎ। ক্ষুরৈঃ ক্ষুরপ্রৈর্বাণৈঃ, সহৈব যুগপদেব। দ্বিপং দণ্ডধারহস্তিনম্, সমার্পয়দপীড়য়ৎ ॥১৩॥

স ইতি। তপনীয়ভূষণৈঃ স্বর্ণালঙ্কৃতৈঃ। প্রজ্বলিতা ওষধিদ্রুমা লতাবৃক্ষা যস্য সঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

দন্তিনো গিরিরিব বিশ্বঃ ॥১২॥ সহৈব যুগপৎ ॥১৩—১৪॥ চরন্ গচ্ছন্ ভ্রমন্ ভ্রান্তিং প্রাপ্নুবন্নত এব প্রজ্বলিতাম্বরঃ মধ্যে স্খলন্নিতার্থঃ। সনিয়ন্তৃকঃ মহামাত্রসহিতঃ পপাত তথা পাত-যোগাৎ যথা স্যাত্তথা রুগ্‌ণঃ পীড়িতো যথৈবম্ভূতঃ পপাতেতি পৃথগন্বয়ঃ ॥১৫॥ ইন্দ্রাবরজং

তাহার পর অর্জ্জুন ভল্লদ্বারা দণ্ডধারের গুণ ও বাণের সহিত ধনু, অলঙ্কৃত ধ্বজ, হস্তিচালক ও তাহার পাদরক্ষকদিগকে ছেদন করিলেন; তাহাতে গিরি-ব্রজাধিপতি দণ্ডধার ক্রুদ্ধ হইলেন ॥১১॥

তৎপরে দণ্ডধার—মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ ও বায়ুর তুল্য বেগবান্ সেই মদস্রাবী হস্তিদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে অত্যন্ত ক্ষুব্ধ করিবার ইচ্ছা করিয়া তোমরদ্বারা তাঁহাদিগকে আঘাত করিলেন ॥১২॥

তদনন্তর অর্জুন তিনটা ক্ষুরপ্রবাণদ্বারা একদাই দণ্ডধারের হস্তিশুণ্ডতুল্য বাহুযুগল এবং পূর্ণচন্দ্রসদৃশবদনমণ্ডলযুক্ত মস্তক ছেদন করিলেন, পরে বহুতর বাণদ্বারা সেই হাতীটাকে পীড়ন করিলেন ॥১৩॥

তখন স্বর্ণবর্ম্মধারী সেই হাতীটা অর্জ্জুনের স্বর্ণালঙ্কৃত বাণে আবৃত হইয়া—রাত্রিকালে দাবাগ্নিতে লতা ও বৃক্ষ জ্বলিতে লাগিলে, পর্ব্বতের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥১৪॥

(১৪)···সমাচিতঃ কাঞ্চনবর্ম্মভৃদ্দ্বিপঃ···পি বা সো।

হিমাবদাতেন সুবর্ণমালিনা হিমাদ্রিকূটপ্রতিমেন দন্তিনা।
হতে রণে ভ্রাতরি দণ্ড আব্রজজ্জিঘাংসুরিন্দ্রাবরজং ধনঞ্জয়ম্ ॥১৬॥
স তোমরৈরর্ককরপ্রভৈস্ত্রিভির্জনার্দ্দনং পঞ্চভিরর্জ্জুনং শিতৈঃ।
সমর্পয়িত্বা বিননাদ নর্দ্দয়ংস্ততোঽস্য বাহূ বিচকর্ত্ত পাণ্ডবঃ ॥১৭॥
ক্ষুরপ্রকৃত্তৌ সুভৃশং সতোমরৌ শুভাঙ্গদৌ চন্দনরূষিতৌ ভুজৌ।
গজাৎ পতন্তৌ যুগপদ্বিরেজতুর্যথাদ্রিশৃঙ্গাদ্রুচিরৌ মহোরগৌ ॥১৮॥
তথার্দ্ধচন্দ্রেণ হৃতং কিরীটিনা পপাত দণ্ডস্য শিরঃ ক্ষিতিং দ্বিপাৎ।
স্বশোণিতার্দ্রং নিপতদ্বিরেজে দিবাকরোঽস্তাদিব পশ্চিমাং দিশম্ ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। প্রস্খলিতান্তরঃ অস্থিরচিত্তঃ, দ্রবন্ ধাবন্। সনিয়ন্তৃকো হস্তিপকসহিতঃ ॥১৫॥

হিমেতি। রণে ভ্রাতরি দণ্ডধারে হতে সতি, দণ্ডো নামাপরো ভ্রাতা, হিমবদবদাতেন শুভ্রেণ, সুবর্ণমালিনা, হিমাদ্রিকূটপ্রতিমেন হিমালয়শৃঙ্গতুল্যেন, দন্তিনা অপরেণ গজেন, ইন্দ্রাবরজং বামনরূপেণেন্দ্রকনিষ্ঠভ্রাতরং কৃষ্ণং ধনঞ্জয়ঞ্চ, জিঘাংসুঃ সন্ আব্রজদাগচ্ছৎ ॥১৬॥

স ইতি। অর্ককরপ্রভৈঃ সূর্য্যকিরণবদুজ্জ্বলৈঃ। সমর্পয়িত্বা নিপীড্য, নর্দ্দয়ন্ রণাঙ্গনম্ ॥১৭॥

ক্ষুরেতি। ক্ষুরেণ প্রকৃত্তৌ ছিন্নৌ। চন্দনেন রূষিতৌ রঞ্জিতৌ ॥১৮॥

তথেতি। হৃতং ছিন্নম্। অস্তাৎ পর্ব্বতাৎ পশ্চিমাং দিশং নিপতন্ গচ্ছন্ দিবাকর ইব ॥১৯॥

ক্রমে সেই হাতীটা বেদনার্ত্ত ও অস্থিরচিত্ত হইয়া মেঘের ন্যায় গম্ভীর গর্জ্জন করিতে থাকিয়া কখনও গমন, কখনও ভ্রমণ এবং কখনও ধাবন করিতে করিতে বজ্রবিদারিত পর্ব্বতের ন্যায় হস্তিপকের সহিত পতিত হইল ॥১৫॥

ভ্রাতা দণ্ডধার যুদ্ধে নিহত হইলে, তাঁহার ভ্রাতা দণ্ড—হিমের ন্যায় শুভ্রবর্ণ, স্বর্ণমালাধারী ও হিমালয়শৃঙ্গের তুল্য বিশাল একটা হস্তীতে আরোহণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছায় আগমন করিলেন ॥১৬॥

তিনি আসিয়াই সুধার ও সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল তিনটা তোমরদ্বারা কৃষ্ণকে এবং পাঁচটাদ্বারা অর্জ্জুনকে পীড়নপূর্ব্বক রণস্থল নিনাদিত করিয়া সিংহনাদ করিলেন; তাহার পর অর্জ্জুন উঁহার বাহুযুগল ছেদন করিলেন ॥১৭॥

ক্ষুরচ্ছিন্ন, তোমরযুক্ত, সুন্দরকেয়ূরশোভিত ও চন্দনরঞ্জিত সেই বাহুযুগল হস্তী হইতে একদা পড়িতে থাকিয়া পর্ব্বতশৃঙ্গ হইতে পতনশীল সুন্দর দুইটা বিশাল সর্পের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৮॥

অর্জ্জুন অর্দ্ধচন্দ্রবাণদ্বারা ছেদন করিলে, দণ্ডের মস্তকটী হস্তী হইতে ভূতলে

(১৯)···নিপতদ্বিরাজতে···পি।

অথ দ্বিপং শ্বেতবরাভ্রসন্নিভং দিবাকরাংশুপ্রতিমৈঃ শরোত্তমৈঃ।
বিভেদ পার্থঃ স পপাত নাদয়ন্ হিমাদ্রিকূটং কুলিশাহতং যথা ॥২০॥
ততোঽপরে তৎপ্রতিমা গজোত্তমা জিগীষবঃ সংযতি সব্যসাচিনা।
তথা কৃতাস্তে চ যথৈব তৌ দ্বিপৌ ততঃ প্রভগ্নং সুমহদ্রিপোর্বলম্ ॥২১॥
গজা রথাশ্বাঃ পুরুষাশ্চ সংঘশঃ পরস্পরঘ্নাঃ পরিপেতুরাহবে।
পরস্পরং প্রস্খলিতাঃ সমাহতা ভৃশং নিপেতুর্বহুভাষিণো হতাঃ ॥২২॥
অথার্জ্জুনং স্বে পরিবার্য্য সৈনিকাঃ পুরন্দরং দেবগণা ইবাব্রুবন্।
অভৈষ্ম যস্মান্মরণাদিব প্রজা স বীর! দিষ্ট্যা নিহতস্ত্বয়া রিপুঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অথেতি। শ্বেতং বরমুত্তমঞ্চ যদভ্রং মেঘস্তৎসন্নিভম্। হিমাদ্রেঃ কূটং শৃঙ্গম্ ॥২০॥
তত ইতি। তৎপ্রতিমাঃ তদ্গজদ্বয়তুল্যাঃ, জিগীষবো জেতুমিচ্ছবঃ, সংযতি যুদ্ধে ॥২১॥
গজা ইতি। পরিপেতুঃ অভ্যাজগ্মুঃ। প্রস্খলিতা অপসৃতাঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

বিষ্ণুং কৃষ্ণমিত্যর্থঃ। ধনঞ্জয়ঞ্চ জিঘাংসুর্দণ্ড আব্রজৎ দন্তিনা সহেতি শেষঃ ॥১৬॥ নর্দয়ন্ শব্দং কারয়ন্ ॥১৭—১৮॥ অস্তাৎ অস্তাচলাৎ ॥১৯—২০॥ গজোত্তমাঃ মহাগজারূঢ়াঃ তৌ দণ্ডধারতদ্ভ্রাত্রোর্দ্বিপৌ সাধ্যক্ষৌ কৃত্তৌ ছিন্নৌ তথা তেঽপি কৃত্তাশ্ছিন্নাঃ ॥২১—২৫॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

পতিত হইল। সেই রক্তাক্ত মস্তক পতিত হইতে থাকিয়া—অস্তপর্ব্বত হইতে পশ্চিমদিগ্‌গামী সূর্য্যমণ্ডলের ন্যায় প্রকাশ পাইয়াছিল ॥১৯॥

তাহার পর অর্জ্জুন সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল উত্তম বাণসমূহদ্বারা শ্বেতবর্ণ বিশালমেঘতুল্য সেই দণ্ডের হস্তীটাকে বিদীর্ণ করিলেন; তখন সেই হস্তীটা সমরভূমি নিনাদিত করিয়া বজ্রাহত হিমালয়শৃঙ্গের ন্যায় পতিত হইল ॥২০॥

তদনন্তর সেই হস্তিদ্বয়ের তুল্য অপর কতকগুলি হস্তী যুদ্ধে অর্জ্জুনকে জয় করিবার ইচ্ছা করিল; তখন অর্জ্জুন দণ্ড ও দণ্ডধারের হস্তিদ্বয়কে যেমন করিয়াছিলেন, সেগুলিকেও তেমনই করিলেন। পরে সেই বিশাল শত্রুসৈন্য ভগ্ন হইল ॥২১॥

এই সময়ে হস্তী, অশ্ব, রথ ও পদাতিরা পরস্পর আঘাত করিতে থাকিয়া দলে দলে যুদ্ধে উপস্থিত হইতে লাগিল। ক্রমে তাহাদের অনেকে পরস্পর গুরুতর আহত হইয়া অপসৃত হইতে থাকিল এবং অনেকে বহু কথা বলিতে বলিতে নিহত হইয়া পতিত হইতে লাগিল ॥২২॥

(২১)···সংযতি সব্যসাচিনম্। তথা কৃতাস্তেন···পি।

ন চেদরক্ষিষ্য ইমান্ জনান্ ভয়াদ্দ্বিষদ্ভিরেবং বলিভিঃ প্রপীড়িতান্।
তথাভবিষ্যদ্দ্বিষতাং প্রমোদনং যথা হতেঘেষ্বিহ নোঽরিসূদন ! ॥২৪॥
ইতীব ভূয়শ্চ সুহৃদ্ভিরীরিতা নিশম্য বাচঃ সুমনাস্ততোঽর্জ্জুনঃ।
যথানুরূপং প্রতিপূজ্য তং জনং জগাম সংশপ্তকসংঘহা পুনঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি দণ্ড-দণ্ডধারবধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

ভারতকৌমুদী

অথেতি। স্বে পাণ্ডবপক্ষীয়াঃ। অভৈষ্ম বয়ং ভীতা অভূম। দিষ্ট্যা ভাগ্যেন ॥২৩॥

নেতি। হে অরিসূদন! ত্বঞ্চেৎ, বলিভির্দ্বিষদ্ভিঃ শত্রুভিঃ এবং প্রপীড়িতান্ ইমান্ জনান্ ভয়াৎ ন অরক্ষিষ্যঃ, তদা এষু অরিষু হতেষু সৎসু, নঃ অস্মাকম, যথা প্রমোদনমানন্দঃ অভূৎ, তথা দ্বিষতামপি প্রমোদনমভবিষ্যৎ ॥২৪॥

ইতীতি। ঈরিতা উক্তাঃ। সুমনাঃ সন্তুষ্টচিত্তঃ সন্। প্রতিপূজ্য প্রতিপ্রশস্য, জনং লোকগণম্, সংশপ্তকসংঘং হন্তীতি সঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

———:-০-:———

তৎপরে দেবগণ যেমন ইন্দ্রকে পরিবেষ্টন করিয়া বলিতেন, সেইরূপ পাণ্ডবপক্ষীয় সৈন্যেরা আসিয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া বলিল—'বীর! মানুষ যেমন মৃত্যুর ভয় করে, সেইরূপ আমরা যাহার ভয় করিতেছিলাম, ভাগ্যবশতঃ আপনি সেই শত্রুকে বধ করিয়াছেন ॥২৩॥

শত্রুদমন! বলবান্ শত্রুরা এই লোকগুলিকে এইভাবে পীড়ন করিতেছিল, সেই অবস্থায় আপনি যদি ইহাদিগকে তাহাদের ভয় হইতে রক্ষা না করিতেন, তাহা হইলে ইহারা নিহত হওয়ায় আমাদের যেরূপ আনন্দ হইয়াছে, শত্রুগণেরও সেইরূপই আনন্দ হইত' ॥২৪॥

সুহৃদ্গণ এই প্রকার বহুতর কথা বলিলে, অর্জ্জুন তাহা শুনিয়া সন্তুষ্টচিত্ত হইয়া তাহাদেরও অনুরূপ প্রশংসা করিয়া পুনরায় সংশপ্তকগণকে বধ করিবার জন্য গমন করিলেন' ॥২৫॥

———:-০-:———

(২৪)…ইমং জনম্…প্রপীড়িতম্…সো। * '…অষ্টাদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ মর্দ্ধ সো, '…একোনবিংশোঽধ্যায়ঃ' বা।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

প্রত্যাগত্য পুনর্জিষ্ণুর্জঘ্নে সংশপ্তকান্ বহূন্।
বক্রানুবক্রগমনাদঙ্গারক ইব গ্রহঃ ॥১॥
পার্থবাণহতা রাজন্! নরাশ্বরথকুঞ্জরাঃ।
বিচেলুর্বভ্রমুর্নেশুঃ পেতুর্মম্লুশ্চ ভারত! ॥২॥
ধুর্য্যান্ ধুর্য্যেতরান্ সূতান্ ধ্বজাংশ্চাপাসিসায়কান্।
পাণীন্ পাণিগতং শস্ত্রং বাহূনপি শিরাংসি চ ॥৩॥
ভল্লৈঃ ক্ষুরৈরর্দ্ধচন্দ্রৈর্বৎসদন্তৈশ্চ পাণ্ডবঃ।
চিচ্ছেদামিত্রবীরাণাং সমরে প্রতিযুধ্যতাম্ ॥৪॥ (যুগ্মকম্)
বাসিতার্থে যুযুৎসন্তো বৃষভা বৃষভং যথা।
নিপতন্ত্যর্জ্জুনং শূরাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৫॥

ভারতকৌমুদী

প্রেতীতি। জিষ্ণুরর্জ্জুনঃ, সংশপ্তকান্ ত্রিগর্ত্তাদীন্ ভাগ্যেনাভিশপ্তাংশ্চ। অঙ্গারকো মঙ্গলঃ ॥১॥

পার্থেতি। বিচেলুশ্চকম্পিরে। মম্লুঃ ম্লানাঃ ক্লান্তা বভূবুঃ ॥২॥

ধুর্য্যানিতি। ধুর্য্যান্ অগ্রগতান্, ধুর্য্যেতরান্ মধ্যপশ্চাদ্বর্ত্তিনঃ। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৩—৪॥

বাসিতেতি। বাসিতা ঋতুমতী গৌস্তদর্থে তৎসঙ্গমার্থে, যুযুৎসন্তো যোদ্ধুমিচ্ছন্তঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মঙ্গলগ্রহ যেমন বক্র ও অনুবক্র গমন করিয়া বহুতর দুর্ভাগ্য লোককে কার্য্যে প্রতিহত করেন, তেমন অর্জ্জুন ফিরিয়া আসিয়া পুনরায় বহুতর সংশপ্তককে নিহত করিতে লাগিলেন ॥১॥

ভরতনন্দন রাজা! হস্তী, অশ্ব, রথী ও পদাতিরা অর্জ্জুনের বাণে আহত হইয়া বিচলিত, ঘূর্ণিত, বিনষ্ট, পতিত ও ক্লান্ত হইতে লাগিল ॥২॥

অর্জ্জুন ভল্ল, ক্ষুরপ্র, অর্দ্ধচন্দ্র ও বৎসদন্তদ্বারা রণস্থলে প্রতিযুদ্ধকারী বিপক্ষ বীরগণের অগ্রগামী, মধ্য ও পশ্চাদ্বর্ত্তী, সারথি, ধ্বজ, ধনু, তরবারি, বাণ, হস্ত, হস্তগত অস্ত্র, বাহু ও মস্তক সকল ছেদন করিতে থাকিলেন ॥৩—৪॥

(১) প্রেত্যেত্যাথ পুনর্জিষ্ণুর্জিত্বা সংশপ্তকান্ বহৌ···নি। (৩)···পাণিগতান্ শস্ত্রান্···নি।

তেষাং তস্য চ তদ্‌যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
ত্রৈলোক্যবিজয়ে যাদৃগ্‌দৈত্যানাং সহ বজ্রিণা ॥৬॥
তমবিধ্যত্ত্রিভির্বাণৈর্দন্দশূকৈরিবাহিভিঃ।
উগ্রায়ুধসুতস্তস্য শিরঃ কায়াদপাহরৎ ॥৭॥
তেঽর্জ্জুনং সর্বতঃ ক্রুদ্ধা নানাশস্ত্রৈরবীবৃষন্।
মরুদ্ভিঃ প্রেরিতা মেঘা হিমবন্তমিবোষ্ণগে ॥৮॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য দ্বিষতাং সর্বতোঽর্জ্জুনঃ।
সম্যগস্তৈঃ শরৈঃ সর্বানহিতানহনদ্বহূন্ ॥৯॥

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং সংশপ্তকানাম্, তস্যার্জ্জুনস্য চ। বজ্রিণা ইন্দ্রেণ ॥৬॥

তমিতি। দন্দশূকৈঃ পুনঃ পুনর্দশনশীলৈঃ, অহিভিঃ সর্পৈঃ। অপাহরদর্জ্জুনঃ ॥৭॥

ত ইতি। অবীবৃষন্ অবর্ষন্। চৌরাদিকস্য বৃষেরয়ং প্রয়োগঃ। মরুদ্ভির্বায়ুভিঃ। মেঘা বারিভিরিতি শেষঃ। উষ্ণং গ্রীষ্মকালং গচ্ছতি অতিক্রামতীতি তস্মিন্ বর্ষাস্বিত্যর্থঃ ॥৮॥

অস্ত্রৈরিতি। অস্তৈঃ ক্ষিপ্তৈঃ। অহিতান্ শত্রূন্। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

প্রত্যেতি ॥১—২॥ ধুর্য্যান্ শ্রেষ্ঠান্, ধুর্য্যগতান্ বাহান্ বাহাদীন্ অমিত্রবীরাণাং চিচ্ছেদেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥৩—৪॥ বাসিতার্থে স্ত্রীনিমিত্তম্, "বাসিতা করিণীনার্য্যোর্বাসিতং সুরভীকৃতে" ইতি বিশ্বঃ। যথা স্বয়ংবরস্থাং স্ত্রিয়ং প্রাপ্তুং বৃষভাশ্চ অবৃষভাশ্চ তেষাং যূথং বৃষভাবৃষভং শ্রেষ্ঠাশ্রেষ্ঠযোধকুলমহংপূর্ব্বিকয়া নিপততি এবং যুদ্ধেঽর্জ্জনং প্রাপ্তুং রাজান ইত্যর্থঃ। বাসিতম্ অতিশ্রেষ্ঠং রাজ্যাদিকং বা বস্তু ॥৫—৬॥ তস্য উগ্রায়ুধসুতস্য, অপা-

বৃষগণ যেমন ঋতুমতী ধেনুর সঙ্গমার্থে যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া অপর বৃষের উপরে পতিত হয়, সেইরূপ শত শত ও সহস্র সহস্র বীর অর্জ্জুনের উপরে পতিত হইতে লাগিলেন ॥৫॥

তখন—পূর্ব্বকালে ত্রিভুবনবিজয়ার্থে ইন্দ্রের সহিত দৈত্যগণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তেমন অর্জ্জুন ও সংশপ্তকগণের লোমহর্ষণ যুদ্ধ হইতে থাকিল ॥৬॥

ক্রমে উগ্রায়ুধের পুত্র অত্যন্তদংশনশীল সর্পগণের ন্যায় তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিল; তখন অর্জ্জুন তাহার দেহ হইতে মস্তক হরণ করিলেন ॥৭॥

বর্ষাকালে বায়ুপ্রেরিত মেঘ যেমন হিমালয়পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, তেমন সংশপ্তকেরা ক্রুদ্ধ হইয়া সকল দিক্ হইতে অর্জ্জুনের উপরে নানাবিধ অস্ত্র বর্ষণ করিতে লাগিল ॥৮॥

তখন অর্জ্জুন অস্ত্রদ্বারা শত্রুগণের সমস্ত অস্ত্র নিবারণ করিয়া সম্যক্ নিক্ষিপ্ত বাণদ্বারা সর্ব্বপ্রকার বহু শত্রু বিনাশ করিতে লাগিলেন ॥৯॥

ছিন্নত্রিবেণুসঙ্ঘাতান্ হতাশ্বপার্ষ্ণিসারথীন্।
বিস্রস্তহস্ততূণীরান্ বিচক্ররথকেতনান্ ॥১০॥
সংচ্ছিন্নরশ্মিযোক্ত্রাক্ষান্ ব্যনুকর্ষযুগান্ রথান্।
বিধ্বস্তসর্বসন্নাহান্ বাণৈশ্চক্রেঽর্জুনস্ত্বরন্ ॥১১॥ (যুগ্মকম্)
তে রথাস্তত্র বিধ্বস্তাঃ পরার্দ্ধ্যা ভান্ত্যনেকশঃ।
ধনিনামিব বেশ্মানি হতান্যগ্ন্যনিলাম্বুভিঃ ॥১২॥
দ্বিপাঃ সংভিন্নমর্ম্মাণো বজ্রাশনিসমৈঃ শরৈঃ।
পেতুর্গির্য্যগ্রবেশ্মানি বজ্রবাতাগ্নিভির্যথা ॥১৩॥
অনেকৈশ্চ শিলাধৌতৈর্বজ্রানলবিষোপমৈঃ।
শরৈর্নিজঘ্নিবান্ পার্থো মহেন্দ্র ইব দানবান্ ॥১৪॥

ভারতকৌমুদী

ছিন্নেতি। ছিন্নঃ ত্রিবেণুসংঘাত ঊর্দ্ধদণ্ডত্রয়সমূহো যেষাং তান্, হতা অশ্বাঃ পার্ষ্ণিসারথয়ঃ পশ্চাদ্বর্ত্তিনঃ সূতা যেষাং তান্। বিস্রস্তাশ্ছেদনেন পতিতা হস্তাস্তূণীরাশ্চ যেষাং তান্, বিগতানি চক্রাণি রথকেতনানি ধ্বজাশ্চ যেষাং তান্। সংছিন্না রশ্ময়ঃ অশ্বমুখরজ্জবঃ যোক্ত্রাণি রজ্জুজালানি অক্ষাশ্চক্রাঙ্গানি চ যেষাং তান্, বিগতানি অনুকর্ষা দীর্ঘদণ্ডা যুগানি তির্য্যগ্দণ্ডাশ্চ যেষাং তান্। বিধ্বস্তা সর্বে সন্নাহাঃ সজ্জা যেষাং তান্। ত্বরন্ ত্বরমাণঃ ॥১০—১১॥

ত ইতি। পরার্দ্ধ্যাঃ শ্রেষ্ঠাঃ। বেশ্মানি গৃহাণি, হতানি বিধ্বংসিতানি ॥১২॥

দ্বিপা ইতি। সংভিন্নানি বিদারিতানি মর্ম্মাণি যেষাং তে। অশনির্বিদ্যুৎ ॥১৩॥

অনেকৈরিতি। শিলাধৌতৈঃ শিলাসু ঘর্ষণাদিনা পরিষ্কৃতৈঃ। পার্থোঽর্জ্জুনঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

হরদর্জ্জুন ইতি শেষঃ ॥৭॥ উষ্ণগে গ্রীষ্মে গতে সতি প্রাবৃষীত্যর্থঃ। উষ্ণো গ্রীষ্মো গতোঽতীতো যত্র স উষ্ণগঃ কালবিশেষ ইতি বিগ্রহঃ ॥৮॥ অস্তৈঃ ক্ষিপ্তৈঃ ॥৯—১০॥ অনুকর্ষঃ

ক্রমে অর্জ্জুন ত্বরান্বিত হইয়া বাণদ্বারা সংশপ্তকগণের রথগুলির ত্রিবেণুচ্ছেদন, অশ্ব ও পৃষ্ঠসারথিবিনাশ, হস্ত ও তূণনিপাত, চক্র ও ধ্বজকর্ত্তন, রশ্মি (লাগাম), যোক্ত্র (যোৎ) ও অক্ষ (চক্রাঙ্গ) ছেদন, সরল দণ্ড ও তীর্য্যক্ দণ্ড ধ্বংস এবং সর্ব্বপ্রকার সজ্জা বিনাশ করিতে থাকিলেন ॥১০—১১॥

তৎকালে অগ্নি, বায়ু ও জলে বিধ্বস্ত ধনীদিগের গৃহসমূহের ন্যায় সেই বিধ্বস্ত উত্তম রথ সকল প্রকাশ পাইতে লাগিল ॥১২॥

ক্রমে বজ্র, বায়ু ও অগ্নির প্রকোপে পর্ব্বতের উপরের গৃহ সকল যেমন পতিত হয় সেইরূপ বজ্র ও বিদ্যুতের তুল্য অর্জ্জুনের বাণে মর্ম্ম বিদীর্ণ হইলে হস্তিগণ পতিত হইতে থাকিল ॥১৩॥

সারোহাস্তুরগাঃ পেতুর্বহবোঽর্জ্জুনতাড়িতাঃ।
নির্জিহ্বান্ত্রাঃ ক্ষিতৌ ক্ষীণা রুধিরার্দ্রাঃ সুদুর্দৃশঃ ॥১৫॥
নরাশ্বনাগা নারাচৈঃ সংস্যূতাঃ সব্যসাচিনা।
বভ্রমুশ্চস্খলুঃ পেতুর্নেদুর্ম্মম্লুশ্চ মারিষ! ॥১৬॥
মহার্হবর্ম্মাভরণা নানারূপাম্বরায়ুধাঃ।
সরথাশ্বদ্বিপা বীরা হতাঃ পার্থেন শেরতে ॥১৭॥
নির্ভয়াঃ পুণ্যকর্ম্মাণো বিশিষ্টাভিজনশ্রুতাঃ।
গতাঃ শরীরৈর্বসুধামূর্জ্জিতৈঃ কর্ম্মভির্দিবম্ ॥১৮॥
অথার্জ্জুনরথং বীরাস্ত্বদীয়াঃ সমভিদ্রবন্।
নানাজনপদাধ্যক্ষাঃ সগণা জাতমন্যবঃ ॥১৯॥

ভারতকৌমুদী

সেতি। সারোহা আরোহিসহিতাঃ। নির্গতানি জিহ্বা অন্ত্রাণি নাড়ীবিশেষাশ্চ যেষাং তে ॥১৫॥

নরেতি। সংস্যূতা গ্রথিতাঃ। চস্খলুঃ স্থানচ্যুতা বভূবুঃ, মম্লুঃ ক্লান্তাশ্চ বভূবুঃ ॥১৬॥

মহেতি। মহার্হাণি মহামূল্যানি বর্ম্মাণি আভরণানি চ যেষাং তে। শেরতে স্ম ॥১৭॥

নিরিতি। বিশিষ্টে উত্তমে অভিজনশ্রুতে কুলশাস্ত্রজ্ঞানে যেষাং তে। উর্জ্জিতৈঃ পুণ্যৈঃ ॥১৮॥

পরে ইন্দ্র যেমন দানবগণকে বিনাশ করিতেন, সেইরূপ অর্জ্জুন শিলাপরিষ্কৃত এবং বজ্র, অগ্নি ও বিষের তুল্য বাণসমূহদ্বারা সংশপ্তকগণকে বিনাশ করিতে লাগিলেন ॥১৪॥

অর্জ্জুন তাড়ন করিতে লাগিলে, বহু অশ্বের জিহ্বা ও নাড়ী নির্গত হইতে থাকিল এবং রক্তে দেহ প্লাবিত হইতে লাগিল, সেই অবস্থায় সেই ক্ষীণ ও বিকটমূর্ত্তি অশ্বগণ আরোহিগণের সহিত ভূতলে পতিত হইতে থাকিল ॥১৫॥

মাননীয় রাজা! অর্জ্জুন নারাচদ্বারা পরস্পর গ্রথিত করিলে, হস্তী, অশ্ব ও পদাতিগণ ঘূর্ণিত, স্খলিত, পতিত ও ম্লান হইতে লাগিল এবং আর্ত্তনাদ করিতে থাকিল ॥১৬॥

যাঁহাদের বর্ম্ম ও আভরণ মহামূল্য এবং বস্ত্র ও অস্ত্র নানাপ্রকার ছিল, সেই বীরেরা অর্জ্জুনকর্তৃক নিহত হইয়া হস্তী, অশ্ব ও রথের সহিত শয়ন করিতে লাগিলেন ॥১৭॥

নির্ভয়, পুণ্যবান্, উচ্চবংশজাত ও উত্তমশাস্ত্রজ্ঞানসম্পন্ন বীরগণের শরীরগুলি ভূতলে পড়িতে লাগিল, আর তাঁহারা পুণ্যকর্ম্মের বলে স্বর্গে যাইতে লাগিলেন ॥১৮॥

(১৭)…সরথাঃ সধ্বজা বীরাঃ…পি বা সো। (১৯) অথার্জ্জুনং রথবরম্…পি বা সো।

উহ্যমানা রথাশ্বেভৈঃ পত্তয়শ্চ জিঘাংসবঃ।
সমভ্যধাবন্নস্যন্তো বিবিধং ক্ষিপ্রমায়ুধম্ ॥২০॥
তদায়ুধমহাবর্ষং ক্ষিপ্তং যোধমহাম্বুদৈঃ।
ব্যধমন্নিশিতৈর্বাণৈঃ ক্ষিপ্রমর্জুনমারুতঃ ॥২১॥
সাশ্বপত্তিদ্বিপরথং মহাশস্ত্রৌঘসঙ্কুলম্।
সহসা সন্তিতীর্ষন্তং পার্থং শস্ত্রাস্ত্রসেতুনা ॥২২॥
অথাব্রবীদ্বাসুদেবঃ পার্থ! কিং ক্রীড়সেঽনঘ!।
সংশপ্তকান্ প্রমথ্যৈনাংস্ততঃ কর্ণবধে ত্বর ॥২৩॥ (যুগ্মকম্)
তথেত্যুক্ত্বার্জ্জুনঃ কৃষ্ণং শিষ্টান্ সংশপ্তকাংস্তদা।
আক্ষিপ্য শস্ত্রেণ বলাদ্দৈত্যানিন্দ্র ইবাবধীৎ ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। সমভিদ্রবন্নিত্যড়ভাব আর্ষঃ। সগণাঃ পরিজনসহিতাঃ, জাতমন্যবঃ ক্রুদ্ধাঃ ॥১৯॥

উহ্যেতি। ইভো হস্তী। জিঘাংসবোঽর্জ্জুনং হন্তুমিচ্ছবঃ। অস্যন্তঃ ক্ষিপন্তঃ ॥২০॥

তদিতি। যোধা মহাম্বুদা ইব তৈঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ। অর্জ্জুনো মারুত ইব অর্জ্জুনমারুতঃ ॥২১॥

সেতি। স্বকীয়শস্ত্রাস্ত্রাণি সেতুরিব তেন, সহসা অবিলম্বেন, সাশ্বপত্তিদ্বিপরথম্, বিপক্ষাণাং মহাশস্ত্রৌঘেন সঙ্কুলং ব্যাপ্তম্, সাগরমিব সমরমিতি শেষঃ, সন্তিতীর্ষন্তং সম্যক্ তর্ত্তুমিচ্ছন্তং পার্থম্, বাসুদেবোঽব্রবীৎ। ক্রীড়সে খেলসি। প্রমথ্য বিনাশ্য। ত্বর ত্বরস্ব ॥২২—২৩॥

মহারাজ! পরে নানাদেশের অধীশ্বর ভবৎপক্ষীয় বীরেরা ক্রুদ্ধ হইয়া অনুচরগণের সহিত অর্জ্জুনের রথের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

রথারোহী, অশ্বারোহী, গজারোহী এবং পদাতিরাও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া সত্বর সত্বর নানাবিধ অস্ত্র ক্ষেপ করিতে করিতে ধাবিত হইলেন ॥২০॥

তখন মহামেঘের বারিবর্ষণের ন্যায় যোদ্ধারা নানাবিধ অস্ত্র বর্ষণ করিতে লাগিলে, বায়ুর ন্যায় অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা তাহা নিবারণ করিতে লাগিলেন ॥২১॥

অর্জ্জুন সেতুর তুল্য স্বকীয় শস্ত্র ও অস্ত্রদ্বারা বিপক্ষের মহাশস্ত্রসমূহে ব্যাপ্ত এবং হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত সমুদ্রতুল্য যুদ্ধ হইতে সত্বর উত্তীর্ণ হইবার ইচ্ছা করিতেছিলেন, এমন সময়ে কৃষ্ণ তাঁহাকে বলিলেন—'নিষ্পাপ অর্জ্জুন! তুমি কি খেলা করিতেছ, এই সংশপ্তকগণকে বিনাশ করিয়া পরে কর্ণবধে সত্বর হও' ॥২২—২৩॥

(২১)…যুক্তং যোধমহাম্বুদৈঃ…পি বা সো। (২২)…মহাশস্ত্রৌঘসংপ্লবম্…পি নি,…পার্থশস্ত্রাস্ত্রসেতুনা—পি বা সো। (২৪)…ক্ষপয়িষ্যংস্তদা বাণৈর্দৈত্যান্…নি।

আদদৎ সন্দধন্মেষূন্ দৃষ্টঃ কৈশ্চিদ্রণেঽর্জ্জুনঃ।
বিমুঞ্চন্ বা শরান্ শীঘ্রং দৃশ্যন্তে বৈ নরা হতাঃ ॥২৫॥
আশ্চর্য্যমিতি গোবিন্দো ব্রুবন্নশ্বানচোদয়ৎ।
হংসাংশুগৌরাস্তে সেনাং হংসাঃ সর ইবাবিশন্ ॥২৬॥
ততঃ সংগ্রামভূমিং তাং বর্ত্তমানে জনক্ষয়ে।
অবেক্ষমাণো গোবিন্দঃ সব্যসাচিনমব্রবীৎ ॥২৭॥
এষ পার্থ! মহারৌদ্রো বর্ত্ততে ভরত! ক্ষয়ঃ।
পৃথিব্যাং পার্থিবানাং বৈ দুর্য্যোধনকৃতে মহান্ ॥২৮॥
পশ্য ভারত! চাপানি রুক্মপৃষ্ঠানি ধন্বিনাম্।
হতানামপবিদ্ধানি কলাপানিষুধীংস্তথা ॥২৯॥

ভারতকৌমুদী

তথেতি। শিষ্টান্ অবশিষ্টান্। আক্ষিপ্য শস্ত্রমেব নিক্ষিপ্য ॥২৪॥

অর্জ্জুনস্য লঘুহস্ততাং বর্ণয়তি আদদদিতি। ইষূন্ বাণান্। বিমুঞ্চন্ নিক্ষিপন্ ॥২৫॥

আশ্চর্য্যমিতি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। হংসবৎ অংশুবৎ চন্দ্রকিরণবচ্চ গৌরাঃ, তে অশ্বাঃ ॥২৬॥

তত ইতি। অবেক্ষমাণঃ পশ্যন্, সব্যসাচিনমর্জ্জুনম্ ॥২৭॥

এষ ইতি। দুর্য্যোধনকৃতে দুর্য্যোধননিমিত্তঃ, তেনৈব রাজ্যাদানেন যুদ্ধঘটনাদিতি ভাবঃ ॥২৮॥

'তাহাই হউক' এই কথা কৃষ্ণকে বলিয়া ইন্দ্র যেমন দৈত্যগণকে বধ করিতেন, সেইরূপ অর্জ্জুন তখন বলপূর্ব্বক অস্ত্রনিক্ষেপ করিয়া অবশিষ্ট সংশপ্তকগণকে বধ করিলেন ॥২৪॥

তখন অর্জ্জুনের বাণগ্রহণ, বাণসন্ধান ও বাণক্ষেপ ইহার কোনটাই কেহ দেখিতে পায় নাই—কেবল মানুষ সত্বর সত্বর নিহত হইতেছে ইহা সকলে দেখিতে লাগিল ॥২৫॥

ক্রমে কৃষ্ণ 'আশ্চর্য্য' এই কথা বলিতে বলিতে অশ্বগুলিকে চালাইয়া দিলেন; তখন হংস ও চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ সেই অশ্বগণ—হংস যেমন জলাশয়ে প্রবেশ করে, সেইরূপ বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশ করিল ॥২৬॥

সেইরূপ লোকক্ষয় চলিতে লাগিলে, কৃষ্ণ সমরভূমি দেখিতে দেখিতে অর্জ্জুনকে বলিতে লাগিলেন—॥২৭॥

'ভরতনন্দন অর্জ্জুন! একমাত্র দুর্য্যোধনের জন্যই এই পৃথিবীর রাজগণের মহাভীষণ মহাক্ষয় চলিতেছে ॥২৮॥

---

(২৯)…মহতাঞ্চাপবিদ্ধানি…পি বা সো।

জাতরূপময়ৈঃ পুঙ্খৈঃ শরাংশ্চ নতপর্ব্বণঃ।
তৈলধৌতাংশ্চ নারাচান্ নির্ম্মুক্তানিব পন্নগান্ ॥৩০॥
আকীর্ণাংস্তোমরাংশ্চাপি বিচিত্রান্ হেমভূষিতান্।
চর্ম্মাণি চাপবিদ্ধানি রুক্মপৃষ্ঠানি ভারত! ॥৩১॥
সুবর্ণবিকৃতান্ প্রাসান্ শক্তীঃ কনকভূষিতাঃ।
জাম্বূনদময়ৈঃ পট্টৈর্বদ্ধাশ্চ বিপুলা গদাঃ ॥৩২॥
জাতরূপময়ীশ্চর্ষ্টীঃ পট্টিশান্ হেমভূষিতান্।
দণ্ডৈঃ কনকচিত্রৈশ্চ বিপ্রবিদ্ধান্ পরশ্বধান্ ॥৩৩॥
পরিঘান্ ভিন্দিপালাংশ্চ ভূষুণ্ডীঃ কণপানপি।
অয়স্কুন্তাংশ্চ পতিতান্ মুসলানি গুরূণি চ ॥৩৪॥ (কুলকম্)
নানাবিধানি শস্ত্রাণি প্রগৃহ্য জয়গৃদ্ধিনঃ।
জীবন্ত ইব দৃশ্যন্তে গতসত্ত্বাস্তরস্বিনঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

অথ রূপকবিষ্কম্ভকবৎ ষড়্ভিঃ শ্লোকৈঃ কুলকেন সমরাবস্থাং বর্ণয়তি পশ্যেতি। রুক্মপৃষ্ঠানি স্বর্ণখচিতপৃষ্ঠানি। অপবিদ্ধানি পতিতানি, কলাপান্ ভূষণানি, ইষুধীন্ তূণান্। জাতরূপময়ৈঃ স্বর্ণময়ৈঃ, পুঙ্খৈর্মূলদেশৈর্যুক্তান্, নতপর্ব্বণো বক্রোপান্তান্। নির্ম্মুক্তান্ মুক্তচর্ম্মণঃ। আকীর্ণান্ সর্ব্বতো বিক্ষিপ্তান্। সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্। জাম্বূনদময়ৈঃ স্বর্ণময়ৈঃ। ঋষ্টীঃ অস্ত্রবিশেষান্। বিপ্রবিদ্ধান্ সংলগ্নান্। অয়স্কুন্তান্ লৌহকুন্তান্। গুরূণি মহান্তি ॥২৯—৩৪॥

নানেতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ, তরস্বিনো বলবন্তঃ ॥৩৫॥

ভরতনন্দন! দেখ—নিহত ধনুর্দ্ধরগণের স্বর্ণখচিত ধনু, অলঙ্কার ও তূণ সকল পতিত রহিয়াছে এবং স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব বাণ, ত্যক্তচর্ম্ম-সর্পতুল্য ও তৈলাক্ত নারাচ, ইতস্ততঃ বিক্ষিপ্ত স্বর্ণভূষিত বিচিত্র তোমর, স্বর্ণখচিত চর্ম্ম, স্বর্ণখচিত প্রাস, স্বর্ণালঙ্কৃত শক্তি, স্বর্ণপট্টবদ্ধ বিশাল গদা, স্বর্ণময় ঋষ্টি, স্বর্ণভূষিত পট্টিশ, স্বর্ণদণ্ডযুক্ত পরশু, পরিঘ, ভিন্দিপাল, ভুষুণ্ডী, কণপ, লৌহকুন্ত ও বিশাল মুসল সকল পতিত রহিয়াছে ॥২৯—৩৪॥

জয়াভিলাষী বলবান্ যোদ্ধারা নানাবিধ অস্ত্র ধারণ করিয়া পতিত রহিয়াছেন; ইঁহাদের প্রাণ গিয়া থাকিলেও ইঁহাদিগকে জীবিতের ন্যায়ই দেখা যাইতেছে ॥৩৫॥

• (৩১) আকীর্ণাংস্তোমরান্ বাহাংশ্ছত্রান্ হেমবিভূষিতান্...নি। (৩৩) জাতরূপময়ীর্যষ্টীঃ...পি।

গদাবিমথিতৈর্গাত্রৈর্মুসলৈর্ভিন্নমস্তকান্ ।
গজবাজিরথৈঃ ক্ষুণ্ণান্ পশ্য যোধান্ সহস্রশঃ ॥৩৬॥
মনুষ্যগজবাজীনাং শরশক্ত্যৃষ্টিতোমরৈঃ ।
নিস্ত্রিংশৈঃ পট্টিশৈঃ প্রাসৈর্নখরৈর্লগুড়ৈরপি ॥৩৭॥
শরীরৈর্বহুধা চ্ছিন্নৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ ।
গতাসুভিরমিত্রঘ্ন ! সংবৃতা রণভূময়ঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সাঙ্গদৈঃ শুভভূষণৈঃ ।
সতলত্রৈঃ সকেয়ূরৈর্ভাতি ভারত ! মেদিনী ॥৩৯॥
সাঙ্গুলিত্রৈর্ভুজাগ্রৈশ্চ বিপ্রবিদ্ধৈরলঙ্কৃতৈঃ ।
হস্তিহস্তোপমৈশ্ছিন্নৈরূরুভিশ্চ তরস্বিনাম্ ॥৪০॥
বদ্ধচূড়ামণিবরৈঃ শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ ।
গজবাজিমনুষ্যাণাং শরশক্ত্যৃষ্টিতোমরৈঃ ॥৪১॥

ভারতকৌমুদী

গদেতি । ভিন্নমস্তকান্ বিদীর্ণশিরসঃ । ক্ষুণ্ণান্ পোথিতান্ ॥৩৬॥
মনুষ্যেতি । নিস্ত্রিংশৈরসিভিঃ । নখরৈরস্ত্রবিশেষৈঃ । গতাসুভির্নির্গতপ্রাণৈঃ ॥৩৭—৩৮॥
বাহুভিরিতি । চন্দনেন আদিগ্ধৈঃ সংলিপ্তৈঃ । সতলত্রৈর্হস্তাবাপযুক্তৈঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

রথাধস্থং দারু ॥১১—১৪॥ নির্জিহ্বান্ত্রাঃ নির্গতা জিহ্বাঃ অন্ত্রাণি চ যেষাং তে ॥১৫—২৮॥ কলাপানলঙ্কারান্ ॥২৯—৩০॥ আকীর্ণান্ সর্বতো বিক্ষিপ্তান্ ॥৩১—৩৬॥ বাজীনাং শরীরৈরিতি সম্বন্ধঃ, দৈর্ঘ্যমার্ষম্ ॥৩৭—৬৫॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪॥

অর্জ্জুন দেখ—গদাপ্রহারে অঙ্গ সকল মথিত ও মুসলাঘাতে মস্তক সকল বিদীর্ণ হইয়াছে এবং হস্তী, অশ্ব ও রথের নীচে পড়িয়া শরীরগুলি পোথিত (থেতো) হইয়া গিয়াছে, এহেন সহস্র সহস্র যোদ্ধা ভূশায়ী হইয়া রহিয়াছেন ॥৩৬॥

শত্রুনাশক ! বাণ, শক্তি, ঋষ্টি, তোমর, তরবারি, পট্টিশ, প্রাস, নখর ও লগুড়ের আঘাতে হস্তী, অশ্ব ও মনুষ্যগণের শরীর সকল বহুভাবে ছিন্ন, মথিত ও রক্তাক্ত হইয়া গিয়াছে; এহেন প্রাণহীন বীরগণে রণভূমি আবৃত হইয়া রহিয়াছে ॥৩৭—৩৮॥

ভরতনন্দন ! চন্দনলিপ্ত, বলয়যুক্ত, অন্যান্যভূষণ ও তলত্রসমন্বিত এবং কেয়ূর-শোভিত বাহুসকলদ্বারা সমরভূমি শোভা পাইতেছে ॥৩৯॥

---

(৩৬)···ভগ্নমস্তকান্···পি। (৪১) অস্য পরার্দ্ধং পরশ্লোকশ্চ পি বা সো নাস্তি।

কবন্ধৈঃ শোণিতাদিগ্ধৈশ্ছিন্নগাত্রশিরোধরৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ! শান্তাগ্নিভিরিবাধ্বরে ॥৪২॥ (বিশেষকম্)
রথাংশ্চ বহুধা ভগ্নান্ হেমকিঙ্কিণিনঃ শুভান্।
অশ্বাংশ্চ বহুধা পশ্য শোণিতেন পরিপ্লুতান্ ॥৪৩॥
অনুকর্ষানুপাসঙ্গান্ পতাকা বিবিধান্ ধ্বজান্।
যোধানাঞ্চ মহাশঙ্খান্ পাণ্ডুরাংশ্চ প্রকীর্ণকান্ ॥৪৪॥
নিরস্তজিহ্বান্ মাতঙ্গান্ শয়ানান্ পর্ব্বতোপমান্।
বৈজয়ন্তীর্বিচিত্রাশ্চ হতাংশ্চ গজযোধিনঃ ॥৪৫॥
বারণানাং পরিস্তোমান্ সংযুক্তানেককম্বলান্।
বিপাটিতবিচিত্রাশ্চ রূপচিত্রাঃ কুথাস্তথা ॥৪৬॥
ভিন্নাশ্চ বহুধা ঘণ্টাঃ পতদ্ভিশ্চূর্ণিতা গজৈঃ।
বৈদূর্য্যমণিদণ্ডাংশ্চ পতিতাংশ্চাঙ্কুশান্ ভুবি ॥৪৭॥
অশ্বানাঞ্চ যুগাপীড়ান্ রত্নচিত্রানুরশ্ছদান্।
বিদ্ধাঃ সাদিধ্বজাগ্রেষু সুবর্ণবিকৃতাঃ কুথাঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

সেতি। ভুজাগ্রৈহস্তৈঃ, বিপ্রবিদ্ধৈঃ পতিতৈঃ। হস্তিহস্তোপমৈর্হস্তিশুণ্ডাতুল্যৈঃ। তরস্বিনাং বলবতাম্। বদ্ধাশ্চূড়ামণিবরা যেষু তৈঃ। শোণিতাদিগ্ধৈঃ রক্তাক্তৈঃ, ছিন্না গাত্রশিরোধরা অঙ্গগ্রীবা যেষাং তৈঃ। শান্তাগ্নিভিঃ নির্বাণবহ্নিভিঃ, অধ্বরে যজ্ঞস্থলে ॥৪০—৪২॥

পুনরষ্টভিঃ কুলকেন সমরভূমিমেব বর্ণয়তি রথানিতি। হেমকিঙ্কিণ্য এষাং সন্তীতি তান্। গ্রীষ্মাদিত্বাদিন্। অনুকর্ষান্ রথগতদারুবিশেষান্, উপাসঙ্গান্ তূণান্। প্রকীর্ণকান্ চামরাণি। নিরস্তাঃ পাতিতা জিহ্বা যেষাং তান্। বৈজয়ন্তীঃ পতাকাঃ। বারণানাং গজানাং পরিস্তোমান্ পৃষ্ঠাস্তরণানি, সংযুক্তানি অনেকানি কম্বলানি যেষু তান্। বিপাটিতাশ্চ

ভরতশ্রেষ্ঠ! নিপতিত অলঙ্কৃত ও অঙ্গুলিত্রযুক্ত বলবান্ বীরগণের হস্ত, হস্তিশুণ্ডতুল্য ছিন্ন উরু, চূড়ামণি ও কুণ্ডলযুক্ত মস্তক, আর বাণ, শক্তি, ঋষ্টি ও তোমরদ্বারা অঙ্গ গ্রীবা ছিন্ন হওয়ায় রক্তাক্ত হস্তী, অশ্ব ও মনুষ্যগণের কবন্ধে নির্ব্বাণ অগ্নিদ্বারা যজ্ঞভূমির ন্যায় সমরভূমি শোভিত হইয়াছে ॥৪০—৪২॥

অর্জ্জুন! দেখ—স্বর্ণকিঙ্কিণীযুক্ত সুন্দর সুন্দর রথ বহুপ্রকারে ভগ্ন হইয়াছে; বহুবিধ অশ্ব রক্তাক্ত অবস্থায় পড়িয়া রহিয়াছে এবং রথের কাঠ, তূণ, পতাকা, নানাবিধ ধ্বজ, যোদ্ধাদের বিশাল শঙ্খ, শুভ্রবর্ণ চামর, জিহ্বাশূন্য শয়িত পর্ব্বত-

(৪৬)…সুযুক্তানেককম্বলান্…পি বা,…সুযুক্তানেব কম্বলান্…সো। (৪৮)…বদ্ধাঃ সাদিধ্বজাগ্রেষু সুবর্ণবিকৃতাঃ কশাঃ—পি।

বিচিত্রান্ মণিচিত্রাংশ্চ জাতরূপপরিষ্কৃতান্।
অশ্বাস্তরপরিস্তোমান্ রাঙ্কবান্ পতিতান্ ভুবি ॥৪৯॥
চূড়ামণীন্ নরেন্দ্রাণাং বিচিত্রাঃ কনকস্রজঃ।
ছত্রাণি চাপবিদ্ধানি চামরব্যজনানি চ ॥৫০॥ (কুলকম্)
চন্দ্রনক্ষত্রভাসৈশ্চ বদনৈশ্চারুকুণ্ডলৈঃ।
কৢপ্তশ্মশ্রুভিরত্যর্থং বীরাণাং সমলঙ্কৃতৈঃ ॥৫১॥
বদনৈঃ পশ্য সংছন্নাং মহীং শোণিতকর্দ্দমাম্।
সজীবাংশ্চ নরান্ পশ্য কূজমানান্ সমন্ততঃ ॥৫২॥ (যুগ্মকম্)
উপাস্যমানাংশ্চ বহূন্ ন্যস্তশস্ত্রৈশ্চ ভূপতে!।
জ্ঞাতিভিশ্চ জলাক্লিন্নান্ রোদমানৈর্মুহুর্মুহুঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তা বিচিত্রাশ্চেতি তাঃ, কুথা অপ্যাস্তরণানি। ভিন্না বিদীর্ণাঃ। যুগস্থ রথদারুবিশেষস্থ আপীড়ান্ শেখরান্, উরশ্ছদান্ বর্ম্মাণি। বিদ্ধা বাণগ্রথিতাঃ, সাদিনামারোহিণাং ধ্বজাগ্রেষু, সুবর্ণবিকৃতাঃ স্বর্ণখচিতাঃ, কুথা আস্তরণানি। অশ্বানামাস্তরপরিস্তোমান্ আস্তরণবস্ত্রাণি, রাঙ্কবান্ রঙ্কুমৃগরোমনির্ম্মিতান্। কনকস্রজঃ স্বর্ণমালাঃ। অপবিদ্ধানি পতিতানি ॥৪৩—৫০॥

চন্দ্রেতি। চন্দ্রনক্ষত্রয়োরিব ভাসঃ প্রভা যেষাং তৈঃ, চারুকুণ্ডলৈশ্চ বীরাণাং বদনৈঃ, অত্যর্থং কৢপ্তশ্মশ্রুভিঃ রচিতরোমভিঃ সমলঙ্কৃতৈশ্চ বীরাণাং বদনৈশ্চ সংছন্নাম্, শোণিতকর্দ্দমাঞ্চ মহীং পশ্য। কূজমানান্ বেদনয়া অব্যক্তশব্দং কুর্বতঃ সজীবান্ নরাংশ্চ সমন্ততঃ পশ্য ॥৫১-৫২॥

প্রমাণ হস্তী সকল, বিচিত্র পতাকা, নিহত হস্তিযোদ্ধা, হস্তিগণের পৃষ্ঠাস্তরণ, তৎসংলগ্ন বহুতর কম্বল, মূর্ত্তিচিত্রযুক্ত ছিন্ন বিচিত্র আস্তরণ, বিদীর্ণ ও পতনশীল হস্তিগণচূর্ণিত বহুতর ঘণ্টা, বৈদূর্য্যমণিময় দণ্ড, ভূতলপতিত অঙ্কুশ, অশ্বগণের তির্য্যক্‌কাষ্ঠের মালা, রত্নবিচিত্র বর্ম্ম, আরোহীদিগের ধ্বজাগ্রে গ্রথিত স্বর্ণখচিত আস্তরণ, ভূতলগত বিচিত্র মণিমণ্ডিত স্বর্ণখচিত রঙ্কুমৃগলোমনির্ম্মিত অশ্বাস্তরণ, আর রাজাদের চূড়ামণি, বিচিত্র স্বর্ণমালা, ছত্র, চামর ও ব্যজন সকল পতিত রহিয়াছে ॥৪৩—৫০॥

অর্জ্জুন দেখ—চন্দ্র ও নক্ষত্রের ন্যায় উজ্জ্বল এবং সুন্দরকুণ্ডলযুক্ত বীরগণের মুখ, আর নিবিড়শ্মশ্রুধারী ও অলঙ্কৃত অন্য বীরদিগের মুখমণ্ডলে সমরভূমি আবৃত হইয়া গিয়াছে এবং রক্তের কর্দ্দম হইয়াছে; আরও দেখ—জীবিত মানুষেরা সকল দিকে বেদনায় অব্যক্ত শব্দ করিতেছে ॥৫১—৫২॥

(৫১)…কৢপ্তশ্মশ্রুভিরাকীর্ণাং পূর্ণচন্দ্রনিভৈর্মহীম্—পি বা সো। (৫২) এতৎ প্রভৃতয়ঃ সপ্ত শ্লোকাঃ পি বা সো অন্যবিধা দ্রষ্টব্যাঃ।

উৎক্রান্তানপরান্ যোধাংশ্ছাদয়িত্বা তরস্বিনঃ।
পুনর্যুদ্ধায় গচ্ছন্তি জয়ে লুব্ধাঃ প্রমন্যবঃ ॥৫৪॥
অপরে তত্র তত্রৈব পরিধাবন্তি মানবাঃ।
সন্নিবৃত্তাশ্চ তে শূরা দৃষ্ট্বা চৈতান্ বিচেতসঃ ॥৫৫॥
জলং ত্যক্ত্বা প্রধাবন্তি ক্রোশমানাঃ পরস্পরম্।
জলং পীত্বা মৃতান্ পশ্য পিবতোঽন্যাংশ্চ ভারত! ॥৫৬॥
পরিষ্বজ্য প্রিয়ানন্যে বান্ধবান্ বন্ধুবৎসলাঃ।
বিসংজ্ঞান্ সমরে যোধাংস্তত্র তত্র মহারণে ॥৫৭॥
পশ্যাপরান্ নরশ্রেষ্ঠ! সন্দষ্টৌষ্ঠপুটান্ পুনঃ।
ভ্রুকুটীকুটিলৈর্ব্বক্ত্রৈঃ প্রেক্ষমাণান্ মহারণম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

উপাস্তেতি। উপাস্যমানান্ পরিচর্য্যমানান্। হে ভূপতে! ক্ষত্রিয়! অর্জ্জুন!। জলক্লিন্নান্ বেদনোপশমার্থং জলসেকেন সংবাহ্যমানান্। পশ্যেত্যনুবৃত্তিঃ ॥৫৩॥

উৎক্রান্তানিতি। উৎক্রান্তান্ নির্গতপ্রাণান্। তরস্বিনো বলবন্তঃ। প্রমন্যবঃ ক্রুদ্ধাঃ ॥৫৪॥

অপর ইতি। পরিধাবন্তি যুদ্ধায়। এতান্ আত্মীয়ান্, বিচেতসঃ অচেতনান্ ॥৫৫॥

জলমিতি। জলং মৃত্যুনা জড়ীভূতং নিস্পন্দমাত্মীয়ম্, প্রধাবন্তি প্রহারায় ॥৫৬॥

পরীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য তিষ্ঠন্তীতি শেষঃ। বিসংজ্ঞান্ প্রহারেণাচেতনীভূতান্ ॥৫৭॥

পশ্যেতি। সন্দষ্টানি দন্তৈঃ পীড়িতানি ওষ্ঠপুটানি যৈস্তান্ ॥৫৮॥

বীর! ঐ দেখ—বহুতর যোদ্ধা অস্ত্রের আঘাতে দারুণ বেদনা অনুভব করিতেছে, তাহাদের আত্মীয়েরা অস্ত্রত্যাগ করিয়া রোদন করিতে থাকিয়া জলসেকপূর্ব্বক তাহাদিগকে অনবরত সংবাহন করতঃ পরিচর্য্যা করিতেছে ॥৫৩॥

জয়াভিলাষী কতকগুলি বলবান্ বীর মৃত অন্য যোদ্ধাদিগকে বস্ত্রদ্বারা আবৃত করিয়া রাখিয়া ক্রুদ্ধ হইয়া পুনরায় যুদ্ধের জন্য গমন করিতেছেন ॥৫৪॥

অন্য বীর সৈন্যেরা যুদ্ধ করিবার জন্য ধাবিত হইয়াছিলেন; কিন্তু তাঁহারা আত্মীয়গণকে অচেতন দেখিয়া সেই দিকে ফিরিয়া আসিতেছেন ॥৫৫॥

ভরতনন্দন! দেখ—অনেক সৈন্য মৃত আত্মীয়কে ত্যাগ করিয়া পরস্পর আক্রোশ করিতে থাকিয়া যুদ্ধের জন্য ধাবিত হইতেছে; অনেকে জলপান করিয়া প্রাণত্যাগ করিতেছে এবং অনেকে জলপান করিতেছে ॥৫৬॥

প্রিয়-বান্ধব যোদ্ধারা মহাযুদ্ধে সেই সেই স্থানে অচৈতন্য হইয়া পড়িয়াছে এবং বন্ধুবৎসল অন্যেরা যাইয়া তাহাদিগকে আলিঙ্গন করিতেছে ॥৫৭॥

এতত্ত্বৈবানুরূপং কর্ম্মার্জ্জুন! মহাহবে।
দিবি বা দেবরাজস্য ত্বয়া যৎ কৃতমাহবে ॥৫৯॥

সঞ্জয় উবাচ।

এবং তাং দর্শয়ন্ কৃষ্ণো যুদ্ধভূমিং কিরীটিনে।
গচ্ছন্নেবাশৃণোচ্ছব্দং দুর্য্যোধনবলে মহৎ ॥৬০॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষং ভেরীপণবনিস্বনম্।
রথাশ্বনরনাগানাং পাদশব্দাংশ্চ দারুণান্ ॥৬১॥ (যুগ্মকম্)
প্রবিশ্য তদ্বলং কৃষ্ণস্তুরগৈর্ব্বাতবেগিতৈঃ।
পাণ্ড্যেনাভ্যর্দ্দিতং সৈন্যং ত্বদীয়ং বীক্ষ্য বিস্মিতঃ ॥৬২॥
স হি নানাবিধৈর্ব্বাণৈরিষ্বস্ত্রপ্রবরো যুধি।
ন্যহনদ্দ্বিষতাং পূগান্ গতাসূনন্তকো যথা ॥৬৩॥

ভারতকৌমুদী

এতদিতি। বাক্যভেদেনান্বয়াৎ আহবশব্দস্যাপৌনরুক্ত্যম্ ॥৫৯॥

এবমিতি। মহদিতি ক্লীবত্বমার্ষম্। রথানাং পাদাশ্চক্রাণি ॥৬০—৬১॥

প্রবিশ্যেতি। বাতস্যেব বেগ এষাং সঞ্জাত ইতি বাতবেগিতাস্তৈঃ ॥৬২॥

স ইতি। ইষুষু বাণেষু অপরেষস্ত্রেষু চ প্রবরঃ। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। পূগান্ সমূহান্, গতা গমনোন্মুখা অসবঃ প্রাণা যেষাং তান্ ॥৬৩॥

নরশ্রেষ্ঠ! দেখ—অপর সৈন্যেরা ওষ্ঠপুট দংশন করিয়া ভ্রূকুটীকুটিল মুখে মহাযুদ্ধ দর্শন করিতেছে ॥৫৮॥

অর্জ্জুন! তুমি আজ যুদ্ধে যাহা করিয়াছ, ইহা মহাযুদ্ধে তোমারই বা স্বর্গের দেবরাজেরই অনুরূপ হইয়াছে' ॥৫৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কৃষ্ণ এইভাবে অর্জ্জুনকে রণভূমি দেখাইতে দেখাইতে যাইতে থাকিয়া দুর্য্যোধনসৈন্যমধ্যে বিশাল কোলাহল, শঙ্খ ও দুন্দুভি-ধ্বনি, ভেরী ও পণবের নিনাদ এবং দারুণ হস্তী, অশ্ব, রথ ও পদাতির শব্দ শুনিতে পাইলেন ॥৬০—৬১॥

কৃষ্ণ বায়ুর ন্যায় বেগবান্ অশ্বগণের গুণে সেই সৈন্যমধ্যে প্রবেশ করিয়া আপনার সৈন্য পাণ্ড্যকর্ত্তৃক নিপীড়িত হইতেছে দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৬২॥

যম যেমন মুমূর্ষু লোকদিগকে বিনাশ করেন, সেইরূপ বাণাস্ত্রপ্রধান পাণ্ড্যরাজা নানাবিধ বাণদ্বারা যুদ্ধে শত্রুসমূহ বিনাশ করিতেছিলেন ॥৬৩॥

---

(৬০)...কিরীটিনি...পি। (৬১)...রথাশ্বগজনাদাংশ্চ শস্ত্রশব্দাংশ্চ দারুণান্—পি বা সো। (৬২)...বীক্ষ্য বিষ্ঠিতঃ—পি।

গজবাজিমনুষ্যাণাং শরীরাণি শিতৈঃ শরৈঃ।
ভিত্ত্বা প্রহরতাং শ্রেষ্ঠো বিদেহাসূনপাতয়ৎ ॥৬৪॥
শত্রুপ্রবীরৈরস্ত্রাণি নানা শস্ত্রাণি সায়কৈঃ।
ছিত্ত্বা তানবধীচ্ছত্রূন্ পাণ্ড্যঃ শক্র ইবাসুরান্ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

পঞ্চদশোঽধ্যায়ঃ।

——:-০-:——

ধৃতরাষ্ট্র উবাচ।

প্রোক্তস্ত্বয়া পূর্বমেব প্রবীরো লোকবিশ্রুতঃ।
ন ত্বস্য কর্ম্ম সংগ্রামে ত্বয়া সঞ্জয়! কীর্ত্তিতম্ ॥১॥

ভারতকৌমুদী

গজেতি। শিতৈঃ সুধারৈঃ। বিগতা দেহা অসবঃ প্রাণাশ্চ যেষাং তান্ ॥৬৪॥

শত্রিতি। শত্রুপ্রবীরৈঃ ক্ষিপ্তানীতি শেষঃ, অস্ত্রাণি দূরে ক্ষেপযোগ্যানি বাণাদীনি, শস্ত্রাণি সন্নিধৌ হিংসাসাধনানি অসিপ্রভৃতীনি "অসু ক্ষেপণে, শসু হিংসায়াম্" ইতি ধাত্বর্থানুসারাৎ ॥৬৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

প্রোক্ত ইতি। প্রবীরঃ প্রধানবীরঃ পাণ্ড্য ইতি পূর্বাধ্যায়াদনুবৃত্তিঃ ॥১॥

বীরশ্রেষ্ঠ পাণ্ড্যরাজা সুধার বাণসমূহদ্বারা হস্তী, অশ্ব ও মনুষ্যদিগের শরীর বিদীর্ণ করিয়া করিয়া প্রাণহীন অবস্থায় নিপাতিত করিতেছিলেন ॥৬৪॥

শত্রুপক্ষের প্রধান বীরেরা যে নানাবিধ অস্ত্র-শস্ত্র নিক্ষেপ করিতেছিলেন, পাণ্ড্যরাজা বাণদ্বারা সেগুলিকে ছেদন করিয়া—ইন্দ্র যেমন অসুর বধ করিতেন, সেইরূপ শত্রু বধ করিতেছিলেন ॥৬৫॥

——:-০-:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি, জগদ্বিখ্যাত প্রধান বীর পাণ্ড্যের কথা পূর্ব্বেই বলিয়াছ, কিন্তু যুদ্ধে উঁহার কর্ম্মের কথা বল নাই ॥১॥

* '...উনবিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '...বিংশোঽধ্যায়ঃ' বা।

তস্য বিস্তরশো ব্রূহি প্রবীরস্যাদ্য বিক্রমম্।
শিক্ষাং প্রভাবং বীর্য্যঞ্চ প্রমাণং দর্পমেব চ ॥২॥

সঞ্জয় উবাচ।

ভীষ্মদ্রোণকৃপদ্রৌণি-কর্ণার্জ্জুনজনার্দ্দনান্।
সমাপ্তবিদ্যান্ ধনুষি শ্রেষ্ঠান্ যান্ মন্যসে রথান্ ॥৩॥
যো হ্যাক্ষিপতি বীর্য্যেণ সর্বানেতান্ মহারথান্।
ন মেনে চাত্মনা তুল্যং কঞ্চিদেব নরেশ্বরম্ ॥৪॥
তুল্যতাং দ্রোণভীষ্মাভ্যামাত্মনো যো ন মৃষ্যতে।
বাসুদেবার্জ্জুনাভ্যাঞ্চ ন্যূনতাং নৈচ্ছতাত্মনি ॥৫॥
স পাণ্ড্যোঽর্থপতিশ্রেষ্ঠঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ।
কর্ণস্যানীকমহনৎ পাশহস্ত ইবান্তকঃ ॥৬॥ (কলাপকম্)
তদুদীর্ণরথাশ্বেভং পত্তিপ্রবরসঙ্কুলম্।
কুলালচক্রবদ্ভ্রান্তং পাণ্ড্যেনাভ্যাহতং বলম্ ॥৭॥

ভারতকৌমুদী

তস্যেতি। প্রভাবং ক্ষমতাম্, বীর্য্যং শক্তিম্, প্রমাণং নিদর্শনম্ ॥২॥

ভীষ্মেতি। দ্রৌণিরশ্বত্থামা। রথান্ রথিনঃ। আক্ষিপতি তিরস্করোতি। মৃষ্যতে সহতে। নৈচ্ছত নৈচ্ছৎ নাঙ্গীকৃতবানিত্যর্থঃ। অর্থপতিশ্রেষ্ঠো ধনিপ্রধানঃ। অনীকং সৈন্যম্, অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। পাশহস্তো বন্ধনরজ্জুহস্তঃ ॥৩—৬॥

অতএব এখন বিস্তরক্রমে সেই প্রধান বীরের বিক্রম, শিক্ষা, প্রভাব, বল, নিদর্শন ও দর্পের কথা বল' ॥২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ধনুর্ব্বেদবিদ্যাশিক্ষাসমাপ্তকারী যে ভীষ্ম, দ্রোণ, কৃপ, অশ্বত্থামা, কর্ণ, অর্জ্জুন ও কৃষ্ণকে আপনি শ্রেষ্ঠ রথী বলিয়া মনে করেন, এই সমস্ত মহারথকে যিনি বলবিষয়ে তিরস্কার করিতেন, যিনি কোন রাজাকেই নিজের তুল্য মনে করিতেন না, কেহ ভীষ্ম ও দ্রোণের সহিত নিজের তুলনা করিলে, যিনি তাহা সহ্য করিতেন না এবং যিনি কৃষ্ণ ও অর্জ্জুন অপেক্ষা নিজের ন্যূনতা স্বীকার করিতেন না, ধনিশ্রেষ্ঠ ও সর্ব্বশস্ত্রধারিপ্রধান সেই পাণ্ড্য পাশহস্ত যমের ন্যায় কর্ণের সৈন্য সংহার করিতেছিলেন ॥৩—৬॥

(২)···প্রবীরস্যাত্র বিক্রমম্···পি। (৫) তুল্যতাং কর্ণভীষ্মাভ্যাম্···পি। (৬) স পাণ্ড্যো নৃপতিশ্রেষ্ঠঃ···পরাভূত ইবান্তকঃ—পি বা সো। (৭) তদুদীর্ণরথাশ্বঞ্চ···পি বা সো,···অভ্যাহতং বলাৎ—বা সো নি।

সাশ্বসূতধ্বজরথান্ বিপ্রবিদ্ধান্ বরদ্বিপান্।
সম্যগস্তৈঃ শরৈঃ পাণ্ড্যো বায়ুর্মেঘানিবাক্ষিপৎ ॥৮॥
দ্বিরদান্ দ্বিরদারোহান্ বিপতাকায়ুধধ্বজান্।
সপাদরক্ষানহনদ্বজ্রেণাদ্রীনিবাদ্রিহা ॥৯॥
সশক্তিপ্রাসতূণীরানশ্বারোহান্ হয়ানপি।
পুলিন্দখসবাহ্লীকনিষাদান্ধককুন্তলান্ ॥১০॥
দাক্ষিণাত্যাংশ্চ ভোজাংশ্চ শূরান্ সংগ্রামকর্কশান্।
বিশস্ত্রকবচান্ বাণৈঃ কৃত্বা চৈবাকরোদ্ব্যসূন্ ॥১১॥ (যুগ্মকম্)
চতুরঙ্গং বলং বাণৈর্নিঘ্নন্তং পাণ্ড্যমাহবে।
দৃষ্ট্বা দ্রৌণিরসম্ভ্রান্তমসম্ভ্রান্তস্ততোঽভ্যয়াৎ ॥১২॥

ভারতকৌমুদী

তদিতি। উদীর্ণা বলোদ্ধতা রথা অশ্বা ইভা গজাশ্চ যত্র তৎ। কুলালস্য কুম্ভকারস্য চক্রবৎ ॥৭॥

সাশ্বেতি। অস্তৈঃ ক্ষিপ্তৈঃ। অক্ষিপৎ অপসারিতবান্ ॥৮॥

দ্বিরদানিতি। সপাদরক্ষান্ দ্বিরদপাদরক্ষকসহিতান্। অদ্রীন্ পর্বতান্, অদ্রিহা ইন্দ্রঃ ॥৯॥

সেতি। অশ্বারোহান্ অশ্বারোহিণঃ। ব্যসূন্ বিগতপ্রাণান্ ॥১০—১১॥

কৌরবসৈন্যের মধ্যে গর্ব্বোদ্ধত হস্তী, অশ্ব ও রথ ছিল এবং প্রধান প্রধান পদাতিসৈন্যও ছিল; তথাপি পাণ্ড্যরাজা আঘাত করিতে লাগিলে তাহা কুম্ভকারের চক্রের ন্যায় ঘুরিতে লাগিল ॥৭॥

ক্রমে বায়ু যেমন মেঘ অপসারিত করে, সেইরূপ পাণ্ড্যরাজা সম্যক্ নিক্ষিপ্ত বাণদ্বারা অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত বিশাল হস্তিসমূহকে অপসারিত করিতে থাকিলেন ॥৮॥

ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্ব্বত বিনাশ করিতেন, সেইরূপ পাণ্ড্যরাজা বাণদ্বারা পাদরক্ষকগণের সহিত পতাকা অস্ত্র ও ধ্বজশূন্য হস্তী ও হস্ত্যারোহীদিগকে বিনাশ করিতে লাগিলেন ॥৯॥

পাণ্ড্যরাজা বাণদ্বারা শক্তি, প্রাস ও তূণের সহিত অশ্বারোহীদিগকে, অশ্বগণকে এবং পুলিন্দ, খস, বাহ্লীক, নিষাদ, অন্ধক ও কুন্তলদেশবাসী, আর দাক্ষিণাত্য ও ভোজদেশীয় বীরগণকে অস্ত্র ও কবচশূন্য করিয়া প্রাণহীন করিতে থাকিলেন ॥১০—১১॥

(৮) ব্যশ্বসূতধ্বজরথান্ বিপ্রবিদ্ধায়ুধদ্বিপান্···সো, ব্যশ্বসূতধ্বজরথান্ বিপ্রযুদ্ধাহতদ্বিপান্ বা, ব্যশ্বসূতধ্বজরথান্ বিপ্রযুক্তযুগান্ রথান্···নি। (৯) দ্বিরদান্ প্রবরারোহান্···নি। (১০)···অন্ধকটঙ্কণান্—পি। (১২) চতুরঙ্গবলং দ্রৌণিঃ···বা সো নি।

আভাষ্য চৈনং মধুরমভীতং তমভীতবৎ।
প্রাহ প্রহরতাং শ্রেষ্ঠঃ স্মিতপূর্ব্বং সমাহ্বয়ৎ ॥১৩॥
রাজন্! কমলপত্রাক্ষ! বিশিষ্টাভিজনশ্রুত!।
বজ্রসংহননপ্রখ্য! প্রখ্যাতবলপৌরুষ! ॥১৪॥
মুষ্টিক্লিষ্টাঙ্গুলিভ্যাঞ্চ ব্যায়তাভ্যাং মহদ্ধনুঃ।
দোর্ভ্যাং বিস্ফারয়ন্ ভাসি মহাজলদবদ্‌ভৃশম্ ॥১৫॥ (যুগ্মকম্)
শরবর্ষৈর্মহাবেগৈরমিত্রানভিবর্ষতঃ।
মদন্যং নানুপশ্যামি প্রতিবীরং তবাহবে ॥১৬॥

ভারতকৌমুদী

চতুরিতি। চত্বারি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি অঙ্গানি যস্য তৎ। অভ্যধাবদভ্যধাবৎ ॥১২॥

আভাষ্যেতি। আভাষ্য সম্বোধ্য। প্রাহ স্ম সমাহ্বয়চ্চ দ্রৌণিরিত্যনুবৃত্তিঃ ॥১৩॥

রাজন্নিতি। হে কমলপত্রাক্ষ! পদ্মদলতুল্যনয়ন! বিশিষ্টে উত্তমে অভিজনশ্রুতে বংশশাস্ত্রজ্ঞানে যস্য তৎসম্বোধনম্, বজ্রস্য সংহননং শরীরং তৎপ্রখ্য! তৎসদৃশদৃঢ়দেহ! প্রখ্যাতে বলপৌরুষে যস্য তৎসম্বোধনম্। মুষ্টিনা মুষ্টিকরণপূর্বকধনুর্দ্ধারণেন ক্লিষ্টা অঙ্গুলয়ো যয়োস্তাভ্যাম্, ব্যায়তাভ্যাং প্রসারিতাভ্যাম্। দোর্ভ্যাং বাহুভ্যাম্ ॥১৪—১৫॥

শরেতি। অমিত্রান্ শত্রূন্। প্রতিবীরং প্রতিপক্ষীভূতং বীরম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

প্রোক্ত ইতি ॥১—৫॥ পরাভূতঃ প্রকোপিতঃ ॥৬—৯॥ স পাণ্ড্যঃ ব্যহনকরোদিতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥১০—১৪॥ মুষ্টিশ্লিষ্টায়তজ্যং মুষ্টিদেশে শ্লিষ্টা চ আয়তা চ জ্যা যস্য তত্তথা, একস্মিন্নেব ক্ষণে যদ্ধনুর্মণ্ডলাকারং চিপিটাকারঞ্চ দৃশ্যত ইতি ভাবঃ ॥১৫॥ বর্ষতঃ মৎ মত্তঃ

পাণ্ড্যরাজা অবিচলিত থাকিয়া বাণদ্বারা এইভাবে যুদ্ধে কুরুপক্ষের চতুরঙ্গ সৈন্য বধ করিতেছেন দেখিয়া অশ্বত্থামা স্থিরচিত্তে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১২॥

পরে বীরশ্রেষ্ঠ অশ্বত্থামা নির্ভয়ের ন্যায় থাকিয়া মধুরবাক্যে নির্ভয়চিত্ত পাণ্ড্যরাজাকে আহ্বান করিয়া মৃদুহাস্যপূর্ব্বক বলিলেন ও আহ্বান করিলেন—॥১৩॥

'রাজা! পদ্মনয়ন! উচ্চবংশজাত! উত্তমশাস্ত্রজ্ঞানসম্পন্ন! বজ্রতুল্যদৃঢ়দেহ! বিখ্যাতবলপুরুষকার! আপনি প্রসারিত হস্তযুগলদ্বারা বিশাল ধনু বিস্ফারিত করতঃ মহামেঘের ন্যায় অত্যন্ত শোভা পাইতেছেন, কিন্তু দৃঢ়মুষ্টিতে ধনু ধরায় আপনার আঙ্গুলগুলি কষ্ট পাইতেছে ॥১৪—১৫॥

আপনি শত্রুপক্ষের উপরে মহাবেগে বাণবর্ষণ করিতেছেন। সুতরাং আমি ভিন্ন এই যুদ্ধে আপনার প্রতিবীর অন্য কাহাকেও দেখিতেছি না ॥১৬॥

(১৪)…কমলপত্রাক্ষ! প্রধানায়ুধবাহন!…নি।

রথদ্বিরদপত্ত্যশ্বানেকঃ প্রহরসে বহূন্।
মৃগসংঘানিবারণ্যে বিভীর্ভীমবলো হরিঃ ॥১৭॥
মহতা রথঘোষেণ দিবং ভূমিঞ্চ নাদয়ন্।
বর্ষান্তে শস্যহা মেঘো ভাসি হ্রাদীব পার্থিব ! ॥১৮॥
সংস্পৃশানঃ শরৈঃ পূর্ণৌ তূণী চাশীবিষোপমৈঃ।
ময়ৈবৈকেন যুধ্যস্ব ত্র্যম্বকেণান্ধকো যথা ॥১৯॥
এবমুক্তস্তথেত্যুক্ত্বা প্রহরেতি চ তাড়িতঃ।
কর্ণিনা দ্রোণতনয়ং বিব্যাধ মলয়ধ্বজঃ ॥২০॥

ভারতকৌমুদী

রথেতি। বিভীঃ নির্ভয়ঃ, ভীমবলো ভীষণশক্তিঃ, হরিঃ সিংহঃ ॥১৭॥

মহতেতি। বর্ষান্তে শরদি, শস্যহা অধিকবৃষ্ট্যা শস্যনাশকঃ। হ্রাদী গর্জনকারী ॥১৮॥

সমিতি। সংস্পৃশানঃ সংস্পৃশন্। ত্র্যম্বকেণ শিবেন, অন্ধকো নামাসুরঃ ॥১৯॥

এবমিতি। দ্রৌণিনা এবমুক্তঃ, 'তথা ভবতু, ত্বং মাং প্রহর' ইতি চ উক্ত্বা স্থিতঃ, মলয়ো মলয়পর্বতাকারো ধ্বজো যস্য স তাদৃশঃ পাণ্ড্যঃ, দ্রৌণিনা তাড়িতঃ সন্, কর্ণিনা উভয়তঃ কর্ণবদবয়বযুক্তেন বাণেন, দ্রোণতনয়মশ্বত্থামানম্, বিব্যাধ তাড়য়ামাস ॥২০॥

ভারতভাবদীপঃ

॥১৬॥ প্রমথসে প্রমথ্নাসি ॥১৭॥ শস্যহা অতিবৃষ্ট্যা ধান্যহা। হ্রাদী গর্জ্জন্ ॥১৮—১৯॥ তাড়িতঃ দ্রৌণিনা, মলয়বৎ কৃত্রিমো ধ্বজো যস্য মলয়ধ্বজ ইতি প্রবীরস্যৈব নামান্তরং বা

বনমধ্যে ভীষণবলশালী নির্ভয়চিত্ত সিংহ যেমন হরিণগণকে প্রহার করে, সেইরূপ আপনি একাকী বহুতর হস্তী, অশ্ব, রথ ও পদাতিকে প্রহার করিতেছেন ॥১৭॥

রাজা! আপনি বিশাল রথশব্দে ভূতল ও গগনতল নিনাদিত করিয়া শরৎকালে গর্জনকারী শস্যনাশক মেঘের ন্যায় প্রকাশ পাইতেছেন ॥১৮॥

পূর্ব্বকালে অন্ধকাসুর যেমন এক মহাদেবের সহিত যুদ্ধ করিয়াছিল, সেইরূপ আপনি আশীবিষতুল্য বাণে পরিপূর্ণ তূণ দুইটা স্পর্শ করিতে থাকিয়া এক আমার সহিতই যুদ্ধ করুন' ॥১৯॥

অশ্বত্থামা এইরূপ বলিলে, পাণ্ড্যরাজা বলিলেন—'তাহাই হউক, আপনি

(১৭)…প্রমথসে বহূন্…পি নি। (১৮) বর্ষান্তে শস্যগাং সূর্য্যো ভাভিরাদীপয়ন্নিব—নি। (১৯) সংস্পৃশানঃ শরাংস্তীক্ষ্ণাংস্তূণাদাশীবিষোপমান্…পি বা সো। (২০)…উক্ত্বা প্রমথ্যৈনং স পার্থিবঃ…নি।

মর্ম্মভেদিভিরত্যুগ্রৈর্বাণৈরগ্নিশিখোপমৈঃ।
মর্ম্মস্বভ্যহনদ্দ্রৌণিঃ পাণ্ড্যমাচার্য্যনন্দনঃ ॥২১॥
ততোঽপরান্ নবাংস্তূর্ণং নারাচান্ কঙ্কবাসসঃ।
গত্যা দশম্যা সংযুক্তানশ্বত্থামাঽপ্যবাসৃজৎ ॥২২॥
তান্ শরানচ্ছিনৎ পাণ্ড্যো নবভির্নিশিতৈঃ শরৈঃ।
চতুর্ভিরর্দ্দয়চ্চাশ্বানাশু তে ব্যসবোঽভবন্ ॥২৩॥
অথ দ্রোণসুতস্তেষাং স্তাংশ্ছিত্ত্বা নিশিতৈঃ শরৈঃ।
ধনুর্জ্জ্যাং বিততাং পাণ্ড্যশ্চিচ্ছেদাদিত্যতেজসঃ ॥২৪॥

ভারতকৌমুদী

মর্ম্মেতি। মর্ম্মসু দেহস্য প্রধানদেশেষু। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥২১॥

তত ইতি। কঙ্কাঃ কঙ্কপক্ষিপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তান্। দশম্যা গত্যা ধনুর্দ্ধরপ্রসিদ্ধানাং দশবিধানাং গতীনাং শেষয়া গত্যা। তাশ্চ—"উন্মুখ্যভিমুখী তির্য্যঙ্ মন্দা গোমূত্রিকা ধ্রুবা। স্খলিতা যমকাক্রান্তা ক্রুষ্টৈতীষুগতীর্বিদুঃ॥" ইতি নীলকণ্ঠধৃতাঃ ॥২২॥

তানিতি। অশ্বান্ অশ্বত্থাম্ন এব, তে অশ্বাঃ, ব্যসবো বিগতপ্রাণাঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

॥২০—২১॥ গত্যা দশম্যা। "উন্মুখ্যভিমুখী তির্য্যঙ্ মন্দা গোমূত্রিকা ধ্রুবা। স্খলিতা যমকাক্রান্তা ক্রুষ্টৈতীষুগতীর্বিদুঃ॥" শিরোহৃদয়পার্শ্বদেশস্পৃশস্তিস্রঃ। মন্দা ঈষদ্ভিন্নত্বক্। গোমূত্রিকা কবচনিকৃন্তনী সব্যাপসব্যগামিনী। ধ্রুবা নিয়মেন লক্ষ্যভেদিনী। স্খলিতা লক্ষ্যচ্যুতা। যমকাক্রান্তা লক্ষ্যং ভিত্ত্বাসকৃন্নির্গতা। ক্রুষ্টা লক্ষ্যৈকদেশস্য বাহ্বাদেহর্ত্রীতি নব গতয়ঃ। দশমী গতিস্তু শিরসা সহ দূরপাতিনী ক্রুষ্টা নাম তয়া গত্যা প্রক্ষিপ্তানপি শরান্ নবসংখ্যকান্

প্রহার করুন' পরে অশ্বত্থামা প্রহার করিলে, মলয়ধ্বজ পাণ্ড্যরাজা একটা কর্ণিদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২০॥

পরে আচার্য্যপুত্র অশ্বত্থামা অগ্নিশিখার তুল্য অতিভীষণ কতকগুলি মর্ম্মভেদী বাণদ্বারা পাণ্ড্যরাজার মর্ম্মস্থানে আঘাত করিলেন ॥২১॥

তদনন্তর অশ্বত্থামা পুনরায় কঙ্কপক্ষযুক্ত ও দ্রুতগতিসম্পন্ন অন্য নয়টা নারাচ সত্বর নিক্ষেপ করিলেন ॥২২॥

তখন পাণ্ড্যরাজা নয়টা সুধার বাণদ্বারা সেই নারাচগুলিকে ছেদন করিলেন এবং চারিটা বাণদ্বারা অশ্বত্থামার চারিটা অশ্বকে পীড়ন করিলেন; পরে সেই অশ্বগুলি পতিত হইল ॥২৩॥

(২১)···স্ময়ন্নভ্যহনদ্দ্রৌণিঃ পাণ্ড্যমাচার্য্যসত্তমঃ—পি বা সো। (২৩) তানচ্ছিনত্তদা পাণ্ড্যশ্চতুর্ভিরপরৈঃ শরৈঃ···নি।

দিব্যং ধনুরথাধিজ্যং কৃত্বা দ্রৌণিরমিত্রহা।
প্রেক্ষ্য চাশু রথে যুক্তান্ নরৈরন্যান্ হয়োত্তমান্ ॥২৫॥
ততঃ শরসহস্রাণি প্রেষয়ামাস বৈ দ্বিজঃ।
ইষুসংবাধমাকাশমকরোদ্দিশ এব চ ॥২৬॥ (যুগ্মকম্)
ততস্তানস্যতঃ সর্বান্ দ্রৌণের্বাণান্ মহাত্মনঃ।
জানানোঽপ্যক্ষয়ান্ পাণ্ড্যোঽশাতয়ৎ পুরুষর্ষভঃ ॥২৭॥
প্রযুক্তাংস্তান্ প্রযত্নেন চ্ছিত্ত্বা দ্রৌণেরিষূনরিঃ।
চক্ররক্ষৌ রণে তস্য প্রাণুদন্নিশিতৈঃ শরৈঃ ॥২৮॥
অথারের্লাঘবং দৃষ্ট্বা মণ্ডলীকৃতকার্ম্মুকঃ।
প্রাস্যদ্দ্রোণসুতো বাণান্ বৃষ্টিং পূষাত্মজো যথা ॥২৯॥

ভারতকৌমুদী

অথেতি। ইষূন্ বাণান্। ধনুষো জ্যাং গুণম্, বিততাং বিস্তৃতাম্ ॥২৪॥

দিব্যমিতি। অধিজ্যমারোপিতগুণম্। ইষুভির্বাণৈঃ সংবাধং ব্যাপ্তম্ ॥২৫—২৬॥

তত ইতি। অস্যতঃ ক্ষিপতঃ। জানানো বুধ্যমানোঽপি। অশাতয়ৎ অচ্ছিনৎ ॥২৭॥

প্রেতি। ইষূন্ বাণান্, অরিঃ পাণ্ড্যঃ। চক্ররক্ষৌ পার্শ্বয়োঃ সৈন্যরক্ষকৌ, প্রাণুদৎ প্রাহরৎ ॥২৮॥

অথেতি। প্রাস্যৎ ন্যক্ষিপৎ। পূষা সূর্য্যস্তস্যাত্মজো মেঘঃ, মেঘস্য সূর্য্যজন্যত্বাৎ ॥২৯॥

ক্রমে পাণ্ড্যরাজা সুধার বাণসমূহদ্বারা সূর্য্যের ন্যায় তেজস্বী অশ্বত্থামার সেই বাণগুলি ছেদন করিয়া তাঁহার বিস্তৃত ধনুর গুণ ছেদন করিলেন ॥২৪॥

তাহার পর শত্রুহন্তা ব্রাহ্মণ অশ্বত্থামা উত্তম একখানা ধনুতে গুণারোপণ করিয়া এবং মানুষেরা নিজের রথে অন্য উত্তম চারিটা অশ্ব আনিয়া সত্বর যোগ করিয়াছে দেখিয়া বহুসহস্র বাণ নিক্ষেপ করিলেন এবং আকাশ ও সমস্ত দিক্ বাণব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥২৫—২৬॥

পরে বাণক্ষেপকারী মহাত্মা অশ্বত্থামার সেই সমস্ত বাণ অক্ষয় ইহা জানিয়াও পুরুষশ্রেষ্ঠ পাণ্ড্যরাজা সেগুলি ছেদন করিতে লাগিলেন ॥২৭॥

পাণ্ড্যরাজা যত্নপূর্ব্বক অশ্বত্থামার নিক্ষিপ্ত সেই বাণগুলিকে ছেদন করিয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহার চক্ররক্ষক দুইজনকে প্রহার করিলেন ॥২৮॥

পরে অশ্বত্থামা পাণ্ড্যরাজার লঘুহস্ততা দেখিয়া ধনুখানাকে মণ্ডলাকার করিয়া—মেঘ যেমন জল বর্ষণ করে, তেমন বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৯॥

(২৯) অথ তল্লাঘবং দৃষ্ট্বা…নি,…পূষাত্মজো যথা—বা নি।

অষ্টাবষ্টগবান্যূহুঃ শকটানি যদায়ুধম্ ।
অহ্নস্তদষ্টভাগেন দ্রৌণিশ্চিক্ষেপ মারিষ ! ॥৩০॥
তমন্তকমিব ক্রুদ্ধমন্তকস্যান্তকোপমম্ ।
যে যে দদৃশিরে তত্র বিসংজ্ঞাঃ প্রায়শোঽভবন্ ॥৩১॥
আচার্য্যপুত্রস্তাং সেনাং বাণবৃষ্ট্যা ব্যবীবৃষৎ ।
পর্জন্য ইব ঘর্ম্মান্তে বৃষ্ট্যা সাদ্রিদ্রুমাং মহীম্ ॥৩২॥
দ্রৌণিপর্জন্যমুক্তাং তাং বাণবৃষ্টিং সুদুঃসহাম্ ।
বায়ব্যাস্ত্রেণ সংক্ষিপ্য মুদা পাণ্ড্যানিলোঽনদৎ ॥৩৩॥
তস্য নানদতঃ কেতুং চন্দনাগুরুরূষিতম্ ।
মলয়প্রতিমং দ্রৌণিশ্ছিত্ত্বাশ্বাংশ্চতুরোঽহনৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। অষ্টৌ গাবো বাহকা বৃষা যেষু তানি, উহুর্বহন্তি স্ম ॥৩০॥
তমিতি। দদৃশিরে দদৃশুঃ, তে প্রায়শ এব বিসংজ্ঞা ভয়েনাচেতনাঃ ॥৩১॥
আচার্য্যেতি। ব্যবীবৃষদবর্ষৎ। পর্জন্যো মেঘঃ, ধর্ম্মান্তে গ্রীষ্মাবসানে ॥৩২॥
দ্রৌণীতি। সংক্ষিপ্য অপসার্য্য। অত্র মুদেত্যভিধানাদুপমিতসমাস এব সর্ব্বত্র ॥৩৩॥
তস্যেতি। নানদতঃ পুনঃ পুনর্নদতঃ। মলয়প্রতিমং মলয়পর্বততুল্যম্ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

নবভিঃ শরৈরচ্ছিনদিতি সম্বন্ধঃ ॥২২—২৮॥ পূষাত্মজঃ পর্জ্জন্যঃ, পূষাত্মজ ইতি পাঠেঽপি স এবার্থঃ, বৃষ্টেঃ সূর্য্যপ্রভবত্বদর্শনাৎ ॥২৯॥ অষ্টবৃষভবাহ্যানি অষ্টৌ শকটানি যদায়ুধসম্ভারম্

মাননীয় রাজা! আটটা গরুর আটখানা গাড়ী যত অস্ত্র বহন করিয়া নিয়া গিয়াছিল, অশ্বত্থামা চারি দণ্ডের মধ্যে তাহা নিক্ষেপ করিলেন ॥৩০॥

ক্রুদ্ধ যমের ন্যায় কিংবা যমেরও যমের তুল্য অশ্বত্থামাকে তখন যাহারা যাহারা দেখিতে পাইল, তাহারা প্রায় সকলেই ভয়ে অচৈতন্য হইয়া পড়িল ॥৩১॥

গ্রীষ্মকাল অতীত হইলে মেঘ যেমন জলবর্ষণ করিয়া পর্ব্বত ও বৃক্ষাদির সহিত পৃথিবী ব্যাপ্ত করে, সেইরূপ অশ্বত্থামা বাণবর্ষণ করিয়া পাণ্ড্যসৈন্য ব্যাপ্ত করিলেন ॥৩২॥

বায়ুর তুল্য পাণ্ড্যরাজা বায়ব্যাস্ত্রদ্বারা মেঘতুল্য অশ্বত্থামার সেই অতিদুঃসহ বাণবৃষ্টি অপসারিত করিয়া আনন্দে সিংহনাদ করিতে লাগিলেন ॥৩৩॥

তিনি বার বার সিংহনাদ করিতে লাগিলে, অশ্বত্থামা তাঁহার চন্দনাগুরুরঞ্জিত মলয়পর্ব্বততুল্য ধ্বজটাকে ছেদন করিয়া চারিটা অশ্বকে বধ করিলেন ॥৩৪॥

(৩১)···অন্তকালান্তকোপমম্···নি। (৩৩)···বায়ব্যাস্ত্রেণ স ক্ষিপ্রং বিদ্ধা···নি।

সূতমেষুণা হত্বা মহাজলদনিস্বনম্।
ধনুশ্ছিত্ত্বার্দ্ধচন্দ্রেণ তিলশো ব্যধমদ্রথম্ ॥৩৫॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য ছিত্ত্বা সর্বায়ুধানি চ।
প্রাপ্তমপ্যহিতং দ্রৌণির্ন জঘান রণেপ্সয়া ॥৩৬॥
এতস্মিন্নন্তরে কর্ণো গজানীকমুপাদ্রবৎ।
দ্রাবয়ামাস স তদা পাণ্ডবানাং মহদ্বলম্ ॥৩৭॥
বিরথান্ রথিনশ্চক্রে গজানশ্বাংশ্চ ভারত!।
গজান্ বহুভিরানর্চ্ছচ্ছরৈঃ সন্নতপর্বভিঃ ॥৩৮॥
অথ দ্রৌণির্মহেম্বাসঃ পাণ্ড্যং শত্রুনিবর্হণম্।
বিরথং রথিনাং শ্রেষ্ঠং নাহনদ্যুদ্ধকাঙ্ক্ষয়া ॥৩৯॥

ভারতকৌমুদী

সূতমিতি। সূতং পাণ্ড্যস্থ সারথিম্। অর্দ্ধচন্দ্রেণ বাণেন, ব্যধমদ্ব্যনাশয়ৎ ॥৩৫॥
অস্ত্রৈরিতি। অস্ত্রাণি ক্ষিপ্তানি। সর্ব্বায়ুধানি রথে স্থিতানি। অহিতং শত্রুং পাণ্ড্যম্ ॥৩৬॥
এতস্মিন্নিতি। উপাদ্রবদভ্যধাবৎ। দ্রাবয়ামাস পীড়য়ামাস ॥৩৭॥
বিরথানিতি। গজানশ্বাংশ্চ পীড়িতাংশ্চক্র ইত্যর্থঃ। আনর্চ্ছদ্ব্যনাশয়ৎ ॥৩৮॥
কর্ণপ্রসঙ্গেন ব্যাহতং প্রসঙ্গং পুনরুত্থাপয়তি অথেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৩৯॥

পরে অশ্বত্থামা একটা বাণদ্বারা পাণ্ড্যরাজার সারথিকে বধ করিয়া আর একটা অর্দ্ধচন্দ্রবাণে মহামেঘের ন্যায় শব্দকারী ধনুখানা কাটিয়া তাঁহার রথখানাকে তিল তিল করিয়া বিনাশ করিলেন ॥৩৫॥

ক্রমে অশ্বত্থামা অস্ত্রদ্বারা পাণ্ড্যরাজার নিক্ষিপ্ত অস্ত্রগুলিকে বারণ করিয়া এবং রথস্থিত সমস্ত অস্ত্র ছেদন করিয়া শত্রুকে পাইয়াও যুদ্ধ করিবার ইচ্ছায় তাহাকে বধ করিলেন না ॥৩৬॥

এই সময়ে কর্ণ পাণ্ডবপক্ষের হস্তিসৈন্যের দিকে ধাবিত হইলেন এবং তিনি তখন পাণ্ডবগণের সেই বিশাল সৈন্য পীড়ন করিতে লাগিলেন ॥৩৭॥

ভরতনন্দন! ক্রমে কর্ণ রথিগণকে রথবিহীন এবং হস্তী ও অশ্বগণকে আরোহিশূন্য করিলেন, আর নতপর্ব্ব বাণসমূহদ্বারা হস্তিগণকে বিনাশ করিতে থাকিলেন ॥৩৮॥

পরে মহাধনুর্দ্ধর অশ্বত্থামা শত্রুদমন রথিশ্রেষ্ঠ পাণ্ড্যরাজাকে রথবিহীন করিয়াও যুদ্ধ করিবার ইচ্ছায় বধ করিলেন না ॥৩৯॥

(৩৬)···দ্রৌণির্নাহনদ্যুদ্ধতৃষ্ণয়া—নি। (৩৭) ইতঃপ্রভৃতি শ্লোকত্রয়ং নি নাস্তি। (৩৮)···আনর্চ্ছ···পি। (৩৯)···শত্রুনিবারণম্···রথিনাং শ্রেষ্ঠঃ···পি।

হতেশ্বরো দন্তিবরঃ সুকল্পিতস্ত্বরাভিসৃষ্টঃ প্রতিশব্দগো বলী।
তমাদ্রবদ্দ্রৌণিশরাহতস্ত্বরন্ জবেন কৃত্বা প্রতিহস্তিগর্জ্জিতম্ ॥৪০॥
তমাগতং বারণযুদ্ধকোবিদো দ্বিপোত্তমং পর্বতসানুসন্নিভম্।
সমভ্যতিষ্ঠন্মলয়ধ্বজস্ত্বরন্ যথাদ্রিশৃঙ্গং হরিরুন্নদংস্তথা ॥৪১॥
স তোমরং ভাস্কররশ্মিবর্চ্চসং বলাস্ত্রসর্গোত্তমযত্নমন্যুভিঃ।
সসর্জ্জ শীঘ্রং পরিপীড়য়ন্ গজং গুরোঃ সুতায়াদ্রিপতীশ্বরো নদন্ ॥৪২॥

ভারতকৌমুদী

হতেতি। হত ঈশ্বর আরোহী যস্য সঃ, সুকল্পিতঃ সুসজ্জিতঃ, ত্বরয়া অভিসৃষ্টো হন্তেন হস্তিপকেনাপি ত্যক্তঃ, প্রতিশব্দং প্রতিহস্তিনো গর্জনং লক্ষ্যীকৃত্য গচ্ছতীতি স তাদৃশঃ, বলী বলবান্, কশ্চিদ্দন্তিবরঃ পাণ্ডবপক্ষীয়ঃ করীন্দ্রঃ, দ্রৌণেরশ্বত্থাম্নঃ শরৈরাহতঃ সন্, অতএব ত্বরন্ ত্বরমাণঃ প্রতিহস্তিনি বিষয়ে গর্জিতং কৃত্বা, জবেন বেগেন, তং পাণ্ড্যম্, আদ্রবদাগচ্ছৎ ॥৪০॥

তমিতি। বারণযুদ্ধকোবিদো গজযুদ্ধবিশারদঃ, মলয়ধ্বজো মলয়পর্ব্বতাকারকেতুঃ পাণ্ড্যঃ, ত্বরন্ ত্বরমাণঃ, উন্নদন্ উচ্চৈঃ সিংহনাদং কুর্বংশ্চ সন্, ত্বরন্ উন্নদংশ্চ হরিঃ সিংহো যথা অদ্রিশৃঙ্গং সমভিতিষ্ঠতি; তথা স্বয়মেবাগতম্, পর্ব্বতস্য সানুঃ সমভূমিস্তৎসন্নিভম্, তং দ্বিপোত্তমং গজশ্রেষ্ঠম্, সমভ্যতিষ্ঠৎ সমারোহৎ ॥৪১॥

স ইতি। অদ্রিপতিঃ পর্ব্বতশ্রেষ্ঠো মলয়স্তস্যেশ্বরঃ স্বামী স পাণ্ড্যঃ, শীঘ্রং গন্তং তং গজং পরিপীড়য়ন্ অঙ্কুশেন তাড়য়ন্, নদংশ্চ সন্, বলং শক্তিঃ অস্ত্রাণাং ক্ষেপে উত্তমো যত্নঃ মন্যুঃ

ভারতভাবদীপঃ

উহ্যঃ বহন্তি তৎসর্ব্বমহোঽষ্টমভাগেন যামার্দ্ধেন ক্ষীণমিত্যর্থঃ ॥৩০—৩৯॥ হতেশ্বরো যঃ কশ্চিৎ, তং পাণ্ড্যম্ ॥৪০॥ মলয়ধ্বজঃ পাণ্ড্যস্তং যদৃচ্ছয়াগতং বারণং সমভ্যতিষ্ঠৎ ॥৪১॥ বলেনাস্ত্রসর্গে য উত্তমো যত্নস্তেন মন্যুনা চ তৈঃ পরিপীড়য়ন্নঙ্কুশেন কোপয়ন্নদ্রিপতির্মলয়স্তস্যে-

ওদিকে একটা বিশাল হাতীর আরোহী নিহত হইয়াছিল, তাহার মাহুতও নিহত হইয়া সত্বর সেটাকে ছাড়িয়া দিয়াছিল; সেই অবস্থায় সেই বলবান্ ও সুসজ্জিত বিশাল হাতীটা প্রতিহস্তীর শব্দ লক্ষ্য করিয়া যাইতেছিল, তখন সে—অশ্বত্থামার বাণে আহত হইয়া প্রতিহস্তীর প্রতি গর্জন করিয়া ব্যস্ত হইয়া বেগে পাণ্ড্যরাজার নিকট আসিল ॥৪০॥

তখন গজযুদ্ধবিশারদ পাণ্ড্যরাজা ত্বরান্বিত হইয়া সিংহনাদ করিতে থাকিয়া—সিংহ যেমন পর্ব্বতশৃঙ্গে আরোহণ করে, সেইরূপ নিজে আগত পর্ব্বতসানুতুল্য সেই উত্তম হস্তীর উপরে আরোহণ করিলেন ॥৪১॥

(৪১) তং বারণং বারণযুদ্ধকোবিদঃ···বা সো নি। (৪২)···গুরোঃ সুতায় দ্রবিড়েশ্বরো নদন্—নি।

মণিপ্রবেকোত্তমবজ্রহাটকৈরলঙ্কৃতঞ্চাংশুকমাল্যমৌক্তিকৈঃ।
হতো ময়াসীত্যসকৃন্মুদা নদন্ পরাভিনদ্‌দ্রৌণিবরাঙ্গভূষণম্ ॥৪৩॥
তদর্কচন্দ্রগ্রহপাবকত্বিষং ভৃশাভিঘাতাৎ পতিতং বিঘূর্ণিতম্।
মহেন্দ্রবজ্রাভিহতং মহাস্বনং যথাদ্রিশৃঙ্গং ধরণীতলে তথা ॥৪৪॥
ততঃ প্রজজ্বাল পরেণ মন্যুনা পদাহতো নাগপতির্যথা তথা।
সমাদদে চান্তকদণ্ডসন্নিভানিষূনমিত্রান্তকরাংশ্চতুর্দ্দশ ॥৪৫॥

ভারতকৌমুদী

ক্রোধশ্চ তৈঃ, গুরোঃ সুতায় অশ্বত্থাম্নে, ভাস্কররশ্মেঃ সূর্য্যকিরণস্যেব বর্চ্চস্তেজো যস্য তম্, তোমরং তদাখ্যমস্ত্রম্, সসর্জ নিচিক্ষেপ ॥৪২॥

মণীতি। 'ময়া ত্বং হতোঽসি' ইতি মুদা হর্ষেণ, অসকৃৎ নদন্ উচ্চৈর্বদন্ পাণ্ড্যঃ, তেন তোমরেণ, মণিপ্রবেকঃ কশ্চিন্মণিশ্রেষ্ঠঃ উত্তমং বজ্রং হীরকং হাটকং স্বর্ণঞ্চ তৈঃ, অংশুকং বস্ত্রং মাল্যং মৌক্তিকং মুক্তা চ তৈশ্চালঙ্কৃতম্, দ্রোণেরশ্বত্থাম্নো বরাঙ্গস্য মস্তকস্য ভূষণং কিরীটম্, পরাভিনৎ লক্ষ্যব্যত্যয়েন ব্যদারয়ৎ। "বরাঙ্গং মূর্দ্ধগুহ্যয়োঃ" ইত্যমরঃ ॥৪৩॥

তদিতি। মহেন্দ্রবজ্রেণ অভিহতম্ অদ্রিশৃঙ্গং যথা মহাস্বনং ধরণীতলে পততি; তথা অর্কস্য চন্দ্রস্য অন্যেষাং গ্রহাণাং পাবকস্য বহ্নেশ্চ ত্বিষেব ত্বিষা দীপ্তির্যস্য তৎ তাদৃশম্, তৎ ভূষণম্, তোমরস্য ভৃশাভিঘাতাৎ, মহান্ স্বনো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা পতিতং সৎ বিঘূর্ণিতমাসীৎ ॥৪৪॥

তত ইতি। ততঃ, পদাহতো নাগপতির্মহাসর্পো যথা, তথা অশ্বত্থামা পরেণ মহতা, মন্যুনা ক্রোধেন প্রজজ্বাল। পরঞ্চ অন্তকদণ্ডসন্নিভান্, অমিত্রান্তকরান্ শত্রুনাশজনকান্, চতুর্দ্দশ ইষূন্ বাণান্ সমাদদে জগ্রাহ ॥৪৫॥

পরে মলয়াধিপতি পাণ্ড্যরাজা সত্বর অগ্রসর হইবার জন্য সেই হাতীটাকে তাড়ন করিতে থাকিয়া সিংহনাদ করিতে করিতে অশ্বত্থামার দিকে শক্তি, অস্ত্রক্ষেপের উত্তম যত্ন ও ক্রোধ অনুসারে সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল একটা তোমর নিক্ষেপ করিলেন ॥৪২॥

'আমি তোমাকে বধ করিলাম' এই কথা আনন্দসহকারে ও উচ্চস্বরে বার বার বলিতে থাকিয়া পাণ্ড্যরাজা সেই তোমরদ্বারা শ্রেষ্ঠমণি, উত্তম হীরক, স্বর্ণ, বস্ত্র, মালা ও মুক্তায় ভূষিত অশ্বত্থামার কিরীটটাকে বিদীর্ণ করিলেন ॥৪৩॥

তখন ইন্দ্রের বজ্রাঘাতে পর্ব্বতের শৃঙ্গ যেমন মহাশব্দে ভূতলে পতিত হয়, সেইরূপ সেই তোমরের গুরুতর আঘাতে সূর্য্য, চন্দ্র, অন্য গ্রহ ও অগ্নির ন্যায় উজ্জ্বল সেই কিরীটটা মহাশব্দে ভূতলে পতিত হইয়া ঘুরিতে লাগিল ॥৪৪॥

(৪৩)···হতো হতোঽসি···পি বা সো। (৪৪)···পতিতং বিচূর্ণিতম্···পি বা সো।

দ্বিপস্য পাদাগ্রকরান্ স পঞ্চভির্নৃপস্য বাহূ চ শিরোঽথ চ ত্রিভিঃ।
জঘান ষড়্ভিঃ ষড়ৃতূপমত্বিষঃ স পাণ্ড্যরাজানুচরান্ মহারথান্ ॥৪৬॥
সুদীর্ঘবৃত্তৌ বরচন্দনোক্ষিতৌ সুবর্ণমুক্তামণিবজ্রভূষণৌ।
ভুজৌ ধরায়াং পতিতৌ নৃপস্য তৌ বিচেষ্টতুস্তার্ক্ষ্যহতাবিবোরগৌ ॥৪৭॥
শিরশ্চ তৎপূর্ণশশিপ্রভাননং সরোষতাম্রায়তনেত্রমুন্নসম্।
ক্ষিতাবপি ভ্রাজতি তৎ সকুণ্ডলং বিশাখয়োর্মধ্যগতঃ শশী যথা ॥৪৮॥

ভারতকৌমুদী

দ্বিপস্যেতি। অথ স প্রসিদ্ধো বীরঃ, সঃ অশ্বত্থামা, তেষাং চতুর্দ্দশানামিষূণাং মধ্যে পঞ্চভিরিষুভিঃ, দ্বিপস্য তস্য গজস্য, পাদাশ্চত্বারঃ অগ্রকরঃ শুণ্ডাগ্রঞ্চৈকমিতি পঞ্চ, ত্রিভিরিষুভিশ্চ, নৃপস্য পাণ্ড্যস্য, দ্বৌ বাহূ একঞ্চ শির ইতি ত্রীণি, ষড়্ভিশ্চ ইষুভিঃ, ঋতূপমত্বিষঃ ষড়ৃত্বধিদেবতা-তুল্যতেজসঃ, পাণ্ড্যরাজানুচরান্ ষট্ মহারথান্ জঘান ॥৪৬॥

সুদীর্ঘেতি। সুদীর্ঘৌ চ তৌ বৃত্তৌ গোলৌ চেতি তৌ, বরচন্দনেন উক্ষিতৌ সিক্তৌ, সুবর্ণং মুক্তা মণির্বজ্রং হীরকঞ্চ তানি ভূষণানি যয়োস্তৌ চ, তৌ নৃপস্য পাণ্ড্যস্য ভুজৌ, ধরায়াং পতিতৌ সন্তৌ, তার্ক্ষ্যহতৌ গরুড়বিনাশিতৌ, উরগৌ সর্পাবিব, বিচেষ্টতুঃ পস্পন্দাতে ॥৪৭॥

শির ইতি। তৎ প্রসিদ্ধং পূর্ণশশিপ্রভম্ আননং মুখং যস্য তৎ, সরোষে রোষব্যঞ্জকে অতএব তাম্রে আয়তে দীর্ঘে চ নেত্রে যস্য তৎ, উন্নসম্ উন্নতনাসিকাযুক্তম্, সকুণ্ডলঞ্চ, তৎ শিরশ্চ, বিশাখয়োর্নক্ষত্রয়োর্মধ্যগতঃ শশী যথা, তথা ক্ষিতাবপি ভ্রাজতি শোভতে স্ম। বিশাখয়োর্মধ্যগত ইত্যনেন শিরসোঽপি ভুজদ্বয়মধ্যগতত্বং সূচিতম্ ॥৪৮॥

তাহার পর অশ্বত্থামা, চরণতাড়িত মহাসর্পের ন্যায় গুরুতর ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং যমদণ্ডতুল্য শত্রুনাশক চৌদ্দটা বাণ গ্রহণ করিলেন ॥৪৫॥

তদনন্তর প্রসিদ্ধ বীর অশ্বত্থামা তাহার পাঁচটা বাণদ্বারা সেই হাতীটার চারিখানা পা ও শুঁড়ের আগা কাটিয়া ফেলিলেন; তিনটা বাণদ্বারা পাণ্ড্যরাজার বাহু দুইখানা ও মস্তক ছেদন করিলেন এবং অবশিষ্ট ছয়টা বাণদ্বারা ছয় ঋতুর ন্যায় তেজস্বী পাণ্ড্যরাজার অনুচর ছয় জন মহারথকে বধ করিলেন ॥৪৬॥

তখন সুদীর্ঘ, গোল, উত্তমচন্দনলিপ্ত এবং স্বর্ণ, মুক্তা, মণি ও হীরকভূষিত পাণ্ড্যরাজার সেই বাহু দুইখানা ভূতলে পতিত হইয়া, গরুড়নিহত দুইটা সর্পের ন্যায় স্পন্দিত হইতে লাগিল ॥৪৭॥

আর, যাহার মুখখানি পূর্ণচন্দ্রের ন্যায়, নয়ন দুইটী ক্রোধসূচক রক্তবর্ণ ও দীর্ঘ, নাসিকা উন্নত এবং কর্ণযুগলে দুইটী কুণ্ডল ছিল, সেই মস্তকটী—দুইটা বিশাখানক্ষত্রের মধ্যবর্ত্তী চন্দ্রের ন্যায় ভূতলেও শোভা পাইতে থাকিল ॥৪৮॥

---

(৪৬)…জঘান ষড়্ভিঃ ষড়তুত্তমত্বিষঃ…পি বা সো। (৪৮)…নেত্রমুত্তমম্…সো।

স তু দ্বিপঃ পঞ্চভিরুত্তমেষুভিঃ কৃতঃ ষড়ংশশ্চতুরো নৃপস্ত্রিভিঃ।
কৃতো দশাংশঃ কুশলেন যুধ্যতা যথা হবিস্তদ্দশ দৈবতং তথা ॥৪৯॥
স পাদশো রাক্ষসভোজনান্ বহূন্ প্রদায় পাণ্ড্যোঽশ্বমনুষ্যকুঞ্জরান্।
স্বধামিবাপ্য জ্বলনঃ পিতৃপ্রিয়স্ততঃ প্রশান্তঃ সলিলপ্রবাহতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

সঙ্কলনমাহ স ইতি। কুশলেন যুদ্ধনিপুণেন অশ্বত্থাম্না, যুধ্যতা যুধ্যমানেন সতা, প্রাগুক্তৈঃ পঞ্চভিরুত্তমেষুভিঃ, স তু দ্বিপো গজঃ, ষট্ অংশা যস্য স ষড়ংশঃ কৃতঃ চতুর্ণাং পাদানাং ছেদনাচ্চত্বারো ভাগাঃ শুণ্ডাগ্রচ্ছেদনাদেকো ভাগঃ শরীরঞ্চৈকো ভাগ ইতি ষড়্ভাগো বিহিতঃ, তথা প্রাগুক্তৈস্ত্রিভিরুত্তমেষুভিঃ, নৃপঃ পাণ্ড্যশ্চ, চতুরঃ চতুরংশঃ কৃতঃ, ভুজয়োর্দ্বৌ ভাগৌ মস্তকমেকো ভাগঃ শরীরঞ্চৈকো ভাগ ইতি চতুর্ভাগো বিহিতঃ। তথা চ কর্ম্মকুশলেন ঋত্বিজা যথা দশহবির্ধানে যাগে দৈবতম্ ইন্দ্রাদিদেবতাসম্বন্ধি, তৎ বেদোক্তং হবির্হোমীয়দ্রব্যম্, দশ দশভাগং ক্রিয়তে তথা অশ্বত্থাম্না দ্বিপপাণ্ড্যরূপ উভয়প্রাণী, প্রাগুক্তরূপেণ সমুদায়েন দশাংশো দশভাগঃ কৃতঃ ॥৪৯॥

পাণ্ড্যব্যাপারমুপসংহরতি স ইতি। স পাণ্ড্যো রাজা, পাদশশ্ছেদনেন ভাগং ভাগং কৃত্বা বহূন্ অশ্বমনুষ্যকুঞ্জরান্, রাক্ষসৈর্ভুজ্যন্ত ইতি রাক্ষসভোজনান্ প্রদায় রাক্ষসখাদ্যত্বেন সমর্প্যেত্যর্থঃ, ততঃ, স্বধাং পিত্রন্নমিব মৃতশরীরম্, আপ্য লব্ধ্বা, সলিলপ্রবাহতঃ দাহকদত্তজলস্রোতসা, পিতৃপ্রিয়ঃ মৃতানাং পিতৃলোকে প্রেরণাৎ পিতৃলোকপ্রীতিকরঃ, জ্বলনশ্চিতাবহ্নিরিব, প্রশান্তো নির্বাণঃ, অশ্বত্থাম্নো বাণৈর্মৃতশ্চ। অত্র বহ্নিপাণ্ড্যয়োঃ মৃতদেহবিপক্ষসৈন্যয়োঃ জলদ্রৌণিবাণয়োশ্চ সাম্যম্ ॥৫০॥

ভারতভাবদীপঃ

শরঃ পাণ্ড্যঃ ॥৪২॥ দ্রৌণেরঙ্গভূষণং কিরীটিং তোমরেণ পরাহনৎ ॥৪৩—৪৪॥ ইষূন্ সমাদদে দ্রৌণিরিতি শেষঃ ॥৪৫—৪৮॥ চতুরশ্চতুরংশঃ, এবং স গজো দশধা ভক্তো যথা দশহবিষ্কায়ামিষ্টৌ পিষ্টপিণ্ডো দশধা ক্রিয়তে তথেত্যর্থঃ ॥৪৯॥ পাণ্ড্যোঽশ্বাদীন্ পাদশঃ প্রদায় খণ্ডয়িত্বা প্রশান্তো দ্রৌণিবাণৈরিতি শেষঃ। যথা স্বধাং প্রেতশরীররূপং হবিঃ প্রাপ্য

যুদ্ধনিপুণ অশ্বত্থামা যুদ্ধ করিতে থাকিয়া উত্তম পাঁচটা বাণদ্বারা সেই হাতীটাকে ছয় ভাগ এবং তিনটা বাণদ্বারা পাণ্ড্যরাজাকে চারি ভাগ করিলেন। সুতরাং কর্ম্মনিপুণ পুরোহিত যেমন দশহবির্ধান যজ্ঞে ইন্দ্রাদিদেবতার হোমদ্রব্যকে দশভাগ করেন, সেইরূপ অশ্বত্থামা সেই হস্তী ও পাণ্ড্যরাজাকে সমুদায়ে দশভাগ করিয়াছিলেন ॥৪৯॥

পিতৃলোকপ্রিয় চিতাগ্নি যেমন মৃতশরীর পাইয়া পরে জলসেকে নির্ব্বাণ হইয়া যায়, সেইরূপ সেই পাণ্ড্যরাজা যুদ্ধে কুরুপক্ষের বহু হস্তী, অশ্ব ও মনুষ্যকে খণ্ড

(৫০)…সলিলপ্রহারতঃ—সো।

সমাপ্তবিদ্যস্তু গুরোঃ সুতং নৃপঃ সমাপ্তকর্ম্মাণমুপেত্য তে সুতঃ।
সুহৃদ্‌বৃতোঽত্যর্থমপূজয়ন্মুদা জিতে বলৌ বিষ্ণুমিবামরেশ্বরঃ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি পাণ্ড্যবধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ষোড়শোঽধ্যায়ঃ।

——:-০-:——

ধৃতরাষ্ট্র উবাচ।

পাণ্ড্যে হতে কিমকরোদর্জ্জুনো জয়তাং বরঃ।
একবীরেণ কর্ণেন দ্রাবিতেষু পরেষু চ ॥১॥

ভারতকৌমুদী

সমাপ্তেতি। হে রাজন্! তে সুতো নৃপো দুর্য্যোধনঃ সুহৃদ্‌বৃতঃ সন্, বলৌ দৈত্যে জিতে সতি, অমরেশ্বর ইন্দ্রো বিষ্ণুমিব, প্রাগেব সমাপ্তবিদ্যম্, পাণ্ড্যবধেন চ তদানীং সমাপ্তকর্ম্মাণম্, গুরোঃ সুতমশ্বত্থামানম, উপেত্য, মুদা, অত্যর্থমপূজয়ৎ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

পাণ্ড্য ইতি। একবীরেণ অদ্বিতীয়বীরেণ, দ্রাবিতেষু মর্দ্দিতেষু, পরেষু শত্রুষু ॥১॥

ভারতভাবদীপঃ

পিতৃপ্রিয়ো জ্বলনঃ শ্মশানাগ্নির্জলেন শাম্যতি তদ্বদিত্যর্থঃ ॥৫০॥ সমাপ্তবিদ্যং সম্যগাপ্তবিদ্যম্ সমাপ্তকর্ম্মাণং কৃতকৃত্যম্ ॥৫১॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

খণ্ড করিয়া তাহা খাদ্যরূপে রাক্ষসদিগকে দিয়া পরে অশ্বত্থামার বাণে নিহত হইলেন ॥৫০॥

রাজা! তাহার পর আপনার পুত্র দুর্য্যোধন আনন্দে সুহৃদ্‌গণে পরিবেষ্টিত হইয়া যাইয়া—বলিরাজাকে জয় করিলে পর ইন্দ্র যেমন বিষ্ণুর পূজা করিয়াছিলেন, সেইরূপ বিদ্যাশিক্ষাসমাপ্তকারী ও কৃতকার্য্য অশ্বত্থামার বিশেষ পূজা করিলেন ॥৫১॥

* '···বিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ সো, '···একবিংশোঽধ্যায়ঃ' বা। (১)···কর্ণেন দ্রাবিতে চ যুধিষ্ঠিরে—নি।

সমাপ্তবিদ্যো বলবান্ যুক্তো বীরশ্চ পাণ্ডবঃ।
সর্ব্বভূতেষ্বনুজ্ঞাতঃ শঙ্করেণ মহাত্মনা ॥২॥
তস্মান্মহদ্ভয়ং তীব্রমমিত্রঘ্নাদ্ধনঞ্জয়াৎ।
স যত্তত্রাকরোৎ পার্থস্তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৩॥

সঞ্জয় উবাচ।

হতে পাণ্ড্যেঽর্জ্জুনং কৃষ্ণস্ত্বরন্নাহ বচো হিতম্।
পশ্যামি নাহং রাজানমপযাতাংশ্চ পাণ্ডবান্ ॥৪॥
কর্ণং পশ্য মহারঙ্গে জ্বলন্তমিব পাবকম্।
অসৌ ভীমো মহেষ্বাসঃ প্রতিবৃত্তো রণং প্রতি ॥৫॥
ত ইমে নানুবর্ত্তন্তে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
পাঞ্চালাঃ সৃঞ্জয়াশ্চৈব পাণ্ডবানাং চমূমুখম্ ॥৬॥

ভারতকৌমুদী

সমাপ্তেতি। যুক্তো জয়ে মনোযোগী। অনুজ্ঞাতঃ প্রধানো ভবেত্যনুমতঃ ॥২॥
তস্মাদিতি। ভয়ং মমেতি শেষঃ, অমিত্রঘ্নাৎ শত্রুনাশকাৎ। পার্থো ধনঞ্জয়ঃ ॥৩॥
হত ইতি। রাজানং যুধিষ্ঠিরম্, অপযাতান্ কর্ণযুদ্ধস্থলাদপস্থতান্ ॥৪॥
কর্ণমিতি। মহারঙ্গে মহারঙ্গ ইব বীরামোদকরে মহাযুদ্ধে। প্রতিবৃত্ত উপস্থিতঃ ॥৫॥
ত ইতি। নানুবর্ত্তন্তে ভয়ান্নানুসরন্তি। চমূমুখং সৈন্যসম্মুখম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! পাণ্ড্যরাজা নিহত হইলে এবং অদ্বিতীয় বীর কর্ণ শত্রুসৈন্য মর্দ্দিত করিলে, বিজয়িশ্রেষ্ঠ অর্জ্জুন কি করিলেন ? ॥১॥

অর্জ্জুন যুদ্ধবিদ্যাশিক্ষা সমাপ্ত করিয়াছেন, তিনি বলবান্, জয়ে মনোযোগী ও বীর এবং মহাত্মা মহাদেব তাঁহাকে 'সমস্ত প্রাণীর মধ্যে প্রধান হও' বলিয়া অনুমতি দিয়াছেন ॥২॥

অতএব সেই শত্রুহন্তা অর্জ্জুন হইতে আমার গুরুতর ও তীব্র ভয় হইতেছে। সুতরাং সঞ্জয় ! সেই অর্জ্জুন তখন যাহা করিলেন, তাহা আমার নিকট বল' ॥৩॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ ! পাণ্ড্যরাজা নিহত হইলে, কৃষ্ণ ত্বরান্বিত হইয়া অর্জ্জুনকে এই সকল হিতকর বাক্য বলিলেন—'অর্জ্জুন ! আমি যুধিষ্ঠিরকে বা অপসৃত পাণ্ডবগণকে দেখিতেছি না ॥৪॥

ওদিকে মহাযুদ্ধে প্রজ্বলিত অগ্নির ন্যায় কর্ণকে দর্শন কর, ঐ ভীষণ মহাধনুর্দ্ধর যুদ্ধে উপস্থিত হইয়াছেন ॥৫॥

• (২)···বীরঃ স পাণ্ডবঃ···পি বা সো। (৪)···হতং পশ্য স্বরাজানম্···নি। (৫) (৬) শ্লোকদ্বয়ং পি বা সো নাস্তি।

নিবৃত্তৈশ্চ পুনঃ পার্থৈর্ভগ্নং শত্রুবলং মহৎ।
কৌরবান্ দ্রবতো হ্যেষ কর্ণো বারয়তে ভৃশম্ ॥৭॥
অন্তকপ্রতিমো বেগে শক্রতুল্যপরাক্রমঃ।
অসৌ গচ্ছতি কৌন্তেয়! দ্রৌণিঃ শস্ত্রভৃতাং বরঃ ॥৮॥
তমেষ প্রদ্রুতঃ সংখ্যে ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
অশ্বত্থাম্না হতাঃ সংখ্যে সর্বে কৌন্তেয়! সৃঞ্জয়াঃ ॥৯॥
রথাশ্বনরনাগানাং কৃতঞ্চ কদনং মহৎ।
ইত্যেতৎ সর্বমাচষ্ট বাসুদেবঃ কিরীটিনে ॥১০॥
এতচ্ছ্রুত্বা চ দৃষ্ট্বা চ ভ্রাতৃণাং ব্যসনং মহৎ।
বাহয়াশ্বান্ হৃষীকেশ! ক্ষিপ্রমিত্যাহ পাণ্ডবঃ ॥১১॥

ভারতকৌমুদী

নিবৃত্তৈরিতি। পার্থৈঃ পাণ্ডবৈঃ। দ্রবতঃ পলায়মানান্ ॥৭॥
অন্তকেতি। অন্তকপ্রতিমো যমতুল্যঃ। দ্রৌণিরশ্বত্থামা ॥৮॥
তমিতি। প্রদ্রুতঃ অভিগতঃ, সংখ্যে যুদ্ধে। সর্বে আগতমাত্রাঃ ॥৯॥
রথেতি। নাগা হস্তিনঃ। কদনমুৎপীড়নম্। কিরীটিনে অর্জ্জুনায় ॥১০॥
এতদিতি। ব্যসনং বিপদম্। বাহয় চালয়। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥১১॥

এদিকে এই ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাঞ্চাল ও সৃঞ্জয়েরা পাণ্ডবসৈন্যের সম্মুখে যাইতেছেন না ॥৬॥

পাণ্ডবেরা পুনরায় ফিরিয়া বিশাল শত্রুসৈন্য ভগ্ন করিয়াছেন, কৌরবেরা পলায়ন করিতেছে, এই আবার কর্ণ তাহাদিগকে সাগ্রহে বারণ করিতেছেন ॥৭॥

অর্জ্জুন! বেগে যমের তুল্য এবং পরাক্রমে ইন্দ্রের সমান অস্ত্রধারিশ্রেষ্ঠ ঐ অশ্বত্থামা পাণ্ডবগণের দিকে যাইতেছেন ॥৮॥

এই মহারথ ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে অশ্বত্থামার দিকে ধাবিত হইয়াছেন। কুন্তীনন্দন! অশ্বত্থামা আগত সমস্ত সৃঞ্জয়কেই সংহার করিয়াছেন ॥৯॥

এবং অশ্বত্থামা আমাদের পক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের গুরুতর পীড়ন করিয়াছেন'। কৃষ্ণ অর্জ্জুনের নিকট এই সমস্ত কথা বলিলেন ॥১০॥

এই সকল কথা শুনিয়া এবং ভ্রাতাদের গুরুতর বিপদ্ দেখিয়া অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! সত্বর অশ্বগুলিকে চালাইয়া দাও' ॥১১॥

(৭) অস্ত পূর্বার্দ্ধাৎ পরং শ্লোকদ্বয়ং পি বা সো নাস্তি।

ততঃ প্রায়াদ্ধৃষীকেশো রথেনাপ্রতিযোধিনা।
দারুণশ্চ পুনস্তত্র প্রাদুরাসীৎ সমাগমঃ ॥১২॥
ততঃ পুনঃ সমাজগ্মুরভীতাঃ কুরুপাণ্ডবাঃ।
ভীমসেনমুখাঃ পার্থাঃ সূতপুত্রমুখা বয়ম্ ॥১৩॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং বিশাংপতে!।
কর্ণস্য পাণ্ডবানাঞ্চ যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥১৪॥
ধনূংষি বাণান্ পরিঘানসিতোমরপট্টিশান্।
মুষলানি ভুষুণ্ডীশ্চ সশক্ত্যৃষ্টিপরশ্বধান্ ॥১৫॥
গদাঃ প্রাসান্ শিতান্ কুন্তান্ ভিন্দিপালান্ মহাঙ্কুশান্।
প্রগৃহ্য ক্ষিপ্রমাপেতুঃ পরস্পরজিঘাংসয়া ॥১৬॥ (যুগ্মকম্)
বাণজ্যাতলশব্দেন দ্যাং দিশঃ প্রদিশো বিয়ৎ।
পৃথিবীং নেমিঘোষেণ নাদয়ন্তোঽভ্যয়ুঃ পরান্ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। অপ্রতিযোধিনা প্রতিপক্ষরহিতেন। সমাগমঃ সংঘর্ষঃ ॥১২॥

তত ইতি। পার্থাঃ পাণ্ডবাঃ, সূতপুত্রমুখাঃ কর্ণপ্রভৃতয়ঃ ॥১৩॥

তত ইতি। যমরাষ্ট্রবিবর্দ্ধনং যুদ্ধে মৃতানাং তত্র গমনাদিত্যাশয়ঃ ॥১৪॥

ধনূংষীতি। পরিঘাদীনি তদানীন্তনাস্ত্রাণি। শিতান্ সুধারান্ ॥১৫—১৬॥

তদনন্তর কৃষ্ণ অপ্রতিদ্বন্দ্বী রথে বেগে যাইতে লাগিলেন। তখন পুনরায় দারুণ সংঘর্ষ উপস্থিত হইল ॥১২॥

তাহার পর কৌরব ও পাণ্ডবেরা পুনরায় নির্ভয়চিত্তে সমাগত হইলেন; ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া পাণ্ডবেরা আসিতে লাগিলেন; আর কর্ণকে সম্মুখবর্ত্তী করিয়া আমরা অগ্রসর হইতে থাকিলাম ॥১৩॥

নরনাথ! তৎপরে কর্ণ ও পাণ্ডবগণের যমরাজ্যবৃদ্ধিকারী ভয়ঙ্কর যুদ্ধ লাগিয়া গেল ॥১৪॥

ক্রমে ধনু, বাণ, পরিঘ, তরবারি, তোমর, পট্টিশ, মুষল, ভুষুণ্ডী, শক্তি, ঋষ্টি, পরশু, গদা, প্রাস, সুধার কুন্ত, ভিন্দিপাল ও বিশাল অঙ্কুশ লইয়া পরস্পর বধ করিবার ইচ্ছা করিয়া যোদ্ধারা সত্বর সত্বর উপস্থিত হইতে লাগিলেন ॥১৫—১৬॥

(১২)…রথেনাপ্রতিমো যুধি…নি। (১৪)…সংগ্রামো রোমহর্ষণঃ…পি,…সংগ্রামো রাজসত্তম!…বর্দ্ধ বা সো, যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ—পি বর্দ্ধ বা সো। ইতঃপ্রভৃতি মহাপাঠভেদঃ নি। (১৬)…ভিন্দিপালাংস্তথাঙ্কুশান্—পি বর্দ্ধ।

তেন শব্দেন মহতা সংহৃষ্টাশ্চক্রুরাহবম্ ।
বীরা বীরৈর্ম্মহাঘোরং কলহান্তং তিতীর্ষবঃ ॥১৮॥
জ্যাতলত্রধনুঃশব্দাঃ কুঞ্জরাণাঞ্চ বৃংহিতম্ ।
তাড়িতানাঞ্চ পততাং নিনাদঃ সুমহানভূৎ ॥১৯॥
বাণশব্দাংশ্চ বিবিধান্ শূরাণাঞ্চাভিগর্জ্জতাম্ ।
শ্রুত্বা শব্দং ভৃশং ত্রেসুঃ পেতুর্ম্মম্লুশ্চ সৈনিকাঃ ॥২০॥
তেষাং নিনদতাঞ্চৈব শস্ত্রবর্ষঞ্চ মুঞ্চতাম্ ।
বহূনাধিরথির্বীরঃ প্রমমাথেষুভিঃ পরান্ ॥২১॥
পঞ্চ পাঞ্চালবীরাণাং রথান্ দশ চ পঞ্চ চ ।
সাশ্বসূতধ্বজান্ কর্ণঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥২২॥

ভারতকৌমুদী

বাণেতি । জ্যা ধনুর্গুণাঃ তলানি হস্তাবাপাঃ । নেময়শ্চক্রপ্রান্তদেশাঃ ॥১৭॥
তেনেতি । বীরৈঃ সার্দ্ধম্ । কলহান্তং যুদ্ধসাগরপারম্, তিতীর্ষবস্তর্ত্তুমিচ্ছবঃ ॥১৮॥
জ্যেতি । বৃংহিতং গর্জিতম্ । তাড়িতানাং সৈনিকাদীনাম্ ॥১৯॥
বাণেতি । ত্রেসুর্ভীতা বভূবুঃ, মম্লুঃ ম্লানা অবসন্না বভূবুঃ ॥২০॥
তেষামিতি । অধিরথস্যাপত্যমিত্যাধিরথিঃ কর্ণঃ । ইষুভির্বাণৈঃ ॥২১॥
পঞ্চেতি । ক্রমিকত্বার্থং পৃথক্ পৃথগুক্তিঃ । সমুদায়েন বিংশতিমিত্যর্থঃ ॥২২॥

বাণ, ধনুর গুণ ও তলত্রের শব্দে স্বর্গ, আকাশ, দিক্ ও বিদিক্ এবং রথচক্রের শব্দে সমরভূমি নিনাদিত করিয়া তাঁহারা বিপক্ষগণের দিকে ধাবিত হইতে থাকিলেন ॥১৭॥

বীরগণ সেই বিশাল শব্দে আনন্দিত হইয়া সমরসাগরের পারে উত্তীর্ণ হইবার ইচ্ছা করিয়া বীরগণের সহিত মহাভয়ঙ্কর যুদ্ধ করিতে লাগিলেন ॥১৮॥

তখন ধনু, ধনুর গুণ ও তলত্রের শব্দ, হস্তিগণের বৃংহিতধ্বনি এবং তাড়িত ও পতনশীল সৈন্যপ্রভৃতির বিশাল শব্দ হইতে থাকিল ॥১৯॥

ক্রমে সৈন্যেরা বাণের নানাবিধ শব্দ এবং গর্জ্জনকারী বীরগণের কণ্ঠধ্বনি শুনিয়া অত্যন্তভীত, পতিত ও অবসন্ন হইতে লাগিল ॥২০॥

বীর কর্ণ বাণদ্বারা গর্জন ও অস্ত্রবর্ষণকারী পাণ্ডবসৈন্যের মধ্যে বহু সৈন্যকেই আলোড়ন করিলেন ॥২১॥

এবং কর্ণ বাণবর্ষণ করিয়া পাঞ্চালবীরগণের মধ্যে প্রথমে পাঁচ, পরে দশ, তৎপরে আবার পাঁচ জন রথীকে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত যমালয়ে পাঠাইলেন ॥২২॥

(২২)···ধ্বজান্ দশ চ সপ্ত চ···পি। (২২)···বিদুদ্রাব শিতৈর্বাণৈঃ···পি।

যোধমুখ্যা মহাবীর্য্যাঃ পাণ্ডূনাং কর্ণমাহবে।
শীঘ্রাস্ত্রা দিবমাবৃত্য পরিবক্রুঃ সমন্ততঃ ॥২৩॥
ততঃ কর্ণো দ্বিষৎসেনাং শরবর্ষৈর্বিলোভয়ন্।
বিজগাহাণ্ডজাকীর্ণাং পদ্মিনীমিব যূথপঃ ॥২৪॥
দ্বিষন্মধ্যমবস্কন্দ্য রাধেয়ো ধনুরুত্তমম্।
বিধুন্বানঃ শিতৈর্বাণৈঃ শিরাংস্যুন্মথ্য পাতয়ন্ ॥২৫॥
চর্ম্মবর্ম্মাণি সংছিন্নান্যপতন্ ভুবি দেহিনাম্।
বিষেহুর্নাস্য সংস্পার্শং দ্বিতীয়স্য পতত্রিণঃ ॥২৬॥
বর্ম্মদেহাসুমথনৈর্ধনুষঃ প্রচ্যুতৈঃ শরৈঃ।
মৌর্ব্যা তলত্রেঽভ্যহনৎ কশয়া বাজিনো যথা ॥২৭॥

ভারতকৌমুদী

যোধেতি। দিবং গগনম্, আবৃত্য অস্ত্রৈর্ব্যাপ্য, পরিবক্রুঃ পরিবিবেষ্টিরে ॥২৩॥

তত ইতি। বিজগাহ আলোড়য়ামাস, অণ্ডজাকীর্ণাং পক্ষিব্যাপ্তাম্, পদ্মিনীং পদ্মসরসীম্ ॥২৪॥

দ্বিষদিতি। অবস্কন্দ্য প্রবিশ্য। বিধুন্বানশ্চালয়ন্। পাতয়ন্ ব্যচরদিতি শেষঃ ॥২৫॥

চর্ম্মেতি। বিষেহুঃ সোঢ়ুং শেকুঃ, অস্য কর্ণস্য। পতত্রিণো বাণস্য ॥২৬॥

ভারতভাবদীপঃ

পাণ্ড্য ইতি ॥১॥ অনুজ্ঞাতস্ত্বমজয্যো ভবিষ্যসীত্যনুগৃহীতঃ ॥২—৩॥ রাজানং যুধিষ্ঠিরম্ ॥৪—১০॥ ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য ॥১১—১৬॥ দ্যাং স্বর্গম্, বিয়দন্তরিক্ষম্ ॥১৭—২৩॥ অণ্ডজৈর্জল-পক্ষিভিঃ সারসাদিভিরাকীর্ণাং ব্যাপ্তাম্ ॥২৪॥ অবস্কন্দ্য নিপত্য, উন্মথ্য মার্গাদন্যত্র দূরে

ক্রমে মহাবীর ও দ্রুতাস্ত্রক্ষেপী পাণ্ডবপক্ষীয় প্রধান যোদ্ধারা অস্ত্রবর্ষণপূর্ব্বক আকাশ আবৃত করিয়া সকল দিকে কর্ণকে বেষ্টন করিলেন ॥২৩॥

তাহার পর বিশাল হস্তী যেমন পক্ষিগণে পরিপুর্ণ পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ কর্ণ বাণবর্ষণদ্বারা প্রলুব্ধ করতঃ শত্রুসৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে কর্ণ শত্রুমধ্যে প্রবেশ করিয়া উত্তম ধনু সঞ্চালন করিতে থাকিয়া সুধার বাণসমূহদ্বারা বিপক্ষগণের মস্তকচ্ছেদন করতঃ বিচরণ করিতে থাকিলেন ॥২৫॥

তৎকালে প্রাণিগণের চর্ম্ম ও বর্ম্ম সকল ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং বিপক্ষেরা কর্ণের দ্বিতীয় বাণের সংস্পর্শ আর সহ্য করিতে পারিল না ॥২৬॥

পাণ্ডুসৃঞ্জয়পাঞ্চালান্ শরগোচরমাগতান্।
মমর্দ্দ তরসা কর্ণঃ সিংহো মৃগগণানিব ॥২৮॥
ততঃ পাঞ্চালরাজশ্চ দ্রৌপদেয়াশ্চ মারিষ!।
যমৌ চ যুযুধানশ্চ সহিতাঃ কর্ণমভ্যয়ুঃ ॥২৯॥
তেষু ব্যায়চ্ছমানেষু কুরুপাঞ্চালপাণ্ডুষু।
প্রিয়ানসূন্ রণে ত্যক্ত্বা যোধা জগ্মুঃ পরস্পরম্ ॥৩০॥
সুসন্নদ্ধাঃ কবচিনঃ সশিরস্ত্রাণভূষণাঃ।
গদাভির্মুষলৈশ্চান্যৈঃ পরিঘৈশ্চ মহাবলাঃ ॥৩১॥
সমভ্যধাবন্ত ভৃশং কালদণ্ডৈরিবোদ্যতৈঃ।
নর্দ্দন্তশ্চাহ্বয়ন্তশ্চ প্রবল্গন্তশ্চ মারিষ! ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। অসবঃ প্রাণাঃ। মৌর্ব্যা ধনুর্গুণেন, তলত্রে হস্তাবাপে ॥২৭॥
পাণ্ডিতি। শরাণাং গোচরং পাতস্থানম্। তরসা বলেন ॥২৮॥
তত ইতি। পাঞ্চালরাজো দ্রুপদাভাবাদ্ধৃষ্টদ্যুম্নঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥২৯॥
তেষ্বিতি। ব্যায়চ্ছমানেষু যুদ্ধব্যায়ামং কুর্বাণেষু। অসূন্ প্রাণান্ প্রাণমমতাম্ ॥৩০॥
স্বিতি। সুসন্নদ্ধাঃ সুসজ্জিতাঃ। প্রবল্গন্তো গর্বং প্রকাশয়ন্তঃ ॥৩১—৩২॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥২৫—২৬॥ অসুমথনৈঃ অসবঃ প্রাণা উন্মথ্যন্তেোভিস্তৈঃ, মৌর্ব্যা মৌর্ব্বীচ্যুতৈঃ শরৈর্ব্বাণৈস্তলত্রে জ্যাঘাতবারণস্থানে ত্বহনৎ, যথা তে শরং সন্ধাতুং ন শক্নুবন্তি তথা

অশ্বারোহীরা কশাদ্বারা অশ্বগণকে যেমন তাড়ন করে, সেইরূপ কর্ণ ধনু ও তাহার গুণ হইতে নির্গত বর্ম্ম, দেহ ও প্রাণনাশক বাণসমূহদ্বারা বিপক্ষগণের হস্তাবরণে তাড়ন করিতে লাগিলেন ॥২৭॥

সিংহ যেমন হরিণগণকে মর্দ্দন করে, সেইরূপ কর্ণ বাহুবলে বাণপাতস্থানে আগত পাণ্ডব, সৃঞ্জয় ও পাঞ্চালগণকে মর্দ্দন করিতে থাকিলেন ॥২৮॥

মাননীয় রাজা! তাহার পর ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পুত্রগণ, নকুল, সহদেব ও সাত্যকি সম্মিলিত হইয়া কর্ণের দিকে ধাবিত হইলেন ॥২৯॥

তখন সেই পাণ্ডব, পাঞ্চাল ও কৌরবেরা যুদ্ধ করিতে লাগিলে, উভয় পক্ষের যোদ্ধারা প্রিয়তম প্রাণের মমতা ত্যাগ করিয়া পরস্পরের প্রতি গমন করিলেন ॥৩০॥

মাননীয় রাজা! ক্রমে সুসজ্জিত, কবচধারী এবং শিরস্ত্রাণ ও অলঙ্কারযুক্ত

(২৯) ততঃ পাঞ্চালপুত্রশ্চ…পি। (৩০) ব্যায়চ্ছমানাঃ সুভৃশং কুরুপাঞ্চালপাণ্ডবাঃ…পি।

ততো নিজঘ্নুরন্যোন্যং পেতুশ্চান্যোন্যতাড়িতাঃ।
বমন্তো রুধিরং গাত্রৈর্বিমস্তিষ্কেক্ষণা যুধি ॥৩৩॥
দন্তপূর্ণৈঃ সরুধিরৈর্বক্ত্রৈর্দাড়িমসন্নিভৈঃ।
জীবন্ত ইব চাপ্যেকে তস্থুঃ শস্ত্রোপবৃংহিতাঃ ॥৩৪॥
পরশ্বধৈশ্চাপ্যপরে পট্টিশৈরসিভিস্তথা।
শক্তিভির্ভিন্দিপালৈশ্চ নখরপ্রাসতোমরৈঃ ॥৩৫॥
ততক্ষুশ্চিচ্ছিদুশ্চান্যে বিভিদুশ্চিক্ষিপুস্তথা।
সঞ্চকর্ত্তুশ্চ জঘ্নুশ্চ ক্রুদ্ধা রণমহার্ণবে ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। বমন্তো নিঃসারয়ন্তঃ। বিগতানি মস্তিষ্কেক্ষণানি যেষাং তে ॥৩৩॥

দন্তেতি। জীবন্ত ইব মৃতা অপীতি ভাবঃ। শস্ত্রৈরুপবৃংহিতাঃ পীনীকৃতদেহাঃ ॥৩৪॥

পরেতি। নখরোঽপ্যস্ত্রবিশেষঃ। পরশ্বধাদিভির্যথাসম্ভবম, তক্ষণং তনূকরণম্, ছেদনম্ অঙ্গবিশেষস্য দ্বিধাকরণম্, ভেদনং বিদারণম, ক্ষেপণমপসারণম্, কর্ত্তনং কণ্ঠস্য দ্বিধাকরণম্, হননং পোথনাদিনা প্রাণনাশনম্। রণো মহার্ণব ইব বিশালস্তস্মিন্ ॥৩৫—৩৬॥

ভারতভাবদীপঃ

চকারেত্যর্থঃ ॥২৭—২৯॥ ব্যায়চ্ছমানেষু যতমানেষু ॥৩০—৩২॥ বিমস্তিষ্কেক্ষণাযুধাঃ মস্তিষ্কং শিরোভাগস্থমাংসপিণ্ডঃ ॥৩৩—৩৪॥ পরশ্বধৈস্তভক্ষুঃ। পট্টিশৈরসিভিশ্চ চিচ্ছিদুঃ। শক্তিভির্বিভিদুঃ। ভিন্দিপালৈশ্চিক্ষিপুঃ। নখরৈঃ সঞ্চকর্ত্তুঃ। প্রাসতোমরৈর্জঘ্নুঃ ॥৩৫—৩৬॥

মহাবল যোদ্ধারা গর্জন, আহ্বান ও গর্ব্বপ্রকাশ করিতে থাকিয়া যমদণ্ডের ন্যায় গদা, মুষল, পরিঘ ও অন্যান্য অস্ত্র উত্তোলন করিয়া বেগে পরস্পরের প্রতি ধাবিত হইলেন ॥৩১—৩২॥

তদনন্তর তাঁহারা পরস্পর বধ করিতে লাগিলেন এবং পরস্পর তাড়িত হইয়া পতিত হইতে থাকিলেন; আর তাঁহাদের গাত্র হইতে রক্ত নির্গত এবং মস্তিষ্ক (মাথার ঘিলু) ও নয়ন উৎপাটিত হইতে থাকিল ॥৩৩॥

কতকগুলি সৈন্য অস্ত্রপূর্ণ দেহে মৃত অবস্থায় ভূতলে থাকিয়াও দন্তপূর্ণ ও রক্তযুক্ত দাড়িমফলের ন্যায় মুণ্ডমণ্ডলদ্বারা জীবিতের তুল্য থাকিতে লাগিল ॥৩৪॥

মহাসমুদ্রের ন্যায় সেই বিশাল যুদ্ধে অপরাপর ক্রুদ্ধ বীরেরা পরশু, পট্টিশ, তরবারি, শক্তি, ভিন্দিপাল, নখর, প্রাস ও তোমরদ্বারা যথাসম্ভব পরস্পর খণ্ডন, ছেদন, বিদারণ, ক্ষেপণ, কর্ত্তন ও হনন করিতে লাগিলেন ॥৩৫—৩৬॥

পেতুরন্যোন্যনিহতা ব্যসবো রুধিরোক্ষিতাঃ।
ক্ষরন্তঃ সুরসং রক্তং প্রকৃত্তাশ্চন্দনা ইব ॥৩৭॥
রথৈ রথা বিনিহতা হস্তিভিশ্চাপি হস্তিনঃ।
নরৈর্নরা হতাঃ পেতুরশ্বাশ্চাশ্বৈঃ সহস্রশঃ ॥৩৮॥
ধ্বজাঃ শিরাংসি ছত্রাণি দ্বিপহস্তা নৃণাং ভুজাঃ।
ক্ষুরৈর্ভল্লার্দ্ধচন্দ্রৈশ্চ ছিন্নাঃ পেতুর্মহীতলে ॥৩৯॥
নরাংশ্চ নাগান্ সরথান্ হয়ান্ মমৃদুরাহবে।
অশ্বারোহৈর্হতাঃ শূরাশ্ছিন্নহস্তাশ্চ দন্তিনঃ ॥৪০॥
সপতাকাধ্বজাঃ পেতুর্বিশীর্ণা ইব পর্বতাঃ।
পত্তিভিশ্চ সমাপ্লুত্য দ্বিরদাঃ স্যন্দনাস্তথা।
হতাশ্চ হন্যমানাশ্চ পতিতাশ্চৈব সর্ব্বশঃ ॥৪১॥

ভারতকৌমুদী

পেতুরিতি। ব্যসবো নিষ্প্রাণাঃ। প্রকৃত্তাশ্ছিন্নাশ্চন্দনা বৃক্ষাঃ সুরসং সুনির্য্যাসমিব ॥৩৭॥
রথৈরিতি। রথৈ রথারোহিভিঃ। হস্তিভিরশ্বৈশ্চ তত্তদারোহিভিঃ ॥৩৮॥
ধ্বজা ইতি। দ্বিপহস্তা হস্তিশুণ্ডাঃ। অর্দ্ধচন্দ্রস্তদাকারফলকো বাণবিশেষঃ ॥৩৯॥
নরানিতি। নাগান্ গজান্। ছিন্নহস্তাঃ ছিন্নশুণ্ডাঃ ॥৪০॥
সেতি। সমাপ্লুত্য হতা হন্যমানাশ্চ, দ্বিরদা গজাঃ, স্যন্দনা রথাঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪১॥

পরস্পর আহত যোদ্ধারা প্রাণহীন ও রক্তাক্তদেহ হইয়া—ছিন্ন চন্দনবৃক্ষ যেমন নির্যাস নিঃসারণ করিতে থাকিয়া পতিত হয়, সেইরূপ রক্ত নিঃসারণ করিতে থাকিয়া পতিত হইতে থাকিলেন ॥৩৭॥

গজারোহী, অশ্বারোহী, রথী ও পদাতিরা বধ করিতে লাগিলে যথাক্রমে সহস্র সহস্র হস্তী, অশ্ব, রথ ও পদাতি পতিত হইতে লাগিল ॥৩৮॥

ক্ষুর, ভল্ল ও অর্দ্ধচন্দ্রবাণদ্বারা ছিন্ন ধ্বজ, মস্তক, ছত্র, হস্তিশুণ্ড ও মানুষের বাহু ভূতলে পতিত হইতে থাকিল ॥৩৯॥

অশ্বারোহীরা বীরগণকে বধ এবং হস্তিশুণ্ড ছেদন করিলে, সেই হস্তিগণ হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণকে মর্দ্দন করিতে লাগিল ॥৪০॥

পদাতিরা লাফ দিয়া উঠিয়া বিধ্বস্ত করিলে, পতাকা ও ধ্বজের সহিত হস্তী ও রথগুলি বিশীর্ণ পর্ব্বত সকলের ন্যায় সকল দিকে পতিত হইতে থাকিল ॥৪১॥

(৩৭)…সরসং রক্তম্…পি বা,…সহসা রক্তম্…সে।।

অশ্বারোহাঃ সমাসাদ্য ত্বরিতাঃ পত্তিভির্হতাঃ।
সাদিভিঃ পত্তিসংঘাশ্চ নিহতা ভুবি শেরতে ॥৪২॥
মৃদিতানীব পদ্মানি প্রম্লানা ইব চ স্রজঃ।
হতানাং বদনান্যাসন্ গাত্রাণি চ মহাহবে ॥৪৩॥
রূপাণ্যত্যর্থকান্তানি দ্বিরদাশ্বনৃণাং নৃপ !।
সমুন্নানীব বস্ত্রাণি যযুর্দুর্দর্শতাং পরাম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে যোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

ভারতকৌমুদী

অশ্বেতি। সাদিভিরশ্বারোহৈঃ। শেরতে স্ম ॥৪২॥
মৃদিতানীতি। স্রজঃ পুষ্পমালাঃ। আসন্ পতিতানীতি শেষঃ ॥৪৩॥
রূপাণীতি। অত্যর্থকান্তানি অতীবসুন্দরাণ্যপি। সমুন্নানি ক্ষারাক্তানি ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি যোড়শোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

ভারতভাবদীপঃ

স্বরসং স্নিগ্ধং, প্রকৃত্তাশ্ছিন্নাশ্চন্দনাঃ রক্তচন্দনাঃ ॥৩৭—৪০॥ সমাপ্লুত্য সম্মুখমুৎপ্লুত্য ॥৪১—৪২॥ পদ্মানীব বদনানি, স্রজ ইব গাত্রাণি ॥৪৩॥ সমুন্নানি ক্ষারক্লিন্নানি মলিনানি ॥৪৪॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে যোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

—:*:—

পদাতিরা উপস্থিত হইয়া ত্বরান্বিত অশ্বারোহিগণকে, আবার অশ্বারোহীরা পদাতিদিগকে বধ করিলে, তাহারা শয়ন করিতে লাগিল ॥৪২॥

নিহতদিগের মুখগুলি মর্দ্দিত পদ্মসমূহের ন্যায় এবং দেহগুলি ম্লান পুষ্পমালার তুল্য মহাযুদ্ধমধ্যে পতিত থাকিতে লাগিল ॥৪৩॥

রাজা! নিহত হস্তী, অশ্ব ও মনুষ্যগণের অতিমনোহর রূপও ক্ষারযুক্ত বস্ত্রের ন্যায় দুর্দৃশ্য হইয়া যাইতে থাকিল ॥৪৪॥

——:*:——

* (৪৪) রূপাণ্যত্যর্থকান্তীনি…পি। * '…একবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ সো, '…দ্বাবিংশোঽধ্যায়ঃ' বা।

সপ্তদশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

হস্তিভিস্তু মহামাত্রাস্তব পুত্রেণ চোদিতাঃ।
ধৃষ্টদ্যুম্নং জিঘাংসন্তঃ ক্রুদ্ধাঃ পার্ষতমভ্যয়ুঃ ॥১॥
প্রাচ্যাশ্চ দাক্ষিণাত্যাশ্চ প্রবরা গজযোধিনঃ।
অঙ্গা বঙ্গাশ্চ পুণ্ড্রাশ্চ মাগধাস্তাম্রলিপ্তকাঃ ॥২॥
মেকলাঃ কোশলা মদ্রা দশার্ণা নিষধাস্তথা।
গজযুদ্ধেষু কুশলা কলিঙ্গৈঃ সহ ভারত! ॥৩॥
শরতোমরনারাচৈর্বৃষ্টিমন্ত ইবাম্বুদাঃ।
সিষিচুস্তে ততঃ সর্ব্বে পাঞ্চালবলমাহবে ॥৪॥ (বিশেষকম্)
তান্ মিমর্দ্দয়িষূন্ নাগান্ পার্ষ্ণ্যঙ্গুষ্ঠাঙ্কুশৈর্ভৃশম্।
চোদিতান্ পার্ষতো বাণৈর্নারাচৈরভ্যবীবৃষৎ ॥৫॥

ভারতকৌমুদী

হস্তিভিরিতি। মহামাত্রা হস্তিপকাঃ। চোদিতাঃ প্রেরিতাঃ। পার্ষতং পৃষতপৌত্রম্ ॥১॥
প্রাচ্যা ইতি। পুণ্ড্রাঽপি দেশবিশেষঃ। কুশলা নিপুণাঃ। সিষিচুর্ববৃষুঃ ॥২—৪॥
তানিতি। মিমর্দ্দয়িষূন্ পাঞ্চালবলং মর্দ্দয়িতুমিচ্ছূন্, নাগান্ গজান্, পার্ষ্ণ্যঃ পাদমূলানি অঙ্গুষ্ঠা পাদানামেব অঙ্কুশাশ্চাস্ত্রাণি তৈঃ। চোদিতান্ প্রেরিতান্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পুত্র (দুর্য্যোধন) আদেশ করিলে, হস্তিপকেরা ক্রুদ্ধ হইয়া হস্তিগণদ্বারা পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্নকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥১॥

ভরতনন্দন! তাহার পর পূর্ব্বদেশীয় ও দাক্ষিণাত্য প্রধান গজযোদ্ধারা এবং অঙ্গ, বঙ্গ, পুণ্ড্র, মগধ, তাম্রলিপ্ত, মেকল, কোশল, মদ্র, দশার্ণ ও নিষধদেশীয় গজযুদ্ধনিপুণ বীরেরা সকলে কলিঙ্গদেশীয় বীরগণের সহিত মিলিত হইয়া বৃষ্টিকারী মেঘের ন্যায় যুদ্ধে পাঞ্চালসৈন্যের উপরে বাণ, তোমর ও নারাচ বর্ষণ করিতে লাগিলেন ॥২—৪॥

(৫)···অপ্যবীবৃষৎ—পি।

একৈকং দশভিঃ ষড়্ভিরষ্টাভিরপি ভারত!।
দ্বিরদানভিবিব্যাধ শিতৈর্গিরিনিভান্ শরৈঃ ॥৬॥
প্রচ্ছাদ্যমানং দ্বিরদৈর্মেঘৈরিব দিবাকরম্।
প্রযযুঃ পাণ্ডুপাঞ্চালা নদন্তো নিশিতায়ুধাঃ ॥৭॥
তান্ নাগানভিবর্ষন্তো জ্যাতন্ত্রীতলনাদিতৈঃ।
বীরনৃত্যং প্রনৃত্যন্তস্তলতালপ্রণাদিতৈঃ ॥৮॥ (যুগ্মকম্)
নকুলঃ সহদেবশ্চ দ্রৌপদেয়াঃ প্রভদ্রকাঃ।
সাত্যকিশ্চ শিখণ্ডী চ চেকিতানশ্চ বীর্য্যবান্।
সমন্তাৎ সিষিচুর্ব্বীরা মেঘাস্তোয়ৈরিবাচলান্ ॥৯॥

ভারতকৌমুদী

একৈকমিতি। দ্বিরদান্ গজান্, অভিবিব্যাধ পার্ষত এব, শিতৈঃ সুধারৈঃ ॥৬॥

প্রেতি। প্রচ্ছাদ্যমানং পরিবেষ্ট্যমানং ধৃষ্টদ্যুম্নম্ আব্রিয়মাণঞ্চ দিবাকরম্। নাগান্ গজান্। জ্যা ধনুর্গুণা এব তন্ত্রী তলানি তন্ত্রীরূপাস্তেষাং নাদিতৈঃ শব্দৈঃ। প্রনৃত্যন্তঃ প্রকর্ষেণ কুর্ব্বন্তঃ, তলানাং হস্তাবাপানাং তালেন কালক্রিয়মাণেন প্রণাদিতানি শব্দাস্তৈশ্চ ॥৭—৮॥

নকুল ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। সিষিচুর্ব্ববৃষুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

তখন হস্তিপকেরা পার্ষ্ণি (পায়ের গোড়ালি), অঙ্গুষ্ঠ ও অঙ্কুশদ্বারা গুরুতর তাড়ন করিতে লাগিলে, হস্তিগণ পাঞ্চালসৈন্যদিগকে মর্দ্দন করিবার ইচ্ছা করিতে থাকিল; তৎকালে ধৃষ্টদ্যুম্ন সেগুলির উপরে সাধারণ বাণ ও নারাচ বর্ষণ করিতে লাগিলেন ॥৫॥

ভরতনন্দন! তখন ধৃষ্টদ্যুম্ন দশটা, ছয়টা ও আটটা সুধার বাণদ্বারা পর্ব্বত-প্রমাণ সেই হস্তিগণের এক একটাকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৬॥

মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ হস্তিগণ ধৃষ্টদ্যুম্নকে পরিবেষ্টন করিলে, সুধারাস্ত্রধারী পাণ্ডব ও পাঞ্চালেরা ধনুর্গুণরূপ তন্ত্রীর শব্দে এবং তালে তালে হস্তাবাপের শব্দে বীরগণোচিত নৃত্য ও গর্জ্জন করিতে থাকিয়া সেই হস্তি-গণের উপরে অস্ত্রবর্ষণ করিতে করিতে ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥৭—৮॥

ক্রমে নকুল, সহদেব, দ্রৌপদীর পুত্রগণ, প্রভদ্রকগণ, সাত্যকি, শিখণ্ডী ও বলবান্ চেকিতান ইঁহারা—মেঘ যেমন পর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ সকল দিক্ হইতে সেই হস্তিগণের উপরে অস্ত্র বর্ষণ করিতে লাগিলেন ॥৯॥

(৬)…ক্ষিপ্তৈর্গিরিনিভান্ শরৈঃ—পি বা সো। (৮)…প্রনৃত্যন্তঃ শূলতালপ্রমোদিতৈঃ—সো। (৯)…তোয়ৈরিবাচলম্—পি।

তে ম্লেচ্ছৈঃ প্রেষিতা নাগা নরানশ্বান্ রথানপি।
হস্তৈরাক্ষিপ্য মমৃদুঃ পদ্ভিশ্চাপ্যতিমন্যবঃ ॥১০॥
বিভিদুশ্চ বিষাণাগ্রৈঃ সমাক্ষিপ্য চ চিক্ষিপুঃ।
বিষাণলগ্নাশ্চাপ্যন্যে পরিপেতুর্বিভীষণাঃ ॥১১॥
প্রমুখে বর্ত্তমানস্তু দ্বিপং বঙ্গস্য সাত্যকিঃ।
নারাচেনোগ্রবেগেন ভিত্ত্বা মর্ম্মণ্যপাতয়ৎ ॥১২॥
তস্যাবর্জিতকায়স্য দ্বিরদাদুৎপতিষ্যতঃ।
নারাচেনাহনদ্বক্ষঃ সাত্যকিঃ সোঽপতদ্ভুবি ॥১৩॥

ভারতকৌমুদী

ত ইতি। হস্তৈঃ শুণ্ডাভিঃ, আক্ষিপ্য আকৃষ্য। অতিমন্যবঃ সাতিশয়ক্রোধাঃ ॥১০॥
বিভিদুরিতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। সমাক্ষিপ্য শুণ্ডাভিঃ। বিভীষণা অতিভীষণাঃ ॥১১॥
প্রেতি। প্রমুখে সম্মুখে, দ্বিপং গজম্, বঙ্গস্য বঙ্গদেশীয়নৃপতেঃ ॥১২॥
তস্যেতি। তস্য বঙ্গস্য, আবর্জিতকায়স্য অবনমিতদেহস্য। স বঙ্গঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

পাণ্ড্য ইতি ॥১॥ অনুজ্ঞাতস্বমজয্যো ভবিষ্যসীত্যনুগৃহীতঃ ॥২—৪॥ কেবলাঙ্কুশৈশ্চ তৈঃ ॥৫—৬॥ প্রচ্ছাদ্যমানং ধৃষ্টদ্যুম্নম্ ॥৭—১২॥ আবর্জিতঃ প্রহারবঞ্চনেন রক্ষিতঃ কায়ো দেহো তস্য ॥১৩—৩০॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

আবার ম্লেচ্ছগণপ্রেরিত সেই হস্তিগণও অত্যন্তক্রুদ্ধ হইয়া শুণ্ডদ্বারা মানুষ, অশ্ব ও রথগুলিকে আকর্ষণ করিয়া আনিয়া চরণদ্বারা সেগুলিকে মর্দ্দন করিতে থাকিল ॥১০॥

সেই হস্তী সকল দন্তাগ্রদ্বারা বিদারণ করিতে লাগিল এবং শুণ্ডদ্বারা আকর্ষণ করিয়া নিক্ষেপ করিতে থাকিল, আর অতিভীষণাকৃতি অন্য সৈন্যেরা সেই হস্তিগুলির দন্তলগ্ন হইয়া সকল দিকে পড়িতে লাগিল ॥১১॥

এই সময়ে সাত্যকি একটা ভীষণবেগ নারাচদ্বারা সম্মুখবর্ত্তী বঙ্গরাজের হস্তীটার মর্ম্ম বিদারণ করিয়া সেটাকে নিপাতিত করিলেন ॥১২॥

সেই সময়ে বঙ্গরাজ অবনতদেহে হস্তী হইতে উঠিতে লাগিলে, সাত্যকি একটা নারাচদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন, তখন তিনি ভূতলে পতিত হইলেন ॥১৩॥

---

(১০) তে ম্লেচ্ছৈঃ প্রেরিতা নাগাঃ···পি। (১২)···দ্বিপঙ্কাঙ্গস্য···পি।

পুণ্ড্রস্যাপততো নাগং চলন্তমিব পর্বতম্।
সহদেবঃ প্রযত্নাস্তৈর্নারাচৈরহনস্ত্রিভিঃ ॥১৪॥
বিপতাকং বিযন্তারং বিবর্ম্মধ্বজজীবিতম্।
তং কৃত্বা দ্বিরদং ভূয়ঃ সহদেবোঽঙ্গমভ্যয়াৎ ॥১৫॥
সহদেবস্তু নকুলো বারয়িত্বাঙ্গমার্দ্দয়ৎ।
নারাচৈর্যমদণ্ডাভৈস্ত্রিভির্নাগং শতেন তম্ ॥১৬॥
দিবাকরকরপ্রখ্যানঙ্গশ্চিক্ষেপ তোমরান্।
নকুলায় শতান্যষ্টৌ ত্রিধৈকৈকন্তু সোঽচ্ছিনৎ ॥১৭॥
তথার্দ্ধচন্দ্রেণ শিরস্তস্য চিচ্ছেদ পাণ্ডবঃ।
স পপাত হতো ম্লেচ্ছস্তেনৈব সহ দন্তিনা ॥১৮॥
অথাঙ্গপুত্রে নিহতে হস্তিশিক্ষাবিশারদে।
অঙ্গাঃ ক্রুদ্ধা মহামাত্রা নাগৈর্নকুলমভ্যয়ুঃ ॥১৯॥

ভারতকৌমুদী

পুণ্ড্রস্যেতি। আপততঃ আগচ্ছতঃ, নাগং গজম্। প্রযত্নেন অস্ত্রৈঃ ক্ষিপ্তৈঃ ॥১৪॥
বীতি। বিযন্তারং বিগতচালকম্, বিগতানি বর্ম্মধ্বজজীবিতানি যস্য তম্ ॥১৫॥
সহেতি। অঙ্গম্ অঙ্গরাজম্, আর্দ্দয়দপীড়য়ৎ। শতেন নারাচৈঃ ॥১৬॥
দিবেতি। দিবাকরকরপ্রখ্যান্ সূর্য্যকিরণবদুজ্জ্বলান্। স নকুলঃ ॥১৭॥
তথেতি। পাণ্ডবো নকুলঃ ম্লেচ্ছ আর্য্যধর্ম্মবিরুদ্ধধর্ম্মা অঙ্গঃ ॥১৮॥

পুণ্ড্ররাজ আসিতে লাগিলে, সহদেব যত্নপূর্ব্বক তিনটা নারাচ নিক্ষেপ করিয়া চলনশীল পর্ব্বতের ন্যায় তাঁহার হস্তীটাকে আঘাত করিলেন ॥১৪॥

ক্রমে সহদেব সেই হস্তীটার পতাকা, চালক, বর্ম্ম, ধ্বজ ও জীবন নষ্ট করিয়া পুনরায় অঙ্গরাজের দিকে ধাবিত হইলেন ॥১৫॥

তখন নকুল সহদেবকে বারণ করিয়া যমদণ্ডের তুল্য তিনটা নারাচদ্বারা অঙ্গরাজের হস্তীটাকে এবং একশত নারাচদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥১৬॥

অঙ্গরাজও নকুলের উপরে সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল আট শত তোমর নিক্ষেপ করিলেন; তখন নকুল তাহার এক একটাকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন ॥১৭॥

পরে নকুল একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা অঙ্গরাজের মস্তক ছেদন করিলেন; তখন ম্লেচ্ছ অঙ্গরাজ সেই হস্তীর সহিতই নিহত হইয়া পতিত হইলেন ॥১৮॥

হস্তিযুদ্ধবিশারদ সেই অঙ্গরাজপুত্র নিহত হইলে, অঙ্গদেশীয় হস্তিপকেরা ক্রুদ্ধ হইয়া হস্তী লইয়া নকুলের দিকে চলিল ॥১৯॥

(১৬)…নাগং শতেন চ—বর্দ্ধ সো। (১৯)…অঙ্গাঃ ক্রুদ্ধা মহারাজ!…পি।

চলৎপতাকৈঃ সুমুখৈর্হৈমকক্ষাতনুচ্ছদৈঃ।
মিমর্দ্দিষন্তস্ত্বরিতাঃ প্রদীপ্তৈরিব পর্ব্বতৈঃ ॥২০॥
মেকলোৎকলকালিঙ্গা নিষধাস্তাম্রলিপ্তকাঃ।
শরতোমরবর্ষাণি বিমুঞ্চন্তো জিঘাংসবঃ ॥২১॥ (যুগ্মকম্)
তৈশ্ছাদ্যমানং নকুলং দিবাকরমিবাম্বুদৈঃ।
পরিপেতুঃ সুসংরব্ধাঃ পাণ্ডুপাঞ্চালসোমকাঃ ॥২২॥
ততস্তদভবদ্‌যুদ্ধং রথিনাং হস্তিভিঃ সহ।
সৃজতাং শরবর্ষাণি তোমরাংশ্চ সহস্রশঃ ॥২৩॥
নাগানাং প্রাস্ফুটন্ কুম্ভা মর্ম্মাণি বিবিধানি চ।
দন্তাশ্চৈবাতিবিদ্ধানাং নারাচৈর্ভূষণানি চ ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। অঙ্গপুত্রে তস্মিন্নেবাঙ্গরাজে। অঙ্গা অঙ্গদেশীয়াঃ, মহামাত্রা হস্তিপকাঃ ॥১৯॥

চলদিতি। চলন্ত্যঃ পতাকা যেষু তৈঃ, সুমুখৈরলঙ্কৃতত্বাৎ সুন্দরবদনৈঃ, হৈম্যঃ কক্ষা মধ্যবন্ধনরজ্জবঃ তনুচ্ছদা বর্ম্মাণি চ যেষাং তৈঃ, অতএব প্রদীপ্তৈঃ সমন্তাৎ প্রজ্বলিতবহ্নিভিঃ পর্বতৈরিব স্থিতৈর্নাগৈঃ, মিমর্দ্দিষন্তো বিপক্ষান্ মর্দ্দিতুমিচ্ছন্তঃ অতএব চ ত্বরিতাঃ। জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ, নকুলমভ্যযুরিত্যনুবৃত্তিঃ ॥২০—২১॥

তৈরিতি। পরিপেতুঃ সাহায্যকরণায়াজগ্মুঃ, সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ ॥২২॥

তত ইতি। রথিনাং পাণ্ডবাদীনাম্, হস্তিভির্হস্ত্যারোহিভির্মেকলাদিভিঃ ॥২৩॥

এবং মেকল, উৎকল, কলিঙ্গ, নিষধ ও তাম্রলিপ্তদেশীয় যোদ্ধারা হস্তিদ্বারা মর্দ্দন ও বধ করিবার ইচ্ছা করিয়া ত্বরান্বিত হইয়া বাণ ও তোমর বর্ষণ করিতে করিতে নকুলের দিকে আসিতে লাগিলেন; সেই হাতীগুলির উপরে পতাকা চলিতেছিল, অলঙ্কৃত থাকায় মুখগুলি সুন্দর দেখাইতেছিল এবং স্বর্ণময় মধ্যবন্ধনরজ্জু ও বর্ম্মবেষ্টিত হওয়ায় সে হাতীগুলি অগ্নিবেষ্টিত পর্ব্বতসমূহের ন্যায় প্রকাশ পাইতেছিল ॥২০—২১॥

মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, তেমন সেই হাতীগুলি আসিয়া নকুলকে পরিবেষ্টন করিলে, পাণ্ডব, পাঞ্চাল ও সোমকেরা ক্রুদ্ধ হইয়া নকুলের সাহায্য করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২২॥

তাহার পর সেই গজারোহিগণের সহিত রথারোহী পাণ্ডবপ্রভৃতির যুদ্ধ হইতে লাগিল; তৎকালে তাঁহারা বাণবর্ষণ ও সহস্র সহস্র তোমর নিক্ষেপ করিতে লাগিলেন ॥২৩॥

---

(২০) চলৎপতাকোগ্রমুখৈঃ···বিমর্দ্দয়ন্তস্ত্বরিতাঃ···পি,···উমর্দ্দিষন্তস্ত্বরিতাঃ···বা। (২৪) নাগানাং প্রামথৎ কুম্ভান্···দন্তাংশ্চৈবাতি বিদ্ধানাম্···পি।

তেষামষ্টৌ মহানাগাংশ্চতুঃষষ্ট্যা সুতেজনৈঃ।
সহদেবো জঘানাশু তেঽপতন্ সহ সাদিভিঃ ॥২৫॥
অঞ্জোগতিভিরায়ম্য প্রযত্নাদ্ধনুরুত্তমম্।
নারাচৈরহনন্নাগান্ নকুলঃ কুলনন্দনঃ ॥২৬॥
ততঃ পাঞ্চাল্যশৈনেয়ৌ দ্রৌপদেয়াঃ প্রভদ্রকাঃ।
শিখণ্ডী চ মহানাগান্ সিষিচুঃ শরবৃষ্টিভিঃ ॥২৭॥
তে পাণ্ডুযোধাম্বুধরৈঃ শত্রুদ্বিরদপর্বতাঃ।
বাণবর্ষৈর্হতাঃ পেতুর্বজ্রবর্ষৈরিবাচলাঃ ॥২৮॥
এবং হত্বা তব গজাংস্তে পাণ্ডুরথকুঞ্জরাঃ।
দ্রুতাং সেনামবৈক্ষন্ত ভিন্নকূলামিবাপগাম্ ॥২৯॥

ভারতকৌমুদী

নাগানামিতি। প্রাস্ফুটন্ বিদীর্ণা অভবন্। বিবিধানি ভূষণানীতি সম্বন্ধঃ ॥২৪॥

তেষামিতি। সুতেজনৈঃ সুধারৈর্নারাচৈঃ। সাদিভিরারোহিভিঃ ॥২৫॥

অঞ্জ ইতি। অঞ্জোগতিভির্দ্রুতগামিভিঃ, আয়ম্য আকর্ষণেন বিস্তীর্য্য ॥২৬॥

তত ইতি। পাঞ্চাল্যশৈনেয়ৌ ধৃষ্টদ্যুম্নসাত্যকী, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥২৭॥

তে ইতি। পাণ্ডুযোধাঃ পাণ্ডবযোদ্ধারঃ অম্বুধরা মেঘা ইব তৈঃ, কর্ত্তৃভিঃ, শত্রূণাং দ্বিরদা গজাঃ পর্ব্বতা ইব তে, বাণবর্ষৈঃ করণৈঃ, হতাঃ সন্তঃ, বজ্রবর্ষৈরচলা ইব পেতুঃ ॥২৮॥

ক্রমে নারাচদ্বারা অত্যন্তবিদ্ধ সেই হস্তিগণের কুম্ভ, মর্ম্ম, দন্ত ও নানাবিধ ভূষণ বিদীর্ণ হইতে থাকিল ॥২৪॥

এই সময়ে সহদেব সুধার চৌষট্টিটা নারাচদ্বারা সেই হস্তীগুলির মধ্যে আটটা বিশাল হস্তীকে সত্বর বধ করিলেন; তখন সেগুলি আরোহিগণের সহিত পতিত হইল ॥২৫॥

আর ভরতবংশনন্দন নকুল যত্নপূর্ব্বক উত্তম ধনু আকর্ষণ করিয়া দ্রুতগামী নারাচসমূহদ্বারা বহুতর হস্তী বধ করিলেন ॥২৬॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, দ্রৌপদীর পুত্রগণ, প্রভদ্রকগণ ও শিখণ্ডী সেই মহাহস্তীগুলির উপরে বাণবৃষ্টি করিতে লাগিলেন ॥২৭॥

মেঘের ন্যায় সেই পাণ্ডবযোদ্ধারা বাণবর্ষণ করিয়া শত্রুপক্ষের পর্ব্বততুল্য হস্তিগণকে বধ করিতে লাগিলে, সেগুলি বজ্রাঘাতে পর্ব্বতসমূহের ন্যায় পতিত হইতে লাগিল ॥২৮॥

(২৫)···তে পেতুঃ···পি। (২৭) ততঃ শৈনেয়পাঞ্চাল্যৌ···পি, ততঃ পাঞ্চালশৈনেয়ৌ···গো বা।

তাং তে সেনাং সমালোড্য পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ।
বিক্ষোভয়িত্বা চ পুনঃ কর্ণং সমভিদুদ্রুবুঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

অষ্টাদশোঽধ্যায়ঃ।

——:-c-:——

সঞ্জয় উবাচ।

সহদেবং তথা ক্রুদ্ধং দহন্তং তব বাহিনীম্।
দুঃশাসনো মহারাজ! ভ্রাতা ভ্রাতরমভ্যয়াৎ ॥১॥
তৌ সমেতৌ মহাযুদ্ধে দৃষ্ট্বা তত্র মহারথাঃ।
সিংহনাদরবাংশ্চক্রুর্বাসাংস্যাদুধুবুশ্চ হ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি। তে পাণ্ডুরথকুঞ্জরাঃ পাণ্ডবরথিশ্রেষ্ঠাঃ, এবং প্রকারেণ তব গজান্ হত্বা, ভিন্নকূলাং বিদীর্ণতীরাম, আপগাং নদীমিব, দ্রুতাং দ্রুতবিশ্লিষ্টাং তব সেনামবৈক্ষন্ত ॥২৯॥

তামিতি। বিক্ষোভয়িত্বা উদ্বেল্য। সমভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

———:-o-:———

সহেতি। একবীজিকসমানসংখ্যকজনজন্যত্বে সতি পুংস্ত্বং ভ্রাতৃত্বমিত্যুভৌ ভ্রাতরৌ ॥১॥

তাবিতি। সমেতৌ মিলিতৌ। আদুধুবুঃ সঞ্চালয়ামাসুঃ। হর্ষজ্ঞাপনার্থমিদম্ ॥২॥

মহারাজ! এইভাবে সেই পাণ্ডবরথিশ্রেষ্ঠেরা আপনার পক্ষের হস্তীগুলিকে বধ করিয়া বিদীর্ণতীরা নদীর ন্যায় দ্রুতবিশ্লিষ্টা কৌরবসেনা দেখিতে থাকিলেন ॥২৯॥

ক্রমে সেই যুধিষ্ঠিরের সৈন্যেরা কৌরবসেনাকে আলোড়িত ও বিক্ষুব্ধ করিয়া পুনরায় কর্ণের দিকে ধাবিত হইল' ॥৩০॥

———:-o-:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভ্রাতা সহদেব ক্রুদ্ধ হইয়া আপনার সৈন্য দগ্ধ করিতে লাগিলে, ভ্রাতা দুঃশাসন তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১॥

'...দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '...ত্রয়োবিংশোঽধ্যায়ঃ' বা।

ততো ভারত! ক্রুদ্ধেন তব পুত্রেণ ধন্বিনা।
পাণ্ডুপুত্রস্ত্রিভির্বাণৈর্বক্ষস্যভিহতো বলী ॥৩॥
সহদেবস্ততো রাজন্! নারাচেন তবাত্মজম্।
বিদ্ধ্বা বিব্যাধ সপ্তত্যা সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ॥৪॥
দুঃশাসনস্ততশ্চাপং ছিত্ত্বা রাজন্! মহাহবে।
সহদেবং ত্রিসপ্তত্যা বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৫॥
সহদেবস্তু সংক্রুদ্ধঃ খড়্গং গৃহ্য মহাহবে।
আবিধ্য প্রাসৃজত্তূর্ণং তব পুত্ররথং প্রতি ॥৬॥
সমার্গণগুণং চাপং ছিত্ত্বা তস্য মহানসিঃ।
নিপপাত ততো ভূমৌ চ্যুতঃ সর্প ইবাম্বরাৎ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। পুত্রেণ দুঃশাসনেন, পাণ্ডুপুত্রঃ সহদেবঃ ॥৩॥

সহেতি। বিব্যাধ পুনরপি তাড়য়ামাস, সপ্তত্যা শরৈরিত্যপি সম্বন্ধঃ ॥৪॥

দুঃশাসন ইতি। ত্রিসপ্তত্যা শরৈরিত্যনুবৃত্তিঃ। উরসি বক্ষসি, আর্পয়দপীড়য়ৎ ॥৫॥

সহেতি। গৃহ্য গৃহীত্বা। আবিধ্য তং খড়্গমেব ঘূর্ণয়িত্বা ॥৬॥

সেতি। মার্গণেন বাণেন গুণেন মৌর্ব্ব্যা চ সহেতি তম্ ॥৭॥

তাঁহারা মহাযুদ্ধে মিলিত হইয়াছেন দেখিয়া উভয়পক্ষের মহারথেরাই তখন সিংহনাদ ও বস্ত্রান্দোলন করিতে লাগিলেন ॥২॥

ভরতনন্দন! তাহার পর আপনার পুত্র ধনুর্দ্ধর দুঃশাসন ক্রুদ্ধ হইয়া তিনটা বাণদ্বারা বলবান্ সহদেবের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৩॥

রাজা! তৎপরে সহদেব একটা নারাচদ্বারা আপনার পুত্র দুঃশাসনকে বিদ্ধ করিয়া পুনরায় সত্তরটা বাণদ্বারা তাঁহাকে এবং তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে তাড়ন করিলেন ॥৪॥

রাজা! তদনন্তর দুঃশাসন মহাযুদ্ধে সহদেবের ধনু ছেদন করিয়া তিয়াত্তরটা বাণদ্বারা তাঁহার বাহুযুগল ও বক্ষস্থল পীড়ন করিলেন ॥৫॥

তখন সহদেব অত্যন্তক্রুদ্ধ হইয়া তরবারি গ্রহণপূর্ব্বক তাহা ঘূর্ণিত করিয়া সত্বর দুঃশাসনের রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৬॥

তাহার পর সহদেবের সেই বিশাল তরবারি যাইয়া দুঃশাসনের বাণ ও গুণের সহিত ধনু ছেদন করিয়া আকাশচ্যুত সর্পের ন্যায় ভূতলে পতিত হইল ॥৭॥

(৬)···আবিধ্যত যুধাং শ্রেষ্ঠঃ শ্রীমাংস্তব সুতং প্রতি—পি।

অথান্যদ্ধনুরাদায় সহদেবঃ প্রতাপবান্।
দুঃশাসনায় চিক্ষেপ বাণমন্তকরং ততঃ ॥৮॥
তমাপতন্তং বিশিখং যমদণ্ডোপমত্বিষম্।
খড়্গেন শিতধারেণ দ্বিধা চিচ্ছেদ কৌরবঃ ॥৯॥
ততস্তং নিশিতং খড়্গমাবিধ্য যুধি সত্বরঃ।
ধনুশ্চান্যৎ সমাদায় শরং জগ্রাহ বীর্য্যবান্ ॥১০॥
তমাপতন্তং সহসা নিস্ত্রিংশং নিশিতৈঃ শরৈঃ।
পাতয়ামাস সমরে সহদেবো হসন্নিব ॥১১॥
ততো বাণাংশ্চতুঃষষ্টিং তব পুত্রো মহারণে।
সহদেবরথে তূর্ণং প্রেষয়ামাস ভারত! ॥১২॥
তান্ শরান্ সমরে রাজন্! বেগেনাপততো বহূন্।
একৈকং পঞ্চভির্বাণৈঃ সহদেবো ন্যকৃন্তত ॥১৩॥

ভারতকৌমুদী

অথেতি। অন্তকরং বিনাশনযোগ্যম্, ততঃ স্বস্থানাদেব ॥৮॥
তমিতি। যমদণ্ডোপমত্বিষং যমদণ্ডতুল্যোজ্জ্বলম্। কৌরবো দুঃশাসনঃ ॥৯॥
তত ইতি। আবিধ্য ঘূর্ণয়িত্বা নিক্ষিপ্য। বীর্য্যবান্ দুঃশাসনঃ ॥১০॥
তমিতি। নির্গতস্ত্রিংশতঃ অঙ্গুলীভ্য ইতি নিংস্ত্রিংশঃ অসিস্তম্ ॥১১॥
তত ইতি। পুত্রো দুঃশাসনঃ ॥১২॥
তানিতি। আপততঃ আগচ্ছতঃ। ন্যকৃন্তত অচ্ছিনৎ ॥১৩॥

তদনন্তর প্রতাপশালী সহদেব অন্য ধনু লইয়া সেই স্থান হইতেই দুঃশাসনের প্রতি প্রাণনাশক একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৮॥

যমদণ্ডের ন্যায় উজ্জ্বল সেই বাণটা আসিতে লাগিলে, দুঃশাসন সুধার তরবারি-দ্বারা সেই বাণটাকে দুই খণ্ডে ছেদন করিলেন ॥৯॥

তৎপরে বলবান্ দুঃশাসন ত্বরান্বিত হইয়া ঘূর্ণনপূর্ব্বক সেই তরবারিই নিক্ষেপ করিয়া অন্য ধনু লইয়া বাণ গ্রহণ করিলেন ॥১০॥

সেই তরবারি বেগে আসিতে লাগিলে, সহদেব হাসিতে হাসিতেই যেন সুধার বাণসমূহদ্বারা তাহা নিপাতিত করিলেন ॥১১॥

ভরতনন্দন! তাহার পর আপনার পুত্র দুঃশাসন সত্বর সহদেবের রথের দিকে চৌষট্টিটা বাণ নিক্ষেপ করিলেন ॥১২॥

---

(১০)…যুধি সত্বরম্…পি। (১২)…সহদেবরথং তূর্ণম্…পি সো।

স নিবার্য্য মহাবাণাংস্তব পুত্রেণ প্রেষিতান্।
অথাস্মৈ সুবহূন্ বাণান্ প্রেষয়ামাস সংযুগে ॥১৪॥
তান্ বাণাংস্তব পুত্রোঽপি ছিত্ত্বৈকৈকং ত্রিভিঃ শরৈঃ।
ননাদ সুমহানাদং নাদয়ানো বসুন্ধরাম্ ॥১৫॥
ততো দুঃশাসনো রাজন্! বিদ্ধা পাণ্ডুসুতং রণে।
সারথিং নবভির্বাণৈর্মাদ্রেয়স্য সমার্পয়ৎ ॥১৬॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! সহদেবঃ প্রতাপবান্।
সমাধত্ত শরং ঘোরং মৃত্যুকালান্তকোপমম্ ॥১৭॥
বিকৃষ্য বলবচ্চাপং তব পুত্রায় সোঽসৃজৎ।
স তং নির্ভিদ্য বেগেন ভিত্ত্বা চ কবচং মহৎ ॥১৮॥
প্রাবিশদ্ধরণীং রাজন্! বল্মীকমিব পন্নগঃ।
ততঃ স মুমুহে রাজংস্তব পুত্রো মহারথঃ ॥১৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

স ইতি। অস্মৈ তব পুত্রায়। প্রেষয়ামাস সহদেব ইত্যনুবৃত্তিঃ ॥১৪॥

তানিতি। ত্রিভিস্ত্রিভিরিত্যর্থঃ। ননাদ চকার। বসুন্ধরাং সমরভূমিম্ ॥১৫॥

তত ইতি। মাদ্রেয়স্য মাদ্রীপুত্রস্য সহদেবস্য, সমার্পয়দপীড়য়ৎ ॥১৬॥

তত ইতি। মৃত্যুঃ প্রাগুক্তা দেবতা কালো মহাকালঃ অন্তকো যমশ্চ উপমা যস্য তম্। বলবৎ সাতিশয়ম্। বল্মীকম্ উর্দ্ধমৃত্তিকাস্তূপম্, পন্নগঃ সর্পঃ ॥১৭—১৯॥

রাজা! সেই বহুতর বাণ বেগে আসিতে লাগিলে, সহদেব পাঁচ পাঁচটা বাণ-দ্বারা তাহার এক একটাকে ছেদন করিলেন ॥১৩॥

পরে সহদেব আপনার পুত্রনিক্ষিপ্ত মহাবাণগুলিকে নিবারণ করিয়া তাঁহার প্রতি অনেক বাণ নিক্ষেপ করিলেন ॥১৪॥

তখন আপনার পুত্রও তিন তিনটা বাণদ্বারা সেই বাণগুলির এক একটাকে ছেদন করিয়া সমরভূমি নিনাদিত করতঃ বিশাল সিংহনাদ করিলেন ॥১৫॥

রাজা! তাহার পর দুঃশাসন যুদ্ধে সহদেবকে বিদ্ধ করিয়া নয়টা বাণদ্বারা তাঁহার সারথিকেও তাড়ন করিলেন ॥১৬॥

মহারাজ! তৎপরে প্রতাপশালী সহদেব ক্রুদ্ধ হইয়া মৃত্যু, মহাকাল ও যমের তুল্য ভয়ঙ্কর একটা বাণ সন্ধান করিলেন এবং ধনুখানাকে গুরুতর আকর্ষণ করিয়া তাহা আপনার পুত্রের উপরে নিক্ষেপ করিলেন। তখন সেই বাণটা বেগে যাইয়া দুঃশাসনের দেহ ও কবচ ভেদ করিয়া—সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ

(১৪) সন্নিবার্য্য…সো। (১৫)…দারয়ন্ স বসুন্ধরাম্—পি,…দারয়াণো বসুন্ধরাম্—বা সং।

মূঢ়শ্চৈনং সমালোক্য সারথিস্ত্বরিতো রথম্ ।
অপোবাহ ভৃশং ত্রস্তো বধ্যমানঃ শিতৈঃ শরৈঃ ॥২০॥
পরাজিত্য রণে তন্তু কৌরব্যং পাণ্ডুনন্দনঃ ।
দুর্য্যোধনবলং দৃষ্ট্বা প্রমমাথ সমন্ততঃ ॥২১॥
পিপীলিকপুটং রাজন্ ! যথা মৃদ্নন্ নরো রুষা ।
তথা সা কৌরবী সেনা মৃদিতা তেন ভারত ! ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সহদেবদুঃশাসনযুদ্ধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

ভারতকৌমুদী

মূঢ়মিতি। অপোবাহ রণাঙ্গনাদপসারয়ামাস। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ ॥২০॥

পরেতি। কৌরব্যং দুঃশাসনম্। প্রমমাথ আলোড়য়ামাস ॥২১॥

পিপীতি। পিপীলিকপুটং পিপীলিকারাশিযুক্তং পত্রাদিপুটকম্। মৃদ্নন্ মর্দ্দয়ন্ নর্ত্তয়তে। মৃদিতা নিপীড়িতা, তেন সহদেবেন ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

———:-০-:———

ভারতভাবদীপঃ

সহেতি ॥১॥ আহুধুবুর্ভ্রামিতবন্তঃ ॥২—২১॥ পিপীলিকপুটং পিপীলিকাবাসপটলম্ ॥২২॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

করে, সেইরূপ ভূতলে প্রবেশ করিল। রাজা! তাহার পর আপনার পুত্র মহারথ দুঃশাসন মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥১৭—১৯॥

তখন দুঃশাসনকে মূর্চ্ছিত দেখিয়া তাঁহার সারথি সহদেবের সুধার বাণে আহত, অত্যন্তভীত ও ত্বরান্বিত হইয়া রথখানাকে রণস্থল হইতে লইয়া গেল ॥২০॥

এইভাবে সহদেব যুদ্ধে দুঃশাসনকে পরাজয় করিয়া সকল দিকে দুর্য্যোধনের সৈন্য দেখিয়া তাহা আলোড়ন করিতে আরম্ভ করিলেন ॥২১॥

ভরতনন্দন রাজা! মানুষ যেমন ক্রোধবশতঃ পিপীলিকারাশির পুটক (ঠোঙা) মর্দ্দন করে, সেইরূপ সহদেব ক্রমে সেই কৌরবসৈন্য মর্দ্দন করিতে লাগিলেন' ॥২২॥

———:-০-:———

(২০) মূঢ়শ্চৈনং সমালক্ষ্য···পি। * '···ত্রয়োবিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ সো, '···চতুর্বিংশোঽধ্যায়ঃ' বা।

ঊনবিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

নকুলং রভসং যুদ্ধে দ্রাবয়ন্তং বরূথিনীম্।
কর্ণো বৈকর্ত্তনো রাজন্! বারয়ামাস বৈ রুষা ॥১॥
নকুলস্তু ততঃ কর্ণং প্রহসন্নিদমব্রবীৎ।
চিরস্য বত দৃষ্টোঽহং দৈবতৈঃ সৌম্যচক্ষুষা ॥২॥
যস্য মে ত্বং রণে পাপ! চক্ষুর্বিষয়মাগতঃ।
ত্বং হি মূলমনর্থানাং বৈরস্য কলহস্য চ ॥৩॥
ত্বদ্দোষাৎ কুরবঃ ক্ষীণাঃ সমাসাদ্য পরস্পরম্।
ত্বামদ্য সমরে হত্বা কৃতকৃত্যোঽস্মি বিজ্বরঃ ॥৪॥
এবমুক্তঃ প্রত্যুবাচ নকুলং সূতনন্দনঃ।
সদৃশং রাজপুত্রস্য ধন্বিনশ্চ বিশেষতঃ ॥৫॥

ভারতকৌমুদী

নকুলমিতি। রভসং বেগবন্তম্, দ্রাবয়ন্তং পীড়য়ন্তম্, বরূথিনীং কৌরবসেনাম্ ॥১॥
নকুল ইতি। চিরস্য চিরকালাৎ পরম্, বত হর্ষে, দৈবতৈর্দেবৈঃ ॥২॥
দৈবতসৌম্যচক্ষুর্দর্শনফলমাহ যস্যেতি। চক্ষুর্বিষয়ং দৃষ্টিপথম্। কলহস্য যুদ্ধস্য ॥৩॥
ত্বদিতি। ক্ষীণাঃ ক্ষয়ং গতাঃ, সমাসাদ্য যুদ্ধে প্রাপ্য। বিজ্বরো নিঃসন্তাপঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! নকুল বেগে যুদ্ধে কৌরবসৈন্য পীড়ন করিতে লাগিলে, বৈকর্ত্তন কর্ণ ক্রোধবশতঃ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১॥

তদনন্তর নকুল হাস্য করতঃ কর্ণকে এই কথা বলিলেন—'চিরকালের পর আজ দেবতারা আমাকে প্রসন্ন দৃষ্টিতে দেখিয়াছেন ॥২॥

পাপাত্মা! তুমি যুদ্ধে যে আমার দৃষ্টিপথে আসিয়াছ। কারণ, তুমিই সমস্ত অনর্থের, শত্রুতার ও কলহের মূল ॥৩॥

তোমার দোষেই কৌরবেরা যুদ্ধে পরস্পরকে পাইয়া ক্ষয় পাইয়াছেন। সুতরাং আজ যুদ্ধে তোমাকে বধ করিয়া কৃতকার্য্য ও সন্তাপশূন্য হইব' ॥৪॥

• (২)···চিরায় বত দৃষ্টোঽহম্···পি। (৩) পশ্য মাং ত্বং রণে পাপ! চক্ষুর্বিষয়মাগতম্··· বা সো।

প্রহরস্ব চ মে বীর ! পশ্যামস্তব পৌরুষম্ ।
কর্ম্ম কৃত্বা রণে শূর ! ততঃ কত্থিতুমর্হসি ॥৬॥
অনুক্ত্বা সমরে তাত ! শূরা যুধ্যন্তি শক্তিতঃ ।
স যুধ্যস্ব ময়া শক্ত্যা হনিষ্যে দর্পমেব তে ॥৭॥
ইত্যুক্ত্বা প্রাহরত্তূর্ণং পাণ্ডুপুত্রায় সূতজঃ ।
বিব্যাধ চৈনং সমরে ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ ॥৮॥
নকুলস্তু ততো বিদ্ধঃ সূতপুত্রেণ ভারত ! ।
অশীত্যাশীবিষপ্রখ্যৈঃ সূতপুত্রমবিধ্যত ॥৯॥
তস্য কর্ণো ধনুশ্ছিত্ত্বা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ।
ত্রিংশতা পরমেষ্বাসঃ শরৈঃ পাণ্ডবমার্দ্দয়ৎ ॥১০॥
তে তস্য কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে ।
আশীবিষা যথা নাগা ভিত্ত্বা গাং সলিলং পপুঃ ॥১১॥

ভারতকৌমুদী

এবমিতি । সূতনন্দনঃ কর্ণঃ । সদৃশং শত্রুহননমুপযুক্তম্ ॥৫॥

প্রহরস্বেতি । মে মমোপরি । কত্থিতুমাত্মশ্লাঘাং কর্ত্তুম্ ॥৬॥

অনুক্ত্বেতি । যুধ্যন্তি যুধ্যন্তে । দর্পমেব ন জীবনম্, কৃপাস্থিকে তৎ প্রতিজ্ঞানাৎ ॥৭॥

ইতীতি । প্রাহরৎ প্রহর্ত্তুমারভত । শিলীমুখৈর্বাণৈঃ ॥৮॥

নকুল ইতি । অশীত্যাশীবিষপ্রখ্যৈঃ অশীতিসংখ্যকতীক্ষ্ণবিষসর্পতুল্যৈঃ শরৈঃ ॥৯॥

তস্যেতি । শিলাশিতৈঃ শিলাসু ঘর্ষণেন সুধারীকৃতৈঃ । পরমেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১০॥

নকুল এইরূপ বলিলে, কর্ণ তাঁহাকে বলিলেন—'শত্রুবধ করা রাজপুত্রের, বিশেষতঃ ধনুর্দ্ধরের উপযুক্ত কার্য্য ॥৫॥

বীর ! তুমি আমাকে প্রহার কর, তোমার পুরুষকার দেখি ।" শূর ! যুদ্ধে কার্য্য করিয়া তাহার পর আত্মশ্লাঘা করা তোমার উচিত ॥৬॥

বৎস ! বীরেরা যুদ্ধে কিছু না বলিয়াই শক্তি অনুসারে যুদ্ধ করিয়া থাকেন। তুমিও সেইভাবে শক্তি অনুসারে আমার সহিত যুদ্ধ কর, তোমার দর্প চূর্ণ করিব' ॥৭॥

এই কথা বলিয়াই কর্ণ সত্বর নকুলকে প্রহার করিতে আরম্ভ করিলেন এবং তিয়াত্তরটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮॥

ভরতনন্দন ! কর্ণ বিদ্ধ করিলে, তখন নকুল সর্পতুল্য আশীটা বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥৯॥

পরে মহাধনুর্দ্ধর কর্ণ নকুলের ধনু ছেদন করিয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত ত্রিশটা বাণদ্বারা নকুলকে পীড়ন করিলেন ॥১০॥

অথান্যদ্ধনুরাদায় হেমপৃষ্ঠং দুরাসদম্।
কর্ণং বিব্যাধ বিংশত্যা সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ॥১২॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! নকুলঃ পরবীরহা।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন কর্ণস্য ধনুরচ্ছিনৎ ॥১৩॥
অথৈনং ছিন্নধন্বানং সায়কানাং শতৈস্ত্রিভিঃ।
আজঘ্নে প্রহসন্ বীরঃ সর্বলোকমহারথম্ ॥১৪॥
কর্ণমভ্যর্দ্দিতং দৃষ্ট্বা পাণ্ডুপুত্রেণ মারিষ!।
বিস্ময়ং পরমং জগ্মূ রথিনঃ সহ দৈবতৈঃ ॥১৫॥
অথান্যদ্ধনুরাদায় কর্ণো বৈকর্ত্তনস্তদা।
নকুলং পঞ্চভির্বাণৈর্জত্রুদেশে সমার্পয়ৎ ॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। আশীবিষাস্তীক্ষ্ণবিষাঃ, নাগাঃ সর্পাঃ, গাং ভূমিম্, পয়ঃ পিবন্তি ॥১১॥
অথেতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। বিব্যাধ নকুল ইতি শেষঃ ॥১২॥
তত ইতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥১৩॥
অথেতি। আজঘ্নে আজঘান, বীরো নকুলঃ ॥১৪॥
কর্ণমিতি। পরমং বিস্ময়ং জগ্মুঃ, অসাধারণবীরস্য কর্ণস্যাপি পীড়নদর্শনাৎ ॥১৫॥
অথেতি। জত্রুদেশে স্কন্ধসন্ধৌ, সমার্পয়ৎ পীড়য়ৎ ॥১৬॥

তখন তীক্ষ্ণবিষ সর্প যেমন ভূমি ভেদ করিয়া যাইয়া জল পান করে, সেইরূপ সেই বাণগুলি যাইয়া নকুলের কবচ ভেদ করিয়া তাঁহার রক্ত পান করিল ॥১১॥

তৎপরে নকুল স্বর্ণপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ অন্য একখানা ধনু লইয়া কুড়িটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটাদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥১২॥

মহারাজ! তাহার পর ক্রুদ্ধ ও বিপক্ষবীরহন্তা নকুল একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা কর্ণের ধনু ছেদন করিলেন ॥১৩॥

পরে বীর নকুল হাস্য করিতে থাকিয়া তিন শত বাণদ্বারা সর্বলোকমধ্যে মহারথ ও ছিন্নধন্বা কর্ণকে আঘাত করিলেন ॥১৪॥

মাননীয় রাজা! নকুল কর্ণকে দারুণ পীড়ন করিয়াছেন দেখিয়া দেবতাদের সহিত রথীরা অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥১৫॥

তদনন্তর বৈকর্ত্তন কর্ণ অন্য ধনু লইয়া পাঁচটা বাণদ্বারা নকুলের স্কন্ধসন্ধিদেশে পীড়ন করিলেন ॥১৬॥

১৩।···কর্ণস্য ধনুরাচ্ছিনৎ—বর্দ্ধ বা সো।

তত্রস্থৈরথ বাণৈস্তৈর্মাদ্রীপুত্রো ব্যশোভত।
স্বরশ্মিভিরিবাদিত্যো ভুবনে বিসৃজন্ প্রভাম্ ॥১৭॥
নকুলস্তু ততঃ কর্ণং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ।
অথাস্য ধনুষঃ কোটিং পুনশ্চিচ্ছেদ মারিষ ! ॥১৮॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় সমরে বেগবত্তরম্।
নকুলস্য ততো বাণৈঃ সমন্তাদ্বারয়দ্দিশঃ ॥১৯॥
সংছাদ্যমানঃ সহসা কর্ণচাপচ্যুতৈঃ শরৈঃ।
চিচ্ছেদ স শরাংস্তূর্ণং শরৈরেব মহারথঃ ॥২০॥
ততো বাণময়ং জালং বিততং ব্যোম্নি দৃশ্যতে।
খদ্যোতানামিব ব্রাতৈঃ সংপতদ্ভির্যথা নভঃ ॥২১॥
তৈর্বিমুক্তৈঃ শরশতৈশ্ছাদিতং গগনং তদা।
শলভানাং যথা ব্রাতৈস্তদ্বদাসীদ্বিশাংপতে ! ॥২২॥

ভারতকৌমুদী

তত্রস্থৈরিতি। বাণানাম্ আদিত্যরশ্মিতুল্যত্বাদিতি ভাবঃ ॥১৭॥
নকুল ইতি। আশুগৈর্বাণৈঃ। কোটিম্ অগ্রদেশম্ ॥১৮॥
স ইতি। বারয়ৎ আবৃণোৎ, অড়াগমাভাব আর্ষঃ ॥১৯॥
সমিতি। স নকুলঃ। ছেদনমিদমিদানীং তৎসমরানভিজ্ঞৈরনভিজ্ঞেয়ম্ ॥২০॥
তত ইতি। বিততং বিস্তৃতম্। ব্রাতৈঃ সমূহৈঃ, ব্যাপ্তমিতি শেষঃ ॥২১॥
তৈরিতি। ব্রাতৈঃ সমূহৈশ্ছাদিতমিত্যনুবৃত্তিঃ ॥২২॥

তৎপরে সূর্য্য যেমন জগতে প্রভা বিস্তার করতঃ আপনার রশ্মিদ্বারা শোভা পান, সেইরূপ নকুল সেই বাণগুলিদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥১৭॥

মাননীয় রাজা ! তাহার পর নকুল সাতটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া পুনরায় কর্ণের ধনুর অগ্রদেশ ছেদন করিলেন ॥১৮॥

পরে কর্ণ অন্য দৃঢ়ধনু লইয়া বাণদ্বারা নকুলের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥১৯॥

কর্ণের কার্ম্মুকনির্গত বাণে সহসা আবৃত হইতে থাকিয়া মহারথ নকুল বাণদ্বারাই সত্বর সে বাণগুলিকে ছেদন করিলেন ॥২০॥

তৎকালে দেখা গেল—খদ্যোতসমূহ যেমন উপস্থিত হইয়া আকাশে একটা বিস্তৃত জাল করে, তেমন নকুল আকাশে একটা বিস্তৃত বাণময় জাল করিলেন ॥২১॥

---

(১৯)···বারয়ন্ দিশঃ—পি,···ছাদয়ন্ দিশঃ—সো,···ছাদয়দ্দিশঃ—বা।

তে শরা হেমবিকৃতাঃ সংপতন্তো মুহুর্মুহুঃ।
শ্রেণীকৃতা ব্যকাশন্ত ক্রৌঞ্চাঃ শ্রেণীকৃতা ইব ॥২৩॥
বাণজালাবৃতে ব্যোম্নি ছাদিতে চ দিবাকরে।
ন স্ম সংপততে ভূম্যাং কিঞ্চিদপ্যন্তরীক্ষগম্ ॥২৪॥
নিরুদ্ধে তত্র মার্গে চ শরসংঘৈঃ সমন্ততঃ।
ব্যরোচতাং মহাত্মানৌ কালসূর্য্যাবিবোদিতৌ ॥২৫॥
কর্ণচাপচ্যুতৈর্বাণৈর্বধ্যমানাস্তু সোমকাঃ।
অবালীয়ন্ত রাজেন্দ্র! বেদনার্ত্তা ভৃশার্দ্দিতাঃ ॥২৬॥
নকুলস্য তথা বাণৈর্হন্যমানা চমূস্তব।
ব্যশীর্য্যত দিশো রাজন্! বাতনুন্না ইবাম্বুদাঃ ॥২৭॥
তে সেনে হন্যমানে তু তাভ্যাং দিব্যৈর্মহাশরৈঃ।
শরপাতমপক্রম্য তস্থতুঃ প্রেক্ষিকে ইব ॥২৮॥

ভারতকৌমুদী

ত ইতি। হেমবিকৃতাঃ স্বর্ণখচিতাঃ। ক্রৌঞ্চাঃ পক্ষিণঃ ॥২৩॥
বাণেতি। কিঞ্চিৎ লোষ্ট্রাদিকম্, বাণজালেন প্রতিবন্ধাদিতি ভাবঃ ॥২৪॥
নিরুদ্ধ ইতি। মার্গে আকাশপথে। মহাত্মানৌ কর্ণনকুলৌ ॥২৫॥
কর্ণেতি। অবালীয়ন্ত যথাসম্ভবং গুহাদ্যন্তরালে লুক্কায়িতা অভবন্ ॥২৬॥
নকুলস্যেতি। দিশঃ প্রাপ্তা ইতি শেষঃ, বাতনুন্না বায়ুপ্রেরিতাঃ ॥২৭॥

নরনাথ! তখন আকাশটা পতঙ্গসমূহে যেমন আবৃত হয়, তেমন নিক্ষিপ্ত সেই বাণসমূহে আবৃত হইয়া গেল ॥২২॥

স্বর্ণখচিত সেই বাণগুলি শ্রেণীবদ্ধভাবে মুহুর্মুহু পতিত হইতে থাকিয়া শ্রেণীবদ্ধ ক্রৌঞ্চপক্ষীর (কোঁচবকের) ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥২৩॥

আকাশ ও সূর্য্য বাণজালে আবৃত হইয়া গেলে, আকাশবর্ত্তী কোন বস্তুই ভূতলে পতিত হইতে পারিল না ॥২৪॥

বাণসমূহে সকল দিকের আকাশপথ নিরুদ্ধ হইয়া গেলে, মহাত্মা কর্ণ ও নকুল উদিত দুইটা প্রলয়কালসূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥২৫॥

রাজশ্রেষ্ঠ! কর্ণের কার্ম্মুকনির্গত বাণে নিহত হইতে থাকিলে, সোমকেরা অত্যন্তপীড়িত ও বেদনার্ত্ত হইয়া লুক্কায়িত হইতে থাকিল ॥২৬॥

রাজা! আবার নকুলের বাণেও হত হইতে লাগিলে, আপনার সৈন্যেরা বায়ুপ্রেরিত নানাদিকে গত মেঘের ন্যায় ক্ষয় পাইতে লাগিল ॥২৭॥

(২৬)...বধ্যমানাস্তু সৈনিকাঃ...পি। (২৭)...ব্যদীর্য্যত দিশো রাজন্!...পি।

প্রোৎসারিতে জনে তস্মিন্ কর্ণপাণ্ডবয়োঃ শরৈঃ।
অবিধ্যেতাং মহাত্মানাবন্যোন্যং শরবৃষ্টিভিঃ ॥২৯॥
বিদর্শয়ন্তৌ দিব্যানি শস্ত্রাণি রণমূর্দ্ধনি।
ছাদয়ন্তৌ চ সহসা পরস্পরবধৈষিণৌ ॥৩০॥ (যুগ্মকম্)
নকুলেন শরা মুক্তাঃ কঙ্কবর্হিণবাসসঃ।
সূতপুত্রমবচ্ছাদ্য ব্যতিষ্ঠন্ত ইবাম্বরে ॥৩১॥
তথৈব সূতপুত্রেণ প্রেষিতাঃ পরমাহবে।
পাণ্ডুপুত্রমবচ্ছাদ্য ব্যতিষ্ঠন্তাম্বরে শরাঃ ॥৩২॥
শরবেশ্মপ্রবিষ্টৌ তৌ দদৃশাতে ন কৈশ্চন।
সূর্য্যাচন্দ্রমসৌ রাজন্! ছাদ্যমানৌ ঘনৈরিব ॥৩৩॥

ভারতকৌমুদী

তে ইতি। শরাণাং পাতং পতনদেশম্, অপক্রম্য অতিক্রম্য ॥২৮॥
প্রেতি। প্রোৎসারিতে অপসারিতে। দিব্যানি অলৌকিকানি ॥২৯—৩০॥
নকুলেনেতি। কঙ্কবর্হিণাঃ কঙ্কময়ূরাস্তেষাং পক্ষা বাসাংসি আবরণানি যেষাং তে ॥৩১॥
তথেতি। অত্রাপি ব্যতিষ্ঠন্ত ইবেতি প্রতীয়মানোৎপ্রেক্ষা, ক্রমেণানবরতস্থিতেঃ ॥৩২॥
শরেতি। শরবেশ্মপ্রবিষ্টৌ বাণময়গৃহাভ্যন্তরগতৌ। ঘনৈর্মেঘৈঃ ॥৩৩॥

ক্রমে কর্ণ ও নকুল অলৌকিক মহাবাণে বধ করিতে থাকিলে, উভয় সৈন্যই তাঁহাদের শরপতনের স্থান অতিক্রম করিয়া যাইয়া দর্শকের ন্যায় অবস্থান করিতে থাকিল ॥২৮॥

কর্ণ ও নকুলের বাণ সেই লোকগুলিকে অপসারিত করিলে, সেই মহাত্মারা দুই জনই পরস্পর বধাভিলাষী হইয়া রণমধ্যে অলৌকিক অস্ত্র সকল দেখাইতে থাকিয়া সহসাই পরস্পরকে আবৃত করিয়া বাণবৃষ্টিদ্বারা পরস্পরকে বিদ্ধ করিতে লাগিলেন ॥২৯—৩০॥

নকুলনিক্ষিপ্ত কঙ্ক ও ময়ূরপক্ষাবৃত বাণ সকল যাইয়া কর্ণকে আচ্ছাদন করিয়া আকাশে যেন অবস্থান করিতে লাগিল ॥৩১॥

আবার কর্ণনিক্ষিপ্ত বাণগুলি যাইয়া মহাযুদ্ধে নকুলকে আবৃত করিয়া আকাশে যেন রহিতে লাগিল ॥৩২॥

---

(৩২)···ব্যতিষ্ঠন্ত তথাপরে—পি। (৩৩)···সূর্য্যাচন্দ্রৌ যথা রাজন্! ছাদ্যমানৌ ঘনাগমে—পি।

ততঃ ক্রুদ্ধো রণে কর্ণঃ কৃত্বা ঘোরতরং বপুঃ।
পাণ্ডবং ছাদয়ামাস সমন্তাচ্ছরবৃষ্টিভিঃ ॥৩৪॥
সোঽতিচ্ছন্নো মহারাজ! সূতপুত্রেণ পাণ্ডবঃ।
ন চকার ব্যথাং রাজন্! ভাস্করো জলদৈর্যথা ॥৩৫॥
ততঃ প্রহস্যাধিরথিঃ শরজালানি মারিষ!।
প্রেষয়ামাস সমরে শতশোঽথ সহস্রশঃ ॥৩৬॥
একচ্ছায়মভূৎ সর্বং তস্য বাণৈর্মহাত্মনঃ।
অভ্রচ্ছায়েব সংজজ্ঞে সংপতদ্ভিঃ শরোত্তমৈঃ ॥৩৭॥
ততঃ কর্ণো মহারাজ! ধনুশ্ছিত্ত্বা মহাত্মনঃ।
সারথিং পাতয়ামাস রথনীড়াদ্ধসন্নিব ॥৩৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ঘোরতরং ক্রোধেনোজ্জ্বলত্বাৎ। পাণ্ডবং নকুলম্ ॥৩৪॥
স ইতি। ব্যথাং ন চকার নাস্তবভূব, শৌর্য্যাৎ ধৈর্য্যাৎ বর্ম্মাবৃতত্বাচ্চেতি ভাবঃ ॥৩৫॥
তত ইতি। অধিরথস্যাপত্যমিত্যাধিরথিঃ কর্ণঃ। হে মারিষ! আর্য্য! ॥৩৬॥
একেতি। একা ছায়া যত্র তৎ নিবিড়বাণময়ত্বাৎ। অভ্রস্য মেঘস্য ছায়া সেব ॥৩৭॥
তত ইতি। মহাত্মনো নকুলস্য। রথস্য নীড়াৎ সারথেরবস্থানদেশাৎ ॥৩৮॥

রাজা! মেঘাবৃত চন্দ্র ও সূর্য্যকে যেমন কেহ দেখিতে পায় না, তেমন কর্ণ ও নকুল বাণময় গৃহে প্রবিষ্ট থাকায় তাঁহাদিগকে কেহ দেখিতে পাইল না ॥৩৩॥

তাহার পর কর্ণ ক্রুদ্ধ হইয়া আপন শরীরটাকে অতিভীষণ করিয়া বাণবৃষ্টিদ্বারা সকল দিকে নকুলকে আবৃত করিলেন ॥৩৪॥

মহারাজ! কর্ণ অত্যন্ত আবৃত করিলেও নকুল মেঘাবৃত সূর্য্যের ন্যায় বেদনা অনুভব করিলেন না ॥৩৫॥

মাননীয় রাজা! তদনন্তর কর্ণ হাস্য করিয়া যুদ্ধে শত শত ও সহস্র সহস্র বাণজাল নিক্ষেপ করিলেন ॥৩৬॥

তখন মহাত্মা কর্ণের বাণে সমস্ত আকাশে যেন একটামাত্র ছায়া হইল এবং উত্তম বাণ সকল পতিত হইতে থাকায় মেঘের ছায়াই যেন জন্মিল ॥৩৭॥

মহারাজ! তাহার পর কর্ণ মহাত্মা নকুলের ধনু ছেদন করিয়া হাসিতে হাসিতেই যেন নকুলের সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৩৮॥

(৩৫)···রাজন্! পরমং ধৈর্য্যমাস্থিতঃ—পি।

ততোঽশ্বাংশ্চতুরশ্চাস্য চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ।
যমস্য ভবনং তূর্ণং প্রেষয়ামাস ভারত ! ॥৩৯॥
অথাস্য তং রথং দিব্যং তিলশো ব্যধমচ্ছরৈঃ।
পতাকাং চক্ররক্ষাংশ্চ গদাং খড়্গঞ্চ মারিষ !।
শতচন্দ্রঞ্চ তচ্চর্ম্ম সর্বোপকরণানি চ ॥৪০॥
হতাশ্বো বিরথশ্চৈব বিচর্ম্মা চ বিশাংপতে !।
অবতীর্য্য রথাত্তূর্ণং পরিঘং গৃহ্য বিষ্ঠিতঃ ॥৪১॥
তমুদ্যতং মহাঘোরং পরিঘং তস্য সূতজঃ।
ব্যহনৎ সায়কৈ রাজন্ ! সুতীক্ষ্ণৈর্ভারসাধনৈঃ ॥৪২॥
ব্যায়ুধঞ্চৈনমালোক্য শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অর্দ্দয়দ্বহুভিঃ কর্ণো ন চৈনং সমপীড়য়ৎ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। চতুরশ্চতুঃসংখ্যকান্, অস্য নকুলস্য, নিশিতৈঃ সুধারৈঃ ॥৩৯॥

অথেতি। ব্যধমৎ বানাশয়ৎ। চক্ররক্ষান্ উভয়পার্শ্বস্থসৈন্যরক্ষকান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

হতেতি। বিচর্ম্মা চর্ম্মরহিতঃ। গৃহ্য গৃহীত্বা, বিষ্ঠিতঃ অবস্থিতঃ ॥৪১॥

তমিতি। ব্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। ভারসাধনৈর্দুষ্করচ্ছেদসাধকৈঃ ॥৪২॥

ব্যায়ুধমিতি। অর্দ্দয়ৎ পীড়নাভিনয়মকরোৎ, ন চৈনং সমপীড়য়ৎ, কুন্ত্যন্তিকে প্রতিজ্ঞানাৎ ॥৪৩॥

ভরতনন্দন ! তৎপরে কর্ণ চারিটা সুধার বাণদ্বারা নকুলের চারিটা অশ্বকে সত্বর যমালয়ে পাঠাইলেন ॥৩৯॥

মাননীয় রাজা ! তদনন্তর কর্ণ বাণসমূহদ্বারা নকুলের সেই দিব্য রথখানাকে তিল তিল করিয়া ছেদন করিলেন এবং তাঁহার পতাকা, চক্ররক্ষক, গদা, খড়্গ, শতচন্দ্রচিহ্নযুক্ত চর্ম্ম (ঢাল) ও যুদ্ধের সমস্ত উপকরণ নষ্ট করিয়া ফেলিলেন ॥৪০॥

নরনাথ ! তখন অশ্ব, রথ ও চর্ম্ম নষ্ট হইলে, নকুল সত্বর রথ হইতে অবতীর্ণ হইয়া একটা পরিঘ লইয়া দাঁড়াইলেন ॥৪১॥

রাজা ! সেই সময়ে কর্ণ সুতীক্ষ্ণ ও দুষ্করকার্য্যসাধক কতকগুলি বাণদ্বারা নকুলের সেই উত্তোলিত ভীষণ পরিঘটাকে নষ্ট করিয়া ফেলিলেন ॥৪২॥

---

(৩৯)…যমস্য সদনং তূর্ণম্…পি। (৪০)…পতাকাং চক্ররক্ষৌ চ…পি। (৪৩) ব্যায়ুধঞ্চৈবমালক্ষ্য…বঙ্গ বৰ্দ্ধ বা সো।

স হন্যমানঃ সমরে কৃতাস্ত্রেণ বলীয়সা।
প্রাদ্রবৎ সহসা রাজন্! নকুলো ব্যাকুলেন্দ্রিয়ঃ ॥৪৪॥
তমনুদ্রুত্য রাধেয়ঃ প্রহসন্ বৈ পুনঃ পুনঃ।
সজ্যমস্য ধনুঃ কণ্ঠে ব্যপাসৃজত ভারত! ॥৪৫॥
ততঃ স শুশুভে রাজন্! কণ্ঠসক্তমহদ্ধনুঃ।
পরিবেশমনুপ্রাপ্তো যথা স্যাদ্ব্যোম্নি চন্দ্রমাঃ।
যথৈব চাসিতো মেঘঃ শক্রচাপেন শোভিতঃ ॥৪৬॥
তমব্রবীত্ততঃ কর্ণো ব্যর্থং ব্যাহৃতবানসি।
বদেদানীং পুনর্হৃষ্টো বধ্যমানঃ পুনঃ পুনঃ ॥৪৭॥
মা যৌৎসীঃ কুরুভিঃ সার্দ্ধং বলবদ্ভিশ্চ পাণ্ডব!।
সদৃশৈস্তাত! যুধ্যস্ব ব্রীড়াং মা কুরু পাণ্ডব! ॥৪৮॥

ভারতকৌমুদী

স ইতি। প্রাদ্রবৎ পলায়িতুমারভত। ব্যাকুলেন্দ্রিয়ঃ পীড়য়া বিহ্বলচিত্তঃ ॥৪৪॥
তমিতি। অনুদ্রুত্য দ্রুতং পশ্চাদুপসৃত্য। সজ্যং সগুণম্। ব্যপাসৃজত প্রাবর্ত্তয়ৎ ॥৪৫॥
তত ইতি। পরিবেশং পরিধিম্। অসিতঃ কৃষ্ণঃ। শোভিতো বেষ্টনেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥
তমিতি। ব্যাহৃতবান্ "চিরস্য বত দৃষ্টোঽহম্" ইত্যাদ্যুক্তবান্। বধ্যমান আহন্যমানঃ ॥৪৭॥

কর্ণ নকুলকে নিরস্ত্র দেখিয়া নতপর্ব্ব বহুতর বাণদ্বারা পীড়নের অভিনয় করিলেন, কিন্তু (কুন্তীর নিকটে আত্মকৃত প্রতিজ্ঞা স্মরণ করিয়া) বাস্তবিক পীড়ন করিলেন না ॥৪৩॥

রাজা! সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও বলবান্ কর্ণ আঘাত করিতে লাগিলে, নকুল বিহ্বলচিত্ত হইয়া বেগে পলায়ন করিতে আরম্ভ করিলেন ॥৪৪॥

ভরতনন্দন! এই সময়ে কর্ণ হাস্য করিতে করিতে বেগে নকুলের পিছনে যাইয়া তাঁহার গলদেশে গুণযুক্ত ধনুখানা লাগাইয়া দিলেন ॥৪৫॥

রাজা! কণ্ঠদেশে বিশাল ধনু সংলগ্ন হইলে, আকাশে পরিধির অন্তর্গত চন্দ্র, কিংবা ইন্দ্রধনুর বেষ্টনে শোভিত কৃষ্ণবর্ণ মেঘের ন্যায় নকুল শোভা পাইতে লাগিলেন ॥৪৬॥

তাহার পর কর্ণ নকুলকে বলিলেন—'ওহে! তুমি মিথ্যা কথা বলিয়াছ। এখন বার বার আহত হইতে থাকিয়া পুনরায় হৃষ্টচিত্তে তাহা বল দেখি ॥৪৭॥

(৪৫)···সোঽবাসৃজত ভারত!—পি,···ব্যবাসৃজত ভারত!—বা সো। (৪৮) মা যৌৎসীর্গুরুভিঃ সার্দ্ধম্···পি।

গৃহং বা গচ্ছ মাদ্রেয়! যত্র বা কৃষ্ণফাল্গুনৌ।
এবমুক্ত্বা মহারাজ! ব্যসর্জয়ত তং তদা ॥৪৯॥
বধপ্রাপ্তস্তু তং শূরো নাহনদ্ধর্ম্মবিত্তদা।
স্মৃত্বা কুন্ত্যা বচো রাজন্! তত এনং ব্যসর্জয়ৎ ॥৫০॥
বিসৃষ্টঃ পাণ্ডবো রাজন্! সূতপুত্রেণ ধন্বিনা।
ব্রীড়ন্নিব জগামাথ যুধিষ্ঠিররথং প্রতি ॥৫১॥
আরুরোহ রথঞ্চাপি সূতপুত্রপ্রতাপিতঃ।
নিশ্বসন্ দুঃখসন্তপ্তঃ কুম্ভস্থ ইব পন্নগঃ ॥৫২॥
তং বিজিত্যাথ কর্ণোঽপি পাঞ্চালাংস্ত্বরিতো যযৌ।
রথেনাতিপতাকেন চন্দ্রবর্ণহয়েন চ ॥৫৩॥

ভারতকৌমুদী

মেতি। ব্রীড়াম্ এতৎপরাজয়নিবন্ধনাং লজ্জাম্, মা কুরু বলবদ্ভ্যো যোদ্ধৃভ্যো মৃদিতি ভাবঃ ॥৪৮॥
গৃহমিতি। কৃষ্ণফাল্গুনৌ কৃষ্ণার্জ্জুনৌ তিষ্ঠতঃ। তৌ ত্বাং রক্ষিষ্যত ইত্যাশয়ঃ ॥৪৯॥
বধেতি। বধপ্রাপ্তং বধযোগ্যমপি। কুন্ত্যা বচ উদ্যোগপর্ব্বগতং প্রাগুক্তম্ ॥৫০॥
বিসৃষ্ট ইতি। পাণ্ডবো নকুলঃ। ব্রীড়ন্ পরাজয়াল্লজ্জমানঃ ॥৫১॥
আরুরোহেতি। পাণ্ডব ইত্যনুবৃত্তিঃ, রথং যুধিষ্ঠিরস্য। কুম্ভস্থঃ কলসান্তর্গতঃ ॥৫২॥
তমিতি। অতি অত্যান্দোলিতা পতাকা যস্য তেন, চন্দ্রবর্ণাঃ শুভ্রা হয়া যস্য তেন ॥৫৩॥

পাণ্ডুনন্দন! তুমি বলবান্ কৌরবদের সহিত যুদ্ধ করিও না; বৎস! সমান যোদ্ধাদের সহিত যুদ্ধ করিও; আর পাণ্ডব! এই পরাজয়ে লজ্জা বোধ করিও না ॥৪৮॥

মাদ্রীনন্দন! ঘরে যাও, কিংবা কৃষ্ণ ও অর্জ্জুন যেখানে আছেন, সেইখানে যাও'। মহারাজ! কর্ণ এইরূপ বলিয়া তখন নকুলকে ছাড়িয়া দিলেন ॥৪৯॥

রাজা! তখন নকুলকে বধ করা সম্ভবপর হইলেও বীর ও ধর্ম্মজ্ঞ কর্ণ কুন্তীর বাক্য স্মরণ করিয়া উঁহাকে ছাড়িয়া দিলেন ॥৫০॥

রাজা! ধনুর্দ্ধর কর্ণ ছাড়িয়া দিলে, নকুল লজ্জিত হইয়াই যেন যুধিষ্ঠিরের রথের দিকে গমন করিলেন ॥৫১॥

এবং কর্ণকর্ত্তৃক উৎপীড়িত ও দুঃখসন্তপ্ত নকুল কলসের অন্তর্গত সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে করিতে যাইয়া যুধিষ্ঠিরের রথে আরোহণ করিলেন ॥৫২॥

(৫০) বধং প্রাপ্তন্তু তং রাজন্! নাবধীৎ সূতনন্দনঃ...পি। (৫২)...কুম্ভক্ষিপ্ত ইবোরগঃ—পি।

তত্রাক্রন্দো মহানাসীৎ পাণ্ডবানাং বিশাংপতে!।
দৃষ্ট্বা সেনাপতিং যান্তং পাঞ্চালানাং রথব্রজান্ ॥৫৪॥
তত্রাকরোন্মহারাজ! কদনং সূতনন্দনঃ।
মধ্যং প্রাপ্তে দিনকরে চক্রবদ্বিচরন্ প্রভুঃ ॥৫৫॥
ভগ্নচক্রৈ রথৈঃ কৈশ্চিচ্ছিন্নধ্বজপতাকিভিঃ।
হতাশ্বৈর্হতসূতৈশ্চ প্রভগ্নাক্ষৈশ্চ মারিষ! ॥৫৬॥
হ্রিয়মাণানপশ্যাম পাঞ্চালানাং রথব্রজান্।
তত্র তত্র চ সংভ্রান্তা বিচেরুরথ কুঞ্জরাঃ ॥৫৭॥ (যুগ্মকম্)
দাবাগ্নিপরিদগ্ধাঙ্গা যথৈব স্যুর্মহাবনে।
ভিন্নকুম্ভার্দ্ররুধিরাশ্ছিন্নহস্তাশ্চ বারণাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। আক্রন্দো বীরাণামাহ্বানম্। সেনাপতিং কর্ণম্, রথানাং ব্রজান্ সমূহান্ ॥৫৪॥
তত্রেতি। কদনমুৎপীড়নম্। প্রভুঃ যুদ্ধে প্রভাববান্ ॥৫৫॥
ভগ্নেতি। প্রভগ্না অক্ষা দীর্ঘদারুবিশেষা যেষাং তৈঃ। সংভ্রান্তাশ্চকিতাঃ ॥৫৬—৫৭॥

এদিকে কর্ণও নকুলকে জয় করিয়া ত্বরান্বিত হইয়া শুভ্রঘোটকচালিত রথে পাঞ্চালসৈন্যের দিকে গমন করিলেন; তখন তাঁহার রথের পতাকা অত্যন্ত দুলিতেছিল ॥৫৩॥

নরনাথ! তখন কৌরবসেনাপতি কর্ণ পাঞ্চালদেশীয় রথিগণের দিকে যাইতেছেন দেখিয়া পাণ্ডবসৈন্যের মধ্যে বিশাল আহ্বানকোলাহল হইতে লাগিল ॥৫৪॥

মহারাজ! তখন সূর্য্য আকাশের মধ্যস্থানে উপস্থিত হইলে, প্রভাবশালী কর্ণ চক্রের ন্যায় বিচরণ করিতে থাকিয়া পাণ্ডবসৈন্যের গুরুতর পীড়ন করিতে লাগিলেন ॥৫৫॥

মাননীয় রাজা! তখন আমরা দেখিলাম—কতকগুলি রথী পলায়ন করিতেছেন; তাঁহাদের রথের চক্র ভগ্ন হইয়াছিল এবং ধ্বজ ও পতাকা ছিন্ন, অশ্ব ও সারথি নিহত, আর দীর্ঘ দণ্ডগুলি খণ্ডিত হইয়া গিয়াছিল; কোন দিকে ঘোড়াগুলি পাঞ্চালগণের রথগুলিকে লইয়া যাইতেছে; আর ভিন্ন ভিন্ন স্থানে হস্তিগণ চকিত হইয়া বিচরণ করিতেছে ॥৫৬—৫৭॥

মহাবনমধ্যে অঙ্গ সকল দাবাগ্নিতে দগ্ধ হইতে লাগিলে যেমন হস্তীই ভ্রমণ করে, তেমন হস্তী সকল বিদীর্ণকুম্ভ, রক্তাক্ত ও ছিন্নশুণ্ড হইয়া ভ্রমণ করিতে লাগিল ॥৫৮॥

(৫৮) দাবাগ্নিভিঃ পরীতাঙ্গাঃ···পি।

ছিন্নগাত্রাবরাশ্চৈব ছিন্নবালাশ্চ মারিষ ! ।
ছিন্নাভ্রাণীব সংপেতুর্হন্যমানা মহাত্মনা ॥৫৯॥
অপরে ত্রাসিতা নাগা রাধেয়শরতোমরৈঃ ।
তমেবাভিমুখা জগ্মুঃ শলভা ইব পাবকম্ ॥৬০॥
অপরে নিষ্টনন্তশ্চ ব্যদৃশ্যন্ত মহাদ্বিপাঃ ।
ক্ষরন্তঃ শোণিতং গাত্রৈর্নগা ইব জলস্রবাঃ ॥৬১॥
উরশ্ছদৈর্বিমুক্তাংশ্চ বালবন্ধৈশ্চ বাজিনঃ ।
রাজতৈশ্চ তথা কাংস্যৈঃ সৌবর্ণৈশ্চৈব ভূষণৈঃ ॥৬২॥
হীনাংশ্চাভরণৈশ্চৈব খলীনৈশ্চ বিবর্জিতান্ ।
চামরৈশ্চ কুথাভিশ্চ তূণীরৈঃ পতিতৈরপি ॥৬৩॥
নিহতৈঃ সাদিভিশ্চৈব শূরৈরাহবশোভিতৈঃ ।
অপশ্যাম রণে তত্র ভ্রাম্যমাণান্ হয়োত্তমান্ ॥৬৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দাবেতি । রুধিরৈরার্দ্রা ইত্যার্দ্ররুধিরাঃ, ছিন্না হস্তাঃ শুণ্ডা যেষাং তে ॥৫৮॥

ছিন্নেতি । ছিন্না গাত্রাবরা গাত্রাবরণানি যেষাং তে । ছিন্নাভ্রাণি বায়ুনা ছিন্নমেঘাঃ ॥৫৯॥

অপর ইতি । নাগা গজাঃ । শলভাঃ পতঙ্গাঃ, পাবকমগ্নিম্ ॥৬০॥

অপর ইতি । নিষ্টনন্ত আর্ত্তনাদং কুর্বন্তঃ । নগাঃ পর্বতাঃ, জলং স্রবন্তীতি তে ॥৬১॥

উর ইতি । উরশ্ছদৈঃ কবচৈঃ, বিমুক্তান্ বিহীনান্, বালবন্ধৈর্লোমবন্ধনৈঃ । খলীনৈ-র্মুখরজ্জুভিঃ । কুথাভিঃ পৃষ্ঠাস্তরণৈঃ । সাদিভিরারোহিভিঃ । ভ্রাম্যমাণান্ কর্ণাস্ত্রে-রেব ॥৬২—৬৪॥

মাননীয় রাজা ! মহাত্মা কর্ণ আঘাত করিতে থাকিলে, হস্তীগুলি ছিন্নকবচ ও ছিন্নলোম হইয়া ছিন্ন মেঘের ন্যায় পতিত হইতে থাকিল ॥৫৯॥

অপর কতকগুলি হস্তী কর্ণের বাণ ও তোমরের আঘাতে ভীত হইয়া—পতঙ্গ যেমন অগ্নির অভিমুখে গমন করে, সেইরূপ কর্ণের অভিমুখেই গমন করিতে লাগিল ॥৬০॥

অন্য কতকগুলি বিশাল হস্তী আর্ত্তনাদ ও গাত্র হইতে রক্তনিঃসারণ করিতে থাকিয়া জলস্রাবী পর্ব্বতসমূহের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৬১॥

কর্ণের প্রহারে কবচ পতিত, লোমবন্ধন ছিন্ন এবং স্বর্ণ, রৌপ্য ও কাংস্যময় আভরণ বিচ্যুত হইলে, আর অন্য অলঙ্কার স্খলিত, মুখরজ্জু বিশ্লিষ্ট এবং চামর, পৃষ্ঠাস্তরণ ও তূণীর পতিত হইয়া গেলে, বিশেষতঃ সমরশোভী আরোহী বীরগণ

প্রাসৈঃ খড়্গৈশ্চ সংস্যূতানৃষ্টিভিশ্চাপি ভারত ! ।
হয়যোধানপশ্যাম কঞ্চুকোষ্ণীষধারিণঃ ॥৬৫॥
নিহতান্ বধ্যমানাংশ্চ বেপমানাংশ্চ ভারত ! ।
নানাঙ্গাবয়বৈর্হীনাংস্তত্র তত্রৈব ভারত ! ॥৬৬॥ (যুগ্মকম্)
রথান্ হেমপরিষ্কারান্ সংযুক্তান্ জবনৈর্হয়ৈঃ ।
ভ্রাম্যমাণানপশ্যাম হতেষু রথিষু দ্রুতম্ ॥৬৭॥
ভগ্নাক্ষকূবরান্ কাংশ্চিদ্ভগ্নচক্রাংশ্চ ভারত ! ।
বিপতাকধ্বজাংশ্চান্যাংশ্ছিন্নেশাদণ্ডবন্ধুরান্ ॥৬৮॥ (যুগ্মকম্)
বিহীনান্ রথিনস্তত্র ধাবমানান্ সমন্ততঃ ।
সূতপুত্ত্রশরৈস্তপ্তানপশ্যাম বিশাংপতে ! ॥৬৯॥
বিশস্ত্রাংশ্চ তথৈবান্যান্ সশস্ত্রাংশ্চ হতান্ বহূন্ ।
তারকাজালসংছন্নান্ বরঘণ্টাবিশোভিতান্ ॥৭০॥

ভারতকৌমুদী

প্রাসৈরিতি। সংস্যূতান্ হয়ৈরেব সহ সম্যগ্গ্রথিতান্। কঞ্চুকং গাত্রাবরণম্ উষ্ণীষঞ্চ ধারয়ন্তীতি তান্। নানাঙ্গানাং হস্তাদীনাম্ অবয়বৈরঙ্গুল্যাদিভির্হীনান্ ॥৬৫—৬৬॥

রথানিতি। হেমপরিষ্কারান্ স্বর্ণময়ভূষণান্, জবনৈর্ব্বেগবদ্ভিঃ। ভগ্না অক্ষকূবরা দীর্ঘদারুতির্য্যগ্দারূণি যেষাং তান্। ছিন্না ঈশাদণ্ডা লম্বিতকাষ্ঠানি বন্ধুরা ক্ষুদ্রকাষ্ঠানি চ যেষাং তান্ ॥৬৭—৬৮॥

নিহত হইলে, সাধারণ অশ্ব ও উত্তম অশ্বগণ রণস্থলে ব্যস্ত হইয়া ভ্রমণ করিতেছে দেখা গেল ॥৬২—৬৪॥

ভরতনন্দন! ক্রমে সেই সেই স্থানে দেখিলাম—কঞ্চুক (আঙ্গরাখা) ও উষ্ণীষধারী অশ্বযোদ্ধারা প্রাস, তরবারি ও ঋষ্টিদ্বারা অশ্বগুলির সহিত গ্রথিত হইয়া নিহত হইয়াছে, অনেকে নিহত হইতেছে ও কাঁপিতেছে এবং অনেকের অনেক অঙ্গের অবয়ব নাই ॥৬৫—৬৬॥

ভরতবংশধর! পরে দেখিলাম—রথীরা নিহত হইলে, স্বর্ণভূষিত রথগুলি বেগবান্ অশ্বগণের আকর্ষণে দ্রুত ভ্রমণ করিতেছে; তাহার কতকগুলির অক্ষ, কূবর ও চক্র ভগ্ন হইয়াছে, কতকগুলির ধ্বজ ও পতাকা নষ্ট হইয়াছে এবং কতকগুলির ঈশাদণ্ড ও বন্ধুর ছিন্ন হইয়া গিয়াছে ॥৬৭—৬৮॥

(৬৬)…চেষ্টমানাংশ্চ ভারত !…পি। (৭০)…উরুঘণ্টোপশোভিতান্—পি।

নানাবর্ণবিচিত্রাভিঃ পতাকাভিরলঙ্কৃতান্ ।
বারণানন্বপশ্যাম ধাবমানান্ সমন্ততঃ ॥৭১॥ (বিশেষকম্)
শিরাংসি বাহূনূরূংশ্চ ছিন্নানন্যাংস্তথৈব চ ।
কর্ণচাপচ্যুতৈর্বাণৈরপশ্যাম সমন্ততঃ ॥৭২॥
মহান্ ব্যতিকরো রৌদ্রো যোধানামন্বপশ্যত ।
কর্ণসায়কনুন্নানাং যুধ্যতাঞ্চ শিতৈঃ শরৈঃ ॥৭৩॥
তে বধ্যমানাঃ সমরে সূতপুত্রেণ সৃঞ্জয়াঃ ।
তমেবাভিমুখং যান্তি পতঙ্গা ইব পাবকম্ ॥৭৪॥
তং দহন্তমনীকানি তত্র তত্র মহারথম্ ।
ক্ষত্রিয়া বর্জয়ামাসুর্যুগান্তাগ্নিমিবোল্বণম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

বিহীনানিতি। বিহীনান্ রথশূন্যান্। তারকাজালেন নক্ষত্রাকাররজতময়বর্ম্মচিহ্নসমূহেন সংছন্নান্ আবৃতগাত্রান্ বারণান্ গজান্ ॥৬৯—৭১॥

শিরাংসীতি। অন্যানবয়বান্। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৭২॥

মহানিতি। ব্যতিকরঃ সংঘর্ষঃ। অন্বপশ্যত অভবৎ। কর্ণসায়কৈর্নুন্নানামাহতানাম্ ॥৭৩॥

ত ইতি। পতঙ্গাঃ পাবকমিবেত্যনেন সৃঞ্জয়ানামপি ধ্বংসঃ সূচিতঃ ॥৭৪॥

তমিতি। যুগান্তাগ্নিং প্রলয়কালীনবহ্নিম্, উল্বণং সাতিশয়ম্ ॥৭৫॥

নরনাথ! আর দেখিলাম—রথবিহীন রথীরা কর্ণের বাণে পীড়িত হইতে থাকিয়া সকল দিকে ছুটাছুটি করিতেছেন এবং বহু রথী নিরস্ত্র হইয়া, আবার অনেক রথী সশস্ত্র অবস্থায় নিহত হইয়াছেন। আবার দেখিলাম—নক্ষত্রচিহ্ন-যুক্তবর্ম্মধারী, উত্তমঘণ্টাশোভিত এবং নানাবর্ণের বিচিত্রপতাকাভূষিত হস্তী সকল নানাদিকে দৌড়াইতেছে ॥৬৯—৭১॥

তৎপরে সকল দিকেই দেখিতে পাইলাম—কর্ণের কার্ম্মুকনির্গত বাণে যোদ্ধাদের মস্তক, বাহু, ঊরু এবং অন্যান্য অঙ্গ সকল ছিন্ন হইয়া গিয়াছে ॥৭২॥

ক্রমে কর্ণের বাণে আহত যুধ্যমান যোদ্ধাদের সুধার বাণে ভীষণ মহাসংঘর্ষ হইতে লাগিল ॥৭৩॥

কর্ণ যুদ্ধে বধ করিতে লাগিলে, পতঙ্গ যেমন অগ্নির দিকে যায়, তেমন সৃঞ্জয়েরা কর্ণের দিকেই যাইতে থাকিল ॥৭৪॥

মহারথ কর্ণ পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে থাকিলে, অনেক ক্ষত্রিয়ই উদ্ধত প্রলয়াগ্নির ন্যায় কর্ণকে ত্যাগ করিতে লাগিলেন ॥৭৫॥

---

(৭১)···বারণাংস্তানপশ্যাম···পি। (৭২)···অন্যাংস্তথা যুধি—পি।

হতশেষাস্ত যে বীরা পাঞ্চালানাং মহারথাঃ।
তান্ প্রভগ্নান্ দ্রুতান্ বীরঃ পৃষ্ঠতো বিকিরন্ শরৈঃ।
অভ্যধাবত তেজস্বী বিশীর্ণকবচধ্বজান্ ॥৭৬॥
তাপয়ামাস তান্ বাণৈঃ সূতপুত্রো মহাবলঃ।
মধ্যন্দিনমনুপ্রাপ্তো ভূতানীব তমোনুদঃ ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কর্ণপরাক্রমে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—— —:*:— ——

বিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

যুযুৎসুং তব পুত্রস্য দ্রাবয়ন্তং বলং মহৎ।
উলূকোঽভ্যপতত্তূর্ণং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

হতেতি। দ্রুতান্ পলায়মানান্, বীরঃ কর্ণঃ, বিকিরন্ নিক্ষিপন্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭৬॥
তাপয়েতি। ভূতানি পৃথিব্যাদীন্ পদার্থান্, তমোনুদঃ সূর্য্যঃ ॥৭৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নকুলমিতি। রভসং রণোৎসুকম্ ॥১—৭৭॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥১৯॥

পাঞ্চালগণের মধ্যে হতাবশিষ্ট যে সকল বীর ও মহারথ ছিলেন, ক্রমে তাঁহারাও ভগ্ন হইয়া বেগে পলায়ন করিতে থাকিলেন; তখন তাঁহাদের কবচ ও ধ্বজ বিশীর্ণ হইয়া পতিত হইতে থাকিল; আর বীর ও তেজস্বী কর্ণ বাণক্ষেপ করিতে করিতে তাঁহাদের পিছনে ধাবিত হইতে থাকিলেন ॥৭৬॥

এই ভাবে—মধ্যাহ্নকালীন সূর্য্য যেমন সমস্ত ভূত সন্তপ্ত করেন, তেমন মহাবল কর্ণ বাণদ্বারা পাণ্ডবসৈন্যগণকে সন্তপ্ত করিলেন' ॥৭৭॥

* '...চতুর্বিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ সো, '...পঞ্চবিংশোঽধ্যায়ঃ' বা।

যুযুৎসুশ্চ ততো রাজন্ ! শিতধারেণ পত্রিণা।
উলূকং তাড়য়ামাস বজ্রেণেব মহাচলম্ ॥২॥
উলূকস্তু ততঃ ক্রুদ্ধস্তব পুত্রস্য সংযুগে।
ক্ষুরপ্রেণ ধনুশ্ছিত্ত্বা তাড়য়ামাস কর্ণিনা ॥৩॥
তদপাস্য ধনুশ্ছিন্নং যুযুৎসুর্বেগবত্তরম্।
অন্যদাদত্ত সুমহচ্চাপং সংরক্তলোচনঃ ॥৪॥
উলূকন্তু ততঃ ষষ্ট্যা বিব্যাধ ভরতর্ষভ !।
সারথিং ত্রিভিরানর্চ্ছত্তঞ্চ ভূয়োঽপ্যবিধ্যত ॥৫॥
উলূকস্তস্তু বিংশত্যা বিদ্ধা স্বর্ণবিভূষিতৈঃ।
অথাস্য সমরে ক্রুদ্ধো ধ্বজং চিচ্ছেদ কাঞ্চনম্ ॥৬॥

ভারতকৌমুদী

যুযুৎসুমিতি। যুযুৎসুর্নাম ধৃতরাষ্ট্রস্য বৈশ্যাগর্ভজাতঃ পুত্রো যুদ্ধারম্ভে যুধিষ্ঠিরাহ্বানাত্তৎপক্ষং গত ইতি ভীষ্মপর্ব্বণি দ্রষ্টব্যম্। পুত্রস্য দুর্য্যোধনস্য। উলূকো নাম শকুনিপুত্রঃ ॥১॥
যুযুৎসুরিতি। শিতধারেণ তনূকৃতমুখেন, পত্রিণা বাণেন। বজ্রেণ ইন্দ্র ইব ॥২॥
উলূক ইতি। পুত্রস্য যুযুৎসোঃ। কর্ণিনা উভয়পার্শ্বে কর্ণদ্বয়যুক্তেন বাণেন ॥৩॥
তদিতি। অপাস্য বিহায়। বেগবত্তরং বাণানাং মহাবেগজনকম্ ॥৪॥
উলূকমিতি। ষষ্ট্যা বাণৈঃ। আনর্চ্ছদিত্যার্ষোঽয়ং প্রয়োগঃ। অপীড়য়দিত্যর্থঃ ॥৫॥
উলূক ইতি। বিংশত্যা শরৈঃ। কাঞ্চনস্তম্ভমিতি কাঞ্চনস্তম্ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ ! যুযুৎসু দুর্য্যোধনের বিশাল সৈন্য পীড়ন করিতেছিলেন, এমন সময়ে উলূক সত্বর তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥১॥

রাজা ! তাহার পর ইন্দ্র যেমন বজ্রদ্বারা বিশাল পর্ব্বত তাড়ন করিতেন, সেইরূপ যুযুৎসু একটা সুধার বাণদ্বারা উলূককে তাড়ন করিলেন ॥২॥

তৎপরে উলূক ক্রুদ্ধ হইয়া একটা ক্ষুরপ্রদ্বারা যুযুৎসুর ধনু ছেদন করিয়া একটা কর্ণিদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৩॥

তখন যুযুৎসু ক্রোধে আরক্তনয়ন হইয়া সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া অন্য একখানা দৃঢ় ও বিশাল ধনু গ্রহণ করিলেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ ! পরে যুযুৎসু ষাটটা বাণে উলূককে বিদ্ধ করিলেন, তিন বাণে তাঁহার সারথিকে পীড়ন করিলেন, পরে আবারও তাঁহাকে তাড়ন করিলেন ॥৫॥

(৫) শাকুনিস্তু ততঃ ষষ্ট্যা···পি বা সো। (৬)···হেমবিভূষিতৈঃ···পি।

স ছিন্নযষ্টিঃ সুমহান্ শীর্য্যমাণো মহাধ্বজঃ।
পপাত প্রমুখে রাজন্! যুযুৎসোঃ কাঞ্চনধ্বজঃ ॥৭॥
ধ্বজমুন্মথিতং দৃষ্ট্বা যুযুৎসুঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
উলূকং পঞ্চভির্বাণৈরাজঘান স্তনান্তরে ॥৮॥
উলূকস্তস্য সমরে তৈলধৌতেন মারিষ!।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন যন্তুর্ভরতসত্তম! ॥৯॥
জঘান চতুরোঽশ্বাংশ্চ তঞ্চ বিব্যাধ পঞ্চভিঃ।
সোঽতিবিদ্ধো বলবতা প্রত্যপায়াদ্রথান্তরম্ ॥১০॥
তং নির্জিত্য রণে রাজন্! উলূকস্ত্বরিতো যযৌ।
পাঞ্চালান্ সৃঞ্জয়াংশ্চৈব বিনিঘ্নন্ নিশিতৈঃ শরৈঃ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। শীর্য্যমাণঃ স্খলন্। কাঞ্চনধ্বজো নাম মহাধ্বজ ইত্যপুনরুক্তিঃ ॥৭॥
ধ্বজমিতি। উন্মথিতং বিনাশিতম্। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৮॥
উলূক ইতি। তস্য যুযুৎসোর্যন্তুঃ সারথেঃ শিরশ্চিচ্ছেদেতি সম্বন্ধঃ ॥৯॥
জঘানেতি। চতুরশ্চতুঃসংখ্যকান্। প্রত্যপায়াৎ প্রত্যপসৃত্যাগচ্ছৎ ॥১০॥
তমিতি। তং যুযুৎসুম্। নিশিতৈঃ সুধারৈঃ ॥১১॥

তদনন্তর উলূক ক্রুদ্ধ হইয়া স্বর্ণভূষিত কুড়িটা বাণদ্বারা যুযুৎসুকে বিদ্ধ করিয়া তাঁহার কাঞ্চনধ্বজযষ্টি ছেদন করিলেন ॥৬॥

রাজা! যষ্টি ছিন্ন হইলে, যুযুৎসুর সেই কাঞ্চনধ্বজনামক বিশাল মহাধ্বজটা তাঁহার সম্মুখেই পতিত হইল ॥৭॥

ধ্বজটা বিনষ্ট হইল দেখিয়া যুযুৎসু ক্রোধে অধীর হইয়া পাঁচটা বাণদ্বারা উলূকের বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥৮॥

মাননীয় ভরতশ্রেষ্ঠ! তখন উলূক একটা তৈলমার্জিত ভল্লদ্বারা যুদ্ধে যুযুৎসুর সারথির মস্তক ছেদন করিলেন ॥৯॥

এবং উলূক চারিটা বাণে যুযুৎসুর চারিটা অশ্বকে বধ করিলেন, আর একটা বাণে যুযুৎসুকে বিদ্ধ করিলেন। বলবান্ উলূক অত্যন্ত বিদ্ধ করিলে, যুযুৎসু যাইয়া অন্য রথে উঠিলেন ॥১০॥

রাজা! এইভাবে উলূক যুদ্ধে যুযুৎসুকে জয় করিয়া সুধার বাণসমূহদ্বারা পাঞ্চাল ও সৃঞ্জয়গণকে নিহত করিতে করিতে গমন করিলেন ॥১১॥

• (৯)···শিরশ্চিচ্ছেদ সহসা···পি। ইতঃ পরম্ "তচ্ছিন্নমপতদ্ভূমৌ যুযুৎসোঃ সারথেস্তদা। তারারূপং যথা চিত্রং নিপপাত মহীতলে ॥" ইতি শ্লোকঃ অধিকঃ পি বা সো।

শতানীকং মহারাজ! শ্রুতকর্ম্মা সুতস্তব।
ব্যশ্বসূতরথং চক্রে নিমেষার্দ্ধাদসম্ভ্রমঃ ॥১২॥
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ শতানীকো মহারথঃ।
গদাং চিক্ষেপ সংক্রুদ্ধস্তব পুত্রস্য মারিষ! ॥১৩॥
সা কৃত্বা স্যন্দনং ভস্ম হয়াংশ্চৈব সসারথীন্।
পপাত ধরণীং তূর্ণং দারয়ন্তীব ভারত! ॥১৪॥
তাবুভৌ বিরথৌ বীরৌ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনৌ।
ব্যপাক্রমেতাং যুদ্ধাত্তু প্রেক্ষমাণৌ পরস্পরম্ ॥১৫॥
পুত্রস্তু তব সংভ্রান্তো বিবিংশরথমাবিশৎ।
শতানীকোঽপি ত্বরিতঃ প্রতিবিন্ধ্যরথং গতঃ ॥১৬॥
সুতসোমস্তু শকুনির্বিদ্ধা সুনিশিতৈঃ শরৈঃ।
নাকম্পয়ত সংক্রুদ্ধো বার্য্যোঘ ইব পর্বতম্ ॥১৭॥

ভারতকৌমুদী

শতেতি। শতানীকং নাম নকুলপুত্রম্। অসম্ভ্রমঃ অব্যস্তঃ ॥১২॥
হতেতি। হতা অশ্বা যস্য তস্মিন্। পুত্রস্য উপরি ॥১৩॥
সেতি। স্যন্দনং শ্রুতকর্ম্মণো রথম্, ভস্ম নষ্টম্ ॥১৪॥
তাবিতি। ব্যপাক্রমেতাম্ অপাসরতাম্, যুদ্ধোপকরণাভাবাদিতি ভাবঃ ॥১৫॥
পুত্র ইতি। সংভ্রান্তো বিচলিতচিত্তঃ, বিবিংশস্য বিবিংশতে রথম্ ॥১৬॥

মহারাজ! অন্যদিকে আপনার পুত্র শ্রুতকর্ম্মা ধীর-স্থির থাকিয়া নিমেষার্দ্ধমধ্যে নকুলপুত্র শতানীকের অশ্ব, সারথি ও রথ বিনাশ করিলেন ॥১২॥

মাননীয় রাজা! অশ্বগুলি নিহত হইলে, মহারথ শতানীক অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই বিধ্বস্ত রথেই থাকিয়া আপনার পুত্র শ্রুতকর্ম্মার উপরে একটা গদা নিক্ষেপ করিলেন ॥১৩॥

ভরতনন্দন! তখন সেই গদাটা যাইয়া সত্বর শ্রুতকর্ম্মার রথ, অশ্ব ও সারথিকে বিনাশ করিয়া ভূতল বিদীর্ণ করতই যেন পতিত হইল ॥১৪॥

কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধন সেই বীরেরা দুই জনই রথবিহীন হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিয়া রণস্থল হইতে অপসৃত হইলেন ॥১৫॥

রাজা! পরে আপনার পুত্র শ্রুতকর্ম্মা বিচলিতচিত্তে যাইয়া বিবিংশতির রথে আরোহণ করিলেন এবং শতানীকও সত্বর যাইয়া প্রতিবিন্ধ্যের রথে উঠিলেন ॥১৬॥

(১৬)…বিবিংশো রথমাবিশৎ…বর্দ্ধ…বিবিংশো রথমারুহৎ…বা গো। (১৭)…বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ…পি,…বিদ্ধা তু নিশিতৈঃ শরৈঃ…বা গো।

সুতসোমস্তু তং দৃষ্ট্বা পিতুরত্যন্তবৈরিণম্।
শরৈরনেকসাহস্রৈশ্ছাদয়ামাস ভারত! ॥১৮॥
তান্ শরান্ শকুনিস্তূর্ণং চিচ্ছেদান্যৈঃ পতত্রিভিঃ।
লঘ্বস্ত্রশ্চিত্রযোধী চ জিতকাশী চ সংযুগে ॥১৯॥
নিবার্য্য সমরে চাপি শরাংস্তান্ নিশিতৈঃ শরৈঃ।
আজঘান সুসংক্রুদ্ধঃ সুতসোমং ত্রিভিঃ শরৈঃ ॥২০॥
তস্যাশ্বান্ কেতনং সূতং তিলশো ব্যধমচ্ছরৈঃ।
শ্যালস্তব মহারাজ! তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥২১॥
হতাশ্বো বিরথশ্চৈব চ্ছিন্নকেতুশ্চ মারিষ!।
ধন্বী ধনুর্বরং গৃহ্য রথাদ্ভূমাবতিষ্ঠত ॥২২॥

ভারতকৌমুদী

সুতেতি। সুতসোমং তদাখ্যং ভীমসেনপুত্রম্। বার্য্যোঘো জলপ্রবাহঃ ॥১৭॥

সুতেতি। পিতুর্ভীমস্য, অত্যন্তবৈরিণম্, দ্যূতাদিনা বঞ্চনাদিত্যাশয়ঃ ॥১৮॥

তানিতি। পতত্রিভির্বাণৈঃ। জিতেনাত্র প্রাচীনজয়েন কাশতে দীপ্যত ইতি সঃ ॥১৯॥

নিবার্য্যেতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২০॥

তস্যেতি। কেতনং ধ্বজম্। ব্যধমৎ ব্যনাশয়ৎ। উচ্চুক্রুশুঃ উচ্চকোলাহলং চক্রুঃ ॥২১॥

হতেতি। ধন্বী প্রশস্তধনুর্দ্ধরঃ সুতসোমঃ, গৃহ্য গৃহীত্বা ॥২২॥

অপর দিকে শকুনি ক্রুদ্ধ হইয়া সুধার বাণসমূহে সুতসোমকে বিদ্ধ করিয়াও জলপ্রবাহ যেমন পর্ব্বতকে বিচলিত করিতে পারে না, সেইরূপ সুতসোমকে বিচলিত করিতে পারিলেন না ॥১৭॥

ভরতনন্দন! সুতসোম নিজ পিতার অত্যন্তশত্রু শকুনিকে দেখিয়া বহুসহস্র বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥১৮॥

তখন দ্রুতাস্ত্রক্ষেপী, বিচিত্রযোধী ও বিজয়শোভী শকুনি সত্বর অন্য বাণসমূহে সেই সুতসোমের বাণগুলিকে ছেদন করিলেন ॥১৯॥

ক্রমে শকুনি অত্যন্তক্রুদ্ধ হইয়া সুধার বাণসমূহে সেই বাণসমূহকে নিবারণ করিয়া অপর তিন বাণে সুতসোমকে আঘাত করিলেন ॥২০॥

মহারাজ! পরে আপনার শ্যালক শকুনি বাণে বাণে সুতসোমের অশ্ব, সারথি ও ধ্বজটাকে তিল তিল করিয়া ছেদন করিলেন; তখন সমস্ত লোক উচ্চস্বরে কোলাহল করিয়া উঠিল ॥২১॥

মাননীয় রাজা! অশ্ব ও রথ বিনষ্ট এবং ধ্বজ ছিন্ন হইলে, প্রশস্ত ধনুর্দ্ধর সুতসোম অন্য উত্তম একখানা ধনু ধারণ করিয়া রথ হইতে নামিয়া ভূতলে দাঁড়াইলেন ॥২২॥

ব্যসৃজৎ সায়কাংশ্চৈব স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্।
ছাদয়ামাস সমরে তব শ্যালস্য তং রথম্ ॥২৩॥
পতঙ্গানিব সংপ্রাপ্তান্ শরব্রাতান্ মহারথঃ।
রথোপগান্ সমীক্ষ্যাথ বিব্যথে নৈব সৌবলঃ ॥২৪॥
প্রমমাথ শরাংস্তাংস্তু শরব্রাতৈর্মহাযশাঃ।
তস্যাতুষ্যন্ত যোধাশ্চ সিদ্ধাশ্চাপি দিবি স্থিতাঃ ॥২৫॥
সুতসোমস্য তৎ কর্ম্ম দৃষ্ট্বাশ্রদ্ধেয়মদ্ভুতম্।
রথস্থং শকুনিং যত্তু পদাতিঃ সমযোধয়ৎ ॥২৬॥ (যুগ্মকম্)
তস্য তীক্ষ্ণৈর্মহাবেগৈর্ভল্লৈঃ সন্নতপর্ববভিঃ।
ব্যহনৎ কার্ম্মুকং রাজন্! তূণীরাংশ্চৈব সর্বশঃ ॥২৭॥
স ছিন্নধন্বা বিরথঃ খড়্গমুদ্যম্য চানদৎ।
বৈদূর্য্যোৎপলবর্ণাভং হস্তিদন্তময়-ৎসরুম্ ॥২৮॥

ভারতকৌমুদী

ব্যসৃজদিতি। ব্যসৃজৎ সুতসোমো ক্ষিপৎ, স্বর্ণপুঙ্খান্ স্বর্ণখচিতমূলদেশান্ ॥২৩॥

পতঙ্গানিতি। শরাণাং ব্রাতান্ সমূহান্। রথোপগান্ রথসমীপাগতান্ ॥২৪॥

প্রেতি। প্রমমাথ নিবারয়ামাস। মহাযশাঃ শকুনিঃ। তস্য সুতসোমস্যোপরি। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যম্, দুষ্করত্বাৎ। পদাতিঃ পাদচারী ॥২৫—২৬॥

তস্যেতি। তস্য সুতসোমস্য। ব্যহনৎ অচ্ছিনৎ, শকুনিরিতি শেষঃ ॥২৭॥

এবং তিনি স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বহুতর বাণ নিক্ষেপ করিয়া শকুনির সেই রথখানাকে আবৃত করিলেন ॥২৩॥

সেই বাণগুলি পতঙ্গশ্রেণীর ন্যায় আসিয়া রথের নিকটবর্ত্তী হইতেছে ইহা দেখিয়াও মহারথ শকুনি উদ্বিগ্ন হইলেন না ॥২৪॥

বরং মহাযশা শকুনি শরসমূহদ্বারা সেই শরসমূহকে নিবারণ করিলেন। কিন্তু সুতসোমের সেই অবিশ্বাস্য অদ্ভুত কার্য্য দেখিয়া যোদ্ধারা ও আকাশস্থ সিদ্ধেরা সুতসোমের উপরে সন্তুষ্ট হইলেন। যে হেতু তিনি পাদচারী হইয়া রথস্থিত শকুনির সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥২৫—২৬॥

রাজা! তখন শকুনি তীক্ষ্ণ, মহাবেগশালী ও নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা সুতসোমের ধনু, তূণ ও যুদ্ধের অন্য সমস্ত উপকরণ নষ্ট করিলেন ॥২৭॥

(২৩)…ছাদয়ামাস স রথং তব শ্যালস্য চাহবে—পি। (২৪) শলভানাদিব ব্রাতান্… সমীক্ষ্যৈব…বর্দ্ধ বা সো। (২৫)…তত্রাতুষ্যন্ত…বর্দ্ধ বা সো। (২৬)…যস্তু পদাতিঃ…বর্দ্ধ,… যত্তম্…সো।

ভ্রাম্যমাণং ততস্তত্তু বিমলাম্বরবর্চ্চসম্।
কালদণ্ডোপমং মেনে সুতসোমস্য ধীমতঃ ॥২৯॥
সোঽচরৎ সহসা খড়্গী মণ্ডলানি সমন্ততঃ।
চতুর্দ্দশ মহারাজ! শিক্ষাবলসমন্বিতঃ ॥৩০॥
ভ্রান্তমুদ্‌ভ্রান্তমাবিদ্ধমাপ্লুতং বিপ্লুতং সৃতম্।
সম্পাতং সমুদীর্ণঞ্চ দর্শয়ামাস সংযুগে ॥৩১॥
সৌবলস্তু ততস্তস্য শরাংশ্চিক্ষেপ বীর্য্যবান্।
তানাপতত এবাশু চিচ্ছেদ পরমাসিনা ॥৩২॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! সৌবলঃ পুনরেব চ।
প্রাহিণোৎ সুতসোমায় শরানাশীবিষোপমান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

স ইতি। হস্তিদন্তময়ঃ ত্সরুর্মুষ্টিদেশো যস্য তম্ ॥২৮॥
ভ্রাম্যেতি। বিমলং যদম্বরং গগনং তস্য বর্চ্চ ইব বর্চ্চস্তেজো যস্য তম্ ॥২৯॥
স ইতি। চতুর্দ্দশ মণ্ডলানি যুদ্ধশাস্ত্রোক্তা ভ্রমণপ্রকারাঃ প্রাগুক্তাঃ ॥৩০॥
ভ্রান্তমিতি। এষাং প্রকারা অপি বহুশঃ পূর্ব্বমভিহিতাঃ ॥৩১॥
সৌবল ইতি। চিচ্ছেদ সুতসোম ইতি শেষঃ ॥৩২॥
তত ইতি। প্রাহিণোৎ চিক্ষিপৎ। আশীবিষোপমান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্ ॥৩৩॥

ধনু ছিন্ন ও রথ বিনষ্ট হইলে, সুতসোম বৈদূর্য্যমণি ও উৎপলের ন্যায় নীলবর্ণ এবং হস্তিদন্তময়মুষ্টিদেশযুক্ত তরবারি উত্তোলন করিয়া সিংহনাদ করিলেন ॥২৮॥

তদনন্তর বুদ্ধিমান্ সুতসোম আকাশের ন্যায় নির্ম্মল সেই তরবারিখানা ঘুরাইতে লাগিলে, সকল লোকই তাহা যমদণ্ডের তুল্য মনে করিতে লাগিল ॥২৯॥

মহারাজ! ক্রমে শিক্ষা ও শক্তিশালী সুতসোম সকল দিকে বেগে চতুর্দ্দশ-প্রকার মণ্ডল করিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৩০॥

পরে তিনি রণস্থলে ভ্রান্ত, উদ্‌ভ্রান্ত, আবিদ্ধ, আপ্লুত, বিপ্লুত, সৃত, সম্পাত ও সমুদীর্ণ এই আটপ্রকার গতি দেখাইলেন ॥৩১॥

তাহার পর বলবান্ শকুনি সুতসোমের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিলেন; সেগুলি আসিতে থাকিলেই সুতসোম উত্তম তরবারিদ্বারা সত্বর সেগুলিকে ছেদন করিতে থাকিলেন ॥৩২॥

মহারাজ! তৎপরে শকুনি ক্রুদ্ধ হইয়া পুনরায় সুতসোমের উপরে সর্পতুল্য বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৩৩॥

(৩১) ভ্রান্তমুদ্‌ভ্রান্তমাধূতম্···বর্দ্ধ। (৩৩)···সৌবলঃ পরবীরহা···পি।

চিচ্ছেদ তাংস্ত খড়্গেন শিক্ষয়া চ বলেন চ।
দর্শয়ল্লাঁঘবং যুদ্ধে তার্ক্ষ্যতুল্যপরাক্রমঃ ॥৩৪॥
তস্য সঞ্চরতো রাজন্! মণ্ডলাবর্ত্তনে তদা।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন খড়্গং চিচ্ছেদ সুপ্রভম্ ॥৩৫॥
স চ্ছিন্নঃ সহসা ভূমৌ নিপপাত মহানসিঃ।
অর্দ্ধমন্যৎ স্থিতং হস্তে সুৎসরোস্তস্য ভারত! ॥৩৬॥
ছিন্নমাজ্ঞায় নিস্ত্রিংশমবপ্লুত্য পদানি ষট্।
প্রাবিধ্যত ততঃ শেষং সুতসোমো মহারথঃ ॥৩৭॥
স চ্ছিত্ত্বা সগুণং চাপং রণে তস্য মহাত্মনঃ।
পপাত ধরণীং তূর্ণং স্বর্ণবজ্রবিভূষিতম্।
সুতসোমস্ততোঽগচ্ছচ্ছ্রুতকীর্ত্তের্মহারথম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

চিচ্ছেদেতি। লাঘবং ক্ষিপ্রকারিতাম্। তার্ক্ষ্যস্য গরুড়স্য তুল্যপরাক্রমঃ ॥৩৪॥
তস্যেতি। মণ্ডলং গোলভাবেন ভ্রমণম্ আবর্ত্তনং তৎক্রমেণাগমনঞ্চ তে ॥৩৫॥
স ইতি। অসিঃ অসেরুপরিতনার্দ্ধভাগঃ। শোভনঃ ত্সরুর্মুষ্টির্যস্য তস্য ॥৩৬॥
ছিন্নমিতি। অবপ্লুত্য উল্লম্ফ্য। প্রাবিধ্যত স্তক্ষিপৎ, শেষম্ অসেরবশিষ্টমংশম্ ॥৩৭॥
স ইতি। তস্য শকুনেঃ। স্বর্ণেন বজ্রেণ হীরকেণ চ বিভূষিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

বৃবৃৎসুমিতি ॥১—২৯॥ মণ্ডলানি ভ্রান্তমুদ্ভ্রান্তমিত্যাদীন্ মার্গান্ অনুলোমবিলোমভেদেন দ্বিগুণতয়া চতুর্দ্দশ ॥৩০—৩৪॥ মণ্ডলানামাবর্ত্তনে অনুলোমবিলোমাভ্যাসে ॥৩৫॥ অস্য অসেঃ

গরুড়ের তুল্য পরাক্রমশালী সুতসোম যুদ্ধে ক্ষিপ্রকারিতা দেখাইতে থাকিয়া শিক্ষা ও শক্তি অনুসারে তরবারিদ্বারা সেগুলিকে ছেদন করিলেন ॥৩৪॥

রাজা! সুতসোম মণ্ডলাকারে ভ্রমণ এবং সেইভাবে আগমন করিয়া বিচরণ করিতে লাগিলে, শকুনি তখন একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা তাঁহার নির্ম্মল তরবারিখানা ছেদন করিলেন ॥৩৫॥

সেই সুন্দরমুষ্টিযুক্ত বিশাল অসির উপরের অর্দ্ধভাগ ছিন্ন হইয়া তৎক্ষণাৎ ভূতলে পতিত হইল, আর অপর অর্দ্ধভাগ সুতসোমের হাতেই থাকিল ॥৩৬॥

পরে মহারথ সুতসোম তরবারি ছিন্ন হইয়াছে জানিয়া ছয় পা লাফাইয়া যাইয়া সেইস্থান হইতে তরবারির অবশিষ্ট অংশ নিক্ষেপ করিলেন ॥৩৭॥

(৩৬...সুৎসরোস্তত্র ভারত!—বা সো।

সৌবলস্তু ধনুর্গৃহ্য ঘোরমন্যৎ সুদুর্জয়ম্।
অভ্যয়াৎ পাণ্ডবানীকং নিঘ্নন্ শত্রুগণান্ বহূন্ ॥৩৯॥
তত্র নাদো মহানাসীৎ পাণ্ডবানাং বিশাংপতে!।
সৌবলং সমরে দৃষ্ট্বা বিচরন্তমভীতবৎ ॥৪০॥
তান্যনীকানি দৃপ্তানি শস্ত্রবন্তি মহান্তি চ।
দ্রাব্যমাণান্যদৃশ্যন্ত সৌবলেন মহাত্মনা ॥৪১॥
যথা দৈত্যচমূং রাজন্! দেবরাজো মমর্দ্দ হ।
তথৈব পাণ্ডবীং সেনাং সৌবলেয়ো ব্যনাশয়ৎ ॥৪২॥
ধৃষ্টদ্যুম্নং কৃপো রাজন্! বারয়ামাস সংযুগে।
যথা দৃপ্তং বনে সিংহং শরভো বারয়েদ্‌যুধি ॥৪৩॥

ভারতকৌমুদী

সৌবল ইতি। গৃহ্য গৃহীত্বা। পাণ্ডবানামনীকং সৈন্যম্ ॥৩৯॥
তত্রেতি। নাদঃ সম্ভ্রমকোলাহলঃ। অভীতবৎ নির্ভয়মিব ॥৪০॥
তানীতি। দৃপ্তানি দর্পান্বিতানি। দ্রাব্যমাণানি পীড্যমানানি ॥৪১॥
যথেতি। মমর্দ্দ বিনাশয়ামাস। সৌবলেয়ঃ শকুনিঃ ॥৪২॥
ধৃষ্টেতি। শরভঃ অষ্টপাদো বন্যো জন্তুঃ। এতেন কৃপেণ ধৃষ্টদ্যুম্নস্য পরাজেয়ত্বং সূচিতম্ ॥৪৩॥

তখন সেই অবশিষ্ট অংশ যাইয়া মহাত্মা শকুনির গুণসমন্বিত ও স্বর্ণহীরকভূষিত ধনু ছেদন করিয়া সত্বর ভূতলে পতিত হইল। পরে সুতসোম যাইয়া শ্রুতকীর্ত্তির বিশাল রথে উঠিলেন ॥৩৮॥

এদিকে শকুনি অন্য সুদুর্জয় ভয়ঙ্কর ধনু লইয়া শত্রু সংহার করিতে করিতে পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

নরনাথ! তখন শকুনিকে যুদ্ধে নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে দেখিয়া পাণ্ডব-সৈন্যমধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৪০॥

ক্রমে দেখা গেল—মহাত্মা শকুনি অস্ত্রধারী ও দর্পান্বিত সেই বিশাল পাণ্ডবসৈন্য পীড়ন করিতেছেন ॥৪১॥

রাজা! পূর্ব্বকালে ইন্দ্র যেমন দৈত্যসৈন্য বিনাশ করিতেন, সেইরূপই শকুনি পাণ্ডবসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৪২॥

রাজা! বনমধ্যে শরভ (ভীষণ হিংস্রজন্তুবিশেষ) যেমন যুদ্ধে সিংহকে বারণ করে, তেমন কৃপাচার্য্য যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে বারণ করিতে লাগিলেন ॥৪৩॥

(৪২) ইতঃ পরম্ '...পঞ্চবিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' পি বর্দ্ধ সো, '...ষড়্‌বিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা। (৪৩)...বনে নাগম্...পি,...যথা দৃষ্ট্বা বনে...বা।

নিরুদ্ধঃ পার্ষতস্তেন গৌতমেন বলীয়সা।
পদাৎ পদং বিচলিতুং নাশকত্তত্র ভারত ! ॥৪৪॥
গৌতমস্য রথং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নরথং প্রতি।
বিত্রেসুঃ সর্বভূতানি ক্ষয়ং প্রাপ্তঞ্চ মেনিরে ॥৪৫॥
তত্রাবোচন্ বিমনসো রথিনঃ সাদিনস্তথা।
দ্রোণস্য নিধনান্নূনং সংক্রুদ্ধো দ্বিপদাং বরঃ ॥৪৬॥
শারদ্বতো মহাতেজা দিব্যাস্ত্রবিদুদারধীঃ।
অপি স্বস্তি ভবেদদ্য ধৃষ্টদ্যুম্নস্য গৌতমাৎ ॥৪৭॥ (যুগ্মকম্)
অপীয়ং বাহিনী কৃৎস্না মুচ্যেত মহতো ভয়াৎ।
অপ্যয়ং ব্রাহ্মণঃ সর্বান্ ন নো হন্যাৎ সমাগতান্ ॥৪৮॥
যাদৃশং দৃশ্যতে রূপমন্তকপ্রতিমং ভৃশম্।
গমিষ্যত্যদ্য পদবীং ভারদ্বাজস্য গৌতমঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

নিরুদ্ধ ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রো ধৃষ্টদ্যুম্নঃ, গৌতমেন গৌতমগোত্রেণ কৃপেণ ॥৪৪॥

গৌতমস্যেতি। প্রতি গচ্ছন্তমিতি শেষঃ। ক্ষয়ং প্রাপ্তং পাণ্ডবসৈন্যম্ ॥৪৫॥

তত্রেতি। বিমনসো বিষণ্ণচিত্তাঃ, সাদিনো গজাশ্বারোহিণঃ। দ্বিপদাং নৃণাম্। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ কৃপঃ। অপিশব্দঃ প্রশ্নে, স্বস্তি মঙ্গলম্ ॥৪৬—৪৭॥

অপীতি। বাহিনী পাণ্ডবসেনা। নঃ অস্মান্ ॥৪৮॥

যাদৃশমিতি। পদবীং প্রকারং মহাসংহারকত্বমিত্যর্থঃ, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৪৯॥

ভরতনন্দন ! তখন বলবান্ কৃপাচার্য্য নিরুদ্ধ করিলে, ধৃষ্টদ্যুম্ন স্বস্থান হইতে একপাও অগ্রসর হইতে পারিলেন না ॥৪৪॥

কৃপাচার্য্যের রথ ধৃষ্টদ্যুম্নের রথের দিকে যাইতেছে দেখিয়া তত্রত্য সকলেই ভীত হইল এবং পাণ্ডবসৈন্য ক্ষয় পাইয়াছে বলিয়া মনে করিল ॥৪৫॥

তখন রথী, গজারোহী ও অশ্বারোহীরা বিষণ্ণচিত্ত হইয়া পরস্পর বলিতে লাগিলেন—'মনুষ্যশ্রেষ্ঠ, মহাতেজা, দিব্যাস্ত্রবিৎ ও উদারবুদ্ধি কৃপাচার্য্য নিশ্চয়ই দ্রোণবধনিবন্ধন ধৃষ্টদ্যুম্নের প্রতি অত্যন্তক্রুদ্ধ হইয়াছেন। অতএব আজ কৃপের হাত হইতে ধৃষ্টদ্যুম্নের মঙ্গল হইবে কি ? ॥৪৬—৪৭॥

এই সমগ্র পাণ্ডবসৈন্য মহাভয় হইতে মুক্ত হইবে ত ? এই ব্রাহ্মণ সমাগত আমাদের সকলকে বধ করিবেন না ত ? ॥৪৮॥

(৪৪)···গৌতমেন মহাত্মনা···পি। (৪৬) তত্রাব্রুবন্···নিধনে নূনম্···পি।

আচার্য্যঃ ক্ষিপ্রহস্তশ্চ বিজয়ী চ সদা যুধি।
অস্ত্রবান্ বীর্য্যসম্পন্নঃ ক্রোধেন চ সমন্বিতঃ।
পার্ষতশ্চ মহাযুদ্ধে বিমুখোঽদ্যাভিলক্ষ্যতে ॥৫০॥
ইত্যেবং বিবিধা বাচস্তাবকানাং পরৈঃ সহ।
ব্যশ্রূয়ন্ত মহারাজ! তয়োস্তত্র সমাগমে ॥৫১॥
বিনিশ্বস্য ততঃ ক্রোধাৎ কৃপঃ শারদ্বতো নৃপ!।
পার্ষতঞ্চার্দ্দয়ামাস নিশ্চেষ্টং সর্বমর্ম্মসু ॥৫২॥
স হন্যমানঃ সমরে গৌতমেন মহাত্মনা।
কর্ত্তব্যং ন স্ম জানাতি মোহেন মহতা বৃতঃ ॥৫৩॥
তমব্রবীত্ততো যন্তা কচ্চিৎ ক্ষেমং নু পার্ষত!।
ঈদৃশং ব্যসনং যুদ্ধে ন তে দৃষ্টং ময়া কচিৎ ॥৫৪॥
দৈবযোগাত্তু তে বাণা নাপতন্ মর্ম্মভেদিনঃ।
প্রেষিতা দ্বিজমুখ্যেন মর্ম্মাণ্যুদ্দিশ্য সর্ব্বতঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

আচার্য্য ইতি। ক্ষিপ্রো দ্রুতাস্ত্রক্ষেপী হস্তো যস্য সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥
ইতীতি। তয়োঃ কৃপধৃষ্টদ্যুম্নয়োঃ, সমাগমে যুদ্ধে মেলনে ॥৫১॥
বিনীতি। বিনিশ্বস্য দ্রোণস্মরণেন। নিশ্চেষ্টং প্রহারবারণাদৌ ॥৫২॥
স ইতি। হন্যমানঃ প্রহ্রিয়মাণঃ। মোহেন কুতোঽপি কারণাদ্‌যুদ্ধবৈচিত্ত্যেন ॥৫৩॥
তমিতি। যন্তা সারথিঃ, ক্ষেমং স্বাস্থ্যবিষয়ে মঙ্গলম্। ব্যসনং কর্ত্তব্যভ্রংশঃ ॥৫৪॥

ইহার যেপ্রকার যমের তুল্য দারুণ রূপ দেখা যাইতেছে, তাহাতে নিশ্চয়ই ইনি দ্রোণের পথ অবলম্বন করিবেন ॥৪৯॥

কৃপাচার্য্য লঘুহস্ত, সর্ব্বদা যুদ্ধে বিজয়ী, অস্ত্রশালী ও ক্রোধযুক্ত; আর ধৃষ্টদ্যুম্নকে আজ মহাযুদ্ধে বিমুখ বলিয়া লক্ষ্য করা যাইতেছে' ॥৫০॥

মহারাজ! কৃপ ও ধৃষ্টদ্যুম্নের সেই সম্মেলনের সময়ে অন্যের সহিত আপনার পক্ষের লোকদের এইরূপ নানাবিধ বাক্য শুনা গেল ॥৫১॥

রাজা! তাহার পর কৃপাচার্য্য নিশ্বাস ত্যাগ করিয়া ক্রোধে নিশ্চেষ্ট ধৃষ্টদ্যুম্নের সমস্ত মর্ম্মস্থানে আঘাত করিলেন ॥৫২॥

মহাত্মা কৃপাচার্য্য সেইভাবে আঘাত করিলে, অত্যন্ত মোহাবিষ্ট ধৃষ্টদ্যুম্ন আপনার কর্ত্তব্য কি তাহা বুঝিতে পারিলেন না ॥৫৩॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্নের সারথি তাঁহাকে বলিল—'পৃষতনন্দন! আপনার মঙ্গল ত? যুদ্ধে আপনার এইরূপ ত্রুটি আমি কখনও দেখি নাই ॥৫৪॥

ব্যাবর্ত্তয়ে রথং তূর্ণং নদীবেগমিবার্ণবাৎ।
অবধ্যং ব্রাহ্মণং মন্যে যেন তে বিক্রমো হতঃ ॥৫৬॥
ধৃষ্টদ্যুম্নস্ততো রাজন্! শনকৈরব্রবীদ্বচঃ।
মুহ্যতে মে মনস্তাত! গাত্রে স্বেদশ্চ জায়তে ॥৫৭॥
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
বর্জয়ন্ ব্রাহ্মণং যুদ্ধে শনৈর্যাহি যতোঽর্জ্জুনঃ ॥৫৮॥
অর্জ্জুনং ভীমসেনং বা সমরে প্রাপ্য সারথে!।
ক্ষেমমদ্য ভবেদেবমেষা মে নৈষ্ঠিকী মতিঃ ॥৫৯॥
ততঃ প্রায়ান্মহারাজ! সারথিস্ত্বরয়ন্ হয়ান্।
যতো ভীমো মহেষ্বাসো যুযুধে তব সৈনিকৈঃ ॥৬০॥

ভারতকৌমুদী

দৈবেতি। প্রেষিতাঃ ক্ষিপ্তাঃ, দ্বিজমুখ্যেন ব্রাহ্মণশ্রেষ্ঠেন কৃপেণ ॥৫৫॥

ব্যাবর্ত্তয় ইতি। ব্রাহ্মণস্যাবধ্যত্বেনৈব নিবৃত্তোঽসীত্যহং মন্য ইত্যর্থঃ। দ্রোণবধার্থমেব জাততয়া তত্র নেদৃশো ভাব ইত্যাশয়ঃ। হতঃ অকস্মাদিলুপ্তঃ ॥৫৬॥

ধৃষ্টেতি। স্বেদো ঘর্ম্মঃ। একব্রাহ্মণহননেনৈব দারুণাকীর্ত্তিপাতাদন্যস্য চোপস্থিতত্বাদিতি ভাবঃ ॥৫৭॥

বেপথুরিতি। বেপথুঃ কম্পঃ। পূর্ব্ববদ্ভাবঃ। যতো যত্র ॥৫৮॥

অর্জ্জুনমিতি। ক্ষেমং তাভ্যাং মে ব্রাহ্মণহন্তাদ্রক্ষণাৎ। নৈষ্ঠিকী স্থিরা ॥৫৯॥

তত ইতি। ত্বরয়ন্ ত্বরয়া চালয়ন্। যতো যত্র, মহেষ্বাসো মহাধানুষ্কঃ ॥৬০॥

কৃপাচার্য্য আপনার সমস্ত মর্ম্মস্থান লক্ষ্য করিয়া যে বাণগুলি নিক্ষেপ করিয়াছিলেন, দৈববশতই সে বাণগুলি আপনার মর্ম্মস্থানে পতিত হয় নাই ॥৫৫॥

সে যাহা হউক, শক্তিশালী পুরুষ যেমন সমুদ্র হইতে নদীর বেগ ফিরাইয়া দেয়, আমিও সেইরূপ সত্বর রথখানা ফিরাইয়া দিব। আমি মনে করি—ব্রাহ্মণ অবধ্য বলিয়াই আপনার বিক্রম লোপ পাইয়াছে' ॥৫৬॥

রাজা! তাহার পর ধৃষ্টদ্যুম্ন ধীরে ধীরে এই কথা বলিলেন—'বৎস! আমার মন মুগ্ধ হইতেছে, গাত্রেও ঘর্ম্ম জন্মিতেছে ॥৫৭॥

শরীরেও কম্প এবং রোমাঞ্চ উৎপন্ন হইয়াছে। অতএব ব্রাহ্মণকে ত্যাগ করিয়া অর্জ্জুন যেখানে আছেন, সেইখানে ধীরে ধীরে যাও ॥৫৮॥

সারথি! অর্জ্জুন বা ভীমসেনকে পাইলে আমার আজ মঙ্গল হইবে, ইহাই আমার স্থির ধারণা' ॥৫৯॥

(৫৬) ব্যাবর্ত্তয়ে তব রথম্...পি। (৫৯)...ক্ষেমমদ্য ভবেন্মহ্যমিতি মে নৈষ্ঠিকী মতিঃ—পি।

প্রদ্রুতঞ্চ রথং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নস্য মারিষ ! ।
কিরন্ শরশতান্যেব গৌতমোঽন্বযযৌ তদা ॥৬১॥
শঙ্খঞ্চ পূরয়ামাস মুহুর্মুহুররিন্দমঃ।
পার্ষতং দ্রাবয়ামাস মহেন্দ্রো নমুচিং যথা ॥৬২॥
শিখণ্ডিনস্তু সমরে ভীষ্মমৃত্যুং দুরাসদম্।
হার্দ্দিক্যো বারয়ামাস স্ময়ন্নিব মুহুর্মুহুঃ ॥৬৩॥
শিখণ্ডী তু সমাসাদ্য হৃদিকানাং মহারথম্।
পঞ্চভির্নিশিতৈর্ভল্লৈর্জত্রুদেশে সমাহনৎ ॥৬৪॥
কৃতবর্ম্মা তু সংক্রুদ্ধো ভিত্ত্বা ষষ্ট্যা পতত্রিভিঃ।
ধনুরেকেন চিচ্ছেদ হসন্ রাজন্ ! মহারথঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রদ্রুতং দ্রুতমপসৃতম্। গৌতমঃ কৃপঃ ॥৬১॥
শঙ্খমিতি। পূরয়ামাস মুখবায়ুপূরণেন বাদয়ামাস। দ্রাবয়ামাস উদ্বেজয়াঞ্চকার ॥৬২॥
শিখণ্ডিনমিতি। ভীষ্মস্য মৃত্যুর্যস্মাত্তম্। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥৬৩॥
শিখণ্ডীতি। হৃদিকানাং হৃদিকবংশোৎপন্নানাং মধ্যে। জত্রুদেশে স্কন্ধসন্ধৌ ॥৬৪॥
কৃতেতি। ভিত্ত্বা শিখণ্ডিনং বিদার্য্য, পতত্রিভির্বাণৈঃ ॥৬৫॥

মহারাজ ! তদনন্তর সারথি সত্বর অশ্বগুলিকে চালাইতে থাকিয়া—যেখানে মহাধনুর্দ্ধর ভীমসেন আপনার সৈন্যগণের সহিত যুদ্ধ করিতেছিলেন, সেই দিকে যাইতে লাগিল ॥৬০॥

মাননীয় রাজা ! ধৃষ্টদ্যুম্নের রথ দ্রুত অপসরণ করিতেছে দেখিয়া কৃপাচার্য্য শত শত বাণ নিক্ষেপ করিতে করিতে তাঁহার পিছনে যাইতে লাগিলেন ॥৬১॥

আর শত্রুদমন কৃপাচার্য্য মুহুর্মুহু শঙ্খধ্বনি করিয়া ইন্দ্র যেমন নমুচির উদ্বেগ জন্মাইয়াছিলেন, সেইরূপ ধৃষ্টদ্যুম্নের উদ্বেগ জন্মাইতে থাকিলেন ॥৬২॥

ওদিকে কৃতবর্ম্মা মুহুর্মুহু যেন হাস্য করিতে থাকিয়া ভীষ্মের মৃত্যুর কারণ দুর্দ্ধর্ষ শিখণ্ডীকে বারণ করিতে লাগিলেন ॥৬৩॥

শিখণ্ডী হৃদিকবংশমধ্যে মহারথ কৃতবর্ম্মাকে পাইয়া পাঁচটা সুধার ভল্লদ্বারা তাঁহার স্কন্ধদেশে আঘাত করিলেন ॥৬৪॥

রাজা ! তখন মহারথ কৃতবর্ম্মা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ষাটটা বাণে শিখণ্ডীকে বিদীর্ণ করিয়া হাস্য করিতে করিতে একটা বাণে তাঁহার ধনু ছেদন করিলেন ॥৬৫॥

(৬৫) কৃতবর্ম্মা তু হার্দ্দিক্যো হত্বা দ্বাত্রিংশতা শরৈঃ···পি।

অথান্যদ্ধনুরাদায় দ্রুপদস্যাত্মজো বলী।
তিষ্ঠ তিষ্ঠেতি সংক্রুদ্ধো হার্দ্দিক্যং প্রত্যভাষত ॥৬৬॥
ততোঽস্য নবতিং বাণান্ রুক্মপুঙ্খান্ সুতেজনান্।
প্রেষয়ামাস রাজেন্দ্র! তেঽস্যাভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৬৭॥
বিতথাংস্তান্ সমালক্ষ্য পতিতাংশ্চ মহীতলে।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন কার্ম্মুকং চিচ্ছিদে ভৃশম্ ॥৬৮॥
অথৈনং ছিন্নধন্বানং ভগ্নশৃঙ্গমিবর্ষভম্।
অশীত্যা মার্গণৈঃ ক্রুদ্ধো বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৬৯॥
কৃতবর্ম্মা তু সংক্রুদ্ধো মার্গণৈঃ ক্ষতবিক্ষতঃ।
ববাম রুধিরং গাত্রৈঃ কুম্ভবক্ত্রাদিবোদকম্ ॥৭০॥
রুধিরেণ পরিক্লিন্নঃ কৃতবর্ম্মা ব্যরাজত।
বর্ষেণ ক্লেদিতো রাজন্! যথা গৈরিকপর্ব্বতঃ ॥৭১॥

ভারতকৌমুদী

অথেতি। দ্রুপদস্যাত্মজঃ শিখণ্ডী। হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্ ॥৬৬॥
তত ইতি। অস্য কৃতবর্ম্মণ উপরি। সুতেজনান্ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতান্ ॥৬৭॥
বিতথানিতি। বিতথান্ ব্যর্থান্। চিচ্ছিদে শিখণ্ডিনা, ভৃশং সর্ব্বথা ॥৬৮॥
অথেতি। ঋষভং বৃষম্। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ শিখণ্ডেব ॥৬৯॥
কৃতেতি। মার্গণৈঃ শিখণ্ডিনো বাণৈঃ। ববাম নিঃসারয়ামাস ॥৭০॥
রুধিরেণেতি। পরিক্লিন্ন আর্দ্রীকৃতঃ। গৈরিকপর্ব্বতঃ অরুণধাতুযুক্তো গিরিঃ ॥৭১॥

তাহার পর বলবান্ শিখণ্ডী ক্রুদ্ধ হইয়া অন্য ধনু লইয়া 'থাক থাক' এই কথা কৃতবর্ম্মাকে বলিলেন ॥৬৬॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর শিখণ্ডী স্বর্ণপুঙ্খ ও সুধার নব্বইটা বাণ কৃতবর্ম্মার উপরে নিক্ষেপ করিলেন; কিন্তু সে বাণগুলি যাইয়া কৃতবর্ম্মার বর্ম্মে লাগিয়া পড়িয়া গেল ॥৬৭॥

সেই বাণগুলিকে ব্যর্থ ও ভূতলে পতিত দেখিয়া শিখণ্ডী একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্র-দ্বারা কৃতবর্ম্মার ধনুখানাকে সম্পূর্ণ ছেদন করিয়া ফেলিলেন ॥৬৮॥

তৎপরে ক্রুদ্ধ শিখণ্ডী ভগ্নশৃঙ্গ বৃষের ন্যায় ছিন্নধন্বা কৃতবর্ম্মার বাহুযুগল ও বক্ষস্থলে আশীটা বাণ নিক্ষেপ করিলেন ॥৬৯॥

তৎকালে কলসের মুখ হইতে যেমন জল নির্গত হয়, সেইরূপ শিখণ্ডীর বাণে ক্ষত-বিক্ষত ও ক্রুদ্ধ কৃতবর্ম্মার গাত্র হইতে রক্ত নির্গত হইতে লাগিল ॥৭০॥

অথান্যদ্ধনুরাদায় সমার্গণগুণং প্রভুঃ।
শিখণ্ডিনং বাণবরৈঃ স্কন্ধদেশে ব্যতাড়য়ৎ ॥৭২॥
স্কন্ধদেশস্থিতৈর্বাণৈঃ শিখণ্ডী তু ব্যরাজত।
শাখাপ্রশাখাবিপুলঃ সুমহান্ পাদপো যথা ॥৭৩॥
তাবন্যোন্যং ভৃশং বিদ্ধা রুধিরেণ সমুক্ষিতৌ।
অন্যোন্যশৃঙ্গাভিহতৌ রেজতুর্বৃষভাবিব ॥৭৪॥
অন্যোন্যস্য বধে যত্নং কুর্বাণৌ তৌ মহারথৌ।
রথাভ্যাং চেরতুস্তত্র মণ্ডলানি সহস্রশঃ ॥৭৫॥
কৃতবর্ম্মা মহারাজ! পার্ষতং নিশিতৈঃ শরৈঃ।
রণে বিব্যাধ সপ্তত্যা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

অথেতি। মার্গণেন বাণেন গুণেন চ সহেতি তৎ, প্রভুঃ শক্তিমান্ কৃতবর্ম্মা ॥৭২॥

স্কন্ধেতি। শাখাপ্রশাখাভির্বিপুলঃ স্থূলীভূতঃ, পাদপো বৃক্ষঃ ॥৭৩॥

তাবিতি। সমুক্ষিতৌ সিক্তদেহৌ। অন্যোন্যং শৃঙ্গৈরভিহতৌ আহতৌ ॥৭৪॥

অন্যোন্যস্যেতি। মণ্ডলানি গোলভাবেন ভ্রমণানি, চেরতুশ্চক্রতুঃ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

সুৎসরোঃ শোভনমুষ্টেঃ ॥৩৬—৪২॥ শরভোঽষ্টপাদঃ সিংহঘাতী পশুপক্ষিশরীরো নৃসিংহবৎ দ্ব্যাত্মা ॥৪৩—৬৬॥ বর্ম্মণঃ বর্ম্ম প্রাপ্য অভ্রশ্যন্ত ভ্রষ্টাঃ, বর্ম্ম ন চিচ্ছিদুরিত্যর্থঃ ॥৬৭—৬৯॥ ববাম বান্তবান্ ॥৭০—৭৫॥ পার্ষতং শিখণ্ডিনম্ ॥৭৬—৮০॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশোঽধ্যায়ঃ ॥২০॥

রাজা! তখন কৃতবর্ম্মা রক্তাক্তদেহ হইয়া বর্ষাসিক্ত গৈরিকপর্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৭১॥

তদনন্তর শক্তিশালী কৃতবর্ম্মা গুণযুক্ত অন্য একখানা ধনু ও বাণ লইয়া সেই উত্তম বাণদ্বারা শিখণ্ডীর স্কন্ধদেশে তাড়ন করিলেন ॥৭২॥

পরে শিখণ্ডী স্কন্ধদেশস্থিত সেই বাণগুলিদ্বারা শাখায় ও প্রশাখায় স্থূলীভূত বিশাল বৃক্ষের ন্যায় শোভা পাইতে থাকিলেন ॥৭৩॥

ক্রমে তাঁহারা পরস্পরকে গুরুতর বিদ্ধ করিয়া রক্তসিক্ত হইয়া পরস্পরশৃঙ্গ-তাড়িত দুইটা বৃষের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৭৪॥

তাহার পর সেই মহারথেরা দুই জন পরস্পরের বধে যত্ন করিতে থাকিয়া দুইখানা রথে রণস্থলে সহস্রবার মণ্ডলাকারে বিচরণ করিলেন ॥৭৫॥

(৭৩)···শাখাপ্রতানৈর্বিপুলৈঃ সুমহাংশ্চ দ্রুমো যথা—পি।

ততোঽস্য সমরে বাণং ভোজঃ প্রহরতাং বরঃ।
জীবিতান্তকরং ঘোরং ব্যসৃজত্ত্বরয়ান্বিতঃ ॥৭৭॥
স তেনাভিহতো রাজন্! মূর্চ্ছামাশু সমাবিশৎ।
ধ্বজযষ্টিঞ্চ সহসা শিশ্রিয়ে কশ্মলাবৃতঃ ॥৭৮॥
অপোবাহ রণাত্তূর্ণং সারথী রথিনাং বরম্।
হার্দ্দিক্যশরসন্তপ্তং নিশ্বসন্তং পুনঃ পুনঃ ॥৭৯॥
পরাজিতে ততঃ শূরে দ্রুপদস্যাত্মজে প্রভো!।
ব্যদ্রবৎ পাণ্ডবী সেনা বধ্যমানা সমন্ততঃ ॥৮০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি শিখণ্ড্যপযানে বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কৃতেতি। পার্ষতং পৃষতপৌত্রং শিখণ্ডিনম্। শিলয়া তদ্ঘর্ষণেন শিতৈঃ সুধারৈঃ ॥৭৬॥
তত ইতি। অস্য শিখণ্ডিন উপরি। ভোজো ভোজবংশীয়ঃ কৃতবর্ম্মা ॥৭৭॥
স ইতি। শিশ্রিয়ে দধার, কশ্মলেন মোহেন আবৃত আবিষ্টঃ ॥৭৮॥
অপেতি। অপোবাহ অপসারয়ামাস। রথিনাং বরং শিখণ্ডিনম্ ॥৭৯॥
পরেতি। ব্যদ্রবৎ দ্রুতং পলায়ত। বধ্যমানা শকুন্যাদিভিঃ ॥৮০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ-ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি বিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! কৃতবর্ম্মা ক্রমে স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সত্তরটা বাণদ্বারা শিখণ্ডীকে বিদ্ধ করিলেন ॥৭৬॥

তদনন্তর বীরশ্রেষ্ঠ কৃতবর্ম্মা ত্বরান্বিত হইয়া জীবননাশক একটা ভয়ঙ্কর বাণ শিখণ্ডীর উপরে নিক্ষেপ করিলেন ॥৭৭॥

রাজা! শিখণ্ডী সেই বাণে আহত হইয়া তৎক্ষণাৎ মূর্চ্ছাবিষ্ট হইলেন এবং মূর্চ্ছাবিষ্ট হইতে থাকিয়া হঠাৎ ধ্বজদণ্ড ধারণ করিলেন ॥৭৮॥

রথিশ্রেষ্ঠ শিখণ্ডী কৃতবর্ম্মার বাণে পীড়িত হইয়া বার বার নিশ্বাস ত্যাগ করিতে লাগিলে, তাঁহার সারথি সত্বর তাঁহাকে রণস্থল হইতে অপসারিত করিল ॥৭৯॥

মহারাজ! বীর শিখণ্ডী পরাজিত হইলে এবং সকল দিকে শকুনিপ্রভৃতি বধ করিতে লাগিলে, পাণ্ডবসৈন্য বেগে পলায়ন করিতে লাগিল ॥৮০॥

---

(৭৯) অপোবাহ রণাত্তস্য···পি। * '···ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '···সপ্তবিংশোঽধ্যায়ঃ' বা।

একবিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

শ্বেতাশ্বোঽপি মহারাজ! ব্যধমত্তাবকং বলম্।
যথা বায়ুঃ সমাসাদ্য তূলরাশিং সমন্ততঃ ॥১॥
প্রত্যুদ্যযুস্ত্রিগর্ত্তাস্তং শিবয়ঃ কৌরবৈঃ সহ।
শাল্বাঃ সংশপ্তকাশ্চৈব নারায়ণবলঞ্চ যৎ ॥২॥
সত্যসেনশ্চন্দ্রদেবো মিত্রদেবঃ শ্রুতঞ্জয়ঃ।
সৌশ্রুতিশ্চিত্রসেনশ্চ মিত্রবর্ম্মা চ ভারত! ॥৩॥
ত্রিগর্ত্তরাজঃ সমরে ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।
পুত্রৈশ্চৈব মহেষ্বাসৈর্নানাশস্ত্রবিশারদৈঃ ॥৪॥ (যুগ্মকম্)
ব্যসৃজন্ত শরব্রাতান্ কিরন্তোঽর্জ্জুনমাহবে।
অভ্যবর্ষন্ত সহসা বার্য্যোঘা ইব সাগরম্ ॥৫॥

ভারতকৌমুদী

শ্বেতেতি। শ্বেতা অশ্বা যস্য সোঽর্জ্জুনঃ, ব্যধমৎ অপাসারয়ৎ ॥১॥
প্রতীতি। শিবয়ঃ শিবিদেশীয়াঃ। নারায়ণবলঞ্চ যৎ তদপি প্রত্যুদ্যযৌ ॥২॥
সত্যেতি। এতে ত্রিগর্ত্তাঃ। ত্রিগর্ত্তরাজঃ সুশর্ম্মা। পরিবারিত আসীৎ ॥৩—৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! বায়ু যেমন উপস্থিত হইয়া তূলরাশি সকল দিকে অপসারিত করে, তেমন অর্জ্জুনও আপনার সৈন্যকে অপসারিত করিতে লাগিলেন ॥১॥

তখন ত্রিগর্ত্ত, শিবি, কৌরব, শাল্ব, সংশপ্তক ও নারায়ণসৈন্যেরা অর্জ্জুনের অভিমুখে গমন করিল ॥২॥

এই সময়ে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা—সত্যসেন, চন্দ্রদেব, মিত্রদেব, শ্রুতঞ্জয়, সৌশ্রুতি, চিত্রসেন ও মিত্রবর্ম্মা এই সকল ভ্রাতৃগণে এবং মহাধনুর্দ্ধর ও নানাশস্ত্রে বিশারদ পুত্রগণে পরিবেষ্টিত হইলেন ॥৩—৪॥

ক্রমে জলপ্রবাহ যেমন সমুদ্রের উপরে বিন্দু বর্ষণ করে, সেইরূপ তাঁহারা যুদ্ধে প্রহার করতঃ অর্জ্জুনের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৫॥

(৪)···নানাশস্ত্রধরৈর্যুধি—পি। (৫) তে সৃজন্তঃ শরশতম্···অভ্যবর্ষন্ত সহিতাঃ···পি।

তে ত্বর্জ্জুনং সমাসাদ্য যোধাঃ শতসহস্রশঃ।
অগচ্ছন্ বিলয়ং সর্বে তার্ক্ষ্যং দৃষ্ট্বেব পন্নগাঃ ॥৬॥
তে বধ্যমানাঃ সমরে নাজহুঃ পাণ্ডবং তদা।
দহ্যমানা মহারাজ! শলভা ইব পাবকম্ ॥৭॥
সত্যসেনস্ত্রিভির্বাণৈর্বিব্যাধ যুধি পাণ্ডবম্।
মিত্রদেবস্ত্রিষষ্ট্যা তু চন্দ্রদেবস্তু সপ্তভিঃ ॥৮॥
মিত্রবর্ম্মা ত্রিসপ্তত্যা সৌশ্রুতিশ্চাপি সপ্তভিঃ।
শত্রুঞ্জয়স্তু বিংশত্যা সুশর্ম্মা নবভিঃ শরৈঃ ॥৯॥ (যুগ্মকম্)
স বিদ্ধো বহুভিঃ সংখ্যে প্রতিবিব্যাধ তান্ নৃপান্।
সৌশ্রুতিং সপ্ততির্বিদ্ধা সত্যসেনং ত্রিভিঃ শরৈঃ ॥১০॥
শত্রুঞ্জয়ঞ্চ বিংশত্যা চন্দ্রদেবং তথাষ্টভিঃ।
মিত্রদেবং শতেনৈব চন্দ্রসেনং ত্রিভিঃ শরৈঃ ॥১১॥
নবভির্মিত্রবর্ম্মাণং সুশর্ম্মাণং তথাষ্টভিঃ।
শত্রুঞ্জয়ঞ্চ রাজানং হত্বা তত্র শিলাশিতৈঃ ॥১২॥
সৌশ্রুতেঃ সশিরস্ত্রাণং শিরঃ কায়াদপাহরৎ।
ত্বরিতং চন্দ্রদেবঞ্চ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥১৩॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ব্যসৃজন্তেতি। শরাণাং ব্রাতান্ সমূহান্, কিরন্তঃ প্রহরন্তঃ। বার্য্যোঘা জলপ্রবাহাঃ ॥৫॥
ত ইতি। বিলয়ং বিনাশম্ অপসরণঞ্চ, তার্ক্ষ্যং গরুড়ম্, পন্নগাঃ সর্পাঃ ॥৬॥
ত ইতি। নাজহুঃ নাত্যজন্। উপময়া তেষাং ধ্বংসঃ সূচিতঃ ॥৭॥
সত্যেতি। পাণ্ডবমর্জ্জুনম্। মিত্রবর্ম্মা পাণ্ডবং বিব্যাধেত্যেবং সর্বত্র সম্বন্ধঃ ॥৮—৯॥

পরে সর্প সকল যেমন গরুড়কে দেখিয়া লয় পায়, সেইরূপ সেই শত শত ও সহস্র সহস্র যোদ্ধা অর্জ্জুনকে পাইয়া লয় পাইতে থাকিলেন ॥৬॥

মহারাজ! তখন পতঙ্গ যেমন দগ্ধ হইতে থাকিয়াও অগ্নিকে ত্যাগ করে না, সেইরূপ সেই যোদ্ধারা নিহত হইতে থাকিয়াও অর্জ্জুনকে ত্যাগ করিলেন না ॥৭॥

ক্রমে সত্যসেন তিনটা, মিত্রদেব তেষট্টিটা, চন্দ্রদেব সাতটা, মিত্রবর্ম্মা তিয়াত্তরটা, সৌশ্রুতি সাতটা, শত্রুঞ্জয় কুড়িটা এবং সুশর্ম্মা নয়টা বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৮—৯॥

(৭)…দহ্যমানাস্তপা রাজন্!…পি। (১০) স সংখ্যে প্রতিবিব্যাধ তান্ নৃপান্ নিশিতৈঃ শরৈঃ…পি। (১১)…শ্রুতসেনং ত্রিভিঃ শরৈঃ—বঙ্গ বৰ্দ্ধ বা সো।

তথেতরান্ মহারাজ ! যতমানান্ মহারথান্।
পঞ্চভিঃ পঞ্চভির্বাণৈরেকৈকং প্রত্যবারয়ৎ ॥১৪॥
সত্যসেনস্তু সংক্রুদ্ধস্তোমরং ব্যসৃজন্মহৎ।
সমুদ্দিশ্য রণে কৃষ্ণং সিংহনাদং ননাদ চ ॥১৫॥
স নির্ভিদ্য ভুজং সব্যং মাধবস্য মহাত্মনঃ।
অয়স্ময়ো হেমদণ্ডো জগাম ধরণীং তদা ॥১৬॥
মাধবস্য তু বিদ্ধস্য তোমরেণ মহারণে।
প্রতোদঃ প্রাপতদ্ধস্তাদ্রশ্ময়শ্চ বিশাংপতে ! ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অর্জ্জুনঃ। প্রতিব্যাধপ্রকারমাহ সৌশ্রুতিমিত্যাদিনা। শতেনৈব শরৈঃ। শিলাসু ঘর্ষণাদিনা শিতৈঃ সুধারীকৃতৈঃ। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥১০—১৩॥

তথেতি। যতমানান্ জয় ইতি শেষঃ। প্রত্যবারয়ৎ স ইত্যনুবৃত্তিঃ ॥১৪॥

সত্যেতি। তোমরশব্দস্য পুংনপুংসকলিঙ্গত্বাৎ মহদিতি নপুংসকম্ ॥১৫॥

স ইতি। স তোমরঃ। সব্যং বামম্। অয়স্ময়ো লৌহময়ঃ ॥১৬॥

মাধবস্যেতি। প্রতোদঃ কশা। রশ্ময়ঃ অশ্বমুখরজ্জবঃ ॥১৭॥

যুদ্ধে বহু ব্যক্তি বিদ্ধ করিলে, অর্জ্জুন সেই ক্ষত্রিয়গণের প্রত্যেককেই প্রতিবিদ্ধ করিলেন। তিনি সাত বাণে সৌশ্রুতিকে, তিন বাণে সত্যসেনকে, কুড়ি বাণে শত্রুঞ্জয়কে, আট বাণে চন্দ্রদেবকে, একশত বাণে মিত্রদেবকে, তিন বাণে চিত্রসেনকে, নয় বাণে মিত্রবর্ম্মাকে এবং আট বাণে সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া শিলাশাণিত বহুতর বাণে রাজা শত্রুঞ্জয়কে সংহারপূর্ব্বক শিরস্ত্রাণের সহিত সৌশ্রুতির দেহ হইতে মস্তক হরণ করিলেন এবং অনেক বাণদ্বারা সত্বর চন্দ্রদেবকে যমালয়ে পাঠাইলেন ॥১০—১৩॥

মহারাজ ! পরে অর্জ্জুন পাঁচ পাঁচ বাণে জয়ে যত্নবান্ অন্য মহারথগণের প্রত্যেককে বারণ করিলেন ॥১৪॥

তখন সত্যসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া কৃষ্ণকে লক্ষ্য করিয়া একটা বিশাল তোমর নিক্ষেপ করিলেন এবং সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৫॥

সেই সময়ে লৌহময় ও স্বর্ণদণ্ড সেই তোমরটা যাইয়া মহাত্মা কৃষ্ণের বাম বাহু ভেদ করিয়া ভূতলে পতিত হইল ॥১৬॥

নরনাথ ! মহাযুদ্ধে তোমরটা কৃষ্ণকে বিদ্ধ করিলে, তাঁহার হাত হইতে কশা ও অশ্বের লাগাম পড়িয়া গেল ॥১৭॥

বাসুদেবং বিভিন্নাঙ্গং দৃষ্টা পার্থো ধনঞ্জয়ঃ।
ক্রোধমাহারয়ত্তীব্রং কৃষ্ণঞ্চেদমুবাচ হ ॥১৮॥
প্রাপয়াশ্বান্ মহাবাহো! সত্যসেনং প্রতি প্রভো!।
যাবদেনং শরৈস্তীক্ষ্ণৈর্নয়ামি যমসাদনম্ ॥১৯॥
স প্রতোদং প্রগৃহ্যাশু তথা রশ্মীন্ মহাযশাঃ।
বাহয়ামাস তানশ্বান্ সত্যসেনরথং প্রতি ॥২০॥
বিষ্বক্সেনস্তু নির্ভিন্নং দৃষ্ট্বা পার্থো ধনঞ্জয়ঃ।
সত্যসেনং শরৈস্তীক্ষ্ণৈর্বারয়িত্বা মহারথঃ ॥২১॥
ততঃ সুনিশিতৈর্ভল্লৈ রাজ্ঞস্তস্য মহচ্ছিরঃ।
কুণ্ডলোপচিতং কায়াচ্চকর্ত্ত পৃতনামুখে ॥২২॥ (যুগ্মকম্)
তন্নিকৃত্য শিতৈর্বাণৈশ্চিত্রবর্ম্মাণমাক্ষিপৎ।
বৎসদন্তেন তীক্ষ্ণেন সারথিঞ্চাস্য মারিষ! ॥২৩॥

ভারতকৌমুদী

বাস্বিতি। বিভিন্নাঙ্গং বিদীর্ণবামবাহুম্। আহারয়ৎ অকরোৎ ॥১৮॥

প্রাপয়েতি। যমস্য সাদনং ভবনম্ ॥১৯॥

স ইতি। স কৃষ্ণঃ। বাহয়ামাস চালয়ামাস ॥২০॥

বিষ্বগিতি। বিষ্বক্ সমন্তাৎ সেনা সেনৈব প্রভাবো যস্য স বিষ্বক্সেনঃ কৃষ্ণস্তম্। কুণ্ডলাভ্যামুপচিতং বর্দ্ধিতং শোভিতমিত্যর্থঃ, চকর্ত্ত চিচ্ছেদ, পৃতনামুখে সেনাগ্রে ॥২১—২২॥

তদিতি। নিকৃত্য ছিত্বা। আক্ষিপৎ রথাদপাতয়ৎ। বৎসদন্তেন তদাখ্যেন বাণেন ॥২৩॥

কৃষ্ণের বাম বাহু বিদীর্ণ হইয়াছে দেখিয়া পৃথানন্দন অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইলেন এবং কৃষ্ণকে এই কথা বলিলেন—॥১৮॥

'মহাবাহু প্রভু! তুমি সত্যসেনের দিকে অশ্বগুলিকে চালাইয়া দাও; আমি তীক্ষ্ণ বাণে উহাকে যমালয়ে পাঠাইতেছি' ॥১৯॥

তখন মহাযশা কৃষ্ণ তৎক্ষণাৎ কশা ও লাগাম ধরিয়া সত্যসেনের রথের দিকে বেগে সেই ঘোড়াগুলিকে চালাইয়া দিলেন ॥২০॥

কৃষ্ণকে বিদীর্ণ দেখিয়া পৃথানন্দন মহারথ অর্জ্জুন তীক্ষ্ণ বাণে সত্যসেনকে বারণ করিয়া পরে সুধার ভল্লদ্বারা কৌরবসৈন্যসম্মুখে সেই সত্যসেনরাজার দেহ হইতে কুণ্ডলশোভিত বিশাল মস্তকটাকে ছেদন করিলেন ॥২১—২২॥

(২১)…নির্ভিন্নং প্রেক্ষ্য…দারয়িত্বা মহাবলঃ—পি। (২৩) তং নিহত্য শিতৈর্বাণৈঃ…পি, তং নিকৃত্য…সো।

ততঃ শরশতৈর্ভূয়ঃ সংশপ্তকগণান্ বলী।
পাতয়ামাস সংক্রুদ্ধঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৪॥
ততো রাজতপুঙ্খেন রাজন্! শীর্ষং মহাত্মনঃ।
মিত্রসেনস্য চিচ্ছেদ ক্ষুরপ্রেণ মহারথঃ ॥২৫॥
সুশর্ম্মাণঞ্চ সংক্রুদ্ধো জত্রুদেশে সমাহনৎ।
ততঃ সংশপ্তকাঃ সর্বে পরিবার্য্য ধনঞ্জয়ম্ ॥২৬॥
শস্ত্রৌঘৈর্ম্মমৃদুঃ ক্রুদ্ধা নাদয়ন্তো দিশো দশ।
অভ্যর্দ্দিতস্তু তৈর্জিষ্ণুঃ শক্রতুল্যপরাক্রমঃ ॥২৭॥
ঐন্দ্রমস্ত্রমমেয়াত্মা প্রাদুশ্চক্রে মহারথঃ।
ততঃ শরসহস্রাণি প্রাদুরাসন্ বিশাংপতে! ॥২৮॥ (বিশেষকম্)
ধ্বজানাং ছিদ্যমানানাং কার্ম্মুকাণাঞ্চ মারিষ!।
রথানাং সপতাকানাং তূণীরাণাং যুগৈঃ সহ ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ভূয়ঃ পুনরপি। বলী অর্জ্জুনঃ ॥২৪॥

তত ইতি। রাজতো রজতময়ঃ পুঙ্খো মূলদেশো যস্য তেন, শীর্ষং শিরঃ ॥২৫॥

সুশর্ম্মাণমিতি। জত্রুদেশে স্কন্ধসন্ধৌ। মমৃদুঃ পীড়য়ামাসুঃ। জিষ্ণুরর্জ্জুনঃ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ। তত ঐন্দ্রাস্ত্রাৎ, প্রাদুরাসন্ আবির্ভূতানি ॥২৬—২৮॥

মাননীয় রাজা! অর্জ্জুন সেই সত্যসেনের মস্তক ছেদন করিয়া ক্ষুধার বাণে চিত্রবর্ম্মাকে নিপাতিত করিলেন এবং একটা তীক্ষ্ণ বৎসদন্তদ্বারা উহার সারথিকেও বধ করিলেন ॥২৩॥

তাহার পর বলবান্ অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া পুনরায় বহুতর বাণে শত শত ও সহস্র সহস্র সংশপ্তককে ধরাশায়ী করিলেন ॥২৪॥

রাজা! তদনন্তর মহারথ অর্জ্জুন রজতপুঙ্খ একটা ক্ষুরপ্রদ্বারা মহাত্মা মিত্রসেনের মস্তক ছেদন করিলেন ॥২৫॥

পরে তিনি বিশেষ ক্রুদ্ধ হইয়া সুশর্ম্মার স্কন্ধসন্ধিস্থানে আঘাত করিলেন। তৎপরে সংশপ্তকেরা সকলে ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া দশ দিক্ নিনাদিত করতঃ অস্ত্রসমূহদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিল। নরনাথ! তাহারা পীড়ন করিতে লাগিলে, ইন্দ্রের তুল্য পরাক্রমশালী, অজ্ঞেয়শক্তি ও মহারথ অর্জ্জুন ঐন্দ্র অস্ত্র আবিষ্কার করিলেন; তখন তাহা হইতে সহস্র সহস্র বাণ নির্গত হইতে থাকিল ॥২৬—২৮॥

(২৫) ততো রাজন্! সুপুঙ্খেন···পি, ততো রজতপুঙ্খেন···বা।

অক্ষাণামথ চক্রাণাং যোক্ত্রাণাং রশ্মিভিঃ সহ।
কূবরাণাং বরূথানাং পৃষৎকানাঞ্চ সংযুগে ॥৩০॥
অশ্বানাং পততাঞ্চাপি প্রাসানামৃষ্টিভিঃ সহ।
গদানাং পরিঘাণাঞ্চ শক্তিতোমরপট্টিশৈঃ ॥৩১॥
শতঘ্নীনাং সচক্রাণাং ভুজানাঞ্চোরুভিঃ সহ।
কণ্ঠসূত্রাঙ্গদানাঞ্চ কেয়ূরাণাঞ্চ মারিষ ! ॥৩২॥
হারাণামথ নিষ্কাণাং তনুত্রাণাঞ্চ ভারত !।
ছত্রাণাং ব্যজনানাঞ্চ শিরসাং মুকুটৈঃ সহ।
অশ্রূয়ত মহাশব্দস্তত্র তত্র বিশাংপতে ! ॥৩৩॥ (কুলকম্)
সকুণ্ডলানি স্বক্ষীণি পূর্ণচন্দ্রনিভানি চ।
শিরাংস্যুর্ব্ব্যামদৃশ্যন্ত তারাজালমিবাম্বরে ॥৩৪॥
সুস্রগ্বীণি সুবাসাংসি চন্দনেনোক্ষিতানি চ।
শরীরাণি ব্যদৃশ্যন্ত নিহতানাং মহীতলে ॥৩৫॥

ভারতকৌমুদী

ধ্বজানামিতি। যুগৈ রথদীর্ঘদারুভিঃ। অক্ষাণাং রথগততির্য্যগ্দারূণাম্, যোক্ত্রাণাং রজ্জুজালানাম্। কূবরাণাম্ ঊর্দ্ধদণ্ডানাম্, বরূথানাং রথাবরণানাম, পৃষৎকানাং বাণানাম্। শক্তিতোমরপট্টিশৈশ্চ সহ। কণ্ঠসূত্রাণি মালাঃ। নিষ্কাণাং কণ্ঠভূষণবিশেষাণাম্। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯—৩৩॥

সেতি। শোভনানি অক্ষীণি নয়নানি যেষু তানি। শিরাংসি মুখানি ॥৩৪॥

স্বিতি। সুস্রজ এষাং সন্তীতি সুস্রগ্বীণি, শোভনানি বাসাংসি যেষু তানি ॥৩৫॥

মাননীয় ভরতনন্দন নরনাথ ! ছিদ্যমান ধ্বজ, ধনু, রথ, পতাকা, তূণের এবং রথের দীর্ঘকাষ্ঠ, তির্য্যক্ কাষ্ঠ, চক্র, যোক্ত্র (যোৎ), রশ্মি, ঊর্দ্ধদণ্ড ও চর্ম্মাবরণের আর বাণ, পতনশীল অশ্ব, প্রাস, ঋষ্টি, গদা, পরিঘ, শক্তি, তোমর, পট্টিশ, চক্রযুক্ত শতঘ্নী, বাহু, উরু, কণ্ঠসূত্র, বলয়, কেয়ূর, হার, কণ্ঠভূষণ, বর্ম্ম, ছত্র, ব্যজন, মস্তক ও মুকুটের সেই সেই স্থানে বিশাল শব্দ শুনা যাইতে লাগিল ॥২৯—৩৩॥

কুণ্ডল ও সুন্দরনয়নযুক্ত এবং পূর্ণচন্দ্রতুল্য মুখ সকল আকাশে নক্ষত্রগণের ন্যায় ভূতলে দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৩৪॥

নিহত যোদ্ধাদের সুন্দর মালা ও সুন্দর বস্ত্রসমন্বিত এবং চন্দনসিক্ত শরীর সকল ভূতলে দেখা যাইতে লাগিল ॥৩৫॥

(৩০)···বরূথানামাকর্ষাণাঞ্চ সর্ব্বশঃ—পি। (৩৩)···মহান্ শব্দঃ···পি। (৩৪) সুকুণ্ডলানি···উর্ব্ব্যাং স্ম দৃশ্যন্তে···পি।

গন্ধর্বনগরাকারং ঘোরমায়োধনং তদা।
নিহতৈ রাজপুত্রৈশ্চ ক্ষত্রিয়ৈশ্চ মহাবলৈঃ ॥৩৬॥
হস্তিভিঃ পতিতৈশ্চৈব তুরগৈশ্চাভবন্মহী।
অগম্যরূপা সমরে বিশীর্ণৈরিব পর্বতৈঃ ॥৩৭॥
নাসীচ্চক্রপথস্তত্র পাণ্ডবস্য মহাত্মনঃ।
নিঘ্নতঃ শাত্রবান্ ভল্লৈর্হস্ত্যশ্বঞ্চাস্যতো মহৎ ॥৩৮॥
আতঙ্কাদিব সীদন্তি রথচক্রাণি মারিষ !।
চরতস্তস্য সংগ্রামে তস্মিল্লোঁহিতকর্দ্দমে ॥৩৯॥
সীদমানানি চক্রাণি সমূহুস্তুরগা ভৃশম্।
শ্রমেণ মহতা যুক্তা মনোমারুতরংহসঃ ॥৪০॥

ভারতকৌমুদী

গন্ধেতি। গন্ধর্ব্বনগরাকারমভবদিতি শেষঃ, আয়োধনং রণস্থলম্ ॥৩৬॥

হস্তিভিরিতি। মহী সমরভূমিঃ। বিশীর্ণৈর্ভগ্নপতিতৈঃ ॥৩৭॥

নেতি। হস্তিনশ্চ অশ্বাশ্চেতি হস্ত্যশ্বম্, সেনাঙ্গত্বাদ্বহুত্বে সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। অস্যতঃ অস্ত্রাণি ক্ষিপতঃ অস্ত্রক্ষেপেণ নাশয়ত ইত্যর্থঃ, মহৎ বিশালম্ ॥৩৮॥

আতঙ্কাদিতি। আতঙ্কাৎ ভঙ্গভয়াৎ, সীদন্তি গমনে মন্থরাণি ভবন্তি ॥৩৯॥

ভারতভাবদীপঃ

শ্বেতেতি ॥১—২৮॥ ধ্বজাদীনাং শব্দোঽশ্রূয়তেতি পঞ্চমেনান্বয়ঃ ॥২৯—৩৭॥ হস্ত্যশ্বং চাস্যতঃ ছিন্দতঃ স্বানুগা ইব যথা স্বস্মিন্ নষ্টেঽনুচরাঃ সীদন্ত্যেবং রথানাং ভঙ্গং দৃষ্ট্বা চক্রাণি নশ্যন্ত্যঙ্কভঙ্গাদিতি ভাবঃ। আতঙ্কাদিবেতি পাঠে চিন্তয়েবেত্যুপচারঃ ॥৩৮—৩৯॥ সীদমানানি পঙ্কমজ্জনাৎ ॥৪০—৪২॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশোঽধ্যায়ঃ ॥২১॥

মহাবল রাজপুত্রগণ ও ক্ষত্রিয়গণ নিহত হইয়া পড়িয়া থাকায় তখন রণস্থলটা গন্ধর্ব্বনগরের ন্যায় ভয়ঙ্কর হইয়া পড়িল ॥৩৬॥

ক্রমে ভগ্ন ও পতিত পর্ব্বতের ন্যায় হস্তী ও অশ্বগণ পতিত হওয়ায় সে সমরভূমি অগম্য হইয়া উঠিল ॥৩৭॥

মহাত্মা অর্জ্জুন ভল্লদ্বারা শত্রুগণকে এবং অন্যান্য অস্ত্রে হস্তী ও অশ্বদিগকে বধ করিতে লাগিলে, তাঁহার আর রথের পথ থাকিল না ॥৩৮॥

মাননীয় রাজা! রক্তের কর্দ্দম হইয়া গেলে, সেই রণস্থলে বিচরণ করিবার সময়ে অর্জ্জুনের রথের চক্রগুলি যেন ভয়ে অবসন্ন হইতে লাগিল ॥৩৯॥

• (৩৭) হস্তিভিঃ পত্তিভিশ্চৈব···অগম্যমার্গা সমরে···পি,···তুরঙ্গৈশ্চাভবন্মহী···সো। (৩৯)···রণে বিচরতস্তস্য···পি।

বধ্যমানস্তু তৎ সৈন্যং পাণ্ডুপুত্রেণ ধন্বিনা।
প্রায়শো বিমুখং সর্ব্বং নাবতিষ্ঠত ভারত ! ॥৪১॥
তান্ জিত্বা সমরে জিষ্ণুঃ সংশপ্তকগণান্ বহূন্।
বিররাজ তদা পার্থো বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
অর্জ্জুনবিজয়ে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ

যুধিষ্ঠিরং মহারাজ ! বিসৃজন্তং শরান্ বহূন্।
স্বয়ং দুর্য্যোধনো রাজা প্রত্যগৃহ্লাদভীতবৎ ॥১॥

ভারতকৌমুদী

সীদেতি। সমূহুঃ সম্যগ্‌বহন্তি স্ম। মনোমারুতয়োরিব রংহো বেগো যেষাং তে ॥৪০॥
বধ্যেতি। পাণ্ডুপুত্রেণার্জ্জুনেন। বিমুখমভবৎ, নাবতিষ্ঠত সম্মুখং তস্থৌ ॥৪১॥
তানিতি। জিষ্ণুরর্জ্জুনঃ। বিধূমো ধূমশূন্যঃ ॥৪২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

————:-০-:————

যুধীতি। বিসৃজন্তং কুরুসৈন্যং প্রতি নিক্ষিপন্তম্। অভীতবদিত্যনেন মহাসাহসং ব্যজ্যতে ॥১॥

সে চক্রগুলি অবসন্ন হইলেও, মন ও বায়ুর ন্যায় বেগবান্ অশ্বগণ অত্যন্ত পরিশ্রান্ত হইয়াও সে চক্রগুলিকে বিশেষভাবেই বহন করিতে থাকিল ॥৪০॥

ভরতনন্দন ! ধনুর্দ্ধর অর্জ্জুন বধ করিতে লাগিলে, সে কৌরবসৈন্য প্রায় সমস্তই পরাঙ্মুখ হইল, সম্মুখ হইয়া আর রহিল না ॥৪১॥

তখন পৃথানন্দন অর্জ্জুন যুদ্ধে সেই বহুতর সংশপ্তকগণকে জয় করিয়া ধূমবিহীন অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৪২॥

(৪২)…বিররাজ মহারাজ ! পি,…অগ্নিরিবোজ্জ্বলন্—বর্দ্ধ। * '…সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ,' পি বঙ্গ বর্দ্ধ সো, '…অষ্টাবিংশোঽধ্যায়ঃ' বা। (১)…প্রবর্ষন্তং বহূন্ শরান্…পি।

তমাপতন্তং সহসা তব পুত্রং মহারথম্।
ধর্ম্মরাজো দ্রুতং বিদ্ধ্বা তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২॥
স তু তং প্রতিবিব্যাধ নবভির্নিশিতৈঃ শরৈঃ।
সারথিঞ্চাস্য ভল্লেন ভৃশং ক্রুদ্ধোঽভ্যতাড়য়ৎ ॥৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা স্বর্ণপুঙ্খান্ শিলীমুখান্।
দুর্য্যোধনায় চিক্ষেপ ত্রয়োদশ শিলাশিতান্ ॥৪॥
চতুর্ভিশ্চতুরো বাহাংস্তস্য হত্বা মহারথঃ।
পঞ্চমেন শিরঃ কায়াৎ সারথেস্তু সমাক্ষিপৎ ॥৫॥
ষষ্ঠেন তু ধ্বজং রাজ্ঞঃ সপ্তমেন তু কার্ম্মুকম্।
অষ্টমেন তথা খড়্গং পাতয়ামাস ভূতলে।
পঞ্চভির্নৃপতিঞ্চাপি ধর্ম্মরাজোঽর্দ্দয়দ্ভৃশম্ ॥৬॥

ভারতকৌমুদী

তমিতি। তিষ্ঠ তিষ্ঠেতি বচনেন পলায়নসূচনাদবজ্ঞা সূচিতা ॥২॥
স ইতি। স দুর্য্যোধনঃ। নিশিতৈঃ সুধারৈঃ। অস্য যুধিষ্ঠিরস্য ॥৩॥
তত ইতি। শিলীমুখান্ বাণান্। শিলাশিতান্ শিলাঘর্ষণেন সুধারীকৃতান্ ॥৪॥
চতুর্ভিরিতি। চতুর্ভিঃ শরৈঃ, বাহান্ অশ্বান্। সমাক্ষিপৎ ন্যপাতয়ৎ ॥৫॥
ষষ্ঠেনেতি। ষষ্ঠেন শরেণ। এবমন্যত্র। রাজ্ঞো দুর্য্যোধনস্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অন্যদিকে যুধিষ্ঠির কৌরবসৈন্যের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিতেছিলেন; এমন সময়ে রাজা দুর্য্যোধন নিজে আসিয়া নির্ভয়ের ন্যায় তাঁহাকে গ্রহণ করিলেন ॥১॥

আপনার পুত্র মহারথ দুর্য্যোধন সহসা আসিতে লাগিলে, যুধিষ্ঠির সত্বর তাঁহাকে বিদ্ধ করিয়া 'থাক থাক' এই কথা বলিলেন ॥২॥

তখন দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া নয়টা সুধার বাণে যুধিষ্ঠিরকে প্রতিবিদ্ধ করিলেন এবং একটা ভল্লদ্বারা উঁহার সারথিকে গুরুতর তাড়ন করিলেন ॥৩॥

তাহার পর রাজা যুধিষ্ঠির দুর্য্যোধনের উপরে স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তেরটা বাণ নিক্ষেপ করিলেন ॥৪॥

এবং মহারথ যুধিষ্ঠির চারিটা বাণে দুর্য্যোধনের চারিটা অশ্বকে বধ করিয়া পঞ্চম বাণে তাঁহার সারথির দেহ হইতে মস্তক হরণ করিলেন ॥৫॥

পরে যুধিষ্ঠির ষষ্ঠ বাণে দুর্য্যোধনের ধ্বজ, সপ্তম বাণে তাঁহার ধনু এবং অষ্টম

(২)···তব পুত্রং মহাবলম্···পি। (৩)···সারথিং তস্য ভল্লেন···পি।

হতাশ্বাত্তু রথাত্তস্মাদবপ্লুত্য সুতস্তব।
উত্তমং ব্যসনং প্রাপ্তো ভূমাবেবাবতিষ্ঠত ॥৭॥
তস্তু কৃচ্ছ্রগতং দৃষ্ট্বা কর্ণদ্রৌণিকৃপাদয়ঃ।
অভ্যবর্ত্তন্ত সহসা পরীপ্সন্তো নরাধিপম্ ॥৮॥
অথ পাণ্ডুসুতাঃ সর্ব্বে পরিবার্য্য যুধিষ্ঠিরম্।
অভ্যয়ুঃ সমরে রাজন্! ততো যুদ্ধমবর্ত্তত ॥৯॥
ততস্তূর্য্যসহস্রাণি প্রাবাদ্যন্ত মহামৃধে।
ততঃ কিলকিলাশব্দাঃ প্রাদুরাসন্ মহীপতে! ॥১০॥
যত্রাভ্যগচ্ছন্ সমরে পাঞ্চালাঃ কৌরবৈঃ সহ।
নরা নরৈঃ সমাজগ্মুর্বারণা বরবারণৈঃ ॥১১॥

ভারতকৌমুদী

হতেতি। অবপ্লুত্য লম্ফেনাবতীর্য্য। ব্যসনং বিপদম্। অবতিষ্ঠতেত্যড়াগমাভাব আর্ষঃ ॥৭॥
তমিতি। কৃচ্ছ্রগতং বিপদাপন্নম্। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৮॥
অথেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। অভ্যয়ুঃ আগচ্ছন্ ॥৯॥
তত ইতি। মহামৃধে মহাযুদ্ধে। কিলকিলেতিরূপাঃ শব্দাঃ কিলকিলাশব্দাঃ ॥১০॥
যত্রেতি। সমাজগ্মুর্মিলিতা বভূবুঃ, বারণা গজাঃ ॥১১॥

বাণে তাঁহার তরবারি ছেদন করিয়া ভূতলে পাতিত করিলেন, আর পাঁচটা বাণে দুর্য্যোধনকে গুরুতর পীড়ন করিলেন ॥৬॥

মহারাজ! অশ্বগুলি নিহত হইলে, আপনার পুত্র দুর্য্যোধন অত্যন্ত বিপদাপন্ন হইয়া সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া ভূতলেই অবস্থান করিতে লাগিলেন ॥৭॥

তাঁহাকে বিপদাপন্ন দেখিয়া কর্ণ, অশ্বত্থামা ও কৃপপ্রভৃতি বীরেরা সেই রাজাকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বেগে আসিতে থাকিলেন ॥৮॥

রাজা! তাহার পর পাণ্ডবেরা সকলেও যুধিষ্ঠিরকে পরিবেষ্টন করিয়া আগমন করিতে লাগিলেন। তৎপরে যুদ্ধারম্ভ হইল ॥৯॥

নরনাথ! তৎপরে সহস্র সহস্র তূর্য্য বাজিতে লাগিল; তাহাতে মহাযুদ্ধস্থানে 'কিলকিল-'শব্দ আবির্ভূত হইল ॥১০॥

যে যুদ্ধে পাঞ্চালেরা কৌরবগণের সহিত, পদাতিরা পদাতিদের সঙ্গে এবং হস্তিগণ উত্তম হস্তিগণের সহিত মিলিত হইয়াছিল ॥১১॥

(৭)…ভূমাবেবাভিতিষ্ঠতি—পি,…ভূমাবেবাবতিষ্ঠতে—বর্দ্ধ। (৮) অভ্যবর্ত্তন্ত সহিতাঃ… পি। (৯)…অন্বয়ুঃ সমরে রাজন্!…বঙ্গ বর্দ্ধ বা সো। (১০)…ক্ষ্বেড়াঃ কিলকিলাশব্দাঃ… পি। (১১)…বারণা বারণৈঃ সহ—পি।

রথাশ্চ রথিভিঃ সার্দ্ধং হয়াশ্চ হয়সাদিভিঃ।
দ্বন্দ্বান্যাসন্ মহারাজ! প্রেক্ষণীয়ানি সংযুগে।
বিবিধান্যপ্যচিন্ত্যানি শস্ত্রবন্ত্যুত্তমানি চ ॥১২॥
তে শূরাঃ সমরে সর্বে চিত্রং লঘু চ সুষ্ঠু চ।
অযুধ্যন্ত মহাবেগাঃ পরস্পরবধৈষিণঃ ॥১৩॥
অন্যোন্যং সমরে জঘ্নুর্যোধব্রতমনুষ্ঠিতাঃ।
নহি তে সমরং চক্রুঃ পৃষ্ঠতো বৈ কথঞ্চন ॥১৪॥
মুহূর্ত্তমেব তদ্‌যুদ্ধমাসীন্মধুরদর্শনম্।
তত উন্মত্তবদ্রাজন্! নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥১৫॥
রথী নাগং সমাসাদ্য দারয়ন্ নিশিতৈঃ শরৈঃ।
প্রেষয়ামাস কালায় শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১৬॥
নাগা হয়ান্ সমাসাদ্য বিক্ষিপন্তো বহূন্ রণে।
দারয়ামাসুরত্যুগ্রং তত্র তত্র তদা তদা ॥১৭॥

ভারতকৌমুদী

রথেতি। হয়সাদিভিরশ্বারোহিভিঃ। দ্বন্দ্বানি মিলিতানি যুগ্মানি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১২॥

ত ইতি। চিত্রমাশ্চর্য্যম্, লঘু দ্রুতম্, সুষ্ঠু প্রশংসনীয়ঞ্চ ॥১৩॥

অন্যোন্যমিতি। যোধব্রতং যোদ্ধৃনিয়মম্, অনুষ্ঠিতা আশ্রিতাঃ শরণাগতাদীন্ ন জঘ্নুরিত্যর্থঃ। তে কথঞ্চনাপি সমরং পৃষ্ঠতো নহি চক্রুঃ ন পলায়াঞ্চক্রিরে ॥১৪॥

মুহূর্ত্তমিতি। মধুরদর্শনং নিয়মানুবর্ত্তিত্বাৎ। নির্ম্মর্য্যাদং বিনিয়মম্ ॥১৫॥

রথীতি। নাগং গজম্। কালায় যমায় ॥১৬॥

এবং মহারাজ! যে যুদ্ধে রথীরা রথীদের সঙ্গে ও অশ্বারোহীরা অশ্বারোহীদের সহিত মিলিত হইয়া সুদৃশ্য, নানাবিধ, অভাবনীয়, অস্ত্রশালী ও উত্তম যুগ্মযুগ্মভাবে পরিণত হইয়াছিলেন ॥১২॥

মহাবেগশালী সেই বীরেরা সকলে পরস্পরের বধাভিলাষী হইয়া বিচিত্র, দ্রুত ও সুন্দর যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩॥

বীরেরা যুদ্ধে যোদ্ধাদের নিয়ম অনুসরণ করিয়া পরস্পর বধ করিতে লাগিলেন, কিন্তু তাঁহারা কোন প্রকারেই যুদ্ধকে পৃষ্ঠবর্ত্তী করিলেন না ॥১৪॥

রাজা! সেই যুদ্ধ মুহূর্ত্তকালমাত্রই মধুরদর্শন ছিল; তাহার পর উন্মত্তের ন্যায় অনিয়ম হইয়া পড়িল ॥১৫॥

রথীরা হস্তীগুলির নিকটে যাইয়া সুধার বাণে বিদীর্ণ করিতে থাকিয়া আবার নতপর্ব্ব বাণে সেগুলিকে যমের নিকট পাঠাইতে লাগিলেন ॥১৬॥

হয়ারোহাশ্চ বহবঃ পরিবার্য্য হয়োত্তমান্।
তলশব্দবরাংশ্চক্রুঃ সম্পতন্তস্ততস্ততঃ ॥১৮॥
ধাবমানাংস্ততস্তাংস্তু দ্রবমাণান্ মহাগজান্।
পার্শ্বতঃ পৃষ্ঠতশ্চৈব নিজঘ্নুর্হয়সাদিনঃ ॥১৯॥
বিদ্রাব্য চ বহূনশ্বান্ নাগা রাজন্! মদোৎকটাঃ।
বিষাণৈশ্চাপরে জঘ্নুর্মমৃদুশ্চাপরে ভৃশম্ ॥২০॥
সাশ্বারোহাংশ্চ তুরগান্ বিষাণৈর্বিব্যধূ রুষা।
অপরে চিক্ষিপুর্বেগাৎ প্রগৃহ্যাতিবলাস্তদা ॥২১॥
পাদাতৈরাহতা নাগা বিবরেষু সমন্ততঃ।
চক্রুরার্ত্তস্বরং ঘোরং দুদ্রুবুশ্চ দিশো দশ ॥২২॥

ভারতকৌমুদী

নাগা ইতি। বিক্ষিপন্তঃ শুণ্ডাভিঃ। দারয়ামাসুঃ দন্তৈর্বিভিদুঃ ॥১৭॥
হয়েতি। হয়ারোহা অশ্বারোহিণঃ। তলশব্দবরান্ বিশালহস্তাবাপশব্দান্ ॥১৮॥
ধাবেতি। দ্রবমাণান্ পলায়মানান্। হয়সাদিনঃ অশ্বারোহিণঃ ॥১৯॥
বিদ্রাব্যেতি। বিদ্রাব্য শুণ্ডাভির্নিপীড্য। মদেন উৎকটা মত্তাঃ। বিষাণৈর্দন্তৈঃ ॥২০॥
সাশ্বেতি। সাশ্বারোহান্ আরোহিসহিতান্, বিষাণৈর্দন্তৈঃ। অপরে গজাঃ ॥২১॥
পাদাতৈরিতি। বিবরেষু অবসরেষু। দুদ্রুবুঃ দ্রুতং বিচেরুঃ ॥২২॥

ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন স্থানে হস্তী সকল অশ্বগণকে পাইয়া শুণ্ডদ্বারা বহু অশ্বকে নিক্ষেপ করিয়া আবার দন্তদ্বারা অতিভীষণভাবে বিদীর্ণ করিতে থাকিল ॥১৭॥

বহু অশ্বারোহী নানা স্থান হইতে আসিয়া বিপক্ষের উত্তম অশ্বগুলিকে পরিবেষ্টন করিয়া হস্তাবরণের বিশাল শব্দ করিতে লাগিল ॥১৮॥

বিশাল হস্তী সকল দৌড়াইতে থাকিলে এবং পলায়ন করিতে লাগিলে, অশ্বারোহীরা পার্শ্ব ও পৃষ্ঠদেশ হইতে সেগুলিকে বধ করিতে থাকিল ॥১৯॥

রাজা! মদমত্ত হস্তীরা শুণ্ডদ্বারা বহু অশ্বকে পীড়ন করিয়া দন্তদ্বারা আঘাত করিতে লাগিল এবং অপর হস্তীরা মর্দ্দন করিতে থাকিল ॥২০॥

তখন অপর হস্তীরা ক্রোধে দন্তদ্বারা আরোহীদের সহিত অশ্বগণকে বিদ্ধ করিতে লাগিল এবং মহাবল অন্য হস্তীরা শুণ্ডদ্বারা অশ্বগণকে ধরিয়া বেগে নিক্ষেপ করিতে থাকিল ॥২১॥

---

(১৯) বধ্যমানাংস্ততস্তাংস্ত···পি। (২১)···বিষাণৈর্বিবিধু রণে···পি সো। (২২)··· ব্যদ্রবংশ্চ দিশো দশ—পি।

পদাতীনান্তু সহসা প্রদ্রুতানাং মহাহবে।
উৎসৃজ্যাভরণং তূর্ণমবপ্লুত্য রণাজিরে ॥২৩॥
নিমিত্তং মন্যমানাস্তু পরিণাম্য মহাগজাঃ।
জগৃহুর্বিভিদুশ্চৈব চিত্রাণ্যাভরণানি চ ॥২৪॥ (যুগ্মকম্)
তাংস্তু তত্র প্রসক্তান্ বৈ পরিবার্য্য পদাতয়ঃ।
হস্ত্যারোহান্ নিজঘ্নুস্তে মহাবেগা বলোৎকটাঃ ॥২৫॥
অপরে হস্তিভির্হস্তৈঃ খে বিক্ষিপ্তা মহাহবে।
নিপতন্তো বিষাণাগ্রৈর্ভৃশং বিদ্ধাঃ সুশিক্ষিতৈঃ ॥২৬॥

ভারতকৌমুদী

পদাতীনামিতি। মহাগজাঃ, নিমিত্তম্ ইদমাভরণমেবাস্মাকং প্রহারেষু কারণমিতি মন্যমানাঃ সন্তঃ, রণাজিরে রণাঙ্গনে, আভরণমুৎসৃজ্য অবপ্লবসম্ভ্রমাৎ পরিত্যজ্য, তূর্ণমবপ্লুত্য, সহসা প্রদ্রুতানাং পলায়মানানাং পদাতীনাম্, চিত্রাণি তান্যাভরণানি, প্রথমং শুণ্ডাভির্জগৃহুঃ, পরঞ্চ পরিণাম্য তির্য্যগ্দন্তপ্রহারং কৃত্বা বিভিদুর্বভঞ্জুঃ। "তির্য্যগ্দন্তপ্রহারী তু গজঃ পরিণতো মতঃ" ইতি মল্লিনাথঃ ॥২৩—২৪॥

তানিতি। তত্রাভরণভেদে, প্রসক্তান্ ব্যাপৃতান্, পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২৫॥

অপর ইতি। হস্তৈঃ শুণ্ডাভিঃ, খে আকাশে। বিদ্ধাঃ পদাতয়ঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরমিতি ॥১—২২॥ আভরণমববক্রঃ অবগত্য বৃতবন্তঃ ॥২৩॥ নিমিত্তং জয়হেতুম্, মহান্তো গজা যেষাং তে মহাগজা গজারোহা জগৃহুর্হস্তিভির্গ্রাহয়ামাসুঃ, পরিণাম্য হস্তিন-

আবার সকল দিকে পদাতিরা ছিদ্র পাইয়া আঘাত করিলে, হস্তিগণ ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল এবং বেগে দশ দিকে বিচরণ করিতে থাকিল ॥২২॥

পদাতিরা রণস্থলে অলঙ্কার পরিত্যাগ করিয়া সত্বর লাফাইয়া লাফাইয়া বেগে পলায়ন করিতে লাগিলে, বিশাল হস্তী সকল সেই অলঙ্কারগুলিকেই আপনাদের প্রহারের কারণ মনে করিয়া প্রথমে শুণ্ডদ্বারা সেই বিচিত্র অলঙ্কারগুলিকে ধরিতে থাকিল, পরে তির্য্যগ্ভাবে দন্তপ্রহারপূর্ব্বক সেগুলিকে বিদীর্ণ করিতে থাকিল ॥২৩—২৪॥

মহাবেগশালী ও বলোদ্ধত পদাতিরা পরিবেষ্টন করিয়া সেই কার্য্যে ব্যাপৃত হস্তিগণকে এবং সেগুলির আরোহীদিগকে বধ করিতে লাগিল ॥২৫॥

সুশিক্ষিত হস্তিগণ শুণ্ডদ্বারা অন্য পদাতিদিগকে প্রথমে আকাশে নিক্ষেপ

(২৪)···পরিক্রম্য মহাগজাঃ···পি। (২৬) অপরে হস্তিভির্বদ্ধাঃ শঙ্কাক্ষিপ্তা মহামৃধে···পি।

অপরে সহসা গৃহ্য বিষাণৈরবসূদিতাঃ।
সেনান্তরং সমাসাদ্য কেচিত্তত্র মহাগজৈঃ ॥২৭॥
ক্ষুণ্ণগাত্রা মহারাজ! বিক্ষিপ্য চ পুনঃ পুনঃ।
অপরে ব্যজনানীব বিভ্রাম্য নিহতা মৃধে ॥২৮॥
পুরঃসরাশ্চ নাগানামপরেষাং বিশাংপতে!।
শরীরাণ্যতিবিদ্ধানি তত্র তত্র রণাজিরে ॥২৯॥
প্রতিমানেষু কুম্ভেষু দন্তবেষ্টেষু চাপরে।
নিগৃহীতা ভৃশং নাগাঃ প্রাসতোমরশক্তিভিঃ ॥৩০॥
নিগৃহ্য চ গজাঃ কেচিৎ পার্শ্বস্থৈর্ভৃশদারুণৈঃ।
রথাশ্বসাদিভিস্তত্র সংভিন্না ন্যপতন্ ভুবি ॥৩১॥

ভারতকৌমুদী

অপর ইতি। গৃহ্য গৃহীত্বা। সেনান্তরং বিপক্ষসৈন্যমধ্যম্ ॥২৭॥
ক্ষুণ্ণেতি। ক্ষুণ্ণগাত্রা গজৈর্দন্তপ্রহারেণ বিদীর্ণাঙ্গাঃ, বিক্ষিপ্য শুণ্ডাভিঃ ॥২৮॥
পুর ইতি। পুরঃসরা অগ্রবর্ত্তিনঃ পদাতয়ঃ। অতিবিদ্ধানি চক্রুরিতি শেষঃ ॥২৯॥
প্রতীতি। প্রতিমানেষু দন্তদ্বয়ান্তরালেষু। নিগৃহীতাঃ পদাতিভির্নিপীড়িতাঃ ॥৩০॥
নিগৃহ্যেতি। নিগৃহ্য অভিভূয়। রথাশ্বেষু সাদিভিরারোহিভিঃ, সংভিন্না বিদীর্ণাঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

মিতি শেষঃ। বিভিন্নশ্চ শত্রূন্ গজেন্দ্রেরেব ॥২৪—২৯॥ প্রতিমানেষু গজদন্তান্তরালেষু, প্রাসৈঃ কুম্ভেষু তোমরৈর্দন্তবেষ্টেষু শক্তিভিশ্চ নিগৃহীতাঃ। "প্রতিমানং প্রতিচ্ছায়া গজদন্তান্তরালয়ো"-রিতি মেদিনী ॥৩০—৪৯॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

করিতে লাগিল, পরে তাহারা পড়িতে থাকিলে দন্তদ্বারা তাহাদিগকে গুরুতর বিদ্ধ করিতে থাকিল ॥২৬॥

বিশাল হস্তী সকল বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশ করিয়া শুণ্ডদ্বারা কতকগুলি পদাতিকে ধরিয়া নিক্ষেপ করিয়া দন্তদ্বারা তাহাদিগকে বিদীর্ণ করিতে লাগিল ॥২৭॥

মহারাজ! হস্তিগণ দন্তদ্বারা গাত্র বিদারণ এবং শুণ্ডদ্বারা বার বার নিক্ষেপ করিয়া ব্যজনের ন্যায় ঘূর্ণনপূর্ব্বক অপর পদাতিদিগকে নিহত করিতে লাগিল ॥২৮॥

নরনাথ! সেই সেই রণস্থলে অগ্রবর্ত্তী পদাতিরা অন্য হস্তিগণের শরীর অত্যন্ত বিদ্ধ করিতে থাকিল ॥২৯॥

কোন স্থানে পদাতিরা প্রাস, তোমর ও শক্তিদ্বারা অপর হস্তিগণের দন্তদ্বয়ের মধ্য স্থানে, কুম্ভদেশে ও দন্তবেষ্টনের উপরে পীড়ন করিতে লাগিল ॥৩০॥

সহসা সাদিনস্তত্র তোমরেণ মহামৃধে।
ভূমাবমৃদ্নন্ বেগেন সবর্ম্মাণং পদাতিনম্ ॥৩২॥
তথা সাবরণান্ কাংশ্চিত্তত্র তত্র বিশাংপতে!।
রথান্ নাগাঃ সমাসাদ্য পরিগৃহ্য চ মারিষ!॥৩৩॥
ব্যক্ষিপন্ সহসা তত্র ঘোররূপে ভয়ানকে।
নারাচৈর্নিহতশ্চাপি নিপপাত মহাগজঃ ॥৩৪॥
পর্ব্বতস্যেব শিখরং বজ্রভগ্নং মহীতলে।
যোধা যোধান্ সমাসাদ্য মুষ্টিভির্ব্ব্যহনন্ যুধি ॥৩৫॥ (বিশেষকম্)
কেশেষ্বন্যোন্যমাক্ষিপ্য চিক্ষিপুর্বিভিদুশ্চ হ।
উদ্যম্য চ ভুজানন্যে নিক্ষিপ্য চ মহীতলে ॥৩৬॥
পদা চোরঃ সমাক্রম্য স্ফুরন্তোঽপাহরন্ শিরঃ।
মৃতমন্যো মহারাজ! পদ্ভ্যাং তাড়িতবাংস্তদা ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সহসেতি। সাদিনো গজারোহিণঃ। অমৃদ্নন্ প্রাহরন্ ॥৩২॥

তথেতি। পরিগৃহ্য শুণ্ডাভিঃ। নিহতো রথিভিঃ। ব্যহনন্ ব্যঘ্নন্ ॥৩৩—৩৫॥

কেশেষ্বিতি। আক্ষিপ্য আকৃষ্য, বিভিদুঃ শূলাদিনা বিদারয়ামাসুঃ। উদ্যম্য উত্তোল্য, ভুজান্ ধৃত্বা। উরো বক্ষঃ, স্ফুরন্তঃ স্পন্দমানাঃ, অপাহরন্ অচ্ছিন্দন্ ॥৩৬—৩৭॥

পার্শ্ববর্ত্তী রথারোহী ও অশ্বারোহীরা নানাকৌশলে অভিভূত করিয়া অতিদারুণ অস্ত্রে বিদীর্ণ করিলে, কতকগুলি হস্তী ভূতলে পতিত হইল ॥৩১॥

সেই মহাযুদ্ধে গজারোহীরা হঠাৎ তোমরদ্বারা কোন বর্ম্মাবৃতদেহ পদাতিকে ভূতলে মর্দ্দন করিল ॥৩২॥

মাননীয় নরনাথ! সেই ভয়ঙ্কর যুদ্ধে হস্তিগণ উপস্থিত হইয়া শুণ্ডদ্বারা আবরণের সহিত কতকগুলি রথকে ধরিয়া বেগে নিক্ষেপ করিল; আবার রথীরাও নারাচদ্বারা আঘাত করিলে, বজ্রভগ্ন পর্ব্বতশৃঙ্গের ন্যায় কোন মহাহস্তীও ভূতলে নপতিত হইল। আবার যোদ্ধারা অন্য যোদ্ধাদিগকে পাইয়া মুষ্টিদ্বারা আঘাত করিতে লাগিল ॥৩৩—৩৫॥

মহারাজ! কোন স্থানে সৈন্যেরা পরস্পর কেশাকর্ষণ করিয়া নিক্ষেপ করিতে লাগিল এবং অস্ত্রদ্বারা বিদারণ করিতে থাকিল; অপর যোদ্ধারা অন্যান্যের বাহু-ধারণপূর্ব্বক উত্তোলন, ভূতলে নিক্ষেপ ও চরণদ্বারা বক্ষ আক্রমণ করিয়া স্পন্দিত-

•(৩২) সরথং সাদিনং তত্র মত্তাঃ কোপান্মহাগজাঃ…পি, সহয়াঃ সাদিনস্তত্র…সো। (৩৫)…ব্যহনন্ যুধি—পি। (৩৬)…ভুজৈরন্যে…পি। (৩৭)…স্ফুরতঃ…পি বা।

পততশ্চাপরো রাজন্! বিজহারাসিনা শিরঃ।
জীবতশ্চ তথৈবান্যঃ শস্ত্রং কায়ে ন্যমজ্জয়ৎ ॥৩৮॥
মুষ্টিযুদ্ধং মহচ্চাসীদ্ যোধানাং তত্র ভারত!।
তথা কেশগ্রহশ্চোগ্রো বাহুযুদ্ধঞ্চ ভৈরবম্ ॥৩৯॥
সমাসক্তস্য চান্যেন অবিজ্ঞাতস্তথাপরঃ।
জহার সমরে প্রাণান্ নানাশস্ত্রৈরনেকধা ॥৪০॥
সংসক্তেষু চ যোধেষু বর্ত্তমানে চ সঙ্কুলে।
কবন্ধান্যুত্থিতানি স্ম শতশোঽথ সহস্রশঃ ॥৪১॥
শোণিতৈঃ সিচ্যমানানি শস্ত্রাণি কবচানি চ।
মহারাগানুরক্তানি বস্ত্রাণীব চকাশিরে ॥৪২॥

ভারতকৌমুদী

পতত ইতি। বিজহার বিশেষেণ জহার চিচ্ছেদ। ন্যমজ্জয়ৎ প্রাবেশয়ৎ ॥৩৮॥
মুষ্টীতি। কেশানাং গ্রহো ধারণম্। ভৈরবং ভীষণম্ ॥৩৯॥
সমিতি। সমাসক্তস্য যুদ্ধে ব্যাপৃতস্য, অন্যেন সহ ॥৪০॥
সমিতি। সংসক্তেষু যুদ্ধব্যাপৃতেষু। সঙ্কুলে যুদ্ধে। স্মশব্দঃ পাদপূরণে ॥৪১॥
শোণিতৈরিতি। মহারাগৈঃ কুঙ্কুমাদিভিঃ অনুরক্তানি রুষিতানি ॥৪২॥

দেহে মস্তক ছেদন করিতে লাগিল; আর অন্য যোদ্ধা মৃত যোদ্ধাকেও পদাঘাত করিতে থাকিল ॥৩৬—৩৭॥

রাজা! কোন যোদ্ধা পতিত হইতে থাকিলে, অপর যোদ্ধা তরবারিদ্বারা তাহার মস্তক ছেদন করিল এবং অন্য যোদ্ধা জীবিত যোদ্ধার দেহেই অস্ত্রপ্রবেশ করাইয়া দিল ॥৩৮॥

ভরতনন্দন! তখন যোদ্ধাদের মহামুষ্টিযুদ্ধ, ভীষণ কেশাকর্ষণ এবং ভয়ঙ্কর বাহুযুদ্ধ হইতে লাগিল ॥৩৯॥

কোন যোদ্ধা অন্যের সহিত যুদ্ধে ব্যাপৃত ছিল, এমন সময়ে অপর কেহ অজ্ঞাতভাবে যাইয়া অনেক প্রকারে নানা অস্ত্রের আঘাতে তাহার প্রাণ হরণ করিল ॥৪০॥

এইভাবে যোদ্ধারা যুদ্ধে ব্যাপৃত হইলে এবং সঙ্কুল যুদ্ধ চলিতে থাকিলে, শত শত ও সহস্র সহস্র কবন্ধ উত্থিত হইল ॥৪১॥

রক্তাক্ত অস্ত্র ও কবচগুলি কুঙ্কুমাদিরঞ্জিত বস্ত্রের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪২॥

(৩৮)···জীবতাঞ্চ তথৈবান্যে শস্ত্রং কায়ে ন্যমজ্জয়ন্—পি। (৪১)···কবন্ধান্যুত্থিতানি স্যুঃ···বর্দ্ধ বা সো। (৪২) লোহিতৈঃ সিচ্যমানানি···পি।

এবমেতন্মহাযুদ্ধং দারুণং শস্ত্রসঙ্কুলম্।
উন্মত্তগঙ্গপ্রতিমং শব্দেনাপূরয়জ্জগৎ ॥৪৩॥
নৈব স্বে ন পরে রাজন্! বিজ্ঞায়ন্তে শরাতুরাঃ।
যোদ্ধব্যমিতি যুধ্যন্তে রাজানো জয়গৃদ্ধিনঃ ॥৪৪॥
স্বান্ স্বে জঘ্নুর্মহারাজ! পরাংশ্চৈব সমাগতান্।
উভয়োঃ সেনয়োর্বীরৈর্ব্যাকুলং সমপদ্যত ॥৪৫॥
রথৈর্ভগ্নৈর্মহারাজ! বারণৈশ্চ নিপাতিতৈঃ।
হয়ৈশ্চ পতিতৈস্তত্র নরৈশ্চ বিনিপাতিতৈঃ ॥৪৬॥
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা।
ক্ষণেনাসীন্মহীপাল! ক্ষতজৌঘপ্রবর্ত্তিনী ॥৪৭॥ (যুগ্মকম্)
পাঞ্চালানহনৎ কর্ণস্ত্রিগর্ত্তাংশ্চ ধনঞ্জয়ঃ।
ভীমসেনঃ কুরূন্ রাজন্! হস্ত্যনীকঞ্চ সর্ব্বশঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

এবমিতি। উন্মত্তা তরঙ্গসঙ্কুলা গঙ্গা যস্মিন্ স্থানে তদুন্মত্তগঙ্গং তৎ প্রতিমা উপমা যস্য তৎ। "রূঢৌ তু নদ্যা" ইত্যব্যয়ীভাবসমাসঃ ॥৪৩॥

নেতি। শরপদং সর্বশস্ত্রোপলক্ষণম্। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৪৪॥

স্বানিতি। ব্যাকুলং বিশৃঙ্খলং যুদ্ধম্, সমপদ্যত প্রাপ্যত ॥৪৫॥

রথৈরিতি। বারণৈর্গজৈঃ। ক্ষতজৌঘপ্রবর্ত্তিনী রক্তপ্রবাহোৎপাদিনী ॥৪৬—৪৭॥

পাঞ্চালানিতি। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। হস্ত্যনীকং হস্তিসৈন্যম্ ॥৪৮॥

এইরূপ এই অস্ত্রসঙ্কুল উন্মত্ত গঙ্গার তুল্য দারুণ মহাযুদ্ধ কোলাহলে জগৎ পূর্ণ করিতে থাকিল ॥৪৩॥

রাজা! অস্ত্রপীড়িত যোদ্ধারা স্বপক্ষ বা পরপক্ষ জানিতে পারে নাই এবং জয়াভিলাষী রাজারা যুদ্ধ করিতে হইবে বলিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৪॥

মহারাজ! ক্রমে স্বপক্ষ সমাগত পরপক্ষকে এবং স্বপক্ষকেও বধ করিতে লাগিল এবং উভয় পক্ষের বীরেরাই বিশৃঙ্খল যুদ্ধে প্রবৃত্ত হইতে থাকিলেন ॥৪৫॥

মহারাজ! রথ ভগ্ন এবং হস্তী, অশ্ব ও মনুষ্য নিপাতিত হওয়ায়, আর রক্ত ও মাংসে কর্দ্দম হইয়া যাওয়ায় ক্ষণকালমধ্যে সমরভূমি রক্তপ্রবাহযুক্ত ও অগম্য হইয়া গেল ॥৪৬—৪৭॥

রাজা! কর্ণ পাঞ্চালগণকে, অর্জ্জুন ত্রিগর্ত্তদিগকে এবং ভীম কৌরব ও সমস্ত হস্তিসৈন্যকে বধ করিতে লাগিলেন ॥৪৮॥

এবমেষ ক্ষয়ো বৃত্তঃ কুরুপাণ্ডবসেনয়োঃ।
অপরাহ্ণে গতে সূর্য্যে কাঙ্ক্ষতাং বিপুলং যশঃ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:•:— —

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

ধৃতরাষ্ট্র উবাচ।

অতিতীব্রাণি দুঃখানি দুঃসহানি বহূনি চ।
ত্বত্তোঽহং সঞ্জয়াশ্রৌষং পুত্রাণাঞ্চৈব সংক্ষয়ম্ ॥১॥
যথা ত্বং মে কথয়সে যথা যুদ্ধঞ্চ বর্ত্ততে।
ন সন্তি সূত! কৌরব্যা ইতি মে নিশ্চিতা মতিঃ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি। বৃত্তো জাতঃ। কাঙ্ক্ষতাং বীরাণাং ক্ষয় ইতি সম্বন্ধঃ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

অতীতি। দুঃখানি দুঃখজনকবৃত্তান্তান্। ত্বত্তস্তব সকাশাৎ ॥১॥

যথেতি। সূত! সূতবংশীয়!। নিশ্চিতা মতিঃ ক্রমিকক্ষয়দর্শনাদিতি ভাবঃ ॥২॥

সূর্য্য অপরাহ্ণকালে গমন করিলে, এইভাবে কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যবর্ত্তী বিপুল যশের অভিলাষী বীরগণের এইরূপ ক্ষয় হইতে লাগিল ॥৪৯॥

——:-০-:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমি তোমার নিকট অতিতীব্র ও দুঃসহ বহুতর দুঃখজনক বৃত্তান্ত এবং পুত্রগণের বিনাশের সংবাদ শুনিয়াছি ॥১॥

সূত! তুমি যেরূপ বলিতেছ এবং যেরূপ যুদ্ধ চলিতেছে, তাহাতে আমার এইরূপ নিশ্চিত ধারণা হইতেছে যে, কৌরবেরা নাই ॥২॥

* '…অষ্টাবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '…একোনত্রিংশোঽধ্যায়ঃ' বা।
(২)…ইতি মে নৈষ্ঠিকী মতিঃ—পি।

দুর্য্যোধনশ্চ বিরথঃ কৃতস্তত্র মহারণে।
ধর্ম্মপুত্রঃ কথং চক্রে তস্য বা নৃপতিঃ কথম্ ॥৩॥
অপরাহ্নে কথং যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
তন্মমাচক্ষ্ব তত্ত্বেন কুশলো হ্যসি সঞ্জয়! ॥৪॥

সঞ্জয় উবাচ।

সংসক্তেষু চ সৈন্যেষু যুধ্যমানেষু ভাগশঃ।
রথমন্যং সমাস্থায় পুত্রস্তব বিশাংপতে! ॥৫॥
ক্রোধেন মহতা যুক্তঃ সবিষো ভুজগো যথা।
দুর্য্যোধনস্তু দৃষ্ট্বা বৈ ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৬॥
প্রোবাচ সূতং ত্বরিতো যাহি যাহীতি ভারত!।
তত্র মাং প্রাপয় ক্ষিপ্রং সারথে! যত্র পাণ্ডবঃ ॥৭॥
ধ্রিয়মাণাতপত্রেণ রাজা রাজতি দংশিতঃ।
স সূতশ্চোদিতো রাজ্ঞা রাজ্ঞঃ স্যন্দনমুত্তমম্ ॥৮॥
যুধিষ্ঠিরস্যাভিমুখং প্রেষয়ামাস সংযুগে।
ততো যুধিষ্ঠিরঃ ক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ ॥৯॥

ভারতকৌমুদী

দুরিতি। কৃতো যুধিষ্ঠিরেণ। কথং কীদৃশং কার্য্যম্। নৃপতির্দুর্য্যোধনঃ ॥৩॥
অপেতি। লোমহর্ষণমিতি সম্ভাবনয়োক্তম্। কুশলো বৃত্তান্তাভিধানে নিপুণঃ ॥৪॥
সমিতি। সংসক্তেষু পরস্পরং মিলিতেষু। ভাগশো ভাগে ভাগে। পুত্রো দুর্য্যোধনঃ। সবিষ ইত্যনেন নির্বিষডুণ্ডুভাদিব্যাবৃত্তিঃ। তৎক্রোধস্য নিষ্ফলত্বাদিদং বিশেষণম্। সূতং সারথিম্। ধ্রিয়মাণং ভৃত্যেন মস্তকোপরি ধার্য্যমাণং যদাতপত্রং ছত্রং তেন, রাজা যুধিষ্ঠিরঃ,

সে যাহা হউক, যুধিষ্ঠির সেই মহাযুদ্ধে দুর্য্যোধনকে রথবিহীন করিয়াছিলেন। তাহার পর যুধিষ্ঠিরই বা দুর্য্যোধনের সম্বন্ধে কিরূপ কার্য্য করিলেন? দুর্য্যোধনই বা তাঁহার বিষয়ে কীদৃশ কর্ম্ম করিয়াছেন? ॥৩॥

সঞ্জয়! তুমি বলিতে বড়ই নিপুণ। সুতরাং তুমি যথার্থরূপে আমার নিকট বল যে, সেই অপরাহ্নে কিরূপ লোমহর্ষণ যুদ্ধ হইয়াছিল' ॥৪॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! সেই অপরাহ্নে উভয়পক্ষের সৈন্যেরা মিলিত হইয়া ভাগে ভাগে যুদ্ধ করিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন বিষধর সর্পের ন্যায়

* (৩)…কৃতস্তত্র মহারথঃ…বা সো,…তস্মিন্ বা নৃপতিঃ কথম্—পি। (৬)…মহতাবিষ্টঃ…ধর্ম্মপুত্রম্…পি। (৮) ধ্রিয়মাণেন ছত্রেণ ররাজাতীব দংশিতঃ…পি।

সারথিং চোদয়ামাস যাহি যত্র সুযোধনঃ।
তৌ সমাজগ্মতুর্বীরৌ ভ্রাতরৌ রথসত্তমৌ ॥১০॥ (কুলকম্)
সমেত্য চ মহাবীর্য্যৌ সংরব্ধৌ যুদ্ধদুর্ম্মদৌ।
ততক্ষতুর্মহেষ্বাসৌ শরৈরন্যোন্যমাহবে ॥১১॥
ততো দুর্য্যোধনো রাজা ধর্ম্মশীলস্য মারিষ!।
শিলাশিতেন ভল্লেন ধনুশ্চিচ্ছেদ সংযুগে ॥১২॥
তন্নামৃষ্যত সংক্রুদ্ধো হ্রবমানং যুধিষ্ঠিরঃ।
অপবিধ্য ধনুশ্ছিন্নং ক্রোধসংরক্তলোচনঃ ॥১৩॥
অন্যৎ কার্ম্মুকমাদায় ধর্ম্মপুত্রশ্চমূমুখে।
দুর্য্যোধনস্য চিচ্ছেদ ধ্বজং কার্ম্মুকমেব চ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দংশিতঃ সন্নদ্ধঃ। চোদিতঃ প্রেরিতঃ, রাজ্ঞা দুর্য্যোধনেন, রাজ্ঞো দুর্য্যোধনস্য, স্যন্দনং রথম্। প্রভিন্নো মদস্রাবী। চোদয়ামাস প্রেরয়ামাস। সমাজগ্মতুর্মিলিতৌ বভূবতুঃ ॥৫—১০॥

সমেত্যেতি। সমেত্য মিলিত্বা, সংরব্ধৌ ক্রুদ্ধৌ। ততক্ষতুঃ প্রজহ্রতুঃ ॥১১॥

তত ইতি। ধর্ম্মশীলস্য যুধিষ্ঠিরস্য। শিলায়াং শিতেন ঘর্ষণাদিনা সুধারীকৃতেন ॥১২॥

তদিতি। নামৃষ্যত নাসহত। অপবিধ্য নিক্ষিপ্য। চমূমুখে সেনাগ্রে স্থিতস্য ॥১৩—১৪॥

অত্যন্তক্রুদ্ধ হইয়া অন্য রথে আরোহণ করিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে দেখিয়া সারথিকে বলিলেন—'সারথি! যাও যাও। যে স্থানে যুদ্ধসজ্জায় সজ্জিত পাণ্ডুনন্দন যুধিষ্ঠির উপরি ধৃত রাজচ্ছত্রদ্বারা শোভা পাইতেছেন, সত্বর সেই স্থানে আমাকে লইয়া যাও'। ভরতনন্দন! দুর্য্যোধন এইরূপ আদেশ করিলে, সারথি তাঁহার উত্তম রথখানাকে যুধিষ্ঠিরের অভিমুখে লইয়া গেল। তাহার পর যুধিষ্ঠির মদস্রাবী হস্তীর ন্যায় ক্রুদ্ধ হইয়া সারথিকে আদেশ করিলেন—'দুর্য্যোধন যেখানে রহিয়াছেন, সেইখানে যাও'। তৎপরে বীর ও রথিশ্রেষ্ঠ দুই ভ্রাতা মিলিত হইলেন ॥৫—১০॥

তখন মহাবল, মহাধনুর্দ্ধর, যুদ্ধদুর্দ্ধর্ষ ও ক্রুদ্ধ যুধিষ্ঠির এবং দুর্য্যোধন বাণদ্বারা যুদ্ধে পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥১১॥

মাননীয় রাজা! তাহার পর রাজা দুর্য্যোধন একটা শিলাশাণিত ভল্লদ্বারা ধর্ম্মশীল যুধিষ্ঠিরের ধনু ছেদন করিলেন ॥১২॥

কিন্তু ক্রুদ্ধ যুধিষ্ঠির সে অপমান সহ্য করিলেন না; তিনি সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া অন্য ধনু লইয়া সৈন্যসম্মুখস্থিত দুর্য্যোধনের ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥১৩—১৪॥

(১২)···ধর্ম্মরাজস্য মারিষ!···পি।

অথান্যদ্ধনুরাদায় প্রত্যবিধ্যত পাণ্ডবম্।
তাবন্যোন্যং সুসংরব্ধৌ শস্ত্রবর্ষাণ্যমুঞ্চতাম্ ॥১৫॥
সিংহাবিব সুসংরব্ধৌ পরস্পরজিগীষয়া।
জঘ্নতুস্তৌ রণেঽন্যোন্যং নর্দ্দমানৌ বৃষাবিব ॥১৬॥
অন্তরং মার্গমাণৌ চ চেরতুস্তৌ মহারথৌ।
ততঃ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ শরৈস্তৌ তু কৃতব্রণৌ ॥১৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

এবমিতি। সর্বেষামেব লোকানাং পিতামহঃ পিতুরপি জনকত্বাদিত্যাশয়ঃ ॥১॥

রথিন ইতি। সারথেরশ্বিককৌশলাভিজ্ঞতাবশ্যকত্বাদিতি ভাবঃ। নিয়চ্ছ নিয়ময় ॥২॥

অতএব নরনাথ রাজশ্রেষ্ঠ! এই বৈকর্ত্তন কর্ণ কোন প্রাকৃত লোক নহেন, কিন্তু ইনি মহাত্মা, পরশুরামের শিষ্য ও প্রতাপশালী' ॥১৬১॥

——:-০-:——

দুর্য্যোধন বলিলেন—'মদ্ররাজ! সর্ব্বলোকপিতামহ ভগবান্ ব্রহ্মা এইভাবে সেই ত্রিপুরবধে সারথ্য করিয়াছিলেন এবং তখন রুদ্র হইয়াছিলেন—রথী ॥১॥

বীর! রথী অপেক্ষা প্রধান লোককে রথের সারথি করিতে হয়। সুতরাং পুরুষশ্রেষ্ঠ! আপনি যুদ্ধে কর্ণের অশ্বগুলিকে নিয়মিত করুন ॥২॥

(১৬১)…কর্ণো বৈকর্ত্তনো ভবেৎ…পি,…কর্ণো বৈকর্ত্তনো বৃষঃ…বা। * '…চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '…পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' বা। (১)…তত্র যত্র রুদ্রোঽভবদ্রথী—পি।

যথা দেবগণৈস্তত্র বৃতো যত্নাৎ পিতামহঃ।
তথাস্মাভির্ভবান্ যত্নাৎ কর্ণাদভ্যধিকো বৃতঃ ॥৩॥
যথা দেবৈর্ম্মহারাজ! ঈশ্বরাদধিকো বৃতঃ।
তথা ভবানপি ক্ষিপ্রং রুদ্রস্যেব পিতামহঃ।
নিয়চ্ছ তুরগান্ যুদ্ধে রাধেয়স্য মহাদ্যুতে! ॥৪॥

শল্য উবাচ।

ময়াপ্যেতন্নরশ্রেষ্ঠ! বহুশোঽমরসিংহয়োঃ।
কথ্যমানং শ্রুতং দিব্যমাখ্যানমতিমানুষম্ ॥৫॥
যথা চ চক্রে সারথ্যং ভবস্য প্রপিতামহঃ।
যথাসুরাশ্চ নিহতা ইষুণৈকেন ভারত! ॥৬॥
কৃষ্ণস্য চাপি বিদিতং সর্বমেতৎ পুরা হ্যভূৎ।
যথা পিতামহো জজ্ঞে ভগবান্ সারথিস্তদা ॥৭॥

ভারতকৌমুদী

যথেতি। তত্র ত্রিপুরবধে। পিতামহো ব্রহ্মা। অভ্যধিকঃ সর্বথা প্রধানঃ ॥৩॥
আগ্রহাতিশয়দ্যোতনায় পুনস্তদেবাহ যথেতি। ঈশ্বরাৎ রুদ্রাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
ময়েতি। অমরসিংহয়োর্দেবশ্রেষ্ঠয়োর্ব্রহ্মরুদ্রয়োঃ। অতিমানুষমলৌকিকম্ ॥৫॥
যথেতি। ভবস্য রুদ্রস্য, প্রপিতামহো ব্রহ্মা পিতামহস্যাপি জনকত্বাৎ ॥৬॥
কৃষ্ণস্যেতি। পিতামহো ব্রহ্মা। সারথির্মহাদেবস্য, তদা ত্রিপুরবধকালে ॥৭॥

দেবতারা যেমন যত্নপূর্ব্বক ত্রিপুরবধে ব্রহ্মাকে সারথ্যে বরণ করিয়াছিলেন, তেমন আমরাও আপনাকে যত্নপূর্ব্বক সারথ্যে বরণ করিতেছি। কেন না, আপনি কর্ণ অপেক্ষা প্রধান ॥৩॥

মহারাজ! দেবগণ যেমন মহাদেব অপেক্ষা প্রধান বলিয়া ব্রহ্মাকে সারথির কার্য্যে বরণ করিয়াছিলেন, তেমন আমরাও আপনাকে বরণ করিতেছি। সুতরাং মহাতেজা! ব্রহ্মা যেমন মহাদেবের অশ্ব চালনা করিয়াছিলেন, তেমন আপনিও যুদ্ধে কর্ণের অশ্ব চালনা করুন' ॥৪॥

শল্য বলিলেন—'নরশ্রেষ্ঠ! অভিজ্ঞেরা দেবশ্রেষ্ঠ ব্রহ্মা ও মহাদেবের এই উত্তম ও অলৌকিক উপাখ্যান বহুবার বলিয়াছেন, আমিও বহুবার শুনিয়াছি ॥৫॥

ভরতনন্দন! যথা—ব্রহ্মা মহাদেবের সারথ্য করিয়াছিলেন এবং মহাদেব একটা বাণদ্বারা অসুরগণকে বধ করিয়াছিলেন ॥৬॥

---

(৫)…বহুশো নরসিংহয়োঃ…পি বা নি।

অনাগতমতিক্রান্তং বেদ কৃষ্ণোঽপি তত্ত্বতঃ।
এতদর্থং বিদিত্বাপি সারথ্যমুপজগ্মিবান্ ॥৮॥
স্বয়ম্ভূরিব রুদ্রস্য কৃষ্ণঃ পার্থস্য ভারত!।
যদি হন্যাচ্চ কৌন্তেয়ং সূতপুত্রঃ কথঞ্চন ॥৯॥
দৃষ্ট্বা বিনিহতং পার্থং স্বয়ং যোৎস্যতি কেশবঃ।
শঙ্খচক্রগদাপাণির্ধক্ষ্যতে তব বাহিনীম্ ॥১০॥ (বিশেষকম্)
ন চাপি তস্য ক্রুদ্ধস্য বার্ষ্ণেয়স্য মহাত্মনঃ।
স্থাস্যতে প্রত্যনীকেষু কশ্চিদত্র নৃপস্তব ॥১১॥

সঞ্জয় উবাচ।

তং তথা ভাষমাণন্তু মদ্ররাজমরিন্দমঃ।
প্রত্যুবাচ মহাবাহুরদীনাত্মা সুতস্তব ॥১২॥

ভারতকৌমুদী

অনেতি। অনাগতং ভাবিনম্, অতিক্রান্তমতীতম্, সন্দংশপাতন্যায়াদ্বর্ত্তমানঞ্চার্থম্, বেদ জানাতি, তত্ত্বতো যাথার্থ্যেন। উপজগ্মিবান্ অঙ্গীকৃতবান্। স্বয়ম্ভূর্ব্রহ্মা। কৌন্তেয়মর্জ্জুনম্। কথঞ্চনেত্যনেনার্জ্জুনবধস্য দুষ্করত্বং সূচিতম্। ধক্ষ্যতে নিঃশেষাং করিষ্যতি ॥৮—১০॥

নেতি। বার্ষ্ণেয়স্য বৃষ্ণিবংশীয়স্য কৃষ্ণস্য। প্রত্যনীকেষু প্রতিপক্ষসৈন্যেষু ॥১১॥

তমিতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ, সুতো দুর্য্যোধনঃ ॥১২॥

ভগবান্ ব্রহ্মা যে ত্রিপুরবধের সময়ে মহাদেবের সারথি হইয়াছিলেন, এ সমস্ত পূর্ব্বেই কৃষ্ণেরও জানা ছিল ॥৭॥

কারণ, ভরতনন্দন! কৃষ্ণও ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যথার্থরূপে জানেন। সুতরাং ব্রহ্মা যেমন মহাদেবের সারথ্য স্বীকার করিয়াছিলেন, এ বিষয়ে জানিয়াই কৃষ্ণও তেমন অর্জ্জুনের সারথ্য স্বীকার করিয়াছেন। তা'র পর কর্ণ যদি কোন প্রকারে অর্জ্জুনকে বধ করিতে পারেনও, তাহা হইলেও অর্জ্জুনকে নিহত দেখিয়া শঙ্খ-চক্র-গদধারী কৃষ্ণ নিজেই যুদ্ধ করিবেন এবং আপনার সৈন্য দগ্ধ করিয়া ফেলিবেন ॥৮—১০॥

রাজা! মহাত্মা কৃষ্ণ ক্রুদ্ধ হইলে, আপনার পক্ষের কোন রাজাই তাঁহার প্রতিপক্ষে থাকিতে সমর্থ হইবেন না' ॥১১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মদ্ররাজ সেইরূপ বলিতে লাগিলে, শত্রুদমনকারী, মহাবাহু ও অকাতরচিত্ত আপনার পুত্র দুর্য্যোধন প্রত্যুত্তর করিলেন—॥১২॥

।৮ ···এতদর্থং বিদিত্বা তু···বর্দ্ধ। (১০) দৃষ্ট্বা পার্থং হি নিহতম্···নি। (১১।···মদ্ররাজমরিন্দমম্···পি।

মাবমংস্থা মহাবাহো ! কর্ণং বৈকর্ত্তনং রণে ।
সর্বশস্ত্রভৃতাং শ্রেষ্ঠং সর্বশাস্ত্রার্থপারগম্ ॥১৩॥
যস্য জ্যাতলনির্ঘোষং শ্রুত্বা ভয়করং মহৎ ।
পাণ্ডবেয়ানি সৈন্যানি বিদ্রবন্তি দিশো দশ ॥১৪॥
প্রত্যক্ষং তে মহারাজ ! যথা রাত্রৌ ঘটোৎকচঃ ।
মায়াশতানি কুর্বাণো হতো মায়াপুরস্কৃতঃ ॥১৫॥
ন চাতিষ্ঠত বীভৎসুঃ প্রত্যনীকে কথঞ্চন ।
এতাংশ্চ দিবসান্ সর্ব্বান্ ভয়েন মহতা বৃতঃ ॥১৬॥
ভীমসেনশ্চ বলবান্ ধনুষ্কোট্যাভিচোদিতঃ ।
উক্তশ্চাসংজ্ঞয়া রাজন্ ! মূঢ় ঔদরিকেতি চ ॥১৭॥

ভারতকৌমুদী

মেতি। মাবমংস্থা কর্ণং নাবজানীহি, যেন সতি কর্ণে ধক্ষ্যত ইত্যুক্তমিতি ভাবঃ ॥১৩॥

কর্ণং প্রত্যবজ্ঞায়া অকর্ত্তব্যতাজ্ঞাপনার্থং তদ্বীর্য্যং দর্শয়তি সপ্তভিঃ। যস্যেতি। জ্যাতল-নির্ঘোষং ধনুর্গুণহস্তাবাপয়োঃ শব্দম্। মহদিতি ক্লীবত্বমার্ষম্। বিদ্রবন্তি পলায়ন্তে ॥১৪॥

প্রত্যক্ষমিতি। মায়ৈব পুরস্কৃতা প্রধানীকৃতা যেন সঃ, ন পুনস্তাদৃশশক্তিকঃ ॥১৫॥

নেতি। বীভৎসুরর্জ্জুনঃ, প্রত্যনীকে কর্ণপ্রতিপক্ষসৈন্যমধ্যে। বৃতো গ্রস্তঃ ॥১৬॥

ভীমেতি। ধনুষঃ কোট্যা অগ্রদেশেন। অসংজ্ঞয়া অসঙ্কেতেন স্পষ্টোক্ত্যা ॥১৭॥

'মহাবাহু ! আপনি যুদ্ধে বৈকর্ত্তন কর্ণকে অবজ্ঞা করিবেন না। কারণ, ইনি সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ এবং সর্বশাস্ত্রে পারদর্শী ॥১৩॥

যাঁহার বিশাল ও ভয়ঙ্কর ধনুষ্টঙ্কার শুনিয়া পাণ্ডবসৈন্যেরা দশ দিকে পলায়ন করিয়া থাকে ॥১৪॥

মহারাজ ! এ ঘটনা আপনি প্রত্যক্ষ করিয়াছেন যে, সেই রাত্রিতে ঘটোৎকচ বহুবিধ মায়া প্রকাশ করিতেছিল এবং মায়াই তাহার প্রধান ছিল; সেই অবস্থায় কর্ণ তাহাকে বধ করিয়াছেন ॥১৫॥

অর্জ্জুন অত্যন্ত ভীত হইয়া যুদ্ধের এই সমস্ত দিন কোন প্রকারেই কর্ণের প্রতি-পক্ষে দাঁড়ায় নাই ॥১৬॥

রাজা ! কর্ণ ধনুর অগ্রদ্বারা বলবান্ ভীমকেও আকর্ষণ করিয়াছিলেন এবং সঙ্কেতে নহে—স্পষ্ট ভাষায়ই বলিয়াছিলেন—'মূঢ় ! ঔদরিক !' ॥১৭॥

(১৫)…মায়াশতবিকুর্বাণঃ…বর্দ্ধ। (১৭)…উক্তশ্চাশঙ্কয়া রাজন্ !…পি,…উক্তশ্চ সংজ্ঞয়া রাজন্ !…বা নি।

মাদ্রীপুত্রৌ তথা শূরৌ যেন জিত্বা মহারণে।
কমপ্যর্থং পুরস্কৃত্য ন হতৌ যুধি মারিষ ! ॥১৮॥
যেন বৃষ্ণিপ্রবীরস্তু সাত্যকিঃ সাত্বতাং বরঃ।
বিজিত্য সমরে বীরো বিরথশ্চ বলাৎ কৃতঃ ॥১৯॥
সৃঞ্জয়াশ্চেতরে সর্বে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
অসকৃন্নির্জিতাঃ সংখ্যে স্ময়মানেন সংযুগে ॥২০॥
তং কথং পাণ্ডবা যুদ্ধে বিজেষ্যন্তি মহারথম্।
যো হন্যাৎ সমরে ক্রুদ্ধো বজ্রহস্তং পুরন্দরম্ ॥২১॥
ত্বঞ্চ সর্বাস্ত্রবিদ্বীর ! সর্ব্ববিদ্যাসু পারগঃ।
বাহুবীর্য্যেণ তে তুল্যঃ পৃথিব্যাং নাস্তি কশ্চন ॥২২॥
ত্বং শল্যভূতঃ শত্রূণামবিষহ্যঃ পরাক্রমে।
অতস্ত্বমুচ্যসে রাজন্ ! শল্য ইত্যরিসূদন ! ॥২৩॥

ভারতকৌমুদী

মাদ্রীতি। অর্থং বিষয়ম্, পুরস্কৃত্য আশ্রিত্য। সোঽর্থশ্চ কুন্ত্যন্তিকে প্রতিজ্ঞা ॥১৮॥
যেনেতি। সাত্বতাং সাত্বতবংশানাম্। বলাদ্বিরথঃ কৃতঃ ॥১৯॥
সৃঞ্জয়া ইতি। সংখ্যে সংখ্যানযোগ্যে প্রসিদ্ধে, স্ময়মানেন ঈষদ্ধসতা ॥২০॥
তমিতি। বিজেষ্যন্তি বিজেষ্যন্তে। হন্যাৎ হন্তুং শক্নুয়াৎ, বজ্রহস্তং পুরন্দরমপি ॥২১॥
অথ পঞ্চভিঃ সারথ্যপ্ররোচনার্থং শল্যং স্তৌতি ত্বমিতি। কিঞ্চেতি চার্থঃ ॥২২॥
উক্তমপি প্রসঙ্গভেদাৎ পুনরাহ ত্বমিতি। শল্যভূতো যাতনায়াং শঙ্কুস্বরূপঃ ॥২৩॥

মাননীয় মদ্ররাজ ! যিনি মহাযুদ্ধে বীর নকুল ও সহদেবকে জয় করিয়া কোন কারণে তাহাদিগকে বধ করেন নাই ॥১৮॥

যিনি বৃষ্ণিবংশের প্রধান বীর ও সাত্বতবংশশ্রেষ্ঠ সাত্যকিকে যুদ্ধে জয় করিয়া বলপূর্ব্বক রথবিহীন করিয়াছিলেন ॥১৯॥

যিনি ঈষৎ হাস্য করিতে থাকিয়া প্রসিদ্ধ প্রসিদ্ধ যুদ্ধে সৃঞ্জয়গণকে এবং ধৃষ্টদ্যুম্ন-প্রভৃতি অন্য সকল বীরকে বহুবার জয় করিয়াছেন ॥২০॥

যিনি ক্রুদ্ধ হইয়া যুদ্ধে বজ্রধারী ইন্দ্রকেও বধ করিতে পারেন, পাণ্ডবেরা যুদ্ধে সেই মহারথ কর্ণকে কি করিয়া জয় করিবে ॥২১॥

বীর ! আপনিও সর্ব্বাস্ত্রবিৎ ও সর্ব্ববিদ্যায় পারদর্শী এবং পৃথিবীতে বাহুবলে আপনার তুল্য কেহ নাই ॥২২॥

(১৮)···বিরথশ্চ তথা কৃতঃ—পি বর্দ্ধ।

তব বাহুবলং প্রাপ্য ন শেকুঃ সর্বসাত্বতাঃ।
তব বাহুবলাদ্রাজন্! কিন্নু কৃষ্ণো বলাধিকঃ ॥২৪॥
যথা হি কৃষ্ণেন বলং ধার্য্যং বৈ ফাল্গুনে হতে।
তথা কর্ণাত্যয়ীভাবে ত্বয়া ধার্য্যং মহদ্বলম্ ॥২৫॥
কিমর্থং সমরে সৈন্যং বাসুদেবো ন্যবারয়ৎ।
কিমর্থঞ্চ ভবান্ সৈন্যং ন হনিষ্যতি মারিষ! ॥২৬॥
ত্বৎকৃতে পদবীং গন্তুমিচ্ছেয়ং যুধি মারিষ!।
সোদরাণাঞ্চ বীরাণাং সর্বেষাঞ্চ মহীক্ষিতাম্ ॥২৭॥

ভারতকৌমুদী

তবেতি। ন শেকুর্যুদ্ধে স্থাতুমিতি শেষঃ। কিন্নু, কথমপি নেত্যর্থঃ ॥২৪॥
শল্যোক্তিং প্রতিবদতি যথেতি। বলং পাণ্ডবসৈন্যম্, ধার্য্যং রক্ষণীয়ম্ ॥২৫॥
কিমিতি। সৈন্যং মদীয়ম্, ন্যবারয়ৎ নিবারয়িতুং শক্নুয়াৎ। সৈন্যং পাণ্ডবীয়ম্ ॥২৬॥
ত্বদিতি। পদবীম্ ঋণশোধনমার্গম্। সোদরাণাং নিহতানাম্ অন্যেষাঞ্চ ॥২৭॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৪॥ নরসিংহয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ, অতস্তয়োঃ সাম্যং মম কীর্ত্তিকরমেবেতি ভাবঃ। সুরসিংহয়োরিতি পাঠে রুদ্রপিতামহয়োঃ ॥৫—২৫॥ কিমর্থমিতি। সারথ্যমক্রু প্রতিজ্ঞায় প্রাতিভট্যং চেৎ কৃষ্ণঃ কুর্য্যাত্তর্হি ত্বং যুধ্যংস্তদ্বন্মিথ্যাপ্রতিজ্ঞো ন ভবিষ্যসীতি ভাবঃ

শত্রুদমন রাজা! আপনি শত্রুগণের পক্ষে শল্যস্বরূপ এবং পরাক্রমে অসহ্য : এই জন্যই সকলে আপনাকে 'শল্য' বলে ॥২৩॥

রাজা! সাত্বতবংশীয়েরা সকলে আপনার বাহুবলের সংস্রবে আসিয়া যুদ্ধে থাকিতেই পারে নাই; সুতরাং কৃষ্ণ আপনার বাহুবল হইতে অধিক বলশালী হইবেন কি করিয়া ॥২৪॥

তা'র পর অর্জ্জুন নিহত হইলে কৃষ্ণ যেমন পাণ্ডবসৈন্য রক্ষা করিবেন, তেমন কর্ণের অভাব হইলেও আপনি বিশাল কৌরবসৈন্য রক্ষা করিবেন ॥২৫॥

মাননীয় রাজা! কি জন্য কৃষ্ণ যুদ্ধে কৌরবসৈন্য নিবারণ করিতে পারিবেন; আবার আপনিই বা কি জন্য পাণ্ডবসৈন্য সংহার করিতে পারিবেন না ॥২৬॥

মাননীয় মদ্ররাজ! আমি আপনার সাহায্যে যুদ্ধে নিহত সহোদরগণ, বীরগণ ও সমস্ত রাজার ঋণশোধনের পথে যাইতে ইচ্ছা করি' ॥২৭॥

(২৫)···ধার্য্যতে ফাল্গুনে হতে···পি।

শল্য উবাচ।

যন্মাং ব্রবীষি গান্ধারে! অগ্রে সৈন্যস্য মানদ!।
বিশিষ্টং দেবকীপুত্রাৎ প্রীতিমানস্ম্যহং ত্বয়ি ॥২৮॥
এষ সারথ্যমাতিষ্ঠে রাধেয়স্য যশস্বিনঃ।
যুধ্যতঃ পাণ্ডবাগ্র্যেণ যথা ত্বং বীর! মন্যসে ॥২৯॥
সময়শ্চ হি মে বীর! কশ্চিদ্বৈকর্ত্তনং প্রতি।
উৎসৃজেয়ং যথাশ্রদ্ধমহং বাচোঽস্য সন্নিধৌ ॥৩০॥

সঞ্জয় উবাচ।

তথেতি রাজন্! পুত্রস্তে সহ কর্ণেন মারিষ!।
অব্রবীন্মদ্ররাজানং সর্বক্ষত্রস্য সন্নিধৌ ॥৩১॥
সারথ্যস্যাভ্যুপগমাচ্ছল্যেনাশ্বাসিতস্তদা।
দুর্য্যোধনস্তদা হৃষ্টঃ কর্ণং সমভিষস্বজে ॥৩২॥

ভারতকৌমুদী

যদিতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ, বাহ্বাদিত্বাদিণি সম্বোধনম্ ॥২৮॥
এষ ইতি। আতিষ্ঠে আশ্রয়ামি। যুধ্যতো যুধ্যমানস্য, পাণ্ডবাগ্র্যেণার্জ্জুনেন ॥২৯॥
সময় ইতি। সময়ঃ অয়ং শপথঃ। বৈকর্ত্তনং কর্ণম্। উৎসৃজেয়ং ব্রূয়াম্ ॥৩০॥
তথেতি। পুত্রো দুর্য্যোধনঃ। তথা যথাশ্রদ্ধং কথনমেব ভবেদিত্যব্রবীৎ ॥৩১॥
সারথ্যস্যেতি। অভ্যুপগমাদঙ্গীকারাৎ। সমভিষস্বজে আলিলিঙ্গ ॥৩২॥

শল্য বলিলেন—'মানদাতা গান্ধারীনন্দন! আপনি যে আমাকে সৈন্যগণের সম্মুখে কৃষ্ণ অপেক্ষা প্রধান বলিয়াছেন, তাহাতে আমি আপনার উপরে সন্তুষ্ট হইয়াছি ॥২৮॥

বীর! আপনি যাহা ইচ্ছা করিয়াছেন, এই আমি সে সারথ্য স্বীকার করিলাম; যশস্বী কর্ণ যখন পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবেন, তখন আমি উঁহার সারথ্য করিব ॥২৯॥

তবে বীর! কর্ণের বিষয়ে আমার একটী শপথ আছে—আমি কর্ণের নিকটে ইচ্ছানুসারে বাক্য বলিব' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা! তখন কর্ণের সহিত আপনার পুত্র সমস্ত ক্ষত্রিয়ের নিকটে বলিলেন—'তাহাই হইবে' ॥৩১॥

তখন শল্য সারথ্য স্বীকার করিয়া আশ্বস্ত করিলে, দুর্য্যোধন আনন্দিত হইয়া কর্ণকে আলিঙ্গন করিলেন ॥৩২॥

(৩২)…কর্ণং তমভিষস্বজে—নি।

অব্রবীচ্চ পুনঃ কর্ণং স্তূয়মানঃ স্তুতস্তব।
জহি পার্থান্ রণে সর্ব্বান্ মহেন্দ্রো দানবানিব ॥৩৩॥
স শল্যেনাভ্যুপগতে হয়ানাং সংনিয়চ্ছনে।
কর্ণো হৃষ্টমনা ভূয়ো দুর্য্যোধনমভাষত ॥৩৪॥
নাতিহৃষ্টমনা হ্যেষ মদ্ররাজোঽভিভাষতে।
রাজন্! মধুরয়া বাচা পুনরেনং ব্রবীহি বৈ ॥৩৫॥
ততো রাজা মহাপ্রাজ্ঞঃ সর্বার্থকুশলো বলী।
দুর্য্যোধনোঽব্রবীচ্ছল্যং মদ্ররাজং মহীপতিম্।
পূরয়ন্নিব ঘোষেণ মেঘগম্ভীরয়া গিরা ॥৩৬॥
শল্য! কর্ণোঽর্জ্জুনেনাদ্য যোদ্ধব্যমিতি মন্যতে।
তস্য ত্বং পুরুষব্যাঘ্র! নিয়চ্ছ তুরগান্ যুধি ॥৩৭॥

ভারতকৌমুদী

অব্রবীদিতি। স্তূয়মানঃ শল্যেন সারথ্যাঙ্গীকারাদানন্দিতৈর্বন্দিভিঃ ॥৩৩॥
স ইতি। অভ্যুপগতে স্বীকৃতে। যচ্ছধাতুরেবায়মার্থঃ। সংনিয়চ্ছনে নিয়মনে ॥৩৪॥
নেতি। নাতিহৃষ্টমনা অদ্যাপি মৎসারথ্যেঽপমানজ্ঞানাৎ। ব্রবীহীত্যার্ষ ঈড়্‌গুণশ্চ ॥৩৫॥
তত ইতি। ঘোষেণ কণ্ঠস্বরেণ, মেঘগম্ভীরয়া মেঘধ্বনিবদ্‌গম্ভীরয়া। ষট্‌পাদঃ ॥৩৬॥
শল্যেতি। অর্জ্জুনেন সহ। নিয়চ্ছ নিয়ময় ॥৩৭॥

এই সময়ে বন্দীরা স্তব করিতে লাগিলে, দুর্য্যোধন পুনরায় কর্ণকে বলিলেন—'কর্ণ! ইন্দ্র যেমন দানবগণকে বধ করিয়াছিলেন, তেমন তুমি সমস্ত পাণ্ডবকে বধ কর' ॥৩৩॥

শল্য অশ্বচালনা স্বীকার করিলে, কর্ণ হৃষ্টচিত্ত হইয়া পুনরায় দুর্য্যোধনকে বলিলেন—॥৩৪॥

'রাজা! মদ্ররাজ অনতিহৃষ্টচিত্ত হইয়াই এই কথা বলিতেছেন। সুতরাং তুমি পুনরায় মধুর বাক্যে ইঁহাকে কিছু বল' ॥৩৫॥

তদনন্তর মহাপ্রাজ্ঞ, সমস্ত বিষয়ে নিপুণ ও বলবান্ রাজা দুর্য্যোধন কণ্ঠস্বরে সকল দিক্ পূর্ণ করতই যেন মেঘধ্বনির ন্যায় গম্ভীর বাক্যে মদ্রাধিপতি রাজা শল্যকে বলিলেন—॥৩৬॥

'মদ্ররাজ! কর্ণ আজ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে হইবে বলিয়া মনে করেন। অতএব পুরুষশ্রেষ্ঠ! আপনি যুদ্ধের সময়ে তাঁহার অশ্বগুলিকে পরিচালনা করুন ॥৩৭॥

(৩৬)···সর্বাস্ত্রকুশলো বলী···পি বা নি।

কর্ণো হত্বেতরান্ সর্বান্ ফাল্গুনং হন্তুমিচ্ছতি।
অস্যাভীষুগ্রহে রাজন্! প্রযাচে ত্বাং পুনঃ পুনঃ ॥৩৮॥
পার্থস্য সচিবঃ কৃষ্ণো যথাভীষুগ্রহো বরঃ।
তথা ত্বমপি রাধেয়ং সর্বতঃ পরিপালয় ॥৩৯॥

সঞ্জয় উবাচ।

ততঃ শল্যঃ পরিষ্বজ্য সুতং তে বাক্যমব্রবীৎ।
দুর্য্যোধনমমিত্রঘ্নং প্রীতো মদ্রাধিপস্তদা ॥৪০॥

শল্য উবাচ।

এবঞ্চেন্মন্যসে রাজন্! গান্ধারে! প্রিয়দর্শন!।
তস্মাত্তে যৎ প্রিয়ং কিঞ্চিত্তৎ সর্বং করবাণ্যহম্ ॥৪১॥
যত্রাস্মি ভরতশ্রেষ্ঠ! যোগ্যঃ কর্ম্মণি কর্হিচিৎ।
তত্র সর্বাত্মনা যুক্তো বক্ষ্যে কার্য্যধুরং তব ॥৪২॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। ফাল্গুনমর্জ্জুনম্। অভীষুগ্রহে অশ্বরশ্মিধারণে ॥৩৮॥
পার্থস্যেতি। সচিবো মন্ত্রণাদাতা। অভীষুগ্রহঃ সারথিঃ ॥৩৯॥
তত ইতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য, সুতং দুর্য্যোধনম্ ॥৪০॥
এবমিতি। এবং মাং কৃষ্ণতুল্যং কৃষ্ণাপেক্ষয়া শ্রেষ্ঠং বা। তস্মাত্তদা ॥৪১॥
যত্রেতি। যোগ্যঃ সর্বকার্য্যেষু। কর্ম্মণি যুক্তো নিযুক্তঃ, বক্ষ্যে ধারয়িষ্যামি ॥৪২॥

কর্ণ অন্য সকলকে বধ করিয়া অর্জ্জুনকে বধ করিতে ইচ্ছা করেন। সুতরাং রাজা! তাঁহার অশ্বরজ্জু ধারণ করিবার জন্য আমি আপনাকে বার বার প্রার্থনা করিতেছি ॥৩৮॥

কৃষ্ণ যেমন অর্জ্জুনের মন্ত্রণাদাতা ও উত্তম সারথি, আপনিও তেমন হইয়া সর্ব্বপ্রকারে কর্ণকে রক্ষা করুন' ॥৩৯॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর মদ্ররাজ শল্য সন্তুষ্ট হইয়া আপনার পুত্র শত্রুহন্তা দুর্য্যোধনকে আলিঙ্গন করিয়া এই কথা বলিলেন ॥৪০॥

শল্য বলিলেন—'গান্ধারীনন্দন প্রিয়দর্শন রাজা! আপনি যদি আমাকে এইরূপই মনে করেন, তাহা হইলে আপনার যে কিছু প্রিয়কার্য্য, সে সমস্তই আমি করিব ॥৪১॥

(৩৮)…প্রসাদে ত্বাং পুনঃ পুনঃ—পি বর্দ্ধ। (৪২)…বক্ষ্যে কার্য্যং পরন্তপ!—পি বা নি।

যত্তু কর্ণমহং ব্রূয়াং হিতকামঃ প্রিয়াপ্রিয়ে।
মম তৎ ক্ষমতাং সর্ব্বং ভবান্ কর্ণশ্চ সর্ব্বশঃ ॥৪৩॥

কর্ণ উবাচ।

ঈশানস্য যথা ব্রহ্মা যথা পার্থস্য কেশবঃ।
তথা নিত্যং হিতো যুক্তো মদ্ররাজ! ভবস্ব নঃ ॥৪৪॥

শল্য উবাচ।

আত্মনিন্দাত্মপূজা চ পরনিন্দা পরস্তবঃ।
অনাচরিতমার্য্যাণাং বৃত্তমেতচ্চতুর্বিধম্ ॥৪৫॥
যত্তু বিদ্বন্! প্রবক্ষ্যামি প্রত্যয়ার্থমহং তব।
আত্মনঃ স্তবসংযুক্তং তন্নিবোধ যথাতথম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

যুধিষ্ঠিরান্তিকে স্বকৃতপ্রতিজ্ঞাং স্মরন্নাহ যদিতি। ক্ষমতাং সহতাম্ ॥৪৩॥
ঈশানস্যেতি। ঈশানস্য মহাদেবস্য ত্রিপুরবধে। যুক্তো মনোযোগী সন্ ॥৪৪॥
আত্মেতি। আর্য্যাণাং সজ্জনানাম, বৃত্তং কার্য্যম ॥৪৫॥
যদিতি। প্রত্যয়ার্থং বিশ্বাসার্থম। স্তবসংযুক্তং প্রশংসান্বিতম্ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

॥২৬॥ পদবীমানৃণ্যম্ ॥২৭—৩১॥ বক্ষ্যে বোঢ়াহস্মি ॥৪২—৪৪॥ আত্মনিন্দাপরস্তবাবপি শ্রেয়সাং নিন্দ্যৌ কিমুতাত্মপূজাপরনিন্দে, তদুভয়মহং করোমীতি ভাবঃ ॥৪৫—৪৬॥

ভরতশ্রেষ্ঠ! আমি সকল কার্য্যেই যোগ্য। সুতরাং আমি আপনার যে কোন কার্য্যে নিযুক্ত হইব, সর্বপ্রযত্নে সে কার্য্যের ভার আমি বহন করিব ॥৪২॥

কিন্তু আমি আপনাদের হিতকামী হইয়া কর্ণকে প্রিয় বা অপ্রিয় যে কোন কথা বলিব, আপনি বা কর্ণ সর্বপ্রকারেই তাহা ক্ষমা করিবেন' ॥৪৩॥

কর্ণ বলিলেন—'মদ্ররাজ! ব্রহ্মা যেমন ত্রিপুরবধের সময়ে মহাদেবের হিতকারী হইয়াছিলেন এবং কৃষ্ণ যেমন সর্ব্বদাই অর্জ্জুনের হিতকারী আছেন, সেইরূপ আপনিও মনোযোগী হইয়া সর্ব্বদা আমাদের হিতকারী হউন' ॥৪৪॥

শল্য বলিলেন—'অঙ্গরাজ! আত্মনিন্দা, ও আত্মপ্রশংসা এবং পরনিন্দা ও পরপ্রশংসা এই চতুর্বিধ কার্য্য সজ্জনের কর্ত্তব্য নহে ॥৪৫॥

কিন্তু তথাপি আমি আপনার বিশ্বাসের জন্য নিজের প্রশংসাযুক্ত যে কথা বলিব, বিদ্বন্! তাহা আপনি যথাযথভাবে শ্রবণ করুন ॥৪৬॥

(৪৩)···মম তৎ ক্ষম্যতাং সর্ব্বম্···পি বা।

অহং শক্রস্য সারথ্যে যোগ্যো মাতলিবৎ প্রভো !।
অপ্রমাদপ্রয়োগাচ্চ জ্ঞানবিদ্যাচিকিৎসিতৈঃ ॥৪৭॥
ততঃ পার্থেন সংগ্রামে যুধ্যমানস্য তেঽনঘ !।
বাহয়িষ্যামি তুরগান্ বিজ্বরো ভব সূতজ ! ॥৪৮॥

দুর্য্যোধন উবাচ।

অয়ং তে কর্ণ ! সারথ্যং মদ্ররাজঃ করিষ্যতি।
কৃষ্ণাদপ্যধিকো যন্তা দেবেশস্যেব মাতলিঃ ॥৪৯॥
যথা হরিহয়ৈর্যুক্তং সংগৃহ্লাতি স মাতলিঃ।
শল্যস্তথা তবাদ্যায়ং সংযন্তা রথবাজিনাম্ ॥৫০॥
যোধে ত্বয়ি রথস্থে চ মদ্ররাজে চ সারথৌ।
রথশ্রেষ্ঠো ধ্রুবং সংখ্যে পার্থানভিভবিষ্যতি ॥৫১॥

ভারতকৌমুদী

অহমিতি। অপ্রমাদেন সাবধানতয়া প্রয়োগাৎ রথচালনাৎ, জ্ঞানম্ অশ্বহৃদয়বোধঃ বিদ্যা অশ্বশাস্ত্রাদিজ্ঞানং চিকিৎসিতম্ অশ্বক্ষতাদিপ্রতীকারশ্চ তৈঃ ॥৪৭॥

তত ইতি। বাহয়িষ্যামি চালয়িষ্যামি, বিজ্বরঃ সারথ্যভাবসন্তাপশূন্যঃ ॥৪৮॥

অয়মিতি। অধিকঃ শ্রেষ্ঠঃ, যন্তা অশ্বনিয়ামকঃ, দেবেশস্য ইন্দ্রস্য ॥৪৯॥

যথেতি। হরিহয়ৈঃ কপিলবর্ণাশ্বৈঃ, যুক্তমিন্দ্ররথম্। সংযন্তা সংগ্রহীতা ॥৫০॥

যোধ ইতি। রথশ্রেষ্ঠস্তব। পার্থান্ পাণ্ডবান্, অভিভবিষ্যতি পরাজেষ্যতে ॥৫১॥

অঙ্গরাজ ! সাবধানে অশ্বচালনা করা, অশ্বহৃদয়জ্ঞান, অশ্বশাস্ত্রের বিদ্যা ও অশ্বচিকিৎসায় আমি মাতলির তুল্য। সুতরাং আমি ইন্দ্রের সারথির কার্য্য করিতেও সমর্থ ॥৪৭॥

অতএব নিষ্পাপ সূতনন্দন ! আপনি যখন রণস্থলে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবেন, তখন আমি আপনার অশ্বচালনা করিব ; আপনি নিরুদ্বেগ হউন' ॥৪৮॥

দুর্য্যোধন বলিলেন—'কর্ণ ! এই মদ্ররাজ ! তোমার সারথ্য করিবেন ; ইনি কৃষ্ণ অপেক্ষাও উত্তম সারথি, এমন কি ইন্দ্রের সারথি মাতলিরই তুল্য ॥৪৯॥

সুতরাং মাতলি যেমন পিঙ্গলবর্ণ-ঘোটকযুক্ত ইন্দ্রের রথ চালনা করেন, সেইরূপ মদ্ররাজ শল্য আজ তোমার রথ চালনা করিবেন ॥৫০॥

---

(৪৭)…অপ্রমত্তপ্রয়োগাচ্চ…পি,…অপ্রমাদাৎ প্রয়োগাচ্চ…বা নি। (৪৮) ইতঃ পরম্ '…পঞ্চত্রিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '…ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' বা। (৪৯)…কৃষ্ণাদভ্যধিকঃ…পি নি।

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো ভূয়ো মদ্ররাজং তরস্বিনম্।
উবাচ রাজন্! সংগ্রামে ব্যুষিতে পর্য্যুপস্থিতে ॥৫২॥
কর্ণস্য যচ্ছ সংগ্রামে মদ্ররাজ! হয়োত্তমান্।
ত্বয়াভিগুপ্তো রাধেয়ো বিজেষ্যতি ধনঞ্জয়ম্।
ইত্যুক্তো রথমাস্থায় তথেতি প্রাহ ভারত! ॥৫৩॥
শল্যেঽভ্যুপগতে কর্ণঃ সারথিং সুমনাব্রবীৎ।
ত্বং সূত! স্যন্দনং মহ্যং কল্পয়েত্যসকৃত্ত্বরন্ ॥৫৪॥
ততো জৈত্রং রথবরং গন্ধর্বনগরোপমম্।
বিধিবৎ কল্পিতং ভদ্রং জয়েত্যুক্ত্বা ন্যবেদয়ৎ ॥৫৫॥

ভারতকৌমুদী

তত ইতি। তরস্বিনং বলবন্তম্। ব্যুষিতে প্রভাতে, "ব্যুষ্টং দিনে প্রভাতে চ ফলে পর্য্যুষিতেঽপি চ" ইতি বিশ্বঃ "নিষ্ঠায়াঞ্চ" ইতীড়াগমঃ ॥৫২॥

কর্ণস্যেতি। যচ্ছ নিয়ময়। অভিগুপ্তো রক্ষিতঃ। আস্থায় স্পৃষ্ট্বা। বট্পাদঃ ॥৫৩॥

শল্য ইতি। সুমনা হৃষ্টচিত্তঃ, সন্ধিরার্ষঃ। স্যন্দনং রথম্, কল্পয় সজ্জীকুরু ॥৫৪॥

তত ইতি। জৈত্রং জয়শীলম্। কল্পিতং সজ্জিতম্, ভদ্রং মঙ্গলময়ম্ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

অপ্রমাদোঽবধানম্, প্রয়োগোঽশ্বপ্রেরণম্, জ্ঞানমাগোনিদোষাবেক্ষণম্, বিদ্যা তৎপরিহারজ্ঞানম্, চিকিৎসনং দোষপরিহারসামর্থ্যম্ ॥৪৭—৪৯॥ হরিহয়ৈরিন্দ্রতুরগৈর্যুক্তং রথম্ ॥৫০—৫১॥ অধ্যুষিতে প্রাতঃকালে ॥৫২—৮১॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনত্রিংশোঽধ্যায়ঃ ॥২৯॥

কর্ণ! তুমি যোদ্ধা হইয়া রথারোহণ করিলে এবং মদ্ররাজ সারথি হইলে, তোমার এই উত্তম রথ আজ নিশ্চয়ই যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিবে' ॥৫১॥

সঞ্জয় কহিলেন—'রাজা! তাহার পর প্রভাতকালে পুনরায় যুদ্ধ আরম্ভ হইবার সম্ভব হইলে, দুর্য্যোধন আবার বলবান্ মদ্ররাজকে বলিলেন—॥৫২॥

'মদ্ররাজ! আপনি যুদ্ধে কর্ণের উত্তম অশ্বগুলিকে পরিচালন করুন; আপনি রক্ষা করিতে থাকিলে, কর্ণ অর্জ্জুনকে জয় করিবেন'। ভরতনন্দন! দুর্য্যোধন এই কথা বলিলে, শল্য রথস্পর্শ করিয়া বলিলেন—'তাহাই হউক' ॥৫৩॥

শল্য সারথ্য স্বীকার করিলে, কর্ণ হৃষ্টচিত্ত ও ত্বরান্বিত হইয়া পূর্বসারথিকে বার বার বলিলেন—'সারথি! তুমি আমার জন্য রথ সজ্জিত কর' ॥৫৪॥

(৫২)···সংগ্রামেঽধ্যুষিতে পর্য্যুপস্থিতে—বা নি।

তং রথং রথিনাং শ্রেষ্ঠঃ কর্ণোঽভ্যর্চ্চ্য যথাবিধি।
সম্পাদিতং ব্রহ্মবিদা পূর্বমেব পুরোধসা ॥৫৬॥
কৃত্বা প্রদক্ষিণং যত্নাদুপস্থায় চ ভাস্করম্।
সমীপস্থং মদ্ররাজমারোহ ত্বমথাব্রবীৎ ॥৫৭॥ (যুগ্মকম্)
ততঃ কর্ণস্য দুর্দ্ধর্ষং স্যন্দনপ্রবরং মহৎ।
আরুরোহ মহাতেজাঃ শল্যঃ সিংহ ইবাচলম্ ॥৫৮॥
ততঃ শল্যাস্থিতং দৃষ্ট্বা কর্ণঃ স্বরথমুত্তমম্।
অধ্যতিষ্ঠদ্‌যথাম্ভোদং বিদ্যুত্বন্তং দিবাকরঃ ॥৫৯॥
তাবেকরথমারূঢ়াবাদিত্যাগ্নিসমত্বিষৌ।
ব্যভ্রাজেতাং যথা মেঘং সূর্য্যাগ্নী সহিতৌ দিবি ॥৬০॥

ভারতকৌমুদী

তমিতি। সম্পাদিতং পূজিতম্, ব্রহ্মবিদা বেদজ্ঞেন, পুরোধসা পুরোহিতেন। উপস্থায় স্তবাদিনা উপাস্য। আরোহ ইমং রথমিতি শেষঃ ॥৫৬—৫৭॥

তত ইতি। স্যন্দনপ্রবরং রথশ্রেষ্ঠম্। মহদিতি ক্লীবত্বমার্ষম্ ॥৫৮॥

তত ইতি। শল্যেন আস্থিতমারূঢম্। বিদ্যুত্বন্তমিত্যনেন স্বর্ণখচিতত্বং সূচিতম্ ॥৫৯॥

তাবিতি। আদিত্যাগ্নিসমত্বিষৌ সূর্য্যাগ্নিবত্তেজস্বিনৌ। মেঘমারূঢ়াবিত্যনুবৃত্তিঃ ॥৬০॥

তাহার পর সেই সারথি গন্ধর্ব্বনগরের তুল্য জৈত্র উত্তম রথকে যথাবিধানে সজ্জিত করিয়া আসিয়া 'আপনার মঙ্গল হউক এবং শত্রু জয় করুন' এই কথা বলিয়া রথসজ্জার বিষয় কর্ণকে জানাইল ॥৫৫॥

বেদবিৎ পুরোহিত পূর্ব্বেই সেই রথের মাঙ্গলিক ক্রিয়া করিয়াছিলেন; পরে রথিশ্রেষ্ঠ কর্ণ যত্নপূর্ব্বক রথের পূজা, প্রদক্ষিণ ও সূর্য্যের উপাসনা করিয়া নিকটবর্ত্তী মদ্ররাজকে বলিলেন—'আপনি আরোহণ করুন' ॥৫৬—৫৭॥

তদনন্তর, সিংহ যেমন পর্বতে আরোহণ করে, সেইরূপ মহাতেজা শল্য দুর্দ্ধর্ষ, বিশাল ও উত্তম কর্ণের রথে আরোহণ করিলেন ॥৫৮॥

তৎপরে সূর্য্য যেমন বিদ্যুৎসমন্বিত মেঘে অধিষ্ঠান করেন, সেইরূপ কর্ণ শল্যকে আরূঢ় দেখিয়া আপন উত্তম রথে অধিষ্ঠান করিলেন ॥৫৯॥

সূর্য্য ও অগ্নির ন্যায় তেজস্বী কর্ণ ও শল্য এক রথে আরোহণ করিয়া আকাশে মেঘারূঢ় সম্মিলিত সূর্য্য ও অগ্নির তুল্য প্রকাশ পাইতে লাগিলেন ॥৬০॥

(৫৯) ততঃ শল্যাশ্রিতং দৃষ্ট্বা কর্ণঃ স্বং রথমুত্তমম্...বা নি। (৬০)...অভ্রাজেতাং যথা মেঘম্...বা নি।

সংস্তূয়মানৌ তৌ বীরৌ তদাস্তাং দ্যুতিমত্তমৌ।
ঋত্বিক্সদস্যৈরিন্দ্রাগ্নী স্তূয়মানাবিবাধ্বরে ॥৬১॥
স শল্যসংগৃহীতাশ্বে রথে কর্ণঃ স্থিতোঽভবৎ।
ধনুর্বিস্ফারয়ন্ ঘোরং পরিবেশীব ভাস্করঃ ॥৬২॥
আস্থিতঃ স রথশ্রেষ্ঠং কর্ণঃ শরগভস্তিমান্।
প্রবভৌ পুরুষব্যাঘ্রো মন্দরস্থ ইবাংশুমান্ ॥৬৩॥
তং রথস্থং মহাবাহুং যুদ্ধায়ামিততেজসম্।
দুর্য্যোধনস্তু রাধেয়মিদং বচনমব্রবীৎ ॥৬৪॥
অকৃতং দ্রোণভীষ্মাভ্যাং দুষ্করং কর্ম্ম সংযুগে।
কুরুষ্বাধিরথে! বীর! মিষতাং সর্বধন্বিনাম্ ॥৬৫॥
মনোগতং মম হ্যাসীদ্ভীষ্মদ্রোণৌ মহারথৌ।
অর্জ্জুনং ভীমসেনঞ্চ নিহন্তারাবিতি ধ্রুবম্ ॥৬৬॥

ভারতকৌমুদী

সমিতি। সংস্তূয়মানৌ বন্দিভিঃ। ঋত্বিজশ্চ সদস্যাশ্চ তৈঃ ॥৬১॥
স ইতি। শল্যেন সংগৃহীতা অশ্বা যস্য তস্মিন্। পরিবেশী পরিধিমান্ ॥৬২॥
আস্থিত ইতি। আস্থিত আরূঢ়ঃ। শরা গভস্তয়ঃ কিরণা ইব তদ্বান্ ॥৬৩॥
তমিতি। যুদ্ধায় যুদ্ধকরণায় রথে তিষ্ঠতীতি তম্ ॥৬৪॥
অকৃতমিতি। কর্ম্ম পাণ্ডববধরূপম্। হে আধিরথে! অধিরথপুত্র! মিষতাং পশ্যতাম্ ॥৬৫॥
মন ইতি। নিহন্তারৌ নিহনিষ্যতঃ। তত্তু ন ভূতমিতি ভাবঃ ॥৬৬॥

যজ্ঞে পুরোহিত ও সদস্যেরা স্তব করিতে লাগিলে ইন্দ্র ও অগ্নি যেমন দীপ্ত পাইতে থাকেন, সেইরূপ বন্দীরা স্তব করিতে থাকিলে, তখন সেই বীরেরা দীপ্তি পাইতে লাগিলেন ॥৬১॥

শল্য অশ্বগুলিকে গ্রহণ করিলে, কর্ণ ভয়ঙ্কর ধনু বিস্ফারিত করিয়া পরিধি-(মণ্ডল) যুক্ত সূর্য্যের ন্যায় রথে অবস্থিত হইলেন ॥৬২॥

পুরুষশ্রেষ্ঠ কর্ণ উত্তম রথে আরোহণ করিয়া বাণ ধারণপূর্ব্বক মন্দরপর্ব্বতস্থিত কিরণযুক্ত সূর্য্যের তুল্য প্রকাশ পাইতে থাকিলেন ॥৬৩॥

মহাবাহু ও অমিততেজা কর্ণ যুদ্ধ করিবার জন্য রথে অবস্থান করিতে লাগিলে, দুর্য্যোধন তাঁহাকে এই কথা বলিলেন—॥৬৪॥

'অধিরথনন্দন বীর! ভীষ্ম ও দ্রোণ যুদ্ধে যে দুষ্কর কার্য্য করিয়া যান নাই, সমস্ত ধনুর্দ্ধরগণের সমক্ষে তুমি তাহা কর ॥৬৫॥

(৬২)···স্থিতো বভৌ···পি।

তাভ্যাং যদকৃতং বীর! বীরকর্ম্ম মহাহবে।
তৎ কর্ম্ম কুরু রাধেয়! বজ্রপাণিরিবাপরঃ ॥৬৭॥
গৃহাণ ধর্ম্মরাজং বা জহি বা ত্বং ধনঞ্জয়ম্।
ভীমসেনঞ্চ রাধেয়! মাদ্রীপুত্রৌ যমাবপি ॥৬৮॥
জয়শ্চ তেঽস্তু ভদ্রং তে প্রয়াহি পুরুষর্ষভ!।
পাণ্ডুপুত্রস্য সৈন্যানি কুরু সর্বাণি ভস্মসাৎ ॥৬৯॥
ততস্তূর্য্যসহস্রাণি ভেরীণামযুতানি চ।
বাদ্যমানান্যরোচন্ত মেঘাশব্দা যথা দিবি ॥৭০॥
প্রতিগৃহ্য তু তদ্বাক্যং রথস্থো রথসত্তমঃ।
অভ্যভাষত রাধেয়ঃ শল্যং যুদ্ধবিশারদম্ ॥৭১॥

ভারতকৌমুদী

তাভ্যামিতি। অকৃতং পাণ্ডবেষু স্নেহাতিরেকাদিতি ভাবঃ। বজ্রপাণিরিন্দ্রঃ ॥৬৭॥

কিং ময়া কর্ত্তব্যমিত্যাহ গৃহাণেতি। ধর্ম্মরাজং গৃহাণ, দ্যূতক্রীড়য়া পূর্ব্ববজ্জয়ামিতি ভাবঃ। যমৌ যমজৌ নকুলসহদেবৌ ॥৬৮॥

জয় ইতি। ভদ্রং মঙ্গলঞ্চ তেঽস্তু ॥৬৯॥

তত ইতি। অরোচন্ত তেষাং শব্দাঃ প্রাকাশন্তেত্যর্থঃ ॥৭০॥

প্রতীতি। প্রতিগৃহ্য অঙ্গীকৃত্য। রথসত্তমো রথিশ্রেষ্ঠঃ ॥৭১॥

আমার মনে এই আশা ছিল যে, মহারথ ভীষ্ম ও দ্রোণ নিশ্চয়ই ভীম ও অর্জ্জুনকে বধ করিবেন ॥৬৬॥

বীর রাধানন্দন! ভীষ্ম ও দ্রোণ মহাযুদ্ধে যে বীরের কার্য্য করিয়া যান নাই, তুমি দ্বিতীয় ইন্দ্রের ন্যায় সেই কার্য্য কর ॥৬৭॥

রাধানন্দন! তুমি যুধিষ্ঠিরকে ধর, কিংবা অর্জ্জুন, ভীমসেন, নকুল ও সহদেবকে বধ কর ॥৬৮॥

পুরুষশ্রেষ্ঠ! তোমার জয় হউক এবং মঙ্গল হউক; যাও, যাইয়া যুধিষ্ঠিরের সমস্ত সৈন্য ভস্মসাৎ কর' ॥৬৯॥

তাহার পর বাদ্যকারেরা সহস্র সহস্র তূর্য্য এবং বহুসহস্র ভেরী বাজাইতে লাগিল; তখন আকাশে মেঘের শব্দ যেমন প্রকাশ পায়, সেইরূপ সেই শব্দ প্রকাশ পাইতে থাকিল ॥৭০॥

এদিকে রথস্থিত রথিশ্রেষ্ঠ কর্ণ দুর্য্যোধনের সেই বাক্য গ্রহণ করিয়া যুদ্ধবিশারদ শল্যকে বলিলেন—॥৭১॥

(৬৭)···বীরকর্ম্ম মহামৃধে···বর্দ্ধ বা নি।

চোদয়াশ্বান্ মহাবাহো ! যাবদ্ধন্মি ধনঞ্জয়ম্ ।
ভীমসেনং যমৌ চোভৌ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥৭২॥
অদ্য পশ্যতু মে শল্য ! বাহুবীর্য্যং ধনঞ্জয়ঃ ।
অস্যতঃ কঙ্কপত্রাণাং সহস্রাণি শতানি চ ॥৭৩॥
অদ্য ক্ষেপ্স্যাম্যহং শল্য ! শরান্ পরমতেজনান্ ।
পাণ্ডবানাং বিনাশায় দুর্য্যোধনজয়ায় চ ॥৭৪॥

শল্য উবাচ ।

সূতপুত্র ! কথং নু ত্বং পাণ্ডবানবমন্যসে ।
সর্বাস্ত্রজ্ঞান্ মহেষ্বাসান্ সর্বানেব মহাবলান্ ॥৭৫॥
অনিবর্ত্তিনো মহাভাগানজয্যান্ সত্যবিক্রমান্ ।
অপি সংজনয়েয়ুর্যে ভয়ং সাক্ষাচ্ছতক্রতোঃ ॥৭৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চোদয়েতি । চোদয় চালয় । যমৌ নকুলসহদেবৌ ॥৭২॥

অস্যেতি । অস্যতঃ ক্ষিপতঃ, কঙ্কপত্রাণাং বাণানাম্ ॥৭৩॥

অদ্যেতি । পরমতেজনান্ মহাবেগান্ অতীবোজ্জ্বলান্ বা ॥৭৪॥

কর্ণস্য তেজোহ্রাসং করিষ্যামীতি যুধিষ্ঠিরান্তিকে কৃতাং প্রতিজ্ঞাং স্মরন্নাহ সূতেতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্। অনিবর্ত্তিনো যুদ্ধাদপলায়িনঃ। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৭৫—৭৬॥

'মহাবাহু ! আপনি ঘোড়াগুলিকে চালাইয়া দিন ; আমি—অর্জ্জুন, ভীম, নকুল, সহদেব ও রাজা যুধিষ্ঠিরকে বধ করি ॥৭২॥

মদ্ররাজ ! আমি আজ যখন শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিব, তখন অর্জ্জুন আমার বাহুবল দর্শন করুক ॥৭৩॥

মদ্ররাজ ! আমি আজ পাণ্ডবগণের বিনাশ ও দুর্য্যোধনের জয়ের জন্য মহাবেগশালী বাণ সকল নিক্ষেপ করিব' ॥৭৪॥

শল্য বলিলেন—'সূতপুত্র ! পাণ্ডবেরা সকলেই সর্ব্বাস্ত্রজ্ঞ, মহাধনুর্দ্ধর, মহাবল, যুদ্ধে অপলায়ী, মহাভাগ, অজেয় ও যথার্থবিক্রমশালী ; সুতরাং যাঁহারা যুদ্ধে সাক্ষাৎ ইন্দ্রেরও ভয় জন্মাইতে পারেন ; তুমি তাঁহাদিগকে অবজ্ঞা করিতেছ কেন ? ॥৭৫—৭৬॥

(৭৪)···পরমতেজসঃ···পি। (৭৫)···সর্বানস্ত্রবিদাং শ্রেষ্ঠান্···পি। (৭৬)···অজেয়ান্ সত্যবিক্রমান্···পি।

যদা শ্রোষ্যসি নির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ।
রাধেয়! গাণ্ডিবস্যাজৌ তদা নৈবং বদিষ্যসি ॥৭৭॥
যদা দ্রক্ষ্যসি ভীমেন কুঞ্জরানীকমাহবে।
বিশীর্ণদন্তং নিহতং তদা নৈবং বদিষ্যসি ॥৭৮॥
যদা দ্রক্ষ্যসি সংগ্রামে ধর্ম্মপুত্রং যমৌ তথা।
শিতৈঃ পৃষৎকৈঃ কুর্ব্বাণানভ্রচ্ছায়ামিবাম্বরে ॥৭৯॥
অস্যতঃ ক্ষিণ্বতশ্চারীঁল্লঘুহস্তান্ দুরাসদান্।
পার্থিবানপি চান্যাংস্ত্বং তদা নৈবং বদিষ্যসি ॥৮০॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

অনাদৃত্য তু তদ্বাক্যং মদ্ররাজেন ভাষিতম্।
যাহীত্যেবাব্রবীৎ কর্ণো মদ্ররাজং তরস্বিনম্ ॥৮১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি শল্যসংবাদে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥১॥ *

ভারতকৌমুদী

যদেতি। বিস্ফূর্জিতং নির্ঘোষকম্। নৈবং বদিষ্যসি, তদ্বিক্রমানুমানাদিতি ভাবঃ ॥৭৭॥

যদেতি। কুঞ্জরানীকং কৌরবীয়ং গজসৈন্যম্। বিশীর্ণদন্তং ভগ্নদশনম্ ॥৭৮॥

যদেতি। যমৌ নকুলসহদেবৌ। শিতৈঃ সুধারৈঃ, পৃষৎকৈর্বাণৈঃ, অভ্রস্য মেঘস্য ছায়াম্। অস্যতঃ অস্ত্রাণি ক্ষিপতঃ, ক্ষিণ্বতঃ অবদারয়তঃ ॥৭৯—৮০॥

অনেতি। অনাদৃত্য অকিঞ্চিৎকরত্বজ্ঞানাৎ। তরস্বিনং বলবত্তম্ ॥৮১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি উনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

রাধানন্দন! তুমি যখন যুদ্ধে বজ্রধ্বনির ন্যায় গাণ্ডীবধ্বনি শুনিতে পাইবে, তখন আর এরূপ বলিবে না ॥৭৭॥

যখন দেখিবে—ভীমসেন যুদ্ধে দন্ত ভগ্ন করিয়া হস্তিসৈন্য সংহার করিয়াছেন, তখন আর এরূপ বলিবে না ॥৭৮॥

আবার যখন দেখিবে—যুধিষ্ঠির, নকুল ও সহদেব এবং লঘুহস্ত ও দুর্দ্ধর্ষ অন্যান্য রাজারা সুধার বাণসমূহদ্বারা মেঘচ্ছায়ার ন্যায় আকাশে ছায়া করিতেছেন, অনবরত অস্ত্রক্ষেপ করিতেছেন এবং শত্রুগণকে বিদীর্ণ করিতেছেন, তখন আর এরূপ বলিবে না ॥৭৯—৮০॥

১ '...ষট্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ' নি বঙ্গ বর্দ্ধ সো, '...সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' বা।

ত্রিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা কর্ণং মহেষ্বাসং যুযুৎসুং সমবস্থিতম্।
চুক্রুশুঃ কুরবঃ সর্বে হৃষ্টরূপাঃ সমন্ততঃ ॥১॥
ততো দুন্দুভিনির্ঘোষৈর্ভেরীণাং নিনদেন চ।
বাণশব্দৈশ্চ বিবিধৈর্গর্জিতৈশ্চ তরস্বিনাম্ ॥২॥
নির্যযুস্তাবকা যুদ্ধে মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্।
প্রয়াতে তু ততঃ কর্ণে যোধেষু মুদিতেষু চ ॥৩॥
চচাল পৃথিবী রাজন্! ররাস চ সুবিস্বরম্।
নিশ্চরন্তো ব্যদৃশ্যন্ত সূর্য্যাৎ সপ্ত মহাগ্রহাঃ ॥৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। মহেষ্বাসং মহাধানুষ্কম্, যুযুৎসুং যোদ্ধুমিচ্ছুম্। চুক্রুশুঃ কোলাহলং চক্রুঃ ॥১॥

তত ইতি। তরস্বিনাং বলবতাম্। নিবর্ত্তনং যুদ্ধনিবৃত্তিহেতুম্। ররাস শব্দং চকার, **সুবিস্পষ্টঃ স্বরো** যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা স্যাত্তথা। নিশ্চরন্তো **নির্গচ্ছন্তঃ** ॥২—৪॥

সঞ্জয় কহিলেন—'কর্ণ শল্যোক্ত সেই সকল বাক্য অগ্রাহ্য করিয়া বলবান্ সেই **মদ্ররাজকে এই কথাই** বলিলেন যে, যান' ॥৮১॥

——ঃ-০-ঃ——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাধনুর্দ্ধর কর্ণকে যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত দেখিয়া কৌরবেরা সকলে আনন্দিত হইয়া সকল দিকেই কোলাহল করিতে লাগিলেন ॥১॥

তাহার পর বাদ্যকারগণের দুন্দুভিধ্বনি ও ভেরীর শব্দ এবং বলবান্ বীরগণের নানাবিধ বাণশব্দ ও গর্জনের সঙ্গে সঙ্গে আপনার পক্ষের যোদ্ধারা মৃত্যুকে নিবৃত্তির কারণ করিয়া যুদ্ধে নির্গত হইলেন। রাজা! তদনন্তর কর্ণ প্রস্থান করিলে এবং যোদ্ধারা আনন্দিত হইলে, পৃথিবী কাঁপিতে লাগিল এবং স্পষ্ট শব্দ করিতে থাকিল, আর সাতটা মহাগ্রহকে সূর্য্যমণ্ডল হইতে নির্গত হইতে দেখা গেল ॥২—৪॥

(১)···হৃষ্টরূপাঃ পরন্তপ!—পি। (৪) চচাল পৃথিবী সর্ব্বা···পি, চচাল চ মহী সর্বা··· নি,···নিঃসরন্তো ব্যদৃশ্যন্ত···বা নি।

উল্কাপাতাশ্চ সংজগ্মুর্দিশাং দাহাস্তথৈব চ।
শুষ্কাশন্যশ্চ সংপেতুর্ববুর্বাতাশ্চ ভৈরবাঃ ॥৫॥
মৃগপক্ষিগণাশ্চৈব পৃতনাং বহুশস্তব।
অপসব্যং তদা চক্রুর্বেদয়ন্তো মহাভয়ম্ ॥৬॥
প্রস্থিতস্য চ কর্ণস্য নিপেতুস্তুরগা ভুবি।
অস্থিবর্ষঞ্চ পতিতর্মন্তরীক্ষাদ্ভয়ানকম্ ॥৭॥
জজ্বলুশ্চৈব শস্ত্রাণি ধ্বজাশ্চৈব চকম্পিরে।
অশ্রূণি চ ব্যমুঞ্চন্ত বাহনানি বিশাংপতে! ॥৮॥
এতে চান্যে চ বহব উৎপাতাস্তত্র মারিষ!।
সমুৎপেতুর্বিনাশায় কৌরবাণাং সুদারুণাঃ ॥৯॥
ন চ তান্ গণয়ামাসুঃ সর্বে দৈবেন মোহিতাঃ।
প্রস্থিতং সূতপুত্রঞ্চ জয়েত্যূচুর্নরাধিপাঃ ॥১০॥

ভারতকৌমুদী

উল্কেতি। শুষ্কাশন্যো নির্জলবজ্রাঃ। বাতাঃ প্রবলবায়বঃ ॥৫॥
মৃগেতি। মৃগাঃ পশবঃ। পৃতনাং সেনাম্। অপসব্যং বামবর্ত্তিনীম্ ॥৬॥
প্রেতি। নিপেতুঃ পদস্খলনেন, তুরগাঃ রথাশ্বাঃ ॥৭॥
জজ্বলুরিতি। ব্যমুঞ্চন্ত অত্যজন্, বাহনানি গজাদীনি ॥৮॥
এত ইতি। অন্যে রুধিরবর্ষাদয়ঃ। হে মারিষ! আর্য্য! ॥৯॥
নেতি। গণয়ামাসুঃ তত্তদ্দর্শনাদপি নিবৃত্তিরে ॥১০॥

উল্কাপাত ও দিগ্‌দাহ হইতে লাগিল, বিনা বৃষ্টিতে বজ্রপাত হইতে থাকিল এবং ভীষণ প্রবল বায়ু বহিতে লাগিল ॥৫॥

পশু ও পক্ষিগণ মহাভয়ের সূচনা করিতে থাকিয়া আপনার সৈন্যের বাম দিক্ দিয়া বার বার গমন করিতে থাকিল ॥৬॥

কর্ণ গমন করিতে লাগিলে, তাঁহার রথের অশ্বগণ পদস্খলিত হইয়া ভূতলে পতিত হইল এবং আকাশ হইতে ভয়ঙ্কর অস্থিবৃষ্টি হইতে লাগিল ॥৭॥

নরনাথ! কৌরবগণের অস্ত্রগুলি জ্বলিতে লাগিলে, ধ্বজগুলি কাঁপিতে থাকিল এবং বাহনগুলি অশ্রু বিসর্জন করিতে লাগিল ॥৮॥

মাননীয় রাজা! তখন কৌরবগণের বিনাশসূচনা করিবার জন্য এই সকল এবং অন্যও বহুতর দারুণ উৎপাত উৎপন্ন হইতে থাকিল ॥৯॥

(৮) জজ্বলুশ্চৈব সর্ব্বাণি…পি। (৯)…উৎপাতাস্তত্র দারুণাঃ…পি বর্দ্ধ বা।

শল্যেন সহিতং দৃষ্ট্বা কর্ণমাহবশোভিনম্।
নির্জ্জিতান্ পাণ্ডবাংশ্চৈব মেনিরে তত্র কৌরবাঃ ॥১১॥
ততো রথস্থঃ পরবীরহন্তা ভীষ্মদ্রোণাবস্তবীর্য্যৌ সমীক্ষ্য।
সমুজ্জ্বলদ্ভাস্করপাবকাভো বৈকর্ত্তনোঽসৌ রথকুঞ্জরো নৃপ ! ॥১২॥
স শল্যমাভাষ্য জগাদ বাক্যং পার্থস্য কর্ম্মাপ্রতিমং বিচিন্ত্য।
মানেন দর্পেণ বিদহ্যমানঃ ক্রোধেন দীপ্যন্নিব নিশ্বসংশ্চ ॥১৩॥ (যুগ্মকম্)
নাহং মহেন্দ্রাদপি বজ্রপাণেঃ ক্রুদ্ধাদ্বিভেম্যাত্তধনূ রথস্থঃ।
দৃষ্ট্বাপি ভীষ্মপ্রমুখান্ শয়ানান্ ন ত্বেব মাং সা স্থিরতা জহাতি ॥১৪॥

ভারতকৌমুদী

শল্যেনেতি। আহবশোভিনং বীরশ্রিয়ঃ ॥১১॥

তত ইতি। অস্তবীর্য্যৌ পতনেনৈব নষ্টশক্তিকৌ নিহতাবিত্যর্থঃ, সমীক্ষ্য মনসা পর্য্যালোচ্য। সমুজ্জ্বলতোর্ভাস্করপাবকয়োরাভেব আভা যস্য সঃ, বৈকর্ত্তনঃ কর্ণঃ, রথকুঞ্জরো রথিশ্রেষ্ঠঃ। পার্থস্য অর্জ্জুনস্য, কর্ম্ম জয়দ্রথবধাদিকম্। দীপ্যন্ অন্তর্জ্বলন্ ॥১২—১৩॥

নেতি। আত্তধনুঃ গৃহীতকার্ম্মুকঃ। সা প্রাচীনা, স্থিরতা ধৈর্য্যম্, জহাতি ত্যজতি ॥১৪॥

ভারতভাবদীপঃ

দৃষ্ট্বেতি ॥১॥ তরস্বিনামশ্বাদীনাম্ ॥২—৩॥ বদান্ শব্দং চকার, ররাসেতি পাঠেঽপি স এবার্থঃ। নিঃসরন্তো যুদ্ধার্থমিতি শেষঃ। সূর্য্যাং সূর্য্যমারভ্য সূর্য্যোদয়োঽয়মিত্যর্থঃ ॥৪—১১॥ ভীষ্মদ্রোণৌ অতিক্রান্তং বীর্য্যং যয়োস্তাবতিবীর্য্যৌ সমীক্ষ্য স্বকৃত্যমালোচ্য জগাদেত্যুত্তরেণান্বয়ঃ ॥১২॥ আভাষ্য ভোঃ শল্য ! ইতি সম্বোধ্য ॥১৩॥ অস্থিরতা জহাতীত্য—

কিন্তু দৈবমোহিত কৌরবেরা তাহা গণনা করিলেন না ; পরন্তু রাজারা প্রস্থিত কর্ণকে লক্ষ্য করিয়া জয়ধ্বনি করিতে লাগিলেন ॥১০॥

বিশেষতঃ কৌরবেরা তখন যুদ্ধশোভী কর্ণকে শল্যের সহিত সম্মিলিত দেখিয়া পাণ্ডবগণকে পরাজিত বলিয়া মনে করিতে থাকিলেন ॥১১॥

রাজা ! তাহার পর প্রকাশমান সূর্য্য ও অগ্নির ন্যায় তেজস্বী, রথিশ্রেষ্ঠ ও বিপক্ষবীরহন্তা রথস্থিত কর্ণ ভীষ্ম ও দ্রোণ নিহত হইয়াছেন ভাবিয়া, অর্জ্জুনের অতুলনীয় কার্য্যের বিষয় চিন্তা করিয়া, অভিমানে ও দর্পে দগ্ধ হইতে থাকিয়া, ক্রোধে যেন জ্বলিতে লাগিয়া এবং নিশ্বাস ত্যাগ করিতে করিতে শল্যকে সম্বোধন করিয়া এই কথা বলিলেন—॥১২—১৩॥

(১১) পূর্ব্বার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ বা নাস্তি। (১২)…অতিবীর্য্যৌ সমীক্ষ্য…বা নি, সমুজ্জ্বলন্ ভাস্করপাবকাভঃ…নি। (১৩)…কর্ম্মাতিশয়ং বিচিন্ত্য…নিশ্বসিত্বা…পি বঙ্গ বর্দ্ধ। (১৪)… দৃষ্ট্বা তু ভীষ্মপ্রমুখান্ শয়ানানদ্যৈব মাং হ্যস্থিরতা জহাতি—পি বর্দ্ধ বা।

মহেন্দ্রবিষ্ণুপ্রতিমাবনিন্দিতৌ রথাশ্বনাগপ্রবরপ্রমাথিনৌ।
অবধ্যকল্পৌ নিহতৌ যদা পরৈস্তথাপি মে নাস্তি রণেঽদ্য সাধ্বসম্ ॥১৫॥
সমীক্ষ্য সংখ্যেঽতিবলান্ নরাধিপান্ সসূতমাতঙ্গরথান্ পরৈর্হতান্।
কথং ন সর্বানহিতান্ রণেঽবধীন্মহাস্ত্রবিদ্ব্রাহ্মণপুঙ্গবো গুরুঃ ॥১৬॥
স সংস্মরন্ দ্রোণমহং মহাহবে ব্রবীমি সত্যং কুরবো নিবোধত।
ন বো মদন্যঃ প্রসহেদ্রণেঽর্জ্জুনং সমাগতং মৃত্যুবিবোগ্ররূপিণম্ ॥১৭॥
শিক্ষাঽপ্রমাদশ্চ বলং ধৃতিশ্চ দ্রোণে মহাস্ত্রাণি চ সন্নতিশ্চ।
স চেদগান্মৃত্যুবশং মহাত্মা সর্বানন্যানাতুরানদ্য মন্যে ॥১৮॥
নেহ ধ্রুবং কিঞ্চিদপি প্রচিন্তয়ন্ বিদ্যাং লোকে কর্ম্মণোঽনিত্যযোগাৎ।
সূর্য্যোদয়ে কো হি বিমুক্তসংশয়ো ভাবং কুর্বীতাদ্য গুরৌ নিপাতিতে ॥১৯॥

ভারতকৌমুদী

মহেন্দ্রেতি। রথাশ্বনাগপ্রবরান্ প্রমথ্নীতো বিনাশয়ত ইতি তৌ। সাধ্বসং ভয়ম্ ॥১৫॥
সমীক্ষ্যেতি। সংখ্যে যুদ্ধে। অহিতান্ শত্রূন্। গুরুর্দ্রোণঃ ॥১৬॥
স ইতি। দ্রোণং নিহতমিতি শেষঃ। হে কুরবঃ! নিবোধত যূয়ং শৃণুত ॥১৭॥
শিক্ষেতি। অপ্রমাদঃ সাবধানতা, ধৃতির্ধৈর্য্যম্। সন্নতির্গুরৌ। আতুরান্ ভয়ার্ত্তান্ ॥১৮॥

'আমি ধনু ধারণ করিয়া রথে থাকিয়া ক্রুদ্ধ ও বজ্রহস্ত ইন্দ্র হইতেও ভীত হই না এবং ভীষ্মপ্রভৃতি বীরগণকে ধরাশায়ী দেখিয়াও সে ধৈর্য্য আমি ত্যাগ করি না ॥১৪॥

ইন্দ্র ও বিষ্ণুর তুল্য শক্তিশালী, অনিন্দিতস্বভাব, যুদ্ধে উত্তম রথ, অশ্ব ও হস্তি-বিনাশক এবং অবধ্যকল্প ভীষ্ম ও দ্রোণকে যে বিপক্ষেরা বধ করিয়াছে, তথাপি যুদ্ধে আজ আমার ভয় নাই ॥১৫॥

কিন্তু বিপক্ষেরা যুদ্ধে সারথি, রথ ও হস্তীর সহিত মহাবল রাজগণকে বধ করিয়াছে ইহা দেখিয়াও মহাস্ত্রবিৎ ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ যুদ্ধে সমস্ত শত্রুকে বধ করেন নাই কেন? ॥১৬॥

অতএব মহাযুদ্ধে দ্রোণ নিহত হইয়াছেন ইহা স্মরণ করিয়া আমি সত্য বলিতেছি; হে কৌরবগণ! আপনারা শ্রবণ করুন—আপনাদের মধ্যে আমি ভিন্ন অন্য কেহই যুদ্ধে সমাগত মৃত্যুর ন্যায় ভীষণমূর্ত্তি অর্জ্জুনকে সহ্য করিতে পারেন না ॥১৭॥

দ্রোণে শিক্ষা, সাবধানতা, শক্তি, ধৈর্য্য, মহাস্ত্র সকল ও গুরুজনের নিকট

(১৫।···ততো মমাপ্যস্তি রণেঽদ্য সাধ্বসম্—পি বর্দ্ধ,···ততো ন মেঽপ্যস্তি রণেঽদ্য সাধ্বসম্—বা।

ন নূনমস্ত্রাণি বলং পরাক্রমঃ ক্রিয়া সুনীতং পরমায়ুধানি বা।
অলং মনুষ্যস্য সুখায় বর্ত্তিতুং তথাহি যুদ্ধে নিহতঃ পরৈর্গুরুঃ ॥২০॥
হুতাশনাদিত্যসমানতেজসং পরাক্রমে বিষ্ণুপুরন্দরোপমম্।
নয়ে বৃহস্পত্যুশনঃসমং সদা ন চৈনমস্ত্রং তদপাৎ সুদুঃসহম্ ॥২১॥
সংপ্রাক্রুষ্টে রুদিতে স্ত্রীকুমারে পরাভূতে পৌরুষে ধার্ত্তরাষ্ট্রে।
ময়া কৃত্যমিতি জানামি শল্য! প্রয়াহি তস্মাদ্দ্বিষতামনীকম্ ॥২২॥

ভারতকৌমুদী

সংসারিণামনিত্যতাং বিবৃণোতি নেতি। অহং প্রচিন্তয়ন্ সংসারাবস্থাং পর্য্যালোচয়ন্, কর্ম্মণঃ পুণ্যস্য পাপস্য চ, অনিত্যযোগাদনিত্যসম্বন্ধদর্শনাৎ, ইহ লোকে কিঞ্চিদপি বস্তু ধ্রুবং নিত্যং ন, ইতি বিদ্যাং জানীয়াম্। কর্ম্মণোরনিত্যতয়া তাভ্যাং লব্ধসত্তাকং বস্ত্বপ্যনিত্যমিতি ভাবঃ। তথা চ অস্য গুরৌ অমরকল্পে দ্রোণেঽপি নিপাতিতেঽস্তি, কো নাম জনো বিমুক্তসংশয়ঃ সন্, সূর্য্যোদয়ে পরপ্রভাতে, ভাবমাত্মনঃ স্থায়িত্বাবধারণং কুর্বীত ॥১৯॥

নেতি। অস্ত্রাণি সাধারণানি। ক্রিয়া ধর্ম্মকার্য্যম্, সুনীতং সুকৌশলম্, পরমায়ুধানি ব্রাহ্মাদীনি। নালং ন সমর্থানি, সুখায় সুখজননায়, বর্ত্তিতুং যোগ্যানি ভবিতুম্। নিহতঃ, এষু সৎস্বপীতি ভাবঃ ॥২০॥

হুতেতি। নয়ে নীতৌ, উশনা শুক্রঃ। অপাৎ অরক্ষৎ রক্ষিতুমশকোৎ ॥২১॥

ভারতভাবদীপঃ

চক্রলোঽস্মীত্যর্থঃ ॥১৪॥ ততোঽপি মেঽস্য সাধ্বসং ভয়ং নাস্তীতি যোজনা ॥১৫—১৭॥ আতুরানাসন্নমৃত্যূন্ ॥১৮॥ বিদ্যাং জানীয়াম্, ভাবং শ্বোঽহং স্থাস্যামীতি নিশ্চয়ম্ ॥১৯॥ অস্ত্রাদীনি মনুষ্যস্য সুখায় বর্ত্তিতুং নালমিতি সম্বন্ধঃ ॥২০॥ উশনোঃ উশনসোঃ, উপাত্ত

নম্রভাব এ সমস্তই ছিল, তথাপি সেই মহাত্মা যে মৃত্যুর বশীভূত হইয়াছেন, তাহাতে অন্য সকলকেই আমি ভয়ার্ত্ত বলিয়া মনে করিতেছি ॥১৮॥

কর্ম্ম অনিত্য বলিয়া এই জগতে কিছুই নিত্য নহে ইহা চিন্তা করিয়া আমি বুঝিতে পারি। কারণ, আজ দ্রোণ নিপাতিত হওয়ায় কোন্ লোক নিঃসন্দেহ হইয়া বলিতে পারে যে, পর সূর্য্যোদয়কালে আমি বাঁচিয়া থাকিব ॥১৯॥

বল, পরাক্রম, ধর্ম্মকার্য্য, সুকৌশল, সাধারণ অস্ত্র, কিংবা পরমাস্ত্র এগুলি নিশ্চয়ই মানুষের সুখ উৎপাদন করিতে সমর্থ হয় না। কারণ, এগুলি থাকাসত্ত্বেও দ্রোণাচার্য্য যুদ্ধে শত্রুহস্তে নিহত হইয়াছেন ॥২০॥

দ্রোণাচার্য্য—সূর্য্য ও অগ্নির সমান তেজস্বী, পরাক্রমে বিষ্ণু ও ইন্দ্রের তুল্য এবং নীতিবিষয়ে সর্ব্বদা বৃহস্পতি ও শুক্রের সদৃশ ছিলেন; তথাপি সে অতিদুঃসহ অস্ত্রও তাঁহাকে রক্ষা করিতে পারে নাই ॥২১॥

(২১)…সমানবর্চ্চসম্…পি,…তদপাত্ত দুঃসহম্—বা নি।

যত্র রাজা পাণ্ডবঃ সত্যসন্ধো ব্যবস্থিতৌ ভীমসেনার্জ্জুনৌ চ।
বাসুদেবঃ সাত্যকিঃ সৃঞ্জয়াশ্চ যমৌ চ কস্তান্ বিষহেন্মদন্যঃ ॥২৩॥
তস্মাৎ ক্ষিপ্রং মদ্রপতে! প্রয়াহি রণে পাঞ্চালান্ পাণ্ডবান্ সৃঞ্জয়াংশ্চ।
তান্ বা হনিষ্যামি সমেত্য সংখ্যে যাস্যামি বা দ্রোণপথা যমায় ॥২৪॥
ন ত্বেবাহং ন গমিষ্যামি মধ্যং তেষাং শূরাণামিতি মাং শল্য! বিদ্ধি।
মিত্রদ্রোহো মর্ষণীয়ো ন মেঽয়ং ত্যক্ত্বা প্রাণাননুযাস্যামি দ্রোণম্ ॥২৫॥

ভারতকৌমুদী

সমিতি। সংপ্রাক্রুষ্টে রক্ষকমাহূতবতি সৈন্যে। ধার্ত্তরাষ্ট্রে দুর্য্যোধনীয়ে। কৃত্যং সাহায্যম্ ॥২২॥

যত্রেতি। সত্যসন্ধো যুধিষ্ঠিরঃ। যমৌ নকুলসহদেবৌ ॥২৩॥

তস্মাদিতি। দ্রোণপথেতি অদন্তত্বাভাব আর্ষঃ, যমায় যমলোকায় ॥২৪॥

নেতি। তেষাং মধ্যে অগমনে মিত্রদ্রোহঃ স্যাৎ স চ মে ন মর্ষণীয়ঃ ন সহ্যঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

উপাতিষ্ঠত ত্রাতুমিতি শেষঃ। অস্ত্রমস্ত্রাদি ॥২১॥ সমাক্রুষ্টে সম্যগাক্রোশবতি পরাভূতে নিরস্তে ধার্ত্তরাষ্ট্রে ধৃতরাষ্ট্রপুত্রসম্বন্ধিনি পৌরুষে যত্নে ॥২২—২৩॥ দ্রোণপথা দ্রোণপথেন ॥২৪॥ তেষাং ভীষ্মাদীনাং মধ্যে ন গমিষ্যামীতি নাপি তু গমিষ্যাম্যেবেত্যর্থঃ। সংগ্রামাৎ পলায়নে

দ্রোণ নিহত হইলে, সৈন্যেরা উচ্চস্বরে রক্ষক আহ্বান করিতে লাগিল, স্ত্রীলোক ও বালকেরা কাঁদিতে থাকিল এবং দুর্য্যোধনের পুরুষকার পরাভূত হইয়া গেল; তখন আমি বুঝিলাম—এখন আমার সাহায্য করা কর্ত্তব্য। অতএব মদ্ররাজ! আপনি শত্রুসৈন্যমধ্যে গমন করুন ॥২২॥

যেখানে সত্যপ্রতিজ্ঞ রাজা যুধিষ্ঠির, ভীমসেন ও অর্জ্জুন অবস্থান করিতেছেন এবং কৃষ্ণ, সাত্যকি, সৃঞ্জয়গণ, নকুল ও সহদেব রহিয়াছেন। কেন না, আমি ভিন্ন কে তাঁহাদিগকে সহ্য করিবে ॥২৩॥

অতএব মদ্ররাজ! আপনি সত্বর যুদ্ধে পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়গণের দিকে গমন করুন। আমি যুদ্ধে উপস্থিত হইয়া তাঁহাদিগকে বধ করিব, কিংবা দ্রোণের পথে যমলোকে যাইব ॥২৪॥

আমি সেই বীরগণের মধ্যে যাইব না এমন নহে। কেন না, এ মিত্রদ্রোহ আমার সহ্য হইবে না। সুতরাং শল্য! আপনি অবগত হউন যে, আমি প্রাণত্যাগ করিয়া দ্রোণের অনুসরণ করিব ॥২৫॥

(২৪)···দ্রোণমুখো যমায়—পি বা নি।

প্রাজ্ঞস্য মূঢ়স্য চ জীবিতান্তে নাস্তি প্রমোক্ষোঽন্তকসংকৃতস্য।
অতো বিদ্বন্নভিযাস্যামি পার্থান্ দিষ্টং ন শক্যং ব্যতিবর্ত্তিতুং বৈ ॥২৬॥
কল্যাণবৃত্তঃ সততং হি রাজা বৈচিত্রবীর্য্যস্য সুতো মমাসীৎ।
তস্যার্থসিদ্ধ্যর্থমহং ত্যজামি প্রিয়ান্ প্রাণান্ দুস্ত্যজং জীবিতঞ্চ ॥২৭॥
বৈয়াঘ্রচর্ম্মাণমকূজনাক্ষং হৈমত্রিকোষং রজতত্রিবেণুম্।
রথপ্রবর্হং তুরগপ্রবর্হৈর্যুক্তং প্রাদান্মহ্যমিমং হি রামঃ ॥২৮॥
ধনূংষি চিত্রাণি নিরীক্ষ্য শল্য! ধ্বজান্ গদাঃ সায়কাংশ্চোগ্ররূপান্।
অসিঞ্চ দীপ্তং পরমায়ুধঞ্চ শঙ্খঞ্চ শুভ্রং স্বনবন্তমুগ্রম্ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথ প্রাজ্ঞস্তং কথং যমলোকং যাস্যসীত্যাহ প্রাজ্ঞস্যেতি। প্রমোক্ষো নিস্তারঃ, অন্তক-সংকৃতস্য যমাদরণাৎ। অতো মমাপি জীবনান্তে তত্র গমনং ধ্রুবমেবেতি ভাবঃ। দিষ্টং দৈবম্ ॥২৬॥

কল্যাণেতি। কল্যাণবৃত্তো মম মঙ্গলসাধনে নিরতঃ। বৈচিত্রবীর্য্যস্য ধৃতরাষ্ট্রস্য ॥২৭॥

বৈয়াঘ্রেতি। রামো মদ্গুরুর্জামদগ্ন্যঃ, ব্যাঘ্রস্যেদং বৈয়াঘ্রং চর্ম্ম আবরণভূতং যস্মিন্ তম্, অকূজনা নিঃশব্দা অক্ষাশ্চক্রাণি যস্য তম্। এতেনেদানীমিব তদানীমপি তাদৃশমুপাদানমাসী-দিতি মন্তব্যম্। হৈমাঃ স্বর্ণময়াস্ত্রয়ঃ কোষা ধনাদিস্থাপনপাত্রাণি যত্র তম্, রজতস্য ত্রয়ো বেণবো দণ্ডা যত্র তঞ্চ, তুরগাণাং প্রধানৈর্যুক্তম্, ইমং রথেষু প্রবর্হং শ্রেষ্ঠম্, মহ্যং সন্তোষেণ প্রাদাৎ। তথা নিরীক্ষ্য তত্তদস্ত্রগণমধ্যে বিশেষেণালোক্য রাম এব প্রাদাৎ। পরমায়ুধং ব্রাহ্মাস্ত্রাদিকম্ ॥২৮—২৯॥

মানুষ প্রাজ্ঞই হউক বা মূর্খই হউক, তাহার জীবনাবসানে যমের ব্যবহার হইতে নিস্তার নাই। সুতরাং প্রাজ্ঞ মদ্ররাজ! আমি পাণ্ডবগণের অভিমুখে যাইব। কারণ, কেহই দৈবকে অতিক্রম করিতে পারে না ॥২৬॥

রাজা দুর্য্যোধন সর্বদাই আমার মঙ্গলসাধনে প্রবৃত্ত রহিয়াছেন। সুতরাং তাঁহার কার্য্যসাধনের জন্য আমি প্রিয়তম প্রাণ এবং দুস্ত্যজ জীবনও ত্যাগ করিব ॥২৭॥

মদ্ররাজ! গুরুদেব পরশুরাম সন্তুষ্ট হইয়া আমাকে এই উত্তম রথখানি দান করিয়াছিলেন; ইহাতে ব্যাঘ্রচর্ম্মের আবরণ আছে, ইহার চক্রগুলি শব্দ করে না, আর ইহাতে তিনটী স্বর্ণময় কোষ, তিনটী রৌপ্যময় দণ্ড এবং উত্তম চারিটী অশ্ব রহিয়াছে; তা'র পর তিনি বিশেষভাবে দেখিয়া বিচিত্র ধনু, ধ্বজ, গদা, ভীষণ বাণ, উজ্জ্বল অসি, উত্তম অস্ত্র এবং ভীষণশব্দকারী শুভ্রবর্ণ একটী শঙ্খও দিয়াছিলেন ॥২৮—২৯॥

(২৬)···অন্তকসন্নিভস্য···নি। (২৭) কল্যাণবৃত্তিঃ···বর্দ্ধ,···অস্যার্থসিদ্ধ্যর্থং···প্রিয়ান্ ভোগান্···পি।

পতাকিনং বজ্রনিপাতনিস্বনং সিতাশ্বযুক্তং শুভতূণশোভিনম্।
ইমং সমাস্থায় রথং রথর্ষভং রণে হনিষ্যাম্যহমর্জ্জুনং বলাৎ ॥৩০॥
তঞ্চেন্মৃত্যুঃ সর্বহরোঽভিরক্ষেৎ সদাঽপ্রমত্তঃ সমরে পাণ্ডুপুত্রম্।
তং বা হনিষ্যামি সমেত্য যুদ্ধে যাস্যামি বা ভীষ্মমুখো যমায় ॥৩১॥
যমবরুণকুবেরবাসবা যদি যুগপৎ সগণা মহাহবে।
জুগুপিষব ইহেত্য পাণ্ডবং কিমু বহুনা সহ তৈর্জয়ামি তম্ ॥৩২॥

সঞ্জয় উবাচ।

ইতি রণরভসস্য কত্থতস্তদুপনিশম্য বচঃ স মদ্ররাট্।
অবহসদবমন্য বীর্য্যবান্ প্রতিনিষিধে চ জগাদ চোত্তরম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

পতাকিনমিতি। বজ্রস্য নিপাতো নিপাতনিস্বন ইব নিস্বনো যস্য তম্। ইদন্তু ইচ্ছা-বশাৎ, অতএবাকুজনাক্ষমিত্যনেন ন বিরোধঃ। সমাস্থায় সমারুহ্য, রথর্ষভং রথশ্রেষ্ঠম ॥৩০॥

তমিতি। অপ্রমত্তঃ প্রাণিনাং প্রাণহরণে সাবধানঃ। ভীষ্মমুখো ভীষ্মাভিমুখঃ ॥৩১॥

যমেতি। সগণাঃ অনুচরসহিতাঃ। জুগুপিষবঃ গোপিতুং রক্ষিতুমিচ্ছবো ভবন্তি ॥৩২॥

ইতীতি। বীর্য্যবান্ মদ্ররাট্ চ স শল্যঃ, রণায় যুদ্ধকরণায় রভসস্য বেগবতঃ, কত্থতঃ কত্থমানস্য আত্মশ্লাঘাং কুর্ব্বতঃ কর্ণস্য, ইতি পূর্ব্বোক্তপ্রকারং তদ্বচঃ, উপনিশম্য, অবমন্য অবজ্ঞায়, অবহসৎ। অডাগমাভাব আর্ষঃ। ইদং পুনরুক্তং প্রতিনিষিধে চ উত্তরং জগাদ চ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

হি মিত্রস্য দুর্য্যোধনস্য দ্রোহঃ কৃতঃ স্যাত্তচ্চাসাহ্যম্ ॥২৫॥ জীবিতান্তে আয়ুষঃ সমাপ্তৌ, প্রমোক্ষো মৃত্যুনিবর্ত্তনম্ ॥২৬—২৭॥ বৈয়াঘ্রচর্ম্মাণং ব্যাঘ্রচর্ম্মপরিবৃতম্ ॥২৮—৩০॥ অপ্রমত্ত

পতাকাশালী, বজ্রপতনশব্দতুল্যশব্দকারী, শ্বেতাশ্বযুক্ত ও সুন্দরতূণশোভিত এই উত্তম রথে আরোহণ করিয়া আমি বলপূর্ব্বক যুদ্ধে অর্জ্জুনকে বধ করিব ॥৩০॥

আমি যুদ্ধে উপস্থিত হইয়া অর্জ্জুনকে বধ করিব; কিন্তু সর্ব্বহারী ও সর্ব্বদা সাবধান মৃত্যু যদি যুদ্ধে সেই অর্জ্জুনকে রক্ষা করেন, তবে ভীষ্মাভিমুখী হইয়া যমলোকে যাইব ॥৩১॥

অধিক বলিয়া কি হইবে; যম, বরুণ, কুবের এবং ইন্দ্রও যদি অনুচরগণের সহিত আসিয়া এই মহাযুদ্ধে অর্জ্জুনকে রক্ষা করিতে ইচ্ছা করেন, তথাপি আমি তাঁহাদের সহিতই অর্জ্জুনকে জয় করিব' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'বলবান্ মদ্ররাজ শল্য—যুদ্ধোৎসাহী ও আত্মশ্লাঘাকারী কর্ণের

(৩২)···জুগুপ্সব ইহেত্য···পি,···জুগুপুরিহ সমেত্য···নি।

শল্য উবাচ।

বিরম বিরম কর্ণ! কত্থনাদতিরভসোঽতি চাপ্যযুক্তবাক্।
ক চ হি নরবরো ধনঞ্জয়ঃ ক পুনরহো পুরুষাধমো ভবান্ ॥৩৪॥
যদুসদনমুপেন্দ্রপালিতং ত্রিদিবমিবামররাজরক্ষিতম্।
প্রসভমভিবিলোড্য কো হরেৎ পুরুষবরাবরজামৃতেঽর্জ্জুনাৎ ॥৩৫॥
ত্রিভুবনসৃজমীশ্বরেশ্বরং ক ইহ পুমান্ ভবমাহ্বয়েদ্যুধি।
মৃগবধকলহে ঋতেঽর্জ্জুনাৎ সুরপতিবীর্য্যসমপ্রভাবতঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

বিরমেতি। কত্থনাৎ ঈদৃশাত্মশ্লাঘাকরণাৎ, অতিরভসঃ ত্বমতীবগর্বিতোঽসি, অতি অতি-শয়েন অযুক্তবাক্ অপি চাসি। পুরুষাধমঃ নিকৃষ্টজাতিজাতত্বাদিতি ভাবঃ ॥৩৪॥

সুভদ্রাহরণমুদাহরতি যদিতি। অর্জ্জুনাৎ ঋতে বিনা, কো জনঃ, প্রসভং বলেন, অমর-রাজেন ইন্দ্রেণ রক্ষিতং ত্রিদিবং স্বর্গমিব, উপেন্দ্রেণ কৃষ্ণেন পালিতং যদুসদনং যাদবগৃহং দ্বারকামিত্যর্থঃ, অভিবিলোড্য, পুরুষবরস্য কৃষ্ণস্য অবরজামনুজাং সুভদ্রাং হরেৎ হর্ত্তুং শক্নুয়াৎ কোঽপি নেত্যর্থঃ ॥৩৫॥

শিবেন সহার্জ্জুনযুদ্ধমাহ ত্রীতি। ইহ জগতি, সুরপতেরিন্দ্রস্য যদ্বীর্য্যং প্রভাবস্তৎসমঃ প্রভাবো যস্য তস্মাৎ অর্জ্জুনাৎ, ঋতে বিনা, কঃ পুমান্, মৃগবধেন বরাহরূপিণো মূকদানবস্য বধেন যঃ কলহো বিবাদস্তস্মিন্, যুধি তন্নিবন্ধনে যুদ্ধে, ত্রিভুবনসৃজং ত্রিজগৎসৃষ্টিকর্ত্তারম্, ঈশ্বরাণামিন্দ্রাদীনামপি ঈশ্বরম্, ভবং মহাদেবম্, আহ্বয়েৎ, অপি তু কোঽপি ন ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ইতি চ্ছেদঃ। ভীষ্মমুখো ভীষ্মাভিমুখঃ ॥৩১॥ জুগুপিষবো গোপ্তুমিচ্ছবঃ ॥৩২॥ রণরভসস্য রণোৎকটস্য ॥৩৩॥ অতিরভসোঽপি ত্বমতিবাচং স্বসামর্থ্যাদধিকাম্ ॥৩৪॥ পুরুষবরস্য

এইরূপ সেই সকল বাক্য শুনিয়া অবজ্ঞাপূর্ব্বক তাঁহাকে উপহাস করিলেন; পুনরায় সেরূপ বলিতে নিষেধ করিলেন এবং উত্তর বলিতে লাগিলেন ॥৩৩॥

শল্য কহিলেন—'কর্ণ! তুমি আত্মশ্লাঘা হইতে বিরত হও, বিরত হও; তুমি বড়ই গর্বিত, বড়ই অসঙ্গতভাষী। কারণ, পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনই বা কোথায়, আর পুরুষাধম তুমিই বা কোথায় ॥৩৪॥

দেখ—অর্জ্জুন ব্যতীত কোন্ ব্যক্তি ইন্দ্ররক্ষিত স্বর্গের ন্যায় কৃষ্ণরক্ষিত দ্বারকা-নগরীকে বলপূর্ব্বক আলোড়ন করিয়া কৃষ্ণেরই কনিষ্ঠা ভগিনী সুভদ্রাকে হরণ করিতে পারে? ॥৩৫॥

এবং ইন্দ্রের তুল্য প্রভাবশালী অর্জ্জুন ব্যতীত এই জগতে কোন্ ব্যক্তি বরাহরূপী মূকদানবের বধবিবাদে ত্রিজগতের সৃষ্টিকর্ত্তা এবং লোকপালগণেরও অধীশ্বর মহাদেবকে যুদ্ধে আহ্বান করিতে পারে? ॥৩৬॥

অসুরসুরমহোরগান্ নরান্ গরুড়পিশাচযক্ষরাক্ষসান্।
ইষুভিরজয়দগ্নিগৌরবাৎ স্বভিলষিতঞ্চ হবির্দদৌ জয়ঃ ॥৩৭॥
স্মরসি ননু যদা পরৈর্হৃতঃ স চ ধৃতরাষ্ট্রসুতোঽপি মোক্ষিতঃ।
দিনকরসদৃশৈঃ শরোত্তমৈর্যুধা কুরুষু বহূন্ বিনিহত্য তানরীন্ ॥৩৮॥
প্রথমমপি পলায়িতে ত্বয়ি প্রিয়কলহা ধৃতরাষ্ট্রসূনবঃ।
স্মরসি ননু যদা প্রমোচিতাঃ খচরগণানবজিত্য পাণ্ডবৈঃ ॥৩৯॥
সমুদিতবলবাহনাঃ পুনঃ পুরুষবরেণ জিতাঃ স্থ গোগ্রহে।
সগুরুগুরুসুতাঃ সভীষ্মকাঃ কিমু ন জিতঃ স তদা ত্বয়ার্জ্জুনঃ ॥৪০॥

ভারতকৌমুদী

খাণ্ডবদাহমুদাহরতি অসুরেতি। গরুড়পদং তদ্বংশজাতপক্ষিপরম্। অগ্নিগৌরবাৎ অগ্নিং প্রতি গুরুত্বজ্ঞানাৎ, স্বভিলষিতম্ অগ্নেঃ সম্যগভীষ্টম্, হবির্দাহ্যং খাণ্ডবম্, জয়োঽর্জ্জুনঃ ॥৩৭॥

ঘোষযাত্রায়ামর্জ্জুনবিক্রমং প্রকটয়তি স্মরসীতি। পরৈর্গন্ধর্বৈঃ। ধৃতরাষ্ট্রসুতো দুর্য্যোধনঃ, মোক্ষিতঃ অর্জ্জুনেনৈব। দিনকরসদৃশৈরুজ্জ্বলৈঃ। কুরুষু কুরুজাঙ্গলদেশে। তান্ গন্ধর্বান্ ॥৩৮॥

তত্রৈব ঘোষযাত্রায়াং কর্ণস্য লজ্জাকরং পলায়নং পাণ্ডবানাং বিক্রমঞ্চাহ প্রথমমিতি। ধৃতরাষ্ট্রস্য সূনবঃ পুত্রা দুঃশাসনাদয়ঃ। খচরগণান্ গগনগামিনো গন্ধর্বগণান্ ॥৩৯॥

উত্তরগোগ্রহে কৌরবাণামর্জ্জুনেন পরাজয়ং ব্যনক্তি সমুদিতেতি। হে কর্ণ! পুনর্গোগ্রহে উত্তরে, সমুদিতানি সমুদায়েন সমবেতানি বলানি সৈন্যানি বাহনানি গজাদীনি যেষাং তে, গুরুণা দ্রোণেন গুরুসুতেন অশ্বত্থাম্না চ সহেতি তে, ভীষ্মেণ সহেতি তে চ তাদৃশা যূয়ম্, পুরুষবরেণার্জ্জুনেন, জিতাঃ স্থ। কিন্তু তদা ত্বয়া সঃ অর্জ্জুনঃ কিমু ন জিতঃ ॥৪০॥

অর্জ্জুন অগ্নিদেবের গৌরব বুঝিয়া বাণদ্বারা দেবতা, অসুর, মহানাগ, মানুষ, পক্ষী, পিশাচ, যক্ষ ও রাক্ষসগণকে জয় করিয়াছিলেন এবং অগ্নির বিশেষ অভীষ্ট হবি (দাহ্য খাণ্ডবন) দান করিয়াছিলেন ॥৩৭॥

ওহে কর্ণ! তোমার স্মরণ হয় কি? যখন কুরুজাঙ্গলে (ঘোষযাত্রার সময়ে) গন্ধর্ব্বেরা সেই দুর্য্যোধনকেও হরণ করিয়া লইয়া চলিয়াছিল, তখন এই অর্জ্জুনই সূর্য্যের ন্যায় উজ্জ্বল উত্তম উত্তম বাণদ্বারা সেই বহু শত্রুকে বধ করিয়া দুর্য্যোধনকে মুক্ত করিয়াছিলেন ॥৩৮॥

সেই যুদ্ধে যখন তুমি প্রথমেই পলায়ন করিয়াছিলে, তখন পাণ্ডবেরাই গন্ধর্ব্বগণকে জয় করিয়া কলহপ্রিয় ধৃতরাষ্ট্রপুত্রগণকে মুক্ত করিয়াছিলেন, তাহা তুমি স্মরণ কর কি? ॥৩৯॥

আবার যখন তোমরা সমগ্র সৈন্য ও বাহন সঙ্গে লইয়া এবং ভীষ্ম, দ্রোণ ও

---

(৩৮)···সুতো বিমোক্ষিতঃ। অধিরথজ! নরোত্তমৈর্যুতান্···নি।

ইদমপরমুপস্থিতং পুনস্তব নিধনায় সুযুদ্ধমদ্য বৈ।
যদি ন রিপুভয়াৎ পলায়সে সমরগতোঽদ্য হতোঽসি সূতজ! ॥৪১॥

সঞ্জয় উবাচ।

ইতি বহু পরুষং প্রভাষতি প্রমনসি মদ্রপতৌ রিপুস্তবম্।
ভৃশমভিরুষিতঃ পরন্তপঃ কুরুপৃতনাপতিরাহ মদ্রপম্ ॥৪২॥

কর্ণ উবাচ।

ভবতু ভবতু কিং বিকত্থসে ননু মম তস্য চ যুদ্ধমুদ্যতম্।
যদি স জয়তি মামিহাহবে তত ইদমস্তু সুকত্থিতং তব ॥৪৩॥

সঞ্জয় উবাচ।

এবমস্ত্বিতি মদ্রেশ উক্ত্বা নোত্তরমুক্তবান্।
যাহি শল্যেতি চাপ্যেনং কর্ণঃ প্রাহ যুযুৎসয়া ॥৪৪॥

ভারতকৌমুদী

কর্ণমমঙ্গলং শ্রাবয়তি ইদমিতি। সুযুদ্ধং মহাযুদ্ধম্। হত ইত্যতীতনির্দ্দেশো ধ্রৌব্যার্থঃ ॥৪১॥

ইতীতি। প্রমনসি যুধিষ্ঠিরাদিকে কৃতায়াঃ প্রতিজ্ঞায়া রক্ষণাৎ প্রসন্নচিত্তে, মদ্রপতৌ শল্যে, ইতি বহু পরুষং নিষ্ঠুরং যথা স্যাত্তথা, রিপোরর্জ্জুনস্য স্তবং প্রশংসাম্, প্রভাষতি প্রভাষমাণে সতি, পরন্তপঃ কুরুপৃতনাপতিঃ কৌরবসেনাপতিঃ কর্ণঃ, ভৃশমভিরুষিতঃ সন্, মদ্রপং শল্যমাহ ব্রবীতি স্ম ॥৪২॥

ভবত্বিতি। বিকত্থসে অর্জ্জুনস্য শ্লাঘাং করোষি। উদ্যতমুপস্থিতম্। অস্তু ভবেৎ ॥৪৩॥

এবমিতি। উত্তরং নোক্তবান্ অধিকবিরোধে দোষসম্ভবাৎ। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৪৪॥

অশ্বত্থামার সহিত মিলিত হইয়া উত্তরগোগ্রহে (বিরাটের গোহরণ করিতে) গিয়াছিলে, তখন এই পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনই তোমাদিগকে জয় করিয়াছিলেন জিজ্ঞাসা করি—তখন তুমি অর্জ্জুনকে জয় কর নাই কেন? ॥৪০॥

সূতপুত্র! পুনরায় তোমার মৃত্যুর জন্য আজ এই আর একটা গুরুতর যুদ্ধ উপস্থিত হইয়াছে; ইহাতে আসিয়া তুমি যদি পলায়ন না কর, তাহা হইলে আজই তুমি নিহত হইয়াছ' ॥৪১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! প্রসন্নচিত্ত শল্য এই প্রকার বহুতর নিষ্ঠুরভাবে শত্রুর প্রশংসা করিতে লাগিলে, শত্রুসন্তাপকারী কৌরবসেনাপতি কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া শল্যকে বলিলেন ॥৪২॥

কর্ণ কহিলেন—'হউক হউক, আপনি অর্জ্জুনের কেন এত প্রশংসা করিতেছেন; আমার ও তাহার যুদ্ধ ত উপস্থিত হইয়াছে; এই যুদ্ধে সে যদি আমাকে জয় করে, তবেই আপনার এই প্রশংসা করা সত্য হইবে' ॥৪৩॥

স রথঃ প্রযযৌ শক্রূন্ শ্বেতাশ্বঃ শল্যসারথিঃ।
নিঘ্নন্নমিত্রান্ সমরে তমো ঘ্নন্ সবিতা যথা ॥৪৫॥
ততঃ প্রায়াৎ প্রীতিমান্ বৈ রথেন বৈয়াঘ্রেণ শ্বেতযুজাথ কর্ণঃ।
স চালোক্য ধ্বজিনীং পাণ্ডবানাং ধনঞ্জয়ং ত্বরয়া পর্য্যপৃচ্ছৎ ॥৪৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
কর্ণশল্যসংবাদে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

স ইতি। অমিত্রান্ শক্রূন্, তমঃ অন্ধকারম্, ঘ্নন্ নাশয়ন্ ॥৪৫॥

তত ইতি। প্রীতিমান্ অর্জ্জুনেন সহ যুদ্ধসম্ভবাৎ সন্তুষ্টঃ, বৈয়াঘ্রেণ ব্যাঘ্রচর্ম্মাবৃতেন, শ্বেতযুজা শ্বেতাশ্বযুক্তেন। ধ্বজিনীং সেনাম্। পর্য্যপৃচ্ছৎ ধনঞ্জয়ঃ কাস্তে ইত্যং জিজ্ঞাসিতবান্ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

ভারতভাবদীপঃ

কৃষ্ণস্যাবরজাং কনীয়সীং সুভদ্রাম্ ॥১৫—১৭॥ স্মরসীতি বিষমং ছন্দঃ ॥৩৮॥ খচরগণান্ গন্ধর্ব্বান্ ॥৩৯—৪৫॥ শ্বেতযুজা শ্বেতাশ্বযুজা ॥৪৬॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

——:-০-:——

সঞ্জয় বলিলেন—'এইরূপই হউক' এই কথা বলিয়া শল্য অন্য কোন উত্তর করিলেন না; কর্ণও যুদ্ধ করিবার ইচ্ছায় শল্যকে বলিলেন—'যান' ॥৪৪॥

তদনন্তর সূর্য্য যেমন অন্ধকার নষ্ট করিতে করিতে গমন করেন, সেইরূপ শ্বেতঘোটকযুক্ত ও শল্যসারথিচালিত সেই রথখানা শক্রসংহার করিতে করিতে রণস্থলে শক্রপক্ষের দিকে গমন করিতে লাগিল ॥৪৫॥

তাহার পর প্রীতিপ্রফুল্লচিত্ত কর্ণ ব্যাঘ্রচর্ম্মাবৃত ও শ্বেতাশ্বযুক্ত রথে গমন করিতে থাকিলেন এবং ক্রমে পাণ্ডবসৈন্য দেখিয়া জিজ্ঞাসা করিলেন—'অর্জ্জুন কোথায়?' ॥৪৬॥

——:*:——

(৪৫)···প্রযযৌ তূর্ণম্···পি। (৪৬)···শ্বেতবাহায় কর্ণঃ···পি। * '···সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '···অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' বা।

একত্রিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

প্রয়ানেব ততঃ কর্ণো হর্ষয়ন্ বাহিনীং তব।
একৈকং সমরে দৃষ্ট্বা পাণ্ডবং পর্য্যপৃচ্ছত ॥১॥
যো মমাদ্য মহাত্মানং দর্শয়েচ্ছ্বেতবাহনম্।
তস্মৈ দদ্যামভিপ্রেতং ধনং যন্মনসেচ্ছতি ॥২॥
স চেত্তদভিমন্যেত তস্মৈ দদ্যামহং পুনঃ।
শকটং রত্নপূর্ণঞ্চ যো মে ব্রূয়াদ্ধনঞ্জয়ম্ ॥৩॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্।
শতং দদ্যাং গবাং তস্মৈ নৈত্যকং কাংস্যদোহনম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রয়ান্ গচ্ছন্। একৈকং পাণ্ডবপক্ষীয়ং জনম্। পাণ্ডবমর্জ্জুনম্ ॥১॥

য ইতি। শ্বেতবাহনমর্জ্জুনম্। স যদ্ধনং মনসেচ্ছতীত্যর্থঃ ॥২॥

স ইতি। অভিমন্যেত গ্রাহ্যত্বেনাঙ্গীকুর্য্যাৎ। ব্রূয়াদত্রাস্তীতি বদেৎ ॥৩॥

স ইতি। অর্জ্জুনং দর্শিতবানিত্যর্জ্জুনদর্শিবান্ পৃষোদরাদিত্বাত্তকারলোপ আর্ষঃ। নৈত্যকং নিত্যং দুগ্ধদাতৃ, কাংস্যানি কাংস্যময়ানি দোহনানি দোহনপাত্রাণি যস্য তৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর কর্ণ আপনার সৈন্যগণকে আনন্দিত করিতে থাকিয়া গমন করিতে করিতে রণস্থলে পাণ্ডবপক্ষের এক এক জনকে দেখিয়া অর্জ্জুনের বিষয় জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥১॥

'যে লোক আজ আমায় মহাত্মা অর্জ্জুনকে দেখাইয়া দিবে, সে যাহা ইচ্ছা করিবে, আমি তাহাকে সেই অভীষ্ট দান করিব ॥২॥

যে লোক আমার নিকট অর্জ্জুনের সন্ধান বলিবে, সে যদি মনে করে, তবে তাহাকে আমি রত্নপূর্ণ একখানি শকট (গাড়ী) দান করিব ॥৩॥

অর্জ্জুনের প্রদর্শক লোক যদি ইচ্ছা করে, তবে তাহাকে আমি নিত্যদুগ্ধদানকারী কাংস্যময়দোহনপাত্রযুক্ত একশত গো দান করিব ॥৪॥

---

(১) প্রয়াণে তু…পি, প্রয়াণে চ…বা, প্রযত্নেন তদা…নি। (২)…যং বরং মনসেচ্ছতি—পি।

শতং গ্রামবরাংশ্চৈব দদ্যামর্জ্জুনদর্শিনে।
তথা তস্মৈ পুনর্দদ্যাং শ্বেতমশ্বতরীরথম্।
যুক্তমঞ্জনকেশীভির্যো মে ক্রয়াদ্ধনঞ্জয়ম্ ॥৫॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্।
অন্যং তস্মৈ বরং দদ্যাং সৌবর্ণং হস্তিষড়্গবম্ ॥৬॥
তথাপ্যস্মৈ পুনর্দদ্যাং স্ত্রীণাং শতমলঙ্কৃতম্।
শ্যামানাং নিষ্ককণ্ঠীনাং গীতবাদ্যবিপশ্চিতাম্ ॥৭॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্।
তস্মৈ দদ্যাং শতং নাগান্ শতং গ্রামান্ শতং রথান্ ॥৮॥
সুবর্ণস্য চ মুখ্যস্য হয়াগ্র্যাণাং শতং শতান্।
ঋদ্ধ্যা গুণৈঃ সুদান্তাংশ্চ ধুর্য্যবাহান্ সুশিক্ষিতান্ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শতমিতি। অশ্বতরীভির্যুক্তো রথস্তম্। শাকপার্থিবাদিত্বান্মধ্যপদলোপী সমাসঃ। অঞ্জনকেশীভিঃ কজ্জলবৎকৃষ্ণকেশীভির্যুবতিভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

স ইতি। ষড়্গাব ইতি ষড়্গবাঃ, হস্তিনশ্চ ষড়্গবাশ্চ তৎ। সেনাঙ্গত্বাদ্দ্বন্দ্বৈকবদ্ভাবঃ ॥৬॥

তথেতি। শ্যামানাং "শীতে সুখোষ্ণসর্ব্বাঙ্গী গ্রীষ্মে চ সুখশীতলা। তপ্তকাঞ্চনবর্ণাভা সা স্ত্রী শ্যামেতি কথ্যতে।" ইতি পরিভাষিতানাম, নিষ্ককণ্ঠীনাম্ বক্ষোভূষণবতীনাম, গীতবাদ্যয়োর্বিপশ্চিতাং বিচক্ষণানাম্ ॥৭॥

স ইতি। নাগান্ গজান্। ঋদ্ধ্যা ভূষণসম্পদা গুণৈশ্চ যুক্তান্, সুদান্তান্ অতীববশীভূতান্, ধুর্য্যবাহান্ ভারবাহকান্ বৃষান্, শতমস্ত্যস্তীতি তান্। অর্শ আদিত্বাদৎ ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

প্রয়ানিতি ॥১—২॥ অভিমন্যেত অলমিত্যবজানীত ॥৩—৪॥ অঞ্জনকেশীভিঃ কৃষ্ণকেশীভি-রশ্বতরীভির্যুবতীভির্ব্বা যুক্তম্ ॥৫॥ হস্তিষড়্গবং হস্তিষট্কম, "হস্তিষড়্গবমিচ্ছন্তি বীরাঃ ষট্কে চ দন্তিনা"মিতি প্রাঞ্চঃ। অন্যং বা সৌবর্ণরথমিতি শেষঃ। হস্তিতুল্যাঃ ষড়্গাব উক্ষাণো যস্মিন্ তং ষট্হস্তিন এব গোবৎ বোঢারো যস্য তাদৃশম্ ॥৬॥ শ্যামানামপ্রজাতানাং

যে লোক আমায় অর্জ্জুনকে দেখাইয়া দিবে, তাহাকে আমি একশত শ্রেষ্ঠ গ্রাম দান করিব; আর যে লোক আমার নিকট অর্জ্জুনের সন্ধান বলিবে, তাহাকে আমি অশ্বতরী ও কৃষ্ণকেশী যুবতিযুক্ত একখানি শ্বেতবর্ণ রথ দান করিব ॥৫॥

অর্জ্জুনের প্রদর্শক লোক যদি ইচ্ছা করে, তবে তাহাকে আমি অন্যবরস্বরূপ স্বর্ণময় হস্তী ও ছয়টী গরু দান করিব ॥৬॥

তাহাতে আবারও উহাকে অলঙ্কৃতা, তপ্তকাঞ্চনবর্ণা, বক্ষোভূষণভূষিতা ও গান-বাদ্যে নিপুণা একশত স্ত্রী দান করিব ॥৭॥

তথা সুবর্ণশৃঙ্গীণাং গোধেনূনাং চতুঃশতম্ ।
দদ্যাং তস্মৈ সবৎসানাং যো মে ক্রূয়াদ্ধনঞ্জয়ম্ ॥১০॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্ ।
অন্যং তস্মৈ বরং দদ্যাং শ্বেতান্ পঞ্চশতান্ হয়ান্ ॥১১॥
হেমভাণ্ডপরিচ্ছন্নান্ সুমৃষ্টমণিভূষণান্ ।
সুদান্তানপি চৈবাহং দদ্যামষ্টাদশাপরান্ ॥১২॥
রথঞ্চ শুভ্রং সৌবর্ণং দদ্যাং তস্মৈ স্বলঙ্কৃতম্ ।
যুক্তং পরমকাম্বোজৈর্যো মে ক্রূয়াদ্ধনঞ্জয়ম্ ॥১৩॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্ ।
অন্যং তস্মৈ বরং দদ্যাং কুঞ্জরাণাং শতানি ষট্ ॥১৪॥

ভারতকৌমুদী

তথেতি । গোবৃষস্থায়াং গোধেনূনাং গোশ্রেষ্ঠানাম্ ॥১০॥
স ইতি । বরং বররূপান্ । পঞ্চ শতানি যেষাং তান্ ॥১১॥
হেমেতি । হেমভাণ্ডৈঃ স্বর্ণভূষণৈঃ পরিচ্ছন্নান্ আবৃতান্ ॥১২॥
রথমিতি । শুভ্রং রজতময়ত্বাৎ, সৌবর্ণং স্বর্ণখচিতম । পরমকাম্বোজৈরশ্বৈঃ ॥১৩॥
স ইতি । বরং বররূপাণি, কুঞ্জরাণাং হস্তিনাম্ ॥১৪॥

অর্জ্জুনপ্রদর্শক মানুষ যদি ইচ্ছা করে, তবে তাহাকে একশত হস্তী, একশত গ্রাম, একশত রথ, উত্তম সুবর্ণের একশত উত্তম অশ্ব এবং অলঙ্কারসমৃদ্ধি ও নানাগুণ-বিশিষ্ট, বশীভূত ও সুশিক্ষিত একশত ভারবাহী বৃষ দান করিব ॥৮—৯॥

যে আমার নিকট অর্জ্জুনের সংবাদ বলিবে, তাহাকে আমি স্বর্ণশৃঙ্গী চারি শত সবৎসা ধেনু দান করিব ॥১০॥

অর্জ্জুনের প্রদর্শক মানুষ যদি ইচ্ছা করে, তবে তাহাকে আমি অন্যবরস্বরূপ পঞ্চশত শ্বেতবর্ণ অশ্ব দান করিব ॥১১॥

স্বর্ণভূষণাবৃত, সুমার্জ্জিতমণিভূষণযুক্ত এবং অত্যন্ত বশীভূত অপর আঠারটী অশ্ব দান করিব ॥১২॥

যে লোক আমার নিকট অর্জ্জুনের সংবাদ বলিবে, তাহাকে আমি শুভ্রবর্ণ, স্বর্ণ-খচিত, সম্যক্ অলঙ্কৃত এবং উত্তমকাম্বোজাশ্বযুক্ত একখানি রথ প্রদান করিব ॥১৩॥

অর্জ্জুনপ্রদর্শক মানুষ যদি ইচ্ছা করে, তবে তাহাকে অন্যবরস্বরূপ ছয় শত হস্তী দান করিব ॥১৪॥

(১১)…অন্যদস্মৈ ধনং দদ্যাম্…পি । (১২)…অষ্টশতান্ পরান্—পি ।

কাঞ্চনৈর্বিবিধৈর্ভাণ্ডৈঃ সংছন্নান্ হেমমালিনঃ।
উৎপন্নানপরান্তেষু বিনীতান্ হস্তিশিক্ষকৈঃ ॥১৫॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্।
অন্যং তস্মৈ বরং দদ্যাং বৈশ্যগ্রামাংশ্চতুর্দ্দশ ॥১৬॥
সুস্ফীতান্ ধনসংযুক্তান্ প্রত্যাসন্নবনোদকান্।
অকুতোভয়ান্ সুসম্পন্নান্ রাজভোজ্যাংশ্চতুর্দ্দশ ॥১৭॥
দাসীনাং নিষ্ককণ্ঠীনাং মাগধীনাং শতং তথা।
প্রত্যগ্রবয়সাং দদ্যাং যো মে ব্রূয়াদ্ধনঞ্জয়ম্ ॥১৮॥
স চেত্তদভিমন্যেত পুরুষোঽর্জ্জুনদর্শিবান্।
অন্যং তস্মৈ বরং দদ্যাং যমসৌ কাময়েৎ স্বয়ম্ ॥১৯॥

ভারতকৌমুদী

কাঞ্চনৈরিতি। ভাণ্ডৈর্ভূষণৈঃ। অপরান্তেষু ভারতস্য, বিনীতান্ শিক্ষিতান্ গজান্ দদ্যাম্ ॥১৫॥

স ইতি। বৈশ্যাধিষ্ঠিতা গ্রামাঃ বৈশ্যগ্রামাস্তান্ ॥১৬॥

স্বিতি। সুস্ফীতান্ অতিবিস্তৃতান্, প্রত্যাসন্নানি অতিসন্নিহিতানি বনানি উদ্যানানি উদকানি চ যেষাং তান্। সুসম্পন্নান্ জনৈঃ, রাজভোজ্যান্ গ্রামান্ দদ্যামিত্যনুবৃত্তিঃ ॥১৭॥

দাসীনামিতি। মাগধীনাং মগধদেশীয়ানাম্। তাসামুত্তমত্বং প্রসিদ্ধম্ ॥১৮॥

স ইতি। কাময়েদিচ্ছেৎ, স্বয়ং সোঽর্জ্জুনদর্শয়িতা ॥১৯॥

ভারতভাবদীপঃ

নিষ্কমুরোভূষণম্ ॥৭॥ শতং শতান্ দশসহস্রাণি ॥৮॥ ঋদ্ধ্যা পুষ্ট্যা সুদান্তান্ বিনীতান্ রথোদ্বহনক্ষমান্ ॥৯—১১॥ ভাণ্ডমাভরণম্ ॥১২—১৪॥ অপরান্তেষু পশ্চিমকচ্ছেষু ॥১৫—১৭॥

নানাবিধ স্বর্ণভূষণে আবৃত, স্বর্ণমালাযুক্ত, ভারতবর্ষের পশ্চিমপ্রান্তে উৎপন্ন এবং হস্তিশিক্ষকগণদ্বারা শিক্ষিত আরও কতকগুলি হস্তী তাহাকে দান করিব ॥১৫॥

যে অর্জ্জুনকে দেখাইয়া দিবে, সে যদি ইচ্ছা করে, তবে তাহাকে অন্যবরস্বরূপ চৌদ্দখানা বৈশ্যগ্রাম দান করিব ॥১৬॥

আর অতিবিস্তৃত, ধনসমৃদ্ধ, নিকটে জল ও উদ্যানযুক্ত, সর্ব্ববিধভয়শূন্য এবং লোকপূর্ণ রাজভোগ্য চৌদ্দখানা গ্রামও তাহাকে দিব ॥১৭॥

যে আমার নিকট অর্জ্জুনের সংবাদ বলিবে, তাহাকে আমি স্বর্ণময়বক্ষোভূষণযুক্তা, যুবতি ও মগধদেশীয়া একশত দাসী দান করিব ॥১৮॥

(১৫)...আচ্ছন্নান্...পি বা।

পুত্রদারান্ বিহারাংশ্চ যদন্যদ্বিত্তমস্তি মে।
তচ্চ তস্মৈ বরং দদ্যাং যদ্‌যচ্চ মনসেচ্ছতি ॥২০॥
হত্বা চ সহিতৌ কৃষ্ণৌ তয়োর্বিত্তানি সর্বশঃ।
তস্মৈ দদ্যামহং যো মে প্রক্রয়াৎ কেশবার্জ্জুনৌ ॥২১॥
এতা বাচঃ সুবহুশঃ কর্ণ উচ্চারয়ন্ যুধি।
দধ্মৌ সাগরসম্ভূতং সুস্বরং শঙ্খমুত্তমম্ ॥২২॥
তা বাচঃ সূতপুত্রস্য তথাযুক্তা নিশম্য হ।
দুর্য্যোধনো মহারাজ! সংহৃষ্টঃ সানুগোঽভবৎ ॥২৩॥
ততো দুন্দুভিনির্ঘোষো মৃদঙ্গানাঞ্চ সর্বশঃ।
সিংহনাদঃ সবাদিত্রঃ কুঞ্জরাণাঞ্চ নিস্বনঃ ॥২৪॥
প্রাদুরাসীত্তদা রাজন্! সৈন্যেষু পুরুষর্ষভ!।
যোধানাং সম্প্রহৃষ্টানাং তথা সমভবৎ স্বনঃ ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুত্রেতি। বিহারান্ উদ্যানানি। ইচ্ছতি অর্জ্জুনদর্শকঃ ॥২০॥
হত্বেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, বিত্তানি ধনানি ॥২১॥
এতা ইতি। সুবহুশঃ অতিবহুবারম্। দধ্মৌ বাদয়ামাস ॥২২॥
তা ইতি। অযুক্তা অসঙ্গতাঃ। সানুগোঽনুচরসহিতঃ, সংহৃষ্টোঽভবৎ ॥২৩॥
তত ইতি। সবাদিত্রঃ অন্যবাদ্যধ্বনিসহিতঃ। স্বনঃ কোলাহলঃ ॥২৪—২৫॥

যে এখন অর্জ্জুনকে দেখাইয়া দিবে, সে যদি মনে করে এবং যাহা ইচ্ছা করে, তবে তাহাকে অপরবরস্বরূপ তাহাও দান করিব ॥১৯॥

এমন কি, পুত্র, কলত্র, উদ্যান এবং আমার অন্য যে যে ধন আছে, সে সমস্তই তাহাকে দান করিব ; কিংবা সে যাহা যাহা মনে ইচ্ছা করিবে, তাহা তাহাই তাহাকে দিব ॥২০॥

সম্মিলিত অবস্থায় কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিয়া তাহাদের সমস্ত ধন আমি তাঁহাকে দিব—যিনি আমার নিকট তাহাদের সংবাদ বলিবেন' ॥২১॥

কর্ণ রণস্থলে এই সকল বাক্য বহুবার উচ্চারণ করতঃ, সমুদ্রজাত, সুস্বর ও উত্তম শঙ্খের ধ্বনি করিলেন ॥২২॥

মহারাজ! দুর্য্যোধন কর্ণের সেই সকল অসঙ্গত বাক্য শুনিয়া অনুচরবর্গের সহিত আনন্দিত হইলেন ॥২৩॥

(২০) পুত্রাদারান্ বিহারৈর্…নি। (২২)…সুস্বনং শঙ্খমুত্তমম্—পি।

তথা প্রহৃষ্টে সৈন্যে তু প্লবমানং মহারথম্।
বিকত্থমানঞ্চ তদা রাধেয়মরিকর্ষণম্।
মদ্ররাজঃ প্রহস্যেদং বচনং প্রত্যভাষত ॥২৬॥

শল্য উবাচ।

মা সূতপুত্র! দানেন সৌবর্ণং হস্তিষড়্গবম্।
প্রযচ্ছ পুরুষায়াদ্য দ্রক্ষ্যসি ত্বং ধনঞ্জয়ম্ ॥২৭॥
বাল্যাদিহ ত্বং ত্যজসি বসু বৈশ্রবণো যথা।
অযত্নেনৈব রাধেয়! দ্রষ্টাস্যদ্য ধনঞ্জয়ম্ ॥২৮॥
পুরা সৃজসি যচ্চাপি বিত্তং বহু চ মূঢ়বৎ।
অপাত্রদানাদ্ যে দোষাস্তান্ মোহান্নাববুধ্যসে ॥২৯॥

ভারতকৌমুদী

তথেতি। প্লবমানং দ্রুতত্বাদ্বিহায়সেব গচ্ছন্তম্। বিকত্থমানমাত্মশ্লাঘাং কুর্ব্বাণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

মেতি। দানেন মা প্রয়োজনং নাস্তি, বদতে পুরুষায় চ সৌবর্ণং হস্তিষড়্গবং মা প্রযচ্ছ। ষড়্গবশব্দব্যুৎপত্তিঃ প্রাগুক্তা ॥২৭॥

বাল্যাদিতি। বসু ধনম্, বৈশ্রবণঃ কুবেরঃ। এভির্দাতা কর্ণ ইতি প্রসিদ্ধিঃ ॥২৮॥

পুরেতি। সৃজসি ত্যজসি। এতেন তব বৈধদানমিতি সূচিতম্ ॥২৯॥

রাজা! তাহার পর কৌরবসৈন্যমধ্যে দুন্দুভিধ্বনি, সর্ব্বপ্রকার মৃদঙ্গের শব্দ, সিংহনাদ ও অন্যান্য বাদ্যধ্বনির সহিত হস্তিগণের বৃংহিতধ্বনি প্রাদুর্ভূত হইল এবং পুরুষশ্রেষ্ঠ! আনন্দিত যোদ্ধাদেরও কোলাহল হইতে লাগিল ॥২৪—২৫॥

সৈন্যগণ সেইরূপ আনন্দিত হইলে, মহারথ ও শক্রদমন কর্ণ আত্মশ্লাঘা করিতে করিতে যেন আকাশপথে যাইতে থাকিলেন। তখন শল্য হাস্য করিয়া এইরূপ বাক্য বলিতে আরম্ভ করিলেন ॥২৬॥

শল্য বলিলেন—'সূতপুত্র! তোমার পুরস্কার দান করিবার প্রয়োজন নাই এবং যে লোক অর্জ্জুনের সংবাদ বলিবে, তাহাকে সোণার হাতী ও ছয়টা গরুও দিও না; স্বভাবতই অর্জ্জুনকে আজ দেখিতে পাইবে ॥২৭॥

রাধানন্দন! তুমি বাল্যকালাবধি বিনা যত্নে কুবেরের ন্যায় ধন বিসর্জ্জন করিয়া আসিতেছ। সে যাহা হউক, আজ তুমি অর্জ্জুনকে দেখিতে পাইবে ॥২৮॥

(২৬) শ্লোকাৎ পরম্ '...অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '...উনচত্বারিংশোঽধ্যায়ঃ' বা। (২৮)...দ্রষ্টাস্যদ্য ধনঞ্জয়ম্—পি। (২৯) পরাসৃজসি যদ্বিত্তং কিঞ্চিত্ত্বং বহু মূঢ়বৎ...পি বঙ্গ বর্দ্ধ বা।

যত্ত্বং প্রেরয়সে বিত্তং বহু তেন খলু ত্বয়া।
শক্যং বহুবিধৈর্যজ্ঞৈর্যষ্টুং সূত! যজস্ব তৈঃ ॥৩০॥
যচ্চ প্রার্থয়সে হন্তুং কৃষ্ণৌ মোহাদ্‌বৃথৈব তৎ।
ন হি শুশ্রুম সংমর্দ্দে ক্রোষ্ট্রা সিংহৌ নিপাতিতৌ ॥৩১॥
অপ্রার্থিতং প্রার্থয়সে সুহৃদো নহি সন্তি তে।
যে ত্বাং নিবারয়ন্ত্যাশু প্রপতন্তং হুতাশনে ॥৩২॥
কার্য্যাকার্য্যং ন জানীষে কালপক্কোঽস্যসংশয়ম্।
বহ্ববদ্ধমকর্ণীয়ং কো হি ব্রূয়াজ্জিজীবিষুঃ ॥৩৩॥
সমুদ্রতরণং দোর্ভ্যাং কণ্ঠে বদ্ধ্বা যথা শিলাম্।
গির্য্যগ্রাদ্বা নিপতনং তাদৃক্ তব চিকীর্ষিতম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

যদিতি। প্রেরয়সে পরগৃহং প্রাপয়সি। যষ্টুং যাগং কর্ত্তুম্ ॥৩০॥
যদিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। ক্রোষ্ট্রা শৃগালেন ॥৩১॥
অপ্রেতি। অপ্রার্থিতং কৈরপি। হুতাশনে পতন্নিব বিপৎস্যস ইতি ভাবঃ ॥৩২॥
কার্য্যেতি। কালপক্কতয়া ফলবৎ পতিষ্যসীত্যাশয়ঃ। অবদ্ধমসম্বদ্ধম্, অকর্ণীয়মশ্রাব্যম্ ॥৩৩॥
সমুদ্রেতি। দোর্ভ্যাং বাহুভ্যাম্। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টমর্জ্জুনহননম্ ॥৩৪॥

তুমি মূঢ়ের ন্যায় পূর্ব্ব হইতে বহু ধন যে বিসর্জন করিয়া আসিতেছ, তাহাতে অপাত্রে দান করায় যে সকল দোষ হয়, তাহা তুমি বুঝিতেছ না ॥২৯॥

সূত! তুমি যে বহুতর ধন পরের ঘরে পাঠাইতেছ, তাহাদ্বারা তুমি বহুবিধ যজ্ঞ করিতে পার। অতএব সেই ধনদ্বারা যজ্ঞই কর ॥৩০॥

তা'র পর তুমি মোহবশতঃ যে কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিতে চাহিতেছ, তাহা বৃথা। কারণ, যুদ্ধে শৃগাল যে দুইটা সিংহকে নিপাতিত করিয়াছে, ইহা আমরা শুনি নাই ॥৩১॥

অন্যে কখনও যাহা প্রার্থনা করে নাই, তুমি তাহা প্রার্থনা করিতেছ! তুমি দ্রুত অগ্নিতে পতিত হইতেছ, কিন্তু তোমার এমন বন্ধু নাই, যাহারা তোমাকে বারণ করে ॥৩২॥

তুমি কর্ত্তব্য বা অকর্ত্তব্য বোঝ না; নিশ্চয়ই কালপক্ক হইয়াছ; না হইলে জীবনার্থী কোন্ লোক এইরূপ অসম্বদ্ধ ও অশ্রাব্য বহু কথা বলে ॥৩৩॥

গলদেশে শিলা বন্ধন করিয়া বাহুযুগলদ্বারা সমুদ্রতরণের ইচ্ছা, কিংবা পর্ব্বতের উপর হইতে পড়িবার ইচ্ছা যেমন, তোমার এই ইচ্ছাও তেমন ॥৩৪॥

---

(৩০) যৎ প্রকীর্ত্তয়সে বিত্তং বহুস্তেন খলু ত্বয়া…পি।

সহিতঃ সর্বযোধৈস্তং ব্যূঢ়ানীকৈঃ সুরক্ষিতঃ।
ধনঞ্জয়েন যুধ্যস্ব শ্রেয়শ্চেৎ প্রাপ্তু মিচ্ছসি ॥৩৫॥
হিতার্থং ধার্ত্তরাষ্ট্রস্য ব্রবীমি ত্বাং ন হিংসয়া।
শ্রদ্ধৎস্বৈবং যথা প্রোক্তং যদি তেঽস্তি জিজীবিষা ॥৩৬॥

কর্ণ উবাচ।

স্ববাহুবীর্য্যমাশ্রিত্য প্রার্থয়াম্যর্জ্জুনং রণে।
ত্বন্তু মিত্রমুখঃ শত্রুর্মাং ভীষয়িতুমিচ্ছসি ॥৩৭॥
ন মামস্মাদভিপ্রায়াৎ কশ্চিদদ্য নিবর্ত্তয়েৎ।
অপীন্দ্রো বজ্রমুদ্যম্য কিমু মর্ত্ত্যঃ কথঞ্চন ॥৩৮॥

ভারতকৌমুদী

সহিত ইতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যৈস্তৈঃ। শ্রেয়ো মঙ্গলম্ ॥৩৫॥ হিতেতি। শ্রদ্ধৎস্ব বিশ্বসিহি। জিজীবিষা জীবিতুমিচ্ছা ॥৩৬॥ স্বেতি। মিত্রস্যেব মুখং বদনং যস্য সঃ। ভীষয়িতুং ভয়ং প্রাপয়িতুম্ ॥৩৭॥ তত্র ফলাভাবমাহ নেতি। নিবর্ত্তয়েৎ নিবর্ত্তয়িতুং শক্নুয়াৎ। মর্ত্ত্যো মানুষঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

প্রত্যগ্রবয়সামভিনবযৌবনানাম্ ॥১৮—২৫॥ প্লবমানং প্রয়ান্তম্ ॥২৬—২৭॥ বসু বিত্তম্, দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥২৮॥ পরাস্যজসি বৃথা ত্যজসি ॥২৯—৩২॥ অবদ্ধমনর্থকম্ অকর্ণীয়মনাকর্ণনীয়ম্ ॥৩৩—৩৪॥ সহিতো যুধ্যস্ব ন ত্বেকাকী ॥৩৫॥ এবং শ্রদ্ধৎস্ব যদি জিজীবিষা তেঽস্ত্যন্যথা

কর্ণ! তুমি যদি মঙ্গল লাভ করিবার ইচ্ছা কর, তবে সমস্ত যোদ্ধা যখন সৈন্য সজ্জিত করিয়া তোমাকে সম্যক্ রক্ষা করিতে থাকিবেন, তখন তুমি তাঁহাদের সহিত মিলিত হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিও ॥৩৫॥

দুর্য্যোধনের হিতের জন্যই আমি তোমাকে বলিতেছি—হিংসা করিয়া নহে। সুতরাং তোমার যদি বাঁচিবার ইচ্ছা থাকে, তবে আমার কথায় বিশ্বাস কর' ॥৩৬॥

কর্ণ বলিলেন—'আমি নিজের বাহুবল অবলম্বন করিয়াই যুদ্ধে অর্জ্জুনকে চাহিতেছি। কিন্তু আপনার মুখখানি মিত্রের তুল্য, অথ চ প্রকৃতপক্ষে আপনি শত্রু; তাই আমার ভয় উৎপাদন করিবার ইচ্ছা করিতেছেন ॥৩৭॥

কিন্তু আজ আমার এই অভিপ্রায় হইতে কেহই আমাকে নিবৃত্ত করিতে পারিবে না; বজ্র উত্তোলন করিয়া ইন্দ্রও না; তাহাতে মানুষ কোন প্রকারে পারিবে কি?' ॥৩৮॥

(৩৮)···কিমু মর্ত্ত্যঃ করিষ্যতি—পি।

সঞ্জয় উবাচ।

ইতি কর্ণস্য বাক্যান্তে শল্যঃ প্রাহোত্তরং বচঃ।
চুকোপয়িষুরত্যর্থং কর্ণং মদ্রেশ্বরঃ পুনঃ ॥৩৯॥
যদা বৈ ত্বাং ফাল্গুনবেগমুক্তা জ্যাচোদিতা হস্তবতা বিসৃষ্টাঃ।
অন্বেতারঃ কঙ্কপত্রাঃ শিতাগ্রাস্তদা তপ্স্যস্যর্জ্জুনস্যানুযোগাৎ ॥৪০॥
যদা দিব্যং ধনুরাদায় পার্থঃ প্রতাপয়ন্ পৃতনাং সব্যসাচী।
ত্বামর্দ্দয়িষ্যন্নিশিতৈঃ পৃষৎকৈস্তদা পশ্চাত্তপ্স্যসে সূতপুত্র! ॥৪১॥
বালশ্চন্দ্রং মাতুরঙ্কে শয়ানো যথা কশ্চিৎ প্রার্থয়তেঽপহর্ত্তুম্।
তদ্বন্মোহাদ্দ্যোতমানং রথস্থং ত্বং প্রার্থয়স্যর্জ্জুনং জেতুমদ্য ॥৪২॥
ত্রিশূলমাশ্রিত্য সুতীক্ষ্ণধারং সর্বাণি গাত্রাণি নিঘর্ষসি ত্বম্।
সুতীক্ষ্ণধারোপমকর্ম্মণা ত্বং যুযুৎসসে যোঽর্জ্জুনেনাদ্য কর্ণ! ॥৪৩॥

ভারতকৌমুদী

ইতীতি। চুকোপয়িষুঃ কোপয়িতুমিচ্ছুঃ ॥৩৯॥

যদেতি। যদা ফাল্গুনেন অর্জ্জুনেন বেগেন মুক্তাঃ ক্ষিপ্তাঃ, জ্যয়া গুণেন চোদিতাঃ প্রেরিতাঃ, হস্তবতা শিক্ষিতহস্তেনার্জ্জুনেন, বিসৃষ্টাস্ত্যক্তাঃ। অতএব ন লক্ষ্যভ্রংশসম্ভব ইতি ভাবঃ। শিতাগ্রাঃ সুধারমুখাঃ, কঙ্কপত্রা বাণাঃ, ত্বাম্, অন্বেতারঃ প্রাপ্স্যন্তি ত্বদঙ্গং প্রবেক্ষ্যন্তীত্যর্থঃ, তদা অর্জ্জুনস্য অনুযোগাৎ প্রশ্নাৎ, তপ্স্যসি অনুতাপং করিষ্যসি ॥৪০॥

যদেতি। পৃতনাং কৌরবসেনাম্। অর্দ্দয়িষ্যৎ অর্দ্দয়িষ্যতি, পৃষৎকৈর্বাণৈঃ ॥৪১॥

বাল ইতি। অঙ্কে ক্রোড়ে। চন্দ্রমপহর্ত্তুং প্রার্থয়ত ইতি সম্বন্ধঃ ॥৪২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণের এইরূপ বাক্যের পরে মদ্ররাজ শল্য তাঁহাকে অত্যন্ত ক্রুদ্ধ করিবার জন্য এই সকল উত্তর বাক্য বলিলেন—॥৩৯॥

'কর্ণ! অর্জ্জুন বেগে নিক্ষেপ করিবেন, গুণও প্রেরণ করিবে এবং শিক্ষিত হস্তদ্বারা নিক্ষিপ্ত হওয়ায় লক্ষ্যভ্রষ্টও হইবে না; এই অবস্থায় সেই সুধার বাণ সকল যাইয়া যখন তোমার দেহে প্রবেশ করিতে থাকিবে, তখন তুমি অর্জ্জুনের বিষয় জিজ্ঞাসা করার জন্য অনুতাপ করিবে ॥৪০॥

সূতপুত্র! পৃথানন্দন অর্জ্জুন যখন দিব্য ধনু লইয়া কৌরবসৈন্য সন্তপ্ত করিতে থাকিয়া সুধার বাণসমূহদ্বারা তোমাকে পীড়ন করিবেন, তখন তুমি অনুতপ্ত হইবে ॥৪১॥

কর্ণ! কোন বালক মাতার ক্রোড়ে শয়িত থাকিয়া যেমন চন্দ্রকে অপহরণ করিতে চাহে, তেমন তুমিও আজ মোহবশতঃ রথস্থিত দীপ্তিমান্ অর্জ্জুনকে জয় করিতে চাহিতেছ ॥৪২॥

(৪০) অত্র দাক্ষিণাত্যপুস্তকে মহান্ পাঠভেদঃ।

ক্রুদ্ধং সিংহং কেশরিণং বৃহন্তং বালো মূঢ়ঃ ক্ষুদ্রমৃগস্তরস্বী।
সমাহ্বয়েত্তদ্বদেতত্তবাদ্য সমাহ্বানং সূতপুত্রার্জ্জুনস্য ॥৪৪॥
মা সূতপুত্রাহ্বয় রাজপুত্রং মহাবীর্য্যং কেশরিণং যথৈব।
বনে শৃগালঃ পিশিতস্য তৃপ্তো মা পার্থমাসাদ্য বিনঙ্ক্ষ্যসি ত্বম্ ॥৪৫॥
ঈশাদন্তং মহানাগং প্রভিন্নকরটামুখম্।
শশকাহ্বয়সে যুদ্ধে কর্ণ! পার্থং ধনঞ্জয়ম্ ॥৪৬॥
বিলস্থং কৃষ্ণসর্পং ত্বং বাল্যাৎ কাষ্ঠেন বিধ্যসি।
মহাবিষং পূর্ণকোপং যৎ পার্থং যোদ্ধুমিচ্ছসি ॥৪৭॥

ভারতকৌমুদী

ত্রিশূলমিতি। আশ্রিত্য গৃহীত্বা। সুতীক্ষ্ণধারোপমং কর্ম্ম যস্য তেন, যুযুৎসসে যোদ্ধুমিচ্ছসি। অত্র "ইদং কিলাব্যাজমনোহরং বপুঃ" ইত্যাদিবদসম্ভবদ্বস্তুসম্বন্ধা নিদর্শনালঙ্কারঃ ॥৪৩॥

ক্রুদ্ধমিতি। কেশরিণং প্রশস্তকেশরযুক্তম্। তরস্বী বেগবান্ ॥৪৪॥

মেতি। রাজপুত্রমর্জ্জুনম্। পিশিতস্য মাংসস্য, "করণে পূরণপ্রত্যর্থয়োঃ" ইতি ষষ্ঠী ॥৪৫॥

ঈশেতি। হে শশক! শশকাখ্যহরিণস্বরূপ! কর্ণ! ত্বম্, ঈশে লাঙ্গলদণ্ডাবিব দন্তৌ যস্য তম্, "ঈশা লাঙ্গলদণ্ডকে" ইতি বিশ্বঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডদ্বয়বদনানি যস্য তম্, মহানাগং মহাহস্তিস্বরূপম্, পার্থং ধনঞ্জয়মাহ্বয়সে। তদ্বত্তে মৃত্যুরেবেতি ভাবঃ ॥৪৬॥

বিলেতি। বিলস্থং গর্ত্তস্থিতম্। বাল্যাৎ মূর্খত্বাৎ ॥৪৭॥

কর্ণ! যে তুমি আজ সুতীক্ষ্ণধার ত্রিশূলের ন্যায় কার্য্যকারী অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ, সে তুমি সুতীক্ষ্ণধার ত্রিশূল লইয়া নিজের সকল অঙ্গে তাহা ঘর্ষণ করিবার ইচ্ছা করিতেছ ॥৪৩॥

সূতপুত্র! বালক, মূঢ়, অথ চ বেগবান্ একটা ক্ষুদ্র মৃগ যেমন ক্রুদ্ধ, কেশরযুক্ত ও বিশাল সিংহকে আহ্বান করে, সেইরূপ তুমি আজ অর্জ্জুনের এই আহ্বান করিতেছ ॥৪৪॥

সূতপুত্র! তুমি মহাবীর অর্জ্জুনকে আহ্বান করিও না এবং বনমধ্যে মাংসভক্ষণে তৃপ্ত শৃগাল যেমন সিংহের নিকটে যাইয়া বিনষ্ট হয়, সেইরূপ তুমিও অর্জ্জুনের নিকটে যাইয়া বিনষ্ট হইও না ॥৪৫॥

হে শশকস্বরূপ কর্ণ! যাহার দন্তযুগল লাঙ্গলদণ্ডের ন্যায় দীর্ঘ এবং যাহার গণ্ডদ্বয় ও মুখ হইতে মদজল নির্গত হইতে থাকে, সেই মহাহস্তিস্বরূপ পৃথানন্দন অর্জ্জুনকে তুমি যুদ্ধে আহ্বান করিতেছ! ॥৪৬॥

(৪৪)···ক্ষুদ্রমৃগোঽতরস্বী···বর্দ্ধ,···তদ্বদেবং তবাদ্য···পি। (৪৫)···পিশিতেন তৃপ্তঃ···পি বা নি।

সিংহং কেশরিণং ক্রুদ্ধমতিক্রম্যাভিনর্দ্দসে।
শৃগাল ইব মূঢ়স্ত্বং নৃসিংহং কর্ণ! পাণ্ডবম্ ॥৪৮॥
সুপর্ণং পতগশ্রেষ্ঠং বৈনতেয়ং তরস্বিনম্।
ভোগীবাহ্বয়সে যুদ্ধে কর্ণ! পার্থং ধনঞ্জয়ম্ ॥৪৯॥
সর্বাম্ভসাং নিধিং ভীমমূর্ম্মিমন্তং ঝষাকুলম্।
চন্দ্রোদয়ে বিবর্দ্ধন্তমপ্লবঃ সন্তিতীর্ষসি ॥৫০॥
ঋষভং তুন্দুভিগ্রীবং তীক্ষ্ণশৃঙ্গং প্রহারিণম্।
বৎস! আহ্বয়সে যুদ্ধে কর্ণ! পার্থং ধনঞ্জয়ম্ ॥৫১॥

ভারতকৌমুদী

সিংহমিতি। কেশরিণং প্রশস্তকেশরযুক্তম্, অতিক্রম্য লঙ্ঘয়িত্বা ॥৪৮॥
সুপর্ণমিতি। সুপর্ণং গরুড়ম্। তরস্বিনং বলবন্তম্। ভোগী সর্পঃ ॥৪৯॥
সর্বেতি। ঊর্ম্মিমন্তং মহাতরঙ্গম্, ঝষাকুলং হিংস্রজলজন্তুপূর্ণম্। অপ্লবস্তরিশূন্যঃ ॥৫০॥
ঋষভমিতি। ঋষভং বৃষম্, তুন্দুভিরিব গ্রীবা যস্য তম্ ॥৫১॥

ভারতভাবদীপঃ

মরিষ্যসি ॥৩৬—৪৮॥ ভোগী সর্পঃ, পাতে পাতনার্থম্ ॥৪৯॥ ঝষৈর্মীনৈঃ আ সমন্তাদ্দ্রুতং ঝষাবৃতম্, অপ্লবঃ বাহুভ্যামিত্যর্থঃ ॥৫০॥ তুন্দুভিগ্রীবং তুন্দুভিস্বনকণ্ঠম্ ॥৫১—৬১॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

তুমি যে অত্যন্তক্রুদ্ধ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ, তাহাতে মূর্খতাবশতঃ কাষ্ঠদ্বারা গর্ত্তস্থিত মহাবিষ কৃষ্ণসর্পকেই তাড়ন করিতেছ ॥৪৭॥

কর্ণ! তুমি মূঢ় কি না। তাই শৃগাল যেমন ক্রুদ্ধ ও কেশরশালী সিংহকে লঙ্ঘন করিয়া গর্জ্জন করে, তুমিও সেইরূপ নরসিংহ অর্জ্জুনকে লঙ্ঘন করিয়া গর্জ্জন করিতেছ ॥৪৮॥

কর্ণ! সর্প যেমন পক্ষিশ্রেষ্ঠ ও মহাবল বিনতানন্দন গরুড়কে আহ্বান করে, তুমিও তেমন যুদ্ধে পৃথানন্দন অর্জ্জুনকে আহ্বান করিতেছ ॥৪৯॥

মহাতরঙ্গসঙ্কুল ও হিংস্র জলজন্তুতে পরিপূর্ণ ভীষণ মহাসমুদ্র যখন চন্দ্রের উদয়ে বৃদ্ধি পাইতে থাকে, তখন তুমি তরণিশূন্য অবস্থায় তাহা পার হইবার ইচ্ছা করিতেছ ॥৫০॥

বৎস কর্ণ! তুন্দুভির ন্যায় গ্রীবাযুক্ত, তীক্ষ্ণশৃঙ্গ ও প্রহারনিপুণ বৃষের তুল্য পৃথানন্দন অর্জ্জুনকে তুমি যুদ্ধে আহ্বান করিতেছ ॥৫১॥

---

(৪৮) শূরং কেশরিণম্…অভিনর্দ্দসি…পি।

মহামেঘং মহাঘোরং দর্দ্দুরঃ প্রতিনর্দ্দসি।
বাণতোয়প্রদং লোকে নরপর্জ্জন্যমর্জ্জুনম্ ॥৫২॥
যথা চ স্বগৃহস্থঃ শ্বা ব্যাঘ্রং বনগতং ভষেৎ।
তথা ত্বং ভষসে কর্ণ! নরব্যাঘ্রং ধনঞ্জয়ম্ ॥৫৩॥
শৃগালোঽপি বনে কর্ণ! শশৈঃ পরিবৃতো বসন্।
মন্যতে সিংহমাত্মানং যাবৎ সিংহং ন পশ্যতি ॥৫৪॥
তথা ত্বমপি রাধেয়! সিংহমাত্মানমিচ্ছসি।
অপশ্যন্ শত্রুদমনং নরব্যাঘ্রং ধনঞ্জয়ম্ ॥৫৫॥
ব্যাঘ্রং ত্বং মন্যসেত্মানং যাবৎ কৃষ্ণৌ ন পশ্যসি।
সমাস্থিতাবেকরথে সূর্য্যাচন্দ্রমসাবিব ॥৫৬॥
যাবদ্গাণ্ডীবনির্ঘোষং ন শৃণোসি মহাহবে।
তাবদেব ত্বয়া কর্ণ! শক্যং বক্তুং যথেচ্ছসি ॥৫৭॥

ভারতকৌমুদী

মহেতি। দর্দ্দুরো ভেকঃ। বাণ এব তোয়ং তৎ প্রদদাতীতি তম, নরপর্জ্জন্যং নরশ্রেষ্ঠম্ ॥৫২॥
যথেতি। শ্বা কুকুরঃ। ভষেৎ গর্জ্জেৎ। ভষসে, গর্জ্জসি ॥৫৩॥
শৃগাল ইতি। শশৈর্হরিণবিশেষৈঃ, পরিবৃতঃ পরিবেষ্টিতঃ ॥৫৪॥
তথেতি। ইচ্ছসি মন্যসে, স্বজনৈঃ পরিবৃত ইত্যাশয়ঃ ॥৫৫॥
ব্যাঘ্রমিতি। মন্যসেত্মানমিত্যাকার লোপ আর্ষঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৫৬॥

কর্ণ! তুমি ভেকস্বরূপ হইয়া মহাভয়ঙ্কর এবং প্রচুরবর্ষণকারী মেঘের স্বরূপ জগতে অদ্বিতীয় বাণবর্ষী নরশ্রেষ্ঠ অর্জ্জুনকে লক্ষ্য করিয়া গর্জ্জন করিতেছ! ॥৫২॥

কর্ণ! কুকুর যেমন নিজগৃহে থাকিয়া বনস্থিত ব্যাঘ্রকে লক্ষ্য করিয়া ডাকিতে থাকে, তুমিও তেমন স্বস্থানে থাকিয়া নরশ্রেষ্ঠ অর্জ্জুনকে লক্ষ্য করিয়া ডাকিতেছ ॥৫৩॥

কর্ণ! শৃগালও বনমধ্যে শশকগণে পরিবেষ্টিত অবস্থায় থাকিয়া যে পর্য্যন্ত সিংহকে না দেখে, সেই পর্য্যন্ত আপনাকে সিংহ বলিয়া মনে করে ॥৫৪॥

রাধানন্দন! তুমিও সেইরূপ শত্রুদমন নরশ্রেষ্ঠ অর্জ্জুনকে না দেখিয়া আপনাকে সিংহ বলিয়া মনে করিতেছ ॥৫৫॥

কর্ণ! তুমি যেপর্য্যন্ত একরথস্থিত চন্দ্র ও সূর্য্যের ন্যায় তেজস্বী কৃষ্ণ ও অর্জ্জুনকে না দেখিতেছ, সেই পর্য্যন্তই আপনাকে ব্যাঘ্র বলিয়া ধারণা করিতেছ ॥৫৬॥

(৫৩)…তথা ত্বং হ্রেষসে কর্ণ!…পি। (৫৪) শৃগালো হি…নি। (৫৫)…নরসিংহং রণেঽর্জ্জুনম্—নি।

রথশব্দধনুঃশব্দৈর্নাদয়ন্তং দিশো দশ।
নর্দ্দন্তমিব শার্দ্দূলং দৃষ্ট্বা ক্রোষ্টা ভবিষ্যসি ॥৫৮॥
নিত্যমেব শৃগালস্ত্বং নিত্যং সিংহো ধনঞ্জয়ঃ।
বীরপ্রদ্বেষণান্মূঢ়! তস্মাৎ ক্রোষ্টেব লক্ষ্যসে ॥৫৯॥
যথাখুঃ স্যাদ্বিড়ালশ্চ শ্বা ব্যাঘ্রশ্চ বলাবলে।
যথা শৃগালঃ সিংহশ্চ যথা চ শশকুঞ্জরৌ ॥৬০॥
যথানৃতঞ্চ সত্যঞ্চ যথা চাপি বিষামৃতে।
তথা ত্বমপি পার্থশ্চ প্রখ্যাতাবাত্মকর্ম্মভিঃ ॥৬১॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কর্ণাবলেপকর্ণাধিক্ষেপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

যাবদিতি। মহাহবে মহাযুদ্ধস্থলে। যথেচ্ছসি, তথা বক্তুং শক্যম্ ॥৫৭॥

রথেতি। নাদয়ন্তমর্জ্জুনম্। ক্রোষ্টা শৃগালঃ পলায়নমাত্রশরণত্বাদিতি ভাবঃ ॥৫৮॥

নিত্যমিতি। বীরপ্রদ্বেষণাৎ স্বভাবেনাত্মানং প্রতি বীরাণাং বিদ্বেষজননাৎ ॥৫৯॥

যথেতি। আখুর্মূষিকঃ। শ্বা কুকুরঃ, বলাবলে প্রবলদুর্বলভাবে। অনৃতং মিথ্যা। আত্মকর্ম্মভিঃ ঘোষযাত্রাদৌ তব পলায়নাদিভিঃ তত্রৈবার্জ্জুনস্য গন্ধর্বজয়াদিভিশ্চ ॥৬০—৬১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

কর্ণ! তুমি যেপর্য্যন্ত মহাযুদ্ধস্থলে গাণ্ডীবধ্বনি না শুনিতে পাইতেছ, সেই পর্য্যন্তই যেমন ইচ্ছা করিতেছ, তেমন বলিতেছ ॥৫৭॥

কর্ণ! গর্জনকারী সিংহের ন্যায় অর্জ্জুনকে রথের শব্দে ও ধনুর শব্দে দশ দিক্ নিনাদিত করিতে দেখিয়া তুমি শৃগাল হইয়া যাইবে ॥৫৮॥

মূঢ়! তুমি সর্ব্বদাই শৃগাল, আর অর্জ্জুন সর্ব্বদাই সিংহ। অতএব বীরগণের বিদ্বেষ উৎপাদন করায় তোমাকে শৃগালের ন্যায়ই দেখা যাইতেছে ॥৫৯॥

প্রবলতা ও দুর্ব্বলতার বিষয়ে মূষিক ও বিড়াল, কুকুর ও ব্যাঘ্র, শৃগাল ও সিংহ এবং শশক ও হস্তী যেমন, তুমি ও অর্জ্জুন তেমন; আর আপন আপন কার্য্য দ্বারা তুমি ও অর্জ্জুন—মিথ্যা ও সত্য এবং বিষ ও অমৃতের তুল্য ॥৬০—৬১॥

——:-০-:——

(৫৮)···নর্দ্দয়ন্তং দিশো দশ···পি। (৫৯)···বীর্য্যপ্রধর্ষণান্মূঢ়!···পি। * '···একোনচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, 'চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ' বা।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

অধিক্ষিপ্তস্তু রাধেয়ঃ শল্যেনামিততেজসা।
শল্যমাহ সুসংক্রুদ্ধো বাক্‌শল্যমবধারয়ন্ ॥১॥

কর্ণ উবাচ।

গুণান্ গুণবতাং শল্য! গুণবান্ বেত্তি নাগুণঃ।
ত্বন্তু সর্ব্বৈর্গুণৈর্হীনঃ কিং জ্ঞাস্যসি গুণাগুণম্ ॥২॥
অর্জ্জুনস্য মহাস্ত্রাণি ক্রোধং বীর্য্যং ধনুঃ শরান্।
অহং শল্য! বিজানামি বিক্রমঞ্চ মহাত্মনঃ ॥৩॥
তথা কৃষ্ণস্য মাহাত্ম্যমৃষভস্য মহীক্ষিতাম্।
যথাহং শল্য! জানামি ন ত্বং জানাসি তত্তথা ॥৪॥

ভারতকৌমুদী

অধীতি। অধিক্ষিপ্তো নিন্দিতঃ। বাগেব শল্যং বাক্‌শল্যম্, অবধারয়ন্ অস্য শল্যনামত্বে কারণমিতি নির্দ্ধারয়ন্, আহ ব্রবীতি স্ম। শত্রূণাং শল্যরূপতয়া শল্য ইতি তু পূর্ব্বং যদুক্তং তৎ সর্ব্বথৈব হেয়মিতি ভাবঃ ॥১॥

গুণানিতি। গুণস্যাভাব ইত্যগুণম্। অভাবার্থে অব্যয়ীভাবঃ। গুণবিরোধিদোষং বা ॥২॥

অর্জ্জুনস্যেতি। বিজানামি, তাদৃশগুণবত্ত্বাদেবেতি ভাবঃ ॥৩॥

তথেতি। ঋষভস্য শ্রেষ্ঠস্য, মহীক্ষিতাং ক্ষত্রিয়াণাম্ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অমিততেজা শল্য উক্তরূপ নিন্দা করিলে, কর্ণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া 'এই বাক্যশল্যই ইহার শল্যনামের কারণ' ইহা নির্ণয় করিয়া শল্যকে বলিতে লাগিলেন ॥১॥

কর্ণ বলিলেন—'শল্য! গুণবান্ লোকই গুণবান্ লোকদিগের গুণ বুঝিতে পারেন, কিন্তু নির্গুণ লোক পারে না। সুতরাং তুমি সর্ব্বগুণবিহীন কি না, তাই গুণাগুণ বুঝিবে কি প্রকারে ॥২॥

শল্য! আমি—মহাত্মা অর্জ্জুনের মহাস্ত্র, ক্রোধ, বল, ধনু, বাণ ও বিক্রমের বিষয় জানি ॥৩॥

(২)...গুণাগুণান্—পি নি। (৩)...অহং শল্যাভিজানামি...পি বা নি।

এবমেবাত্মনো বীর্য্যমহং বীর্য্যঞ্চ পাণ্ডবে।
জানন্নেবাহ্বয়ে যুদ্ধে শল্য ! নাগ্নিং পতঙ্গবৎ ॥৫॥
অস্তি চায়মিষুঃ শল্য ! সুমুখো রক্তভোজনঃ।
একতূণীশয়ঃ পত্রী সুধৌতঃ সমলঙ্কৃতঃ ॥৬॥
শেতে চন্দনচূর্ণেন পূজিতো বহুলাঃ সমাঃ।
আহেয়ো বিষবানুগ্রো নরাশ্বদ্বিপসংঘহা ॥৭॥
ঘোররূপো মহারৌদ্রস্তনুত্রাস্থিবিদারণঃ।
নির্ভিন্দ্যাং যেন রুষ্টোঽহমপি মেরুং মহাগিরিম্ ॥৮॥ (যুগ্মকম্)
তমহং জাতু নাস্যেয়মন্যস্মিন্ ফাল্গুনাদৃতে।
কৃষ্ণাদ্বা দেবকীপুত্রাৎ সত্যঞ্চাত্র শৃণুষ্ব মে ॥৯॥
তেনাহমিষুণা শল্য ! বাসুদেবধনঞ্জয়ৌ।
যোৎস্যে পরমসংক্রুদ্ধস্তৎ কর্ম্ম সদৃশং মম ॥১০॥

ভারতকৌমুদী

এবমিতি। পাণ্ডবে পাণ্ডবস্যার্জ্জুনস্য। পতঙ্গবৎ শলভ ইব ॥৫॥

নন্বর্জ্জুনবধে তব কঃ খলূপায় ইত্যাহ অস্তীতি। একতূণীশয়ঃ শ্রেষ্ঠতূণস্থঃ ॥৬॥

নমু কেন সমলঙ্কৃত ইত্যাহ শেত ইতি। শেতে তিষ্ঠতি, পূজিতঃ অলঙ্কৃতঃ, সমা বৎসরান্। আহেয়ঃ অহিতুল্যঃ, বিষবান্ বিষযুক্তমুখঃ। তনুত্রং বর্ম্ম অস্থি চ বিদারয়তীতি সঃ ॥৭—৮॥

তমিতি। জাতু কদাচিদপি, নাস্যেয়ং ন ক্ষিপেয়ম্, ফাল্গুনাদর্জ্জুনাৎ, ঋতে বিনা ॥৯॥

এবং শল্য ! আমি যেমন ক্ষত্রিয়শ্রেষ্ঠ কৃষ্ণের মাহাত্ম্য জানি, তুমি তেমন তাহা জান না ॥৪॥

শল্য ! আমি এইরূপই নিজের শক্তি ও অর্জ্জুনের শক্তি জানি বলিয়াই তাঁহাকে যুদ্ধে আহ্বান করি ; কিন্তু পতঙ্গ (ফড়িং) যেমন অগ্নিকে আহ্বান করে, তেমন নহে ॥৫॥

তা'র পর শল্য ! সুন্দরমুখ, রক্তপায়ী, প্রধানতূণস্থিত, কঙ্কপক্ষযুক্ত, পরিমার্জ্জিত এবং সম্যক্ অলঙ্কৃত এই বাণ আমার রহিয়াছে ॥৬॥

বহুবৎসর যাবৎ চন্দনচূর্ণদ্বারা পূজিত, সর্পতুল্য, বিষযুক্তমুখ, ভীষণমূর্ত্তি, ভীষণকার্য্যকারী, মহাপ্রখর, বর্ম্ম ও অস্থিবিদারণক্ষম এবং মনুষ্য, অশ্ব ও হস্তিসমূহনাশক সেই বাণটী তূণের ভিতরে রহিয়াছে ; আমি ক্রুদ্ধ হইয়া যাহাদ্বারা মহাপর্ব্বত সুমেরুকেও বিদারণ করিতে পারি ॥৭—৮॥

শল্য ! তুমি আমার নিকট সত্য কথা শোন—অর্জ্জুন বা দেবকীনন্দন কৃষ্ণ ব্যতীত অন্য ব্যক্তির উপরে সে বাণটী আমি কখনও নিক্ষেপ করিব না ॥৯॥

সর্বেষাং বৃষ্ণিবীরাণাং কৃষ্ণে লক্ষ্মীঃ প্রতিষ্ঠিতা।
সর্বেষাং পাণ্ডুপুত্রাণাং জয়ঃ পার্থে প্রতিষ্ঠিতঃ।
উভয়ং তু সমাসাদ্য কো নিবর্ত্তিতুমর্হতি ॥১১॥
তাবুভৌ পুরুষব্যাঘ্রৌ সমেতৌ স্যন্দনে স্থিতৌ।
মামেকমভিসংযাতৌ সুজাতং পশ্য শল্য! মে ॥১২॥
পিতৃষ্বসামাতুলজৌ ভ্রাতরাবপরাজিতৌ।
মণী সূত্র ইব প্রোতৌ দ্রষ্টাসি নিহতৌ ময়া ॥১৩॥
অর্জ্জুনে গাণ্ডিবং কৃষ্ণে চক্রং তার্ক্ষ্যকপী ধ্বজৌ।
ভীরূণাং ত্রাসজননং শল্য! হর্ষকরং মম ॥১৪॥

ভারতকৌমুদী

তেনেতি। যোৎস্যে প্রহরিষ্যামি। মম সদৃশং যোগ্যম্, তত্তুল্যবীরত্বাৎ ॥১০॥
সর্বেষামিতি। লক্ষ্মীঃ সম্পৎ। পার্থে অর্জ্জুনে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
তাবিতি। সমেতৌ মিলিতৌ, স্যন্দনে রথে। সুজাতং শোভনং জন্ম ॥১২॥
পিত্রিতি। কৃষ্ণস্য পিতৃষ্বসা কুন্তী অর্জ্জুনস্য মাতুলশ্চ বসুদেবস্তজ্জৌ। প্রোতৌ গ্রথিতৌ, দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥১৩॥
অর্জ্জুন ইতি। কৃষ্ণার্জ্জুনয়োর্ধ্বজৌ, তার্ক্ষ্যকপী গরুড়বানরচিহ্নিতৌ। তৎসর্ব্বং ভীরূণাং ত্রাসজননম্, মম তু হর্ষকরমিতি সম্বন্ধঃ, সমানপ্রতিপক্ষলাভাদিতি ভাবঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অর্থাতি। বাক্শল্যত্বাদেবায়ং শল্যনামেতি নিশ্চিন্বন্ ॥১—৬॥ আহেয়ঃ সর্পময়ঃ ॥৭—৮॥ নাস্ত্রেয়ং ন ক্ষিপেয়ম্ ॥৫—১১॥ সুজাতং শোভনং জন্ম ॥১২॥ প্রোতৌ একসূত্রে মণী ইব

শল্য! আমি অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই বাণটীদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে প্রহার করিব। কেন না, তাহাই আমার উপযুক্ত কার্য্য ॥১০॥

কৃষ্ণের উপরে সমস্ত বৃষ্ণিবীরের সম্পদ্ প্রতিষ্ঠিত আছে এবং অর্জ্জুনের উপরে সকল পাণ্ডবের জয় নির্ভর করিতেছে। সুতরাং সেই দুই জনকে পাইয়া কে নিবৃত্তি পাইতে পারে ॥১১॥

সেই পুরুষশ্রেষ্ঠেরা দুই জন মিলিত হইয়া রথে থাকিয়া এক আমার দিকে আসিতেছেন। শল্য! আমার শোভন জন্মটা দেখ ॥১২॥

অপরাজিত পিস্‌তাত ভাই ও মামাত ভাই একসূত্রে দুইটী মণির ন্যায় গ্রথিত হইয়াছেন; তথাপি দেখিবে—আমি উহাদিগকে নিহত করিয়াছি ॥১৩॥

(১১)...উভয়ং তৎ সমাসাদ্য—পি বর্দ্ধ,...কোঽভিবর্ত্তিতুমর্হতি—পি,...কোঽতিবর্ত্তিতুমর্হতি—বর্দ্ধ।

ত্বন্তু দুষ্প্রকৃতির্মূঢ়ো মহাযুদ্ধেষ্বকোবিদঃ।
ভয়াবদীর্ণঃ সংত্রাসাদবদ্ধং বহু ভাষসে ॥১৫॥
সংস্তৌষি তৌ তু কেনাপি হেতুনা ত্বং কুদেশজ !।
তৌ হত্বা সমরে হন্তা ত্বামদ্য সহবান্ধবম্ ॥১৬॥
পাপদেশজ ! দুর্বুদ্ধে ! ক্ষুদ্র ! ক্ষত্রিয়পাংসন !।
সুহৃদ্ভূত্বা রিপুঃ কিং মাং কৃষ্ণাভ্যাং ভীষয়স্যলম্ ॥১৭॥
তৌ বা মমাদ্য হন্তারৌ হনিষ্যে বাপি তাবহম্।
নাহং বিভেমি কৃষ্ণাভ্যাং বিজানন্নাত্মনো বলম্ ॥১৮॥
বাসুদেবসহস্রং বা ফাল্গুনানাং শতানি বা।
অহমেকো হনিষ্যামি জোষমাস্স্ব কুদেশজ ! ॥১৯॥

ভারতকৌমুদী

ত্বমিতি। অকোবিদঃ অনভিজ্ঞঃ। ভয়েনাবদীর্ণো বিদীর্ণহৃদয়ঃ, অবদ্ধমসম্বদ্ধম্ ॥১৫॥
সমিতি। সংস্তৌষি প্রশংসসি। হন্তা হনিষ্যামি, বান্ধবৈঃ সহেতি তম্ ॥১৬॥
পাপেতি। ক্ষত্রিয়েষু পাংসন ! অধম !। কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্, অলমত্যন্তম্ ॥১৭॥
তাবিতি। কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্, বিজানন্ বিশেষেণ বুধ্যমানঃ ॥১৮॥
বাস্বিতি। ফাল্গুনানামর্জ্জুনানাম্। জোষং নীরবঃ সন্, আস্স্ব উপবিশ ॥১৯॥

শল্য ! অর্জ্জুনের গাণ্ডীবধনু ও কপিধ্বজ এবং কৃষ্ণের সুদর্শনচক্র ও গরুড়ধ্বজ এ সকল ভীরুদের ভয়জনক বটে ; কিন্তু আমার আনন্দ উৎপাদন করে ॥১৪॥

কিন্তু তুমি দুষ্টপ্রকৃতি, মূর্খ, মহাযুদ্ধে অনভিজ্ঞ এবং ভয়ে বিদীর্ণহৃদয়। তাই ভয়বশতঃ বহু অসম্বদ্ধ বাক্য বলিয়াছ ॥১৫॥

ওহে কুদেশজাত ! তুমি কোন কারণে কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতেছ। কিন্তু শোন—আমি আজ যুদ্ধে তাহাদিগকে বধ করিয়া বন্ধুবর্গের সহিত তোমাকেও বধ করিব ॥১৬॥

পাপদেশজাত ! দুর্বুদ্ধি ! ক্ষুদ্র ! ক্ষত্রিয়াধম ! তুমি সুহৃদ্ হইয়া শত্রুর ন্যায় কৃষ্ণ ও অর্জ্জুনদ্বারা আমার অত্যন্ত ভয় জন্মাইবার চেষ্টা করিতেছ ॥১৭॥

আজ তাঁহারা আমাকে বধ করিবেন, কিংবা আমি তাঁহাদিগকে বধ করিব ; কিন্তু আমি নিজের বল বিশেষরূপে জানি বলিয়া কৃষ্ণার্জ্জুনের ভয় করি না ॥১৮॥

সহস্র কৃষ্ণ বা শত অর্জ্জুন আসুন ; আমি একাকী তাহাদিগকে বধ করিব ; কিন্তু কুদেশজাত ! তুমি চুপ করিয়া থাক ॥১৯॥

(১৭)···সুহৃদ্রূপো রিপুঃ···ভীষয়িষ্যসি—নি,···ভীষয়িষ্যসি—পি বা।

স্ত্রিয়ো বালাশ্চ বৃদ্ধাশ্চ প্রায়ঃ ক্রীড়াগতা জনাঃ।
যা গাথাঃ সম্প্রগায়ন্তি কুর্বন্তোঽধ্যয়নং যথা ॥২০॥
তা গাথাঃ শৃণু মে শল্য! মদ্রকেষু দুরাত্মসু।
ব্রাহ্মণৈঃ কথিতাঃ পূর্বং যথাবদ্রাজসন্নিধৌ ॥২১॥ (যুগ্মকম্)
শ্রুত্বা চৈকমনা মূঢ়! ক্ষম বা ব্রূহি বোত্তরম্।
মিত্রধ্রুঙ্ মদ্রকো নিত্যং যো নো দ্বেষ্টি স মদ্রকঃ ॥২২॥
মদ্রকে সঙ্গতং নাস্তি ক্ষুদ্রবাক্যে নরাধমে।
দুরাত্মা মদ্রকো নিত্যং নিত্যমানৃতিকোঽনৃজুঃ ॥২৩॥
যাবদন্তং হি দৌরাত্ম্যং মদ্রকেম্বিতি নঃ শ্রুতম্।
পিতা পুত্রশ্চ মাতা চ শ্বশ্রূশ্বশুরমাতুলাঃ ॥২৪॥
জামাতা দুহিতা ভ্রাতা নপ্তা তে তে চ বান্ধবাঃ।
বয়স্যাভ্যাগতাশ্চান্যে দাসীদাসঞ্চ সঙ্গতম্ ॥২৫॥

ভারতকৌমুদী

স্ত্রিয় ইতি। গাথা গানবাক্যানি। ক্ষম সহস্ব। মদ্রকেম্বিতি কুৎসায়াং কঃ ॥২০—২১॥

শ্রুত্বেতি। মিত্রধ্রুক্ মিত্রদ্রোহী। অথ কো মদ্রক ইত্যাকাঙ্ক্ষায়াং শল্যং নির্দ্দিশতি য ইতি। নঃ অস্মান্ ॥২২॥

মদ্রক ইতি। সঙ্গতং সঙ্গমনিবন্ধনং সখ্যম্। আনৃতিকো মিথ্যাবাদী, অনৃজুঃ কুটিলঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

প্রেমসম্বন্ধৌ ॥১৩॥ ত্রাসজননমিতি সমুদায়াপেক্ষয়া সামান্যেন নির্দ্দেশঃ ॥১৪—১৮॥ জোষং তূষ্ণীম আস্স্ব তিষ্ঠ ॥১৯॥ ক্রীড়াগতাঃ লীলয়া আগতাঃ ॥২০॥ মদ্রকেষু কুৎসিতেষু মদ্রদেশেষু ॥২১—২২॥ অনৃতেন চরতীত্যানৃতিকঃ, যাবদন্তম অন্ত্যজপর্য্যন্তং মরণাবধীতি বা ॥২৩—২৫॥

শল্য! স্ত্রীলোক, বালক, বৃদ্ধ ও প্রায় ক্রীড়াপ্রবৃত্ত লোকেরা অধ্যয়নকারীর ন্যায় যে গাথা গাহিয়া থাকে এবং ব্রাহ্মণেরা পূর্ব্বে রাজার নিকটে যেগুলি বলিয়াছিলেন, মদ্রদেশীয় দুরাত্মাদের সেই গাথাগুলি তুমি শোন ॥২০—২১॥

মূঢ়! একাগ্রচিত্তে এই সকল বিষয় শুনিয়া ক্ষান্ত হও, কিংবা উত্তর কর। বিনা কারণে যে আমাদের বিদ্বেষ করে সে-ই মদ্রক এবং সে মদ্রক সর্ব্বদাই মিত্রদ্রোহী ॥২২॥

তুচ্ছভাষী ও নরাধম মদ্রকের সহিত কাহারও সৌহার্দ্দ হয় না এবং মদ্রক সর্বদাই দুরাত্মা, সর্ব্বদাই মিথ্যাবাদী, আর সর্ব্বদাই কুটিল ॥২৩॥

(২৫)...নপ্তা চৈতে চ বান্ধবাঃ...পি,...নপ্তান্যে তে চ বান্ধবাঃ...নি।

পুংভির্বিমিশ্রা নার্য্যশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ স্বয়েচ্ছয়া।
যেষাং গৃহেষ্বশিষ্টানাং সক্তুমৎস্যাশিনাং তথা ॥২৬॥
পীত্বা সীধু সগোমাংসং ক্রন্দন্তি চ হসন্তি চ।
গায়ন্তি চাপ্যবদ্ধানি প্রবর্ত্তন্তে চ কামতঃ ॥২৭॥ (কলাপকম্)
কামপ্রলাপিনোঽন্যোন্যং তেষু ধর্ম্মঃ কথং ভবেৎ।
মদ্রকেষ্ববলিপ্তেষু প্রখ্যাতাশুভকর্ম্মসু ॥২৮॥
নাপি বৈরং ন সৌহার্দ্দং মদ্রকেণ সমাচরেৎ।
মদ্রকে সঙ্গতং নাস্তি মদ্রকো হি সদামলঃ ॥২৯॥
মদ্রকেষু চ সংসৃষ্টং শৌচং গান্ধারকেষু চ।
রাজযাজকযাজ্যে চ নষ্টং দত্তং হবির্ভবেৎ ॥৩০॥

ভারতকৌমুদী

যাবদিতি। যাবদন্তং মৃত্যুপর্য্যন্তম্। নপ্তা পৌত্রঃ। সঙ্গতং মিলিতম্। সক্তুমিশ্রিতান্ মৎস্যানশ্নন্তীতি তেষাম্। এতত্তু ঘৃণার্হমিতি ভাবঃ। সীধু মদ্যম্। অবদ্ধানি অসম্বদ্ধানি গীতানি ॥২৪—২৭॥

কামেতি। কামপ্রলাপিনস্তদবস্থায়াং কামালাপিনঃ। অবলিপ্তেষু গর্বিতেষু ॥২৮॥

নেতি। উভয়থাপি সংসর্গেণ পাপসম্ভবাদিতি ভাবঃ। সদৈব মলং পাপং যস্মিন্ সঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

পুংভিঃ পুরুষৈঃ বিমিশ্রাঃ সঙ্গতাঃ ইচ্ছয়া, নৈপুণ্যেনেঽজ্ঞাতবৎ জ্ঞাতা অপাবিণীতা ইত্যর্থঃ। যেষাং মদ্রকাণাং সক্তুমিশ্রিতমৎস্যাশিনাং সীধু মদ্যম্ ॥২৬—২৯॥ মদ্রকেষু সংসৃষ্টং নষ্টম্, এবং গান্ধারকেষু শৌচং নষ্টং ভবেৎ। রাজা যাজকো যস্য তস্মিন্ যাজ্যে হবির্নষ্টং ভবেৎ

আমরা শুনিয়াছি—মদ্রদেশবাসিগণের দৌরাত্ম্য মৃত্যুপর্য্যন্তই থাকে; সক্তু-সংযুক্তমৎস্যভোজী ও অশিষ্ট যে মদ্রকগণের গৃহে পিতা, পুত্র, মাতা, শ্বশ্রূ, শ্বশুর, মাতুল, জামাতা, দুহিতা, ভ্রাতা, পৌত্র, সেই সেই বান্ধব, বয়স্য, অভ্যাগত এবং দাসী ও দাস ইহারা, আর অপর নারীরা পুরুষদের সহিত মিলিত হইয়া আপন আপন ইচ্ছা অনুসারে জ্ঞাত ও অজ্ঞাতভাবে গোমাংসের সহিত মদ্য পান করিয়া রোদন করে, হাস্য করে, অসম্বদ্ধ গান করে এবং কামব্যাপারে প্রবৃত্ত হয় ॥২৪—২৭॥

বিশেষতঃ সেই অবস্থায় তাহারা পরস্পর কামালাপ করে। সুতরাং গর্বিত এবং প্রসিদ্ধ পাপকার্য্যকারী সেই মদ্রকগণের ধর্ম্ম হইবে কি প্রকারে ॥২৮॥

মদ্রদেশীয় লোকের সহিত শত্রুতা বা মিত্রতা করিবে না। কারণ, মদ্রদেশীয়ের সঙ্গে সম্মেলনই হইতে পারে না। কেন না, মদ্রদেশীয় লোক সর্ব্বদাই পাপী ॥২৯॥

(২৬)···যেষাং গৃহেষু শিষ্টানাম্···পি।

শূদ্রসংস্কারকো বিপ্রো যথা যাতি পরাভবম্।
যথা ব্রহ্মদ্বিষো নিত্যং গচ্ছন্তীহ পরাভবম্ ॥৩১॥
তথৈব সঙ্গতং কৃত্বা নরঃ পততি মদ্রকৈঃ।
মদ্রকে সঙ্গতং নাস্তি হতং বৃশ্চিক! তে বিষম্ ॥৩২॥
আথর্বণেন মন্ত্রেণ যথা শান্তিঃ কৃতা ময়া।
ইতি বৃশ্চিকদষ্টস্য বিষবেগহতস্য চ ॥৩৩॥
কুর্বন্তি ভেষজং প্রাজ্ঞাঃ সত্যং তচ্চাপি দৃশ্যতে।
এবং বিদ্বান্ জোষমাস্স্ব শৃণু চাত্রোত্তরং বচঃ ॥৩৪॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ইদানীং বৃশ্চিকদষ্টস্য তদ্বিষচিকিৎসায়াং বিষবৈদ্যো যং মন্ত্রং পঠতি তমুদাহৃত্য নিন্দতি মদ্রকেম্বিতি। সংসৃষ্টং নিক্ষিপ্তং ধনম্। রাজা ক্ষত্রিয়ো যাজকো যস্য স চাসৌ যাজ্যশ্চেতি তস্মিন্ ব্রাহ্মণে দত্তং হবিশ্চ যথা নষ্টং ভবেদিত্যর্থঃ। শূদ্রস্য সংস্কারকঃ অন্নপ্রাশনাদৌ যাজনেন যাজকঃ। ব্রহ্মদ্বিষো বেদদ্বেষিণঃ। সঙ্গতং প্রণয়সম্মেলনম্। যথা নাস্তি কৃতমপি নশ্যতি, হে বৃশ্চিক! তথা তে বিষং হতং নষ্টম্। কুত ইত্যাহ আথর্বণেনেতি। যথা যতঃ, ময়া বিষবৈদ্যেন, আথর্বণেন অথর্ববেদীয়েন, মন্ত্রেণাপরেণ শান্তিঃ কৃতা। কর্ণোক্তিমনুবদতি ইতীতি। ইতি অনেন মদ্রকদোষকীর্ত্তনাত্মকেন মন্ত্রেণ। বিষবেগেন হতস্য পীড়িতস্য। ভেষজমৌষধম্। সত্যং বিষবেগোপশমনাৎ সফলম্। এবং প্রচলিতমন্ত্রেষ্বপি স্বদেশীয়দোষ-প্রকাশনম্, বিদ্বান্ জানন্, জোষং নীরবঃ, আস্স্ব উপবিশ ॥৩০—৩৪॥

ভারতভাবদীপঃ

॥৩০—৩১॥ যথৈবেতি। যথা মদ্রকৈঃ সঙ্গতং কৃত্বা পততি যথা বা মদ্রকে সঙ্গতং নাস্তি হে বৃশ্চিক! তথা তে বিষং হতমিত্যুত্তরেণ সম্বন্ধঃ। যদ্যেতৎ সত্যং তর্হি তব বিষং নশ্যত্বিতি মন্ত্রেণ সর্ব্বথা বিষং নশ্যতীত্যর্থঃ। ময়েত্যাত্মানুভবসিদ্ধমিদমিতি দ্যোতয়তি ॥৩২—৩৪॥

"মদ্রদেশীয়ের নিকট রক্ষিত ধন, গান্ধারদেশীয় লোকের পবিত্রতা এবং ক্ষত্রিয়-যাজ্য ব্রাহ্মণকে প্রদত্ত হবি (ঘৃতাদি) যেমন নষ্ট হয়, শূদ্রযাজী ব্রাহ্মণ যেমন পরাভব পায় এবং বেদবিদ্বেষী লোকেরা যেমন পরাভূত হয়, সেইরূপ মানুষ মদ্রদেশীয় লোকের সহিত সম্মেলন করিয়া পতিত হয়। মদ্রদেশীয় লোকের কৃত প্রণয়ও যেমন নষ্ট হয়, তেমন—আমি যখন অথর্ববেদীয় মন্ত্রে শান্তি করিলাম, তখন—হে বৃশ্চিক! তোমার বিষ নষ্ট হইল।" এইরূপ মন্ত্রদ্বারা বিষচিকিৎসাভিজ্ঞেরা বৃশ্চিকদষ্ট ও তাহার বিষবেগে পীড়িত লোকের চিকিৎসা করিয়া থাকেন এবং তাহা

(৩৩)···সর্বা শান্তিঃ কৃতা ময়া···পি,···সর্বশান্তিঃ কৃতা ময়া···নি।

বাসাংস্যুৎস্বজ্য নৃত্যন্তি স্ত্রিয়ো যা মদ্যমোহিতাঃ।
মৈথুনেঽসংযতাশ্চাপি যথাকামচরাশ্চ তাঃ ॥৩৫॥
তাসাং পুত্রঃ কথং ধর্ম্মং মদ্রকো বক্তুমর্হতি।
যাস্তিষ্ঠন্ত্যঃ প্রমেহন্তি যথৈবোষ্ট্র-দশেরকাঃ ॥৩৬॥
তাসাং বিভ্রষ্টধর্ম্মাণাং নির্লজ্জানাং ততস্ততঃ।
ত্বং পুত্রস্তাদৃশীনাং হি ধর্ম্মং বক্তুমিহেচ্ছসি ॥৩৭॥
সুবীরকং যাচ্যমানা মদ্রিকা কর্ষতি স্ফিচৌ।
অদাতুকামা বচনমিদং বদতি দারুণম্ ॥৩৮॥
মা মাং সুবীরকং কশ্চিদ্‌যাচতাং দয়িতং মম।
পুত্রং দদ্যাং পতিং দদ্যাং ন তু দদ্যাং সুবীরকম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

অন্যথা নিন্দতি বাসাংসীতি। অসংযতা অসঙ্কোচিতরবাঃ ॥৩৫॥
তাসামিতি। তিষ্ঠন্ত্যো দণ্ডায়মানাঃ সত্যঃ, প্রমেহন্তি মূত্রয়ন্তে। দশেরকো গর্দ্দভঃ ॥৩৬॥
অথ কস্তাসাং পুত্র ইত্যাহ তাসামিতি। ধর্ম্মং বক্তুমিহেচ্ছসীতি কাকুঃ ॥৩৭॥
স্বিতি। সুবীরকং কাঞ্জিকং নাম মদ্যবিশেষম্। স্ফিচৌ কটীপশ্চাদ্ভাগৌ ॥৩৮॥
কিং তদ্বচনমিত্যাহ মেতি। দয়িতম্ অতীবপ্রিয়ম্ ॥৩৯॥

সফল হইতেও দেখা যায়। অতএব শল্য! তুমি এইরূপ জানিয়া নীরব হইয়া থাক এবং আমার অপর উত্তর বাক্য শোন ॥৩০—৩৪॥

মদ্রদেশীয় যে সকল স্ত্রীলোক মদ্যপানে মোহিত হইয়া পরিহিত বস্ত্র ত্যাগ করিয়া নৃত্য করে, তাহারা স্বেচ্ছাচারিণী থাকে এবং মৈথুনের সময়ে অসংযতরবা হয় ॥৩৫॥

যে স্ত্রীলোকেরা উষ্ট্র ও গর্দ্দভের ন্যায় দাঁড়াইয়া দাঁড়াইয়া প্রস্রাব করে, তাহাদের পুত্র মদ্রক কি প্রকারে ধর্ম্ম বলিতে পারে? ॥৩৬॥

শল্য! ধর্ম্মভ্রষ্ট ও সর্ব্বত্র নির্লজ্জ সেইরূপ সেই স্ত্রীলোকের পুত্র হইয়া তুমি এইখানে ধর্ম্ম বলিতে ইচ্ছা কর! ॥৩৭॥

কেহ আসিয়া কাঞ্জিক (কাঁজি—মদ্যবিশেষ) চাহিলে, মদ্রদেশীয় স্ত্রীলোক কটীর পশ্চাদ্ভাগ কর্ষণ করিতে থাকে এবং তাহা দিতে অনিচ্ছু হইয়া এই দারুণ কথা বলে—॥৩৮॥

'কেহ যেন আমার নিকট কাঞ্জিক প্রার্থনা না করে। কারণ, কাঞ্জিক আমার

(৩৫) ইতঃ প্রভৃতি নানাবিধাঃ পাঠভেদাঃ নি।

গৌর্য্যো বৃহত্যো নির্হ্রীকা মদ্রিকাঃ কম্বলাবৃতাঃ।
ঘস্মরা নষ্টশৌচাশ্চ প্রায় ইত্যনুশুশ্রুম ॥৪০॥
এবমাদি ময়ান্যৈর্বা শক্যং বক্তুং ভবেদ্বহু।
আকেশাগ্রান্নখাগ্রাচ্চ বক্তব্যেষু কুকর্ম্মসু ॥৪১॥
মদ্রকাঃ সিন্ধুসৌবীরা ধর্ম্মং বিদ্যুঃ কথন্ত্বিহ।
পাপদেশোদ্ভবা ম্লেচ্ছা ধর্ম্মাণামবিচক্ষণাঃ ॥৪২॥
এষ মুখ্যতমো ধর্ম্মঃ ক্ষত্রিয়স্যেতি নঃ শ্রুতম্।
যদাজৌ নিহতঃ শেতে সদ্ভিঃ সমভিপূজিতঃ ॥৪৩॥
আয়ুধানাং সাম্পরায়ে যন্মুচ্যেয়মহং ততঃ।
মমৈষ প্রথমঃ কল্পো নিধনে স্বর্গমিচ্ছতঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

গৌর্য্য ইতি। গৌর্য্যো গৌরবর্ণাঃ, বৃহত্যো দীর্ঘাঃ, নির্হ্রীকা নির্লজ্জাঃ মদ্রিকা মদ্রদেশীয়া নার্য্যঃ, কম্বলাবৃতাঃ কম্বলপরিধানাঃ। ঘস্মরা ভোজনশীলাঃ ॥৪০॥

এবমিতি। বক্তব্যেষু নিন্দনীয়েষু, কুকর্ম্মসু মদ্রকেষু ॥৪১॥

মদ্রকা ইতি। ম্লেচ্ছা ম্লেচ্ছাচারাঃ, অবিচক্ষণা অনভিজ্ঞাঃ ॥৪২॥

এষ ইতি। মুখ্যতমঃ প্রধানতমঃ। আজৌ যুদ্ধে ॥৪৩॥

আয়ুধানামিতি। সাম্পরায়ে যুদ্ধে, মুচ্যেয়ং জীবনমিতি শেষঃ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

যথাকামং বরয়ন্তি তাঃ, অসংযতা ইতি চ্ছেদঃ। তাসাং পুত্রঃ সঙ্করজাত ইত্যর্থঃ ॥৩৫॥ প্রমেহন্তি মূত্রয়ন্তে, দশেরকাঃ গর্দ্দভাঃ ॥৩৬—৩৭॥ সুবীরকং কাঞ্জিকম্, স্ফিচৌ কটিপ্রোথৌ ॥৩৮—৩৯॥ নির্হ্রীকা নির্লজ্জাঃ। ঘস্মরাঃ বহুভক্ষকাঃ ॥৪০॥ বক্তব্যেষু গর্হণীয়েষু ॥৪১—৪৩॥

বড়ই প্রিয়। সুতরাং আমি পুত্র দিতে পারি এবং পতিও দিতে পারি; কিন্তু কাঞ্জিক দিতে পারি না' ॥৩৯॥

আমরা শুনিয়াছি—মদ্রদেশীয় স্ত্রীলোকেরা প্রায়ই গৌরবর্ণ, দীর্ঘাকৃতি, নির্লজ্জ, কম্বলাবৃত, সর্ব্বদা ভোজনশীল ও অপবিত্র ॥৪০॥

কেশাগ্র হইতে নখাগ্রপর্য্যন্ত নিন্দনীয় ও কুকর্ম্মনিরত মদ্রদেশীয় লোকদের বিষয়ে আমি বা অন্য লোকেরা এই জাতীয় বহু কথা বলিতে পারি ॥৪১॥

মদ্র, সিন্ধু ও সৌবীরদেশীয় লোকেরা পাপদেশোৎপন্ন, ম্লেচ্ছাচার ও ধর্ম্মে অনভিজ্ঞ। সুতরাং তাহারা কি প্রকারে ধর্ম্ম জানিবে ॥৪২॥

আমরা শুনিয়াছি—ক্ষত্রিয় যুদ্ধে নিহত হইয়া সজ্জনকর্ত্তৃক প্রশংসিত হইতে থাকিয়া যে শয়ন করেন, তাহাই তাঁহার প্রধানতম ধর্ম্ম ॥৪৩॥

(৪১)...আকেশান্তাৎ...নি।

সোঽহং প্রিয়ঃ সখা চাস্মি ধার্ত্তরাষ্ট্রস্য ধীমতঃ।
তদর্থে হি মম প্রাণা যচ্চ মে বিদ্যতে বসু ॥৪৫॥
ব্যক্তং ত্বমপ্যুপহিতঃ পাণ্ডবৈঃ পাপদেশজ !।
যথা চামিত্রবৎ সর্বং ত্বমস্মাসু প্রবর্ত্তসে ॥৪৬॥
কামং ন খলু শক্যোঽহং ত্বদ্বিধানাং শতৈরপি।
সংগ্রামাদ্বিমুখঃ কর্ত্তুং ধর্ম্মজ্ঞ ইব নাস্তিকৈঃ ॥৪৭॥
সারঙ্গ ইব ঘর্ম্মার্ত্তঃ কামং বিলপ শুষ্য চ।
নহি ভীষয়িতুং শক্যঃ ক্ষত্রবৃত্তে ব্যবস্থিতঃ ॥৪৮॥
তনুত্যজাং নৃসিংহানামাহবেষ্বনিবর্ত্তিনাম্।
যা গতির্গুরুণা প্রোক্তা পুরা রামেণ তাং স্মরে ॥৪৯॥

ভারতকৌমুদী

স ইতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য। অতো মদ্ভেদঃ সর্বথৈবাসম্ভব ইতি ভাবঃ ॥৪৫॥
ব্যক্তমিতি। ত্বং বস্তুতঃ পাণ্ডবপক্ষীয়ঃ, উপহিতো ভেদজননার্থং কৌরবপক্ষে স্থাপিতঃ ॥৪৬॥
কামমিতি। কামং পর্য্যাপ্তং ধ্রুবমিত্যর্থঃ। ধর্ম্মজ্ঞ আস্তিক ইতি তাৎপর্য্যম্ ॥৪৭॥
সারঙ্গ ইতি। সারঙ্গো হরিণঃ, ঘর্ম্মার্ত্তো গ্রীষ্মপীড়িতঃ। শুষ্য শুষ্ককণ্ঠো ভব ॥৪৮॥
তন্বিতি। তনুত্যজাং দেহত্যাগিনাম্, নৃসিংহানাং নরশ্রেষ্ঠানাম্। স্মরে স্মরামি ॥৪৯॥

আমি অস্ত্রযুদ্ধে যে জীবন ত্যাগ করিব, তাহাই আমার প্রথম কল্প। কেন না, আমি মৃত্যুর পরে স্বর্গ লাভ করিবার ইচ্ছা করি ॥৪৪॥

আমি—বুদ্ধিমান্ দুর্য্যোধনের প্রিয় এবং সখা। সুতরাং আমার প্রাণ ও যে সকল ধন আছে, তাহা দুর্য্যোধনের জন্যই রহিয়াছে ॥৪৫॥

কিন্তু পাপদেশজাত শল্য! তুমি নকুল ও সহদেবের মাতুল বলিয়া তাহাদের পক্ষেরই লোক। সুতরাং পাণ্ডবেরা ভেদ ঘটাইবার জন্য তোমাকে কৌরবপক্ষে রাখিয়াছে, ইহা স্পষ্ট বুঝা যাইতেছে। যে হেতু তুমি আমার সঙ্গে শত্রুর ন্যায় সমস্ত ব্যবহার করিতেছ ॥৪৬॥

তথাপি নাস্তিকেরা যেমন ধর্ম্মজ্ঞ আস্তিককে ধর্ম্ম হইতে বিমুখ করিতে পারে না, সেইরূপ তোমার মত শত শল্যও আমাকে যুদ্ধ হইতে বিমুখ করিতে পারিবে না, ইহা ধ্রুব ॥৪৭॥

সুতরাং তুমি গ্রীষ্মপীড়িত হরিণের ন্যায় যথেষ্ট বিলাপ কর এবং শুষ্ককণ্ঠ হও, তথাপি ক্ষত্রিয়ধর্ম্মস্থিত এই ব্যক্তির ভয় উৎপাদন করিতে সমর্থ হইবে না ॥৪৮॥

পূর্ব্বে গুরুদেব পরশুরাম—যুদ্ধে অপলায়ী ও দেহত্যাগী নরশ্রেষ্ঠগণের যে গতির কথা বলিয়াছিলেন, আমি এখন তাহা স্মরণ করিতেছি ॥৪৯॥

তেষাং ত্রাণার্থমুদ্যুক্তং বধার্থং দ্বিষতামপি।
বিদ্ধি মামাস্থিতং বৃত্তং পৌরূরবসমুত্তমম্ ॥৫০॥
ন তদ্ভূতং প্রপশ্যামি ত্রিষু লোকেষু মদ্রপ !।
যো মামস্মাদভিপ্রায়াদ্বারয়েদিতি মে মতিঃ ॥৫১॥
এবং বিদ্বান্ জোষমাস্স্ব ত্রাসাৎ কিং বহু ভাষসে।
মা ত্বাং হত্বা প্রদাস্যামি ক্রব্যাদ্ভ্যো মদ্রকাধম ! ॥৫২॥
মিত্রপ্রতীক্ষয়া শল্য ! ধার্ত্তরাষ্ট্রস্থ চোভয়োঃ।
অপবাদতিতিক্ষাভিস্ত্রিভিরেতৈর্হি জীবসি ॥৫৩॥

ভারতকৌমুদী

তেষামিতি। আস্থিতমাশ্রিতম্, বৃত্তং চরিত্রম্, পৌরূরবসং পুরূরবঃসম্বন্ধি অনিবর্ত্তিত্বম্ ॥৫০॥
নেতি। তৎ তাদৃশম্, ভূতং প্রাণিনম্। মদ্রান্ পাতি রক্ষতীতি স তৎসম্বোধনম্ ॥৫১॥
এবমিতি। বিদ্বান্ জানন্, জোষং নীরবঃ, আস্স্ব তিষ্ঠ। ক্রব্যাদ্ভ্যো মাংসভোজিভ্যঃ ॥৫২॥
মিত্রেতি। হে শল্য ! ধার্ত্তরাষ্ট্রস্থ দুর্য্যোধনস্থ, মিত্রপ্রতীক্ষয়া ত্বং মিত্রমসীত্যপেক্ষয়া, দুর্য্যোধনস্থ মম চেত্যুভয়োঃ, অপবাদস্তব বধে নিন্দা, তিতিক্ষা ত্বৎকৃতনিন্দানাং ক্ষমা চ, এতৈস্ত্রিভির্হেতুভিস্ত্বং জীবসি। অন্যথা ত্বং মৎপ্রহারেণ ম্রিয়েথা এবেতি ভাবঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

সাম্পরায়ে সমূহে সংগ্রামে ইত্যর্থঃ। মৃতোঽয়ং জীবিতমিতি শেষঃ ॥৪৪—৪৫॥ উপহিতঃ উপজপ্তঃ ॥৪৬—৪৯॥ তেষাং ধার্ত্তরাষ্ট্রাণাম্ ॥৫০—৫১॥ হত্বা অর্জ্জুনেন ঘাতয়িত্বা ॥৫২॥ মিত্রপ্রতীক্ষয়া মিত্রকার্য্যাবেক্ষণেন চাদুর্য্যোধনস্থ তয়োরেবোভয়োঃ। অপবাদো নিন্দা তিতিক্ষা চ তৈস্ত্রিভির্হেতুভিঃ ॥৫৩—৫৬॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

শল্য ! তুমি জানিয়া রাখ যে, আমি কৌরবগণের রক্ষার জন্য এবং শত্রুগণের বধের নিমিত্ত উদ্যত হইয়াছি এবং পুরূরবার উত্তম চরিত্র অবলম্বন করিয়াছি ॥৫০॥

মদ্রপতি ! আমি ত্রিভুবনে সেরূপ প্রাণী দেখি না, যে আমাকে এই অভিপ্রায় হইতে নিবারণ করিতে পারে, ইহাই আমার ধারণা ॥৫১॥

মদ্রকাধম ! তুমি এইরূপ জানিয়া চুপ করিয়া থাক, ভয়বশতঃ কেন বহু বলিবে ; আমি যেন তোমাকে বধ করিয়া মাংসভোজীদিগকে দান না করি ॥৫২॥

শল্য ! তুমি দুর্য্যোধনের মিত্র এই অপেক্ষা, তোমাকে আমি বধ করিলে আমার ও দুর্য্যোধনের নিন্দা হইবে এবং আমাদের ক্ষমাগুণ আছে, এই তিন কারণে তুমি এখনও জীবিত আছ ॥৫৩॥

(৫৩)...ধার্ত্তরাষ্ট্রপ্ররোধতঃ। অপবাদে তিতিক্ষাভিঃ...পি,...ধার্ত্তরাষ্ট্রস্থ চোভয়োঃ...বা নি।

পুনশ্চেদীদৃশং বাক্যং মদ্ররাজ ! বদিষ্যসি ।
শিরস্তে পোথয়িষ্যামি গদয়া বজ্রকল্পয়া ॥৫৪॥
শ্রোতারস্ত্বিদমদ্যেহ দ্রষ্টারো বা কুদেশজ ! ।
কর্ণং বা জঘ্নতুঃ কৃষ্ণৌ কর্ণো বা নিজঘান তৌ ॥৫৫॥
এবমুক্ত্বা তু রাধেয়ঃ পুনরেব বিশাংপতে ! ।
অব্রবীন্মদ্ররাজানং যাহি যাহীত্যসম্ভ্রমম্ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কর্ণশল্যসংবাদে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ।

——:-০-:——

সঞ্জয় উবাচ ।

মারিষাধিরথেঃ শ্রুত্বা বাচো যুদ্ধাভিনন্দিনঃ ।
শল্যোঽব্রবীৎ পুনঃ কর্ণং নিদর্শনমুদাহরন্ ॥১॥

ভারতকৌমুদী

পুনরিতি । সন্নিহিতত্বাদ্গদয়েত্যাশয়ঃ ॥৫৪॥

শ্রোতার ইতি । কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৫৫॥

এবমিতি । অসম্ভ্রমং সধৈর্য্যমব্রবীৎ, অর্জ্জুনেন সহ যুদ্ধস্যৈব মুখ্যোদ্দেশ্যত্বাদিত্যভিপ্রায়ঃ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

মদ্ররাজ ! তুমি যদি আবারও এইরূপ বাক্য বল, তবে এই বজ্রতুল্য গদাদ্বারা তোমার মস্তক চূর্ণ করিব ॥৫৪॥

সে যাহা হউক, কুদেশজাত ! শল্য ! আজ এই যুদ্ধে লোকেরা ইহা শুনিবে বা দেখিবে যে, কৃষ্ণ ও অর্জ্জুন কর্ণকে বধ করিয়াছেন, কিংবা কর্ণ তাঁহাদিগকে নিহত করিয়াছেন' ॥৫৫॥

নরনাথ ! কর্ণ এইরূপ বলিয়া ধৈর্য্যসহকারেই পুনরায় শল্যকে বলিলেন—'যাও যাও' ॥৫৬॥

(৫৪)···শিরস্তে পাতয়িষ্যামি···বর্দ্ধ বা নি । * '···চত্বারিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '···একচত্বারিংশোঽধ্যায়ঃ' বা ।

জাতোঽহং যজ্বনাং বংশে সংগ্রামেষ্বনিবর্ত্তিনাম্।
রাজ্ঞাং মূর্দ্ধাভিষিক্তানাং স্বয়ং ধর্ম্মপরায়ণঃ ॥২॥
যথৈব মত্তো মদ্যেন ত্বং তথা লক্ষ্যসে বৃষ!।
তথাপি ত্বাং প্রমাদ্যন্তং চিকিৎসেয়ং সুহৃত্তয়া ॥৩॥
ইমাং কাকোপমাং কর্ণ! প্রোচ্যমানাং নিবোধ মে।
শ্রুত্বা যথেষ্টং কুর্য্যাস্ত্বং নিহীনকুলপাংসন! ॥৪॥
নাহমাত্মনি কিঞ্চিদ্বৈ কিল্বিষং কর্ণ! সংস্মরে।
যেন মাং ত্বং মহাবাহো! হন্তুমিচ্ছস্যনাগসম্ ॥৫॥
অবশ্যন্তু ময়া বাচ্যং বুধ্যতা ত্বদ্ধিতাহিতম্।
বিশেষতো রথস্থেন রাজ্ঞশ্চৈব হিতৈষিণা ॥৬॥

ভারতকৌমুদী

মারিষেতি। হে মারিষ! আর্য্য! আধিরথেঃ কর্ণস্য। নিদর্শনং দৃষ্টান্তম্ ॥১॥
জাত ইতি। যজ্বনাং যথাবিধি কৃতযজ্ঞানাম্। স্বয়ঞ্চ ধর্ম্মপরায়ণ ইতি ত্বদুক্তয়ো মিথ্যা ॥২॥
যথেতি। মদ্যেন মদ্যপানেন। হে বৃষ! কর্ণ! বৃষভসদৃশেত্যপি ধ্বন্যতে ॥৩॥
ইমামিতি। কাকস্য উপমাং দৃষ্টান্তম্। হে নিহীনকুলপাংসন! নিকৃষ্টবংশাধম! ॥৪॥
নেতি। কিল্বিষং দোষম্। মহাবাহো! ইতি সোল্লুণ্ঠনোক্তিঃ। অনাগসং নিরপরাধম্ ॥৫॥
অবশ্যমিতি। বুধ্যতা বুধ্যমানেন। রথস্থেন সারথিনা, রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥৬॥

সঞ্জয় কহিলেন—'মাননীয় রাজা! যুদ্ধাভিনন্দী কর্ণের সেই সকল কথা শুনিয়া শল্য দৃষ্টান্ত উল্লেখ করতঃ পুনরায় কর্ণকে বলিলেন—॥১॥

'যথাবিধানে কৃতযজ্ঞ, যুদ্ধে অনিবর্ত্তী ও মূর্দ্ধাভিষিক্ত রাজাদের বংশে আমি জন্মিয়াছি এবং নিজেও ধর্ম্মপরায়ণ ॥২॥

কিন্তু বৃষ! (কর্ণ! বৃষভ!) তোমাকে মদ্যপানে মত্তের ন্যায় দেখিতেছি; তথাপি তুমি অবধানশূন্য হইতেছ বলিয়া সৌহার্দ্দনিবন্ধন তোমার চিকিৎসা করিব ॥৩॥

কর্ণ! আমি এই কাকের দৃষ্টান্ত বলিতেছি, শ্রবণ কর; নিকৃষ্টকুলাধম! তুমি তাহা শুনিয়া ইচ্ছানুসারে কার্য্য কর ॥৪॥

মহাবাহু কর্ণ! আমি নিজের কোন দোষ ভাবিয়া পাইতেছি না, যাহাতে তুমি নিরপরাধ আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছ ॥৫॥

তোমার হিত ও অহিত বুঝিতে পারিয়া তাহা আমার অবশ্যই বলা উচিত; বিশেষতঃ আমি তোমার রথে রহিয়াছি এবং রাজার হিতৈষী ॥৬॥

(৩)…তথাপ্যহং ত্বাম্…বা নি। (৬)…বুদ্ধ্বা তব হিতাহিতম্…নি।

সমঞ্চ বিষমঞ্চৈব রথিনশ্চ বলাবলম্‌।
শ্রমঃ খেদশ্চ সততং হয়ানাং রথিনা সহ ॥৭॥
আয়ুধস্য পরিজ্ঞানং রুতঞ্চ মৃগপক্ষিণাম্‌।
ভারশ্চাপ্যতিভারশ্চ শল্যানাঞ্চ প্রতিক্রিয়া ॥৮॥
অস্ত্রযোগশ্চ যুদ্ধঞ্চ নিমিত্তানি তথৈব চ।
সর্ব্বমেতন্ময়া জ্ঞেয়ং রথস্যাস্য কুটুম্বিনা।
অতস্ত্বাং কথয়ে কর্ণ! নিদর্শনমিদং পুনঃ ॥৯॥ (বিশেষকম্‌)
বৈশ্যঃ কিল সমুদ্রান্তে প্রভূতধনধান্যবান্‌।
যজ্বা দানপতিঃ ক্ষান্তঃ স্বকর্ম্মস্থোঽভবচ্ছুচিঃ ॥১০॥
বহুপুত্রঃ প্রিয়াপত্যঃ সর্বভূতানুকম্পকঃ।
রাজ্ঞো ধর্ম্মপ্রধানস্য রাষ্ট্রে বসতি নির্ভয়ঃ ॥১১॥

ভারতকৌমুদী

সমমিতি। সমমনুকূলম্‌, বিষমং প্রতিকূলম্‌। খেদঃ কাতরতা, হয়ানামশ্বানাম্‌। রুতং রবঃ, মৃগাঃ পশবঃ। শল্যানামস্ত্রাগ্রক্ষতানাম্‌। অস্ত্রাণাং যোগঃ প্রয়োগক্রম, নিমিত্তানি শুভাশুভলক্ষণানি। কুটুম্বিনা প্রণয়িনা। নিদর্শনং প্রস্তুতং দৃষ্টান্তম্‌। ক্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৭—৯॥

বৈশ্য ইতি। যজ্বা যথাবিধি কৃতযজ্ঞঃ, ক্ষান্তঃ ক্ষমাবান্‌ ॥১০॥

বহ্বিতি। সর্বেষু ভূতেষু প্রাণিষু অনুকম্পকো দয়ালুঃ। রাষ্ট্রে রাজ্যে ॥১১॥

ভারতভাবদীপঃ

মারিষেতি। মারিষ! হে রাজন্‌! ॥১—২॥ বৃষঃ মহোক্ষঃ ॥৩—৭॥ আয়ুধস্যান্তিকে বেত্তি জ্ঞানং পরিজ্ঞানং রুতং জয়পরাজয়সূচকম্‌, অতিভারো দুর্ব্বহত্বম্‌ ॥৮॥ নিমিত্তানি দিব্যভৌমা-

অনুকূল ও প্রতিকূল অবস্থা, রথীর সবলতা ও দুর্ব্বলতা, রথী ও অশ্বগণের পরিশ্রম ও কাতরতা, অস্ত্রের অবস্থা, পশু-পক্ষীর রব, ভার, অতিভার, অস্ত্রক্ষত-চিকিৎসা, অস্ত্রপ্রয়োগ, যুদ্ধ ও শুভাশুভলক্ষণ এই সমস্তই আমার বুঝিতে হইবে। কেন না, আমি এই রথের হিতৈষী। অতএব কর্ণ! আমি তোমার নিকট পুনরায় এই দৃষ্টান্তটী বলিতেছি—॥৭—৯॥

পূর্ব্বকালে সমুদ্রসন্নিহিত দেশে প্রচুর ধন-ধান্যশালী, যজ্ঞকারী, দাতা, ক্ষমাশীল, আপন বৈশ্যবৃত্তিনিষ্ঠ ও পবিত্র একজন বৈশ্য ছিলেন ॥১০॥

সর্ব্বভূতে দয়ালু সেই বৈশ্য কোন ধার্ম্মিক রাজার রাজ্যে নির্ভয়ে বাস করিতেন; তাঁহার বহু পুত্র ছিল এবং সন্তানগুলি তাঁহার প্রিয় ছিল ॥১১॥

(৯...ইদং বচঃ—পি। (১০)...দানপতির্দক্ষঃ...পি।

পুত্রাণাং তস্য বালানাং কুমারাণাং যশস্বিনাম্।
কাকো বহূনামভবদুচ্ছিষ্টকৃতভোজনঃ ॥১২॥
তস্মৈ সদা প্রয়চ্ছন্তি বৈশ্যপুত্রাঃ কুমারকাঃ।
মাংসৌদনং দধি ক্ষীরং পায়সং মধুসর্পিষী ॥১৩॥
স চোচ্ছিষ্টকৃতঃ কাকো বৈশ্যপুত্রৈঃ কুমারকৈঃ।
সদৃশান্ পক্ষিণো দৃপ্তঃ শ্রেয়সশ্চাবমন্যতে ॥১৪॥
অথ হংসাঃ সমুদ্রান্তে কদাচিদতিপাতিনঃ।
গরুড়স্য গতৌ তুল্যাশ্চক্রাঙ্গা হৃষ্টচেতসঃ ॥১৫॥
কুমারকাস্ততো হংসান্ দৃষ্ট্বা কাকমথাব্রুবন্।
ভবানেব বিশিষ্টো হি পতত্রিভ্যো বিহঙ্গম ! ॥১৬॥

ভারতকৌমুদী

পুত্রাণামিতি। উচ্ছিষ্টেন ভুক্তাবশিষ্টেন কৃতং ভোজনমুদরপূরণং যেন সঃ ॥১২॥
তস্মা ইতি। প্রয়চ্ছন্তি সাদরং দদতি স্ম। মাংসযুক্তমোদনমন্নং মাংসৌদনম্ ॥১৩॥
স ইতি। উচ্ছিষ্টেন কৃতঃ কৃতবৃত্তিঃ। দৃপ্তো গর্বিতঃ, শ্রেয়সঃ শ্রেষ্ঠান্ ॥১৪॥
অথেতি। অতিপাতিনঃ দ্রুতং পতিতা আসন্। চক্রস্য চক্রবাকস্যেবাঙ্গানি যেষাং তে ॥১৫॥
কুমারকা ইতি। বিশিষ্টঃ শ্রেষ্ঠঃ, পতত্রিভ্য এতদাদিভ্যঃ পক্ষিভ্যঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ভোগানি গ্রস্তান্যানুকূল্যপ্রাতিকূল্যানি। সদৃশানঃ দৃষ্টান্তম্ ॥৯—১৪॥ অতিপাতিনঃ অত্যতিশয়গামিনঃ। চক্রাঙ্গা মানসচারিণঃ ॥১৫॥ পতত্রিভ্যোহন্যেভ্যঃ ॥১৬॥ প্রত্যর্থ্য-

অশিক্ষিত অথচ যশস্বী সেই কুমার বৈশ্যপুত্রগণের উচ্ছিষ্ট ভোজন করিয়া একটা কাক সেই বৈশ্যের গৃহে থাকিত ॥১২॥

কুমার বৈশ্যপুত্রেরা সর্ব্বদাই সেই কাকটাকে মাংসযুক্ত অন্ন, দধি, ক্ষীর, পায়স, মধু ও ঘৃত ভক্ষণ করিতে দিত ॥১৩॥

সেই কাকটা কুমার বৈশ্যপুত্রগণের উচ্ছিষ্টভোজনে পরিপুষ্ট ও গর্বিত হইয়া সমান ও শ্রেষ্ঠ পক্ষিগণকে অবজ্ঞা করিত ॥১৪॥

তাহার পর কোন সময়ে গরুড়ের ন্যায় দ্রুতগামী ও চক্রবাকের তুল্য বিচিত্রদেহ কতকগুলি হংস আসিয়া হৃষ্টচিত্তে সেই সমুদ্রতীরে বেগে পতিত হইল ॥১৫॥

তদনন্তর সেই বৈশ্যপুত্রেরা হংসগণকে দেখিয়া কাককে বলিল—'কাক ! তুমিই এই সকল পক্ষী হইতে শ্রেষ্ঠ' ॥১৬॥

(১৫)···প্রজগ্মুরতিপাতিনঃ···নি। (১৬)···বিশিষ্টোহসি···নি।

প্রতার্য্যমাণস্তৈঃ সর্বৈরল্পবুদ্ধিভিরণ্ডজঃ।
তদ্বচঃ সত্যমিত্যেব মৌর্খ্যাদ্দর্পাচ্চ জজ্ঞিবান্ ॥১৭॥
তান্ সোঽভিপত্য জিজ্ঞাসুঃ ক এষাং শ্রৈষ্ঠ্যভাগিতি।
উচ্ছিষ্টদর্পিতঃ কাকো বহূনাং দূরপাতিনাম্ ॥১৮॥
তেষাং যং প্রবরং মেনে হংসানাং দূরপাতিনাম্।
স তমাহ্বত দুর্বুদ্ধিঃ পতাব ইতি পক্ষিণম্ ॥১৯॥
তচ্ছ্রুত্বা প্রাহসন্ হংসা যে তত্রাসন্ সমাগতাঃ।
ভাষতো বহু কাকস্য বলিনঃ পততাং বরাঃ ॥২০॥
ইদমূচুঃ স্ম চক্রাঙ্গা বচঃ কাকং বিহঙ্গমাঃ।
হংসা ঊচুঃ।
বয়ং হংসাশ্চরামেমাং পৃথিবীং মানসৌকসঃ ॥২১॥

ভারতকৌমুদী

প্রেতি। অণ্ডজঃ পক্ষী কাকঃ। জজ্ঞিবান্ নির্দ্ধারিতবান্ ॥১৭॥
তানিতি। জিজ্ঞাসুর্জ্ঞাতুমিচ্ছুরাসীৎ, শ্রৈষ্ঠ্যভাক্ শ্রেষ্ঠঃ ॥১৮॥
তেষামিতি। প্রবরং শ্রেষ্ঠম্। আহ্বত আহূতবান্, পতাব উড্ডয়াবহে আবাম্ ॥১৯॥
তদিতি। প্রাহসন্ অশক্তস্যাপি পরীক্ষাদানোদ্যমদর্শনাদিতি ভাবঃ। পততাং পক্ষিণাম্ ॥২০॥
ইদমিতি। চক্রাঙ্গা হংসাঃ। মানসং তদাখ্যং সর ওক আশ্রয়ো যেষাং তে ॥২১॥

অল্পবুদ্ধি সেই বৈশ্যপুত্রেরা সকলে প্রতারণা করিলে, মূর্খতা ও দর্পবশতঃ কাক বুঝিল—'তাহাদের কথা সত্য' ॥১৭॥

তখন উচ্ছিষ্টদর্পিত কাক হংসগণের নিকটে যাইয়া মনে মনে জানিতে ইচ্ছা করিল—'দূরগামী এই বহুপক্ষীর মধ্যে কে শ্রেষ্ঠ' ॥১৮॥

পরে সেই দুর্বুদ্ধি কাক সেই দূরগামী হংসগণের মধ্যে যাহাকে শ্রেষ্ঠ বলিয়া মনে করিল, তাহাকে আহ্বান করিল এবং বলিল—'আইস, আমরা উড্ডয়ন করি' ॥১৯॥

সেই স্থানে যাহারা আসিয়াছিল, সেই বলবান্ ও পক্ষিশ্রেষ্ঠ হংসেরা বহুভাষী কাকের সেই কথা শুনিয়া হাস্য করিল ॥২০॥

ক্রমে হংসপক্ষীরা কাককে এই সকল বাক্য বলিতে লাগিল। হংসগণ বলিল—'আমরা মানসসরোবরবাসী হংস ইচ্ছানুসারে এই পৃথিবীতে বিচরণ করিয়া থাকি ॥২১॥

(১৭)···মৌর্খ্যাদ্দর্পাচ্চ মন্যতে—পি বঙ্গ বৰ্দ্ধ বা। (১৮)···সোঽভ্যুপত্য···নি,···শ্রেষ্ঠভাগিতি···বঙ্গ বৰ্দ্ধ বা নি।

পক্ষিণাঞ্চ বয়ং নিত্যং দূরপাতেন পূজিতাঃ।
কথং নু হংসং বলিনং চক্রাঙ্গং দূরপাতিনম্ ॥২২॥
কাকো ভূত্বা নিপতনে সমাহ্বয়সি দুর্ম্মতে!।
কথং ত্বং পতিতা কাক! সহাস্মাভির্ব্রবীহি তৎ ॥২৩॥ (যুগ্মকম্)
অথ হংসবচো মূঢ়ঃ কুৎসয়িত্বা পুনঃ পুনঃ।
প্রজগাদোত্তরং কাকঃ কত্থনো জাতিলাঘবাৎ ॥২৪॥

কাক উবাচ।

শতমেকঞ্চ পাতানাং পতিতাস্মি ন সংশয়ঃ।
শতযোজনমেকৈকং বিচিত্রং বিবিধং তথা ॥২৫॥
উড্ডীনমবডীনঞ্চ প্রডীনং ডীনমেব চ।
নিডীনমথ সংডীনং তির্য্যগ্‌ডীনগতানি চ ॥২৬॥

ভারতকৌমুদী

পক্ষিণামিতি। পক্ষিণাং মধ্যে। নিপতনে উড্ডয়নে। পতিতা গন্তা ॥২২—২৩॥

অথেতি। কত্থন আত্মশ্লাঘী, জাতিলাঘবাৎ জাত্যা নিকৃষ্টত্বাৎ ॥২৪॥

শতমিতি। পাতানামুড্ডয়নানাং মধ্যে, শতমেকঞ্চ পাতমুড্ডয়নং কৃত্বা, একৈকং তঞ্চ পাতং বিচিত্রং বিবিধঞ্চ কৃত্বা, শতযোজনম্, পতিতাস্মি উড্ডয়িষ্যে ॥২৫॥

ভারতভাবদীপঃ

মানেংহ্মগাপ্রত্যাখ্যমানঃ ॥১৭॥ শ্রেষ্ঠভাক্ শ্রেষ্ঠম্ অঙ্গং ভজতে ॥১৮॥ পতাবঃ পচ্ছাবঃ ॥১৯—২১॥ দূরপাতেন দূরগমনেন ॥২২॥ পতিতা পতিষ্যসি ॥২৩॥ কত্থনঃ গুণশ্লাঘী ॥২৪॥ পতিতাস্মি পতিষ্যামি ॥২৫॥ পাতানাং শতমেকং গণয়তি—উড্ডীনমিত্যাদিনা। "উড্ডীনমূর্দ্ধ-গমনমবডীনমধোগতিঃ। প্রডীনং সর্ব্বতোযানং ডীনং গমনমাত্রকম্॥ নিডীনং শনকৈর্যানং সংডীনং ললিতং গতম্। তির্য্যগ্‌ডীনং গতং প্রাহুস্তিরঃপ্রচরণং বুধাঃ। তাস্থাশাভেদভিন্নানি

দুর্ম্মতি কাক! দূরগমনবশতঃ পক্ষীদের মধ্যে আমরা সর্বদা গৌরব লাভ করিয়া থাকি। তুই কাক হইয়া উড্ডয়নবিষয়ে বলবান্ ও দূরপাতী চক্রাঙ্গ হংসকে কেন আহ্বান করিতেছিস্, কি করিয়াই বা তুই আমাদের সহিত উড়িবি? তাহা বল দেখি ॥২২—২৩॥

তাহার পর নিকৃষ্টজাতিবশতঃ আত্মশ্লাঘাকারী মূর্খ কাক বার বার হংসের বাক্যের নিন্দা করিয়া উত্তর বলিতে লাগিল ॥২৪॥

কাক বলিল—'হংসগণ! উড্ডয়নের মধ্যে একাধিক শতপ্রকার উড্ডয়ন এবং তাহার মধ্যে আবার তাহার প্রত্যেকটাকে বিচিত্র ও বিবিধ করিয়া আমি একশত যোজন যাইতে পারি; তাহাতে সন্দেহ নাই ॥২৫॥

বিডীনং পরিডীনঞ্চ পরাডীনং সুডীনকম্।
অতিডীনং মহাডীনং খডীনং পরিডীনকম্ ॥২৭॥
অবডীনং সুডীনঞ্চ সংডীনং ডীনডীনকম্।
সংডীনোড্ডীনডীনঞ্চ পুনর্ডীনাবডীনকম্ ॥২৮॥
সম্পাতং সমুদীর্ণঞ্চ ততোঽন্যদ্ব্যতিরিক্তকম্।
গতাগতং প্রতিগতং বহ্বীশ্চ নিকুচীনকাঃ।
কর্ত্তাস্মি মিষতাং বোঽদ্য ততো দ্রক্ষ্যথ মে বলম্ ॥২৯॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

একাধিকশতপাতমধ্যে সপ্তবিংশতিং পাতানাহ উড্ডীনমিতি। উড্ডীনমূর্দ্ধগতিম্, অবডীনমধোগতিম্, প্রডীনং বেগগতিম্, ডীনং সমগতিম্, নিডীনং ধীরগতিম্, সংডীনং সম্যগ্গতিম্, তির্য্যগ্ডীনগতানি স্পষ্টানি, বিডীনং বিচিত্রগতিম্, পরিডীনং সর্বতোগতিম্, পরাডীনং পশ্চাদ্গতিম্, সুডীনকং সুন্দরগতিম্, অতিডীনং প্রচণ্ডগতিম্, মহাডীনং দূরগতিম্, খডীনং [illegible] গতিমাত্রম্, পরিডীনকং মণ্ডলাকারগতিম্, অবডীনং বেগেনাধোগতিম্, সুডীনং বেগেনোর্দ্ধগতিম্, সংডীনং বেগেন সম্যগ্গতিম্, ডীনডীনকং মণ্ডলেনোর্দ্ধগতিম্, সংডীনং মণ্ডলেন তির্য্যগ্গতিম্, উড্ডীনডীনং বেগেন মণ্ডলেন চোর্দ্ধগতিম্, ডীনাবডীনকং বেগেন মণ্ডলেন চাধোগতিম্, সম্পাতং কিমপ্যাক্রমিতুং শ্যেনবদ্বেগেনাধঃপতনম্, সমুদীর্ণং তথৈবোর্দ্ধগমনম্, ব্যতিরিক্তকং তথৈব পার্শ্বগমনম্, গতাগতং প্রতিগতঞ্চ স্পষ্টম্, বহ্বীঃ বশিষ্টাশ্চতুঃসপ্ততিপ্রকারাঃ, নিকুচীনকাঃ সমুদায়নির্গতীঃ, মিষতাং পশ্যতাম্, বো যুষ্মাকম্, অহং কর্ত্তাস্মি করিষ্যামি। নবপাদোঽয়ং শ্লোকঃ ॥২৬—২৯॥

ভারতভাবদীপঃ

চত্বারি প্রতিজানতে ॥" তানি তির্য্যগ্ডীনানি ॥২৬॥ "বিডম্বিতং বিডীনং স্যাৎ পরিডীনঞ্চ সর্বতঃ। পশ্চাদ্গতিঃ পরাডীনং স্বর্গাঙ্গঞ্চ সুডীনকম্॥ অভিমুখ্যেন গমনমতিডীনং প্রচক্ষতে। যানং মহাডীনমাহুঃ পবিত্রামুক্তিতাং গতিম্॥ নিডীনং নিশ্চলং যানং প্রচণ্ডমতিডীনকম্॥" বিডম্বিতং মল্লবদ্ভুজস্যোদ্ধারয় গমনম্ ॥২৭॥ "অবরোহতোঽবডীনং স্যাৎ প্রডীনং চিত্রমুচ্যতে। গত্যা ললিতয়া পূর্বমুপক্রম্য সমন্ততঃ॥ পরিক্রম্য প্রপতনং সংডীনং ডীনডীনকম্। সংডীনোড্ডীনডীনং স্যাত্তদেবোর্দ্ধপ্রকল্পনাৎ॥ গতো গত্যন্তরে যোগে

ঊর্দ্ধগতি, অধোগতি, বেগগতি, সমগতি, ধীরগতি, সম্যক্ গতি, তির্য্যক্ গতি, বিচিত্রগতি, সর্ব্বদিকে গতি, পশ্চাৎ গতি, সুন্দরগতি, প্রচণ্ডগতি, দূরগতি, আকাশগতি, মণ্ডলগতি, বেগে অধোগতি, বেগে ঊর্দ্ধগতি, বেগে সম্যক্ গতি, মণ্ডলাকারে ঊর্দ্ধগতি, মণ্ডলাকারে তির্য্যক্ গতি, বেগে মণ্ডলাকারে ঊর্দ্ধগতি, বেগে মণ্ডলাকারে অধোগতি, কিছু আক্রমণ করিবার জন্য শ্যেনপক্ষীর ন্যায় নিম্নে গমন, সেইভাবে

(২৯)...নিকুলীনিকাঃ...বর্দ্ধ,...নিকুলীনকাঃ...বা,...নিকুডীনকাঃ...নি।

তেষামন্যতমেনাহং পতিষ্যামি বিহায়সম্।
প্রদিশধ্বং যথান্যায়ং কেন হংসাঃ! পতাম্যহম্ ॥৩০॥
তে বৈ ধ্রুবং বিনিশ্চিত্য পতধ্বং নু ময়া সহ।
পাতৈরেভিঃ খলু খগাঃ! পততা খে নিরাশ্রয়ে ॥৩১॥
এবমুক্তে তু কাকেন প্রহস্যৈকো বিহঙ্গমঃ।
উবাচ কাকং রাধেয়! বচনং তন্নিবোধ মে ॥৩২॥

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং পাতানামন্যতমেন পাতেন, পতিষ্যামি গমিষ্যামি, বিহায়সমাকাশম্। প্রদিশধ্বম্ উপদিশত। পতামি গচ্ছামি ॥৩০॥

বচনানি ॥৭৩॥ হে হতে ! ভোলিঙ্গতাড়িতে ! ইত্যাক্রোশে দ্বিত্বম্, সন্ধিশ্ছান্দসঃ । স্বামিহতে ভর্তৃহতে ইতি চ তদ্বৎ । পর্বসু উৎসবদিনেষু আক্রোশন্ত্যঃ গালয়ন্ত্যঃ, তাসাং পতিরিতি

মদ্যপানে উদ্ধতা, গর্দ্দভ ও উষ্ট্রের রবের ন্যায় নানাবিধ গানে মত্তা এবং সর্ব্ব-প্রকারে স্বেচ্ছাচারিণী সেই রমণীরা অনাবৃত স্থানে মৈথুনে প্রবৃত্ত হয়, আর পরস্পর (স্ত্রী-পুরুষে) মধুর বাক্য বলিতে বলিতে অশ্লীল বাক্যও বলে ॥৭৩॥

আবার সংস্কারহীন সেই রমণীরা উৎসবের সময়ে অসংযতভাবে (অন্যান্য রমণীকে লক্ষ্য করিয়া) হে···তাড়িতা ! হে···তাড়িতা ! হে পতি···তাড়িতা ! হে উপপতি··· তাড়িতা ! বলিয়া গালি দিতে থাকিয়া নৃত্য করে ॥৭৪॥

বাহীকদেশীয় সেই দুষ্ট ও গর্বিত রমণীদের কোন একজন উপপতি এই কুরুদেশে বাস করতঃ অনতিহৃষ্ট চিত্তে গাহিয়া বেড়াইত—॥৭৫॥

'আমি বাহীকদেশের লোক কুরুদেশে আসিয়া বাস করিতেছি । সুতরাং নিশ্চয়ই আমার সেই পূর্ণযৌবনা, গৌরাঙ্গী ও সূক্ষ্মকম্বলধারিণী প্রণয়িনী আমাকে স্মরণ করতঃ শয়ন করেন ॥৭৬॥

মনঃশিলোজ্জ্বলাপাঙ্গ্যো গৌর্য্যস্ত্রিককুদঞ্জনাঃ।
কম্বলাজিনসংবীতাঃ কুর্বন্ত্যঃ প্রিয়দর্শনাঃ ॥৭৮॥
মৃদঙ্গানকশঙ্খানাং মর্দ্দলানাঞ্চ নিস্বনৈঃ।
খরোষ্ট্রাশ্বতরৈশ্চৈব মত্তা যাস্যামহে সুখম্ ॥৭৯॥
শমী-পীলু-করীরাণাং বনেষু সুখবর্ত্মসু।
অপূপান্ সক্তুপিণ্ডাংশ্চ প্রাশ্নন্তো মথিতান্বিতান্ ॥৮০॥
পথিষু প্রবলা ভূত্বা কদা সম্পততোঽধ্বগান্।
চেলাপহারং কুর্বাণাস্তাড়য়িষ্যাম ভূয়সঃ ॥৮১॥ (যুগ্মকম্)
এবংশীলেষু ব্রাত্যেষু বাহীকেষু দুরাত্মসু।
কশ্চেতয়ানো নিবসেন্মুহূর্ত্তমপি মানবঃ ॥৮২॥

ভারতকৌমুদী

শতেতি। স্থূলাঃ শঙ্খাঃ শঙ্খাভরণানি যাসাং তাঃ, শুভাঃ সুন্দরীঃ ॥৭৭॥

মন ইতি। মনঃশিলয়া তল্লেপেন উজ্জ্বলা অপাঙ্গা নেত্রপ্রান্তা যাসাং তাঃ, কম্বলৈরজিনৈর্মৃগচর্ম্মভিশ্চ সংবীতা আবৃতগাত্র্যঃ, প্রিয়দর্শনা রমণ্যঃ, কুর্বন্ত্যো মমামোদং কুর্বত্যো ভবিষ্যন্তীতি শেষঃ। "ককুৎ স্ত্রী ককুদোঽপ্যস্ত্রী বৃষাঙ্গে রাড়্ধ্বজে বরে" ইতি মেদিনী ॥৭৮॥

মৃদঙ্গেতি। নিস্বনৈঃ সহ। খরোষ্ট্রাশ্বতরৈর্যানৈঃ, মত্তা মদ্যপানেন ॥৭৯॥

শমীতি। সুখকরাণি বর্ত্মানি পন্থানো যেষু তেষু। অপূপান্ পিষ্টকানি, প্রাশ্নন্তো ভক্ষয়ন্তঃ, মথিতান্বিতান্ তক্রযুক্তান্। সম্পততো গচ্ছতঃ, অধ্বগান্ পথিকান্ ॥৮০—৮১॥

এবমিতি। ব্রাত্যেষু সংস্কারহীনেষু, বাহীকেষু বাহীকসমাজে। চেতয়ানশ্চৈতন্যবান্ ॥৮২॥

সেই মনোহর শতদ্রুনদী ও ইরাবতীনদী উত্তীর্ণ হইয়া স্বদেশে যাইয়া কবে আবার স্থূলশঙ্খালঙ্কারধারিণী সুন্দরী রমণীদিগকে দেখিতে পাইব ॥৭৭॥

যাহাদের নয়নপ্রান্ত মনঃশিলালেপনে উজ্জ্বল, ললাটে ও নয়নযুগলে কজ্জল এবং দেহখানি কম্বলে ও মৃগচর্ম্মে আবৃত থাকে, সেই গৌরবর্ণা প্রিয়দর্শনা রমণীরা কবে আবার আমার আমোদ সম্পাদন করিবে ॥৭৮॥

আমরা মদ্যপানে মত্ত হইয়া গর্দ্দভ, উষ্ট্র ও অশ্বতরে আরোহণ করিয়া মৃদঙ্গ, আনক, শঙ্খ ও মর্দ্দলের ধ্বনির সঙ্গে সঙ্গে কবে আবার সুখে গমন করিব ॥৭৯॥

যাহার পথগুলি সুখজনক, সেই শমী, পীলু ও করীরবনমধ্যে পিষ্টক ও তক্রযুক্ত সক্তু ভক্ষণ করিয়া সবল হইয়া বস্ত্র হরণ করিতে থাকিয়া পথচারী বহুতর পথিককে কবে আবার আমরা তাড়ন করিব' ॥৮০—৮১॥

(৮০)···প্রাশ্নন্ত্যো মথিতান্বিতান্—বর্দ্ধ।

ঈদৃশা ব্রাহ্মণেনোক্তা বাহীকা মোঘচারিণঃ।
যেষাং ষড়্ভাগহর্ত্তা ত্বমুভয়োঃ শুভপাপয়োঃ ॥৮৩॥
ইত্যুক্ত্বা ব্রাহ্মণঃ সাধুরুত্তরং পুনরুক্তবান্।
বাহীকেম্ববিনীতেষু প্রোচ্যমানং নিবোধ তৎ ॥৮৪॥
তত্র স্ম রাক্ষসী গাতি সদা কৃষ্ণচতুর্দ্দশীম্।
নগরে শাকলে স্ফীতে আহত্য নিশি দুন্দুভিম্ ॥৮৫॥
কদা বাহেয়িকা গাথাঃ পুনর্গাস্যামি শাকলে।
গব্যস্য তৃপ্তা মাংসস্য পীত্বা গৌড়ং সুরাসবম্ ॥৮৬॥
গৌরীভিঃ সহ নারীভির্বৃহতীভিরলঙ্কৃতা।
পলাণ্ডুগণ্ডূষযুতান্ খাদন্তী চৈড়কান্ বহূন্ ॥৮৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ঈদৃশা ইতি। মোঘচারিণো ধর্ম্মহীনত্বাদ্ব্যর্থকর্ম্মাণঃ। ষড়্ভাগহর্ত্তা রাজত্বাৎ ॥৮৩॥

ইতীতি। উত্তরং পরং বচঃ। অবিনীতেষু অশিক্ষিতেষু, প্রোচ্যমানং ময়া, নিবোধ ত্বং শৃণু ॥৮৪॥

তত্রেতি। গাতি গায়তি, কৃষ্ণচতুর্দ্দশীং প্রাপ্যেতি শেষঃ। স্ফীতে বিশালে ॥৮৫॥

কদেতি। বাহেয়িকা বাহীকজনসম্বন্ধিনীঃ। গব্যস্য গোসম্বন্ধিনঃ, মাংসস্য মাংসৈঃ, "করণে পূস্বৃপ্ত্যর্থয়োঃ" ইতি করণে ষষ্ঠী, গৌড়ং গুড়জাতম্, সুরারূপমাসবং সুরাসবম্; বৃহতীভিঃ পূর্ণযৌবনাভিঃ। ঐড়কান্ মেষীয়ান্ ॥৮৬—৮৭॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥৭৪—৭৮॥ খরাদিযানৈঃ ॥৭৯॥ মথিতং তক্রম্ ॥৮০॥ ভূয়সঃ বহূন্ ॥৮১—৮৫॥ বহেঃ ধৃষভস্তস্তেদং বধপর্ব্ব বাহং তত্রোচিতা বাহেয়িকা গাথা গীতীঃ ॥৮৬॥ খাদন্তী বলিরূপান্

'এইরূপ চরিত্র, সংস্কারহীন ও দুরাত্মা বাহীকগণের মধ্যে কোন্ জীবিত মানুষ মুহূর্ত্তকালও বাস করে?' ॥৮২॥

শল্য! সেই ব্রাহ্মণ ব্যর্থকর্ম্ম বাহীকগণের এইরূপ স্বভাব বর্ণনা করিয়াছিলেন, তুমি রাজা বলিয়া যাহাদের পুণ্য ও পাপের ষষ্ঠভাগ পাইয়া থাক ॥৮৩॥

শল্য! অশিক্ষিত বাহীকগণের বিষয়ে এইরূপ বলিয়া সেই সাধু ব্রাহ্মণ পুনরায় যাহা বলিয়াছিলেন; তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৮৪॥

এক রাক্ষসী সকল কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতিথিতে সেই বিশাল শাকলনগরে রাত্রিকালে দুন্দুভি বাজাইয়া এইরূপ গান করে—॥৮৫॥

'আমি অলঙ্কৃত ও গোমাংসভক্ষণে পরিতৃপ্ত হইয়া গুড়ের মদ্য পান করিয়া

(৮৪)···নিবোধত—বর্দ্ধ।

বারাহং কৌক্কুটং মাংসং গব্যং গার্দ্দভমৌষ্ট্রিকম্।
ঐড়ঞ্চ যে ন খাদন্তি তেষাং জন্ম নিরর্থকম্ ॥৮৮॥
ইতি গায়ন্তি যে মত্তাঃ সীধুনা শাকলাশ্চ যে।
সবালবৃদ্ধাঃ ক্রন্দন্তস্তেষু ধর্ম্মঃ কথং ভবেৎ ॥৮৯॥
ইতি শল্য! বিজানীহি হন্ত ভূয়ো ব্রবীমি তে।
যদন্যোঽপ্যুক্তবানস্মান্ ব্রাহ্মণঃ কুরুসংসদি ॥৯০॥
পঞ্চ নদ্যো বহন্ত্যেতা যত্র পীলুবনান্যুত।
শতদ্রুশ্চ বিপাশা চ তৃতীয়েরাবতী তথা ॥৯১॥
চন্দ্রভাগা বিতস্তা চ সিন্ধুষষ্ঠা বহির্গিরেঃ।
আরট্টা নাম তে দেশা নষ্টধর্ম্মা ন তান্ ব্রজেৎ ॥৯২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কান্তা গাথা ইত্যাহ বারাহমিতি। গব্যং গোসম্বন্ধি। ঐড়ং মেষসম্বন্ধি চ ॥৮৮॥

ইতীতি। সীধুনা মদ্যপানেন। ক্রন্দন্ত উচ্চস্বরং কুর্বন্তঃ। ধর্ম্মঃ কথং ভবেৎ, অপি তু কথমপি নেত্যর্থঃ, নিষিদ্ধবহুদ্রব্যভক্ষণাৎ নিষিদ্ধাচরণাৎ তদ্গানেন তৎকরণাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥৮৯॥

ইতীতি। হন্ত খেদে, ভূয়ঃ পুনঃ। কুরুসংসদি কৌরবসভায়াম্ ॥৯০॥

পঞ্চেতি। বহন্তি চলন্তি। সিন্ধুঃ ষষ্ঠী যাসাং তাঃ, গিরের্হিমবতঃ ॥৯১—৯২॥

পলাণ্ডুযুক্ত বহু মেষমাংস ভক্ষণ করিতে থাকিয়া গৌরবর্ণা ও পূর্ণযৌবনা বাহীকরমণী-দিগের সঙ্গে মিলিত হইয়া এই শাকলনগরে বাহীকগণসম্বন্ধে কবে আবার এইরূপ গান করিব—॥৮৬—৮৭॥

যাহারা বরাহ, কুক্কুট, গো, গর্দ্দভ, উষ্ট্র ও মেষের মাংস ভক্ষণ না করে, তাহাদের জন্ম নিরর্থক ॥৮৮॥

যে যে লোক শাকলবাসী-বালক ও বৃদ্ধগণের সহিত মিলিত ও মদ্যপানে মত্ত হইয়া উচ্চস্বরে এইরূপ গান করে, তাহাদের ধর্ম্ম হইবে কিপ্রকারে?' ॥৮৯॥

শল্য! এই বিষয় জানিয়া রাখ; আবার অন্য ব্রাহ্মণও কৌরবসভায় যাহা বলিয়াছিলেন, তাহাও তোমার নিকট বলিতেছি—॥৯০॥

হিমালয় হইতে দূরে যে দেশে পীলুবন আছে, সেই দেশে এই পাঁচটী নদী বহিয়া থাকে—শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা ও বিতস্তা এবং সিন্ধুনদীও সে দেশে বহিয়া থাকে; সে দেশের নাম—'আরট্ট' সেখানে কোন ধর্ম্ম নাই। সুতরাং ধার্ম্মিক লোক সে দেশে যাইবেন না ॥৯১—৯২॥

(৯০) হন্তশল্য! বিজানীহি···পি। (৯২)···সিন্ধুষষ্ঠাবর্গাহিতাঃ···পি।

ব্রাত্যানাং দাসমীয়ানাং বৈদেহানামযজ্বনাম্ ।
ন দেবাঃ প্রতিগৃহ্লন্তি পিতরো ব্রাহ্মণাস্তথা ॥৯৩॥
তেষাং প্রনষ্টধর্ম্মাণাং বাহীকানামিতি শ্রুতিঃ ।
ব্রাহ্মণেন তথা প্রোক্তং বিদুষা সাধুসংসদি ॥৯৪॥ (যুগ্মকম্)
কাষ্ঠকুণ্ডেষু বাহীকা মৃন্ময়েষু চ ভুঞ্জতে ।
সক্তুবাট্যাবলিপ্তেষু শ্বাবলীঢ়েষু নির্ঘৃণাঃ ॥৯৫॥
আবিকঞ্চৌষ্ট্রিকঞ্চৈব ক্ষীরং গার্দ্দভমেব চ ।
তদ্বিকারাংশ্চ বাহীকাঃ খাদন্তি চ পিবন্তি চ ॥৯৬॥
পুত্রসঙ্করিণো জাল্মাঃ সর্বান্নক্ষীরভোজনাঃ ।
আরট্টা নাম বাহীকা বর্জনীয়া বিপশ্চিতা ॥৯৭॥

ভারতকৌমুদী

ব্রাত্যানামিতি। ব্রাত্যানাং সংস্কারহীনানাম্, দাসমেব ন পুনরন্যং মীনন্তি স্বভার্য্যারমণ-দর্শনেন হিংসন্তীতি দাসমীয়াঃ স্বভার্য্যাজারসম্পাদকাস্তেষাম্, বৈদেহানাং বিশিষ্টা জারজতয়া বিভিন্না দেহা যেষাং তে বিদেহাস্তজ্জাতানাম্, অযজ্বনামকৃতযজ্ঞানাম্, অতএব প্রনষ্টধর্ম্মাণাং তেষাং বাহীকানাং দ্রব্যাণীতি শেষঃ, দেবাঃ পিতরস্তথা ব্রাহ্মণাশ্চ ন প্রতিগৃহ্লন্তি ॥৯৩—৯৪॥

কাষ্ঠেতি। সক্তুভির্ধানাচূর্ণৈঃ বাট্যৈঃ প্রাগুক্তব্যুৎপত্তৈর্বিকৃতান্নৈশ্চ অবলিপ্তেষু সংসৃষ্টেষু, শ্বভিঃ কুক্কুরৈরবলীঢ়েষু জিহ্বয়া স্বাদিতেষু পাত্রেষু, বাহীকা ভুঞ্জতে ॥৯৫॥

আবিকমিতি। আবিকং মেষসম্বন্ধি। অভক্ষ্যভক্ষকতয়া নিন্দা ॥৯৬॥

ভারতভাবদীপঃ

এড়কান্মেষান্ ॥৮৭॥ বারাহং বিড়্বরাহজম্ ॥৮৮॥ শাকলাঃ শাকলপুরবাসিনঃ ॥৮৯—৯১॥ গিরের্হিমাদ্রেঃ ॥৯২॥ ব্রাত্যানামনুপনয়নাদিসংস্কারহীনানাম্, দাসমীয়ানাং দসমদেশোদ্ভবানাম্, দাসং গৃহশূদ্রং মিমতে মানয়ন্তি মৈথুনার্থিন্যস্তা দাসম্যস্তজ্জানাং দাসমীয়ানাং বা ॥৯৩—৯৪॥

সংস্কারহীন, ভার্য্যাজারসম্পাদক, জারজোৎপন্ন, অকৃতযজ্ঞ ও ধর্ম্মশূন্য সেই বাহীকগণের কোন দ্রব্যই দেবতারা, পিতৃলোকেরা ও ব্রাহ্মণেরা গ্রহণ করেন না; ইহা আমার শুনা আছে; কোন বিদ্বান্ ব্রাহ্মণ সাধুসভায় তাহা বলিয়াছিলেন ॥৯৩—৯৪॥

কাষ্ঠকুণ্ড (বারকোষ) ও মৃন্ময় পাত্রে সক্তু ও বিকৃতান্ন (ছাতু ও পচাভাত) থাকে, কুকুরে তাহা চাটে, ঘৃণাশূন্য বাহীকেরা তাহাতে খায় ॥৯৫॥

বাহীকেরা মেষ, উষ্ট্র ও গর্দ্দভের দুগ্ধ পান করে এবং তাহার আমিক্ষা (ছানা) প্রভৃতি ভক্ষণ করে ॥৯৬॥

হন্ত শল্য! বিজানীহি হন্ত ভূয়ো ব্রবীমি তে।
যদন্যোঽপ্যুক্তবান্ মহ্যং ব্রাহ্মণঃ কুরুসংসদি ॥৯৮॥
যুগন্ধরে পয়ঃ পীত্বা প্রোষ্য চাপ্যচ্যুতস্থলে।
তদ্বদ্ভূতিলয়ে স্নাত্বা কথং স্বর্গং গমিষ্যতি ॥৯৯॥
পঞ্চ নদ্যো বহন্ত্যেতা যত্র নিঃসৃত্য পর্বতাৎ।
আরট্টা নাম বাহীকা ন তেষ্বার্য্যো দ্ব্যহং বসেৎ ॥১০০॥
বহিশ্চ নাম হীকশ্চ বিপাশায়াং পিশাচকৌ।
তয়োরপত্যং বাহীকা নৈষা সৃষ্টিঃ প্রজাপতেঃ।
তে কথং বিহিতান্ ধর্ম্মান্ জ্ঞাস্যন্তে হীনযোনয়ঃ ॥১০১॥

ভারতকৌমুদী

পুত্রেতি। পুত্রসঙ্করা এষাং সন্তীতি তে স্বভার্য্যাসু বর্ণান্তরপুরুষৈঃ পুত্রোৎপাদয়িতার ইত্যর্থঃ, অতএব জাল্মা অপসদাঃ। বিপশ্চিতা শাস্ত্রজ্ঞেন ॥৯৭॥

হন্তেতি। ব্রাহ্মণবাক্যতয়া নাত্র সংশয়ঃ কার্য্য ইতি ভাবঃ ॥৯৮॥

যুগেতি। পয়ো দুগ্ধম্, প্রোষ্য প্রবাসং কৃত্বা। কথং স্বর্গং গমিষ্যতি মানবঃ, যুগন্ধরদেশে উষ্ট্রাদিদুগ্ধপানব্যবহারাৎ, অচ্যুতস্থলে ব্যভিচারিণীবাহুল্যেন তৎসংসর্গসম্ভবাৎ, ভূতিলয়দেশে জলে মলাদিপাতনেন তস্য দূষিতত্বাদিতি ভাবঃ। তেষ্বপি পয়ঃপানাদিত্যাগে তু ন দোষ ইতি সিদ্ধম্ ॥৯৯॥

পঞ্চেতি। এতাঃ প্রাগুক্তাঃ শতদ্রুপ্রভৃতয়ঃ। পর্ব্বতাৎ হিমাদ্রেঃ। আর্য্যঃ সজ্জনঃ ॥১০০॥

ভারতভাবদীপঃ

কুণ্ডেষু মহোদরপাত্রেষু ॥৯৫—৯৬॥ সর্ব্বমন্নমদনীয়ং ক্ষীরঞ্চ ভোজনং যেষাং তে ॥৯৭—৯৮॥ যুগন্ধরে নগরে উষ্ট্রাদিকমপি ক্ষীরং পীয়তে, ভক্ষ্যাভক্ষ্যবিবেকাভাবাত্তত্রাবশ্যমভক্ষ্যভক্ষণ-মাপতত্যেব, এবমচ্যুতস্থলে নগরে উষিতস্যাগম্যাগমনমবশ্যম্ভাবি তাদৃশানামেব তত্র সত্ত্বাৎ।

জারজপুত্রসম্পাদক, নীচ, সকল জাতির অন্নভোজী ও সকল পশুর দুগ্ধপায়ী বাহীকদিগের নামও 'আরট্ট'; শাস্ত্রজ্ঞ লোক তাহাদিগকে বর্জন করিবেন ॥৯৭॥

শল্য! কৌরবসভায় অন্য ব্রাহ্মণও আমার নিকট যাহা বলিয়াছিলেন, তাহা আমি তোমার নিকট বলিতেছি, তুমি বিশেষভাবে অবগত হও ॥৯৮॥

'মানুষ যুগন্ধরদেশে দুগ্ধ পান, অচ্যুতস্থলে প্রবাস এবং ভূতিলয়দেশে স্নান করিয়া কিপ্রকারে স্বর্গে যাইবে ॥৯৯॥

শতদ্রুপ্রভৃতি পাঁচটী নদী হিমালয় হইতে নির্গত হইয়া যে দেশে বহন করিতেছে, সেই দেশের নাম আরট্ট ও বাহীক; সজ্জন সে দেশে দুই দিনও বাস করিবেন না ॥১০০॥

---

(৯৮)···যদন্যোঽপ্যুক্তবান্ সত্যম্···পি। (১০০) বহিশ্চৈব বহীকশ্চ···পি।

কারস্করান্ মাহিষকান্ কালিঙ্গান্ কেরলাংস্তথা।
কর্কোটকান্ বীরকাংশ্চ দুর্দ্ধর্ম্মাংশ্চ বিবর্জয়েৎ ॥১০২॥
ইতি তীর্থানুসর্ত্তারং রাক্ষসী কাচিদব্রবীৎ।
একরাত্রশয়ী গেহে মহোলূখলমেখলা ॥১০৩॥
আরট্টা নাম তে দেশা বাহীকা নাম তে জনাঃ।
ব্রাহ্মণাপসদা যত্র তুল্যকালাঃ প্রজাপতেঃ ॥১০৪॥
বেদা ন তেষাং বেদ্যঞ্চ যজ্ঞো যজনমেব চ।
ব্রাত্যানাং দাসমীয়ানামন্নং দেবা ন ভুঞ্জতে ॥১০৫॥

ভারতকৌমুদী

বহিরিতি। বহির্নাম পিশাচী, হীকো নাম পিশাচঃ। সৃষ্টির্নানুষঘটিতা। ষট্পাদঃ ॥১০১॥
কারেতি। বেদবিরুদ্ধাচরণাদ্দুর্গতো ধর্ম্মো যেষু তান্, অতএব বিবর্জয়েৎ ॥১০২॥
ইতীতি। একরাত্রং শেত ইতি একরাত্রশয়ী, মহত্তামুলূখলানাং মেখলা যস্যাঃ সা ॥১০৩॥
আরট্টা ইতি। তুল্যকালা অতিপ্রাচীনা অপি, বেদবিরুদ্ধাচরণাদ্ব্রাহ্মণাপসদাঃ ॥১০৪॥
তত্র হেতুমাহ বেদা ইতি। বেদা বেদবিহিতাচারাঃ, বেদ্যং বেদেষু জ্ঞেয়ম্, যজনং দেবপূজনম্। ব্রাত্যানাং সংস্কারহীনানাম্, দাসমীয়ানাং প্রাগুক্তব্যুৎপত্তের্জারজানাম্ ॥১০৫॥

ভারতভাবদীপঃ

ভূতিলয়ে হি চণ্ডালব্রাহ্মণসাধারণ একো জলাশয়স্তত্র চ স্নাতঃ কথং স্বর্গং গচ্ছেন্ন কথঞ্চিদিত্যর্থঃ ॥৯৯॥ দ্যূতমিতোকরাত্রবাসে ন দোষ ইত্যর্থঃ ॥১০০—১০১॥ কারস্করাদয়ো দেশাঃ

বিপাশানদীতে 'বহি-'নামে একটা পিশাচী এবং 'হীক-'নামে একটা পিশাচ বাস করিত, বাহীকেরা তাহাদের সন্তান; কিন্তু তাহা মানুষঘটিত প্রজাপতির সৃষ্টি নহে। সুতরাং সেই হীনযোনি বাহীকেরা কিপ্রকারে বেদবিহিত ধর্ম্ম জানিবে ॥১০১॥

ধর্ম্মহীন কারস্কর, মাহিষক, কালিঙ্গ, কেরল, কর্কোটক ও বীরকদেশ বর্জন করিবে ॥১০২॥

বিশাল বিশাল উলূখলের মেখলাধারিণী কোন রাক্ষসী একজন তীর্থগামীর গৃহে এক রাত্রি থাকিয়া তাহাকে ইহা বলিয়াছিল—॥১০৩॥

যে দেশে ব্রহ্মার সমান প্রাচীন নিকৃষ্ট ব্রাহ্মণেরা বাস করে, সেই দেশের নাম—'আরট্ট' এবং সেই দেশবাসীদের নাম—'বাহীক' ॥১০৪॥

উপনয়নাদিসংস্কারবিহীন ও জারজ সেই ব্রাহ্মণগণের বেদবিহিত আচার, বেদশাস্ত্রে জ্ঞেয়, যজ্ঞ ও দেবপূজাপ্রভৃতি নাই। সুতরাং দেবতারা তাহাদের অন্ন ভোজন করেন না ॥১০৫॥

(১০৫)···যজ্ঞায়তনমেব চ···পি।

প্রস্থলা মদ্রগান্ধারা আরট্টা নামতঃ খশাঃ।
বসাতিসিন্ধুসৌবীরা ইতি প্রায়ো বিকুৎসিতাঃ ॥১০৬॥
হন্ত শল্য! বিজানীহি হন্ত ভূয়ো ব্রবীমি তে।
উচ্যমানং ময়া সম্যক্ ত্বমেকাগ্রমনাঃ শৃণু ॥১০৭॥
ব্রাহ্মণঃ কিল নো গেহমভ্যাগচ্ছৎ পুরাতিথিঃ।
আচারং তত্র সংপ্রেক্ষ্য প্রীতো বচনমব্রবীৎ ॥১০৮॥
ময়া হিমবতঃ শৃঙ্গমেকেনাধ্যুষিতং চিরম্।
দৃষ্টাশ্চ বহবো দেশা নানাধর্ম্মসমাবৃতাঃ ॥১০৯॥
ন চ কেন চ ধর্ম্মেণ বিরুধ্যন্তে প্রজা ইমাঃ।
সর্বং হি তেঽব্রুবন্ ধর্ম্মং যদুক্তং বেদপারগৈঃ ॥১১০॥

ভারতকৌমুদী

অথ বয়ং ন বাহীকদেশীয়া যেন নিন্দনীয়া ইত্যাহ প্রস্থলা ইতি। প্রায়ো বাহুল্যেন ॥১০৬॥
হন্তেতি। দ্বাবপি হন্তশব্দৌ খেদে। বিজানীহি বিশেষেণাবগচ্ছ ॥১০৭॥
ব্রাহ্মণ ইতি। নঃ অস্মাকম্। আচারমস্মদীয়ম্ ॥১০৮॥
ময়েতি। একেন একাকিনা, অধ্যুষিতমধিষ্ঠিতম্, তপশ্চরণার্থমিত্যাশয়ঃ ॥১০৯॥
নেতি। কেন চ কেনাপি। প্রজা জনাঃ, ইমা অস্মদ্দৃষ্টদেশস্থাঃ। তে তত্তদ্দেশীয়াঃ ॥১১০॥

ভারতভাবদীপঃ

॥১০২॥ একরাত্রশয়ী একরাত্রশয়িনং ব্রাহ্মণমিতি দ্বিতীয়ার্থে প্রথমা ॥১০৩—১০৯॥ ইমা অদৃষ্টপূর্ব্বাঃ প্রজাঃ কেন চ কেনাপ্যর্থকামাদিনা নিমিত্তেন ধর্ম্মেণ সহ ন বিরুধ্যন্তে, ন কেনচিদধর্ম্মেণেতি পাঠে কেনাপ্যধর্ম্মেণেত্যা ন বিরুধ্যন্তে ন কিঞ্চিদপ্যধর্ম্মং কৃত্বা শাস্ত্রেণ

প্রস্থল, মদ্র, গান্ধার, আরট্ট, খশ, বসাতি, সিন্ধু ও সৌবীরদেশ বহু বিষয়েই নিন্দিত ॥১০৬॥

শল্য! তুমি বিশেষভাবে জানিয়া রাখ, আমি পুনরায় তোমার নিকট বলিতেছি। আমি যাহা বলিতেছি, তাহা তুমি একাগ্রচিত্ত হইয়া সম্যক্‌রূপে শ্রবণ কর ॥১০৭॥

পূর্ব্বে এক ব্রাহ্মণ অতিথিরূপে আমাদের বাড়ী আসিয়াছিলেন, তিনি আমাদের আচার দেখিয়া সন্তুষ্ট হইয়া এই কথা বলিয়াছিলেন—॥১০৮॥

'আমি একাকী দীর্ঘকাল হিমালয়ের শৃঙ্গে বাস করিয়াছি এবং নানাধর্ম্মসমন্বিত বহু দেশ দেখিয়াছি ॥১০৯॥

(১০৬)…আরট্টা নাম তস্করাঃ…পি। ইতঃ পরম্ '…চতুশ্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ। কর্ণ উবাচ।' পি বঙ্গ বর্দ্ধ বা, '…সপ্তত্রিংশোঽধ্যায়ঃ। কর্ণ উবাচ।' নি। (১১০) ন কেনচিদধর্ম্মেণ…বা।

অটতা তু ততো দেশান্ নানাধর্ম্মসমাকুলান্।
আগচ্ছতা মহারাজ! বাহীকেষু নিশামিতম্ ॥১১১॥
তত্র বৈ ব্রাহ্মণো ভূত্বা ততো ভবতি ক্ষত্রিয়ঃ।
বৈশ্যঃ শূদ্রশ্চ বাহীকস্ততো ভবতি নাপিতঃ ॥১১২॥
নাপিতশ্চ পুনর্ভূত্বা ততো ভবতি ব্রাহ্মণঃ।
দ্বিজো ভূত্বা তু তত্রৈব পুনর্দাসোঽভিজায়তে ॥১১৩॥ (যুগ্মকম্)
ভবন্ত্যেককুলে বিপ্রাঃ প্রসৃষ্টাঃ কামচারিণঃ।
গান্ধারা মদ্রকাশ্চৈব বাহীকাশ্চাল্পচেতসঃ ॥১১৪॥
এতন্ময়া শ্রুতং তত্র ধর্ম্মসঙ্করকারকম্।
কৃৎস্নামটিত্বা পৃথিবীং বাহীকেষু বিপর্য্যয়ঃ ॥১১৫॥

ভারতকৌমুদী

অটতেতি। অটতা ময়া। বাহীকেষু বাহীকদেশে, নিশামিতং শ্রুতম্ ॥১১১॥

তত্রেতি। যাজনাদিনা ব্রাহ্মণঃ, যুদ্ধাদিনা ক্ষত্রিয়ঃ, বাণিজ্যাদিনা বৈশ্যঃ, সেবাদিনা শূদ্রঃ, ক্ষৌরেণ চ নাপিতো ভবত্যেক এব বাহীকঃ। দাসঃ পরসেবকঃ ॥১১২—১১৩॥

ভবন্তীতি। প্রসৃষ্টাঃ পরিণয়সম্বন্ধেন সম্বদ্ধাঃ। তেন চাপরেঽপি তথা ॥১১৪॥

এতদিতি। ধর্ম্মসঙ্করকারকম্ একস্যৈব বাহীকস্য নানাধর্ম্মমিশ্রণকারকমাচরণম্ ॥১১৫॥

ভারতভাবদীপঃ

বিরুধ্যন্তে ইত্যর্থঃ ॥১১০॥ নিশামিতং শ্রুতম্ ॥১১১॥ ব্রাহ্মণো ভূত্বেত্যাদি তজ্জাতীয়কর্ম্মাচরণনিবন্ধনম্ ॥১১২—১১৩॥ কুলে এক এব বিপ্রো ভবত্যন্যে ভ্রাতরঃ প্রসৃষ্টাঃ সঙ্কীর্ণক্রিয়া ইত্যর্থঃ ॥১১৪॥ তত্র বাহীকেষু ধর্ম্মসঙ্করকারকো বিপর্য্যয়ঃ শ্রুত ইতি লিঙ্গং বিপরিণেয়ম্,

সেই সকল দেশের লোকদিগের কোন ধর্ম্মেরই পরস্পর বিরোধ নাই এবং বেদপারদর্শীরা যাহা বলিয়াছেন, তাহারা সে সমস্ত ধর্ম্মই বলিয়াছে ॥১১০॥

মহারাজ! তাহার পর আমি নানাধর্ম্মসমন্বিত নানাদেশে পর্য্যটন করিয়া বাহীকদেশে আসিয়া শুনিলাম—॥১১১॥

সেই দেশে একই বাহীক ব্রাহ্মণ হইয়া পরে ক্রমশঃ ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র হয়; তৎপরে সে নাপিত হয় এবং নাপিত হইয়া পরে আবার ব্রাহ্মণ হয় এবং ব্রাহ্মণ হইয়া সেই অবস্থাতেই দাস হয় ॥১১২—১১৩॥

গান্ধার, মদ্র ও বাহীকদেশীয় স্বেচ্ছাচারী ও অল্পচেতা ব্রাহ্মণেরা একবংশেই পরিণয়সম্বন্ধে সম্বদ্ধ হয় ॥১১৪॥

আমি সেই বাহীকদেশে ধর্ম্মসঙ্করকারক এই আচরণ শুনিয়াছি এবং সমগ্র পৃথিবী পর্য্যটন করিয়া বাহীকদেশে ধর্ম্মের বিপর্য্যয় দেখিয়াছি' ॥১১৫॥

হন্ত শল্য ! বিজানীহি হন্ত ভূয়ো ব্রবীমি তে।
যদপ্যন্যোঽব্রবীদ্বাক্যং বাহীকানাঞ্চ কুৎসিতম্ ॥১১৬॥
সতী পুরা হৃতা কাচিদারট্টাৎ কিল দস্যুভিঃ।
অধর্ম্মতশ্চোপযাতা সা তানভ্যশপত্ততঃ ॥১১৭॥
বালাং বন্ধুমতীং যস্মামধর্ম্মেণোপগচ্ছথ।
তস্মান্নার্য্যো ভবিষ্যন্তি বন্ধক্যো বৈ কুলস্য বঃ ॥১১৮॥
ন চৈবাস্মাৎ প্রমোক্ষধ্বং ঘোরাৎ পাপান্নরাধমাঃ !।
তস্মাত্তেষাং ভাগহরা ভাগিনেয়া ন সূনবঃ ॥১১৯॥

ভারতকৌমুদী

হন্তেতি। অন্যঃ পর্য্যটকঃ। কুৎসিতমাচরণেষু ॥১১৬॥

সতীতি। আরট্টাদ্বাহীকদেশাৎ। উপযাতা উপভুক্তা ॥১১৭॥

বালামিতি। বন্ধুমতীং ভ্রাত্রাদিমতীম্। বন্ধক্যঃ অনেকপুরুষব্যভিচারিণ্যঃ ॥১১৮॥

নেতি। কর্ণ এব তত্র যুক্তিমাহ তস্মাদিতি। তস্মাৎ তত্রত্যানাং সর্বাসামেব স্ত্রীণাং ব্যভিচারিত্বাৎ, ভাগিনেয়া এব ভাগহরা ধনোত্তরাধিকারিণঃ, তেষাং ভগিনীগর্ভজাতত্বে সন্দেহাভাবাৎ, কিন্তু সূনবঃ স্বভার্য্যাগর্ভজাতপুত্রা ন, তেষামন্যৈরপি জননসম্ভবাৎ স্বসম্বন্ধিন এব ধনাধিকারনিয়মাৎ ॥১১৯॥

ভারতভাবদীপঃ

বিপর্য্যয়ো বিহিতবৈপরীত্যম্ ॥১১৫—১১৭॥ বন্ধক্যো বেশ্যাঃ, পঞ্চমে ব্যভিচারে বন্ধক্যঃ ॥১১৮॥ ন চৈবেতি। উত্তরত্রেদং বন্ধকীত্বং সর্ব্বত্রানুবর্ত্তিষ্যতে, যস্মাৎ মাতুর্ধনং দুহিতা হরতি পিতুঃ পুত্র ইতি নিয়মাৎ। যদ্যপি পুত্রী পুত্রশ্চ দ্বাবপি জারজৌ তথাপি পিতৃত্ব ইব মাতৃত্বে বিসংবাদাভাবাৎ দৌহিত্র এব রিক্থহারী ভবতি ন পুত্র ইতি ভাবঃ। যতস্তে ভগিনীষ্বেবা-

শল্য ! তুমি জানিয়া রাখ, বাহীকসম্বন্ধে অন্য পরিব্রাজকও যে কুৎসিত বাক্য বলিয়াছিলেন, তাহা আমি পুনরায় তোমার নিকট বলিতেছি ॥১১৬॥

পূর্ব্বকালে দস্যুরা বাহীকদেশ হইতে কোন সতী স্ত্রীকে হরণ করিয়া লইয়া গিয়াছিল এবং অধর্ম্ম অনুসারে উপভোগ করিয়াছিল ; পরে সেই সতী স্ত্রী তাহাদিগকে অভিসম্পাত করিয়াছিলেন—॥১১৭॥

'আমি বালিকা এবং আমার বন্ধুগণও আছেন ; এই অবস্থায় তোরা যখন অধর্ম্ম অনুসারে আমাকে উপভোগ করিলি, তখন তোদের বংশের নারীরা বহুপুরুষ-ব্যভিচারিণী হইবে ॥১১৮॥

সুতরাং নরাধমগণ ! তোরা এই ভয়ঙ্কর পাপ হইতে কখনও মুক্তি পাইবি না।' অতএব তাহাদের উত্তরাধিকারী হয়—ভাগিনেয়গণ, কিন্তু পুত্রগণ নহে ॥১১৯॥

(১১৬) হতশল্য ! বিজানীহি···পি।

কুরবঃ সহপাঞ্চালাঃ শাল্বা মৎস্যাঃ সনৈমিষাঃ।
কোশলাঃ কাশয়োঽঙ্গাশ্চ কালিঙ্গা মাগধাস্তথা ॥১২০॥
চেদয়শ্চ মহাভাগা ধর্ম্মং জানন্তি শাশ্বতম্।
নানাদেশেষু সন্তশ্চ প্রায়ো বাহ্যালয়াদৃতে ॥১২১॥ (যুগ্মকম্)
আ মৎস্যেভ্যঃ কুরুপাঞ্চালদেশ্যা আ নৈমিষাচ্চেদয়ো যে বিশিষ্টাঃ।
ধর্ম্মং পুরাণমুপজীবন্তি সন্তো মদ্রাদৃতে পাঞ্চনদাংশ্চ জিহ্মান্ ॥১২২॥
এবং বিদ্বান্ ধর্ম্মকথাসু রাজন্! তূষ্ণীম্ভূতো জড়বচ্ছল্য! ভূয়াঃ।
ত্বং তস্য গোপ্তা চ জনস্য রাজা ষড়্ভাগহর্ত্তা শুভদুষ্কৃতস্য ॥১২৩॥
অথবা দুষ্কৃতস্য ত্বং হর্ত্তা তেষামরক্ষিতা।
রক্ষিতা পুণ্যভাগ্ রাজা প্রজানাং ত্বং হ্যপুণ্যভাক্ ॥১২৪॥

ভারতকৌমুদী

কুরব ইতি। কাশয়ঃ কাশীদেশঃ। শাশ্বতং চিরন্তনম্। সন্তো বেদবিদ্বাংসঃ। বাহ্যে গ্রামাদ্বহির্বর্ত্তী আলয়ো যস্য তস্মাচ্চাণ্ডালাদিতঃ, ঋতে বিনা ॥১২০—১২১॥

আ মৎস্যেভ্য ইতি। পুরাণং প্রাচীনম্। জিহ্মান্ কুটিলান্ ॥১২২॥

এবমিতি। বিদ্বান্ জানন্। গোপ্তা রক্ষকঃ। অতএব শুভেন শুভজনকেন পুণ্যেন যুক্তং দুষ্কৃতং পাপমিতি তস্য, ষড়্ভাগহর্ত্তা ষষ্ঠভাগপ্রাপী, রাজ্ঞস্তথা নিয়মাদিতি ভাবঃ ॥১২৩॥

অথবেতি। অরক্ষিতা দুষ্কৃতাদনিবারকঃ। অতএব ত্বমপুণ্যভাক্ পাপমাত্রহরঃ ॥১২৪॥

ভারতভাবদীপঃ

পত্যানি জনয়ন্তি ন স্বদারেষ্বতস্তেষাং ভাগিনেয়া ভাগহরা ইতি ব্যাখ্যানং প্রাচাম্ ॥১১৯—১২০॥ অসন্তশ্চাৎ সন্তশ্চ বর্ত্তন্তে পরন্তু বাহ্যনয়াদৃতে বাহীকনীতিং বিনা, তত্র

কিন্তু কুরু, পাঞ্চাল, শাল্ব, মৎস্য, নৈমিষ, কোশল, কাশী, অঙ্গ, কালিঙ্গ, মাগধ ও চেদিদেশীয় প্রায় মহাত্মা এবং নানাদেশীয় বেদবিৎ পণ্ডিতেরা চিরন্তন ধর্ম্ম জানেন; তবে সেই সকল দেশীয় নিম্ন বর্ণেরা জানে না ॥১২০—১২১॥

সুতরাং মৎস্যদেশ হইতে কুরুদেশ ও পাঞ্চালদেশে এবং নৈমিষদেশ হইতে চেদিদেশে যে সকল বিশিষ্ট সজ্জন আছেন, তাঁহারা প্রাচীন ধর্ম্ম অবলম্বন করিয়া জীবনযাত্রা নির্বাহ করেন; কিন্তু মদ্র ও কুটিল পাঞ্চনদদেশীয় লোকেরা সে ধর্ম্ম আশ্রয় করিয়া জীবনযাত্রা নির্বাহ করে না ॥১২২॥

অতএব শল্য রাজা! তুমি এইরূপ জানিয়া জড়ের ন্যায় ধর্ম্মকথায় নীরব হইয়া থাকিও। কারণ, তুমি সেই দেশীয় লোকদের রক্ষক বলিয়া তাহাদের পুণ্য ও পাপের ষষ্ঠ ভাগ পাইয়া থাক ॥১২৩॥

(১২০)···শাল্বমৎস্যাঃ···পি।

পূজ্যমানে পুরা ধর্ম্মে সর্বদেশেষু শাশ্বতে।
ধর্ম্মং পাঞ্চনদং দৃষ্ট্বা ধিগিত্যাহ পিতামহঃ ॥১২৫॥
ব্রাত্যানাং দাসমীয়ানাং কৃতেঽপ্যশুভকর্ম্মণাম্।
ব্রহ্মণা নির্ম্মিতে ধর্ম্মে কস্তান্ ধিক্কর্ত্তুমর্হতি ॥১২৬॥
ইতি পাঞ্চনদং ধর্ম্মমবমেনে পিতামহঃ।
স্বধর্ম্মস্থেষু বর্ণেষু সোঽপ্যেতান্ নাভ্যপূজয়ৎ ॥১২৭॥
হন্ত শল্য! বিজানীহি হন্ত ভূয়ো ব্রবীমি তে।
কল্মাষপাদসরসি নিমজ্জন্ রাক্ষসোঽব্রবীৎ ॥১২৮॥

ভারতকৌমুদী

পূজ্যেতি। পাঞ্চনদং প্রাগুক্তপঞ্চনদীসংস্পৃষ্টবাহীকদেশীয়মেব। পিতামহো ব্রহ্মা ॥১২৫॥

নন্থ তদ্ধর্ম্মস্থাপি ব্রহ্মনির্ম্মিতত্বাৎ কথমসৌ ধিগব্রবীদিত্যাহ ব্রাত্যানামিতি। ব্রাত্যানাং সংস্কারহীনানাম, কৃতেঽপি পুণ্যপূর্ণসত্যযুগেঽপি অশুভকর্ম্মণাং পাপকর্ম্মণাম্, দাসমীয়ানাং প্রাগুক্তব্যুৎপত্তের্জারজানাং বাহীকানাং ধর্ম্মে, ব্রহ্মণা নির্ম্মিতে সতি, কস্তান্ ধিক্ কর্ত্তুং নিন্দিতুমর্হতি, অপি তু কোঽপি নেত্যর্থঃ। স ধর্ম্মস্তু ব্রহ্মনির্ম্মিত এব নেতি ভাবঃ ॥১২৬॥

ইতীতি। ইতি আত্মনোঽনির্ম্মিতত্বাৎ। স্বধর্ম্মস্থেষু নামমাত্রেণ ॥১২৭॥

হন্তেতি। কল্মাষপাদস্থ ঋষেঃ সরসি তীর্থভূতে জলাশয়ে ॥১২৮॥

ভারতভাবদীপঃ

কেবলমগম্য এব বর্ত্তিস্ত ইত্যর্থঃ ॥১২১—১২৪॥ পূজ্যমানে প্রশস্যমানে ॥১২৫॥ কৃতে কৃতযুগেঽপি, ধর্ম্মে বাহীকানামিতি শেষঃ। স বাহীকস্তম্ ॥১২৬॥ নাভ্যপূজয়ৎ ন প্রশংসিতবান্

অথবা তুমি পাপ হইতে সেই দেশীয় লোকদিগকে রক্ষা কর না বলিয়া কেবল তাহাদের পাপভাগীই হও। কারণ, রাজা পাপ হইতে প্রজাগণকে রক্ষা করিলে তাহাদের পুণ্যভাগী হইয়া থাকেন ॥১২৪॥

পূর্ব্বকালে সমস্ত দেশের চিরন্তন ধর্ম্মের প্রশংসা চলিতে লাগিলে, ব্রহ্মা বাহীকদেশের ধর্ম্ম দেখিয়া তাহার উপরে ধিক্কার দিয়াছিলেন ॥১২৫॥

সংস্কারবিহীন, সত্যযুগেও পাপকর্ম্মকারী এবং জারজ বাহীকদিগের ধর্ম্ম ব্রহ্মার নির্ম্মিত হইলে, কে তাহাদিগকে ধিক্কার দিতে পারিত ॥১২৬॥

এই জন্যই সে দেশের ব্রাহ্মণাদি বর্ণেরা নামমাত্রে আপন আপন ধর্ম্মে থাকিলেও, ব্রহ্মা সে দেশের ধর্ম্মকে অবজ্ঞা করিতেন এবং তিনিও বাহীকদের প্রশংসা করেন নাই ॥১২৭॥

(১২৬)…কস্তান্ কিং বক্তুমর্হতি—পি,…স ত্বং লোকে কিমব্রবীঃ—বা। (১২৭)…সোঽপি তানভ্যপূজয়ৎ—পি।

ক্ষত্রিয়স্য মলং ভৈক্ষ্যং ব্রাহ্মণস্যাব্রতং মলম্ ।
মলং পৃথিব্যা বাহীকাঃ স্ত্রীণাং মদ্রস্ত্রিয়ো মলম্ ॥১২৯॥
নিমজ্জমানমুদ্ধৃত্য কশ্চিদ্রাজা নিশাচরম্ ।
অপৃচ্ছত্তেন চাখ্যাতং প্রোক্তবাংস্তন্নিবোধ মে ॥১৩০॥
মানুষাণাং মলং ম্লেচ্ছা ম্লেচ্ছানামৌষ্ট্রিকা মলম্ ।
ঔষ্ট্রিকাণাং মলং ষণ্ডাঃ ষণ্ডানাং রাজযাজকাঃ ॥১৩১॥
রাজযাজকযাজ্যানাং মদ্রকাণাঞ্চ যন্মলম্ ।
তদ্ভবেদ্বৈ তব মলং যদ্যস্মাংস্ত্বং ন মুঞ্চসি ॥১৩২॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয়স্যেতি। ভৈক্ষ্যং ভিক্ষাবৃত্তিঃ, অব্রতং শাস্ত্রবিহিতনিয়মরাহিত্যম্ ॥১২৯॥

নিমজ্জেতি। নিশাচরং তং রাক্ষসম্। অপৃচ্ছৎ, তদুক্তিশ্রবণকৌতুকাৎ ॥১৩০॥

মানুষাণামিতি। ম্লেচ্ছাঃ পাপরতাঃ, ঔষ্ট্রিকা উষ্ট্রব্যবসায়িনঃ। ষণ্ডাঃ তজ্জাতীয়ক্লীবাঃ, রাজা ক্ষত্রিয়ো যাজকঃ পুরোহিতো যেষাং তে ॥১৩১॥

রাজেতি। রাজানঃ ক্ষত্রিয়া এব যাজকাস্তেষাং যাজ্যানাম্। মলং পাপম্ ॥১৩২॥

ভারতভাবদীপঃ

॥১২৭—১৩০॥ ম্লেচ্ছাঃ পাপরতা ধর্ম্মাধর্ম্মবিচারহীনাঃ, "ম্লেচ্ছঃ পাপরতে জাতিভেদে স্যাদপভাষণে" ইতি বিশ্বঃ। "উষ্ট্রিকা মৃত্তিকাভাণ্ডভেদেঽপি করভস্ত্রিয়া"মিতি বিশ্বঃ। উষ্ট্রিকঃ স্নেহভাণ্ডজীবী তৈলিক ইত্যর্থঃ। ষণ্ডাঃ বর্ষবরাঃ, রাজযাজকাঃ ক্ষত্রিয়স্য যাজ্যাঃ ॥১৩১॥

শল্য ! তুমি বিশেষরূপে জানিয়া রাখ, আমি আবার তোমার নিকট বলিতেছি। একদা এক রাক্ষস কল্মাষপাদের সরোবরে নিমগ্ন হইতে থাকিয়া বলিয়াছিল ॥১২৮॥

'ক্ষত্রিয়ের মল—ভিক্ষাবৃত্তি, ব্রাহ্মণের মল—শাস্ত্রবিহিত নিয়ম পালন না করা, পৃথিবীর মল—বাহীকেরা এবং স্ত্রীলোকদের মধ্যে মল—মদ্রদেশীয় স্ত্রীলোকেরা ॥১২৯॥

সেই রাক্ষস নিমগ্ন হইতে থাকিলে, কোন রাজা তাহাকে উত্তোলন করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন ; তখন রাক্ষস যাহা বলিয়াছিল, তাহা সেই রাজা আমার নিকট বলিয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥১৩০॥

'মানুষের মধ্যে মল—ম্লেচ্ছেরা, ম্লেচ্ছদের মধ্যে মল—উষ্ট্রব্যবসায়ীরা, উষ্ট্রব্যবসায়ীদের মধ্যে মল—তজ্জাতীয় নপুংসকেরা এবং নপুংসকদের মধ্যে মল—ক্ষত্রিয়যাজ্যেরা ॥১৩১॥

রাজা ! তুমি যদি আমাকে পরিত্যাগ না কর, তবে ক্ষত্রিয়যাজ্যগণের ও মদ্রদেশীয়গণের যে পাপ আছে, তোমারও সেই পাপ হইবে' ॥১৩২॥

ইতি রক্ষোপসৃষ্টেষু বিষবীর্য্যহতেষু চ।
রাক্ষসং ভেষজং প্রোক্তং সংসিদ্ধবচনোত্তরম্ ॥১৩৩॥
ব্রাহ্মং পাঞ্চালাঃ কৌরবেয়াস্তু ধর্ম্মং সত্যং মৎস্যাঃ শূরসেনাশ্চ যজ্ঞম্।
প্রাচ্যা দাসা বৃষলা দাক্ষিণাত্যাঃ স্তেনা বাহীকাঃ সঙ্করা বৈ সুরাষ্ট্রাঃ ॥১৩৪॥
কৃতঘ্নতা পরবিত্তাপহারো মদ্যপানং গুরুদারাবমর্দ্দঃ।
বাক্‌পারুষ্যং গোবধো রাত্রিচর্য্যা বহির্গেহং পরবস্ত্রোপভোগঃ।
যেষাং ধর্ম্মস্তান্ প্রতি নাস্ত্যধর্ম্মো হ্যারট্টকান্ পাঞ্চনদান্ ধিগস্তু ॥১৩৫॥
আ পাঞ্চালেভ্যঃ কুরবো নৈমিষাশ্চ মৎস্যাশ্চৈতেঽপ্যথ জানন্তি ধর্ম্মম্।
অথোদীচ্যাশ্চাঙ্গকা মাগধাশ্চ শিষ্টান্ ধর্ম্মানুপজীবন্তি বৃদ্ধাঃ ॥১৩৬॥

ভারতকৌমুদী

ইতীতি। রক্ষসা রাক্ষসেন উপসৃষ্টেষু আক্রান্তেষু, বিষবীর্য্যেণ হতেষু হতপ্রায়েষু চ জনেষু, ইতি সংসিদ্ধস্য বচনমুত্তরমুৎকৃষ্টম্ উৎকৃষ্টবচনমিত্যর্থঃ, রাক্ষসং তৎসম্বন্ধি তদাবেশ-নাশকং বিষবীর্য্যনাশকঞ্চ, ভেষজমৌষধম্, প্রোক্তং তচ্চিকিৎসকৈঃ ॥১৩৩॥

ব্রাহ্মমিতি। ব্রাহ্মং ব্রহ্মসম্বন্ধি ধ্যানম, কুর্ব্বন্তীতি শেষঃ। ধর্ম্মং দাননিবন্ধনম্, সত্যং সত্যবাদম্। দাসাঃ পরসেবকাঃ, বৃষলাঃ শূদ্রাঃ, স্তেনাশ্চৌরাঃ, সঙ্করা বর্ণসঙ্করাঃ ॥১৩৪॥

কৃতেতি। কৃতঘ্নতা উপকারিণোঽপকারঃ। গুরুদারাণামবমর্দ্দো গমনম্। বাচা পারুষ্যং নৈষ্ঠুর্য্যম্, বহির্গেহং গেহাদ্বহিঃ রাত্রিচর্য্যা রাত্রৌ ভ্রমণং চৌর্য্যার্থং পরদারগমনার্থঞ্চ। ইতি যেষাং ব্যবহারঃ, তান্ প্রতি ধর্ম্মো নাস্তি, অধর্ম্মশ্চাস্তি। অতএব ধিগস্তু। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩৫॥

ভারতভাবদীপঃ

তেষামপি যাজ্যাঃ রাজপুরোহিতযাজ্যা বা ॥১৩২॥ রক্ষোপসৃষ্টেষু রক্ষসা উপদ্রুতেষু, রাক্ষসং রক্ষসাং নাশকমিদং রাক্ষসম্ ॥১৩৩॥ ব্রাহ্মং বেদসমূহম্, ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্, কর্ম্ম মানয়ন্তীতি শেষঃ। প্রাচ্যা দাসাঃ শূদ্রধর্ম্মাণঃ, দাশা ইতি পাঠে মৎস্যজীবিনঃ, বৃষং ধর্ম্মং লান্তি আদদতে তে বৃষলাঃ ধর্ম্মসংগ্রহপরাঃ ধর্ম্মদ্রোহিণ ইতি বা ॥১৩৪॥ বহির্গেহং রাত্রিচর্য্যা প্রচ্ছন্নচৌর্য্য-

রাক্ষসাক্রান্ত ও বিষপ্রভাবে হতপ্রায় লোকদিগের বিষয়ে এই উত্তম সিদ্ধ-বাক্যকেই রাক্ষসনাশক ও বিষবীর্য্যনিবারক ঔষধ বলা হইয়াছে ॥১৩৩॥

পাঞ্চালেরা ব্রহ্মধ্যান, কুরুদেশীয়েরা দানধর্ম্ম, মৎস্যদেশীয়েরা সত্যধর্ম্ম এবং শূরসেনদেশীয়েরা যজ্ঞধর্ম্ম অবলম্বন করিয়া থাকেন; আর পূর্ব্বদেশীয়েরা পরসেবক, দাক্ষিণাত্যেরা শূদ্র, বাহীকেরা চৌর এবং সৌরাষ্ট্রেরা বর্ণসঙ্কর ॥১৩৪॥

কৃতঘ্নতা, পরধনাপহরণ, মদ্যপান, গুরুপত্নীগমন, নিষ্ঠুরবাক্যোচ্চারণ, গোবধ, রাত্রিতে গৃহের বাহিরে ভ্রমণ ও পরবস্ত্রপরিধান এই গুলি যাহাদের ব্যবহার, তাহাদের ধর্ম্ম নাই, অধর্ম্মই আছে। সুতরাং সেই পঞ্চনদীর অন্তর্গত আরট্টদিগকে ধিক্ ॥১৩৫॥

প্রাচীং দিশং শ্রিতা দেবা জাতবেদঃপুরোগমাঃ।
দক্ষিণাং পিতরো গুপ্তাং যমেন শুভকর্ম্মণা ॥১৩৭॥
প্রতীচীং বরুণঃ পাতি পালয়ানঃ সুরান্ বলী।
উদীচীং ভগবান্ সোমো ব্রাহ্মণৈঃ সহ রক্ষতি ॥১৩৮॥
তথা রক্ষঃপিশাচাশ্চ হিমবন্তং নগোত্তমম্।
গুহ্যকাশ্চ মহারাজ! পর্বতং গন্ধমাদনম্ ॥১৩৯॥
ধ্রুবঃ সর্বাণি ভূতানি বিষ্ণুঃ পাতি জনার্দ্দনঃ।
ইঙ্গিতজ্ঞাশ্চ মগধা প্রেক্ষিতজ্ঞাশ্চ কোশলাঃ ॥১৪০॥

ভারতকৌমুদী

আ পাঞ্চালেভ্য ইতি। শিষ্টান্ শাস্ত্রোপদিষ্টান্ ॥১৩৬॥

প্রাচীমিতি। জাতবেদঃপুরোগমা অগ্নিপ্রভৃতয়ঃ। গুপ্তাং রক্ষিতাম্ ॥১৩৭॥

প্রতীচীমিতি। পাতি রক্ষতি, পালয়ানঃ পালয়মানঃ। সোমশ্চন্দ্রঃ ॥১৩৮॥

তথেতি। তথা রক্ষন্তীত্যর্থঃ। নগোত্তমং পর্ব্বতশ্রেষ্ঠম্ ॥১৩৯॥

ধ্রুব ইতি। ধ্রুবঃ সনাতনঃ। কিন্তু যুষ্মদীয়াং নৈর্ঋতীং দিশং নৈর্ঋতা এব রক্ষন্তীতি নৈর্ঋতপ্রকৃতয়ো য়ূয়মিতি ভাবঃ। ইদানীং সাঙ্কেতিকৈস্ত্রিভিঃ শ্লোকৈস্তত্তদ্দেশীয়ানাং বুদ্ধিপরিমাণং

ভারতভাবদীপঃ

পারদার্য্যাদি ॥১৩৫॥ আ পাঞ্চালেভ্যো ধর্ম্মজ্ঞাঃ উদীচ্যাস্ত্বাস্তু স্বয়ং ধর্ম্মস্বরূপমজানন্তোঽপি শিষ্টানুগামিন ইত্যর্থঃ। আরট্টাস্তূভয়ভ্রষ্টা ইতি ভাবঃ ॥১৩৬॥ প্রাচীমিত্যত্র জাতবেদ ইত্যনেনাগ্নেয়ীসহিতা প্রাচী দেবানামাশ্রয়া, দক্ষিণা পিতৄণাং তত্রৈব শ্রাদ্ধাদিধর্ম্মো দৃশ্যতে ॥১৩৭॥ এবং প্রতীচীং বরুণঃ, উদীচীং সোম ইতি কুবেরেশানয়োগ্রহণম্, পরিশেষান্নৈর্ঋত্যাঃ বায়ব্যাঞ্চ বাহীকাশ্রয়ায়াং নৈর্ঋতাস্তাদৃশা বাতুলাশ্চ সর্ব্বাত্যর্থঃ ॥১৩৮॥ তথা রক্ষ ইতি। হিমবতোঽপ্যপ্রশস্তজনাশ্রয়ত্বমুক্তম্, গন্ধমাদনস্ত ভোগলোলুপানাং গুহ্যকাদীনামাশ্রয়ঃ ॥১৩৯॥

পাঞ্চাল হইতে আরম্ভ করিয়া কুরু, নৈমিষ ও মৎস্যদেশীয়েরা ধর্ম্ম জানেন এবং উত্তর, অঙ্গ ও মগধদেশীয় বৃদ্ধেরা শাস্ত্রোক্ত ধর্ম্ম অবলম্বন করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করেন ॥১৩৬॥

অগ্নিপ্রভৃতি দেবতারা পূর্ব্বদিক্ আশ্রয় করিয়া রহিয়াছেন এবং পিতৃলোকেরা পুণ্যকর্ম্মা যমের রক্ষিত দক্ষিণ দিক্ অবলম্বন করিয়া আছেন ॥১৩৭॥

বলবান্ বরুণদেব দেবতাদিগকে রক্ষা করতঃ পশ্চিম দিক্ রক্ষা করেন এবং ভগবান্ চন্দ্রদেব ব্রাহ্মণগণের সহিত উত্তর দিক্ পালন করেন ॥১৩৮॥

মহারাজ শল্য! রাক্ষস ও পিশাচেরা পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়কে এবং গুহ্যকেরা গন্ধমাদনপর্ব্বতকে রক্ষা করে ॥১৩৯॥

অর্দ্ধোক্তাঃ কুরুপাঞ্চালাঃ শাল্বাঃ কৃৎস্নানুশাসনাঃ।
পার্বতীয়াশ্চ বিষমা যথৈব শিবয়স্তথা ॥১৪১॥
সর্বজ্ঞা যবনা রাজন্! শূরাশ্চৈব বিশেষতঃ।
ম্লেচ্ছাঃ স্বসংজ্ঞানিয়তা নানুক্তা ইতরে জনাঃ ॥১৪২॥
প্রতিবদ্ধাস্তু বাহীকা ন চ কেচন মদ্রকাঃ।
স ত্বমেতাদৃশঃ শল্য! নোত্তরং বক্তুমর্হসি ॥১৪৩॥

ভারতকৌমুদী

[illegible]তি ইঙ্গিতজ্ঞা ইতি। ইঙ্গিতজ্ঞাঃ সঙ্কেতমাত্রেণৈবার্থজ্ঞাঃ, প্রেক্ষিতজ্ঞা দৃগ্‌ভঙ্গীমাত্রে-[illegible]র্থজ্ঞাঃ ॥১৪০॥

অর্দ্ধেতি। অর্দ্ধোক্তাঃ সন্তোঽর্থবোধিনঃ। কৃৎস্নমন্বশাসনমুক্তির্যেষু তে সর্বোক্ত্যে-[illegible]র্থবোধিন ইত্যর্থঃ। বিষমাঃ সর্বোক্ত্যাপি নার্থবোধিনঃ। শিবয়ঃ শিবিদেশীয়াঃ ॥১৪১॥

[illegible]জ্ঞা ইতি। সর্ব্বজ্ঞা উক্তেঃ সর্বৈরুপায়ৈরেবার্থজ্ঞাঃ, যবনা যবনদেশীয়াঃ, শূরাঃ শূর-[illegible]নদেশীয়াঃ। স্বসংজ্ঞাভিঃ স্বসঙ্কেতিতোক্তিমাত্রৈর্নিয়তা অর্থবোধে নির্দ্ধারিতাঃ ॥১৪২॥

প্রতীতি। প্রতিবদ্ধাঃ সকৃদুক্তাবর্থবোধে প্রতিরুদ্ধা অক্ষমা ইত্যর্থঃ। কেচন কেচিন্মদ্রকা [illegible]র্থং বুধ্যন্ত এব, অপরে তু কিঞ্চিদবুধ্যন্ত ইতি ভাবঃ। এতাদৃশো নির্বোধো মদ্রকঃ ॥১৪৩॥

ভারতভাবদীপঃ

[illegible]পি সনাতনান্ সর্বেশ্চ [illegible] দেশান্ বিষ্ণুঃ পাতি পর্জ্জন্যবৎ, ন দেশান্তরেষিব বাহীকেষু [illegible] দেবতানুগ্রহো দৃশ্যত ইত্যভিপ্রায়ঃ। অতএব তেষাং মৌঢ্যং বর্ণয়তি—ইঙ্গিতজ্ঞা-[illegible] ॥১৪০॥ বিষমা দুঃখসাধ্যাঃ ॥১৪১॥ সর্ব্বং জানন্তোঽপি যবনা ম্লেচ্ছাশ্চ স্বসংজ্ঞায়াং

আর সনাতন ও জনার্দ্দন বিষ্ণু সর্ব্বভূতকে রক্ষা করেন। মগধদেশবাসীরা ইঙ্গিতমাত্রে অর্থ বুঝিতে পারে এবং কোশলদেশীয়েরা নয়নভঙ্গীতেও অর্থ বোঝে ॥১৪০॥

কুরু ও পাঞ্চালদেশবাসীরা অর্দ্ধ বলিলে বক্তব্য বিষয় বুঝিয়া থাকে, শাল্ব-দেশীয়েরা সমস্ত বলিলে পর বুঝিতে পারে এবং শিবিদের ন্যায় পার্ব্বত্যেরা সমস্ত বলিলেও বোঝে না ॥১৪১॥

রাজা! যবনদেশীয়েরা বিশেষতঃ শূরসেনদেশবাসীরা সকল উপায়েই অর্থ বুঝিতে পারে এবং ম্লেচ্ছেরা কেবল আপনাদের সঙ্কেতে বিষয় বোঝে; কিন্তু অন্য-দেশীয় লোকেরা না বলিলে বোঝে না ॥১৪২॥

বাহীকেরা একবার বলিলে বুঝিতে পারে না, আর কতকগুলি মদ্রক কিছুতেই অর্থ বোঝে না। সুতরাং শল্য! তুমি সেই মদ্রদেশীয় বলিয়া এইরূপই বট। অতএব কোন উত্তর বলিতে পার না ॥১৪৩॥

পৃথিব্যাং সর্বদেশানাং মদ্রকো মলমুচ্যতে।
তথা স্ত্রীণাঞ্চ সর্বাসাং মদ্রিকা মলমুচ্যতে ॥১৪৪॥
সীধোঃ পানং গুরুতল্পাবমর্দ্দো ভ্রূণহত্যা পরবিত্তাপহারঃ।
যেষাং ধর্ম্মস্তান্ প্রতি নাস্ত্যধর্ম্ম আরট্টকান্ পাঞ্চনদান্ ধিগস্তু ॥১৪৫॥
এতজ্জ্ঞাত্বা জোষমাস্স্ব প্রতীপং মাস্ম বৈ কৃথাঃ।
মা ত্বাং পূর্বমহং হত্বা হনিষ্যে কেশবার্জ্জুনৌ ॥১৪৬॥
শল্য উবাচ।
আতুরাণাং পরিত্যাগঃ স্বদারসুতবিক্রয়ঃ।
অঙ্গেষু বর্ত্ততে কর্ণ! যেষামধিপতির্ভবান্ ॥১৪৭॥

ভারতকৌমুদী

ততো নিষ্কর্ষমাহ পৃথিব্যামিতি। মলং মলবন্নিকৃষ্টঃ। মদ্রিকা স্ত্রী ॥১৪৪॥

সীধোরিতি। যেষাং সীধোঃ সুরায়াঃ পানম্, গুরুতল্পাবমর্দ্দো গুরুপত্নীগমনম্, ভ্রূণহত্যা গর্ভনাশঃ, পরবিত্তাপহারশ্চ ব্যবহারঃ, তান্ প্রতি ধর্ম্মো নাস্তি, অধর্ম্ম এবাস্তীত্যর্থঃ। পাঞ্চনদান্ প্রাগুক্তপঞ্চনদীসংস্পৃষ্টান্, আরট্টকান্ বাহীকাপরনাম্নো দেশান্ ধিগস্তু ॥১৪৫॥

উপসংহরতি এতদিতি। জোষং নীরবঃ, আস্স্ব তিষ্ঠ, প্রতীপং প্রতিকূলম্ ॥১৪৬॥

আতুরাণামিতি। আতুরাণাং পীড়িতানাং শরণাগতানামপীতি শেষঃ। অঙ্গেষঙ্গদেশে ॥১৪৭

ভারতভাবদীপঃ

স্বীয়ৈঃ কৃতো যো ধর্ম্মসঙ্কেতস্তত্রৈব নিয়তাঃ, বৈদিকং ধর্ম্মং ন মানয়ন্তীত্যর্থঃ; ইতরে অন্যকৃতং হিতং নাববুধ্যন্তে। প্রতিরথাঃ হিতবাদিনি প্রতিকূলাঃ গুরুদ্রোহিণ ইত্যর্থঃ। তাদৃশশ্চ ত্বং হিতোপদেষ্টারং মাং নিন্দসীত্যর্থঃ ॥১৪২—১৪৫॥ প্রতীপং প্রতিকূলং তেজোবধাত্মকম্

মদ্রদেশ পৃথিবীর সকল দেশের মলস্বরূপ এবং মদ্রদেশীয় স্ত্রীলোক সকল স্ত্রীলোকের মল বলিয়া কথিত হয় ॥১৪৪॥

সুরাপান, গুরুপত্নীগমন, ভ্রূণহত্যা ও পরধনাপহরণ এইগুলি যাহাদের ব্যবহার, তাহাদের ধর্ম্ম নাই—অধর্ম্মই আছে। সুতরাং পূর্বোক্তপঞ্চনদীসংস্পৃষ্ট বাহীকদিগকে ধিক্ ॥১৪৫॥

শল্য! তুমি ইহা জানিয়া নীরব থাক, আমার প্রতিকূলতা করিও না। আমি যেন পূর্বে তোমাকে বধ করিয়া পরে কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করি না' ॥১৪৬॥

শল্য বলিলেন—'কর্ণ! তুমি যে দেশের রাজা, সেই অঙ্গদেশে শরণাগত পীড়িতগণের পরিত্যাগ এবং নিজের ভার্য্যা ও পুত্রের বিক্রয় চলিত আছে ॥১৪৭॥

(১৪৬) এবং জ্ঞাত্বা···পি।

রথাতিরথসংখ্যায়াং যত্ত্বাং ভীষ্মস্তদাব্রবীৎ।
তান্ বিদিত্বাত্মনো দোষান্ নির্মন্যুর্ভব মা ক্রুধঃ ॥১৪৮॥
সর্বত্র ব্রাহ্মণাঃ সন্তি ক্ষত্রিয়াঃ সন্তি সর্বতঃ।
বৈশ্যাঃ শূদ্রাস্তথা কর্ণ! স্ত্রিয়ঃ সাধ্ব্যশ্চ সুব্রতাঃ ॥১৪৯॥
রমন্তে চোপহাসেন পুরুষাঃ পুরুষৈঃ সহ।
অন্যোন্যমতিতক্ষন্তো দেশে দেশে সমৈথুনাঃ ॥১৫০॥
পরবাচ্যেষু নিপুণঃ সর্বো ভবতি সর্বদা।
আত্মবাচ্যং ন জানীতে জানন্নপি চ মুহ্যতি ॥১৫১॥
সর্বত্র সন্তি রাজানঃ স্বং স্বং ধর্ম্মমনুব্রতাঃ।
দুর্ম্মনুষ্যান্ নিগৃহ্লন্তি সন্তি সর্বত্র ধার্ম্মিকাঃ ॥১৫২॥

ভারতকৌমুদী

রথেতি। অব্রবীৎ, উদ্যোগপর্ব্বণি সপ্তপঞ্চাশদধিকশততমাধ্যায়ে দ্রষ্টব্যম্। নির্মন্যু-রক্রোধঃ, "মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধি" ইত্যমরঃ ॥১৪৮॥

সর্বত্রেতি। সুব্রতাঃ সত্যঃ। অতো মদ্রদেশমাত্রনিন্দা তে অন্যায্যেতি ভাবঃ ॥১৪৯॥

রমন্ত ইতি। দেশে দেশে পুরুষাঃ পুরুষৈঃ সহ উপহাসেন অন্যোন্যমতিতক্ষন্তঃ কুৎসা-প্রকাশেনাতিনিন্দন্তঃ, সমৈথুনাঃ স্ত্রীভিঃ সহ মিথুনভাবাপন্নাঃ সন্তো রমন্তে চ ॥১৫০॥

পরেতি। পরেষাং বাচ্যেষু নিন্দাসু। আত্মনো বাচ্যং দোষম্। মুহ্যতি তূষ্ণীং ভবতি ॥১৫১॥

সর্বত্রেতি। অনুব্রতা অনুসরন্তঃ। নিগৃহ্লন্তি দময়ন্তি ॥১৫২॥

কর্ণ! সেই রথী ও অতিরথ গণনা করিবার সময়ে ভীষ্ম তোমাকে যাহা বলিয়াছিলেন, তুমি নিজের সেই দোষগুলি স্মরণ করিয়া ক্রোধশূন্য হও, ক্রোধ করিও না ॥১৪৮॥

কর্ণ! সকল দেশেই ব্রাহ্মণ আছেন, সকল দেশেই ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র রহিয়াছেন এবং সকল দেশেই সতী ও সাধ্বী স্ত্রীও আছেন ॥১৪৯॥

তার পর সকল দেশেই পুরুষেরা অন্য পুরুষদের সহিত উপহাস করিয়া পরস্পর নিন্দা করে এবং রমণীদের সহিত রমণ করে ॥১৫০॥

আর সকল লোকই পরনিন্দায় সর্ব্বদা নিপুণ হয় এবং নিজের দোষ দেখে না, বা দেখিয়াও প্রকাশ করে না ॥১৫১॥

সকল দেশেই আপন আপন ধর্ম্মানুসারী রাজা আছেন এবং তাঁহারা দুর্জ্জনদিগকে দমনও করেন ; আবার সমস্ত দেশেই ধার্ম্মিক লোকও আছেন ॥১৫২॥

(১৫০)···অন্যোন্যমবতক্ষন্তঃ···পি,···অন্যোন্যমেব রক্ষন্তঃ···বা।

ন কর্ণ! দেশসামান্যাৎ সর্বঃ পাপং নিষেবতে।
যাদৃশাঃ স্বস্বভাবেন দেবা অপি ন তাদৃশাঃ ॥১৫৩॥

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা কর্ণশল্যাববারয়ৎ।
সখিভাবেন রাধেয়ং শল্যং স্বাজন্যকেন চ ॥১৫৪॥
ততো নিবারিতঃ কর্ণো ধার্ত্তরাষ্ট্রেণ মারিষ!।
কর্ণোঽপি নোত্তরং প্রাহ শল্যোঽপ্যভিমুখঃ পরান্ ॥১৫৫॥
ততঃ প্রহস্য রাধেয়ঃ পুনর্যাহীত্যচোদয়ৎ।
ইদং তব ময়াখ্যাতং প্রক্ষিপ্তেন তু সৌহৃদাৎ ॥১৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কর্ণশল্যসংবাদে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। দেশসামান্যাৎ একদেশবাসিত্বমাত্রাদ্ধেতোঃ। তাদৃশাঃ পুণ্যবন্তঃ পাপিনো বা। তথা চেন্দ্রচন্দ্রৌ ব্যভিচারিণৌ বরুণাদয়স্তু নেতি ভাবঃ ॥১৫৩॥

তত ইতি। অবারয়ৎ বাক্‌কলহাৎ। স্বাজন্যকেন স্বপক্ষপাতিত্বেন ॥১৫৪॥

তত ইতি। উত্তরং পরং কিঞ্চিৎ। অভিমুখঃ অভবৎ ॥১৫৫॥

তত ইতি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। প্রক্ষিপ্তেন ত্বয়া নিন্দিতেন ॥১৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভা... টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥১৪৬—১৫২॥ দেবা অপীতি। বৃত্তেন দেবানপ্যতিক্রান্তমস্তী ত্যর্থঃ ॥১৫৩॥ স্বাঞ্জল্যকেন স্ব অঞ্জলিকর্ম্মণা ॥১৫৪—১৫৬॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

কর্ণ! একদেশবাসী বলিয়া সকল মানুষই পাপ করে না; যেমন দেবতারাও আপন আপন ভাবে সে রূপ নহেন' ॥১৫৩॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর রাজা দুর্য্যোধন কর্ণ ও শল্যকে নিবারণ করিলেন; সখিভাবে কর্ণকে এবং স্বজনরূপে শল্যকে নিবারণ করিয়াছিলেন ॥১৫৪॥

মাননীয় রাজা! তখন দুর্য্যোধন কর্ণকে নিবারণ করিলেন বলিয়া কর্ণও আর কোন উত্তর করিলেন না এবং শল্যও বিপক্ষগণের অভিমুখী হইলেন ॥১৫৫॥

---

(১৫৩)···দেশসময়াৎ···দেশা অপি···পি। (১৫৬) দ্বিতীয়ার্দ্ধং বঙ্গ বৰ্দ্ধ বা সো নি নাস্তি।
'···পঞ্চচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '···অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

ততঃ পরানীকসহং ব্যূহমপ্রতিমং কৃতম্।
সমীক্ষ্য কর্ণঃ পার্থানাং ধৃষ্টদ্যুম্নাভিরক্ষিতম্ ॥১॥
প্রযযৌ রথঘোষেণ সিংহনাদরবেণ চ।
বাদিত্রাণাঞ্চ নিনদৈঃ কম্পয়ন্নিব মেদিনীম্ ॥২॥
বেপমান ইব ক্রোধাদ্‌যুদ্ধশৌণ্ডঃ পরন্তপঃ।
প্রতিব্যূহ্য মহাতেজা যথাবদ্ভরতর্ষভ! ॥৩॥ (বিশেষকম্)
ব্যধমৎ পাণ্ডবীং সেনামাসুরীং মঘবানিব।
যুধিষ্ঠিরঞ্চাভ্যহনদপসব্যং চকার হ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। পরানীকসহং বিপক্ষসৈন্যাক্রমণসহম্। সিংহনাদ এব রবস্তেন। বেপমানঃ কম্পমানঃ। যুদ্ধে শৌণ্ডো মত্তঃ। প্রতিব্যূহ্য প্রতিব্যূহং রচয়িত্বা ॥১—৩॥

ব্যধমদিতি। ব্যধমৎ কর্ণো ব্যনাশয়ৎ। আসুরীং সেনাম্, মঘবান্ ইন্দ্রঃ। অভ্যহনৎ আহতবান্। বিকরণলোপাভাব আর্ষঃ। অপসব্যং বামবর্ত্তিনম্। তচ্চ জয়লক্ষণং যুদ্ধনিয়মাৎ ॥৪॥

তাহার পর কর্ণ হাস্য করিয়া 'যান' বলিয়া পুনরায় শল্যকে আদেশ করিলেন এবং বলিলেন—'মদ্ররাজ! আপনি সৌহার্দ্দবশতঃ আমার নিন্দা করিয়াছিলেন বলিয়া আমিও আপনাকে সৌহার্দ্দবশতই এইরূপ বলিয়াছি' ॥১৫৬॥

——ঃ-০-ঃ——

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! তাহার পর পাণ্ডবপক্ষে বিপক্ষসৈন্যের আক্রমণ-সহকারী অতুলনীয় ব্যূহ রচিত হইয়াছে এবং তাহা ধৃষ্টদ্যুম্ন রক্ষা করিতেছেন ইহা দেখিয়া মহাতেজা, যুদ্ধমত্ত ও পরন্তপ কর্ণ রথের শব্দে, সিংহনাদে ও বাদ্যধ্বনিতে পৃথিবীকে যেন কাঁপাইতে থাকিয়া এবং ক্রোধে যেন কম্পিত হইয়া যথানিয়মে প্রতিব্যূহ রচনা করিয়া অগ্রসর হইতে লাগিলেন ॥১—৩॥

ক্রমে ইন্দ্র যেমন অসুরসৈন্য বিনাশ করিতেন, সেইরূপ কর্ণ পাণ্ডবসৈন্য বিনাশ করিতে লাগিলেন এবং যুধিষ্ঠিরকে প্রহার করিয়া বামবর্ত্তী করিলেন ॥৪॥

(২) ইতঃ প্রভৃতি নির্ণয়সাগরপুস্তকে অতীব বিভিন্নাঃ পাঠা বিদ্যন্তে।

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং সঞ্জয়! রাধেয়ঃ প্রত্যব্যূহত পাণ্ডবান্।
ধৃষ্টদ্যুম্নমুখান্ সর্বান্ ভীমসেনাভিরক্ষিতান্।
সর্বানেব মহেষ্বাসানজয্যানমরৈরপি ॥৫॥
কে চ পক্ষৌ প্রপক্ষৌ বা মম সৈন্যস্য সঞ্জয়!।
প্রবিভজ্য যথান্যায়ং কথং বা সমবস্থিতাঃ ॥৬॥
কথং পাণ্ডুসুতাশ্চাপি প্রত্যব্যূহন্ত মামকান্।
কথঞ্চৈব মহদ্‌যুদ্ধং প্রাবর্ত্তত সুদারুণম্ ॥৭॥
ক চ বীভৎসুরভবদ্‌যৎ কর্ণোঽয়াদ্‌যুধিষ্ঠিরম্।
কো হ্যর্জ্জুনস্য সান্নিধ্যে শক্তোঽভ্যেতুং যুধিষ্ঠিরম্ ॥৮॥
সর্বভূতানি যো হ্যেকঃ খাণ্ডবে জিতবান্ পুরা।
কস্তমন্যস্তু রাধেয়াৎ প্রতিযুধ্যেজ্জিজীবিষুঃ ॥৯॥

ভারতকৌমুদী

কথমিতি। প্রত্যব্যূহত প্রতিব্যূহমকরোৎ। অজয্যান্ জেতুমশক্যান্। ষট্‌পাদঃ ॥৫॥
ক ইতি। কে চ যোদ্ধারঃ। সৈন্যস্য ব্যূঢ়স্য ॥৬॥
কথমিতি। মামকান্ বীরান্ প্রতি, অব্যূহন্ত ব্যূহমরচয়ন্ ॥৭॥
ক্কেতি। বীভৎসুরর্জ্জুনঃ, অভবৎ অতিষ্ঠৎ, অয়াৎ অগচ্ছৎ ॥৮॥
সর্বেতি। খাণ্ডবে খাণ্ডববনদাহকালে। জিজীবিষুর্জীবিতুমিচ্ছুঃ ॥৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবেরা সকলে এবং ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় বীরেরা সমস্তে মহাধনুর্দ্ধর ও ভীমসেন রক্ষিত বলিয়া দেবগণেরও অজেয়। সুতরাং কর্ণ তাঁহাদের বিপক্ষে কিপ্রকার ব্যূহ রচনা করিয়াছিলেন? ॥৫॥

সঞ্জয়! কোন্ যোদ্ধারা আমার ব্যূহের পক্ষ ও প্রপক্ষ হইয়াছিলেন এবং কিপ্রকারেই বা তাঁহারা যথানিয়মে বিভক্ত হইয়া অবস্থান করিতেছিলেন? ॥৬॥

পাণ্ডবেরাই বা আমার যোদ্ধাদের প্রতি কিপ্রকার ব্যূহ করিয়াছিলেন? কিপ্রকারই বা অতিদারুণ মহাযুদ্ধ হইয়াছিল? ॥৭॥

কর্ণ যে যুধিষ্ঠিরের দিকে গিয়াছিলেন, তখন অর্জ্জুন কোথায় ছিলেন? কারণ, কোন্ ব্যক্তি অর্জ্জুনের নিকটে যুধিষ্ঠিরের দিকে যাইতে পারে? ॥৮॥

পূর্বে খাণ্ডবদাহের সময়ে যিনি একাকী সমস্ত প্রাণীকে জয় করিয়াছিলেন, এক কর্ণ ব্যতীত অন্য কোন্ জীবনার্থী লোক তাঁহার বিপক্ষে যুদ্ধ করিতে পারে?' ॥৯॥

সঞ্জয় উবাচ।

শৃণু ব্যূহস্য রচনামর্জ্জুনশ্চ যথা গতঃ।
পরিবার্য্য নৃপং স্বং স্বং সংগ্রামশ্চাভবদ্‌যথা ॥১০॥
কৃপঃ শারদ্বতো রাজন্! মাগধাশ্চ তরস্বিনঃ।
সাত্বতঃ কৃতবর্ম্মা চ দক্ষিণং পক্ষমাশ্রিতাঃ ॥১১॥
তেষাং প্রপক্ষৌ শকুনিরুলূকশ্চ মহারথঃ।
সাদিভির্বিমলপ্রাসৈস্তবানীকমরক্ষতাম্ ॥১২॥
গান্ধারিভিরসংভ্রান্তৈঃ পার্বতীয়ৈশ্চ দুর্জয়ৈঃ।
শলভানামিব ব্রাতৈঃ পিশাচৈরিব দুর্দৃশৈঃ ॥১৩॥ (যুগ্মকম্)
চতুস্ত্রিংশৎ সহস্রাণি রথানামনিবর্ত্তিনাম্।
সংশপ্তকা যুদ্ধশৌণ্ডা বামং পক্ষমপালয়ন্ ॥১৪॥
সমন্বিতাস্তব সুতৈঃ কৃষ্ণার্জ্জুনজিঘাংসবঃ।
তেষাং প্রপক্ষাঃ কাম্বোজাঃ শকাশ্চ যবনৈঃ সহ ॥১৫॥
নিদেশাৎ সূতপুত্রস্য সরথাঃ সাশ্বপত্তয়ঃ।
আহ্বয়ন্তোঽর্জ্জুনং তস্থুঃ কেশবঞ্চ মহাবলম্ ॥১৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শৃণ্বিতি। ব্যূহস্য কুরুপক্ষীয়স্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১০॥
কৃপ ইতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। তরস্বিনো বলবন্তঃ। সাত্বতস্তদ্বংশ্যঃ ॥১১॥
তেষামিতি। প্রপক্ষৌ পক্ষাদ্বহিঃস্থিতৌ, উলূকো নাম শকুনিপুত্রঃ। সাদিভিরশ্বারোহিভিঃ। গান্ধারিভির্গান্ধারদেশীয়ৈঃ, অসংভ্রান্তৈরবিচলিতৈঃ। ব্রাতৈঃ সমূহৈঃ ॥১২—১৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পক্ষে যেরূপ ব্যূহ রচনা হইয়াছিল, অর্জ্জুন যেখানে গিয়াছিলেন এবং আপন আপন রাজাকে পরিবেষ্টন করিয়া সৈন্যেরা যেরূপ যুদ্ধ করিয়াছিল, তাহা শ্রবণ করুন ॥১০॥

রাজা! শরদ্বানের পুত্র কৃপ, বলবান্ মগধসৈন্য এবং সাত্বতবংশীয় কৃতবর্ম্মা ইঁহারা আপনার ব্যূহের দক্ষিণ পক্ষ আশ্রয় করিয়া ছিলেন ॥১১॥

নির্ম্মলপ্রাসধারী, অবিচলিত, পতঙ্গসমূহের ন্যায় শ্রেণিবদ্ধ, পিশাচের তুল্য দুর্দ্দর্শ ও দুর্জয় অশ্বারোহী গান্ধারদেশীয় সৈন্য ও পার্বত্য সৈন্যের সহিত মিলিত হইয়া মহারথ শকুনি ও উলূক সেই কৃপপ্রভৃতির প্রপক্ষ (পক্ষপ্রান্তবর্ত্তী) হইয়া আপনার সৈন্য রক্ষা করিতেছিলেন ॥১২—১৩॥

(১৩) গান্ধারৈশ্চাপ্যসংভ্রান্তৈঃ···পি।

মধ্যে সেনামুখে কর্ণো ব্যবতিষ্ঠত দংশিতঃ।
চিত্রবর্ম্মাঙ্গদঃ স্রগ্বী পালয়ন্ বাহিনীমুখম্ ॥১৭॥
রক্ষ্যমাণঃ সুসংরব্ধৈঃ পুত্রৈঃ শস্ত্রভৃতাং বরঃ।
বাহিনীপ্রমুখে বীরঃ সংপ্রকর্ষন্নশোভত ॥১৮॥
অভ্যবর্ত্তন্মহাবাহুশ্চন্দ্রবৈশ্বানরপ্রভঃ।
মহাদ্বিপস্কন্ধগতঃ পিঙ্গাক্ষঃ প্রিয়দর্শনঃ ॥১৯॥
দুঃশাসনো বৃতঃ সৈন্যৈঃ স্থিতো ব্যূহস্য পৃষ্ঠতঃ।
তমন্বয়ান্মহারাজ ! স্বয়ং দুর্য্যোধনো নৃপঃ ॥২০॥
চিত্রাশ্বৈশ্চিত্রসন্নাহৈঃ সোদর্য্যৈরভিরক্ষিতঃ।
রক্ষ্যমাণো মহাবীর্য্যৈঃ সহিতৈর্মদ্রকেকয়ৈঃ ॥২১॥

ভারতকৌমুদী

চতুরিতি। যুদ্ধে শৌণ্ডা মত্তাঃ। কৃষ্ণার্জ্জুনৌ জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ। প্রপক্ষাঃ পক্ষাদ্বহির্বর্ত্তিনঃ। সূতপুত্রস্য কর্ণস্য, অশ্বৈঃ পদাতিভিশ্চ সহেতি শেষঃ ॥১৪—১৬॥

মধ্য ইতি। দংশিতঃ কৃতসন্নাহঃ। চিত্রবর্ম্মাঙ্গদো বিচিত্রকবচকেয়ূরঃ, স্রগ্বী মালাবান্ ॥১৭॥

রক্ষ্যেতি। সুসংরব্ধৈঃ অতীবোৎসাহযুক্তৈঃ, পুত্রৈঃ কর্ণস্যৈব। সংপ্রকর্ষন্ সেনাম্ ॥১৮॥

অভীতি। মহাবাহুঃ কর্ণঃ। পিঙ্গাক্ষঃ পিঙ্গলনয়নো বহ্নিরিব ॥১৯॥

রাজা! যুদ্ধমত্ত ও অনিবর্ত্তী চৌত্রিশ হাজার সংশপ্তক আপনার পুত্রগণের সহিত মিলিত হইয়া কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া ব্যূহের বাম পক্ষ রক্ষা করিতে লাগিল এবং রথ, অশ্ব ও পদাতির সহিত কাম্বোজ, শক ও যবনেরা কর্ণের আদেশে মহাবল অর্জ্জুন ও কৃষ্ণকে আহ্বান করিতে থাকিয়া সংশপ্তকগণের প্রপক্ষ (পার্শ্ববর্ত্তী) হইয়া রহিল ॥১৪—১৬॥

যুদ্ধসজ্জায় সজ্জিত, বিচিত্র বর্ম্ম ও কেয়ূরধারী এবং মাল্যযুক্ত কর্ণ ব্যূহের মধ্যস্থানে সৈন্যসম্মুখে অবস্থান করিতে লাগিলেন ॥১৭॥

তৎকালে অত্যন্ত উৎসাহী কর্ণপুত্রেরা কর্ণকে রক্ষা করিতে থাকিলে, অস্ত্রধারিশ্রেষ্ঠ মহাবীর কর্ণ কৌরবসেনা আকর্ষণ করিতে থাকিয়া তাহার মুখদেশে শোভা পাইতে থাকিলেন ॥১৮॥

চন্দ্র ও অগ্নির ন্যায় তেজস্বী, মহাবাহু ও প্রিয়দর্শন কর্ণ মহাহস্তীর স্কন্ধস্থিত পিঙ্গলনয়ন অগ্নিদেবের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৯॥

---

(২১) চিত্রাস্ত্রৈঃ···পি বা।

অশোভত মহারাজ! দেবৈরিব শতক্রতুঃ।
অশ্বত্থামা কুরূণাঞ্চ যে প্রবীরা মহারথাঃ ॥২২॥
নিত্যমত্তাশ্চ মাতঙ্গাঃ শূরৈর্ম্লেচ্ছৈঃ সমন্বিতাঃ।
অন্বয়ুস্তদ্রথানীকং ক্ষরন্ত ইব তোয়দাঃ ॥২৩॥ (কলাপকম্)
তে ধ্বজৈর্বৈজয়ন্তীভির্জ্বলদ্ভিঃ পরমায়ুধৈঃ।
সাদিভিশ্চাস্থিতা রেজুর্দ্রুমবন্ত ইবাচলাঃ ॥২৪॥
তেষাং পদাতিনাগানাং পাদরক্ষাঃ সহস্রশঃ।
পট্টিশাসিধরাঃ শূরা বভূবুরনিবর্ত্তিনঃ ॥২৫॥
সাদিভিঃ স্যন্দনৈর্নাগৈরধিকং সমলঙ্কৃতৈঃ।
স ব্যূহরাজো বিবভৌ দেবাসুরচমূপমঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। অন্বয়াৎ অন্বগচ্ছৎ। চিত্রসন্নাহৈর্বিচিত্রপরিচ্ছদৈঃ। শতক্রতুরিন্দ্রঃ। অন্বয়ুরন্বগচ্ছন্, তদ্রথানীকম্ অশ্বত্থাম্নো রথিসৈন্যম্ ॥২০—২৩॥

ত ইতি। তে মাতঙ্গাঃ, বৈজয়ন্তীভিঃ পতাকাভিঃ। সাদিভিরারোহিভিঃ ॥২৪॥

তেষামিতি। নাগা গজাঃ, পাদরক্ষাঃ পার্শ্বাদিরক্ষকাঃ ॥২৫॥

সাদিভিরিতি। সাদিভিরারোহিভিঃ, স্যন্দনৈ রথৈঃ, নাগৈর্গজৈশ্চ ॥২৬॥

মহারাজ! দুঃশাসন বহু সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের পশ্চাদ্ভাগে রহিলেন। রাজা স্বয়ং দুর্য্যোধন তাঁহার অনুসরণ করিতে লাগিলেন। তৎকালে বিচিত্রাশ্ব ও বিচিত্রপরিচ্ছদযুক্ত সহোদরেরা মদ্র ও কেকয়দেশীয় মহাবীরগণের সহিত মিলিত হইয়া দুর্য্যোধনকে রক্ষা করিতে থাকিলেন। সুতরাং মহারাজ! ইন্দ্র যেমন দেবগণে পরিবেষ্টিত হইয়া শোভা পান, তেমন দুর্য্যোধনও তখন শোভা পাইতে লাগিলেন। আর কুরুপক্ষে যে সকল মহারথ প্রধান বীর ছিলেন, তাঁহাদের মধ্যে থাকিয়া অশ্বত্থামাও গমন করিতে থাকিলেন। সর্বদামত্ত হস্তিগণ বীর ম্লেচ্ছগণের সহিত মিলিত হইয়া জলবর্ষী মেঘের ন্যায় সেই রথী সৈন্যের পিছনে যাইতে লাগিল ॥২০—২৩॥

ধ্বজ, পতাকা, উজ্জ্বল উত্তমাস্ত্র সকল ও আরোহিগণ উপরে থাকায় সেই মত্ত হস্তিগণ বৃক্ষযুক্ত পর্ব্বতসমূহের ন্যায় শোভা পাইতে থাকিল ॥২৪॥

পট্টিশ ও তরবারিধারী অনিবর্ত্তী সহস্র সহস্র বীর সেই পদাতি ও হস্তিগণের পার্শ্বরক্ষক হইলেন ॥২৫॥

দেবতা ও অসুরগণের ব্যূহের তুল্য সেই মহাব্যূহ তখন বিশেষ অলঙ্কৃত আরোহী, রথ ও হস্তিগণে শোভা পাইতে লাগিল ॥২৬॥

বার্হস্পত্যঃ সুবিহিতো নায়কেন বিপশ্চিতা।
নৃত্যতীব মহাব্যূহঃ পরেষাং ভয়মাদধৎ ॥২৭॥
তস্য পক্ষপ্রপক্ষেভ্যো নিষ্পতন্তি যুযুৎসবঃ।
পত্ত্যশ্বরথমাতঙ্গাঃ প্রাবৃষীব বলাহকাঃ ॥২৮॥
ততঃ সেনামুখে কর্ণং দৃষ্ট্বা রাজা যুধিষ্ঠিরঃ।
ধনঞ্জয়মমিত্রঘ্নমেকবীরমুবাচ হ ॥২৯॥
পশ্যার্জ্জুন! মহাব্যূহং কর্ণেন বিহিতং রণে।
যুক্তং পক্ষৈঃ প্রপক্ষৈশ্চ সাধ্বনীকং প্রকাশতে ॥৩০॥
তদেতদ্বৈ সমালোক্য প্রত্যমিত্রং মহাবলম্।
যথা নাভিভবত্যস্মাংস্তথা নীতির্বিধীয়তাম্ ॥৩১॥
এবমুক্তোঽর্জ্জুনো রাজ্ঞা প্রাঞ্জলির্নৃপমব্রবীৎ।
যথা ভবানাহ তথা তৎ সর্ব্বং ন তদন্যথা ॥৩২॥

ভারতকৌমুদী

বার্হেতি। বার্হস্পত্যো বৃহস্পত্যুক্তঃ, নায়কেন কর্ণেন, বিপশ্চিতা ব্যূহাভিজ্ঞেন ॥২৭॥
তস্যেতি। নিষ্পতন্তি নির্গচ্ছন্তি স্ম, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। প্রাবৃষি বর্ষাসু ॥২৮॥
তত ইতি। অমিত্রঘ্নং শত্রুহন্তারম্, একবীরম্ অদ্বিতীয়বীরম্ ॥২৯॥
পশ্যেতি। সাধু সম্যক্, অনীকং কৌরবসৈন্যম ॥৩০॥
তদিতি। প্রত্যমিত্রং বিপক্ষীভূতম্, মহাবলং বিশালসৈন্যম্ ॥৩১॥

ব্যূহাভিজ্ঞ কর্ণ বৃহস্পতির মত অনুসরণ করিয়া নির্ম্মাণ করিয়াছিলেন বলিয়া সেই মহাব্যূহ বিপক্ষগণের ভয় উৎপাদন করিতে থাকিয়া যেন নৃত্য করিতে থাকিল ॥২৭॥

হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ যুদ্ধার্থী হইয়া সেই ব্যূহের পক্ষ ও প্রপক্ষ হইতে বর্ষাকালে মেঘের ন্যায় নির্গত হইতে লাগিল ॥২৮॥

তাহার পর রাজা যুধিষ্ঠির কৌরবসৈন্যের সম্মুখে কর্ণকে দেখিয়া অদ্বিতীয় বীর শত্রুহন্তা অর্জ্জুনকে বলিলেন—॥২৯॥

'অর্জ্জুন দেখ—কর্ণ রণস্থলে পক্ষ ও প্রপক্ষযুক্ত মহাব্যূহ রচনা করিয়াছেন ইহাতে কৌরবসৈন্য বিশেষ শোভা পাইতেছে ॥৩০॥

অতএব এই বিশাল বিপক্ষসৈন্য দেখিয়া সেইরূপ নীতি বিধান কর, যাহাতে আমাদের পরাভব না হয়' ॥৩১॥

(২৭)…ভয়মাবহৎ—পি। (৩০)…পরানীকং প্রকাশতে—বর্দ্ধ বা। (৩১)…প্রত্যমিত্র মহদ্বলম্…পি।

যস্ত্বস্য বিহিতো ঘাতস্তং করিষ্যামি ভারত !।
প্রধানবধ এবাস্য বিনাশস্তং করোম্যহম্ ॥৩৩॥

যুধিষ্ঠির উবাচ।

তস্মাত্ত্বমেব রাধেয়ং ভীমসেনঃ সুযোধনম্।
বৃষসেনঞ্চ নকুলঃ সহদেবোঽপি সৌবলম্ ॥৩৪॥
দুঃশাসনং শতানীকো হার্দ্দিক্যং শিনিপুঙ্গবঃ।
পাণ্ড্যো দ্রোণসুতং যাতু স্বয়ং যোৎস্যাম্যহং কৃপম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
দ্রৌপদেয়া ধার্ত্তরাষ্ট্রান্ শিষ্টান্ সহ শিখণ্ডিনা।
তে তে চ তাংস্তান্ সহিতানস্মাকং ঘ্নন্তু মামকাঃ ॥৩৬॥

সঞ্জয় উবাচ।

ইত্যুক্তো ধর্ম্মরাজেন তথেত্যুক্ত্বা ধনঞ্জয়ঃ।
ব্যাদিদেশ স্বসৈন্যানি স্বয়ঞ্চাগাচ্চমূমুখম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

এবমিতি। উপযুক্তা নীতিরস্মাকমবশ্যমেব কর্ত্তব্যেতি ভাবঃ ॥৩২॥
য ইতি। ঘাতো বধোপায়ঃ। কর্ণবধে সত্যেবাস্য ব্যূহস্য বিনাশো ভবেদিত্যাশয়ঃ ॥৩৩॥
তস্মাদিতি। রাধেয়ং কর্ণম্। হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্, শিনিপুঙ্গবঃ সাত্যকিঃ ॥৩৪—৩৫॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, শিষ্টান্ অবশিষ্টান্। অস্মাকং শত্রূন্ ॥৩৬॥
ইতীতি। ব্যাদিদেশ যুদ্ধারম্ভায়। অগাদগচ্ছৎ, চমূমুখং সেনাগ্রম্ ॥৩৭॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, অর্জ্জুন কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিলেন—‘মহারাজ ! আপনি যাহা বলিলেন, সে সমস্তই সত্য, অন্যরূপ নহে ॥৩২॥

ভরতনন্দন ! এই ব্যূহবিনাশের যে উপায় যুদ্ধশাস্ত্রে বিহিত আছে, আমি তাহাই করিব। কারণ, প্রধানের বধেই ইহার বিনাশ হয়। সুতরাং আমি তাহাই করিব’ ॥৩৩॥

যুধিষ্ঠির বলিলেন—‘অতএব অর্জ্জুন ! তুমিই কর্ণের দিকে যাও; আর ভীম দুর্য্যোধনের দিকে, নকুল বৃষসেনের প্রতি, সহদেব শকুনিকে লক্ষ্য করিয়া, শতানীক দুঃশাসনের উদ্দেশে, সাত্যকি কৃতবর্ম্মার দিকে এবং পাণ্ড্য অশ্বত্থামার প্রতি গমন করুন; আর আমি নিজে কৃপের সহিত যুদ্ধ করি ॥৩৪—৩৫॥

দ্রৌপদীর পুত্রগণ শিখণ্ডীর সহিত মিলিত হইয়া অবশিষ্ট ধার্ত্তরাষ্ট্রগণের দিকে গমন করুন। এইভাবে আমার সেই সেই যোদ্ধারা আমাদের সম্মিলিত সেই সেই শত্রুগণকে বধ করিতে থাকুন’ ॥৩৬॥

অগ্নির্বৈশ্বানরঃ পূর্ব্বো ব্রহ্মোদ্ধঃ সপ্তিতাং গতঃ।
তস্মাদ্যঃ প্রথমো জাতস্তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৩৮॥
ব্রহ্মেশানেন্দ্রবরুণান্ ক্রমশো যোঽবহৎ পুরা।
তমাদ্যং রথমাস্থায় প্রয়াতৌ কেশবার্জ্জুনৌ ॥৩৯॥
অথ তং রথমায়ান্তং দৃষ্ট্বা চাদ্ভুতদর্শনম্।
উবাচাধিরথিং শল্যঃ পুনস্তং যুদ্ধদুর্ম্মদম্ ॥৪০॥

ভারতকৌমুদী

অর্জ্জুনরথং স্তৌতি দ্বাভ্যামগ্নিরিতি। বৈশ্বানরো বিশ্বেষাং দেবানাং নেতা, পূর্ব্বঃ প্রাচীনঃ ব্রহ্মণা বেদেন "অগ্নিমীলে পুরোহিতম্" ইত্যাদিবেদস্তত্যেত্যর্থঃ, ইদ্ধো জ্বলিতঃ অগ্নিঃ সপ্তিতাং যস্যাশ্বত্বং গতঃ, তস্মাদ্যঃ প্রথমো জাতঃ, তং রথম্, দেবা ব্রাহ্মণং বেদসম্বন্ধিনং বিদুঃ ॥৩৮॥

ব্রহ্মেতি। ঈশানঃ শিবঃ। আদ্যং রথানামাদিমম্, আস্থায় আরুহ্য ॥৩৯॥

অথেতি। অদ্ভুতং দর্শনং যস্য তম্। আধিরথিং কর্ণম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩৭॥ অগ্নিরিতি। যোঽয়ং বৈশ্বানরো বিশ্বস্য নেতা অগ্নিঃ স ব্রহ্ম ব্রাহ্মণঃ প্রজাপতিমুখোদ্ভবত্বসাম্যাৎ। স এব ইন্দুঃ উনত্তীতি ব্যুৎপত্তের্জলাদ্রীংশঃ সোমরসঃ স এব সপ্তিতামশ্বত্বং গতঃ "বারুণো বা অশ্ব" ইতি শ্রুতেঃ। সোমোঽপ্যশ্বত্বেন স্তূয়তে— "অত্যং মৃজন্তি কলশে দশক্ষিপ" ইত্যাদৌ; অত্যম্ অশ্বং কলশে দ্রোণকলশে ক্ষিপোঽঙ্গুলয়ঃ তমশ্বং দেবা ব্রাহ্মণাশ্চ বিদুঃ। স এক এব দেবশ্চতুর্দ্ধাত্মানং ব্যহার্জ্জুনরথং বাহয়তীত্যর্থঃ ব্রহ্মেদ্ধ ইতি পাঠে ব্রহ্মণা বেদেন ইদ্ধঃ স্তুত্যা প্রদীপ্তঃ স এবাশ্বত্বং গত ইত্যর্থঃ ॥৩৮

সঞ্জয় বলিলেন—'যুধিষ্ঠির এইরূপ বলিলে, 'তাহাই হইবে' এই কথা বলিয়া অর্জ্জুন সৈন্যগণকে যুদ্ধ করিতে আদেশ করিলেন এবং নিজেও সৈন্যসম্মুখে যাইতে লাগিলেন ॥৩৭॥

সমস্ত দেবতার নেতা ও প্রথমোৎপন্ন অগ্নি বেদের স্তবে প্রজ্বলিত হইয়া যাহার অশ্বত্ব প্রাপ্ত হইয়াছিলেন এবং সেই জন্যই যাহা পূর্ব্বে উৎপন্ন হইয়াছিল, সেই রথকে দেবতারা বেদসম্বন্ধী বলিয়া মনে করেন ॥৩৮॥

যে রথ পূর্ব্বে ক্রমশঃ ব্রহ্মা, শিব, ইন্দ্র ও বরুণকে বহন করিয়াছিল, সেই আদিম রথে আরোহণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুন প্রস্থান করিলেন ॥৩৯॥

তাহার পর অদ্ভুতদর্শন সেই রথ আসিতেছে দেখিয়া শল্য পুনরায় যুদ্ধদুর্দ্ধর্ষ কর্ণকে বলিলেন—॥৪০॥

(৩৮) অগ্নির্বৈশ্বানরঃ পূর্ব্বম্···যং দেবাঃ···পি।

অয়ং স রথ আয়াতি শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
দুর্বারঃ সর্বসৈন্যানাং বিপাকঃ কর্ম্মণামিব।
নিঘ্নন্নমিত্রান্ কৌন্তেয়ো যং কর্ণ! পরিপৃচ্ছসি ॥৪১॥
শ্রূয়তে তুমুলঃ শব্দো যথা মেঘস্বনো মহান্।
ধ্রুবমেতৌ মহাত্মানৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥৪২॥
এষ রেণুঃ সমুদ্ভূতো দিবমাবৃত্য তিষ্ঠতি।
চক্রনেমিপ্রণুন্নেব কম্পতে কর্ণ! মেদিনী ॥৪৩॥
প্রবাত্যেষ মহাবায়ুরভিতস্তব বাহিনীম্।
ক্রব্যাদা ব্যাহরন্ত্যেতে মৃগাঃ ক্রন্দন্তি ভৈরবম্ ॥৪৪॥
পশ্য কর্ণ! মহাঘোরং ভয়দং লোমহর্ষণম্।
কবন্ধং মেঘসঙ্কাশং ভানুমাবৃত্য সংস্থিতম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

অয়মিতি। শ্বেতা অশ্বা যস্য সঃ। বিপাকঃ পরিণামঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥
শ্রূয়ত ইতি। মেঘস্য স্বনো গম্ভীরশব্দঃ। ধ্রুবং নিশ্চিতম্ ॥৪২॥
এষ ইতি। রেণুর্ধূলিঃ, দিবং গগনম্। চক্রাণাং নেমিভিঃ প্রান্তৈঃ প্রণুন্না চালিতা ॥৪৩॥
প্রেতি। অভিতঃ সর্বতঃ। ক্রব্যাদা মাংসভোজিনো জন্তবঃ, ব্যাহরন্তি রুবন্তি ॥৪৪॥
পশ্যেতি। কবন্ধং শিরঃশূন্যদেহাকারামৌৎপাতিকীং ছায়াম্, ভানুং সূর্য্যম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

এবমশ্বান্ স্তুত্বা রথং স্তৌতি—রক্ষেতি ॥৩৯—৪০॥ অয়ং স রথঃ কৌন্তেয় আয়াত ইতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥৪১॥ শব্দো রথস্যেতি শেষঃ ॥৪২—৪৩॥ প্রবাতীত্যাদি পরাজয়লক্ষণমাহ তেজো-

'কর্ণ! শ্বেতাশ্ব ও কৃষ্ণসারথি এই সেই রথ আসিতেছে; ইহা কর্ম্মের পরিণামের ন্যায় সমস্ত সৈন্যের দুর্নিবারণীয়; আর তুমি যাঁহার বিষয় জিজ্ঞাসা করিয়াছিলে, এই সেই অর্জ্জুনও শত্রুসংহার করিতে করিতে আসিতেছেন ॥৪১॥

যখন মেঘের শব্দের ন্যায় মহাতুমুল শব্দ শুনা যাইতেছে, তখন নিশ্চয়ই ইঁহারা মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন হইবেন ॥৪২॥

কর্ণ! এই ধূলিজাল উত্থিত হইয়া আকাশ যেন আবৃত করিয়া রহিতেছে এবং পৃথিবী যেন রথচক্রচালিত হইয়া কম্পিত হইতেছে ॥৪৩॥

তোমার সৈন্যের সকল দিকে এই মহাবায়ু বহিতেছে, এই মাংসভোজী জন্তুরা রব করিতেছে এবং হরিণগণ ভয়ঙ্কর ক্রন্দন করিতেছে ॥৪৪॥

কর্ণ! দেখ—মহাভীষণাকৃতি, ভয়জনক ও লোমহর্ষণ মেঘতুল্য একটা কবন্ধ সূর্য্যমণ্ডল আবৃত করিয়া রহিয়াছে ॥৪৫॥

পশ্য যূথৈর্বহুবিধৈর্মৃগাণাং সর্বতোদিশম্ ।
বলিভিঃ কর্ণ ! শার্দ্দূলৈরাদিত্যোঽভিনিরীক্ষ্যতে ॥৪৬॥
পশ্য কঙ্কাংশ্চ গৃধ্রাংশ্চ সমবেতান্ সহস্রশঃ ।
স্থিতানভিমুখান্ ঘোরানন্যোন্যমভিভাষতঃ ॥৪৭॥
রঞ্জিতাশ্চামরা যুক্তাস্তব কর্ণ ! মহারথে ।
প্রবরাঃ প্রচলন্ত্যেতে ধ্বজশ্চৈব প্রকম্পতে ॥৪৮॥
সবেপথূন্ হয়ান্ পশ্য মহাকায়ান্ মহাজবান্ ।
প্লবমানান্ দর্শনীয়ানাকাশে গরুড়ানিব ॥৪৯॥
ধ্রুবমেষু নিমিত্তেষু ভূমিমাশ্রিত্য পার্থিবাঃ ।
স্বপ্স্যন্তি নিহতাঃ কর্ণ ! শতশোঽথ সহস্রশঃ ॥৫০॥
শঙ্খানাং তুমুলঃ শব্দঃ শ্রূয়তে লোমহর্ষণঃ ।
আনকানাঞ্চ রাধেয় ! মৃদঙ্গানাঞ্চ সর্বশঃ ॥৫১॥

ভারতকৌমুদী

পশ্যেতি । যূথৈঃ সংঘৈঃ । বলিভির্বিলবদ্ভিঃ । ইদমপি দুর্লক্ষণমিত্যাশয়ঃ ॥৪৬॥
পশ্যেতি । কঙ্কান্ গৃধ্রাংশ্চ পক্ষিণঃ । অভিভাষতো রুবতঃ ॥৪৭॥
রঞ্জিতা ইতি । যুক্তা নিবদ্ধাঃ । প্রবরা উত্তমাঃ ॥৪৮॥
সেতি । সবেপথূন্ সকম্পান্ । মহাজবান্ মহাবেগান্ । প্লবমানানুৎপততঃ ॥৪৯॥
ধ্রুবমিতি । নিমিত্তেষু দুর্লক্ষণেষু । স্বপ্স্যন্তি শয়িষ্যন্তে ॥৫০॥
শঙ্খানামিতি । আনকানাং তদানীন্তনবাদ্যবিশেষাণাম্ ॥৫১॥

কর্ণ ! কর্ণ ! দেখ—নানাবিধপশুসমূহ এবং বলবান্ ব্যাঘ্রগণ সকল দিকে সূর্য্যের প্রতি দৃষ্টিপাত করিতেছে ॥৪৬॥

দেখ—ভয়ঙ্কর সহস্র সহস্র কঙ্ক ও গৃধ্রপক্ষী (হাড়্গিলা ও শকুন) সমবেত হইয়া পরস্পর অভিমুখে থাকিয়া রব করিতেছে ॥৪৭॥

কর্ণ ! তোমার বিশাল রথে নিবদ্ধ রঞ্জিত ও উত্তম এই চামরগুলি চলিতেছে এবং ধ্বজটা কাঁপিতেছে ॥৪৮॥

দেখ—বিশালদেহ, মহাবেগশালী ও সুদৃশ্য অশ্বগণ কাঁপিতে থাকিয়া আকাশে গরুড়গণের ন্যায়ই যেন উড়িতেছে ॥৪৯॥

কর্ণ ! এই সকল দুর্লক্ষণ উপস্থিত হওয়ায় নিশ্চয়ই শত শত ও সহস্র সহস্র রাজা নিহত হইয়া ভূমি অবলম্বন করিয়া শয়ন করিবেন ॥৫০॥

(৪৬)…সর্ব্বতোদিশঃ…পি । (৪৮) রজসা চ সমাযুক্তে তব কর্ণ ! মহারথে । প্রবরাঃ প্রজ্বলন্ত্যেতে…পি ।

বাণশব্দান্ বহুবিধান্ নরাশ্বরথনিস্বনান্।
জ্যাতলত্রেষু শব্দাংশ্চ শৃণু কর্ণ! মহাত্মনাম্ ॥৫২॥
হেমরূপ্যপ্রস্পৃষ্টানাং বাসসাং শিল্পিনির্ম্মিতাঃ।
নানাবর্ণা রথে ভান্তি শ্বসনেন প্রকম্পিতাঃ ॥৫৩॥
সহেমচন্দ্রতারার্কাঃ পতাকাঃ কিঙ্কিণীযুতাঃ।
পশ্য কর্ণার্জ্জুনস্যৈতাঃ সৌদামিন্য ইবাম্বুদে ॥৫৪॥
ধ্বজাঃ কণকণায়ন্তে বাতেনাভিসমীরিতাঃ।
বিভ্রাজন্তি রণে কর্ণ! বিমানে দৈবতে যথা।
সপতাকা রথাশ্চৈতে পাঞ্চালানাং মহাত্মনাম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

বাণেতি। জ্যাতলত্রেষু ধনুর্গুণহস্তাবরণেষু জাতানিতি শেষঃ ॥৫২॥

হেমেতি। হেমরূপ্যৈঃ প্রস্পৃষ্টানাং খচিতানাম্। নানাবর্ণাঃ পতাকাঃ। শ্বসনেন বায়ুনা ॥৫৩॥

সেতি। হেমশ্চন্দ্রতারার্কৈস্তত্তচ্চিহ্নৈঃ সহেতি তাঃ। সৌদামিন্যো বিদ্যুতঃ ॥৫৪॥

ধ্বজা ইতি। কণকণায়ন্তে কণকণশব্দান্ কুর্বন্তি। দৈবতে দেবতাসম্বন্ধিনি। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

উপার্পনেব ॥৪৪॥ কবন্ধং কেতুম্ ॥৪৫॥ মৃগাদিভিরাদিত্যাবেক্ষণং ক্রিয়মাণং মৃত্যুসূচকম্ ॥৪৬—৪৭॥ চামরা রথেঽবলম্বন্তো রথাক্ষচক্রয়োঃ সঙ্ঘর্ষজৈঃ স্ফুলিঙ্গৈর্জ্বলন্তীত্যর্থঃ ॥৪৮—৫১॥

রাধানন্দন! সকল দিকেই শঙ্খ, আনক ও মৃদঙ্গের তুমুল ও লোমহর্ষণ শব্দ শুনা যাইতেছে ॥৫১॥

কর্ণ! শোন, নানাবিধ বাণের শব্দ, মানুষ, অশ্ব ও রথের ধ্বনি, ধনুষ্টঙ্কার ও হস্তাবরণের রব হইতেছে ॥৫২॥

রথসমূহে স্বর্ণ ও রৌপ্যখচিত, শিল্পিনির্ম্মিত নানাবর্ণের বস্ত্রপতাকা সকল বায়ুকম্পিত হইয়া প্রকাশ পাইতেছে ॥৫৩॥

কর্ণ! দেখ—স্বর্ণের চন্দ্র, নক্ষত্র ও সূর্য্যচিহ্নে চিহ্নিত এবং কিঙ্কিণীযুক্ত অর্জ্জুনরথের এই পতাকা সকল, মেঘে বিদ্যুতের ন্যায় দৃষ্টিগোচর হইতেছে ॥৫৪॥

কর্ণ! এই ধ্বজগুলি বায়ুসঞ্চালিত হইয়া 'কণকণ-'শব্দ করিতেছে এবং দেববিমানস্থ ধ্বজের ন্যায় শোভা পাইতেছে, আর মহাত্মা পাঞ্চালগণের এই পতাকাযুক্ত রথ সকল আসিতেছে ॥৫৫॥

(৫৫)···বিমানে দেবতা যথা···পি বঙ্গ বর্দ্ধ।

পশ্য কুন্তীসুতং বীরং বীভৎসুমপরাজিতম্।
প্রধর্ষয়িতুমায়ান্তং কপিপ্রবরকেতনম্ ॥৫৬॥
এষ ধ্বজাগ্রে পার্থস্য প্রেক্ষণীয়ঃ সমন্ততঃ।
দৃশ্যতে বানরো ভীমো দ্বিষতাং মন্যুবর্দ্ধনঃ ॥৫৭॥
এতচ্চক্রং গদা শার্ঙ্গং শঙ্খঃ কৃষ্ণস্য ধীমতঃ।
অত্যর্থং ভ্রাজতে কৃষ্ণে কৌস্তুভস্তু মণিস্ততঃ ॥৫৮॥
এষ শার্ঙ্গগদাপাণির্বাসুদেবোঽতিবীর্য্যবান্।
বাহয়ন্নেতি তুরগান্ পাণ্ডরান্ বাতরংহসঃ ॥৫৯॥
এতৎ কূজতি গাণ্ডীবং বিকৃষ্টং সব্যসাচিনা।
এতে হস্তবতা মুক্তা ঘ্নন্ত্যমিত্রান্ শিতাঃ শরাঃ ॥৬০॥

ভারতকৌমুদী

পশ্যেতি। বীভৎসুমর্জ্জুনম্। প্রধর্ষয়িতুং নিপীড়য়িতুম ॥৫৬॥
এষ ইতি। মন্যুবর্দ্ধনো ভীমত্বাদেব দৈন্যবৃদ্ধিকারী ॥৫৭॥
এতদিতি। শার্ঙ্গং শৃঙ্গনির্ম্মিতং ধনুঃ। কৌস্তুভো মণিস্তু কৃষ্ণে ততোঽপি ভ্রাজতে ॥৫৮॥
এষ ইতি। বাহয়ন্ চালয়ন্। পাণ্ডরান্ শ্বেতান্, বাতরংহসো বায়ুবেগান্ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

জ্যাতলত্রেষু কর্ণানিতি পাঠে কর্ণো বাদ্যবিশেষঃ তেষাং স্বনান্ ॥৫২॥ শিঞ্জিনো রথক: ॥৫৩—৫৬॥ অঘবর্দ্ধনো দুঃখস্য বর্দ্ধয়িতা ॥৫৭—৮৬॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৫॥

দেখ—মহাবীর, অপরাজিত ও কপিধ্বজ কুন্তীনন্দন অর্জ্জুন আক্রমণ করিবার জন্য আসিতেছেন ॥৫৬॥

সকল দিক্ হইতে দৃশ্য, ভীষণমূর্ত্তি ও শত্রুগণের দৈন্যবর্দ্ধক এই বানর অর্জ্জুনের ধ্বজাগ্রে দেখা যাইতেছে ॥৫৭॥

ধীমান্ কৃষ্ণের এই চক্র, গদা, শার্ঙ্গধনু ও শঙ্খ অত্যন্ত শোভা পাইতেছে এবং কৌস্তুভমণি তাহা হইতেও বিশেষ শোভা প্রাপ্ত হইতেছে ॥৫৮॥

এই শার্ঙ্গধনু ও গদাধারী এবং মহাবল কৃষ্ণ শ্বেতবর্ণ ও বায়ুর ন্যায় বেগবান্ অশ্বগণকে চালন করিতে করিতে আসিতেছেন ॥৫৯॥

শিক্ষিতহস্ত অর্জ্জুনের আকর্ষণে এই গাণ্ডীবধনু অব্যক্ত শব্দ করিতেছে এবং এই তাঁহার নিক্ষিপ্ত সুধার বাণ সকল শত্রু বিনাশ করিতেছে ॥৬০॥

---

(৫৭)···দ্বিষতামঘবর্দ্ধনঃ—পি বা সো।

বিশালায়তভাম্রাক্ষৈঃ পূর্ণচন্দ্রনিভাননৈঃ।
এষা ভূঃ কীর্য্যতে রাজ্ঞাং শিরোভিরপলায়িনাম্ ॥৬১॥
এতে পরিঘসঙ্কাশাঃ পুণ্যগন্ধানুলেপনাঃ।
উদ্যতায়ুধশৌণ্ডানাং পাত্যন্তে সায়ুধা ভুজাঃ ॥৬২॥
নিরস্তনেত্রজিহ্বান্ত্রা বাজিনঃ সহ সাদিভিঃ।
পাতিতাঃ পাত্যমানাশ্চ ক্ষিতৌ ক্ষীণাশ্চ শেরতে ॥৬৩॥
এতে পর্বতশৃঙ্গাণাং তুল্যরূপা হতা দ্বিপাঃ।
সংছিন্নভিন্নাঃ পার্থেন প্রপতন্ত্যদ্রয়ো যথা ॥৬৪॥
গন্ধর্বনগরাকারা রথা হতনরেশ্বরাঃ।
বিমানানীব পুণ্যান্তে স্বর্গিণাং নিপতন্ত্যমী ॥৬৫॥
ব্যাকুলীকৃতমত্যর্থং পশ্য সৈন্যং কিরীটিনা।
নানামৃগসহস্রাণাং যূথং কেশরিণা যথা ॥৬৬॥

ভারতকৌমুদী

এতদিতি। কূজতি অব্যক্তং রৌতি। হস্তবতা শিক্ষিতহস্তেন। শিতাঃ সুধারাঃ ॥৬০॥
বিশালেতি। পূর্ণচন্দ্রনিভানি আননানি যেষাং তৈঃ। কীর্য্যতে আচ্ছাদ্যতে ॥৬১॥
এত ইতি। উদ্যতায়ুধাশ্চ তে শৌণ্ডা যুদ্ধমত্তাশ্চেতি তেষাম্ ॥৬২॥
নিরিতি। নিরস্তানি ছিত্বা ক্ষিপ্তানি নেত্রাণি জিহ্বা অন্ত্রাণি নাড্যশ্চ যেষাং তে ॥৬৩॥
এত ইতি। দ্বিপাঃ কুরুপক্ষীয়া হস্তিনঃ। পার্থেনার্জ্জুনেন ॥৬৪॥
গন্ধর্বেতি। হতা নরেশ্বরা আরোহিণো রাজানো যেষাং তে। পুণ্যান্তে তৎক্ষয়ান্তে ॥৬৫॥

অপলায়ী রাজগণের মস্তকে এই সমরভূমি আবৃত হইতেছে; এই মস্তকগুলির নয়ন সকল বিশাল, বিস্তৃত ও তাম্রবর্ণ এবং মুখ সকল পূর্ণচন্দ্রতুল্য ॥৬১॥

বীরগণ যুদ্ধে মত্ত হইয়া অস্ত্র উত্তোলন করিলে, এই তাঁহাদের পরিঘতুল্য, পবিত্রগন্ধদ্রব্যলিপ্ত ও অস্ত্রযুক্ত বাহু সকল নিপাতিত হইতেছে ॥৬২॥

নয়ন, জিহ্বা ও নাড়ী ছেদন করিয়া নিক্ষেপ করিলে, এই অশ্বগণ আরোহিগণের সহিত ক্ষীণ অবস্থায় পাতিত ও পাত্যমান হইয়া ভূতলে শয়ন করিতেছে ॥৬৩॥

অর্জ্জুন পর্ব্বতশৃঙ্গের তুল্য হস্তিগণকে ছিন্ন, ভিন্ন ও নিহত করিলে, এই সেগুলি পর্বতের ন্যায় পতিত হইতেছে ॥৬৪॥

আরোহী রাজগণকে বধ করিলে, ঐ গন্ধর্বনগরের তুল্য রথগুলি, পুণ্যক্ষয়ের পরে স্বর্গবাসীদিগের বিমানসমূহের ন্যায় পতিত হইতেছে ॥৬৫॥

(৬৩) নিরস্তনেত্রজিহ্বাশ্চ···পতিতাঃ পাত্যমানাশ্চ···পি বা সো। (৬৪)···তুল্যরূপা মহাদ্বিপাঃ···প্রপতন্তো দ্রুমা যথা—পি। (৬৫)···বিমানানীব পুণ্যানি···পি।

ঘ্নন্ত্যেতে পার্থিবান্ বীরাঃ পাণ্ডবাঃ সমভিদ্রুতাঃ।
নাগাশ্বরথপত্ত্যোঘাংস্তাবকান্ সমভিঘ্নতঃ ॥৬৭॥
এষ সূর্য্য ইবাম্ভোদৈশ্ছন্নঃ পার্থো ন দৃশ্যতে।
ধ্বজাগ্রং দৃশ্যতে ত্বস্য জ্যাশব্দশ্চাপি শ্রূয়তে ॥৬৮॥
অদ্য দ্রষ্টাসি তং বীরং শ্বেতাশ্বং কৃষ্ণসারথিম্।
নিঘ্নন্তং শাত্রবান্ সংখ্যে যং কর্ণ! পরিপৃচ্ছসি ॥৬৯॥
অদ্য তৌ পুরুষব্যাঘ্রৌ লোহিতাক্ষৌ পরন্তপৌ।
বাসুদেবার্জ্জুনৌ কর্ণ! দ্রষ্টাস্যেকরথে স্থিতৌ ॥৭০॥
সারথির্যস্য বার্ষ্ণেয়ো গাণ্ডীবং যস্য কার্ম্মুকম্।
তঞ্চেদ্ধন্তাসি রাধেয়! ত্বং নো রাজা ভবিষ্যসি ॥৭১॥

ভারতকৌমুদী

ব্যাকুলীতি। নানামৃগসহস্রাণাং বহুবিধহরিণসমূহানাম, কেশরিণা সিংহেন ॥৬৬॥
ঘ্নন্তীতি। সমভিদ্রুতাস্তৈঃ পার্থিবৈরেবাক্রান্তাঃ। সমভিঘ্নতঃ প্রহরতঃ ॥৬৭॥
এষ ইতি। অম্ভোদৈর্মেঘৈঃ, ছন্নঃ কুরুবীরৈরাবৃতঃ। জ্যাশব্দো ধনুর্গুণধ্বনিঃ ॥৬৮॥
অদ্যেতি। শ্বেতা অশ্বা যস্য তম্, কৃষ্ণশ্চ সারথির্যস্য তম্। সংখ্যে যুদ্ধে ॥৬৯॥
অদ্যেতি। লোহিতাক্ষৌ রক্তনয়নৌ। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥৭০॥
সারথিরিতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ কৃষ্ণঃ। হন্তাসি হন্তুং শক্ষ্যসি, নঃ অস্মাকম্ ॥৭১॥

কর্ণ! দেখ, সিংহ যেমন নানাবিধ হরিণগণকে অত্যন্ত আকুল করে, সেইরূপ অর্জ্জুন কৌরবসৈন্যগণকে অত্যন্ত আকুল করিয়া তুলিয়াছেন ॥৬৬॥

কুরুপক্ষের রাজারা যাইয়া আক্রমণ করিলে, এই বীর পাণ্ডবেরা তাঁহাদিগকে বধ করিতেছেন এবং আপনার পক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিরা আঘাত করিতে থাকিলে, তাহাদিগকেও সংহার করিতেছেন ॥৬৭॥

মেঘসমূহ যেমন সূর্য্যকে আবৃত করে, তেমন কৌরবসৈন্যেরা অর্জ্জুনকে আবৃত করিয়াছে; সুতরাং উঁহাকে আর দেখা যাইতেছে না, কেবল উঁহার ধ্বজাগ্র দৃষ্টিগোচর হইতেছে এবং ধনুষ্টঙ্কার শুনা যাইতেছে ॥৬৮॥

কর্ণ! তুমি যাঁহার কথা জিজ্ঞাসা করিয়াছিলে, শ্বেতাশ্ব ও কৃষ্ণসারথি সেই বীর অর্জ্জুন যুদ্ধে শত্রুসংহার করিতেছেন দেখিতে পাইবে ॥৬৯॥

কর্ণ! আজ সেই পুরুষশ্রেষ্ঠ, রক্তনয়ন ও শত্রুদমনকারী কৃষ্ণ ও অর্জ্জুনকে একরথে দর্শন করিবে ॥৭০॥

রাধানন্দন! কৃষ্ণ যাঁহার সারথি এবং গাণ্ডীব যাঁহার ধনু, তুমি যদি সেই অর্জ্জুনকে বধ করিতে পার, তবে তুমিই আমাদের রাজা হইবে ॥৭১॥

এষ সংশপ্তকাহূতস্তানেবাভিমুখো গতঃ।
করোতি কদনঞ্চৈষাং সংগ্রামে দ্বিষতাং বলী ॥৭২॥
ইতি ব্রুবাণং মদ্রেশং কর্ণঃ প্রাহাতিমন্যুমান্।
পশ্য সংশপ্তকৈঃ ক্রুদ্ধৈঃ সর্বতঃ সমভিদ্রুতঃ ॥৭৩॥
এষ সূর্য্য ইবাম্ভোদৈশ্ছন্নঃ পার্থো ন দৃশ্যতে।
এতদন্তোঽর্জ্জুনঃ শল্য! নিমগ্নো যোধসাগরে ॥৭৪॥

শল্য উবাচ।

বরুণং কোঽম্ভসা হন্যাদিন্ধনেন চ পাবকম্।
কোঽনিলং বা নিগৃহ্লীয়াৎ পিবেদ্বা কো মহার্ণবম্ ॥৭৫॥
ঈদৃগ্রূপমহং মন্যে পার্থস্য যুধি নিগ্রহম্।
ন হি শক্যোঽর্জ্জুনো জেতুং যুধি সেন্দ্রৈঃ সুরাসুরৈঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

এষ ইতি। কদনং নিপীড়নম্। বলী বলবানর্জ্জুনঃ ॥৭২॥
ইতীতি। অতিমন্যুমান্ অতীবক্রুদ্ধঃ। সমভিদ্রুতঃ অর্জ্জুনঃ সমাক্রান্তঃ ॥৭৩॥
এষ ইতি। এষ এবাস্তোঽবসানং যস্য সঃ, যেন যোধসাগরে নিমগ্নঃ ॥৭৪॥
বরুণমিতি। ইন্ধনেন কাষ্ঠেন। নিগৃহ্লীয়াৎ ধৃত্বা দময়েৎ ॥৭৫॥
ঈদৃগিতি। ঈদৃগ্রূপম্ অম্ভঃপ্রভৃতিভির্বরুণাদিনিগ্রহরূপম। সেন্দ্রৈরিন্দ্রসহিতৈঃ ॥৭৬॥

সংশপ্তকগণ আহ্বান করিলে, বলবান্ অর্জ্জুন এই তাহাদের অভিমুখে গমন করিলেন এবং যুদ্ধে এই তাহাদের পীড়ন করিতে আরম্ভ করিলেন ॥৭২॥

শল্য এইরূপ বলিতে লাগিলে, কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহাকে বলিলেন—'মদ্ররাজ! দেখুন—ক্রুদ্ধ সংশপ্তকেরা সকল দিকে অর্জ্জুনকে আক্রমণ করিয়াছে ॥৭৩॥

মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ সংশপ্তকেরা অর্জ্জুনকে আবৃত করিয়াছে; সুতরাং আর উহাকে দেখা যাইতেছে না। শল্য! অর্জ্জুন যোদ্ধৃ-সাগরে নিমগ্ন হইয়াছে। অতএব এই উহার শেষ' ॥৭৪॥

শল্য বলিলেন—'কর্ণ! কোন্ ব্যক্তি জলদ্বারা বরুণকে বধ করিতে পারে? এবং কাষ্ঠদ্বারা অগ্নিকে নির্ব্বাণ করিতে সমর্থ হয়? কোন্ ব্যক্তিই বা বায়ুকে ধরিয়া রাখিতে পারে? কিংবা মহাসমুদ্রকে পান করিতে সমর্থ হয়? ॥৭৫॥

অর্জ্জুনকে যুদ্ধে বধ করাকে আমি এইরূপই মনে করি। কারণ, ইন্দ্রের সহিত দেবগণ এবং অসুরগণও যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে পারেন না ॥৭৬॥

(৭৩)···প্রাহাতিমন্যুনা···পি বা সো।

অথবা পরিতোষস্তে বাচোক্ত্বা সুমনা ভব।
ন স শক্যো যুধা জেতুমন্যং কুরু মনোরথম্ ॥৭৭॥
বাহুভ্যামুদ্ধরেদ্ভূমিং দহেৎ ক্রুদ্ধ ইমাঃ প্রজাঃ।
পাতয়েত্ত্রিদিবাদ্দেবান্ যোঽর্জ্জুনং সমরে জয়েৎ ॥৭৮॥
পশ্য কুন্তীসুতং বীরং ভীমমক্লিষ্টকারিণম্।
প্রভাসন্তং মহাবাহুং স্থিতং মেরুমিবাপরম্ ॥৭৯॥
অমর্ষী নিত্যসংরব্ধশ্চিরবৈরমনুস্মরন্।
এষ ভীমো জয়প্রেপ্সুর্যুধি তিষ্ঠতি বীর্য্যবান্ ॥৮০॥
এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
তিষ্ঠত্যসুকরঃ সংখ্যে পরৈঃ পরপুরঞ্জয়ঃ ॥৮১॥
এতৌ চ পুরুষব্যাঘ্রাবশ্বিনাবিব সোদরৌ।
নকুলঃ সহদেবশ্চ তিষ্ঠতো যুধি দুর্জয়ৌ ॥৮২॥

ভারতকৌমুদী

অথবেতি। সুমনা বাচোক্ত্বৈব সন্তুষ্টচিত্তঃ। অন্যমর্জ্জুনজয়াভিন্নবিষয়ম্ ॥৭৭॥
বাহুভ্যামিতি। উদ্ধরেদুত্তোলয়েৎ। প্রজা জনান্ ॥৭৮॥
পশ্যেতি। অক্লিষ্টং যথা স্যাত্তথা কর্ত্তুং যুদ্ধে জয়ং বিধাতুং শীলমস্যেতি তম্ ॥৭৯॥
অমর্ষীতি। অমর্ষী অসহিষ্ণুঃ, নিত্যসংরব্ধঃ সর্ব্বদা ক্রুদ্ধঃ ॥৮০॥
এষ ইতি। অসুকরঃ অসুজয়ঃ। পরপুরঞ্জয়ো বিপক্ষনগরবিজয়ী ॥৮১॥

অথবা বাক্যে এইরূপ বলিয়া যদি তোমার পরিতোষ হয়, তবে বাক্যে বলিয়া পরিতুষ্ট হইতে থাক। বাস্তবিক পক্ষে যুদ্ধে অর্জ্জুনকে জয় করা অসম্ভব। অতএব অন্য বিষয়ের অভিলাষ কর ॥৭৭॥

যিনি যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে পারিবেন, তিনি বাহুযুগলদ্বারা পৃথিবী উত্তোলন করিতে সমর্থ হইবেন, ক্রুদ্ধ হইয়া এই সমস্ত লোক দগ্ধ করিতে পারিবেন এবং স্বর্গ হইতে দেবগণকে পাতিত করিতে সমর্থ হইবেন ॥৭৮॥

কর্ণ! দেখ, কুন্তীনন্দন, বীর, মহাবাহু, অনায়াসে যুদ্ধবিজয়ী ও বীরতেজে দীপ্যমান ভীমসেন অপর সুমেরুপর্ব্বতের ন্যায় অবস্থান করিতেছেন ॥৭৯॥

অসহিষ্ণু, সর্ব্বদা ক্রুদ্ধ ও বলবান্ এই ভীমসেন পূর্ব্বশত্রুতা স্মরণ করিয়া জয়াভিলাষী হইয়া রণস্থলে রহিয়াছেন ॥৮০॥

যুদ্ধে বিপক্ষের দুর্জয়, শত্রুনগরবিজয়ী ও ধার্ম্মিকশ্রেষ্ঠ এই ধর্ম্মরাজ যুধিষ্ঠির অবস্থিতি করিতেছেন ॥৮১॥

(৭৭)…বাচমুক্ত্বা সুখী ভব…পি। (৮০)…নিত্যসংক্রুদ্ধঃ…পি।

দৃশ্যন্ত এতে কার্ষ্ণেয়াঃ পঞ্চ পঞ্চাচলা ইব।
ব্যবস্থিতা যোদ্ধুকামাঃ সর্ব্বেঽর্জ্জুনসমা যুধি ॥৮৩॥
এতে দ্রুপদপুত্রাশ্চ ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
স্ফীতাঃ সত্যজিতো বীরাস্তিষ্ঠন্তি পরমৌজসঃ ॥৮৪॥
অসাবিন্দ্র ইবাসহ্যঃ সাত্যকিঃ সাত্বতাং বরঃ।
যুযুৎসুরুপযাত্যস্মান্ ক্রুদ্ধান্তকসমঃ পুরঃ ॥৮৫॥
ইতি সংবদতোরেব তয়োঃ পুরুষসিংহয়োঃ।
তে সেনে সমসজ্জেতাং গঙ্গাযমুনবদ্‌ভৃশম্ ॥৮৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কর্ণশল্যসংবাদে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতাবিতি। অশ্বিনৌ অশ্বিকুমারৌ দেবৌ ॥৮২॥

দৃশ্যন্ত ইতি। কৃষ্ণায়া দ্রৌপদ্যা অপত্যানীতি কার্ষ্ণেয়াঃ। অচলাঃ পর্ব্বতাঃ ॥৮৩॥

এত ইতি। স্ফীতা গর্ব্বোৎফুল্লাঃ, সত্যং ধ্রুবমেব জয়ন্তীতি সত্যজিতঃ ॥৮৪॥

অসাবিতি। সাত্বতাং সাত্বতবংশ্যানাম্। ক্রুদ্ধান্তকসমঃ ক্রুদ্ধযমতুল্যঃ ॥৮৫॥

ইতীতি। তয়োঃ কর্ণশল্যয়োঃ। তে কুরুপাণ্ডবীয়ে উভে সেনে, সমসজ্জেতাং মিলিতে অভবতাম্। যমুনবদিতি "ঙ্যাবোঃ স্ত্রীকৃতৌ হ্রস্বৌ ক্বচিৎ" ইতি হ্রস্বঃ ॥৮৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

পুরুষশ্রেষ্ঠ, যুদ্ধে দুর্জ্জয় এবং অশ্বিনীকুমারদ্বয়ের ন্যায় সুন্দরমূর্ত্তি এই সহোদর নকুল ও সহদেব রহিয়াছেন ॥৮২॥

এই দ্রৌপদীর পঞ্চ পুত্রকে দেখা যাইতেছে; ইহারা সকলেই যুদ্ধে অর্জ্জুনের তুল্য এবং ইহারা যুদ্ধার্থী হইয়া পঞ্চ পর্ব্বতের ন্যায় অবস্থান করিতেছেন ॥৮৩॥

গর্ব্বোৎফুল্ল, যথার্থবিজয়ী, বীর ও মহাতেজা ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি এই দ্রুপদপুত্রগণ অবস্থান করিতেছেন ॥৮৪॥

এবং ইন্দ্রের ন্যায় অসহ্যবিক্রম ও সাত্বতবংশশ্রেষ্ঠ ঐ সাত্যকি যুদ্ধার্থী হইয়া ক্রুদ্ধ যমের তুল্য আমাদের সম্মুখে আসিতেছেন' ॥৮৫॥

পুরুষশ্রেষ্ঠ কর্ণ ও শল্য এইরূপ কথোপকথন করিতেছিলেন, এমন সময়েই সেই কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্য গঙ্গা ও যমুনার ন্যায় পরস্পর গুরুতরভাবে সম্মিলিত হইল' ॥৮৬॥

(৮৩) অমী স্থিতা দ্রৌপদেয়াঃ···পি বা সো। * '···ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বঙ্গ বা সো।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা ব্যূঢ়েষ্বনীকেষু সংসক্তেষু চ সঞ্জয়!।
সংশপ্তকান্ কথং পার্থো গতঃ কর্ণশ্চ পাণ্ডবান্ ॥১॥
এতদ্বিস্তরশো যুদ্ধং প্রব্রূহি কুশলো হ্যসি।
ন হি তৃপ্যামি বীরাণাং শৃণ্বানো বিক্রমান্ রণে ॥২॥

সঞ্জয় উবাচ।

তৎ সংস্থিতমথো দৃষ্ট্বা প্রত্যমিত্রবলং মহৎ।
অব্যূহতার্জ্জুনো ব্যূহং পুত্রস্য তব দুর্নয়ে ॥৩॥
তৎ সাদিনাগকলিলং পদাতিরথসঙ্কুলম্।
ধৃষ্টদ্যুম্নমুখং ব্যূঢ়মশোভত মহদ্বলম্ ॥৪॥

ভারতকৌমুদী

তথেতি। ব্যূঢ়েষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু, সংসক্তেষু পরস্পরং মিলিতেষু ॥১॥
এতদিতি। কুশলঃ কথনে নিপুণঃ। হি যস্মাৎ। শৃণ্বানঃ শৃণ্বন্ ॥২॥
তদিতি। প্রত্যমিত্রবলম্ অভিমুখীভূতশত্রুসৈন্যম্। অব্যূহত অকরোৎ ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! উভয় সৈন্য সেইভাবে সন্নিবেশিত ও পরস্পর মিলিত হইলে, অর্জ্জুন কিভাবে সংশপ্তকগণের দিকে ধাবিত হইলেন? এবং কর্ণই বা কি প্রকারে পাণ্ডবগণের প্রতি গমন করিলেন? ॥১॥

সঞ্জয়! তুমি বলিতে বড়ই নিপুণ। সুতরাং তুমি বিস্তরক্রমে এই যুদ্ধের বিষয় বল। কারণ, আমি যুদ্ধে বীরগণের বিক্রম শুনিতে থাকিয়া তৃপ্তিলাভ করিতে পারিতেছি না' ॥২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর অর্জ্জুন বিপক্ষের বিশাল সৈন্যকে অভিমুখে থাকিতে দেখিয়া আপনার পুত্রের দুর্নীতিনিবন্ধন নিজ সৈন্যকেও ব্যূহরূপে সন্নিবেশিত করিলেন ॥৩॥

তখন হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণে পরিপূর্ণ এবং সম্মুখে ধৃষ্টদ্যুম্নসমন্বিত সেই বিশাল পাণ্ডবসৈন্য ব্যূহরূপে সন্নিবেশিত হইয়া শোভা পাইতে লাগিল ॥৪॥

(৩) তথা স্থিতমবজ্ঞায়…বর্দ্ধ বা সো। (৪)…ধৃষ্টদ্যুম্নমুখৈর্ব্যূহম্…পি,…ধৃষ্টদ্যুম্নসং ব্যূহম্…বা সো।

পারাবতসবর্ণাশ্বশ্চন্দ্রাদিত্যসমদ্যুতিঃ।
পার্ষতঃ প্রবভৌ ধন্বী কালো বিগ্রহবানিব ॥৫॥
পার্শ্বতস্ত্বভিতস্তস্থুর্দ্রৌপদেয়া যুযুৎসবঃ।
দিব্যবর্ম্মায়ুধধরাঃ শার্দ্দূলসমবিক্রমাঃ।
সানুগা দীপ্তবপুষশ্চন্দ্রং তারাগণা ইব ॥৬॥
অথ ব্যূঢ়েষ্বনীকেষু প্রেক্ষ্য সংশপ্তকান্ রণে।
ক্রুদ্ধোঽর্জ্জুনোঽভিদুদ্রাব ব্যাক্ষিপন্ গাণ্ডিবং ধনুঃ ॥৭॥
অথ সংশপ্তকাঃ পার্থমভ্যধাবন্ বধৈষিণঃ।
বিজয়ে ধৃতসঙ্কল্পা মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৮॥
তন্নরাশ্বৌঘবহুলং মত্তনাগরথাকুলম্।
পত্তিমচ্ছূরবীরৌঘং দ্রুতমর্জ্জুনমার্দ্দয়ৎ ॥৯॥

ভারতকৌমুদী

তদিতি। সাদিভিরারোহিভির্নাগৈর্গজৈশ্চ কলিলং ব্যাপ্তম্। ধৃষ্টদ্যুম্নো মুখং যস্য তৎ ॥৪॥
পারেতি। পারাবতসবর্ণা গৃহকপোতবক্র্রবর্ণা অশ্বা যস্য সঃ। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥৫॥
পার্শ্বত ইতি। অভিত উভয়তঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। সানুগা অনুচরসহিতাঃ, দীপ্তবপুষস্তেজসা, চন্দ্রমভিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
অথেতি। অভিদুদ্রাব সংশপ্তকানেবাভিদধাব, ব্যাক্ষিপন্ মুহুর্মুহুরাকর্ষন্ ॥৭॥
অথেতি। নিবর্ত্তনং নিবৃত্তিহেতুম্। এতেন সতি জীবনে কুতোঽপি ন নিবৃত্তিরিতি সূচিতম্ ॥৮॥
তদিতি। নরাশ্বৌঘো বহুলো যত্র তৎ, মত্তনাগৈর্মত্তহস্তিভিঃ রথৈশ্চাকুলং ব্যাপ্তম্,

---

চন্দ্র ও সূর্য্যের ন্যায় তেজস্বী এবং ধনুর্দ্ধারী ধৃষ্টদ্যুম্ন মূর্ত্তিমান্ কালের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ; তৎকালে তাঁহার রথে কপোতবর্ণ চারিটা অশ্ব যোজিত ছিল ॥৫॥

চন্দ্রের পার্শ্বে নক্ষত্রসমূহের ন্যায় ধৃষ্টদ্যুম্নের উভয় পার্শ্বে ব্যাঘ্রের তুল্য বিক্রমশালী, দিব্য বর্ম্ম ও অস্ত্রধারী এবং তেজোদীপ্তদেহ দ্রৌপদীর পুত্রগণ যুদ্ধার্থী হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥৬॥

তাহার পর সৈন্য সন্নিবেশিত হইলে, অর্জ্জুন রণস্থলে সংশপ্তকগণকে দেখিয়া ক্রুদ্ধ হইয়া গাণ্ডীবধনু আকর্ষণ করিতে করিতে ধাবিত হইলেন ॥৭॥

পরে সংশপ্তকেরাও অর্জ্জুনবধৈষী ও জয়াভিলাষী হইয়া মৃত্যুকে নিবৃত্তির কারণ করিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইল ॥৮॥

---

(৮)···জয়ৈষিণঃ···বর্দ্ধ।

স সম্প্রহারস্তুমুলস্তেষামাসীৎ কিরীটিনা।
তস্যৈব নঃ শ্রুতো যাদৃঙ্ নিবাতকবচৈঃ সহ ॥১০॥
রথানশ্বান্ ধ্বজান্ নাগান্ পত্তীন্ রণগতানপি।
ইষূন্ ধনূংষি খড়্গাংশ্চ চক্রাণি চ পরশ্বধান্ ॥১১॥
সায়ুধানুদ্যতান্ বাহূন্ বিবিধান্যায়ুধানি চ।
চিচ্ছেদ দ্বিষতাং পার্থঃ শিরাংসি চ সহস্রশঃ ॥১২॥ (যুগ্মকম্)
তস্মিন্ সৈন্যমহাবর্ত্তে পাতালতলসন্নিভে।
নিমগ্নং তং রথং মত্বা নেদুঃ সংশপ্তকাস্তদা ॥১৩॥
স পুরস্তাদরীন্ হত্বা পুনরুত্তরতোঽবধীৎ।
দক্ষিণেন চ পশ্চাচ্চ ক্রুদ্ধো রুদ্রঃ পশূনিব ॥১৪॥
অথ পাঞ্চালচেদীনাং সৃঞ্জয়ানাঞ্চ মারিষ !।
ত্বদীয়ৈঃ সহ সংগ্রাম আসীৎ পরমদারুণঃ ॥১৫॥

ভারতকৌমুদী

পত্তিমান্ পদাতিযুক্তঃ শূরবীরৌঘো যত্র তচ্চ, তৎ সংশপ্তকবলং কর্তৃ, ক্রুতমর্জ্জুনমার্দ্দয়ৎ। অত্র শূরাঃ পত্তিচালকাঃ, বীরাশ্চ পৃথগিতি ন পুনরুক্তিঃ ॥৯॥

স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। তস্য কিরীটিন এব, নঃ অস্মাভিঃ ॥১০॥

রথানিতি। নাগান্ গজান্। উদ্যতান্ উত্তোলিতান্ ॥১১—১২॥

তস্মিন্নিতি। সৈন্যমেব মহাবর্ত্তো বিশালজলভ্রমিস্তত্র। নেদুর্জগর্জ্জুঃ ॥১৩॥

স ইতি। পুরস্তাদগ্রতঃ। উত্তরতো বামতঃ। দক্ষিণেন দিগ্বিভাগেন ॥১৪॥

ক্রমে অশ্বারোহী, গজারোহী, রথী ও পদাতি বীর ও অন্যান্য বীরগণ দ্রুত যাইয়া অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিল ॥৯॥

তখন নিবাতকবচগণের সহিত অর্জ্জুনেরই যেরূপ যুদ্ধের কথা আমরা শুনিয়াছি, সেইরূপ তুমুল যুদ্ধই অর্জ্জুনের সহিত তাহাদের হইতে থাকিল ॥১০॥

পরে অর্জ্জুন রণস্থলগত শত্রুগণের রথ, অশ্ব, ধ্বজ, হস্তী, পদাতি, বাণ, ধনু, খড়্গ, চক্র, পরশু, অস্ত্রের সহিত উত্তোলিত বাহু, নানাবিধ অন্যান্য অস্ত্র এবং সহস্র সহস্র মস্তক ছেদন করিতে লাগিলেন ॥১১—১২॥

তখন অর্জ্জুনের রথখানা পাতালতুল্য সৈন্যসাগরমহাবর্ত্তে ডুবিয়া গিয়াছে মনে করিয়া সংশপ্তকেরা আনন্দকোলাহল করিতে থাকিল ॥১৩॥

রুদ্র যেমন পশুসংহার করেন, সেইরূপ অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া সম্মুখের শত্রু সংহার করিয়া পুনরায় বাম, দক্ষিণ ও পশ্চাদ্ভাগের শত্রু সংহার করিতে লাগিলেন ॥১৪॥

(১৩)…পাতালাবর্ত্তসন্নিভে…পি।

কৃপশ্চ কৃতবর্ম্মা চ শকুনিশ্চাপি সৌবলঃ।
হৃষ্টসেনাঃ সুসংরব্ধা রথানীকপ্রহারিণঃ ॥১৬॥
কৌশল্যৈঃ কাশিমৎস্যৈশ্চ কারূষৈঃ কেকয়ৈরপি।
শূরসেনৈঃ শূরবরৈর্যুযুধুর্যুদ্ধদুর্ম্মদাঃ ॥১৭॥ (যুগ্মকম্)
তেষামন্তকরং যুদ্ধং দেহপাপ্মাসুনাশনম্।
ক্ষত্রবিট্শূদ্রবীরাণাং ধর্ম্ম্যং স্বর্গ্যং যশস্করম্ ॥১৮॥
দুর্য্যোধনোঽথ সহিতো ভ্রাতৃভির্ভরতর্ষভ !।
গুপ্তঃ কুরুপ্রবীরৈশ্চ মদ্রাণাঞ্চ মহারথৈঃ ॥১৯॥
পাণ্ডবৈঃ সহ পাঞ্চালৈশ্চেদিভিঃ সাত্যকেন চ।
যুধ্যমানং রণে কর্ণং কুরুবীরোঽভ্যপালয়ৎ ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥১৫॥

কৃপ ইতি। হৃষ্টাঃ সেনা যেষাং তে, সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ। যুযুধুর্যুযুধিরে ॥১৬—১৭॥

তেষামিতি। পাপ্মনাশনং ধর্ম্মানুসরণাৎ অসুনাশনং প্রাণনাশকমাসীৎ। অত্র ব্রাহ্মণা দ্রোণকৃপাশ্বত্থামানঃ, ক্ষত্রিয়া যুধিষ্ঠিরাদয়ঃ, বৈশ্যা অম্বষ্ঠনামানঃ, শূদ্রাশ্চ গোপালা নারায়ণী-সেনাখ্যা ইতি চত্বার এব বর্ণা মিলিতা ইত্যালোচনীয়ম্ ॥১৮॥

দুর্য্যোধন ইতি। গুপ্তো রক্ষিতঃ। সাত্যকেন সাত্যকিনা ॥১৯—২০॥

মাননীয় রাজা! তাহার পর আপনার পক্ষের বীরগণের সহিত পাঞ্চাল, চেদি ও সৃঞ্জয়গণের অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল ॥১৫॥

ক্রমে অত্যন্তক্রুদ্ধ, রথিসৈন্যপ্রহারকারী ও যুদ্ধদুর্দ্ধর্ষ কৃপ, কৃতবর্ম্মা ও সুবলপুত্র শকুনি ইহারা পাণ্ডবপক্ষীয় কোশল, কাশী, মৎস্য, কারূষ, কেকয় ও শূরসেনদেশীয় বীরবরগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥১৬—১৭॥

তৎকালে ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রজাতীয় সেই বীরগণের সেই যুদ্ধ দেহ, পাপ ও প্রাণ নাশ করিয়া জীবনাবসান করিতে লাগিল এবং ধর্ম্ম, স্বর্গ ও যশ উৎপাদন করিতে থাকিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! এদিকে কর্ণ রণস্থলে পাণ্ডবগণ, পাঞ্চালগণ, চেদিদেশীয়গণ ও সাত্যকির সহিত যুদ্ধ করিতে লাগিলে, কুরুবীর দুর্য্যোধন ভ্রাতাদের সহিত মিলিত হইয়া সর্ব্বতোভাবে কর্ণকে রক্ষা করিতে লাগিলেন; আবার অন্যান্য কুরুবীরেরা ও মদ্রদেশীয় মহারথেরা দুর্য্যোধনকে রক্ষা করিতে থাকিলেন ॥১৯—২০॥

(১৭) কৌশল্যৈঃ কাশ্যমৎস্যৈশ্চ···সো।

কর্ণোঽপি নিশিতৈর্বাণৈর্বিনিহত্য মহাচমূম্।
প্রমৃদ্য চ রথশ্রেষ্ঠান্ যুধিষ্ঠিরমপীড়য়ৎ ॥২১॥
বিবর্ম্মায়ুধদেহাসূন্ কৃত্বা শত্রূন্ সহস্রশঃ।
যুক্ত্বা স্বর্গযশোভ্যাঞ্চ স্বেভ্যো মুদমুদাবহৎ ॥২২॥
এবং মারিষ! সংগ্রামো নরবাজিগজক্ষয়ঃ।
কুরূণাং সৃঞ্জয়ানাঞ্চ দেবাসুরসমোঽভবৎ ॥২৩॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যত্তৎ প্রবিশ্য পার্থানাং সৈন্যং কুর্বন্ জনক্ষয়ম্।
কর্ণো রাজানমভ্যর্চ্ছৎ তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২৪॥
কে চ প্রবীরাঃ পার্থানাং যুধি কর্ণমবারয়ন্।
কাংশ্চ প্রমথ্যাধিরথির্যুধিষ্ঠিরমপীড়য়ৎ ॥২৫॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। নিশিতৈঃ সুধারৈঃ। প্রমৃদ্য নিপীড্য ॥২১॥

বিবর্ম্মেতি। সহস্রশঃ শত্রূন্, বিগতা বর্ম্মাণি আয়ুধানি দেহা অসবঃ প্রাণাশ্চ যেষাং তান্ কৃত্বা, স্বর্গযশোভ্যাঞ্চ যুক্ত্বা সংযোজ্য, স্বেভ্য আত্মীয়েভ্যঃ, মুদমানন্দম্, উদাবহৎ কর্ণোঽজনয়ৎ ॥২২॥

এবমিতি। নরাণাং বাজিনাং গজানাঞ্চ ক্ষয়ো যস্মাৎ সঃ। দেবাসুরসমো দেবাসুরযুদ্ধতুল্যঃ ॥২৩॥

যদিতি। রাজানং যুধিষ্ঠিরম্, অভ্যর্চ্ছৎ অপীড়য়ৎ ॥২৪॥

ক ইতি। প্রমথ্য নিপীড্য, আধিরথিঃ কর্ণঃ ॥২৫॥

কর্ণও সুধার বাণসমূহদ্বারা পাণ্ডবগণের বিশাল সৈন্য সংহার করিয়া রথিশ্রেষ্ঠদিগকে মর্দ্দনপূর্বক যুধিষ্ঠিরকে পীড়ন করিলেন ॥২১॥

এবং তিনি সহস্র সহস্র শত্রুর বর্ম্ম, অস্ত্র, দেহ ও প্রাণ বিনাশপূর্ব্বক তাহাদিগকে স্বর্গ ও যশের সহিত সংযুক্ত করিয়া আত্মীয়গণের আনন্দ উৎপাদন করিলেন ॥২২॥

মাননীয় রাজা! সেই যুদ্ধটা এইভাবে দেবাসুরযুদ্ধের তুল্যই হইল; তাহাতে কৌরব ও সৃঞ্জয়পক্ষের বহুতর মানুষ, অশ্ব ও হস্তীর ক্ষয় হইল ॥২৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! কর্ণ পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া তাহাদের লোকক্ষয় করিতে থাকিয়া সেই যে যুধিষ্ঠিরকে পীড়ন করিলেন, তাহা তুমি বিবৃত করিয়া আমার নিকট বল ॥২৪॥

---

(২৩)···নরবাজিরথক্ষয়ঃ···বর্দ্ধ। ইতঃ পরম্ '···সপ্তচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ ক সো। (২৪)···সেনাং কুর্বন্···পি বা।

সঞ্জয় উবাচ।

ধৃষ্টদ্যুম্নমুখান্ পার্থান্ দৃষ্ট্বা কর্ণো ব্যবস্থিতান্।
সমভ্যধাবত্ত্বরিতঃ পাঞ্চালান্ শক্রকর্ষণঃ ॥২৬॥
তং তূর্ণমভিধাবন্তং পাঞ্চালা জিতকাশিনঃ।
প্রত্যুদ্‌যযুর্মহাত্মানং হংসা ইব মহার্ণবম্ ॥২৭॥
ততঃ শঙ্খসহস্রাণাং নিস্বনো হৃদয়ঙ্গমঃ।
প্রাদুরাসীদুভয়তো ভেরীশব্দশ্চ দারুণঃ ॥২৮॥
নানাবাদিত্রনাদশ্চ দ্বিপাশ্বরথনিস্বনঃ।
সিংহনাদশ্চ বীরাণামভবদ্দারুণস্তদা ॥২৯॥
সাদ্রিদ্রুমার্ণবা ভূমিঃ সবাতাম্বুদমম্বরম্।
সার্কেন্দুগ্রহনক্ষত্রা দ্যৌশ্চ ব্যক্তং বিঘূর্ণিতা ॥৩০॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। ধৃষ্টদ্যুম্নমুখান্ পাঞ্চালান্, পার্থান্ অর্জ্জুনেতরান্ পাণ্ডবাংশ্চ দৃষ্ট্বেতি সম্বন্ধঃ ॥২৬॥

তমিতি। জিতমিতি ভাবে ক্তঃ। ততশ্চ জিতেন জয়েন কাশন্ত ইতি তে ॥২৭॥

তত ইতি। হৃদয়ঙ্গমো মনোহরঃ। উভয়তঃ কুরুপাণ্ডবোভয়সৈন্যাৎ ॥২৮॥

নানেতি। নানাবাদিত্রনাদো নানাবিধবাদ্যধ্বনিঃ ॥২৯॥

সেতি। অদ্রিভিঃ পর্বতৈঃ দ্রুমৈর্বৃক্ষৈঃ অর্ণবৈঃ সমুদ্রৈশ্চ সহেতি সা, ভূমিঃ পৃথিবী, বাতেন বায়ুনা অম্বুদৈর্মেঘৈশ্চ সহেতি তৎ, অম্বরমাকাশম্, অর্কেণ সূর্য্যেণ ইন্দুনা চন্দ্রেণ গ্রহৈর্নক্ষত্রৈশ্চ সহেতি সা, দ্যৌরাকাশঞ্চ, ব্যক্তং স্পষ্টং বিঘূর্ণিতা কম্পিতেবাসীৎ, তচ্ছব্দবেগেনেতি ভাবঃ ॥৩০॥

পাণ্ডবপক্ষের কোন্ প্রধান বীরেরা যুদ্ধে কর্ণকে বারণ করিতেছিলেন? এবং কর্ণই বা কাহাদিগকে পীড়ন করিয়া যুধিষ্ঠিরকে পীড়ন করিয়াছিলেন?' ॥২৫॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! শক্রহন্তা কর্ণ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাঞ্চালগণকে এবং পাণ্ডবগণকে অবস্থিত দেখিয়া ত্বরান্বিত হইয়া তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

মহাত্মা কর্ণ বেগে অভিমুখে আসিতে লাগিলে, হংসগণ যেমন মহাসমুদ্রের দিকে গমন করে, সেইরূপ বিজয়শোভী পাঞ্চালেরা কর্ণের দিকে গমন করিতে লাগিল ॥২৭॥

তাহার পর সহস্র সহস্র শঙ্খের মনোহর শব্দ এবং ভেরীর দারুণ নিনাদ উভয় সৈন্য হইতেই আবির্ভূত হইতে থাকিল ॥২৮॥

এবং তখন নানাবিধ বাদ্যধ্বনি, হস্তী, অশ্ব ও রথের শব্দ, আর বীরগণের দারুণ সিংহনাদ হইতে লাগিল ॥২৯॥

ইতি ভূতানি তং শব্দং মেনিরে তে চ বিব্যথুঃ।
যানি চাপ্যল্পসত্ত্বানি প্রায়স্তানি মৃতানি চ ॥৩১॥
অথ কর্ণো ভৃশং ক্রুদ্ধঃ শীঘ্রমস্ত্রমুদীরয়ন্।
জঘান পাণ্ডবীং সেনামাসুরীং মঘবানিব ॥৩২॥
স পাণ্ডববলং কর্ণঃ প্রবিশ্য বিসৃজন্ শরান্।
প্রভদ্রকাণাং প্রবরানহনৎ সপ্তসপ্ততিম্ ॥৩৩॥
ততঃ সুপুঙ্খৈর্নিশিতৈ রথশ্রেষ্ঠো রথেষুভিঃ।
অবধীৎ পঞ্চবিংশত্যা পাঞ্চালান্ পঞ্চবিংশতিম্ ॥৩৪॥
সুবর্ণপুঙ্খৈর্নারাচৈঃ পরকায়বিদারণৈঃ।
চেদিকানবধীদ্বীরঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩৫॥
তং তথা সমরে কর্ম্ম কুর্বাণমতিমানুষম্।
পরিবব্রুর্মহারাজ! পাঞ্চালানাং রথব্রজাঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

ইতীতি। মেনিরে শুশ্রুবুঃ। অল্পসত্ত্বানি অল্পবলানি ভূতানি ॥৩১॥
অথেতি। উদীরয়ন্ নিক্ষিপন্। আসুরীং সেনাম্, মঘবানিন্দ্রঃ ॥৩২॥
স ইতি। বিসৃজন্ নিক্ষিপন্। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৩৩॥
তত ইতি। রথশ্রেষ্ঠো রথিপ্রধানঃ, রথেষুভিঃ রথস্থৈর্বাণৈর্ন তু তূণস্থৈঃ ॥৩৪॥
সুবর্ণেতি। সুবর্ণপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। চেদিকান্ চেদিদেশীয়ান্ ॥৩৫॥

ক্রমে পর্ব্বত, বৃক্ষ ও সমুদ্রের সহিত পৃথিবী, বায়ু ও মেঘের সহিত আকাশ এবং চন্দ্র, সূর্য্য, গ্রহ ও নক্ষত্রের সহিত গগন যেন স্পষ্টভাবে কাঁপিতে থাকিল ॥৩০॥

এইভাবে সমস্ত প্রাণী সেই শব্দ শুনিল এবং ব্যথিত হইল ; আর যাহারা দুর্ব্বল প্রাণী, তাহারা প্রায়ই মরিয়া গেল ॥৩১॥

তৎপরে কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া সত্বর অস্ত্র নিক্ষেপ করিতে থাকিয়া—ইন্দ্র যেমন অসুরসৈন্য সংহার করিতেন, সেইরূপ পাণ্ডবসৈন্য সংহার করিতে লাগিলেন ॥৩২॥

কর্ণ পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া বাণক্ষেপ করিতে থাকিয়া সাতাত্তর জন প্রধান প্রভদ্রককে বধ করিলেন ॥৩৩॥

তদনন্তর রথিশ্রেষ্ঠ কর্ণ স্বর্ণপুঙ্খ ও সুধার রথস্থিত পঁচিশটা বাণদ্বারা পঁচিশ জন পাঞ্চালসৈন্যকে বধ করিলেন ॥৩৪॥

তৎপরে মহাবীর কর্ণ স্বর্ণপুঙ্খ ও পরদেহবিদারক নারাচসমূহদ্বারা শত শত ও সহস্র সহস্র চেদিদেশীয় সৈন্য সংহার করিলেন ॥৩৫॥

(৩১)…যানি চান্যানি সত্ত্বানি…পি।

ততঃ সন্ধায় বিশিখান্ পঞ্চ ভারত! দুঃসহান্।
পাঞ্চালানবধীৎ পঞ্চ কর্ণো বৈকর্ত্তনো বৃষঃ ॥৩৭॥
ভানুদেবং চিত্রসেনং সেনাবিন্দুঞ্চ ভারত!।
তপনং শূরসেনঞ্চ পাঞ্চালানহনদ্রণে ॥৩৮॥
পাঞ্চালেষু চ শূরেষু বধ্যমানেষু সায়কৈঃ।
হাহাকারো মহানাসীৎ পাঞ্চালানাং মহাহবে ॥৩৯॥
পরিবব্রুর্ম্মহারাজ! পাঞ্চালানাং রথা দশ।
পুনরেব চ তান্ কর্ণো জঘানাশু পতত্রিভিঃ ॥৪০॥
চক্ররক্ষৌ তু কর্ণস্য পুত্রৌ মারিষ! দুর্জ্জয়ৌ।
সুষেণঃ সত্যসেনশ্চ ত্যক্ত্বা প্রাণানযুধ্যতাম্ ॥৪১॥

ভারতকৌমুদী

তমিতি। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে। রথানাং ব্রজাঃ সমূহাঃ ॥৩৬॥
তত ইতি। কবচবিকর্ত্তনেন তদ্দানাদ্বৈকর্ত্তনঃ, ধর্ম্মপরায়ণত্বাচ্চ বৃষঃ ॥৩৭॥
কে তে পঞ্চেত্যাহ ভানুমিতি। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৩৮॥
পাঞ্চালেষ্বিতি। বধ্যমানেষু কর্ণেনৈব। মহাহবে মহাযুদ্ধে ॥৩৯॥
পরীতি। আশু সত্বরমেব, পতত্রিভির্বাণৈঃ ॥৪০॥
চক্রেতি। চক্ররক্ষৌ পার্শ্বদ্বয়গতসৈন্যসমূহরক্ষকৌ। প্রাণান্ প্রাণমমতাম্ ॥৪১॥

মহারাজ! কর্ণ যুদ্ধে সেইরূপ অলৌকিক কার্য্য করিতে লাগিলে, পাঞ্চালদেশীয় রথিগণ যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৩৬॥

ভরতনন্দন! তাহার পর বৈকর্ত্তন ও বৃষ কর্ণ সুধার ও দুঃসহ পাঁচটা বাণ সন্ধান করিয়া পাঁচ জন পাঞ্চাল যোদ্ধাকে বধ করিলেন ॥৩৭॥

ভরতনন্দন! তিনি তখন যুদ্ধে পাঞ্চালদেশীয় ভানুদেব, চিত্রসেন, সেনাবিন্দু, তপন ও শূরসেনকে বধ করিয়াছিলেন ॥৩৮॥

কর্ণ বাণদ্বারা মহাযুদ্ধে সেইভাবে পাঞ্চালদেশীয় বীরগণকে বধ করিতে লাগিলে, পাঞ্চালসৈন্যমধ্যে মহাহাহাকার হইতে লাগিল ॥৩৯॥

মহারাজ! তখন পাঞ্চালসৈন্যের দশ জন রথী যাইয়া কর্ণকে পরিবেষ্টন করিলেন; পরে কর্ণ বাণদ্বারা পুনরায় তাহাদিগকেও সত্বর বধ করিলেন ॥৪০॥

মাননীয় রাজা! কর্ণের পুত্র দুর্জ্জয় সুষেণ ও সত্যসেন কর্ণের চক্ররক্ষক হইয়া প্রাণের মমতা ত্যাগ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৪১॥

---

(৪০) তেষাং সঙ্কীর্য্যমাণানাং হাহাকারকৃতা দিশঃ···পি।

পৃষ্ঠগোপ্তা তু কর্ণস্য জ্যেষ্ঠঃ পুত্রো মহারথঃ।
বৃষসেনঃ স্বয়ং কর্ণং পৃষ্ঠতঃ পর্য্যপালয়ৎ ॥৪২॥
ধৃষ্টদ্যুম্নঃ সাত্যকিশ্চ দ্রৌপদেয়া বৃকোদরঃ।
জনমেজয়ঃ শিখণ্ডী চ প্রবীরাশ্চ প্রভদ্রকাঃ ॥৪৩॥
চেদিকেকয়পাঞ্চালা যমৌ মৎস্যাশ্চ দংশিতাঃ।
সমভ্যধাবন্ রাধেয়ং জিঘাংসন্তঃ প্রহারিণম্ ॥৪৪॥ (যুগ্মকম্)
ত এনং বিবিধৈঃ শস্ত্রৈঃ শরধারাভিরেব চ।
অভ্যবর্ষন্ বিমর্দ্দন্তং প্রাবৃষীবাম্বুদা গিরিম্ ॥৪৫॥
পিতরন্তু পরীপ্সন্তঃ কর্ণপুত্রাঃ প্রহারিণঃ।
ত্বদীয়াশ্চাপরে রাজন্! বীরা বীরানবারয়ন্ ॥৪৬॥
সুষেণো ভীমসেনস্য ছিত্ত্বা ভল্লেন কার্ম্মুকম্।
নারাচৈঃ সপ্তভির্বিদ্ধ্বা হৃদি ভীমং ননাদ হ ॥৪৭॥

ভারতকৌমুদী

পৃষ্ঠেতি। পৃষ্ঠগোপ্তা পৃষ্ঠরক্ষকঃ। বৃষসেনো নাম ॥৪২॥

ধৃষ্টেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। জনমেজয়ঃ পাঞ্চাল্যঃ কশ্চিৎ। অত্রাক্ষরাধিক্য-মার্ষম্। যমৌ নকুলসহদেবৌ, দংশিতাঃ সন্নদ্ধাঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥৪৩—৪৪॥

ত ইতি। বিমর্দ্দন্তং নিপীড়য়ন্তং কর্ণম্, প্রাবৃষি বর্ষাকালে ॥৪৫॥

পিতরমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, প্রহারিণঃ প্রহারনিপুণাঃ ॥৪৬॥

সুষেণ ইতি। বিদ্ধ্বা তাড়য়িত্বা, হৃদি বক্ষসি, ভীমং ভীমসেনম্ ॥৪৭॥

কর্ণের জ্যেষ্ঠপুত্র মহারথ বৃষসেন স্বয়ং পৃষ্ঠরক্ষক হইয়া পৃষ্ঠ দিক্ হইতে কর্ণকে রক্ষা করিতে থাকিলেন ॥৪২॥

ওদিকে ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, দ্রৌপদীর পুত্রগণ, ভীমসেন, জনমেজয়, শিখণ্ডী, প্রধান বীর প্রভদ্রকগণ এবং চেদি, কেকয় ও পাঞ্চালদেশীয় যোদ্ধারা, যমজ নকুল ও সহদেব, আর যুদ্ধসজ্জায় সজ্জিত মৎস্যদেশীয় বীরেরা প্রহারকারী কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৪৩—৪৪॥

ক্রমে বর্ষাকালে মেঘ যেমন পর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ ধৃষ্টদ্যুম্ন-প্রভৃতি মর্দ্দনকারী কর্ণের উপরে নানাবিধ অস্ত্র ও শরধারা বর্ষণ করিতে লাগিলেন ॥৪৫॥

রাজা! এই সময়ে প্রহারনিপুণ কর্ণপুত্রেরা কর্ণকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া এবং আপনার পক্ষের অপর বীরেরা সেই বীরগণকে বারণ করিতে থাকিলেন ॥৪৬॥

---

(৪২)…বৃষসেনোঽস্বয়াৎ কর্ণং পৃষ্ঠতঃ পরিপালয়ন্—পি। (৪৫)…অভ্যবর্ষন্ বিকুর্ব্বন্তম্…পি।

অথান্যদ্ধনুরাদায় সুদৃঢ়ং ভীমবিক্রমঃ।
সজ্যং বৃকোদরঃ কৃত্বা সুষেণস্যাচ্ছিনদ্ধনুঃ ॥৪৮॥
বিব্যাধ চৈনং দশভিঃ ক্রুদ্ধো নৃত্যন্নিবেষুভিঃ।
কর্ণঞ্চ তূর্ণং বিব্যাধ সপ্তত্যা নিশিতৈঃ শরৈঃ ॥৪৯॥
ভানুসেনঞ্চ দশভিঃ সাশ্বসূতরথধ্বজম্।
পশ্যতাং সুহৃদাং মধ্যে কর্ণপুত্রমপাতয়ৎ ॥৫০॥
ক্ষুরপ্রণুন্নং তত্তস্য শিরশ্চন্দ্রনিভাননম্।
শুভদর্শনমেবাসীন্নালভ্রষ্টমিবাম্বুজম্ ॥৫১॥
হত্বা কর্ণসুতং ভীমস্তাবকান্ পুনরার্দ্দয়ৎ।
কৃপহার্দ্দিক্যয়োশ্ছিত্ত্বা চাপৌ তাবপ্যথার্দ্দয়ৎ ॥৫২॥

ভারতকৌমুদী

অথেতি। ভীমো ভীষণো বিক্রমো যস্য সঃ। সজ্যমারোপিতগুণম্ ॥৪৮॥

বিব্যাধেতি। ক্রুদ্ধো বৃকোদর ইত্যনুবৃত্তিঃ ॥৪৯॥

ভান্বিতি। ভানুসেনং নাম। অশ্বৈঃ সূতেন সারথিনা রথেন ধ্বজেন চ সহেতি তম্ ॥৫০॥

ক্ষুরেতি। ক্ষুরেণ ক্ষুরপ্রান্তেন বাণেন, প্রণুন্নং ছিত্ত্বা নিপাতিতম্ ॥৫১॥

হত্বেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা, চাপৌ ধনুষী ॥৫২॥

ক্রমে কর্ণের পুত্র সুষেণ একটা ভল্লদ্বারা ভীমসেনের ধনু ছেদনপূর্ব্বক সাতটা নারাচদ্বারা তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪৭॥

তাহার পর ভয়ঙ্করবিক্রমশালী ভীমসেন অন্য সুদৃঢ় ধনু লইয়া তাহাতে গুণ আরোপণ করিয়া সুষেণের ধনু ছেদন করিলেন ॥৪৮॥

তৎপরে ভীমসেন ক্রুদ্ধ হইয়া যেন নৃত্য করিতে থাকিয়া দশটা বাণদ্বারা সুষেণকে বিদ্ধ করিলেন এবং সত্তরটা সুধার বাণে কর্ণকেও তাড়ন করিলেন ॥৪৯॥

পরে তিনি দশটা বাণদ্বারা নিরীক্ষমাণ বন্ধুগণের মধ্যে অশ্ব, সারথি, রথ ও ধ্বজের সহিত কর্ণের পুত্র ভানুসেনকে নিপাতিত করিলেন ॥৫০॥

ক্ষুরপ্রচ্ছিন্ন চন্দ্রতুল্যমুখযুক্ত ভানুসেনের সেই মস্তকটী নালচ্যুত পদ্মের ন্যায় সুন্দরদর্শনই ছিল ॥৫১॥

রাজা! ভীমসেন কর্ণের পুত্রকে বধ করিয়া পুনরায় আপনার সৈন্যগণকে তাড়ন করিলেন এবং পরে তিনি কৃপ ও কৃতবর্ম্মার ধনু ছেদন করিয়া তাহাদিগকেও পীড়ন করিলেন ॥৫২॥

(৪৮)···সুদৃঢ়ং ভীমবিক্রমম্···পি। (৪৯)···নৃত্যন্নিবাহবে···ত্রিসপ্তত্যা শিতৈঃ শরৈঃ—পি বা।

দুঃশাসনং ত্রিভির্বিদ্ধা শকুনিং ষড়্ভিরায়সৈঃ।
উলূকঞ্চ পতত্রিঞ্চ চকার বিরথাবুভৌ ॥৫৩॥
হা সুষেণ! হতোঽসীতি ব্রুবন্নাদত্ত সায়কম্।
তমস্য কর্ণশ্চিচ্ছেদ ত্রিভিশ্চৈনমতাড়য়ৎ ॥৫৪॥
অথান্যং পরিজগ্রাহ সুপর্বাণং সুতেজনম্।
সুষেণায়াসৃজদ্ভীমস্তমপ্যস্যাচ্ছিনদ্বৃষঃ ॥৫৫॥
পুনঃ কর্ণস্ত্রিসপ্তত্যা ভীমসেনমথেষুভিঃ।
পুত্রং পরীপ্সন্ বিব্যাধ ক্রূরং ক্রূরৈর্জিঘাংসয়া ॥৫৬॥
সুষেণস্তু ধনুর্গৃহ্য ভারসাধনমুত্তমম্।
নকুলং পঞ্চভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৫৭॥
নকুলস্তস্তু বিংশত্যা বিদ্ধা ভারসহৈর্দৃঢ়ৈঃ।
ননাদ বলবন্নাদং কর্ণস্য ভয়মাদধৎ ॥৫৮॥

ভারতকৌমুদী

দুরিতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। পতত্রিং নাম কঞ্চিদ্বীরম্ ॥৫৩॥

হেতি। আদত্ত অগৃহ্ণাৎ ভীম ইত্যর্থঃ। ত্রিভিঃ সায়কৈঃ, এনং ভীমম্ ॥৫৪॥

অথেতি। শোভনং পর্ব্ব ফলকসংযোগস্থলং যস্য তং বাণম্। বৃষঃ কর্ণঃ ॥৫৫॥

পুনরিতি। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্, ক্রূরং কঠিনম্, ক্রূরৈর্দৃঢ়ৈঃ ॥৫৬॥

সুষেণ ইতি। গৃহ্য গৃহীত্বা, ভারসাধনং দৃঢ়ম্। উরসি বক্ষসি, আর্পয়দপীড়য়ৎ। ভীমেন সহ কর্ণো মিলিত ইতি দৃষ্ট্বা নকুলমার্পয়দতো ন সুষেণস্য ভীরুতেতি দ্রষ্টব্যম্ ॥৫৭॥

ক্রমে ভীমসেন তিন বাণে দুঃশাসনকে এবং ছয়টা লৌহময় বাণে শকুনিকে বিদ্ধ করিয়া উলূক ও পতত্রি দুই জনকেই রথবিহীন করিলেন ॥৫৩॥

'হা সুষেণ! তুই নিহত হইলি' এই কথা বলিতে বলিতে ভীমসেন একটা বাণ লইলেন; কর্ণ তাঁহার সেই বাণটা ছেদন করিলেন এবং তিনটা বাণে ভীমসেনকে তাড়ন করিলেন ॥৫৪॥

তদনন্তর ভীমসেন সুপর্ব্ব ও বিশেষ উজ্জ্বল অন্য একটা বাণ গ্রহণ করিলেন এবং তাহা সুষেণের প্রতি নিক্ষেপ করিলেন; তখন কর্ণ ভীমের সে বাণটাকেও ছেদন করিলেন ॥৫৫॥

কর্ণ পুত্র সুষেণকে রক্ষা করিবার জন্য ভীমকে বধ করিবার ইচ্ছায় তিয়াত্তরটা দৃঢ় বাণদ্বারা পুনরায় কঠিনস্বভাব ভীমকে বিদ্ধ করিলেন ॥৫৬॥

ওদিকে সুষেণ দৃঢ় ও উত্তম ধনু গ্রহণ করিয়া পাঁচটা বাণদ্বারা নকুলের বাহুযুগল ও বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥৫৭॥

তং সুষেণো মহারাজ! বিদ্ধা দশভিরাশুগৈঃ।
চিচ্ছেদ চ ধনুঃ শীঘ্রং ক্ষুরপ্রেণ মহারথঃ ॥৫৯॥
অথান্যদ্ধনুরাদায় নকুলঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
সুষেণং নবভির্বাণৈর্বারয়ামাস সংযুগে ॥৬০॥
স তু বাণৈর্দিশো রাজন্! আচ্ছাদ্য পরবীরহা।
আজঘ্নে সারথিঞ্চাস্য সুষেণঞ্চ ততস্ত্রিভিঃ।
চিচ্ছেদ চাস্য সুদৃঢ়ং ধনুর্ভল্লৈস্ত্রিভিস্ত্রিধা ॥৬১॥
অথান্যদ্ধনুরাদায় সুষেণঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অবিধ্যন্নকুলং ষষ্ট্যা সহদেবঞ্চ সপ্তভিঃ ॥৬২॥
তদ্‌যুদ্ধং সুমহদ্‌ঘোরমাসীদ্দেবাসুরোপমম্।
নিঘ্নতাং সায়কৈস্তূর্ণমন্যোন্যস্য বধং প্রতি ॥৬৩॥

ভারতকৌমুদী

নকুল ইতি। দৃঢ়ৈর্বাণৈঃ। ননাদ চকার, বলবন্মহান্তম্। আদধৎ জনয়ন্ ॥৫৮॥
তমিতি। আশুগৈর্বাণৈঃ। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥৫৯॥
অথেতি। ক্রোধেন মূর্চ্ছিতঃ অচেতনপ্রায়ঃ। বারয়ামাস অগ্রগমনে ॥৬০॥
স ইতি। স নকুলঃ। অস্য সুষেণস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬১॥
অথেতি। ষষ্ট্যা সপ্তভিশ্চ বাণৈরিতি শেষঃ ॥৬২॥
তদিতি। দেবাসুরোপমং দেবাসুরযুদ্ধতুল্যম্। নিঘ্নতাং নকুলসহদেবসুষেণানাম্ ॥৬৩॥

তখন নকুল দৃঢ় ও সুধার কুড়িটা বাণে সুষেণকে বিদ্ধ করিয়া কর্ণের ভয় উৎপাদন করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥৫৮॥

মহারাজ! পরে মহারথ সুষেণ দশটা বাণদ্বারা নকুলকে তাড়ন করিয়া একটা ক্ষুরপ্রদ্বারা সত্বর নকুলের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৫৯॥

তদনন্তর নকুল ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া নয়টা বাণে সুষেণকে পীড়ন করিলেন ॥৬০॥

রাজা! তৎপরে বিপক্ষবীরহন্তা নকুল বাণে বাণে সকল দিক্ আবৃত করিয়া তিনটা বাণে সুষেণ ও তাঁহার সারথিকে আঘাত করিলেন এবং তিনটা ভল্লদ্বারা সুষেণের দৃঢ় ধনুখানাকে তিন খণ্ডে ছেদন করিলেন ॥৬১॥

তাহার পর সুষেণ ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া ষাটটা বাণে নকুলকে এবং সাতটা বাণে সহদেবকে বিদ্ধ করিলেন ॥৬২॥

তখন নকুল, সহদেব ও সুষেণ পরস্পরের বধের প্রতি লক্ষ্য রাখিয়া বাণদ্বারা

সাত্যকির্ব্বৃষসেনস্য সূতং হত্বা ত্রিভিঃ শরৈঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন জঘানাশ্বাংশ্চ সপ্তভিঃ ॥৬৪॥
ধ্বজমেকেষুণোন্মথ্য ত্রিভিস্তং হৃদ্যতাড়য়ৎ।
অথাবসন্নঃ স রথে মুহূর্ত্তাৎ পুনরুত্থিতঃ ॥৬৫॥
স রণে যুযুধানেন বিসূতাশ্বরথধ্বজঃ।
কৃতো জিঘাংসুঃ শৈনেয়ং খড়্গচর্ম্মভৃদভ্যয়াৎ ॥৬৬॥
তস্য চাপ্লবতঃ শীঘ্রং বৃষসেনস্য সাত্যকিঃ।
বরাহকর্ণৈর্দশভিরবিধ্যদসিচর্ম্মণী ॥৬৭॥
দুঃশাসনস্তু তং দৃষ্ট্বা বিরথং ব্যায়ুধং কৃতম্।
আরোপ্য স্বরথং তূর্ণমপোবাহ রথান্তরম্ ॥৬৮॥

ভারতকৌমুদী

অথ সাত্যকিবৃষসেনয়োর্যুদ্ধমাহ সাত্যকিরিতি। সূতং সারথিম্ ॥৬৪॥
ধ্বজমিতি। উন্মথ্য ছিত্বা। অতাড়য়ৎ সাত্যকিঃ। অবসন্নঃ পতিতঃ, স বৃষসেনঃ ॥৬৫॥
স ইতি। যুযুধানেন সাত্যকিনা। শৈনেয়ং সাত্যকিম্ ॥৬৬॥
তস্যেতি। আপ্লবতো লম্ফনেন গচ্ছতঃ। বরাহকর্ণৈর্বাণৈঃ, অবিধ্যৎ বিদ্ধাপাতয়ৎ ॥৬৭॥
দুরিতি। ব্যায়ুধং নিরস্ত্রম্। অপোবাহ নিনায় ॥৬৮॥

সত্বর সত্বর আঘাত করিতে লাগিলে, তাঁহাদের সেই ভীষণ মহাযুদ্ধ দেবাসুরযুদ্ধের তুল্যই হইতে লাগিল ॥৬৩॥

ওদিকে সাত্যকি তিন বাণে বৃষসেনের সারথিকে বধ করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন এবং সাতটা বাণে চারিটা অশ্বকে বধ করিলেন ॥৬৪॥

এবং সাত্যকি এক বাণে বৃষসেনের ধ্বজ ছেদন করিয়া তিন বাণে তাঁহার বক্ষঃস্থলে আঘাত করিলেন। পরে বৃষসেন পতিত হইয়া মুহূর্ত্তমধ্যেই আবার উত্থিত হইলেন ॥৬৫॥

সাত্যকি বৃষসেনের সারথি, অশ্ব, রথ ও ধ্বজ বিনষ্ট করিলে, বৃষসেন সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া খড়্গ ও চর্ম্ম লইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৬৬॥

বৃষসেন লাফাইয়া লাফাইয়া সত্বর আসিতে লাগিলে, সাত্যকি দশটা বরাহকর্ণ বাণদ্বারা তাঁহার অসি ও চর্ম্ম বিদ্ধ করিয়া পাতিত করিলেন ॥৬৭॥

সাত্যকি বৃষসেনকে রথবিহীন ও নিরস্ত্র করিয়াছেন দেখিয়া দুঃশাসন সত্বর যাইয়া বৃষসেনকে আপন রথে তুলিয়া লইয়া পরে অন্য রথে তুলিয়া দিলেন ॥৬৮॥

(৬৬)···খড়্গাচর্ম্মধৃগভ্যয়াৎ—বর্দ্ধ বা সো। (৬৮)···রণান্তরম্—পি।

অথান্যং রথমাস্থায় বৃষসেনো মহারথঃ।
দ্রৌপদেয়াংস্ত্রিসপ্তত্যা যুযুধানঞ্চ পঞ্চভিঃ ॥৬৯॥
ভীমসেনং চতুঃষষ্ট্যা সহদেবঞ্চ পঞ্চভিঃ।
নকুলং ত্রিংশতা বাণৈঃ শতানীকঞ্চ সপ্তভিঃ ॥৭০॥
শিখণ্ডিনঞ্চ দশভির্ধর্ম্মরাজং শতেন চ।
এতাংশ্চান্যাংশ্চ রাজেন্দ্র! প্রবীরান্ জয়গৃদ্ধিনঃ ॥৭১॥
অভ্যর্দ্দয়ন্মহেষ্বাসঃ কর্ণপুত্রো বিশাংপতে!।
কর্ণস্য যুধি দুর্দ্ধর্ষস্ততঃ পৃষ্ঠমপালয়ৎ ॥৭২॥ (কলাপকম্)
দুঃশাসনঞ্চ শৈনেয়ো নবৈর্নবভিরায়সৈঃ।
বিসূতাশ্বরথং কৃত্বা ললাটে ত্রিভিরার্পয়ৎ ॥৭৩॥
স ত্বন্যং রথমাস্থায় বিধিবৎ কল্পিতং পুনঃ।
যুযুধে পাণ্ডবৈঃ সার্দ্ধং কর্ণস্যাপ্যায়য়ন্ বলম্ ॥৭৪॥
ধৃষ্টদ্যুম্নস্ততঃ কর্ণমবিধ্যদ্দশভিঃ শরৈঃ।
দ্রৌপদেয়াস্ত্রিসপ্তত্যা যুযুধানস্তু সপ্তভিঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

অথেতি। আস্থায় আরুহ্য। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, যুযুধানং সাত্যকিম্। শতানীকং দ্রৌপদীপুত্রেতরম্। জয়গৃদ্ধিনো জয়েষিণঃ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৬৯—৭২॥
দুরিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। আর্পয়দপীড়য়ৎ ॥৭৩॥
স ইতি। কল্পিতং সজ্জিতম্। আপ্যায়য়ন্ স্বযোগেন বর্দ্ধয়ন্ ॥৭৪॥
ধৃষ্টেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, যুযুধানঃ সাত্যকিঃ ॥৭৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর মহারথ বৃষসেন অন্য রথে আরোহণ করিয়া তিয়াত্তর বাণে দ্রৌপদীর পুত্রগণকে, পাঁচ বাণে সাত্যকিকে, চৌষট্টি বাণে ভীমসেনকে, পাঁচ বাণে সহদেবকে, ত্রিশ বাণে নকুলকে, সাত বাণে শতানীককে, দশ বাণে শিখণ্ডীকে এবং একশত বাণে যুধিষ্ঠিরকে, আরও অন্যান্য জয়াভিলাষী প্রধান বীরগণকে পীড়ন করিলেন। নরনাথ! তৎপরে মহাধনুর্দ্ধর ও যুদ্ধদুর্দ্ধর্ষ কর্ণপুত্র বৃষসেন কর্ণের পৃষ্ঠরক্ষা করিতে লাগিলেন ॥৬৯—৭২॥

ওদিকে সাত্যকি নূতন ও লৌহময় নয়টা বাণদ্বারা দুঃশাসনের রথ, অশ্ব ও সারথিকে বিনষ্ট করিয়া তিনটা বাণদ্বারা তাঁহার ললাটে পীড়ন করিলেন ॥৭৩॥

কিন্তু দুঃশাসন পুনরায় যথাবিধানে সজ্জিত অন্য রথে আরোহণ করিয়া কর্ণের বল বৃদ্ধি করিতে থাকিয়া পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৭৪॥

(৭৩)···বাণৈর্নবভিরায়সৈঃ···পি,···বিদ্ধা নবভিরায়সৈঃ···বা।

ভীমসেনশ্চতুঃষষ্ট্যা সহদেবশ্চ সপ্তভিঃ।
নকুলস্ত্রিংশতা বাণৈঃ শতানীকশ্চ সপ্তভিঃ।
শিখণ্ডী দশভির্বীরো যুধিষ্ঠিরঃ শতেন চ ॥৭৬॥
এতে চান্যে চ রাজেন্দ্র! প্রবীরা জয়গৃদ্ধিনঃ।
অভ্যর্দ্দয়ন্ মহেষ্বাসং সূতপুত্রং মহামৃধে ॥৭৭॥ (যুগ্মকম্)
তান্ সূতপুত্রো বিশিখৈর্দশভির্দশভিঃ শরৈঃ।
রথে চারু চরন্ বীরঃ প্রত্যবিধ্যদরিন্দমঃ ॥৭৮॥
তত্রাস্ত্রবীর্য্যং কর্ণস্য লাঘবঞ্চ মহাত্মনঃ।
অপশ্যাম মহারাজ! তদদ্ভুতমিবাভবৎ ॥৭৯॥
ন হ্যাদদানং দদৃশুঃ সন্দধানঞ্চ সায়কান্।
বিমুঞ্চন্তঞ্চ সংরম্ভাদ্দদৃশুস্তে হতানরীন্ ॥৮০॥

ভারতকৌমুদী

ভীমেতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৭৬—৭৭॥

তানিতি। বিশিখৈঃ শিখাশূন্যৈরর্দ্ধচন্দ্রাকৃতিফলকৈরিত্যপুনরুক্তিঃ ॥৭৮॥

তত্রেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। তদ্ভুতয়ম্ ॥৭৯॥

নেতি। হি যস্মাৎ। বিমুঞ্চন্তং নিক্ষিপন্তম্, সংরম্ভাৎ ক্রোধাৎ, তে তত্রত্যা জনাঃ ॥৮০॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন দশ বাণে, দ্রৌপদীর পুত্রেরা তিয়াত্তর বাণে এবং সাত্যকি সাত বাণে কর্ণকে বিদ্ধ করিলেন ॥৭৫॥

রাজশ্রেষ্ঠ! ভীমসেন চৌষট্টিটা, সহদেব সাতটা, নকুল ত্রিশটা, শতানীক সাতটা, বীর শিখণ্ডী দশটা এবং যুধিষ্ঠির একশত বাণে, আর জয়াভিলাষী অন্যান্য বীরেরাও উপযুক্ত অস্ত্রদ্বারা সেই মহাযুদ্ধে মহাধনুর্দ্ধর কর্ণকে পীড়ন করিলেন ॥৭৬—৭৭॥

তখন মহাবীর শত্রুদমন কর্ণও রথে সুন্দর বিচরণ করিতে থাকিয়া শিখাশূন্য দশ দশটা বাণে তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥৭৮॥

মহারাজ! সেই সময়ে আমরা মহাত্মা কর্ণের অস্ত্রশক্তি ও দ্রুতাস্ত্রক্ষেপের যোগ্যতা দেখিতে লাগিলাম এবং তাহা যেন অদ্ভুত বলিয়া মনে করিতে থাকিলাম ॥৭৯॥

কারণ, তৎকালে তত্রত্য লোকেরা ক্রুদ্ধ কর্ণের বাণগ্রহণ, বাণসন্ধান ও বাণক্ষেপ ইহার কোনটাই দেখিতে পাইল না; তাহারা কেবল ইহাই দেখিতে লাগিল যে, শত্রু নিহত হইতেছে ॥৮০॥

(৭৮)…রথেনাম্নচরন্…বর্দ্ধ বা সো।

দ্যৌর্বিয়দ্ভূর্দিশশ্চৈব প্রপূর্ণা নিশিতৈঃ শরৈঃ।
অরুণাভ্রাবৃতাকারং তস্মিন্ দেশে বভৌ বিয়ৎ ॥৮১॥
নৃত্যন্নিব হি রাধেয়শ্চাপহস্তঃ প্রতাপবান্।
যৈর্বিদ্ধঃ প্রত্যবিধ্যত্তানেকৈকং ত্রিগুণৈঃ শরৈঃ ॥৮২॥
দশভির্দশভিশ্চৈনান্ পুনর্বিদ্ধা ননাদ চ।
সাশ্বসূতরথচ্ছত্রাংস্ততস্তে বিবরং দদুঃ ॥৮৩॥
তান্ প্রমৃদ্য মহেষ্বাসান্ রাধেয়ঃ শরবৃষ্টিভিঃ।
রাজানীকমসংবাধং প্রাবিশচ্ছত্রুকর্ষণঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

দ্যৌরিতি। দ্যৌরূর্দ্ধং গগনম্, বিয়চ্চাধো গগনম্। শরৈঃ কর্ণস্যৈব। অরুণৈরভ্রৈর্মেঘৈরাবৃত আকারো যস্য তৎ, শরাণাং প্রভাতরবেররুণকিরণসম্পর্কাদিতি ভাবঃ ॥৮১॥

নৃত্যন্নিতি। রাধেয়ঃ কর্ণঃ। যৈর্বিপক্ষৈর্বিদ্ধস্তাড়িতঃ ॥৮২॥

দশভিরিতি। বিবরং কর্ণস্য প্রবেশাবকাশম্, দদুস্তৎকৃতপ্রহারাসহত্বাদিতি ভাবঃ ॥৮৩॥

তানিতি। প্রমৃদ্য নিপীড্য। রাজানীকং যুধিষ্ঠিরসৈন্যম্ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

তপেতি ॥১—১৭॥ ক্ষত্রবিট্শূদ্রবীরাণামিত্যনেন ব্রাহ্মণাদৃতে যুদ্ধং সর্ব্বেষাং শ্রেয়স্করমিত্যর্থঃ ॥১৮—২১॥ যুক্তাঃ যোজয়িত্বা ॥২২—২৩॥ অভ্যেত্য যদকরোত্তন্মমাচক্ষ্বেত্যন্বয়ঃ ॥২৪—৪৪॥ বিমর্দ্দস্তং বিমৃদ্নন্তম্ ॥৪৫—৮২॥ বিবরমন্তরং দদুঃ প্রস্থতা ইত্যর্থঃ ॥৮৩—৮৯॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৬॥

কর্ণের সুধার বাণে উপরের ও নীচের আকাশ, ভূমি এবং সকল দিক্ পূর্ণ হইয়া গেল, আর সেই স্থানের আকাশ যেন অরুণবর্ণ মেঘে আবৃত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৮১॥

যাঁহারা কর্ণকে বিদ্ধ করিয়াছিলেন, কার্ম্মুকহস্ত প্রতাপশালী কর্ণ যেন নৃত্য করিতে থাকিয়া তিনগুণ বাণে তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিতে থাকিলেন ॥৮২॥

ক্রমে কর্ণ পুনরায় দশ দশটা বাণে অশ্ব, সারথি, রথ ও ছত্রের সহিত তাঁহাদিগকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন; পরে তাঁহারা কর্ণকে প্রবেশ করিবার অবকাশ দিলেন ॥৮৩॥

তখন শত্রুহন্তা কর্ণ বাণবৃষ্টিদ্বারা সেই মহাধনুর্দ্ধরদিগকে পীড়ন করিয়া অবাধে যুধিষ্ঠিরের সৈন্যের মধ্যে প্রবেশ করিলেন ॥৮৪॥

(৮৩) শতৈশ্চ দশভিশ্চান্যান্···পি। (৮৪)···রাজানীকমসংবাধম্···পি বা সো।

স রথাংস্ত্রিংশতং হত্বা চেদীনামনিবর্ত্তিনাম্।
রাধেয়ো নিশিতৈর্বাণৈস্ততোঽভ্যাগাদ্যুধিষ্ঠিরম্ ॥৮৫॥
ততস্তে পাণ্ডবা রাজন্! শিখণ্ডী চ সসাত্যকিঃ।
রাধেয়াৎ পরিরক্ষন্তো রাজানং পর্য্যবারয়ন্ ॥৮৬॥
তথৈব তাবকাঃ সর্বে কর্ণং দুর্বারণং রণে।
যত্তাঃ শূরা মহেষ্বাসাঃ পর্য্যরক্ষন্ত সর্ব্বশঃ ॥৮৭॥
নানাবাদিত্রঘোষাশ্চ প্রাদুরাসন্ বিশাংপতে!।
সিংহনাদশ্চ সংজজ্ঞে শূরাণামভিগর্জ্জতাম্ ॥৮৮॥
ততঃ পুনঃ সমাজগ্মুরভীতাঃ কুরুপাণ্ডবাঃ।
যুধিষ্ঠিরমুখাঃ পার্থাঃ সূতপুত্রমুখা বয়ম্ ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। চেদীনাং তন্নিবারণায়াগতানাং চেদিদেশীয়সৈন্যানাম্ ॥৮৫॥

তত ইতি। রাজানং যুধিষ্ঠিরম্, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৮৬॥

তথেতি। দুর্ব্বারণং মহাবিক্রমত্বাৎ। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ ॥৮৭॥

নানেতি। সংজজ্ঞে সঞ্জাতঃ ॥৮৮॥

তত ইতি। সমাজগ্মুঃ পরস্পরং সম্মিলিতা বভূবুঃ। সূতপুত্রমুখাঃ কর্ণাদয়ঃ ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

এই সময়ে কর্ণ সুধার বাণদ্বারা অনিবর্ত্তী চেদিসৈন্যের মধ্যে ত্রিশ জন রথীকে বধ করিয়া পরে যুধিষ্ঠিরের দিকে গমন করিলেন ॥৮৫॥

রাজা! তাহার পর সেই পাণ্ডবেরা এবং শিখণ্ডী ও সাত্যকি কর্ণের হাত হইতে যুধিষ্ঠিরকে রক্ষা করিবার জন্য তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৮৬॥

মহারাজ! সেইরূপই আপনার পক্ষের মহাধনুর্দ্ধর বীরেরা সকলেও যত্নবান্ হইয়া যুদ্ধদুর্দ্ধর্ষ কর্ণকে সকল দিক্ হইতে রক্ষা করিতে লাগিলেন ॥৮৭॥

নরনাথ! তৎকালে নানাবিধবাদ্যধ্বনি ও গর্জনকারী বীরগণের সিংহনাদ হইতে লাগিল ॥৮৮॥

---

(৮৫)···ততোঽভ্যর্চ্ছদ্ যুধিষ্ঠিরম্—বর্দ্ধ বা সো। * '···অষ্টচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বিদার্য্য কর্ণস্তাং সেনাং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ।
রথহস্ত্যশ্বপত্তীনাং সহস্রৈঃ পরিবারিতঃ ॥১॥
নানায়ুধসহস্রাণি প্রেরিতান্যরিভির্বৃষঃ।
ছিত্ত্বা বাণশতৈরুগ্রৈস্তানবিধ্যদসংভ্রমাৎ ॥২॥
নিচকর্ত্ত শিরাংস্যেষাং বাহূনূরূংশ্চ সূতজঃ।
তে হতা বসুধাং পেতুর্ভগ্নাশ্চান্যে বিদুদ্রুবুঃ ॥৩॥
দ্রবিড়ান্ধ্রনিষাদাশ্চ পুনঃ সাত্যকিচোদিতাঃ।
অভ্যদ্রবন্ জিঘাংসন্তঃ পত্তয়ঃ কর্ণমাহবে ॥৪॥

ভারতকৌমুদী

বিদার্য্যেতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥১॥
নানেতি। প্রেরিতানি ক্ষিপ্তানি, বৃষঃ কর্ণঃ। অসংভ্রমাৎ ধীরভাবাদেব ॥২॥
নীতি। নিচকর্ত্ত চিচ্ছেদ। ভগ্নাঃ সংঘাদ্বিশ্লিষ্টাঃ সন্তঃ, বিদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রুঃ ॥৩॥
দ্রবিড়েতি। সাত্যকিনা চোদিতাঃ প্রণোদিতাঃ। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥৪॥

তাহার পর পুনরায় কৌরব ও পাণ্ডবেরা নির্ভয়চিত্তে পরস্পর মিলিত হইলেন; যুধিষ্ঠিরকে অগ্রবর্ত্তী করিয়া পাণ্ডবেরা এবং কর্ণকে সম্মুখবর্ত্তী করিয়া আমরা মিলিত হইয়াছিলাম' ॥৮৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ—হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহে পরিবেষ্টিত হইয়া পাণ্ডবসৈন্য বিদীর্ণ করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥১॥

এই সময়ে শত্রুরা নানাবিধ অস্ত্রসমূহ নিক্ষেপ করিতে লাগিলে, কর্ণ ধৈর্য্য-সহকারে সেগুলিকে ছেদন করিয়া ভীষণ বাণসমূহে তাহাদিগকে বিদ্ধ করিতে লাগিলেন ॥২॥

কর্ণ শত্রুগণের মস্তক, বাহু ও উরু ছেদন করিতে লাগিলে, তাহারা নিহত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং অন্য অনেকে সংঘচ্যুত হইয়া পলায়ন করিতে থাকিল ॥৩॥

(১)…ধর্ম্মরাজমথাদ্রবৎ…পি। (৪)…অভ্যর্দ্দয়ন্ জিঘাংসন্তঃ…পি।

তে বিবাহুশিরস্ত্রাণাঃ প্রহতাঃ কর্ণসায়কৈঃ।
পেতুঃ পৃথিব্যাং যুগপচ্ছিন্নং শালবনং যথা ॥৫॥
এবং যোধশতান্যাজৌ সহস্রাণ্যযুতানি চ।
হতানীয়ুর্মহীং দেহৈর্যশসাপূর্য্য রোদসী ॥৬॥
অথ বৈকর্ত্তনং কর্ণং রণে ক্রুদ্ধমিবান্তকম্।
রুরুধুঃ পাণ্ডুপাঞ্চালা ব্যাধিং মন্ত্রৌষধৈরিব ॥৭॥
স তান্ প্রমৃদ্যাভ্যপতৎ পুনরেব যুধিষ্ঠিরম্।
মন্ত্রৌষধিক্রিয়াতীতো ব্যাধিরত্যুল্বণো যথা ॥৮॥
স রাজগৃদ্ধিভী রুদ্ধঃ পাণ্ডুপাঞ্চালকেকয়ৈঃ।
নাশকত্তানতিক্রান্তুং মৃত্যুর্ব্রহ্মবিদো যথা ॥৯॥

ভারতকৌমুদী

ত ইতি। বিগতানি বাহুশিরস্ত্রাণানি যেষাং তে। যুগপদেকদা ॥৫॥
এবমিতি। ঈয়ুর্জগ্মুঃ পেতুরিত্যর্থঃ। রোদসী স্বর্গমর্ত্ত্যৌ ॥৬॥
অথেতি। দেহাদ্বিকৃত্য ইন্দ্রায় কবচদানাদ্বৈকর্ত্তনো নাম কর্ণ এব তম্ ॥৭॥
স ইতি। প্রমৃদ্য নিপীড্য। অত্যুল্বণঃ অতীবপ্রবলঃ ॥৮॥
স ইতি। রাজগৃদ্ধিভির্যুধিষ্ঠিররক্ষাভিলাষিভিঃ। ব্রহ্মবিদো ব্রহ্মজ্ঞান্, "ন তস্য প্রাণা উৎক্রামন্তীহৈব সমবলীয়ন্তে" ইতি শ্রুতের্মৃত্যোরভাবেনাত্রৈব ব্রহ্মণি লয়লাভাদিতি ভাবঃ ॥৯॥

তখন সাত্যকির প্রেরণায় দ্রবিড়, অন্ধ্র ও নিষাদদেশীয় পদাতিরা কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে পুনরায় তাঁহার দিকে ধাবিত হইল ॥৪॥

ক্রমে তাহারা কর্ণের বাণে আহত এবং বাহু ও শিরস্ত্রাণশূন্য হইয়া ছিন্ন শালবনের ন্যায় একদাই ভূতলে পতিত হইল ॥৫॥

এইভাবে সহস্র সহস্র ও অযুত অযুত যোদ্ধা যুদ্ধে নিহত হইয়া যশে স্বর্গ ও মর্ত্ত্য পূর্ণ করিয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৬॥

তাহার পর চিকিৎসকেরা যেমন মন্ত্র ও ঔষধদ্বারা রোগ নিরুদ্ধ করেন, সেইরূপ পাণ্ডব ও পাঞ্চালেরা যমের ন্যায় ক্রুদ্ধ বৈকর্ত্তন কর্ণকে নিরুদ্ধ করিলেন ॥৭॥

অত্যন্তপ্রবল রোগ যেমন মন্ত্র ও ঔষধের ক্রিয়া অতিক্রম করিয়া অগ্রসর হয়, সেইরূপ কর্ণ পাণ্ডবপ্রভৃতিকে পীড়নপূর্ব্বক অতিক্রম করিয়া পুনরায় যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৮॥

কিন্তু মৃত্যু যেমন ব্রহ্মজ্ঞ লোকদিগকে অতিক্রম করিতে পারে না, তেমন

---

(৮)···বিমৃদ্যাভ্যপতৎ···পি।

ততো যুধিষ্ঠিরঃ কর্ণমদূরস্থং নিবারিতম্।
অব্রবীৎ পরবীরঘ্নং ক্রোধসংরক্তলোচনঃ ॥১০॥
কর্ণ! কর্ণ! বৃথাদৃষ্টে! সূতপুত্র! বচঃ শৃণু।
সদা স্পর্দ্ধসি সংগ্রামে ফাল্গুনেন তরস্বিনা ॥১১॥
তথাস্মান্ বাধসে নিত্যং ধার্ত্তরাষ্ট্রমতে স্থিতঃ।
যদ্বলং যচ্চ তে বীর্য্যং প্রদ্বেষো যশ্চ পাণ্ডুষু ॥১২॥
তৎ সর্বং দর্শয়স্বাদ্য পৌরুষং মহদাস্থিতঃ।
যুদ্ধশ্রদ্ধাঞ্চ তেঽদ্যাহং বিনেষ্যামি মহাহবে ॥১৩॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা মহারাজ! কর্ণং পাণ্ডুসুতস্তদা।
সুবর্ণপুঙ্খৈর্দশভির্বিব্যাধায়স্ময়ৈঃ শরৈঃ ॥১৪॥
তং সূতপুত্রো দশভিঃ প্রত্যবিধ্যদরিন্দমঃ।
বৎসদন্তৈর্মহেষ্বাসঃ প্রহসন্নিব ভারত! ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। নিবারিতং পঞ্চালাদিভিঃ প্রাগুক্তৈঃ ॥১০॥

কর্ণেতি। বৃথাদৃষ্টে! মিথ্যাবুদ্ধে!। ফাল্গুনেনার্জ্জুনেন সহ, তরস্বিনা বলবতা ॥১১॥

তথেতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য মতে। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যমস্ত্রপ্রভাবঃ। আস্থিত আশ্রিতঃ। যুদ্ধস্য শ্রদ্ধামভিলাষম্, বিনেষ্যামি বিনাশয়িষ্যামি ॥১২—১৩॥

এবমিতি। পাণ্ডুসুতো যুধিষ্ঠিরঃ। অয়স্ময়ৈর্লৌহময়ৈঃ ॥১৪॥

যুধিষ্ঠিররক্ষাভিলাষী পাণ্ডব, পাঞ্চাল ও কেকয়েরা রুদ্ধ করিলে, কর্ণ তাঁহাদিগকে অতিক্রম করিতে পারিলেন না ॥৯॥

তাহার পর বিপক্ষবীরহন্তা কর্ণ নিবারিত হইয়া অদূরে থাকিলে, যুধিষ্ঠির ক্রোধে আরক্তনয়ন হইয়া তাঁহাকে বলিলেন—॥১০॥

'কর্ণ! কর্ণ! মিথ্যাবুদ্ধি! সূতপুত্র! তুমি আমার কথা শোন। তুমি সর্ব্বদাই যুদ্ধে বলবান্ অর্জ্জুনের সহিত স্পর্দ্ধা করিয়া থাক ॥১১॥

আর দুর্য্যোধনের মতে থাকিয়া সর্ব্বদাই আমাদের অনিষ্ট কর। অতএব তোমার যত বল, যত অস্ত্রের প্রভাব এবং পাণ্ডবগণের প্রতি যত বিদ্বেষ আছে, মহাপুরুষকার অবলম্বন করিয়া সে সমস্তই আজ দেখাও। আমি আজ মহাযুদ্ধে তোমার যুদ্ধাভিলাষ দূর করিব' ॥১২—১৩॥

মহারাজ! যুধিষ্ঠির এইরূপ বলিয়া তখনই স্বর্ণপুঙ্খ ও লৌহময় দশটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥১৪॥

(১০)...অব্রবীৎ পরবীরঘ্নঃ...পি।

সোঽবজ্ঞয়া তু নির্বিদ্ধঃ সূতপুত্রেণ মারিষ ।।
প্রজজ্বাল মহাবাহুর্হবিষেব হুতাশনঃ ॥১৬॥
ততো বিস্ফার্য্য সুমহচ্চাপং হেমপরিষ্কৃতম্ ।
সমাধত্ত শিতং বাণং গিরীণামপি দারকম্ ॥১৭॥
ততঃ পূর্ণায়তোৎকর্ষং যমদণ্ডনিভং শরম্ ।
মুমোচ ত্বরিতো রাজা সূতপুত্রজিঘাংসয়া ॥১৮॥
স তু বেগবতা মুক্তো বাণো বজ্রাশনিস্বনঃ ।
বিভেদ সহসা কর্ণং সব্যপার্শ্বে মহারথম্ ॥১৯॥
স তু তেন প্রহারেণ পীড়িতঃ প্রমুমোহ বৈ ।
স্রস্তগাত্রো মহাবাহুর্ধনুরুৎসৃজ্য স্যন্দনে ॥২০॥

ভারতকৌমুদী

তমিতি। বৎসদন্তৈস্তদাখ্যৈর্বাণৈঃ, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১৫॥
স ইতি। স যুধিষ্ঠিরঃ, অবজ্ঞয়া ন পুনরাগ্রহেণ, তদ্বধানিষ্টত্বাদিতি ভাবঃ ॥১৬॥
তত ইতি। হেমপরিষ্কৃতং স্বর্ণভূষিতম্। সমাধত্ত যুধিষ্ঠিরঃ, শিতং সুধারম্ ॥১৭॥
তত ইতি। পূর্ণমায়তেনাকৃষ্টেন ধনুষা উৎকর্ষো বেগাধিক্যং যস্য তম্ ॥১৮॥
স ইতি। বজ্রং কুলিশম্ অশনির্বিদ্যুচ্চ তয়োরিব স্বনো যস্য সঃ ॥১৯॥
স ইতি। স কর্ণঃ। স্রস্তগাত্রঃ পতিতদেহঃ। স্যন্দনে রথে ॥২০॥

ভরতনন্দন! পরে মহাধনুর্দ্ধর ও শত্রুদমন কর্ণ হাস্য করিতে করিতেই যেন দশটা বৎসদন্তবাণদ্বারা যুধিষ্ঠিরকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৫॥

মাননীয় রাজা! কর্ণ অবজ্ঞাপূর্ব্বক দারুণ বিদ্ধ করিলে, মহাবাহু যুধিষ্ঠির ঘৃতদ্বারা অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিলেন ॥১৬॥

তাহার পর যুধিষ্ঠির স্বর্ণভূষিত বিশাল ধনু বিস্ফারিত করিয়া পর্ব্বতবিদারক একটা সুধার বাণ সন্ধান করিলেন ॥১৭॥

তৎপরে যুধিষ্ঠির কর্ণকে বধ করিবার ইচ্ছায় ধনুখানাকে পূর্ণ আকর্ষণ করিয়া সত্বর সেই যমদণ্ডতুল্য বাণটা নিক্ষেপ করিলেন ॥১৮॥

সবেগে নিক্ষিপ্ত সেই বাণটা বজ্র ও বিদ্যুতের ন্যায় শব্দ করিতে করিতে যাইয়া তৎক্ষণাৎ মহারথ কর্ণের বামপার্শ্ব ভেদ করিল ॥১৯॥

মহাবাহু কর্ণ সেই প্রহারে পীড়িত হইয়া মোহিত হইলেন এবং ধনু পরিত্যাগ করিয়া রথের উপরে পতিত হইলেন ॥২০॥

(১৬)…প্রজজ্বাল ততঃ ক্রোধাৎ…পি বা সো। (১৭)…গিরীণামপি দারণম্—পি সো। (১৯)…বিবেশ সহসা কর্ণম্…পি বা সো।

ততো হাহাকৃতং সর্বং ধার্ত্তরাষ্ট্রবলং মহৎ।
বিবর্ণমুখভূয়িষ্ঠং দৃষ্ট্বা কর্ণং তথাগতম্ ॥২১॥
সিংহনাদশ্চ সংজজ্ঞে ক্ষ্বেড়াঃ কিলকিলাস্তথা।
পাণ্ডবানাং মহারাজ! দৃষ্ট্বা রাজ্ঞঃ পরাক্রমম্ ॥২২॥
প্রতিলভ্য তু রাধেয়ঃ সংজ্ঞাং নাতিচিরাদিব।
দধ্রে রাজবিনাশায় মনঃ ক্রূরপরাক্রমঃ ॥২৩॥
স হেমবিকৃতং চাপং বিস্ফার্য্য বিজয়ং মহৎ।
অবাকিরদমেয়াত্মা পাণ্ডবং নিশিতৈঃ শরৈঃ ॥২৪॥
ততঃ ক্ষুরাভ্যাং পাঞ্চাল্যৌ চক্ররক্ষৌ মহাত্মনঃ।
জঘান চন্দ্রদেবঞ্চ দণ্ডধারঞ্চ সংযুগে ॥২৫॥
তাবুভৌ ধর্ম্মরাজস্য প্রবীরৌ পরিপার্শ্বতঃ।
রথাভ্যাসে চকাশেতে চন্দ্রস্যেব পুনর্বসূ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। হাহেত্যস্য কৃতং করণং যস্য তৎ। বিবর্ণমুখান্যেব ভূয়িষ্ঠানি যস্য তৎ ॥২১॥
সিংহেতি। ক্ষ্বেড়া আনন্দকোলাহলাঃ, কিলকিলাস্তদ্রূপাঃ শব্দাশ্চ ॥২২॥
প্রতীতি। দধ্রে চকার, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য বিনাশায় ॥২৩॥
স ইতি। হেমবিকৃতং স্বর্ণখচিতম্। বিজয়ং নাম। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥২৪॥
তত ইতি। চক্ররক্ষৌ পার্শ্বদ্বয়স্থসৈন্যসমূহরক্ষকৌ, মহাত্মনো যুধিষ্ঠিরস্য ॥২৫॥
তাবিতি। পরিপার্শ্বতঃ পার্শ্বদ্বয়ে। রথস্য অভ্যাসে সমীপে। পুনর্বসূ তন্নক্ষত্রদ্বয়ম্ ॥২৬॥

তখন কর্ণকে তদবস্থ দেখিয়া বিশাল কৌরবসৈন্য সকলেই হাহাকার করিতে লাগিল এবং বহু লোকের মুখই বিষাদে মলিনবর্ণ হইয়া গেল ॥২১॥

মহারাজ! যুধিষ্ঠিরের পরাক্রম দেখিয়া পাণ্ডবগণের মধ্যে সিংহনাদ, আনন্দ-কোলাহল ও কিলকিলশব্দ হইতে লাগিল ॥২২॥

তদনন্তর দারুণপরাক্রমশালী কর্ণ অচিরকালমধ্যে চৈতন্য লাভ করিয়া যুধিষ্ঠিরকে বধ করিবার ইচ্ছা করিলেন ॥২৩॥

পরে অজ্ঞেয়স্বভাব কর্ণ স্বর্ণখচিত 'বিজয়-'নামক বিশাল ধনু বিস্ফারিত করিয়া যুধিষ্ঠিরের উপরে সুধার বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥২৪॥

তাহার পর তিনি দুইটা ক্ষুরপ্রবাণদ্বারা মহাত্মা যুধিষ্ঠিরের চক্ররক্ষক পাঞ্চাল-দেশীয় চন্দ্রদেব ও দণ্ডধারকে বধ করিলেন ॥২৫॥

(২৩)···দধ্রে রাজন্! বিনাশায়···বর্দ্ধ। (২৪)···অবারয়দমেয়াত্মা···বর্দ্ধ।

যুধিষ্ঠিরঃ পুনঃ কর্ণমবিধ্যত্রিংশতা শরৈঃ।
সুষেণং সত্যসেনঞ্চ ত্রিভিস্ত্রিভিরতাড়য়ৎ ॥২৭॥
শল্যং নবত্যা বিব্যাধ ত্রিসপ্তত্যাথ সূতজম্।
তাংশ্চাস্য গোপ্তৄন্ বিব্যাধ ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥২৮॥
ততঃ প্রহস্যাধিরথির্বিধুন্বানঃ স কার্ম্মুকম্।
ছিত্ত্বা ভল্লেন রাজানং বিদ্ধা ষষ্ট্যানদত্তদা ॥২৯॥
ততঃ প্রবীরাঃ পাণ্ডূনামভ্যধাবন্নমর্ষিতাঃ।
যুধিষ্ঠিরং পরীপ্সন্তঃ কর্ণমভ্যর্দ্দয়ন্ শরৈঃ ॥৩০॥
সাত্যকিশ্চেকিতানশ্চ যুযুৎসুঃ পাণ্ড্য এব চ।
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ দ্রৌপদেয়াঃ প্রভদ্রকাঃ ॥৩১॥
যমৌ চ ভীমসেনশ্চ শিশুপালস্য চাত্মজঃ।
কারূষা মৎস্যশেষাশ্চ কৈকয়াঃ কাশিকোশলাঃ ॥৩২॥
এতে চ ত্বরিতা বীরা বসুষেণমতাড়য়ন্।
জনমেজয়শ্চ পাঞ্চাল্যঃ কর্ণং বিব্যাধ সায়কৈঃ ॥৩৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যুধীতি। সুষেণং সত্যসেনঞ্চ কর্ণপুত্রম্ ॥২৭॥
শল্যমিতি। শল্যং মদ্ররাজং সারথিম্। গোপ্তৄন্ রক্ষকান্। অজিহ্মগৈর্বাণৈঃ ॥২৮॥
তত ইতি। অধিরথিঃ কর্ণঃ, বিধুন্বানঃ কম্পয়ন্, কার্ম্মুকং যুধিষ্ঠিরস্য ॥২৯॥
তত ইতি। অমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ। পরীপ্সন্তঃ রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩০॥

তখন যুধিষ্ঠিরের রথের নিকটে দুই পার্শ্বে সেই প্রধান বীর দুই জন পতিত হইয়া চন্দ্রের দুই পার্শ্ববর্ত্তী দুইটা পুনর্ব্বসুনক্ষত্রের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥২৬॥

ক্রমে যুধিষ্ঠির পুনরায় ত্রিশটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন এবং তিন তিনটা বাণদ্বারা সুষেণ ও সত্যসেনকে তাড়ন করিলেন ॥২৭॥

পরে যুধিষ্ঠির নব্বইটা বাণে শল্যকে, তিয়াত্তরটা বাণে কর্ণকে এবং তিন তিনটা বাণে কর্ণের রক্ষকদিগকে তাড়ন করিলেন ॥২৮॥

তদনন্তর কর্ণ হাস্য করিয়া ধনু সঞ্চালন করিতে থাকিয়া একটা ভল্লদ্বারা যুধিষ্ঠিরের ধনু ছেদনপূর্ব্বক ষাটটা বাণে তাঁহাকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥২৯॥

তাহার পর পাণ্ডবপক্ষের প্রধান বীরেরা ক্রুদ্ধ হইয়া কর্ণের দিকে ধাবিত হইলেন এবং যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বাণদ্বারা কর্ণকে পীড়ন করিতে লাগিলেন ॥৩০॥

(২৯)...স্বকার্ম্মুকম্...বর্দ্ধ,...ভিত্ত্বা ভল্লেন...পি। (৩২)...কারূসা মৎস্যশরাশ্চ...বর্দ্ধ।

বরাহকর্ণৈর্নারাচৈর্নালীকৈর্নিশিতৈঃ শরৈঃ।
বৎসদন্তৈর্বিপাঠৈশ্চ ক্ষুরপ্রৈশ্চটকামুখৈঃ ॥৩৪॥
নানাপ্রহরণৈশ্চোগ্রৈ রথহস্ত্যশ্বসাদিভিঃ।
সর্বতোঽভ্যদ্রবন্ কর্ণং পরিবার্য্য জিঘাংসয়া ॥৩৫॥ (যুগ্মকম্)
স পাণ্ডবানাং প্রবরৈঃ সর্বতঃ সমভিদ্রুতঃ।
উদীরয়ন্ ব্রাহ্মমস্ত্রং শরৈরাপূরয়দ্দিশঃ ॥৩৬॥
ততঃ শরমহাজ্বালো বীর্য্যোষ্মা কর্ণপাবকঃ।
নির্দ্দহন্ পাণ্ডববলং বীরঃ পর্য্যচরদ্রণে ॥৩৭॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। যুযুৎসুর্নাম বৈশ্যাগর্ভে ধৃতরাষ্ট্রপুত্রো যুধিষ্ঠিরাহ্বানাৎ পাণ্ডবপক্ষং গতঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। যমৌ নকুলসহদেবৌ, শিশুপালস্যাত্মজো ধৃষ্টকেতুভিন্নস্তস্য প্রাগ্‌দ্রোণেন নিহতত্বাৎ। মৎস্যশেষা মৎস্যদেশীয়সৈন্যেষ্ববশিষ্টাঃ। বসুষেণং কর্ণপুত্রম্ ॥৩১-৩৩॥

বরাহেতি। এতানি তদানীন্তনাস্ত্রাণি। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৩৪—৩৫॥

স ইতি। সমভিদ্রুত আক্রান্তঃ। উদীরয়ন্ আবিষ্কুর্বন্ ॥৩৬॥

তত ইতি। শরা মহাজ্বালা বিশালশিখা ইব যস্য সঃ, বীর্য্যং বলম্ উষ্মা উষ্ণত্বমিব যস্য স চ বীরঃ, কর্ণঃ পাবকো বহ্নিরিব সঃ, পাণ্ডববলং নির্দ্দহন্, রণে পর্য্যচরৎ ॥৩৭॥

সাত্যকি, চেকিতান, যুযুৎসু, পাণ্ড্য, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, দ্রৌপদীর পুত্রগণ, প্রভদ্রকগণ, নকুল, সহদেব, ভীমসেন, শিশুপালের পুত্র, কারূষ, মৎস্যদেশীয় অবশিষ্ট সৈন্য, কেকয়, কাশী ও কোশলদেশীয় সৈন্য এই সকল বীরেরা ত্বরান্বিত হইয়া বসুষেণকে তাড়ন করিতে লাগিলেন ; আর পাঞ্চালদেশীয় জনমেজয় বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৩১—৩৩॥

ক্রমে অন্যান্য বীরেরাও বরাহকর্ণ, নারাচ, নালীক, সুধার বাণ, বৎসদন্ত, বিপাঠ, ক্ষুরপ্র, চটকামুখ এবং অপর নানাবিধ ভীষণ অস্ত্রদ্বারা বধ করিবার ইচ্ছা করিয়া হস্তী, অশ্ব ও রথারোহীদের সহিত মিলিত হইয়া পরিবেষ্টনপূর্ব্বক সকল দিক্ হইতে কর্ণের প্রতি ধাবিত হইলেন ॥৩৪—৩৫॥

পাণ্ডবপক্ষের প্রধান বীরেরা সকল দিক্ হইতে আক্রমণ করিলে, কর্ণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিয়া বাণে বাণে সমস্ত দিক্ পূর্ণ করিয়া ফেলিলেন ॥৩৬॥

তাহার পর মহাবীর কর্ণ অগ্নির ন্যায় পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে থাকিয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ; তৎকালে তাঁহার বাণসমূহ ছিল—বিশাল শিখাসমূহের তুল্য এবং শক্তি ছিল—উষ্ণতার সমান ॥৩৭॥

স সন্ধায় মহাস্ত্রাণি মহেষ্বাসো মহামনাঃ।
প্রহস্য পুরুষেন্দ্রস্য শরৈশ্চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥৩৮॥
ততঃ সন্ধায় নবতিং নিমেষান্নতপর্ব্বণঃ।
বিভেদ কবচং রাজ্ঞো রণে কর্ণঃ শিতৈঃ শরৈঃ ॥৩৯॥
তদ্বর্ম্ম হেমবিকৃতং রত্নচিত্রং বভৌ পতৎ।
সবিদ্যুদভ্রং সবিতুঃ শ্লিষ্টং বাতহতং যথা ॥৪০॥
তদঙ্গাৎ পুরুষেন্দ্রস্য ভ্রষ্টং বর্ম্ম ব্যরোচত।
রত্নৈরলঙ্কৃতং চিত্রৈর্ব্যভ্রং নিশি যথা নভঃ ॥৪১॥
ছিন্নবর্ম্মা শরৈঃ পার্থো রুধিরেণ সমুক্ষিতঃ।
ক্রুদ্ধঃ সর্বায়সীং শক্তিং চিক্ষেপাধিরথিং প্রতি ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। মহামনাঃ, কুন্ত্যন্তিকে কৃতায়াঃ প্রতিজ্ঞায়া রক্ষণাৎ। পুরুষেন্দ্রস্য যুধিষ্ঠিরস্য ॥৩৮॥
তত ইতি। নতপর্ব্বণ ঈষদ্বক্রোপান্তান্ শরান্। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥৩৯॥
তদিতি। হেমবিকৃতং স্বর্ণখচিতম্। অভ্রং মেঘঃ, সবিতুঃ কিরণৈরিতি শেষঃ ॥৪০॥
তদিতি। পুরুষেন্দ্রস্য যুধিষ্ঠিরস্য। রত্নৈর্নক্ষত্রৈঃ, বিগতমভ্রং মেঘো যস্মাত্তৎ ॥৪১॥
ছিন্নেতি। পার্থো যুধিষ্ঠিরঃ। সর্ব্বেষ্বেবাবয়বেষু আয়সী লৌহময়ী তাম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

বিদার্য্যেতি ॥১—৩৭॥ পুরুষেন্দ্রস্য যুধিষ্ঠিরস্য ॥৩৮—৮৫॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

ক্রমে মহাধনুর্দ্ধর ও মহামনা কর্ণ মহাস্ত্র সকল সন্ধান করিয়া সহাস্যমুখে বাণদ্বারা যুধিষ্ঠিরের ধনু ছেদন করিলেন ॥৩৮॥

তৎপরে কর্ণ নিমেষকালমধ্যে নতপর্ব্ব নব্বইটা বাণ সন্ধান করিয়া সেই সুধার বাণসমূহদ্বারা যুধিষ্ঠিরের কবচ বিদীর্ণ করিলেন ॥৩৯॥

তখন বিদ্যুৎসমন্বিত ও সূর্য্যকিরণযুক্ত মেঘ যেমন বায়ুতাড়িত হইয়া পতিত হইতে থাকিয়া শোভা পায়, সেইরূপ স্বর্ণখচিত ও রত্নবিচিত্র সেই কবচটা পতিত হইতে থাকিয়া শোভা পাইতে লাগিল ॥৪০॥

এবং রাত্রিতে বিচিত্রনক্ষত্রশোভিত ও মেঘশূন্য আকাশ যেমন প্রকাশ পায়, তেমন যুধিষ্ঠিরের দেহচ্যুত সেই কবচটা প্রকাশ পাইতে থাকিল ॥৪১॥

কর্ণের বাণে কবচ ছিন্ন এবং দেহ রক্তাক্ত হইলে, যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া কর্ণের প্রতি একটা লৌহময়ী শক্তি নিক্ষেপ করিলেন ॥৪২॥

(৪১)…রত্নৈরলঙ্কৃতং মুখ্যৈঃ…বর্দ্ধ,…রত্নৈরলঙ্কৃতং দিব্যৈঃ…সো।

তাং জ্বলন্তীমিবাকাশে শরৈশ্চিচ্ছেদ সপ্তভিঃ।
সা চ্ছিন্না ভূমিমগমন্মহেষ্বাসস্য সায়কৈঃ ॥৪৩॥
ততো বাহ্বোর্ললাটে চ হৃদি চৈব যুধিষ্ঠিরঃ।
চতুর্ভিস্তোমরৈঃ কর্ণং তাড়য়িত্বানদন্মুদা ॥৪৪॥
উদ্ভিন্নরুধিরঃ কর্ণঃ ক্রুদ্ধঃ সর্প ইব শ্বসন্।
ধ্বজং চিচ্ছেদ ভল্লেন ত্রিভির্বিব্যাধ পাণ্ডবম্।
ইষুধী চাস্য চিচ্ছেদ রথঞ্চ তিলশোঽচ্ছিনৎ ॥৪৫॥
কালবালাস্তু যে পার্থমবহন্ পাণ্ডরা হয়াঃ।
তৈর্যুক্তং রথমাস্থায় প্রায়াদ্রাজা পরাঙ্মুখঃ ॥৪৬॥
এবং পার্থোঽভ্যপায়াৎ স নিহতঃ পাঞ্চিসারথিঃ।
অশক্নুবন্ প্রমুখতঃ স্থাতুং কর্ণস্য দুর্ম্মনাঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

তামিতি। চিচ্ছেদ কর্ণঃ। মহেষ্বাসস্য মহাধনুর্দ্ধরস্য কর্ণস্য ॥৪৩॥
তত ইতি। অনদৎ সিংহনাদমকরোৎ ॥৪৪॥
উদিতি। উদ্ভিন্নরুধিরো দেহাদুদ্গতরক্তঃ। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥
কালেতি। কালবালাঃ কৃষ্ণকেশরাঃ। পাণ্ডরা দেহে শুভ্রাঃ। রথং রথান্তরম্ ॥৪৬॥
এবমিতি। পার্থো যুধিষ্ঠিরঃ, অভ্যপায়াৎ রণাদপাগচ্ছৎ, পাঞ্চিসারথিঃ পৃষ্ঠরক্ষকঃ ॥৪৭॥

সেই শক্তিটা আকাশে যেন জ্বলিতে লাগিল; তখন মহাধনুর্দ্ধর কর্ণ সাতটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন; সেই সময়ে কর্ণের বাণে ছিন্ন হইয়া তাহা ভূতলে পতিত হইল ॥৪৩॥

তাহার পর যুধিষ্ঠির চারিটা তোমরদ্বারা কর্ণের বাহুযুগলে, ললাটে ও বক্ষস্থলে তাড়ন করিয়া আনন্দে সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪৪॥

এই সময়ে কর্ণের সেই সকল অঙ্গ হইতে রক্ত নির্গত হইতে লাগিল; তখন তিনি ক্রুদ্ধ হইয়া সর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া একটা ভল্লদ্বারা ধ্বজ ছেদন করিলেন, তিনটা ভল্লদ্বারা যুধিষ্ঠিরকে তাড়ন করিলেন, তাঁহার তূণীর দুইটা কাটিয়া ফেলিলেন এবং রথখানাকে তিল তিল করিয়া ছেদন করিলেন ॥৪৫॥

কৃষ্ণকেশর ও পাণ্ডুরবর্ণ যে অশ্বগুলি যুধিষ্ঠিরকে বহন করিতেছিল, সেই অশ্বযুক্ত অন্য রথে আরোহণ করিয়া পরাঙ্মুখ হইয়া যুধিষ্ঠির পলায়ন করিতে লাগিলেন ॥৪৬॥

এইভাবে যুধিষ্ঠিরের পৃষ্ঠরক্ষকও পূর্ব্বে নিহত হইয়াছিল; তাই তিনি কর্ণের সম্মুখে থাকিতে অসমর্থ ও দুঃখিতচিত্ত হইয়া পলায়ন করিতেছিলেন ॥৪৭॥

(৪৪)···তাড়য়িত্বানদন্মুহুঃ—বর্দ্ধ। (৪৬)···পার্থং দন্তবর্ণাবহন্ হয়াঃ···বর্দ্ধ বা।

অভিক্রুত্য তু রাধেয়ঃ স্কন্ধে সংস্পৃশ্য পাণিনা।
অব্রবীৎ প্রহসন্ রাজন্! কুৎসয়ন্নিব পাণ্ডবম্ ॥৪৮॥
কথং নাম কুলে জাতঃ ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতঃ।
প্রজহ্যাৎ সমরং ভীতঃ প্রাণান্ রক্ষন্ মহাহবে ॥৪৯॥
ন ভবান্ ক্ষত্রধর্ম্মেষু কুশলো হীতি মে মতিঃ।
ব্রাহ্মে বলে ভবান্ যুক্তঃ স্বাধ্যায়ে যজ্ঞকর্ম্মণি ॥৫০॥
মাস্ম যুধ্যস্ব কৌন্তেয়! মাস্ম বীরান্ সমাসদঃ।
মা চৈনানপ্রিয়ং ব্রূহি মা বৈ ব্রজ মহারণম্ ॥৫১॥
এবমুক্ত্বা ততঃ পার্থং বিসৃজ্য চ মহাবলঃ।
ন্যহনৎ পাণ্ডবীং সেনাং বজ্রহস্ত ইবাসুরীম্ ॥৫২॥
ততোঽপায়াদ্দ্রুতং রাজন্! ব্রীড়ন্নিব নরেশ্বরঃ।
অথাপযাতং রাজানং মত্বান্বীয়ুস্তমচ্যুতম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

অভীতি। অভিক্রুত্য দ্রুতমভিগত্য। পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৪৮॥

কথমিতি। কুলে বীরবংশে। প্রজহ্যাৎ ত্যজেৎ, সমরং সমরস্থলম্ ॥৪৯॥

নেতি। ব্রাহ্মে বাক্‌সিদ্ধ্যাদৌ বলে কুশলঃ, যুক্তো নিরতঃ, স্বাধ্যায়ে বেদপাঠে ॥৫০॥

মাস্মেতি। মাস্ম সমাসদো যুদ্ধায় ন প্রাপ্নুহি। এনান্ বীরান্ ॥৫১॥

এবমিতি। পার্থং যুধিষ্ঠিরম্। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। আসুরীং সেনাম ॥৫২॥

রাজা! এই সময়ে কর্ণ দ্রুত যাইয়া হস্তদ্বারা যুধিষ্ঠিরের স্কন্ধ স্পর্শ করিয়া তাঁহাকে নিন্দা করতই যেন হাসিতে হাসিতে বলিলেন—॥৪৮॥

'মানুষ বীরবংশে জন্মিয়া, ক্ষত্রিয়ধর্ম্মে থাকিয়া, পরে মহাযুদ্ধে ভীত হইয়া প্রাণরক্ষার উদ্দেশে কি করিয়া রণস্থল ত্যাগ করে? ॥৪৯॥

যুধিষ্ঠির! আমার ধারণা এই যে, তুমি ক্ষত্রিয়ধর্ম্মে নিপুণ নহ; কিন্তু সর্ব্বদা বেদপাঠে ও যজ্ঞকার্য্যে নিরত থাক বলিয়া ব্রাহ্মণশক্তিপ্রয়োগে নিপুণ ॥৫০॥

অতএব কুন্তীনন্দন! তুমি যুদ্ধই করিও না; যদিও যুদ্ধ কর, তাহা হইলেও বীরগণের নিকট যাইও না, বীরগণকে অপ্রিয় বাক্য বলিও না এবং মহাযুদ্ধেও যাইও না' ॥৫১॥

তাহার পর মহাবল কর্ণ এইরূপ বলিয়া যুধিষ্ঠিরকে বিদায় দিয়া—ইন্দ্র যেমন অসুরসৈন্য সংহার করিতেন, সেইরূপ পাণ্ডবসৈন্য সংহার করিতে লাগিলেন ॥৫২॥

(৫২)…ব্রীড়ন্নিব জনেশ্বরঃ…বর্দ্ধ। (৫৩) অথাপযাতং রাজানমন্বজগ্মুঃ পরন্তপাঃ—পি

চেদিপাণ্ডবপাঞ্চালাঃ সাত্যকিশ্চ মহারথঃ।
দ্রৌপদেয়াস্তথা শূরা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৫৪॥ (যুগ্মকম্)
ততো যুধিষ্ঠিরানীকং দৃষ্ট্বা কর্ণঃ পরাঙ্মুখম্।
কুরুভিঃ সহিতো বীরঃ প্রহৃষ্টঃ পৃষ্ঠতোঽন্বগাৎ ॥৫৫॥
ভেরীশঙ্খমৃদঙ্গানাং কার্ম্মুকাণাঞ্চ নিস্বনৈঃ।
বভূব ধার্ত্তরাষ্ট্রাণাং সিংহনাদরবস্তথা ॥৫৬॥
যুধিষ্ঠিরস্তু কৌরব্য! রথমারুহ্য সত্বরম্।
শ্রুতকীর্ত্তের্মহারাজ! দৃষ্টবান্ কর্ণবিক্রমম্ ॥৫৭॥
কাল্যমানং বলং দৃষ্ট্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
স্বান্ যোধানব্রবীৎ ক্রুদ্ধো নিহতৈতান্ কিমাসত ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অপায়াৎ সমরাদপাগচ্ছৎ, ব্রীড়ন্ পরাজয়াল্লজ্জমানঃ, নরেশ্বরো যুধিষ্ঠিরঃ। অন্বীয়ুরনুজগ্মুঃ, অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৫৩—৫৪॥

তত ইতি। যুধিষ্ঠিরস্য অনীকং সৈন্যম্। অন্বগাদগমৎ ॥৫৫॥

ভেরীতি। নিস্বনৈঃ সহ। বভূব, জয়েনানন্দাতিরেকাদিতি ভাবঃ ॥৫৬॥

যুধীতি। শ্রুতকীর্ত্তেঃ শ্রুতকর্ম্মণঃ, পূর্ব্বাশ্বানাং কর্ণপ্রহারেণ ক্লান্তত্বাদিত্যাশয়ঃ ॥৫৭॥

কাল্যেতি। কাল্যমানং কর্ণেন নিপীড্যমানম্। আসত নিষ্ক্রিয়মবাতিষ্ঠত ॥৫৮॥

রাজা! তদনন্তর যুধিষ্ঠির লজ্জিত হইয়াই যেন রণস্থল হইতে অপসৃত হইলেন। পরে রাজাকে অপসৃত দেখিয়া চেদি, পাণ্ডব ও পাঞ্চালসৈন্যেরা, মহারথ সাত্যকি, দ্রৌপদীর বীর পুত্রগণ, নকুল ও সহদেব ইহারাও সেই ধার্ম্মিক যুধিষ্ঠিরের অনুসরণ করিলেন ॥৫৩—৫৪॥

তৎপরে মহাবীর কর্ণ যুধিষ্ঠিরসৈন্যকে পরাঙ্মুখ দেখিয়া কৌরবগণের সহিত হৃষ্ট চিত্তে পাণ্ডবপক্ষের অনুসরণ করিলেন ॥৫৫॥

এই সময়ে ভেরী, শঙ্খ ও মৃদঙ্গধ্বনি এবং ধনুষ্টঙ্কারের সহিত ধার্ত্তরাষ্ট্রগণের সিংহনাদ হইতে লাগিল ॥৫৬॥

কৌরবনন্দন মহারাজ! যুধিষ্ঠির সত্বর যাইয়া শ্রুতকীর্ত্তির রথে উঠিয়া কর্ণের বিক্রম দেখিতে লাগিলেন ॥৫৭॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির সৈন্যগণকে পীড়িত দেখিয়া ক্রুদ্ধ হইয়া আপন যোদ্ধাদিগকে বলিলেন—'তোমরা নিষ্ক্রিয় রহিয়াছ কেন, ইহাদিগকে বধ কর' ॥৫৮॥

(৫৭)···সত্বরঃ···বর্দ্ধ। (৫৮)···নিঘ্নতৈতান্···পি।

ততো রাজ্ঞাভ্যনুজ্ঞাতাঃ পাণ্ডবানাং মহারথাঃ।
ভীমসেনমুখাঃ সর্বে পুত্রাংস্তে প্রত্যুপাদ্রবন্ ॥৫৯॥
অভবত্তুমুলঃ শব্দো যোধানাং তত্র ভারত!।
রথহস্ত্যশ্বপত্তীনাং শস্ত্রাণাঞ্চ ততস্ততঃ ॥৬০॥
উত্তিষ্ঠত প্রহরত প্রেতাভিপততেতি চ।
ইতি ব্রুবাণা হ্যন্যোন্যং জঘ্নুর্যোধা মহারণে ॥৬১॥
অভ্রচ্ছায়েব তত্রাসীচ্ছরবৃষ্টিভিরম্বরে।
সমাবৃতৈর্নরবরৈর্নিঘ্নদ্ভিরিতরেতরম্ ॥৬২॥
বিপতাকধ্বজচ্ছত্রা ব্যশ্বসূতায়ুধা রণে।
ব্যঙ্গাঙ্গাবয়বাঃ পেতুঃ ক্ষিতৌ ক্ষীণাঃ ক্ষিতীশ্বরাঃ ॥৬৩॥
প্রবণাদিব শৈলানাং শিখরাণি দ্বিপোত্তমাঃ।
সারোহা নিহতাঃ পেতুর্বজ্রভিন্না ইবাদ্রয়ঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

তত ইতি। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ। প্রত্যুপাদ্রবন্ অভ্যধাবন্ ॥৫৯॥
অভবদিতি। রথহস্ত্যশ্বং তত্তদারোহিণঃ পত্তয়ঃ পদাতয়শ্চ তেষাম্ ॥৬০॥
উদিতি। প্রেত অগ্রং গচ্ছত, অভিপতত বিপক্ষোপরি ॥৬১॥
অভ্রেতি। অভ্রস্য মেঘস্য চ্ছায়েব। নরবরৈঃ ক্ষিপ্তাভিরিতি শেষঃ ॥৬২॥
বীতি। বিগতা অঙ্গানি হস্তাদীনি অঙ্গাবয়বাঃ প্রত্যঙ্গানি অঙ্গুল্যাদীনি চ যেষাং তে ॥৬৩॥
প্রেতি। প্রবণাৎ ক্রমনিম্নদেশাৎ। সারোহা আরোহিসহিতাঃ। অত্রোপমাদ্বয়ম্ ॥৬৪॥

রাজা! যুধিষ্ঠির অনুমতি করিলে, ভীমসেনপ্রভৃতি পাণ্ডবপক্ষের মহারথেরা সকলে আপনার পুত্রগণের দিকে ধাবিত হইলেন ॥৫৯॥

ভরতনন্দন! তখন নানাদিকে রথারোহী, গজারোহী, অশ্বারোহী ও পদাতিগণের এবং অস্ত্রসমূহের তুমুল শব্দ হইতে লাগিল ॥৬০॥

'উঠ, প্রহার কর, অগ্রসর হও এবং শত্রুপক্ষের উপরে পড়' এইরূপ বলিতে থাকিয়া যোদ্ধারা মহাযুদ্ধে পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥৬১॥

তৎকালে অস্ত্রে আবৃত এবং পরস্পর আঘাতকারী নরশ্রেষ্ঠগণের বাণবৃষ্টিতে আকাশে যেন মেঘের ছায়া হইয়া পড়িল ॥৬২॥

যুদ্ধে পতাকা, ধ্বজ, ছত্র, অশ্ব, সারথি ও অস্ত্র সকল বিনষ্ট এবং অঙ্গ ও প্রত্যঙ্গ ছিন্ন হইলে, রাজারা ক্ষতবিক্ষত দেহে পতিত হইতে লাগিলেন ॥৬৩॥

---

(৬১)···হতেতি প্রহতেতি চ···পি।

ছিন্নভিন্নবিপর্য্যস্তৈর্বর্ম্মালঙ্কারভূষণৈঃ।
সারোহাস্তুরগাঃ পেতুর্হতবীরাঃ সহস্রশঃ ॥৬৫॥
বিপ্রবিদ্ধায়ুধাঙ্গাশ্চ দ্বিরদাশ্বরথৈর্হতাঃ।
প্রতিবীরৈশ্চ সম্মর্দ্দে পত্তিসংঘাঃ সহস্রশঃ ॥৬৬॥
বিশালায়ততাম্রাক্ষৈঃ পদ্মেন্দুসদৃশাননৈঃ।
শিরোভির্যুদ্ধশৌণ্ডানাং সর্বতঃ সংবৃতা মহী ॥৬৭॥
যথা ভুবি তথা ব্যোম্নি শুশ্রুবুর্নিস্বনং জনাঃ।
বিমানৈরপ্সরঃসংঘৈর্গীতবাদিত্রনিস্বনৈঃ ॥৬৮॥
হতানভিমুখান্ বীরান্ বীরৈঃ শতসহস্রশঃ।
আরোপ্যারোপ্য গচ্ছন্তি বিমানেষ্বপ্সরোগণাঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

ছিন্নেতি। বিপর্য্যস্তং সর্বতঃ ক্ষিপ্তম্। আকারভেদাদলঙ্কারভূষণয়োর্ভেদঃ ॥৬৫॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধানি ইতস্ততঃ ক্ষিপ্তানি আয়ুধান্যঙ্গানি চ যেষাং তে, পেতু-রিত্যনুবৃত্তিঃ ॥৬৬॥

বিশালেতি। যুদ্ধে শৌণ্ডানাং মত্তানাম্, সংবৃতা আচ্ছাদিতা ॥৬৭॥

যথেতি। বিমানৈরন্যোন্যং সংঘট্টৈঃ, অপ্সরঃসংঘৈঃ ক্রিয়মাণৈরিতি শেষঃ ॥৬৮॥

ক্রমনিম্ন দেশ হইতে পর্ব্বতশৃঙ্গের ন্যায় এবং বজ্রবিদারিত পর্ব্বতের তুল্য বিশাল হস্তী সকল আরোহীদের সহিত নিহত হইয়া পতিত হইতে লাগিল ॥৬৪॥

রথী বীরগণ নিহত হইলে, সহস্র সহস্র অশ্ব আরোহিগণের সহিত পতিত হইতে থাকিল; তৎকালে সেগুলির বর্ম্ম, অলঙ্কার ও ভূষণ সকল ছিন্ন, ভিন্ন ও বিক্ষিপ্ত হইতে লাগিল ॥৬৫॥

সেই সংঘর্ষের সময়ে হস্তী, অশ্ব, রথ ও বিপক্ষবীরকর্তৃক নিহত সহস্র সহস্র পদাতিও পতিত হইতে থাকিল; তখন তাহাদের অস্ত্র ও অঙ্গ সকল বিক্ষিপ্ত হইতে লাগিল ॥৬৬॥

যুদ্ধমত্ত বীরগণের মস্তকে সকল দিকের রণভূমি আবৃত হইয়া গেল; সে মস্তকগুলির নয়ন বিশাল, বিস্তৃত ও তাম্রবর্ণ ছিল এবং মুখমণ্ডল পদ্ম ও চন্দ্রের সদৃশ ছিল ॥৬৭॥

তৎকালে তত্রত্য লোকেরা যেমন ভূতলে, তেমন আকাশেও শব্দ শুনিতে লাগিল। কারণ, ভূতলে কোলাহল, আর আকাশে বিমানের শব্দ ও অপ্সরাদের গীতবাদ্যের শব্দ হইতেছিল ॥৬৮॥

(৬৬) বিপ্রবিদ্ধায়ুধাশ্চৈব বিরথাশ্চ রথৈর্হতাঃ…পি। (৬৭)…সংস্তৃতা মহী—পি।

তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং প্রত্যক্ষং স্বর্গলিপ্সয়া।
প্রহৃষ্টমনসঃ শূরাঃ ক্ষিপ্রং জঘ্নুঃ পরস্পরম্ ॥৭০॥
রথিনো রথিভিঃ সার্দ্ধং চিত্রং যুযুধুরাহবে।
পত্তয়ঃ পত্তিভির্নাগাঃ সহ নাগৈর্হয়ৈর্হয়াঃ ॥৭১॥
এবং প্রবৃত্তে সংগ্রামে গজবাজিনরক্ষয়ে।
সৈন্যেন রজসা ব্যাপ্তে স্বে স্বান্ জঘ্নুঃ পরে পরান্ ॥৭২॥
কচাকচি যুদ্ধমাসীদ্দন্তাদন্তি নখানখি।
মুষ্টিযুদ্ধং নিযুদ্ধঞ্চ দেহপাপ্মাসুনাশনম্ ॥৭৩॥
তথা বর্ত্ততি সংগ্রামে গজবাজিনরক্ষয়ে।
নরাশ্বগজদেহেভ্যঃ প্রসৃতা লোহিতাপগা ॥৭৪॥

ভারতকৌমুদী

হতানিতি। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ॥" ইতি শাস্ত্রেণ রণেঽভিমুখহতানাং স্বর্গলাভাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥৬৯॥

তদিতি। প্রত্যক্ষং দৃষ্ট্বা পুণ্যাতিরেকাদিত্যাশয়ঃ ॥৭০॥

রথিন ইতি। আহবে রণাঙ্গনে। নাগা গজাঃ। হয়ৈরশ্বৈঃ ॥৭১॥

এবমিতি। গজবাজিনরাণাং ক্ষয়ো যস্মিংস্তত্র। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন, রজসা ধূল্যা ॥৭২॥

কচেতি। কচেষু কচেষু চ কেশেষু গৃহীত্বা বৃত্তমিতি কচাকচি। এবমন্যত্র। নিযুদ্ধং বাহুযুদ্ধম্ ॥৭৩॥

তথেতি। বর্ত্ততি বর্ত্তমানে। প্রসৃতা নির্গতা, লোহিতাপগা, রক্তনদী ॥৭৪॥

বীরেরা শতসহস্র বীরকে অভিমুখভাবে বধ করিলে, অপ্সরারা তাঁহাদিগকে বিমানে তুলিয়া তুলিয়া লইয়া স্বর্গের দিকে গমন করিতে লাগিল ॥৬৯॥

সেই গুরুতর আশ্চর্য্য ঘটনা প্রত্যক্ষ দেখিয়া বীরগণ হৃষ্টচিত্ত হইয়া স্বর্গলাভ করিবার ইচ্ছায় সত্বর সত্বর পরস্পর বধ করিতে থাকিলেন ॥৭০॥

ক্রমে সেই রণস্থলে রথীরা রথীদের, পদাতিরা পদাতিদের, হস্তীরা হস্তীদের এবং অশ্বেরা অশ্বদের সহিত বিচিত্র যুদ্ধ করিতে লাগিল ॥৭১॥

এইভাবে যুদ্ধ চলিতে লাগিলে, হস্তী, অশ্ব ও মানুষের ক্ষয় হইতে লাগিল এবং সৈন্যোত্তোলিত ধূলিজালে রণস্থল ব্যাপ্ত হইয়া গেল; তখন স্বপক্ষ স্বপক্ষকে ও পরপক্ষ পরপক্ষকে বধ করিতে থাকিল ॥৭২॥

কেশাকেশি, দন্তাদন্তি ও নখানখি যুদ্ধ, মুষ্টিযুদ্ধ এবং বাহুযুদ্ধ হইতে লাগিল; তাহাতে দেহ, পাপ ও প্রাণ নষ্ট হইতে থাকিল ॥৭৩॥

নরাশ্বগজদেহান্ সা ব্যবাহ পতিতান্ বহূন্।
রথাশ্বগজসংবাধে নরাশ্বরথসাদিনাম্ ॥৭৫॥
লোহিতোদা মহাঘোরা মাংসশোণিতকর্দ্দমা।
নরাশ্বগজদেহান্ সা বহন্তী ভীরুভীষণা ॥৭৬॥ (যুগ্মকম্)
তস্যাঃ পারমপারঞ্চ ব্রজন্তি বিজয়ৈষিণঃ।
গাধেন চাপ্লবন্তি স্ম নিমজ্জ্যোন্মজ্য চাপরে ॥৭৭॥
তে তু লোহিতদিগ্ধাঙ্গা রক্তবর্ম্মায়ুধাম্বরাঃ।
সস্নুস্তস্যাং পপুস্তস্যাং মম্লুশ্চ ভরতর্ষভ ! ॥৭৮॥
রথানশ্বান্ নরান্ নাগানায়ুধাভরণানি চ।
বসনান্যথ বর্ম্মাণি বধ্যমানান্ হতানপি ॥৭৯॥
খং দ্যাং ভূমিং দিশশ্চৈব প্রায়ঃ পশ্যাম লোহিতাঃ।
লোহিতস্য তু গন্ধেন স্পর্শেন চ রসেন চ ॥৮০॥

ভারতকৌমুদী

নরেতি। রথাশ্বগজৈঃ সংবাধে সঙ্কীর্ণে রণাঙ্গনে। নরাঃ পদাতয়শ্চ অশ্বরথসাদিনস্তত্তদারোহিণশ্চ তেষাম্। লোহিতোদা রক্তজলা। বহন্ত্যাসীৎ ॥৭৫—৭৬॥

তস্যা ইতি। গাধেন তলস্পর্শদেশেন, আপ্লবন্তি স্ম সন্তরন্তি স্ম ॥৭৭॥

ত ইতি। লোহিতদিগ্ধাঙ্গা রক্তলিপ্তগাত্রাঃ। মম্লুঃ ম্লানা অবসন্না বভূবুঃ ॥৭৮॥

রথানিতি। নাগান্ গজান্। খং সন্নিহিতমাকাশম্, দ্যাং দূরমাকাশম্। লোহিতা

সেইরূপ যুদ্ধ হইতে থাকিলে, হস্তী, অশ্ব ও মানুষ বিনষ্ট হইতে থাকিল। তখন হস্তী, অশ্ব ও মানুষের দেহ হইতে একটা রক্তের নদী প্রবাহিত হইল ॥৭৪॥

সেই নদীটা পতিত বহুতর হস্তী, অশ্ব ও মানুষের দেহ বহন করিতে লাগিল এবং রথ, অশ্ব ও হস্তীতে পরিপূর্ণ রণস্থলে পদাতি, অশ্বারোহী ও রথারোহীদের রক্ত ছিল—সেই নদীর জল এবং মাংস ও ঘন রক্ত ছিল—তাহার কর্দ্দম। এ হেন সেই মহাঘোরা নদী ভীরুজনের ভয় উৎপাদন করিতে থাকিয়া হস্তী, অশ্ব ও মানুষের দেহ বহন করিতেছিল ॥৭৫—৭৬॥

জয়াভিলাষী যোদ্ধারা অনেকে তাহার পারে যাইতে পারিতেছিলেন, আবার অনেকে পারিতেছিলেন না এবং অন্য যোদ্ধারা সেই নদীর তলস্পর্শস্থানে নিমগ্ন ও উন্মগ্ন হইয়া হইয়া সন্তরণ করিতে লাগিলেন ॥৭৭॥

ভরতশ্রেষ্ঠ ! রক্তলিপ্তদেহ এবং রক্তাক্ত বর্ম্ম, অস্ত্র ও বস্ত্রধারী সেই যোদ্ধারা সেই রক্তনদীতে স্নান ও পান করিতে লাগিলেন এবং অবসন্ন হইতে থাকিলেন ॥৭৮॥

(৭৭)···অগাধে চাপ্লবন্তশ্চ···পি,···গাধেন চাপ্লবন্তশ্চ···সো।

রূপেণ চাতিরিক্তেন শব্দেন চ বিসর্পতা।
বিষাদঃ সুমহানাসীৎ প্রায়ঃ সৈন্যস্য ভারত ! ॥৮১॥ (বিশেষকম্)
তত্তু বিপ্রহতং সৈন্যং ভীমসেনমুখাস্তদা।
ভূয়ঃ সমাদ্রবন্ বীরাঃ সাত্যকিপ্রমুখা রথাঃ ॥৮২॥
তেষামাপততাং বেগমবিষহ্যং নিরীক্ষ্য চ।
পুত্ত্রাণাং তে মহৎ সৈন্যমাসীদ্রাজন্ ! পরাঙ্মুখম্ ॥৮৩॥
তৎ প্রকীর্ণরথাশ্বেভং নরবাজিসমাকুলম্।
বিধ্বস্তচর্ম্মকবচং প্রবিদ্ধায়ুধকার্ম্মুকম্ ॥৮৪॥
ব্যদ্রবত্তাবকং সৈন্যং লোড্যমানং সমন্ততঃ।
সিংহার্দ্দিতমিবারণ্যে যথা গজকুলং তথা ॥৮৫॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রক্তসম্পর্কাদ্রক্তবর্ণাঃ। লোহিতস্য রক্তস্য। বিসর্পতা সমন্তাৎ প্রসরতা। সৈন্যস্য উভয়স্য ॥৭৯—৮১॥

তদিতি। বিপ্রহতং বিষমম্, সৈন্যং কৌরবীয়ম্। সমাদ্রবন্ অভ্যধাবন্ ॥৮২॥

তেষামিতি। অবিষহ্যং স্বপক্ষেণেতি শেষঃ, নিরীক্ষ্য পর্য্যালোচ্য ॥৮৩॥

তদিতি। প্রকীর্ণা ইতস্ততো বিক্ষিপ্তা রথা অশ্বা ইভা গজাশ্চ যস্য তৎ, প্রবিদ্ধানি ভয়েন বিচ্যুতানি আয়ুধানি কার্ম্মুকাণি চ যস্য তৎ। ব্যদ্রবৎ পলায়ত। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৮৪—৮৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভরতনন্দন ! হত ও হন্যমান হস্তী, অশ্ব ও মানুষ এবং রথ, অস্ত্র, অলঙ্কার, নিকটের ও দূরের আকাশ, ভূমি ও দিক্ ইহার প্রায় বস্তুই আমরা রক্তবর্ণ দেখিতে লাগিলাম ; আর নানাদিকে প্রসারী অতিরিক্ত রক্তের গন্ধে, স্পর্শে, রসে, রূপে ও শব্দে প্রায় সৈন্যেরই গুরুতর বিষাদ উপস্থিত হইল ॥৭৯—৮১॥

তখন মহাবীর ভীমসেন ও সাত্যকিপ্রভৃতি রথীরা সেই বিষম কৌরবসৈন্যগণের দিকে পুনরায় ধাবিত হইলেন ॥৮২॥

রাজা ! তৎকালীন তাঁহাদের আক্রমণবেগ অসহ্য ইহা পর্য্যালোচনা করিয়া আপনার পুত্ত্রদের বিশাল সৈন্য পরাঙ্মুখ হইয়া পড়িল ॥৮৩॥

(৮১)···প্রায়ঃ সৈন্যস্য মারিষ !—বর্দ্ধ। * '···উনপঞ্চাশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

তানভিদ্রবতো দৃষ্ট্বা পাণ্ডবাংস্তাবকং বলম্।
দুর্য্যোধনো মহারাজ! বারয়ামাস সর্বশঃ ॥১॥
যোধাংশ্চ স্ববলঞ্চৈব সমন্তাদ্ভরতর্ষভ!।
ক্রোশতস্তব পুত্রস্য ন স্ম রাজন্! ন্যবর্ত্তত ॥২॥
ততঃ পক্ষঃ প্রপক্ষশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ।
তদা সশস্ত্রা কুরবো ভীমমভ্যদ্রবন্ রণে ॥৩॥
কর্ণোঽপি দৃষ্ট্বা দ্রবতো ধার্ত্তরাষ্ট্রান্ সরাজকান্।
মদ্ররাজমুবাচেদং যাহি ভীমরথং প্রতি ॥৪॥

ভারতকৌমুদী

তানিতি। অভিদ্রবতঃ অভিধাবতঃ। বারয়ামাস পলায়নাদিতি শেষঃ ॥১॥
যোধানিতি। ক্রোশত আগচ্ছতেত্যাহ্বয়তঃ। ন্যবর্ত্তত যোধগণঃ স্ববলঞ্চ ॥২॥
তত ইতি। পক্ষঃ প্রপক্ষশ্চ ব্যূহস্য তত্তদংশগতসৈন্যগণ ইত্যর্থঃ ॥৩॥
কর্ণ ইতি। দ্রবতো ভীমমভিধাবতঃ, সরাজকান্ দুর্য্যোধনসহিতান্ ॥৪॥

ক্রমে বনমধ্যে সিংহপীড়িত হস্তিসমূহ যেমন পলায়ন করে, সেইরূপ আপনার সৈন্য সকল দিকে পলায়ন করিতে লাগিল। কারণ, পাণ্ডবগণের আলোড়নে তাহার রথী, অশ্বারোহী ও গজারোহীরা সকল দিকে বিক্ষিপ্ত হইতেছিল; পদাতি ও অশ্বারোহীরা আকুল হইয়া পড়িয়াছিল; তাহাদের চর্ম্ম ও কবচ বিধ্বস্ত হইয়াছিল এবং অস্ত্র ও ধনু পড়িয়া যাইতেছিল ॥৮৪—৮৫॥

——:-০-:——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাণ্ডবেরা আসিতেছেন দেখিয়া দুর্য্যোধন সকল দিকে পলায়মান আপনার সৈন্যগণকে বারণ করিতে লাগিলেন ॥১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! দুর্য্যোধন সকল দিক্ হইতে যোদ্ধাদিগকে ও সৈন্যগণকে ডাকিতে লাগিলেও তাঁহারা ফিরিলেন না ॥২॥

তাহার পর ব্যূহের পক্ষ ও প্রপক্ষবর্ত্তী যোদ্ধারা, সুবলপুত্র শকুনি এবং সশস্ত্র কৌরবেরা যুদ্ধে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

এবমুক্তস্তু কর্ণেন শল্যো মদ্রাধিপস্তদা।
হংসবর্ণান্ হয়ানগ্র্যান্ প্রৈষীদ্‌যত্র বৃকোদরঃ ॥৫॥
তে প্রেরিতা মহারাজ! শল্যেনাহবশোভিনা।
ভীমসেনরথং প্রাপ্য সমসজ্জন্ত বাজিনঃ ॥৬॥
দৃষ্ট্বা কর্ণং সমায়ান্তং ভীমঃ ক্রোধসমন্বিতঃ।
মতিং চক্রে বিনাশায় কর্ণস্য ভরতর্ষভ! ॥৭॥
সোঽব্রবীৎ সাত্যকিং বীরং ধৃষ্টদ্যুম্নঞ্চ পার্ষতম্।
যূয়ং রক্ষত রাজানং ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্ ॥৮॥
সংশয়ান্মহতো মুক্তং কথঞ্চিৎ প্রেক্ষতো মম।
অগ্রতো মে কৃতো রাজা ছিন্নসর্বপরিচ্ছদঃ ॥৯॥
দুর্য্যোধনস্য প্রীত্যর্থং রাধেয়েন দুরাত্মনা।
অহমন্তং গমিষ্যামি তস্য দুঃখস্য পার্ষত! ॥১০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

এবমিতি। হংসবর্ণান্ হংসবৎ শুভ্রবর্ণান্, অগ্র্যানুত্তমান্, প্রৈষীৎ প্রেরিতবান্ ॥৫॥
ত ইতি। প্রেরিতাশ্চালিতাঃ। সমসজ্জন্ত সম্মিলিতা অভবন্ ॥৬॥
দৃষ্ট্বেতি। মতিং চক্র ইতি তু বাজিনাং সংসক্তেঃ পূর্ব্বভাব উক্তঃ ॥৭॥
স ইতি। স ভীমঃ। পার্ষতং পৃষতপৌত্রম্। সংশয়াৎ প্রাণসন্দেহাৎ কথঞ্চিৎ কষ্টেন মুক্তম্। ছিন্নাঃ সর্বে পরিচ্ছদা বর্ম্মাদয়ো যস্য সঃ। অন্তমবসানম্ ॥৮—১০॥

তখন দুর্য্যোধনের সহিত ধার্ত্তরাষ্ট্রগণকে ভীমের দিকে যাইতে দেখিয়া কর্ণও শল্যকে বলিলেন যে, 'ভীমের রথের দিকে যান' ॥৪॥

কর্ণ এইরূপ বলিলে, মদ্ররাজ শল্য তখনই—যেখানে ভীম ছিলেন, সেই দিকে হংসের ন্যায় শুভ্রবর্ণ উত্তম অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥৫॥

মহারাজ! যুদ্ধশোভী শল্য চালাইয়া দিলে, সেই অশ্বগুলি ভীমসেনের রথের নিকটে যাইয়া তাঁহার সৈন্যের সহিত মিলিত হইল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! কর্ণকে আসিতে দেখিয়া ভীমসেন ক্রুদ্ধ হইয়া পূর্বেই তাঁহাকে বিনাশ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৭॥

পরে ভীমসেন মহাবীর সাত্যকি ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'আপনারা ধর্ম্মাত্মা রাজা যুধিষ্ঠিরকে রক্ষা করুন; আজ তিনি কোন প্রকারে মহাজীবনসন্দেহ হইতে মুক্তিলাভ করিয়াছেন। কারণ, দুরাত্মা কর্ণ দুর্য্যোধনের প্রীতির জন্য আমার

৮)···এনং রক্ষত রাজানম্···পি। (১০)···অন্তমস্য গমিষ্যামি···বঙ্গ বর্দ্ধ বা সো।

হন্তাস্ম্যদ্য রণে কর্ণং স বা মাং নিহনিষ্যতি।
সংগ্রামেণ সুঘোরেণ সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥১১॥
রাজানমদ্য ভবতাং ন্যাসভূতং দদামি বৈ।
তস্য সংরক্ষণে সর্ব্বে যতধ্বং বিগতজ্বরাঃ ॥১২॥
এবমুক্ত্বা মহাবাহুঃ প্রায়াদাধিরথিং প্রতি।
সিংহনাদেন মহতা সর্ব্বাঃ সংনাদয়ন্ দিশঃ ॥১৩॥
দৃষ্ট্বা ত্বরিতমায়ান্তং ভীমং যুদ্ধাভিনন্দিনম্।
সূতপুত্রমথোবাচ মদ্রাণামীশ্বরো বিভুঃ ॥১৪॥

শল্য উবাচ।

পশ্য কর্ণ! মহাবাহুং সংরব্ধং পাণ্ডুনন্দনম্।
দীর্ঘকালার্জ্জিতং ক্রোধং মোক্তুকামং ত্বয়ি ধ্রুবম্ ॥১৫॥

ভারতকৌমুদী

হন্তাস্মীতি। হন্তাস্মি হনিষ্যামি ॥১১॥
রাজানমিতি। রাজানং যুধিষ্ঠিরম্। বিগতজ্বরা নিরুদ্বেগসন্তাপা যূয়ম্ ॥১২॥
এবমিতি। মহাবাহুর্ভীমসেনঃ, আধিরথিম্ অধিরথপুত্রং কর্ণম্ ॥১৩॥
দৃষ্ট্বেতি। যুদ্ধেন অভিনন্দতি আনন্দমনুভবতীতি যুদ্ধাভিনন্দী তম্ ॥১৪॥
পশ্যেতি। সংরব্ধং সাটোপম, পাণ্ডুনন্দনং প্রকরণাদ্ভীমসেনম্ ॥১৫॥

সম্মুখেই রাজা যুধিষ্ঠিরের সমস্ত পরিচ্ছদ ছেদন করিয়াছিল। অতএব পৃষতনন্দন! আমি আজ সেই দুঃখের পারে যাইব ॥৮—১০॥

আমি আজ অতিভীষণ যুদ্ধ করিয়া কর্ণকে বধ করিব, কিংবা সে আমাকে বধ করিবে; ইহা আমি আপনাদের নিকট সত্য বলিতেছি ॥১১॥

আমি আজ আপনাদের নিকট রাজাকে ন্যাসস্বরূপ দান করিলাম (গচ্ছিত রাখিলাম)। অতএব আপনারা সকলে নিরুদ্বেগ হইয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য যত্নবান্ হউন' ॥১২॥

মহারাজ! এই কথা বলিয়া মহাবাহু ভীমসেন বিশাল সিংহনাদে সমস্ত দিক্ নিনাদিত করিয়া কর্ণের দিকে ধাবিত হইলেন ॥১৩॥

যুদ্ধামোদী ভীমসেন সত্বর আসিতেছেন দেখিয়া মদ্ররাজ শক্তিশালী শল্য কর্ণকে বলিতে লাগিলেন ॥১৪॥

শল্য বলিলেন—'কর্ণ! দেখ—মহাবাহু ভীমসেন কিরূপ আড়ম্বরে আসিতে-

(১১) হন্তাস্ম্যদ্য রণে চৈকঃ...পি। (১৫)...সংক্রুদ্ধং পাণ্ডুনন্দনম্...বঙ্গ বর্দ্ধ বা সো।

ঈদৃশং নাস্য রূপং মে দৃষ্টপূর্বং কদাচন।
অভিমন্যৌ হতে কর্ণ! রাক্ষসে চ ঘটোৎকচে ॥১৬॥
ত্রৈলোক্যস্য সমস্তস্য শক্তঃ ক্রুদ্ধো নিবারণে।
বিভর্ত্তি যাদৃশং রূপং যুগান্তাগ্নিসমপ্রভম্ ॥১৭॥

সঞ্জয় উবাচ।

ইতি ব্রুবতি রাধেয়ং মদ্রাণামীশ্বরে নৃপ!।
অভ্যবর্ত্তত বৈ কর্ণং ক্রোধদীপ্তো বৃকোদরঃ ॥১৮॥
তথাগতন্তু সংপ্রেক্ষ্য ভীমং যুদ্ধাভিনন্দিনম্।
অব্রবীদ্বচনং শল্যং রাধেয়ঃ প্রহসন্নিব ॥১৯॥
যদুক্তং বচনং মেঽদ্য ত্বয়া মদ্রজনেশ্বর!।
ভীমসেনং প্রতি বিভো! তৎ সত্যং নাত্র সংশয়ঃ ॥২০॥

ভারতকৌমুদী

ঈদৃশমিতি। মে ময়া। অভিমন্যৌ রাক্ষসে ঘটোৎকচে চ হতেঽপীত্যর্থঃ ॥১৬॥
ত্রৈলোক্যস্যেতি। যাদৃশং রূপং বিভর্ত্তি, তেন ত্রৈলোক্যস্যাপি নিবারণে শক্তঃ ॥১৭॥
ইতীতি। অভ্যবর্ত্তত আভিমুখ্যেনাগচ্ছৎ, ক্রোধেন দীপ্ত উত্তেজিতঃ ॥১৮॥
তথেতি। প্রহসন্নিব আত্মনো ভীমসেনসহত্ববিশ্বাসাদিতি ভাবঃ ॥১৯॥
যদিতি। তৎ সত্যম্, তথৈব দর্শনাদিত্যাশয়ঃ ॥২০॥

ছেন। নিশ্চয়ই ইনি দীর্ঘকালের সঞ্চিত ক্রোধ তোমার উপরে সঞ্চারিত করিবার ইচ্ছা করিতেছেন ॥১৫॥

কর্ণ! অভিমন্যু ও ঘটোৎকচ নিহত হইলেও পূর্ব্বে কখনও আমি ইহার এপ্রকার রূপ দেখি নাই ॥১৬॥

ইনি ক্রুদ্ধ হইয়া প্রলয়াগ্নির তুল্য যেপ্রকার রূপ ধারণ করিয়াছেন, তাহাতে বোধ হয়—ইনি সমগ্র ত্রিভুবনকেও নিবারণ করিতে সমর্থ হন' ॥১৭॥

সঞ্জয় বলিলেন—'রাজা! শল্য কর্ণকে এইরূপ বলিতেছিলেন, এমন সময়েই ক্রোধোত্তেজিত ভীমসেন কর্ণের অভিমুখে উপস্থিত হইলেন ॥১৮॥

যুদ্ধামোদী ভীমসেনকে এইভাবে উপস্থিত দেখিয়া কর্ণ হাসিতে হাসিতেই যেন শল্যকে এই কথা বলিলেন—॥১৯॥

'শক্তিশালী মদ্ররাজ! আপনি এখন আমার নিকট ভীমসেনের বিষয়ে যে কথা বলিলেন, সে কথা সত্য; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২০॥

(১৭)...বিভর্ত্তি সদৃশং রূপম্...পি বা সো।

এষ শূরশ্চ বীরশ্চ ক্রোধনশ্চ বৃকোদরঃ।
নিরপেক্ষঃ শরীরে চ প্রাণতশ্চ বলাধিকঃ ॥২১॥
অজ্ঞাতবাসং বসতা বিরাটনগরে তদা।
দ্রৌপদ্যাঃ প্রিয়কামেণ কেবলং বাহুসংশ্রয়াৎ ॥২২॥
গূঢ়ভাবং সমাশ্রিত্য কীচকঃ সগণো হতঃ।
সোঽদ্য সংগ্রামশিরসি সন্নদ্ধঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥২৩॥
কিং করোদ্যতদণ্ডেন মৃত্যুনাপি ব্রজেদ্রণে।
চিরকালাভিলষিতো মমায়ন্তু মনোরথঃ ॥২৪॥ (বিশেষকম্)
অর্জ্জুনং সমরে হন্যাং মাং বা হন্যাদ্ধনঞ্জয়ঃ।
স মে কদাচিদদ্যৈব ভবেদ্ভীমসমাগমাৎ ॥২৫॥

ভারতকৌমুদী

এষ ইতি। শূরঃ শিক্ষয়া, বীরঃ শরীরশক্ত্যা। প্রাণত উৎসাহাচ্চ ॥২১॥

অজ্ঞাতেতি। বসতা কুর্বতা। গণৈরুপকীচকৈঃ সহেতি সঃ। তথাপি কিম্, করেণ উদ্যতঃ উত্তোলিতো দণ্ডো যেন তাদৃশেন, মৃত্যুনা তদধিষ্ঠাত্রা যমেনাপি সহ, রণে ব্রজেৎ ব্রজিতুং শক্নুয়াৎ। কথমপি নেত্যর্থঃ। এতেনাহং যমতুল্য এবেতি সূচিতম্। মনোরথ-স্তুদ্বিষয়ঃ ॥২২—২৪॥

অথ কোঽসৌ মনোরথবিষয় ইত্যাহ অর্জ্জুনমিতি। ভবেদিতি কাকা প্রশ্নো ব্যজ্যতে ॥২৫॥

ভারতভাবদীপঃ

ত্বমিতি ॥১—২৩॥ কিং করোদ্যতদণ্ডেন করেণোদ্যতো দণ্ডো যেন তেন মৃত্যুনা সমঃ, কিংশব্দ উপমার্থে ॥২৪—৪৯॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

এই ভীম শিক্ষাতে বীর, দৈহিক শক্তিতে বীর, কোপনস্বভাব, দেহের প্রতি নিরপেক্ষ এবং উৎসাহেও অধিকবলশালী ॥২১॥

ভীমসেন তখন বিরাটরাজধানীতে অজ্ঞাতবাস করিবার সময়ে দ্রৌপদীর প্রিয় কার্য্য করিবার ইচ্ছায় গুপ্তভাবে থাকিয়া কেবল বাহুবল অবলম্বন করিয়া অনুচর-বর্গের সহিত কীচককে বধ করিয়াছিলেন; তিনি আজ যুদ্ধসজ্জায় সজ্জিত এবং ক্রোধে অধীর হইয়া যুদ্ধে আসিয়াছেন, তাই বলিয়া কি উনি দণ্ডধারী যমের সহিতও যুদ্ধে যাইতে পারেন? সে যাহা হউক, আমি চিরকাল এই অভিলাষ করিয়া আসিতেছি ॥২২—২৪॥

'আমি যুদ্ধে অর্জ্জুনকে বধ করিব, কিংবা অর্জ্জুন আমাকে বধ করিবেন'।

(২৪)···ব্রজেদ্রণম্···পি বঙ্গ বর্দ্ধ সো,···মমায়ন্তু···বর্দ্ধ বা সো।

নিহতে ভীমসেনে তু যদি বা বিরথীকৃতে।
অভিযাস্যতি মাং পার্থস্তম্মে সাধু ভবিষ্যতি ॥২৬॥
অত্র যন্মন্যসে প্রাপ্তং তচ্ছীঘ্রং সম্প্রধারয়।
এতচ্ছ্রুত্বা তু বচনং রাধেয়স্যামিতৌজসঃ ॥২৭॥
উবাচ বচনং শল্যঃ সূতপুত্রং তথাগতম্।
অভিযাহি মহাবাহো! ভীমসেনং মহাবলম্ ॥২৮॥ (যুগ্মকম্)
নিরস্য ভীমসেনন্তু ততঃ প্রাপ্স্যসি ফাল্গুনম্।
যস্তে কামোঽভিলষিতশ্চিরাৎ প্রভৃতি হৃদ্‌গতঃ ॥২৯॥
স বৈ সম্পৎস্যতে কর্ণ! সত্যমেতদ্‌ব্রবীমি তে।
এবমুক্তে ততঃ কর্ণঃ শল্যং পুনরভাষত ॥৩০॥ (যুগ্মকম্)
হন্তাহমর্জ্জুনং সংখ্যে মাং বা হন্যাদ্ধনঞ্জয়ঃ।
যুদ্ধে মনঃ সমাধায় যাহি যত্র বৃকোদরঃ ॥৩১॥

ভারতকৌমুদী

তৎসম্ভাবনামাহ নিহত ইতি। পার্থোঽর্জ্জুনঃ। সাধু ভবিষ্যতি, অভীষ্টপূর্ত্তিসম্ভবাৎ ॥২৬॥ অত্রেতি। প্রাপ্তমুচিতম্। সম্প্রধারয় নিশ্চিনু। তথাগতং তৎকালোচিতম্ ॥২৭—২৮॥ নিরস্যেতি। নিরস্য বধেন বিরথীকরণেন বা নিবর্ত্ত্য। সম্পৎস্যতে পূর্ণো ভবিষ্যতি ॥২৯-৩০॥ হন্তেতি। হন্তা হনিষ্যামি। সংখ্যে যুদ্ধে। সমাধায় নিবেশ্য ॥৩১॥

ভীমের সহিত সম্মেলনবশতঃ আমার সেই অভিলাষ অদ্যই কোন সময়ে পূর্ণ হইবে কি? ॥২৫॥

কেন না, আমি ভীমসেনকে নিহত বা বিরথ করিলে, অর্জ্জুন নিশ্চয়ই আমার দিকে আসিবেন; তাহা হইলেই তাহা আমার পক্ষে উত্তম হইবে ॥২৬॥

অতএব মদ্ররাজ! এখন আপনি যাহা উচিত মনে করেন, তাহা সত্বর স্থির করুন'। অমিততেজা কর্ণের এই কথা শুনিয়া শল্য কর্ণকে তৎকালোচিত এই কথা বলিলেন—'মহাবাহু! তুমি মহাবল ভীমসেনের দিকেই গমন কর ॥২৭—২৮॥

কর্ণ! তুমি ভীমসেনকে নিরস্ত করিয়া পরে অর্জ্জুনকে পাইবে; তাহা হইলেই চিরকাল তোমার মনে যে অভীষ্ট বিষয় ছিল, তাহা সম্পূর্ণ হইবে; ইহা তোমার নিকট সত্য বলিতেছি'। শল্য এইরূপ বলিলে, তাহার পর কর্ণ পুনরায় শল্যকে বলিলেন—॥২৯—৩০॥

'যুদ্ধে আমি অর্জ্জুনকে বধ করিব, কিংবা অর্জ্জুন আমাকে বধ করিবেন। অতএব মদ্ররাজ! আপনি যুদ্ধে মনোনিবেশ করিয়া—যেখানে ভীমসেন রহিয়াছেন, সেইখানে যান' ॥৩১॥

সঞ্জয় উবাচ।

ততঃ প্রায়াদ্রথেনাশু শল্যস্তত্র বিশাংপতে!।
যত্র ভীমো মহেষ্বাসো ব্যদ্রাবয়ত বাহিনীম্ ॥৩২॥
ততস্তূর্য্যনিনাদশ্চ ভেরীণাঞ্চ মহাস্বনঃ।
উদতিষ্ঠচ্চ রাজেন্দ্র! কর্ণভীমসমাগমে ॥৩৩॥
ভীমসেনোঽথ সংক্রুদ্ধস্তব সৈন্যং দুরাসদম্।
নারাচৈর্বিমলৈস্তীক্ষ্ণৈর্দিশঃ প্রাদ্রাবয়দ্বলী ॥৩৪॥
স সন্নিপাতস্তুমুলো ঘোররূপো বিশাংপতে!।
আসীদ্রৌদ্রো মহারাজ! কর্ণপাণ্ডবয়োর্ম্মৃধে ॥৩৫॥
ততো মুহূর্ত্তাদ্রাজেন্দ্র! পাণ্ডবঃ কর্ণমাদ্রবৎ।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য কর্ণো বৈকর্ত্তনো বৃষঃ ॥৩৬॥
আজঘান সুসংক্রুদ্ধো নারাচেন স্তনান্তরে।
পুনশ্চৈনমমেয়াত্মা শরবর্ষৈরবাকিরৎ ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, ব্যদ্রাবয়ত অপীড়য়ৎ, বাহিনীং কৌরবসেনাম্ ॥৩২॥
তত ইতি। কর্ণভীময়োঃ সমাগমে যুদ্ধে সম্মেলনে ॥৩৩॥
ভীমেতি। দিশঃ সম্মুখদেশাৎ, ব্যদ্রাবয়ৎ নিপীড্যাপাসারয়ৎ ॥৩৪॥
স ইতি। সন্নিপাতঃ সংঘর্ষঃ। রৌদ্রস্তীব্রঃ। মৃধে রণাঙ্গনে ॥৩৫॥
তত ইতি। পাণ্ডবো ভীমঃ, আদ্রবদভ্যধাবৎ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥৩৬—৩৭॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! তাহার পর মহাধনুর্দ্ধর ভীমসেন যেখানে থাকিয়া কৌরবসৈন্য পীড়ন করিতেছিলেন, শল্য সত্বর সেই দিকে রথে গমন করিলেন ॥৩২॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর কর্ণ ও ভীমের সম্মেলন হইবার সম্ভব হইলে, উভয় পক্ষেই তূর্য্যধ্বনি ও ভেরীর মহাশব্দ উঠিল ॥৩৩॥

মহারাজ! তৎপরে বলবান্ ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া নির্ম্মল ও তীক্ষ্ণ নারাচসমূহদ্বারা পীড়ন করিয়া সম্মুখদেশ হইতে আপনার দুর্দ্ধর্ষ সৈন্যদিগকে অপসারিত করিতে লাগিলেন ॥৩৪॥

নরনাথ মহারাজ! ক্রমে সেই রণস্থলে কর্ণ ও ভীমসেনের তুমুল, ভয়ঙ্কর ও তীব্র সংঘর্ষ হইতে লাগিল ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর ভীমসেন মুহূর্ত্তমধ্যেই কর্ণের দিকে ধাবিত হইলেন।

(৩৩)…উদতিষ্ঠত…পি।

স বিদ্ধঃ সূতপুত্রেণ চ্ছাদয়ামাস পত্রিভিঃ।
বিব্যাধ নিশিতৈঃ কর্ণং নবভির্নতপর্ববভিঃ ॥৩৮॥
তস্য কর্ণো ধনুর্মধ্যে দ্বিধা চিচ্ছেদ পত্রিভিঃ।
অথৈনং ছিন্নধন্বানং প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥৩৯॥
নারাচেন সুতীক্ষ্ণেন সর্বাবরণভেদিনা।
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় সূতপুত্রং বৃকোদরঃ ॥৪০॥
রাজন্! মর্ম্মসু মর্ম্মজ্ঞো বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ।
ননাদ বলবন্নাদং কম্পয়ন্নিব মেদিনীম্ ॥৪১॥ (বিশেষকম্)
তং কর্ণঃ পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
মদোৎকটং বনে দৃপ্তমুল্কাভিরিব কুঞ্জরম্ ॥৪২॥
ততঃ সায়কভিন্নাঙ্গঃ পাণ্ডবঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
সংরম্ভামর্ষতাম্রাক্ষঃ সূতপুত্রবধেপ্সয়া ॥৪৩॥

ভারতকৌমুদী

স ইতি। পত্রিভির্বাণৈঃ। বিব্যাধ তাড়য়ামাস। নতপর্ব্বভিরীষদ্বক্রোপান্তৈঃ ॥৩৮॥

তস্যেতি। স্তনান্তরে বক্ষসি। সর্বাবরণভেদিনা বর্ম্মাদিবিদারকেণ। মর্ম্মজ্ঞো দেহস্থ প্রধানস্থানবিৎ। ননাদ চকার, বলবৎ বিশালম্ ॥৩৯—৪১॥

তমিতি। সমার্পয়দপীড়য়ৎ। মদেন উৎকটং মত্তম্, দৃপ্তং দর্পান্বিতম্ ॥৪২॥

তিনি আসিতেছেন দেখিয়া বৈকর্ত্তন ও বৃষ কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া একটা নারাচদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন এবং অজ্ঞেয়স্বভাব কর্ণ বাণবর্ষণ করিয়া পুনরায় ভীমসেনকে আবৃত করিলেন ॥৩৬—৩৭॥

কর্ণ বিদ্ধ করিলে, ভীমসেন বাণদ্বারা কর্ণকে আচ্ছাদন করিলেন এবং নতপর্ব্ব ও সুধার নয়টা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৩৮॥

তখন কর্ণ বাণদ্বারা ভীমসেনের ধনুর মধ্য স্থান দুই খণ্ডে ছেদন করিলেন এবং সুতীক্ষ্ণ ও সর্ব্বাবরণভেদী একটা নারাচদ্বারা ছিন্নকার্ম্মুক ভীমের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন। রাজা! পরে মর্ম্মবিৎ ভীমসেন অন্য ধনু লইয়া সুধার বাণসমূহদ্বারা কর্ণের সমস্ত মর্ম্মস্থানে তাড়ন করিলেন এবং সমরভূমি কম্পিত করিয়াই যেন বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩৯—৪১॥

তৎপরে মানুষ যেমন উল্কাদ্বারা মদমত্ত ও গর্বিত হস্তীকে বনমধ্যে পীড়ন করে, কর্ণ সেইরূপ পঁচিশটা নারাচদ্বারা ভীমকে পীড়ন করিলেন ॥৪২॥

(৪১)…কম্পয়ন্নিব রোদসী—পি বা সো।

স কার্ম্মুকে মহাবেগং ভারসাধনমুত্তমম্।
গিরীণামপি ভেত্তারং সায়কং সমযোজয়ৎ ॥৪৪॥ (যুগ্মকম্)
বিকৃষ্য বলবচ্চাপমাকর্ণাদতি মারুতিঃ।
তং মুমোচ মহেষ্বাসঃ ক্রুদ্ধঃ কর্ণজিঘাংসয়া ॥৪৫॥
স বিসৃষ্টো বলবতা বাণো বজ্রাশনিস্বনঃ।
অদারয়দ্রণে কর্ণং বজ্রবেগো যথাচলম্ ॥৪৬॥
স ভীমসেনাভিহতঃ সূতপুত্রঃ কুরূদ্বহ!।
নিষসাদ রথোপস্থে বিসংজ্ঞঃ পৃতনাপতিঃ ॥৪৭॥
ততো মদ্রাধিপো দৃষ্ট্বা বিসংজ্ঞং সূতনন্দনম্।
অপোবাহ রথেনাজৌ কর্ণমাহবশোভিনম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সংরম্ভেণ ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া চ তাম্রে অক্ষিণী যস্য সঃ। ভারসাধনং বিপক্ষবিনাশাত্মকদুষ্করকার্য্যসাধকম্। ভেত্তারং ভেদক্ষমম্ ॥৪৩—৪৪॥

বিকৃষ্যেতি। বিকৃষ্য আকৃষ্য, বলবৎ দৃঢ়ম্, অতি অতিশয়েন, মারুতির্বায়ুপুত্রো ভীমঃ ॥৪৫॥

স ইতি। বজ্রস্য অশনের্বিদ্যুতশ্চ স্বন ইব স্বনঃ শব্দো যস্য সঃ। অচলং গিরিম্ ॥৪৬॥

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে মধ্যে, পৃতনাপতিঃ কৌরবসেনাপতিঃ ॥৪৭॥

তত ইতি। অপোবাহ অপসারয়ামাস। আহবশোভিনং বীরশ্রিয়া ॥৪৮॥

তখন কর্ণের বাণে ভীমের অঙ্গ সকল বিদীর্ণ হওয়ায় ভীম ক্রোধে অধীর হইয়া পড়িলেন এবং ক্রোধে ও অসহিষ্ণুতায় তাঁহার নয়নযুগল তাম্রবর্ণ হইল; সেই অবস্থায় তিনি ধনুতে মহাবেগশালী, দুষ্করকার্য্যসাধক ও পর্বতবিদারণক্ষম একটা উত্তম বাণ যোজনা করিলেন ॥৪৩—৪৪॥

পরে ক্রুদ্ধ ও মহাধনুর্দ্ধর ভীমসেন দৃঢ় ধনুখানাকে কর্ণপর্য্যন্ত গুরুতর আকর্ষণ করিয়া কর্ণকে বধ করিবার ইচ্ছায় সেই বাণটা নিক্ষেপ করিলেন ॥৪৫॥

তখন বজ্র যেমন পর্ব্বত বিদারণ করে, সেইরূপ বলবান্ ভীমসেনের নিক্ষিপ্ত সেই বাণটা বজ্র ও বিদ্যুতের ন্যায় শব্দ করিতে করিতে যাইয়া কর্ণকে বিদারণ করিল ॥৪৬॥

কৌরবশ্রেষ্ঠ! তখন কৌরবসেনাপতি কর্ণ ভীমসেনের আঘাতে অচৈতন্য হইয়া রথমধ্যে উপবেশন করিলেন ॥৪৭॥

তাহার পর শল্য যুদ্ধশোভী সূতনন্দন কর্ণকে অচৈতন্য দেখিয়া রথে করিয়াই তাঁহাকে রণস্থল হইতে অপসারিত করিলেন ॥৪৮॥

ততঃ পরাজিতে কর্ণে ধার্ত্তরাষ্ট্রীং মহাচমূম্।
ব্যদ্রাবয়দ্ভীমসেনো যথেন্দ্রো দানবান্ পুরা ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কর্ণাপযানে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ।

——:-c-:——

ধৃতরাষ্ট্র উবাচ।
সুদুষ্করমিদং কর্ম্ম কৃতং ভীমেন সঞ্জয় !।
যেন কর্ণো মহাবাহু রথোপস্থে নিপাতিতঃ ॥১॥
কর্ণো হ্যেকো রণে হন্তা পাণ্ডবান্ সৃঞ্জয়ৈঃ সহ।
ইতি দুর্য্যোধনঃ সূত ! প্রাব্রবীন্মাং মুহুর্মুহুঃ ॥২॥
পরাজিতন্তু রাধেয়ং দৃষ্ট্বা ভীমেন সংযুগে।
ততঃ পরং কিমকরোৎ পুত্রো দুর্য্যোধনো মম ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ধার্ত্তরাষ্ট্রীং দৌর্য্যোধনীম্। ব্যদ্রাবয়ৎ অপীড়য়ৎ ॥৪৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

সুদুষ্করমিতি। রথস্য উপস্থে উপবেশনস্থানে। মহাবাহোর্নিপাতনমাশ্চর্য্যমেবেতি ভাবঃ ॥১॥
কর্ণ ইতি। হন্তা হনিষ্যতি। ততঃ কথমেতদিত্যাশয়ঃ ॥২॥

সেইভাবে কর্ণ পরাজিত হইলে, ইন্দ্র যেমন পূর্ব্বকালে দানবগণকে পীড়ন করিতেন, সেইরূপ ভীমসেন দুর্য্যোধনের বিশাল সৈন্যকে পীড়ন করিতে লাগিলেন' ॥৪৯॥

——:-০-:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! ভীম এটা অতিদুষ্কর কার্য্যই করিয়াছিল। যে হেতু সে, মহাবাহু কর্ণকে রথমধ্যে নিপাতিত করিয়াছিল ॥১॥

সঞ্জয় ! দুর্য্যোধন আমাকে মুহুর্মুহু বলিত যে, 'এক কর্ণই যুদ্ধে সৃঞ্জয়গণের সহিত পাণ্ডবগণকে বধ করিবেন' ॥২॥

* '…পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

সঞ্জয় উবাচ।

বিমুখং প্রেক্ষ্য রাধেয়ং সূতপুত্রং মহাহবে।
পুত্রস্তব মহারাজ! সোদর্য্যান্ সমভাষত ॥৪॥
শীঘ্রং গচ্ছত ভদ্রং বো রাধেয়ং পরিরক্ষত।
ভীমসেনভয়াগাধে মজ্জন্তং ব্যসনার্ণবে ॥৫॥
তে তু রাজ্ঞা সমাদিষ্টা ভীমসেনং জিঘাংসবঃ।
অভ্যবর্ত্তন্ত সংক্রুদ্ধাঃ পতঙ্গাঃ পাবকং যথা ॥৬॥
শ্রুতর্বা দুর্দ্ধরঃ ক্রাথো বিবিৎসুর্বিকটঃ সমঃ।
নিষঙ্গী কবচী পাশী তথা নন্দোপনন্দকৌ ॥৭॥
দুষ্প্রধর্ষঃ সুবাহুশ্চ বাতবেগসুবর্চ্চসৌ।
ধনুর্গ্রাহো দুর্ম্মদশ্চ জলসন্ধঃ শলঃ সহঃ ॥৮॥
এতে রথৈঃ পরিবৃতা বীর্য্যবন্তো মহাবলাঃ।
ভীমসেনং সমাসাদ্য সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

পরেতি। দুর্য্যোধনোঽপি পলায়ত অনুধ্যতৈব বেতি প্রশ্নার্থঃ ॥৩॥

বিমুখমিতি। পুত্রো দুর্য্যোধনঃ। সোদর্য্যান্ অবশিষ্টান্ সহোদরান্ ॥৪॥

শীঘ্রমিতি। বো যুষ্মাকম, ভদ্রং মঙ্গলম্, অস্ত্বিতি শেষঃ। ভীমসেনভয়েন অগাধে অতল-স্পর্শে, ব্যসনার্ণবে বিপৎসাগরে। যদি পরিত্রাণ্য ভীমস্তং হন্যাদিতি ভাবঃ ॥৫॥

ত ইতি। পতঙ্গানামিব তেষাং মৃত্যুভাবীত্যুপমালঙ্কারেণ বস্তুধ্বনিঃ ॥৬॥

শ্রুতর্বেতি। একস্যাপ্যনেকনামদর্শনাৎ প্রাগুক্তনামবিরোধঃ পরিহর্ত্তব্যঃ। নিষঙ্গ্যাদীনি বিশেষণানি। বাতবেগেত্যাদি নামদ্বয়ম্। রথৈঃ পরিবৃতা রথান্তর্গতা ইত্যর্থঃ ॥৭—৯॥

সে যাহা হউক, ভীম যুদ্ধে কর্ণকে পরাজয় করিয়াছে দেখিয়া আমার পুত্র দুর্য্যোধন তাহার পরে কি করিলেন?' ॥৩॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! রাধানন্দন কর্ণকে মহাযুদ্ধে বিমুখ দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন সহোদরগণকে বলিলেন—॥৪॥

'ভ্রাতৃগণ! কর্ণ ভীমভয়সঞ্জাত অতলস্পর্শ বিপৎসাগরে মগ্ন হইতেছেন; সুতরাং তোমরা সত্বর যাও, কর্ণকে রক্ষা কর। তোমাদের মঙ্গল হউক' ॥৫॥

রাজা দুর্য্যোধন আদেশ করিলে, পতঙ্গ যেমন অগ্নির দিকে গমন করে, সেইরূপ সেই ধার্ত্তরাষ্ট্রেরা ক্রুদ্ধ হইয়া ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার অভিমুখে গমন করিতে লাগিলেন ॥৬॥

(৬)…ভীমসেনং জিঘাংসয়া…বর্দ্ধ বা সো।

তে ব্যমুঞ্চন্ শরব্রাতান্ নানালিঙ্গান্ সমন্ততঃ।
স তৈরভ্যর্দ্দ্যমানস্তু ভীমসেনো মহাবলঃ ॥১০॥
তেষামাপততাং ক্ষিপ্রং সুতানাং তে জনাধিপ!।
রথৈঃ পঞ্চশতৈঃ সার্দ্ধং পঞ্চাশদহনদ্রথান্ ॥১১॥ (যুগ্মকম্)
বিবিৎসোস্তু ততঃ ক্রুদ্ধো ভল্লেনাপাহরচ্ছিরঃ।
ভীমসেনো মহারাজ! তৎ পপাত ততো ভুবি।
সকুণ্ডলশিরস্ত্রাণং পূর্ণচন্দ্রোপমং তদা ॥১২॥
তং দৃষ্ট্বা নিহতং শূরং ভ্রাতরঃ সর্বতঃ প্রভো!।
অভ্যদ্রবন্ত সমরে ভীমং ভীমপরাক্রমম্ ॥১৩॥
ততোঽপরাভ্যাং ভল্লাভ্যাং পুত্রয়োস্তে মহাহবে।
জহার সমরে প্রাণান্ ভীমো ভীমপরাক্রমঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ত ইতি। শরাণাং ব্রাতান্ সমূহান্, নানালিঙ্গান্ বিবিধচিহ্নযুক্তান্। পঞ্চশতৈ রথৈঃ সার্দ্ধমাপততাং তেষাং তে পুত্রাণাং পঞ্চাশদ্রথানহনদিতি সম্বন্ধঃ ॥১০—১১॥

বিবিৎসোরিতি। কুণ্ডলাভ্যাং শিরস্ত্রাণেন চ সহেতি তৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

তমিতি। অভ্যদ্রবন্ত প্রহারায় অভ্যধাবন্ ॥১৩॥

শ্রুতবর্ব্বা, দুর্দ্ধর, ক্রাথ, বিবিৎসু, বিকট, সম, নন্দ, উপনন্দ, দুষ্প্রধর্ষ, সুবাহু, বাতবেগ, সুবর্চ্চা, ধনুর্গ্রাহ, দুর্ম্মদ, জলসন্ধ, শল ও সহ---দৈহিক ও মানসিকবলশালী এই ধার্ত্তরাষ্ট্রেরা তূণ, কবচ ও পাশ ধারণপূর্ব্বক রথারোহণ করিয়া নিকটবর্ত্তী হইয়া সকল দিক্ হইতে ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥৭---৯॥

ক্রমে তাঁহারা সকল দিক্ হইতে নানাচিহ্নযুক্ত বাণসমূহ ভীমের উপরে নিক্ষেপ করিতে লাগিলেন। নরনাথ! তাঁহারা পীড়ন করিতে লাগিলে, পঞ্চশত রথীর সহিত আগত আপনার পুত্রগণের সহচর পঞ্চাশ জন রথীকে মহাবল ভীমসেন বধ করিলেন ॥১০---১১॥

মহারাজ! তাহার পর ক্রুদ্ধ ভীমসেন একটা ভল্লদ্বারা বিবিৎসুর মস্তক ছেদন করিলেন। তখন কুণ্ডল ও শিরস্ত্রাণের সহিত পূর্ণচন্দ্রতুল্য সেই মস্তকটী ভূতলে পতিত হইল ॥১২॥

রাজা! সেই বীর বিবিৎসুকে নিহত দেখিয়া অপর ভ্রাতারা সকল দিক্ হইতে ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেনের প্রতি ধাবিত হইলেন ॥১৩॥

(১১)···পুত্রাণাং তে জনাধিপ!···বর্দ্ধ। (১২)···তৎ পপাত হতং ভুবি···পি বা মো।

তৌ ধরামন্বপদ্যেতাং বাতরুগ্ণাবিব দ্রুমৌ।
বিকটশ্চ সহশ্চোভৌ দেবপুত্রোপমৌ নৃপ! ॥১৫॥
ততস্তু ত্বরিতো ভীমঃ ক্রাথং নিন্যে যমক্ষয়ম্।
নারাচেন সুতীক্ষ্ণেন স হতো ন্যপতদ্ভুবি ॥১৬॥
হাহাকারস্ততস্তীব্রঃ সংবভূব জনেশ্বর!।
বধ্যমানেষু বীরেষু তব পুত্রেষু ধন্বিষু ॥১৭॥
তেষাং সংলুলিতে সৈন্যে পুনর্ভীমো মহাবলঃ।
নন্দোপনন্দৌ সমরে প্রৈষয়দ্‌যমসাদনম্ ॥১৮॥
ততস্তে প্রাদ্রবন্ ভীতাঃ পুত্রাস্তে বিহ্বলীকৃতাঃ।
ভীমসেনং রণে দৃষ্ট্বা কালান্তকযমোপমম্ ॥১৯॥
পুত্রাংস্তে নিহতান্ দৃষ্ট্বা সূতপুত্রঃ সুদুর্ম্মনাঃ।
হংসবর্ণান্ হয়ান্ ভূয়ঃ প্রাহিণোদ্‌যত্র পাণ্ডবঃ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। পুত্রয়োর্বিকটসহাখ্যয়োস্তথৈব বক্ষ্যমাণত্বাৎ ॥১৪॥
তাবিতি। অন্বপদ্যেতাং প্রাপ্নুতাম্, বাতরুগ্ণৌ বায়ুভগ্নৌ ॥১৫॥
তত ইতি। যমস্য ক্ষয়ং ভবনম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥১৬॥
হাহেতি। বধ্যমানেষু ভীমসেনেন। ধন্বিষু ধনুর্দ্ধরেষু ॥১৭॥
তেষামিতি। বিলুলিতে ভগ্নে। প্রৈষয়ৎ প্রৈরয়ৎ, যমস্য সাদনমালয়ম্ ॥১৮॥
তত ইতি। কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী যো যমস্তদুপমম্ ॥১৯॥

মহারাজ! তাহার পর ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেন অপর দুইটা ভল্লদ্বারা আপনার পুত্র বিকট ও সহের প্রাণ হরণ করিলেন ॥১৪॥

রাজা! তখন দেবপুত্রের তুল্য বিকট ও সহ বায়ুভগ্ন দুইটা বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন ॥১৫॥

তদনন্তর ভীমসেন ত্বরান্বিত হইয়া একটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা ক্রাথকে যমালয়ে প্রেরণ করিলেন; তখন তিনিও নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥১৬॥

নরনাথ! আপনার বীর ও ধনুর্দ্ধর পুত্রেরা নিহত হইলে, তীব্র হাহাকার হইতে লাগিল ॥১৭॥

ক্রমে তাঁহাদের সৈন্য ভগ্ন হইলে, মহাবল ভীমসেন পুনরায় নন্দ ও উপনন্দকে যমালয়ে পাঠাইলেন ॥১৮॥

রাজা! তৎপরে আপনার অবশিষ্ট পুত্রেরা যুদ্ধে ভীমসেনকে কালান্তক যমের ন্যায় দেখিয়া ভীত ও বিহ্বল হইয়া পলায়ন করিতে লাগিলেন ॥১৯॥

তে প্রেরিতা মহারাজ! মদ্ররাজেন বাজিনঃ।
ভীমসেনরথং প্রাপ্য সমসজ্জন্ত বেগিতাঃ ॥২১॥
স সন্নিপাতস্তুমুলো ঘোররূপো বিশাংপতে!।
আসীদ্রৌদ্রো মহারাজ! কর্ণপাণ্ডবয়োর্ম্মৃধে ॥২২॥
দৃষ্ট্বা মম মহারাজ! তৌ সমেতৌ মহারথৌ।
আসীদ্বুদ্ধিঃ কথং যুদ্ধমেতদদ্য ভবিষ্যতি ॥২৩॥
ততো ভীমো রণশ্লাঘী চ্ছাদয়ামাস পত্রিভিঃ।
কর্ণং রণে মহারাজ! পুত্রাণাং তব পশ্যতাম্ ॥২৪॥
ততঃ কর্ণো ভৃশং ক্রুদ্ধো ভীমং নবভিরায়সৈঃ।
বিব্যাধ পরমাস্ত্রজ্ঞো ভল্লৈঃ সন্নতপর্বভিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

পুত্রানিতি। সুহৃন্মনা অতীবদুঃখিতচিত্তঃ। পাণ্ডবো ভীমঃ ॥২০॥

ত ইতি। সমসজ্জন্ত ভীমসেনসৈন্যেন সহ মিলিতা অভবন্ ॥২১॥

স ইতি। সন্নিপাতঃ সংঘর্ষঃ। রৌদ্রস্তীব্রঃ। মৃধে রণস্থলে ॥২২॥

দৃষ্ট্বেতি। সমেতৌ যুদ্ধে মিলিতৌ। বুদ্ধিশ্চিন্তা ॥২৩॥

তত ইতি। রণশ্লাঘী যুদ্ধপ্রশংসী, পত্রিভির্বাণৈঃ ॥২৪॥

তত ইতি। আয়সৈর্লৌহময়ৈঃ। সন্নতপর্ব্বভির্বক্রোপান্তদেশৈঃ ॥২৫॥

ওদিকে কর্ণ আপনার পুত্রগণকে নিহত দেখিয়া অত্যন্ত দুঃখিত হইয়া—যেখানে ভীম ছিলেন, সেই দিকে পুনরায় হংসের ন্যায় শুভ্রবর্ণ অশ্বগুলিকে প্রেরণ করিলেন ॥২০॥

মহারাজ! শল্য চালাইয়া দিলে, সেই বেগবান্ অশ্বগণ ভীমসেনের রথের নিকটে যাইয়া তাঁহার সৈন্যের সহিত মিলিত হইল ॥২১॥

নরনাথ মহারাজ! তখন রণস্থলে কর্ণ ও ভীমসেনের তুমুল, দারুণ ও তীব্র সংঘর্ষ উপস্থিত হইল ॥২২॥

মহারাজ! সেই মহারথ দুই জনকে মিলিত দেখিয়া আমার চিন্তা হইল যে, আজ এই যুদ্ধ কিরূপ হইবে ॥২৩॥

মহারাজ! তাহার পর রণশ্লাঘী ভীমসেন আপনার পুত্রগণের সমক্ষেই বাণসমূহদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৪॥

তৎপরে পরমাস্ত্রজ্ঞ কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া লৌহময় নতপর্ব্ব নয়টা ভল্লদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥২৫॥

(২১) তে প্রেরিতা মহারাজ!…বর্দ্ধ বা সো।

আহতঃ স মহাবাহুর্ভীমো ভীমপরাক্রমঃ।
আকর্ণপূর্ণৈর্বিশিখৈঃ কর্ণং বিব্যাধ সপ্তভিঃ ॥২৬॥
ততঃ কর্ণো মহারাজ! আশীবিষ ইব শ্বসন্।
শরবর্ষেণ মহতা চ্ছাদয়ামাস পাণ্ডবম্ ॥২৭॥
ভীমোঽপি তং শরব্রাতৈশ্ছাদয়িত্বা মহারথম্।
পশ্যতাং কৌরবেয়াণাং বিননাদ মহাবলঃ ॥২৮॥
ততঃ কর্ণো ভৃশং ক্রুদ্ধো দৃঢ়মাদায় কার্ম্মুকম্।
ভীমং বিব্যাধ দশভিঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ ॥২৯॥
কার্ম্মুকঞ্চাস্য চিচ্ছেদ ভল্লেন নিশিতেন চ।
ততো ভীমো মহাবাহুর্হেমপট্টপরিষ্কৃতম্ ॥৩০॥
পরিঘং ঘোরমাদায় মৃত্যুদণ্ডমিবাপরম্।
কর্ণস্য নিধনাকাঙ্ক্ষী চিক্ষেপাতিবলো নদন্ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

আহত ইতি। আকর্ণপূর্ণৈঃ আকর্ণধনুরাকর্ষণেন পূর্ণবেগীকৃতৈরিত্যর্থঃ ॥২৬॥
তত ইতি। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পঃ। পাণ্ডবং ভীমসেনম্ ॥২৭॥
ভীম ইতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। পশ্যতাং কৌরবেয়াণামিত্যনাদরে ষষ্ঠী ॥২৮॥
তত ইতি। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈর্বাণৈঃ ॥২৯॥
কার্ম্মুকমিতি। হেমপট্টেন পরিষ্কৃতং শোভিতম্। মৃত্যুদণ্ডং যমদণ্ডম্ ॥৩০—৩১॥

তখন মহাবাহু ও ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেন আহত হইয়া কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া পূর্ণবেগযুক্ত সাতটা বাণদ্বারা কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৬॥

মহারাজ! তদনন্তর কর্ণ সর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া বিশাল বাণবর্ষণদ্বারা ভীমসেনকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥২৭॥

তখন মহাবল ভীমসেনও বাণসমূহদ্বারা কৌরবগণের সমক্ষেই মহারথ কর্ণকে আবৃত করিয়া সিংহনাদ করিলেন ॥২৮॥

তৎপরে কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া দৃঢ় ধনু গ্রহণ করিয়া দশটা শিলাশাণিত বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥২৯॥

এবং তিনি একটা সুধার ভল্লদ্বারা ভীমের ধনু ছেদন করিয়া ফেলিলেন। তদনন্তর মহাবাহু ও মহাবল ভীমসেন কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া গর্জন করিতে থাকিয়া স্বর্ণপট্টশোভিত অপর যমদণ্ডতুল্য ভয়ঙ্কর একটা পরিঘ গ্রহণপূর্ব্বক তাহা নিক্ষেপ করিলেন ॥৩০—৩১॥

(২৮)…বিননর্দ্দ মহাবলঃ—বা সো। (৩০)…হেমপট্টবিভূষিতম্—বা সো।

তমাপতন্তং পরিঘং বজ্রাশনিসমস্বনম্ ।
চিচ্ছেদ বহুধা কর্ণঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥৩২॥
ততঃ কার্ম্মুকমাদায় ভীমো দৃঢ়তরং তদা ।
ছাদয়ামাস বিশিখৈঃ কর্ণং পরবলার্দ্দনঃ ॥৩৩॥
ততো যুদ্ধমভূদ্‌ঘোরং কর্ণপাণ্ডবয়োর্ম্মৃধে ।
হরীন্দ্রয়োরিব মুহুঃ পরস্পরবধৈষিণোঃ ॥৩৪॥
ততঃ কর্ণো মহারাজ ! ভীমসেনং ত্রিভিঃ শরৈঃ ।
আকর্ণমূলং বিব্যাধ দৃঢ়মায়ম্য কার্ম্মুকম্ ॥৩৫॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ কর্ণেন বলিনাং বরঃ ।
ঘোরমাদত্ত বিশিখং কর্ণকায়বিদারণম্ ॥৩৬॥
তস্য ছিত্ত্বা তনুত্রাণং ভিত্ত্বা কায়ঞ্চ সায়কঃ ।
প্রাবিশদ্ধরণীং রাজন্ ! বল্মীকমিব পন্নগঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

তমিতি। বজ্রস্য অশনের্বিদ্যুতশ্চ সমঃ স্বনতুল্যঃ স্বনো যস্য তম্ ॥৩২॥
তত ইতি। বিশিখৈর্বাণৈঃ, পরবলার্দ্দনো বিপক্ষসৈন্যপীড়কঃ ॥৩৩॥
তত ইতি। মৃধে রণস্থলে। হরীন্দ্রয়োর্ব্বানরশ্রেষ্ঠয়োর্ব্বালিসুগ্রীবয়োঃ ॥৩৪॥
তত ইতি। দৃঢ়ং কার্ম্মুকমাকর্ণমূলমায়ম্য আকৃষ্যেতি সম্বন্ধঃ ॥৩৫॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। আদত্ত অগৃহ্লাৎ, বিশিখং বাণম্ ॥৩৬॥
তস্যেতি। তনুত্রাণং বর্ম্ম। বল্মীকম্ উর্দ্ধীমৃত্তিকাস্তূপম্ ॥৩৭॥

বজ্র ও বিদ্যুতের ন্যায় শব্দকারী সেই পরিঘটা আসিতে লাগিলে, কর্ণ সর্পতুল্য বাণসমূহদ্বারা সেটাকে বহুভাবে ছেদন করিলেন ॥৩২॥

তৎপরে বিপক্ষসৈন্যপীড়নকারী ভীমসেন সুদৃঢ় ধনু লইয়া বাণদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৩॥

তাহার পর রণস্থলে বানরশ্রেষ্ঠ বালি ও সুগ্রীবের ন্যায় অনবরত পরস্পরবধাভিলাষী কর্ণ ও ভীমসেনের ভীষণ যুদ্ধ হইতে লাগিল ॥৩৪॥

মহারাজ ! তাহার পর কর্ণ দৃঢ় ধনুখানাকে কর্ণমূলপর্য্যন্ত আকর্ষণ করিয়া তিনটা বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥৩৫॥

কর্ণ অত্যন্তবিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর ও বলিশ্রেষ্ঠ ভীমসেন কর্ণের দেহবিদারণযোগ্য ভয়ঙ্কর একটা বাণ গ্রহণ করিলেন ॥৩৬॥

---

(৩৩)···কর্ণং পরবলার্দ্দনম্—সো। (৩৭) তস্য ভিত্ত্বা তনুত্রাণম্···বা সো।

স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলন্নিব।
সঞ্চচাল রথে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাচলঃ ॥৩৮॥
ততঃ কর্ণো মহারাজ! রোষামর্ষসমন্বিতঃ।
ভীমং তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ ॥৩৯॥
আজঘ্নে বহুভির্বাণৈর্ধ্বজমেকেষুণাহনৎ।
সারথিঞ্চাস্য ভল্লেন প্রেষয়ামাস মৃত্যবে ॥৪০॥
ছিত্ত্বা চ কার্ম্মুকং তূর্ণং পাণ্ডবস্যাশু পত্রিণা।
বিরথং ভীমকর্ম্মাণং ভীমং কর্ণশ্চকার হ ॥৪১॥
বিরথো ভরতশ্রেষ্ঠ! প্রহসন্ননিলোপমঃ।
গদাং গৃহ্য মহাবাহুরপতৎ স্যন্দনোত্তমাৎ ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। বিহ্বলন্ বিহ্বলীভবন্। অচলঃ পর্ব্বতঃ ॥৩৮॥
তত ইতি। রোষেণ ক্রোধেন অমর্ষেণাসহিষ্ণুতয়া চ সমন্বিতঃ। সমার্পয়দপীড়য়ৎ ॥৩৯॥
আজঘ্ন ইতি। একেষুণা একবাণেন, অহনদচ্ছিনৎ। বিকরণলোপাভাব আর্ষঃ ॥৪০॥
ছিত্ত্বেতি। পাণ্ডবস্য ভীমস্য, পত্রিণা বাণেন। ভীমং ভীষণং কর্ম্ম যস্য তম্ ॥৪১॥
বিরথ ইতি। অনিলোপমো বলবান্। গৃহ্য গৃহীত্বা। স্যন্দনোত্তমাচ্ছিন্নরথশ্রেষ্ঠাৎ ॥৪২॥

রাজা! ভীমের সেই বাণটা যাইয়া কর্ণের বর্ম্মচ্ছেদ ও দেহভেদ করিয়া—সর্প যেমন উয়ীমৃত্তিকাস্তূপের ভিতরে প্রবেশ করে, সেইরূপ ভূমিতে প্রবেশ করিল ॥৩৭॥

কর্ণ সেই গুরুতর প্রহারে ব্যথিত ও বিহ্বলের ন্যায় হইয়া—ভূমিকম্পে পর্বতের তুল্য রথমধ্যে কাঁপিতে লাগিলেন ॥৩৮॥

মহারাজ! তদনন্তর কর্ণ ক্রুদ্ধ ও সহিষ্ণু হইয়া পঁচিশটা নারাচদ্বারা ভীমকে পীড়ন করিলেন ॥৩৯॥

এবং তিনি বহুতর বাণদ্বারা ভীমকে আঘাত করিলেন, একটা বাণে তাঁহার ধ্বজ কাটিয়া ফেলিলেন, আর একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে যমালয়ে পাঠাইলেন ॥৪০॥

কর্ণ ক্রমে সত্বর ভীমের ধনু ছেদন করিয়া সত্বরই বাণসমূহদ্বারা ভীমকর্ম্মা ভীমসেনের রথখানা বিনষ্ট করিলেন ॥৪১॥

ভরতশ্রেষ্ঠ! রথ বিনষ্ট হইলে, বায়ুর তুল্য বলবান্ মহাবাহু ভীমসেন গদা লইয়া ভগ্ন রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৪২॥

(৪১) অস্য পূর্বার্দ্ধাৎ পরম্ 'ততো মুহূর্ত্তাদ্রাজেন্দ্র! নাতিকৃচ্ছ্রাদ্ধসন্নিব' ইত্যৰ্দ্ধমধিকং বা সো।

অবপ্লুত্য তু বেগেন তব সৈন্যং বিশাংপতে।।
ব্যধমদ্‌গদয়া ভীমঃ শরন্মেঘানিবানিলঃ ॥৪৩॥
নাগান্ সপ্তশতান্ রাজন্! ঈষাদন্তান্ প্রহারিণঃ।
ব্যধমৎ সহসা ভীমঃ ক্রুদ্ধরূপঃ পরন্তপঃ ॥৪৪॥
দন্তবেষ্টেষু নেত্রেষু কুম্ভেষু চ কটেষু চ।
মর্ম্মস্বপি চ মর্ম্মজ্ঞস্তান্ নাগানবধীদ্বলী ॥৪৫॥
ততস্তে প্রাদ্রবন্ ভীতাঃ প্রতীপং প্রহিতাঃ পুনঃ!
মহামাত্রৈস্তমাবব্রুর্মেঘা ইব দিবাকরম্ ॥৪৬॥
তান্ স সপ্তশতান্ নাগান্ সারোহায়ুধকেতনান্।
ভূমিষ্ঠো গদয়া জঘ্নে বজ্রেণেন্দ্র ইবাচলান্ ॥৪৭॥

ভারতকৌমুদী

অবেতি। অবপ্লুত্য প্লবেনাবতীর্য্য। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৪৩॥
নাগানিতি। নাগান্ গজান্। ঈষা লাঙ্গলদণ্ডা ইব দন্তা যেষাং তান্ ॥৪৪॥
দন্তেতি। দন্তবেষ্টেষু দন্তাবরণেষু। কটেষু গণ্ডেষু। অবধীদতাড়য়ৎ ॥৪৫॥
তত ইতি। প্রাদ্রবন্ পলায়ন্ত। প্রতীপং প্রতিকূলম্, প্রহিতাঃ প্রেরিতাঃ ॥৪৬॥
তানিতি। আরোহৈরারোহিভিঃ আয়ুধৈরস্ত্রৈঃ কেতনৈর্ধ্বজৈশ্চ সহেতি তান্ ॥৪৭॥

নরনাথ! ভীমসেন লাফাইয়া পড়িয়া—বায়ু যেমন শরৎকালের মেঘ বিনষ্ট করে, সেইরূপ গদাদ্বারা বেগে আপনার সৈন্য বিনষ্ট করিতে লাগিলেন ॥৪৩॥

রাজা! শত্রুসন্তাপক ক্রুদ্ধ ভীম লাঙ্গলদণ্ডের ন্যায় দীর্ঘদন্তশালী ও প্রহারনিপুণ সাত শত হস্তীকে সত্বর বিনষ্ট করিলেন ॥৪৪॥

মর্ম্মজ্ঞ ও বলবান্ ভীমসেন গদাদ্বারা সেই হস্তিগণের দন্তাবরণে, নয়নে, কুম্ভে, গণ্ডে ও মর্ম্মদেশে আঘাত করিয়াছিলেন ॥৪৫॥

তাহার পর সেই হস্তিগণ ভীত হইয়া পলায়ন করিতে লাগিলে, হস্তিপকেরা পুনরায় সেগুলিকে ভীমের প্রতিকূলে প্রেরণ করিল; তখন মেঘ যেমন সূর্য্যকে আবরণ করে, সেইরূপ সেই হস্তিগণ ভীমকে আবরণ করিল ॥৪৬॥

তখন, ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্ব্বত বিনষ্ট করিয়াছিলেন, সেইরূপ ভীমসেন ভূতলে থাকিয়াই গদাদ্বারা আরোহী, অস্ত্র ও ধ্বজের সহিত সেই সাত শত হস্তীকে বিনষ্ট করিলেন ॥৪৭॥

---

(৪৫)···অহনদ্বলী—বঙ্গ বর্দ্ধ।

ততঃ সুবলপুত্রস্য নাগানতিবলান্ পুনঃ।
পোথয়ামাস কৌন্তেয়ো দ্বিপঞ্চাশদরিন্দমঃ ॥৪৮॥
তথা রথশতং সাগ্রং পত্তীংশ্চ শতশোঽপরান্।
ন্যহনৎ পাণ্ডবো যুদ্ধে তাপয়ংস্তব বাহিনীম্ ॥৪৯॥
প্রতাপ্যমানং সূর্য্যেণ ভীমেন চ মহাত্মনা।
তব সৈন্যং সঞ্চুকোচ চর্ম্মাগ্নাবাহিতং যথা ॥৫০॥
তে ভীমভয়সংত্রস্তাস্তাবকা ভরতর্ষভ !।
বিহায় সমরে ভীমং দুদ্রুবুর্বৈ দিশো দশ ॥৫১॥
রথাঃ পঞ্চশতাশ্চান্যে হ্রাদিনশ্চ সুবর্ম্মিণঃ।
ভীমমভ্যদ্রবন্ ঘ্নন্তঃ শরপূগৈঃ সমন্ততঃ ॥৫২॥
তান্ সসূতরথান্ বীরান্ সপতাকাধ্বজায়ুধান্।
পোথয়ামাস গদয়া ভীমো বিষ্ণুরিবাসুরান্ ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। সুবলপুত্রস্য শকুনেঃ, নাগান্ গজান্। কৌন্তেয়ো ভীমঃ ॥৪৮॥
তথেতি। সাগ্রং সাধিকম, পত্তীন্ পদাতীন্ ॥৪৯॥
প্রেতি। সূর্য্যেণ ঊর্দ্ধগতেন। সঞ্চুকোচ সঙ্কুচিতং বভূব। আহিতং স্থাপিতম্ ॥৫০॥
ত ইতি। তাবকা যোদ্ধারঃ। দুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥৫১॥
রথা ইতি। হ্রাদিনো গর্জনকারিণঃ, সুবর্ম্মিণঃ সুষ্ঠু বর্ম্মধারিণঃ। শরাণাং পূগৈশ্চয়ৈঃ ॥৫২॥
তানিতি। সূতৈঃ সারথিভিঃ রথৈশ্চ সহেতি তান্ ॥৫৩॥

তৎপরে শত্রুদমনকারী ভীমসেন পুনরায় শকুনির মহাবল বায়ান্নটা হস্তীকে পোথিত করিলেন ॥৪৮॥

রাজা! আর ভীমসেন আপনার সৈন্য সন্তপ্ত করতঃ সমধিক শত রথী এবং অপর শত শত পদাতি বিনাশ করিলেন ॥৪৯॥

সূর্য্য ও মহাত্মা ভীমসেন সন্তপ্ত করিতে লাগিলে, অগ্নিতে সমর্পিত চর্ম্মের ন্যায় আপনার সৈন্য সঙ্কুচিত হইয়া পড়িল ॥৫০॥

ভরতশ্রেষ্ঠ! আপনার সেই যোদ্ধারা ভীমের ভয়ে অস্থির হইয়া তাঁহাকে ত্যাগ করিয়া দশ দিকে পলায়ন করিতে লাগিলেন ॥৫১॥

সুন্দরবর্ম্মধারী অপর পঞ্চশত রথী গর্জন সহকারে সকল দিক্ হইতে বাণসমূহদ্বারা প্রহার করিতে থাকিয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥৫২॥

তখন বিষ্ণু যেমন অসুরগণকে পোথিত করিয়াছিলেন, সেইরূপ ভীমসেন

(৪৮)…দ্বাপঞ্চাশদরিন্দমঃ—বর্দ্ধ। (৫২)…হ্রাদিনশ্চর্ম্মবর্ম্মিণঃ…বা সো।

ততঃ শকুনিনির্দ্দিষ্টাঃ সাদিনঃ শূরসম্মতাঃ।
ত্রিসাহস্রা যযুর্ভীমং শক্ত্যৃষ্টিপ্রাসপাণয়ঃ ॥৫৪॥
প্রত্যুদ্গম্য জবেনাশু সাশ্বারোহাংস্তদারিহা।
বিবিধান্ বিচরন্ মার্গান্ গদয়া সমপোথয়ৎ ॥৫৫॥
তেষামাসীন্মহাশব্দস্তাড়িতানাঞ্চ সর্বশঃ।
অশ্মভির্বধ্যমানানাং নাগানামিব ভারত! ॥৫৬॥
এবং সুবলপুত্রস্য ত্রিসাহস্রান্ হয়োত্তমান্।
হত্বান্যং রথমাস্থায় ক্রুদ্ধো রাধেয়মভ্যয়াৎ ॥৫৭॥
কর্ণোঽপি সমরে রাজন্! ধর্ম্মপুত্রমরিন্দমম্।
স শরৈশ্ছাদয়ামাস সারথিঞ্চাপ্যপাতয়ৎ ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। শকুনিনা নির্দ্দিষ্টা আদিষ্টাঃ, সাদিনঃ অশ্বারোহিণঃ ॥৫৪॥
প্রতীতি। জবেন বেগেন, সাশ্বারোহান্ আরোহিসহিতানশ্বান্, অরিহা শত্রুহন্তা ॥৫৫॥
তেষামিতি। তাড়িতানাং গদয়া। অশ্মভিঃ পাষাণৈঃ, নাগানাং গজানাম্ ॥৫৬॥
এবমিতি। সুবলপুত্রস্য শকুনেঃ। আস্থায় আরুহ্য। অভ্যয়াদভ্যধাবদ্ভীমঃ ॥৫৭॥
কর্ণ ইতি। ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্। সারথিং ধর্ম্মপুত্রস্যৈব ॥৫৮॥

গদাদ্বারা সারথি, রথ, পতাকা, অস্ত্র ও ধ্বজের সহিত সেই বীরগণকে পোথিত করিলেন ॥৫৩॥

তাহার পর শকুনির আদেশক্রমে বীর বলিয়া অভিমত তিন সহস্র অশ্বারোহী শক্তি, ঋষ্টি ও প্রাস ধারণ করিয়া ভীমের দিকে ধাবিত হইল ॥৫৪॥

তখন শত্রুহন্তা ভীমসেন নানাবিধ পথে বিচরণ করতঃ বেগে উপস্থিত হইয়া হইয়া গদাদ্বারা আরোহীদের সহিত সেই অশ্বগুলিকে সত্বর পোথিত করিলেন ॥৫৫॥

ভরতনন্দন! ভীমসেন গদাদ্বারা সকল দিকের অশ্বগুলির উপরে যখন তাড়ন করিতেছিলেন, তখন প্রস্তরদ্বারা তাড্যমান হস্তিগণের শব্দের ন্যায় সেগুলির মহাশব্দ হইতেছিল ॥৫৬॥

এইভাবে ক্রুদ্ধ ভীমসেন শকুনির তিন সহস্র উত্তম অশ্বকে বিনাশ করিয়া অন্য রথে উঠিয়া কর্ণের দিকে ধাবিত হইলেন ॥৫৭॥

রাজা! এই সময়ে কর্ণও যুদ্ধে বাণদ্বারা অরিন্দম যুধিষ্ঠিরকে আবৃত করিলেন এবং তাঁহার সারথিকেও নিপাতিত করিলেন ॥৫৮॥

(৫৪)…ত্রিসাহস্রাভ্যযুর্ভীমম্…পি বর্দ্ধ। ইতঃ প্রভৃতিচতুর্বিংশতিঃ শ্লোকাঃ পিতামহপুস্তকে পূর্ব্বং বিন্যস্তাঃ। (৫৮)…সারথিঞ্চাপ্যতাড়য়ৎ—পি।

ততঃ স প্রদ্রুতং সংখ্যে রথং দৃষ্ট্বা মহারথঃ।
অন্বধাবৎ কিরন্ বাণৈঃ কঙ্কপত্রৈরজিহ্মগৈঃ ॥৫৯॥
রাজানমভিধাবন্তং শরৈরাবৃত্য রোদসী।
ক্রুদ্ধঃ প্রাচ্ছাদয়ামাস শরজালেন মারুতিঃ ॥৬০॥
স নিবৃত্তস্ততস্তূর্ণং রাধেয়ঃ শত্রুকর্ষণঃ।
ভীমং প্রচ্ছাদয়ামাস সমন্তান্নিশিতৈঃ শরৈঃ ॥৬১॥
ভীমসেনরথব্যগ্রং কর্ণং ভারত! সাত্যকিঃ।
অভ্যর্দ্দয়দমেয়াত্মা পার্ষ্ণিগ্রহণকারণাৎ।
অভ্যবর্ত্তত কর্ণস্তমর্দ্দিতোঽপি শরৈর্ভৃশম্ ॥৬২॥
তাবন্যোন্যং সমাসাদ্য বৃষভৌ সর্বধন্বিনাম্।
বিসৃজন্তৌ শরাংশ্চিত্রান্ বিভ্রাজেতাং মনস্বিনৌ ॥৬৩॥
তাভ্যাং বিয়তি রাজেন্দ্র! বিততং ভীমদর্শনম্।
ক্রৌঞ্চপৃষ্ঠারুণং রৌদ্রং বাণজালং ব্যদৃশ্যত ॥৬৪॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রদ্রুতং পলায়িতম্। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ ॥৫৯॥
রাজানমিতি। রাজানং যুধিষ্ঠিরম্, অভিধাবন্তং কর্ণম্। রোদসী দ্যাবাপৃথিব্যৌ ॥৬০॥
স ইতি। নিবৃত্তো যুধিষ্ঠিরং প্রত্যভিধাবনাৎ ॥৬১॥
ভীমেতি। পার্ষ্ণিগ্রহণকারণাৎ ভীমপৃষ্ঠরক্ষাহেতোঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥
তাবিতি। তৌ কর্ণভীমৌ, পরত্র "কর্ণপাণ্ডবয়ো"রিত্যুক্তেঃ। বৃষভৌ শ্রেষ্ঠৌ ॥৬৩॥

তখন যুধিষ্ঠিরের রথ অপসৃত হইতেছে দেখিয়া মহারথ কর্ণ কঙ্কপক্ষযুক্ত ও সরলগামী বাণ ক্ষেপ করিতে করিতে তাঁহার পিছনে ধাবিত হইলেন ॥৫৯॥

কর্ণ যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলে, ভীমসেন ক্রুদ্ধ হইয়া বাণে বাণে ভূমি ও আকাশ আবৃত করিয়া অপর বাণজালদ্বারা কর্ণকেও আবৃত করিলেন ॥৬০॥

তাহার পর শত্রুহন্তা কর্ণ প্রতিনিবৃত্ত হইয়া সত্বর সুধার বাণসমূহদ্বারা সকল দিকে ভীমকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥৬১॥

ভরতনন্দন! এই সময়ে অজ্ঞেয়স্বভাব সাত্যকি ভীমের পৃষ্ঠরক্ষক হইবার জন্য তাঁহার সহিত যুদ্ধে ব্যাপৃত কর্ণকে পীড়ন করিতে লাগিলেন। কর্ণ পীড়িত হইয়াও বাণদ্বারা তাঁহাকে গুরুতরভাবে প্রতিপীড়নপূর্ব্বক ভীমের অভিমুখবর্ত্তী হইলেন ॥৬২॥

সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও মনস্বী কর্ণ এবং ভীমসেন পরস্পর প্রাপ্ত হইয়া বিচিত্র বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৬৩॥

নৈব সূর্য্যপ্রভাং রাজন্! ন দিশঃ প্রদিশস্তথা।
প্রাজ্ঞাসিষ্ম বয়ং তে বা শরৈর্মুক্তৈঃ সহস্রশঃ ॥৬৫॥
মধ্যাহ্নে তপতো রাজন্! ভাস্করস্য মহাপ্রভাঃ।
হৃতাঃ সর্বাঃ শরৌঘৈস্তৈঃ কর্ণপাণ্ডবয়োস্তদা ॥৬৬॥
সৌবলং কৃতবর্ম্মাণং দ্রৌণিমাধিরথিং কৃপম্।
সংসক্তান্ পাণ্ডবৈর্দৃষ্ট্বা নিবৃত্তাঃ কুরবঃ পুনঃ ॥৬৭॥
তেষামাপততাং শব্দস্তীব্র আসীদ্বিশাংপতে!।
উদ্বৃত্তানাং যথা বৃষ্ট্যা সাগরাণাং ভয়াবহঃ ॥৬৮॥
তে সেনে ভৃশসংসক্তে দৃষ্ট্বান্যোন্যং মহাহবে।
হর্ষেণ মহতা যুক্তে পরিগৃহ্য পরস্পরম্ ॥৬৯॥

ভারতকৌমুদী

তাভ্যামিতি। বিয়তি আকাশে, বিততং বিস্তৃতম্। ক্রৌঞ্চস্য পক্ষিণঃ পৃষ্ঠবৎ অরুণং রক্তম্ ॥৬৪॥

নেতি। প্রাজ্ঞাসিষ্ম দৃষ্টবন্তঃ, তে কুরুপক্ষীয়া বা ॥৬৫॥

মধ্যাহ্ন ইতি। তপতস্তাপং কুর্ব্বতঃ। হৃতা নিরুদ্ধাঃ। পাণ্ডবো ভীমঃ ॥৬৬॥

সৌবলমিতি। সংসক্তান্ যুদ্ধে মিলিতান্। নিবৃত্তা যুদ্ধায় প্রতিবৃত্তাঃ ॥৬৭॥

তেষামিতি। উদ্বৃত্তানাং বহুলীভূতজলানাম্ ॥৬৮॥

তে ইতি। যুক্তে আস্তামিতি শেষঃ। বীরাণামেষ স্বভাব ইতি ভাবঃ ॥৬৯॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে দেখা গেল—তাঁহারা আকাশে ক্রৌঞ্চপক্ষীর পৃষ্ঠের ন্যায় অরুণবর্ণ, ভীষণ ও প্রখর বাণজাল বিস্তার করিয়াছেন ॥৬৪॥

রাজা! তাঁহারা সহস্র সহস্র বাণ ক্ষেপ করিলে, আমরা বা পাণ্ডবপক্ষীয়েরা সূর্য্যের প্রভা, দিক্ বা বিদিক্ কিছুই দেখিতে পাইলাম না ॥৬৫॥

রাজা! তৎকালে কর্ণ ও ভীমসেনের সেই বাণসমূহ মধ্যাহ্নকালের সন্তাপকারী সূর্য্যের সমস্ত মহাপ্রভাই নিরুদ্ধ করিয়াছিল ॥৬৬॥

তখন শকুনি, কৃতবর্ম্মা, অশ্বত্থামা, কর্ণ ও কৃপাচার্য্যকে পাণ্ডবগণের সহিত যুদ্ধে ব্যাপৃত দেখিয়া কৌরবেরা পুনরায় ফিরিলেন ॥৬৭॥

নরনাথ! তাঁহারা আসিতে লাগিলে; বৃষ্টির জলে পরিস্ফীত সমুদ্রের শব্দের ন্যায় তাঁহাদের ভয়াবহ তীব্র শব্দ হইতে লাগিল ॥৬৮॥

ক্রমে সেই দুইটা সৈন্য মহাযুদ্ধে অত্যন্তভাবে সম্মিলিত হইয়া পরস্পর দেখিয়া এবং পরস্পরকে গ্রহণ করিয়া মহাহর্ষান্বিত হইল ॥৬৯॥

---

(৬৫)···নৈব সূর্য্যপ্রভাং খঞ্চ···পি, নৈব সূর্য্যপ্রভা রাজন্!···বা সো।

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

পঞ্চমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকহরিবল্লভসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৫ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং

আগচ্ছমানাংস্তান্ দৃষ্ট্বা ক্রুদ্ধরূপান্ পরন্তপঃ।
প্রহসন্ প্রতিজগ্রাহ দ্রোণপুত্রো মহারণে ॥৬৯॥
ততঃ শরশতজ্বালঃ সেনাকক্ষং মহারথঃ।
দ্রৌণির্দদাহ সমরে কক্ষমগ্নির্যথা বনে ॥৭০॥
তদ্বলং পাণ্ডুপুত্রস্য দ্রোণপুত্রপ্রতাপিতম্।
চুক্ষুভে ভরতশ্রেষ্ঠ! তিমিনেব নদীমুখম্ ॥৭১॥
দৃষ্ট্বা তে চ মহারাজ! দ্রোণপুত্রপরাক্রমম্।
নিহতান্ মেনিরে সর্বান্ পাণ্ডূন্ দ্রোণসুতেন বৈ ॥৭২॥
যুধিষ্ঠিরস্তু ত্বরিতো দ্রৌণিং শ্লিষ্য মহারথম্।
অব্রবীদ্দ্রোণপুত্রং স রোষামর্ষসমন্বিতঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

আগচ্ছেতি। আগচ্ছমানান্ আগচ্ছতঃ। প্রহসন্ অবজ্ঞাকৌতুকাৎ ॥৬৯॥

তত ইতি। শরশতমেব জ্বালা শিখা যস্য সঃ, সেনৈব কক্ষঃ শুষ্কতৃণবনং তম্। দ্রৌণিরগ্নি-রূপ ইত্যেকদেশবিবর্ত্তি রূপকমলঙ্কারঃ, অন্যথা অগ্নির্যথেতি পুনরুক্তিঃ স্যাৎ ॥৭০॥

তদিতি। চুক্ষুভে বিচচাল। তিমিনা বিশালজলজন্তুনা ॥৭১॥

দৃষ্ট্বেতি। তে পাণ্ডবযোদ্ধারঃ। পাণ্ডূন্ পাণ্ডবপক্ষীয়ান্ ॥৭২॥

যুধীতি। শ্লিষ্য নিকটবর্ত্তীভূয়। অমর্ষঃ অসহিষ্ণুতা ॥৭৩॥

কিন্তু যুধিষ্ঠিরের অগ্রগামী যোদ্ধারা সুধার বাণ সকল নিক্ষেপ করিতে করিতে অস্ত্রধারিশ্রেষ্ঠ অশ্বত্থামার অভিমুখবর্ত্তী হইলেন ॥৬৮॥

তাঁহারা ক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, শত্রুসন্তাপী অশ্বত্থামা হাস্য করিতে থাকিয়া তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৬৯॥

তাহার পর অগ্নি যেমন বনমধ্যে শুষ্ক তৃণ দগ্ধ করে, সেইরূপ বহুতর-বাণ-স্বরূপ-শিখাযুক্ত মহারথ-দ্রৌণিরূপ অগ্নি পাণ্ডবসৈন্যরূপ শুষ্ক তৃণ দগ্ধ করিতে লাগিলেন ॥৭০॥

ভরতশ্রেষ্ঠ! তিমির (বৃহৎ জলজন্তুর) আলোড়নে নদীমুখ যেমন বিচলিত হয়, সেইরূপ অশ্বত্থামার আলোড়নে সেই পাণ্ডবসৈন্য বিচলিত হইয়া পড়িল ॥৭১॥

মহারাজ! তাহারা অশ্বত্থামার পরাক্রম দেখিয়া তাঁহার হাতে সমস্ত পাণ্ডবপক্ষই নিহত হইয়াছে বলিয়া মনে করিতে লাগিল ॥৭২॥

এই সময়ে যুধিষ্ঠির ক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া সত্বর মহারথ অশ্বত্থামার নিকটে যাইয়া তাঁহাকে বলিলেন—॥৭৩॥

---

(৭৩)…দ্রোণশিষ্যো মহারথঃ…বা সো।

নৈব নাম তব প্রীতির্নৈব নাম কৃতজ্ঞতা।
যতস্ত্বং পুরুষব্যাঘ্র! মামেবাদ্য জিঘাংসসি ॥৭৪॥
ব্রাহ্মণেন তপঃ কার্য্যং দানমধ্যয়নং তথা।
ক্ষত্রিয়েণ ধনুর্নাম্যং স ভবান্ ব্রাহ্মণব্রুবঃ ॥৭৫॥
মিষতস্তে মহাবাহো! জেষ্যামি যুধি কৌরবান্।
কুরুষ্ব সমরে কর্ম্ম ব্রহ্মবন্ধুরসি ধ্রুবম্ ॥৭৬॥
এবমুক্তো মহারাজ! দ্রোণপুত্রঃ স্ময়ন্নিব।
যুক্তং তত্ত্বঞ্চ সঞ্চিন্ত্য নোত্তরং কিঞ্চিদব্রবীৎ ॥৭৭॥
অনুক্ত্বা চ ততঃ কিঞ্চিচ্ছরবর্ষেণ পাণ্ডবম্।
ছাদয়ামাস সমরে ক্রুদ্ধোঽন্তক ইব প্রজাঃ ॥৭৮॥
সংছাদ্যমানস্তু তদা দ্রোণপুত্রেণ মারিষ!।
পার্থোঽপযাতঃ শীঘ্রং বৈ বিহায় মহতীং চমূম্ ॥৭৯॥

ভারতকৌমুদী

নেতি। কৃতজ্ঞতা পূর্ব্বকৃতোপকারস্মরণম্। জিঘাংসসি হন্তুমিচ্ছসি ॥৭৪॥

ব্রাহ্মণেনেতি। কার্য্যং কর্ত্তব্যম্। নাম্যমাকর্ষণীয়ম্। ব্রাহ্মণব্রুবমাহ স্মৃতিঃ—"গর্ভা-ধানাদিসংস্কারৈর্যুক্তশ্চ নিয়মব্রতৈঃ। নাধ্যাপয়তি নাধীতে স জ্ঞেয়ো ব্রাহ্মণব্রুবঃ।" ইতি ॥৭৫॥

মিষত ইতি। মিষতঃ পশ্যতঃ। ব্রহ্মবন্ধুর্নিকৃষ্টব্রাহ্মণঃ, তপস্যাদ্যকরণাৎ ॥৭৬॥

এবমিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। যুক্তং ন্যায্যম্, তত্ত্বং সত্যঞ্চ যুধিষ্ঠিরবাক্যম্ ॥৭৭॥

অনুক্ত্বেতি। ছাদয়ামাস দ্রোণপুত্রঃ। অন্তকপক্ষে তু রোগাদিবৃদ্ধিকরণেন ॥৭৮॥

'পুরুষশ্রেষ্ঠ! তোমার প্রণয় নাই, কৃতজ্ঞতাও নাই। যে হেতু তুমি আজ আমাকেই বধ করিবার ইচ্ছা করিতেছ ॥৭৪॥

ব্রাহ্মণের কর্ত্তব্য—তপস্যা, দান ও অধ্যয়ন; আর ক্ষত্রিয়ের কার্য্য—ধনু আকর্ষণ। সুতরাং তুমি নিকৃষ্ট ব্রাহ্মণ ॥৭৫॥

মহাবাহু! আমি তোমার সমক্ষেই যুদ্ধে কৌরবগণকে জয় করিব; তুমি তোমার কার্য্য কর। তুমি নিশ্চয়ই নিকৃষ্ট ব্রাহ্মণ' ॥৭৬॥

মহারাজ! যুধিষ্ঠির এইরূপ বলিলে, অশ্বত্থামা মৃদু হাস্য করিতে থাকিয়া যুধিষ্ঠিরের বাক্য ন্যায়সঙ্গত ও সত্য মনে করিয়া কোন উত্তর করিলেন না ॥৭৭॥

তাহার পর ক্রুদ্ধ যম যেমন রোগের প্রভাব বৃদ্ধি করিয়া লোককে আবৃত করেন, অশ্বত্থামাও সেইরূপ কোন কথা না বলিয়া বাণ বর্ষণ করিয়া যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥৭৮॥

অপযাতে ততস্তস্মিন্ ধর্ম্মপুত্রে যুধিষ্ঠিরে।
দ্রোণপুত্রস্ততো রাজন্! প্রত্যগাৎ স মহামনাঃ ॥৮০॥
ততঃ যুধিষ্ঠিরো রাজন্! ত্যক্ত্বা দ্রৌণিং মহাহবে।
প্রযযৌ তাবকং সৈন্যং যুক্তঃ ক্রূরায় কর্ম্মণে ॥৮১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি যুধিষ্ঠিরাপযানে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

ভীমসেনং সপাঞ্চালং চেদিকৈকেয়সংবৃতম্।
বৈকর্ত্তনঃ স্বয়ং রুদ্ধা চ্ছাদয়ামাস সায়কৈঃ ॥১॥

ভারতকৌমুদী

সমিতি। পার্থঃ পৃথাপুত্রো যুধিষ্ঠিরঃ প্রকরণাৎ। চমূং স্বসেনাম্ ॥৭৯॥

অপেতি। মহামনস্বাদেব সুহৃদং যুধিষ্ঠিরং নানুসসারেতি ভাবঃ ॥৮০॥

তত ইতি। যুক্ত উদ্‌যুক্তঃ, ক্রূরায় নির্দ্দয়ায়, কর্ম্মণে পরহিংসাব্যাপারায় ॥৮১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:-০-:—

ভীমেতি। পাঞ্চালচেদিকৈকেয়াস্তত্তদ্দেশীয়াঃ সৈন্যাঃ। বৈকর্ত্তনঃ কর্ণঃ ॥১॥

মাননীয় রাজা! তখন অশ্বত্থামা আবৃত করিলে, যুধিষ্ঠির নিজের বিশাল সৈন্য পরিত্যাগ করিয়া সত্বর রণস্থল হইতে অপসৃত হইলেন ॥৭৯॥

রাজা! ধর্ম্মপুত্র যুধিষ্ঠির রণস্থল হইতে অপসৃত হইলে, মহামনা অশ্বত্থামাও সে স্থান হইতে চলিয়া গেলেন ॥৮০॥

রাজা! তদনন্তর যুধিষ্ঠির অশ্বত্থামাকে পরিত্যাগ করিয়া নিষ্ঠুর কার্য্যের জন্য উদ্‌যোগী হইয়া মহাযুদ্ধে আপনার সৈন্যের দিকে গমন করিলেন ॥৮১॥

---

* '…পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো। (১)…বৈকর্ত্তনঃ স্বয়ং রুদ্ধা বারয়ামাস সায়কৈঃ—পি বা সো।

ততস্তু চেদিকারূষান্ সৃঞ্জয়াংশ্চ মহারথান্।
কর্ণো জঘান সমরে ভীমসেনস্য পশ্যতঃ ॥২॥
ভীমসেনস্ততঃ কর্ণং বিহায় রথসত্তমম্।
প্রযযৌ কৌরবং সৈন্যং কক্ষমগ্নিরিব জ্বলন্ ॥৩॥
সূতপুত্রোঽপি সমরে পাঞ্চালান্ কেকয়াংস্তথা।
সৃঞ্জয়াংশ্চ মহেষ্বাসান্ নিজঘান সহস্রশঃ ॥৪॥
সংশপ্তকেষু পার্থশ্চ কৌরবেষু বৃকোদরঃ।
পাঞ্চালেষু তথা কর্ণঃ ক্ষয়ং চক্রুর্মহারথাঃ ॥৫॥
তে ক্ষত্রিয়া দহ্যমানাস্ত্রিভিস্তৈঃ পাবকোপমৈঃ।
জগ্মুর্বিনাশং সমরে রাজন্! দুর্মন্ত্রিতে তব ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। ভীমসেনস্য পশ্যত ইত্যনাদরে ষষ্ঠী ॥২॥
ভীমেতি। বিহায় সহসা কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ। কক্ষং তৃণশ্রেণীম্ ॥৩॥
সূতেতি। সূতপুত্রঃ কর্ণঃ। মহান্বিষ্বাসো ধনুর্যেষাং তান্ ॥৪॥
সমিতি। পার্থোঽর্জ্জুনঃ। মহারথা এতে ত্রয়ঃ ॥৫॥
ত ইতি। পাবকোপমৈরগ্নিতুল্যৈঃ। দুর্মন্ত্রিতে দুর্মন্ত্রণয়ৈব যুদ্ধঘটনাৎ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ স্বয়ং পাঞ্চাল, চেদি ও কৈকেয়সৈন্যে পরিবেষ্টিত ভীমসেনকে রুদ্ধ করিয়া বাণজালে তাঁহাকে আবৃত করিলেন ॥১॥

তাহার পর কর্ণ ভীমসেনের সমক্ষেই চেদি, কারূষ ও সৃঞ্জয়সৈন্যের মহারথগণকে বধ করিতে লাগিলেন ॥২॥

তদনন্তর ভীমসেন রথিশ্রেষ্ঠ কর্ণকে পরিত্যাগ করিয়া—অগ্নি যেমন জ্বলিতে থাকিয়া তৃণশ্রেণীর দিকে গমন করে, সেইরূপ কৌরবসৈন্যের দিকে গমন করিলেন ॥৩॥

কর্ণও যুদ্ধে সহস্র সহস্র মহাধনুর্দ্ধর পাঞ্চাল, কেকয় ও সৃঞ্জয়যোদ্ধাকে বধ করিতে থাকিলেন ॥৪॥

অর্জ্জুন, ভীমসেন ও কর্ণ এই তিন জন মহারথ যথাক্রমে সংশপ্তক, কৌরব ও পাঞ্চালসৈন্যের ক্ষয় করিতে লাগিলেন ॥৫॥

রাজা! আপনার কুমন্ত্রণানিবন্ধন অগ্নিতুল্য সেই তিন মহারথ দগ্ধ করিতে লাগিলে, সেই ক্ষত্রিয়েরা যুদ্ধে ক্রমশঃ ক্ষয় পাইতে থাকিলেন ॥৬॥

(৫)···পাঞ্চালেষু ততঃ কর্ণঃ···বর্দ্ধ।

তততা দুর্য্যোধনঃ ক্রুদ্ধো নবভির্নকুলং শরৈঃ।
বিব্যাধ ভরতশ্রেষ্ঠ! চতুরশ্চাস্য বাজিনঃ ॥৭॥
ততঃ পুনরমেয়াত্মা তব পুত্রো জনাধিপ!।
ক্ষুরেণ সহদেবস্য ধ্বজং চিচ্ছেদ কাঞ্চনম্ ॥৮॥
নকুলস্তু ততঃ ক্রুদ্ধস্তব পুত্রং ত্রিসপ্তভিঃ।
জঘান সমরে রাজন্! সহদেবশ্চ পঞ্চভিঃ ॥৯॥
তাবুভৌ ভরতশ্রেষ্ঠৌ শ্রেষ্ঠৌ সর্বধনুষ্মতাম্।
বিব্যাধোরসি সংক্রুদ্ধঃ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥১০॥
ততোঽপরাভ্যাং ভল্লাভ্যাং ধনুষী সমকৃন্তত!
যময়োঃ সহসা রাজন্! বিব্যাধ চ ত্রিসপ্তভিঃ ॥১১॥
তাবন্যে ধনুষী শ্রেষ্ঠে শক্রচাপনিভে শুভে।
প্রগৃহ্য রেজতুঃ শূরৌ দেবপুত্রোপমৌ যুধি ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। মাদ্রীপুত্রাভ্যাং সহ দুর্য্যোধনস্য যুদ্ধোপক্রমঃ প্রাগুক্তো দ্রষ্টব্যঃ ॥৭॥
তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ। ক্ষুরেণ ক্ষুরপ্রেণ। কাঞ্চনং স্বর্ণখচিতম্ ॥৮॥
নকুল ইতি। ত্রিগুণীকৃতাঃ সপ্তেতি ত্রিসপ্ত তৈরেকবিংশত্যা শরৈঃ। জঘানাজঘান ॥৯॥
তাবিতি। উরসি বক্ষসি, সংক্রুদ্ধো দুর্য্যোধনঃ ॥১০॥
তত ইতি। সমকৃন্তত অচ্ছিনদ্দুর্য্যোধনঃ। যময়োর্নকুলসহদেবয়োঃ ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া নয়টা বাণদ্বারা নকুলকে ও তাঁহার অশ্বগুলিকে তাড়ন করিলেন ॥৭॥

নরনাথ! তাহার পর অপরিমেয়শক্তি দুর্য্যোধন পুনরায় একটা ক্ষুরপ্রদ্বারা সহদেবের স্বর্ণখচিত ধ্বজ ছেদন করিলেন ॥৮॥

রাজা! তদনন্তর নকুল ক্রুদ্ধ হইয়া একুশটা এবং সহদেব পাঁচটা বাণদ্বারা দুর্য্যোধনকে আঘাত করিলেন ॥৯॥

তাহাতে দুর্য্যোধন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাঁচ পাঁচটা বাণদ্বারা ভরতবংশশ্রেষ্ঠ ও সর্বধনুর্দ্ধরপ্রধান নকুল ও সহদেবের বক্ষস্থলে তাড়ন করিলেন ॥১০॥

এবং রাজা! তৎপরে তিনি অপর দুইটা ভল্লদ্বারা সত্বর নকুল ও সহদেবের ধনু দুইখানা ছেদন করিলেন, আর একুশটা বাণদ্বারা তাঁহাদিগকে বিদ্ধ করিলেন ॥১১॥

(৯)···তব পুত্রং ত্রিভিঃ শরৈঃ···পি,···তব পুত্রঞ্চ সপ্তভিঃ···বা সো।

ততস্তৌ রভসৌ যুদ্ধে ভ্রাতরৌ ভ্রাতরং নৃপ !।
শরৈর্ববৃষতুর্ঘোরৈর্মহামেঘৌ যথাচলম্ ॥১৩॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ ! তব পুত্রো মহারথঃ।
পাণ্ডুপুত্রৌ মহেষ্বাসৌ বারয়ামাস পত্রিভিঃ ॥১৪॥
ধনুর্মণ্ডলমেবাস্য দৃশ্যতে যুধি ভারত !।
সায়কাশ্চৈব দৃশ্যন্তে নিশ্চরন্তঃ সমন্ততঃ ॥১৫॥
তস্য সায়কসংছন্নৌ চকাশাতে ন পাণ্ডবৌ।
মেঘচ্ছন্নৌ যথা ব্যোম্নি চন্দ্রসূর্য্যৌ হৃতপ্রভৌ ॥১৬॥
তে তু বাণা মহারাজ ! হেমপুঙ্খাঃ শিলাশিতাঃ।
আচ্ছাদয়ন্ দিশঃ সর্বাঃ সূর্য্যস্যেবাংশবস্তদা ॥১৭॥

ভারতকৌমুদী

তাবিতি। শক্রচাপনিভে ইন্দ্রধনুস্তুল্যে, শুভে সুন্দরে শুভকরে বা ॥১২॥
তত ইতি। রভসৌ বেগবন্তৌ। ভ্রাতরং দুর্য্যোধনম্। অচলং বারিভিঃ ॥১৩॥
তত ইতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ, পত্রিভির্বাণৈঃ ॥১৪॥
দুর্য্যোধনস্য লঘুহস্ততামাহ দ্বাভ্যাম্। ধনুরিতি। ধনুর্মণ্ডলং মণ্ডলীকৃতং ধনুঃ ॥১৫॥
তস্যেতি। চকাশাতে প্রকাশং প্রাপতুঃ, পাণ্ডবৌ নকুলসহদেবৌ ॥১৬॥
ত ইতি। শিলাশিতাঃ শিলাসু ঘর্ষণেন তনুকৃতমুখাঃ সুধারা ইত্যর্থঃ ॥১৭॥

এই সময়ে দেবপুত্রতুল্যাকৃতি ও বীর নকুল ও সহদেব ইন্দ্রধনুর তুল্য সুন্দর ও উত্তম অন্য দুইখানা ধনু গ্রহণ করিয়া রণস্থলে শোভা পাইতে লাগিলেন ॥১২॥

রাজা ! তাহার পর যুদ্ধে বেগবান্ সেই দুই ভ্রাতা—মহামেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ ভ্রাতা দুর্য্যোধনের উপরে ভয়ঙ্কর বাণ সকল বর্ষণ করিতে থাকিলেন ॥১৩॥

মহারাজ ! তদনন্তর মহারথ দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা মহাধনুর্দ্ধর নকুল ও সহদেবকে বারণ করিতে লাগিলেন ॥১৪॥

ভরতনন্দন ! তৎকালে দেখা গেল—দুর্য্যোধনের ধনুখানা যেন কেবল মণ্ডলীকৃত অবস্থাতেই রহিতেছে এবং বাণ সকল সমস্ত দিকে ছুটিতেছে ॥১৫॥

আকাশে মেঘাবৃত ও প্রভাশূন্য চন্দ্র এবং সূর্য্যের ন্যায় দুর্য্যোধনের বাণে আবৃত নকুল ও সহদেব প্রকাশ পাইতে লাগিলেন না ॥১৬॥

মহারাজ ! তখন সূর্য্যের কিরণের ন্যায় সেই স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণ সকল সমস্ত দিক্ আচ্ছাদন করিল ॥১৭॥

(১৬)…গতপ্রভৌ—পি। এষ শ্লোকঃ বা সো নাস্তি।

বাণভূতে ততস্তস্মিন্ সংছন্নে চ নভস্তলে।
যময়োর্দদৃশে রূপং কালান্তকযমোপমম্ ॥১৮॥
পরাক্রমং তু তং দৃষ্ট্বা তব সূনোর্মহারথাঃ।
মৃত্যোরুপান্তিকং প্রাপ্তৌ মাদ্রীপুত্রৌ স্ম মেনিরে ॥১৯॥
ততঃ সেনাপতী রাজন্। পাণ্ডবস্য মহারথঃ।
পার্ষতঃ প্রযযৌ তত্র যত্র রাজা সুযোধনঃ ॥২০॥
মাদ্রীপুত্রৌ ততঃ শূরৌ ব্যতিক্রম্য মহারথৌ।
ধৃষ্টদ্যুম্নস্তব সুতং বারয়ামাস সায়কৈঃ ॥২১॥
তমবিধ্যদমেয়াত্মা তব পুত্রোঽত্যমর্ষণঃ।
পাঞ্চাল্যং পঞ্চবিংশত্যা প্রহস্য পুরুষর্ষভঃ ॥২২॥
ততঃ পুনরমেয়াত্মা তব পুত্রোঽপ্যমর্ষণঃ।
বিদ্ধ্বা ননাদ পাঞ্চাল্যং ষষ্ট্যা পঞ্চভিরেব চ ॥২৩॥

ভারতকৌমুদী

বাণেতি। কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী যমো যমরূপমুপমা যস্য তৎ ॥১৮॥
পরেতি। তব সূনোঃ পুত্রস্য দুর্য্যোধনস্য। উপান্তিকং কিঞ্চিৎ সান্নিধ্যম্ ॥১৯॥
তত ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রো ধৃষ্টদ্যুম্নঃ ॥২০॥
মাদ্রীতি। ব্যতিক্রম্য অতীত্য। বারয়ামাস মাদ্রীপুত্রয়োরুপরি শরক্ষেপাৎ ॥২১॥
তমিতি। অমেয়াত্মা অপরিমেয়শক্তিঃ। অত্যমর্ষণঃ অতীবকোপনঃ ॥২২॥
তত ইতি। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্, ষষ্ট্যা পঞ্চভিরেব চ শরৈরিতি শেষঃ ॥২৩॥

পরে তত্রত্য আকাশ বাণময় ও বাণে আবৃত হইয়া পড়িলে, নকুল ও সহদেবের রূপ—কালান্তক যমের রূপের ন্যায় দেখা যাইতে লাগিল ॥১৮॥

মহারাজ! ক্রমে আপনার পুত্রের সেই পরাক্রম দেখিয়া মহারথেরা মনে করিতে লাগিলেন যে, নকুল ও সহদেব যমের নিকটে উপস্থিত হইয়াছেন ॥১৯॥

রাজা! তাহার পর পাণ্ডবপক্ষের সেনাপতি মহারথ ধৃষ্টদ্যুম্ন—যেখানে রাজা দুর্য্যোধন ছিলেন, সেইখানে গমন করিলেন ॥২০॥

তৎপরে ধৃষ্টদ্যুম্ন বীর ও মহারথ নকুল এবং সহদেবকে অতিক্রম করিয়া যাইয়া বাণদ্বারা দুর্য্যোধনকে বারণ করিতে লাগিলেন ॥২১॥

মহারাজ! পরে অপরিমেয়শক্তি, অতিকোপনস্বভাব ও পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন হাস্য করিয়া পঁচিশটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥২২॥

(২৩)···তব পুত্রোঽভ্যমর্ষণঃ···পি,···তব পুত্রো হ্যমর্ষণঃ···বা সো।

অথাস্য সশরং চাপং হস্তাবাপঞ্চ মারিষ!।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন রাজা চিচ্ছেদ সংযুগে ॥২৪॥
তদপাস্য ধনুশ্ছিন্নং পাঞ্চাল্যঃ শত্রুকর্ষণঃ।
অন্যদাদত্ত বেগেন ধনুর্ভারসহং নবম্ ॥২৫॥
প্রজ্বলন্নিব বেগেন সংরম্ভাদ্রুধিরেক্ষণঃ।
অশোভত মহেষ্বাসো ধৃষ্টদ্যুম্নঃ কৃতব্রণঃ ॥২৬॥
স পঞ্চদশ নারাচান্ শ্বসতঃ পন্নগানিব।
জিঘাংসুর্ভরতশ্রেষ্ঠ! ধৃষ্টদ্যুম্নো ব্যবাসৃজৎ ॥২৭॥
তে বর্ম্ম হেমবিকৃতং ভিত্ত্বা রাজ্ঞঃ শিলাশিতাঃ।
বিবিশুর্বসুধাং বেগাৎ কঙ্কবর্হিণবাসসঃ ॥২৮॥
সোঽতিবিদ্ধো মহারাজ! পুত্রস্তেঽতিব্যরাজত।
বসন্তকালে সুমহান্ সপুষ্প ইব কিংশুকঃ ॥২৯॥

ভারতকৌমুদী

অথেতি। অস্য পাঞ্চাল্যস্য। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্ ॥২৪॥
তদিতি। অপাস্য নিক্ষিপ্য। ভারসহং দৃঢ়াকর্ষণসহম্ ॥২৫॥
প্রেতি। সংরম্ভাৎ ক্রোধাৎ, রুধিরবৎ রক্তবর্ণে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ ॥২৬॥
স ইতি। শ্বসতঃ শ্বাসত্যাগং কুর্ব্বতঃ। জিঘাংসুর্দুর্য্যোধনং হন্তুমিচ্ছুঃ ॥২৭॥
ত ইতি। হেমবিকৃতং স্বর্ণখচিতম্। কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোঃ পক্ষা বাসাংসি যেষাং তে ॥২৮॥

তাহার পর আবার অপরিমেয়শক্তি ও কোপনপ্রকৃতি দুর্য্যোধন ক্রমে ষাটটা ও পাঁচটা বাণে ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিয়া সিংহনাদ করিলেন ॥২৩॥

মাননীয় রাজা! তদনন্তর দুর্য্যোধন একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা ধৃষ্টদ্যুম্নের বাণযুক্ত ধনু ও হস্তের আবরণ ছেদন করিয়া ফেলিলেন ॥২৪॥

তখন শত্রুহন্তা ধৃষ্টদ্যুম্ন সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বেগে অন্য একখানা দৃঢ়াকর্ষণসহ নূতন ধনু গ্রহণ করিলেন ॥২৫॥

তৎকালে মহাধনুর্দ্ধর ক্ষতবিক্ষতদেহ ধৃষ্টদ্যুম্ন ক্রোধে রক্তের ন্যায় আরক্তনয়ন হইয়া এবং তাহার বেগে যেন জ্বলিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ! পরে ধৃষ্টদ্যুম্ন দুর্য্যোধনকে বধ করিবার ইচ্ছা করিয়া শ্বাসত্যাগকারী সর্পসমূহের ন্যায় পনরটা নারাচ নিক্ষেপ করিলেন ॥২৭॥

ক্রমে শিলাশাণিত এবং কঙ্ক ও ময়ূরপক্ষাবৃত সেই নারাচগুলি বেগে যাইয়া দুর্য্যোধনের স্বর্ণখচিত বর্ম্ম ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥২৮॥

(২৮)...ভিত্ত্বা রাজ্ঞঃ...বর্দ্ধ।

স ভিন্নমর্ম্মা নারাচৈঃ প্রহারৈর্জ্জর্জ্জরীকৃতঃ।
ধৃষ্টদ্যুম্নস্য ভল্লেন ক্রুদ্ধশ্চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥৩০॥
অথৈনং ছিন্নধন্বানং ত্বরমাণো মহীপতিঃ।
সায়কৈর্দশভী রাজন্! ভ্রুবোর্মধ্যে সমার্পয়ৎ ॥৩১॥
তস্য তেঽশোভয়ন্ বক্ত্রং কর্ম্মারপরিমার্জিতাঃ।
প্রফুল্লং পঙ্কজং যদ্বদ্ভ্রমরা মধুলিপ্সবঃ ॥৩২॥
তদপাস্য ধনুশ্ছিন্নং ধৃষ্টদ্যুম্নো মহামনাঃ।
অন্যদাদত্ত বেগেন ধনুর্ভল্লাংশ্চ ষোড়শ ॥৩৩॥
ততো দুর্য্যোধনস্যাশ্বান্ হত্বা সূতঞ্চ পঞ্চভিঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন জাতরূপপরিষ্কৃতম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। অতিব্যরাজত, প্রচুররক্তস্রাবাৎ। দুর্য্যোধনস্যাপি সুমহত্ত্বাৎ সুমহানিত্যুক্তম্ ॥২৯॥
স ইতি। প্রহারান্ প্রতি নারাচানাং করণত্বাত্তত্রাপি তৃতীয়া ॥৩০॥
অথেতি। মহীপতির্দুর্য্যোধনঃ। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥৩১॥
তস্যেতি। কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জিতাঃ। সায়কানামপি কৃষ্ণত্বাদ্ভ্রমরসাম্যম্ ॥৩২॥
তদিতি। অপাস্য বিহায়। মহামনাঃ, অতএব ধনুশ্ছেদেঽপি নোত্সমহানিরিতি ভাবঃ ॥৩৩॥
তত ইতি। সূতং সারথিম্। জাতরূপপরিষ্কৃতং স্বর্ণভূষিতম্ ॥৩৪॥

মহারাজ! দুর্য্যোধন তখন অত্যন্তবিদ্ধ হইয়া বসন্তকালে পুষ্পসমন্বিত বিশাল কিংশুকবৃক্ষের ন্যায় বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৯॥

নারাচপ্রহারে মর্ম্ম বিদীর্ণ ও দেহ জর্জ্জরীকৃত হইলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া একটা ভল্লদ্বারা ধৃষ্টদ্যুম্নের ধনু ছেদন করিলেন ॥৩০॥

রাজা! তাহার পর দুর্য্যোধন ত্বরান্বিত হইয়া দশটা বাণদ্বারা ছিন্নকার্ম্মুক ধৃষ্টদ্যুম্নের ভ্রূমধ্যে পীড়ন করিলেন ॥৩১॥

তখন মধুলোভী ভ্রমরগণ যেমন প্রস্ফুটিত পদ্মকে শোভিত করে, সেইরূপ শিল্পিপরিমার্জিত সেই বাণগুলি ধৃষ্টদ্যুম্নের মুখমণ্ডলকে শোভিত করিল ॥৩২॥

পরে মহামনা ধৃষ্টদ্যুম্ন সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া বেগে অন্য ধনু এবং ষোলটা ভল্ল গ্রহণ করিলেন ॥৩৩॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন তাহার পাঁচটা ভল্লদ্বারা দুর্য্যোধনের চারিটা অশ্ব ও সারথিকে বধ করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার স্বর্ণশোভিত ধনু ছেদন করিলেন ॥৩৪॥

(৩০)...নারাচপ্রহারৈঃ...পি বা সো।

রথং সোপস্করং ছত্রং শক্তিং খড়্গং গদাং ধ্বজম্।
ভল্লৈশ্চিচ্ছেদ দশভিঃ পুত্ত্রস্য তব পার্ষতঃ ॥৩৫॥
তপনীয়াঙ্গদং চিত্রং নাগং মণিময়ং শুভম্।
ধ্বজং কুরুপতেশ্ছিন্নং দদৃশুঃ সর্বপার্থিবাঃ ॥৩৬॥
দুর্য্যোধনন্তু বিরথং ছিন্নসর্বায়ুধং রণে।
ভ্রাতরঃ পর্য্যরক্ষন্ত সোদরা ভরতর্ষভ! ॥৩৭॥
তমারোপ্য রথে রাজন্! দণ্ডধারো নরাধিপম্।
অপোবাহ রণাদাশু ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ ॥৩৮॥
কর্ণস্তু সাত্যকিং জিত্বা রাজগৃদ্ধী মহাবলঃ।
দ্রোণহন্তারমুগ্রেষুং সসারাভিমুখো রণে ॥৩৯॥
তং পৃষ্ঠতোঽভ্যয়াত্তূর্ণং শৈনেয়ো বিতুদন্ শরৈঃ।
বারণং জঘনোপান্তে বিষাণাভ্যামিব দ্বিপঃ ॥৪০॥

ভারতকৌমুদী

রথমিতি। উপস্করৈরুপকরণৈঃ সহেতি তং রথম্। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥৩৫॥
তপেতি। তপনীয়স্য স্বর্ণস্য অঙ্গদানি বলয়ানি যত্র তম্, নাগং নাগচিহ্নিতম্ ॥৩৬॥
দুর্য্যোধনমিতি। ছিন্নানি সর্বাণ্যায়ুধানি যস্য তম্। সোদরা দুর্য্যোধনস্যৈব ॥৩৭॥
তমিতি। দণ্ডধারো নাম কশ্চিদ্বীরঃ। অপোবাহ অপসারয়ামাস ॥৩৮॥
কর্ণ ইতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য গৃদ্ধং রক্ষণাভিলাষোঽস্যাস্তীতি সঃ ॥৩৯॥
তমিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, বিতুদন্ ব্যথয়ন্। বারণং গজম্ ॥৪০॥

আর ধৃষ্টদ্যুম্ন দশটা ভল্লদ্বারা দুর্য্যোধনের রথ, রথের উপকরণ, ছত্র, শক্তি, খড়্গ, গদা ও ধ্বজ কাটিয়া ফেলিলেন ॥৩৫॥

তখন রাজারা সকলে দেখিলেন—স্বর্ণবলয়যুক্ত, বিচিত্র, নাগচিহ্নিত, মণিময় ও শুভলক্ষণসমন্বিত দুর্য্যোধনের ধ্বজটা ছিন্ন হইয়া গেল ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! সেই সময়ে দুর্য্যোধনের রথ বিনষ্ট হইয়াছিল এবং সমস্ত অস্ত্রও ছিন্ন হইয়াছিল; সুতরাং তাঁহার সহোদর ভ্রাতারা যাইয়া তাঁহাকে রক্ষা করিলেন ॥৩৭॥

রাজা! তখন দণ্ডধার ধৃষ্টদ্যুম্নের সমক্ষেই রাজা দুর্য্যোধনকে রথে তুলিয়া লইয়া রণস্থল হইতে সত্বর অপসারিত করিলেন ॥৩৮॥

কিন্তু মহাবল কর্ণ সাত্যকিকে জয় করিয়া দুর্য্যোধনকে রক্ষা করিবার অভিলাষী হইয়া ভীষণবাণসমন্বিত দ্রোণহন্তা ধৃষ্টদ্যুম্নের অভিমুখে ধাবিত হইলেন ॥৩৯॥

(৩৮)···অপোবাহ সুসংভ্রান্তঃ···পি,···অপাহরদসংভ্রান্তঃ···বা সো।

স ভারত! মহানাসীদ্‌যোধানাং সুমহাত্মনাম্।
কর্ণপার্ষতয়োর্মধ্যে ত্বদীয়ানাং মহারণঃ ॥৪১॥
ন পাণ্ডবানাং নাস্মাকং যোধঃ কশ্চিৎ পরাঙ্মুখঃ।
অদৃশ্যত যদা কর্ণঃ পাঞ্চালাংস্ত্বরিতো যযৌ ॥৪২॥
তস্মিন্ ক্ষণে নরশ্রেষ্ঠ! গজবাজিজনক্ষয়ঃ।
প্রাদুরাসীদুভয়তো রাজন্! মধ্যগতেঽহনি ॥৪৩॥
পাঞ্চালাস্তু মহারাজ! ত্বরিতা বিজিগীষবঃ।
তে সর্বেঽভ্যদ্রবন্ কর্ণং পতত্রিণ ইব দ্রুমম্ ॥৪৪॥
তাংস্তথাধিরথিঃ ক্রুদ্ধো যতমানান্ মনস্বিনঃ।
বিচিন্বন্নিব বাণাগ্রৈঃ সমাসাদয়দগ্রতঃ ॥৪৫॥
ব্যাঘ্রকেতুং সুশর্ম্মাণং চিত্রঞ্চোগ্রায়ুধং জয়ম্।
শুক্লঞ্চ রোচমানঞ্চ সিংহসেনঞ্চ দুর্জয়ম্ ॥৪৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। কর্ণশ্চ পার্ষতো ধৃষ্টদ্যুম্নশ্চ তয়োঃ ॥৪১॥
সেতি। পরাঙ্মুখঃ সমরাদিতি শেষঃ। যযাবাক্রমিতুম্ ॥৪২॥
তস্মিন্নিতি। উভয়তঃ কুরুপাণ্ডবোভয়পক্ষয়োরেব, মধ্যগতে মধ্যাবস্থাং প্রাপ্তে ॥৪৩॥
পাঞ্চালা ইতি। বিজিগীষবো বিজেতুমিচ্ছবঃ। পতত্রিণঃ পক্ষিণঃ ॥৪৪॥

এই সময়ে একটা হস্তী যেমন দন্তদ্বারা অপর হস্তীর জঘনপ্রান্তে আঘাত করে, সেইরূপ সাত্যকি বাণদ্বারা আঘাত করিতে থাকিয়া বেগে কর্ণের পিছনে যাইতে লাগিলেন ॥৪০॥

ভরতনন্দন! তখন কর্ণ ও ধৃষ্টদ্যুম্নের মধ্যস্থানে আপনার অতিমহাত্মা যোদ্ধাদের অতিমহাযুদ্ধ হইতে লাগিল ॥৪১॥

কর্ণ যখন বেগে পাঞ্চালগণের দিকে যাইতেছিলেন, তখন দেখা গেল—পাণ্ডবপক্ষের বা আমাদের পক্ষের কোন যোদ্ধাই পরাঙ্মুখ হইতেছেন না ॥৪২॥

নরশ্রেষ্ঠ রাজা! সেই মধ্যাহ্নকালে উভয়পক্ষেরই হস্তী, অশ্ব ও লোকক্ষয় হইতে লাগিল ॥৪৩॥

মহারাজ! ক্রমে পক্ষিগণ যেমন বৃক্ষের দিকে ধাবিত হয়, সেইরূপ সেই জয়াভিলাষী পাঞ্চালেরা সকলে বেগে কর্ণের দিকে ধাবিত হইল ॥৪৪॥

(৪২)···প্রত্যদৃশ্যত যৎ কর্ণঃ···বৰ্দ্ধ,···প্রত্যদৃশ্যতঃ কর্ণঃ···বা সো। (৪৫) তেষামাধিরথিঃ ক্রুদ্ধঃ···পি।

তে বীরা রথবেগেন পরিবব্রুর্নরোত্তমম্।
সৃজন্তং সায়কান্ ক্রুদ্ধং কর্ণমাহবশোভিনম্ ॥৪৭॥
যুধ্যমানাংস্তু তান্ শূরান্ মনুজেন্দ্রঃ প্রতাপবান্।
অষ্টাভিরষ্টৌ রাধেয়োঽভ্যর্দ্দয়ন্নিশিতৈঃ শরৈঃ ॥৪৮॥
অথাপরান্ মহারাজ! সূতপুত্রঃ প্রতাপবান্।
জঘান বহুসাহস্রান্ যোধান্ যুদ্ধবিশারদান্ ॥৪৯॥
জিষ্ণুঞ্চ জিষ্ণুকর্ম্মাণং দেবাপিং ভদ্রমেব চ।
দণ্ডঞ্চ রাজন্! সমরে চিত্রং চিত্রায়ুধং হরিম্ ॥৫০॥
সিংহকেতুং রোচমানং শলভঞ্চ মহারথম্।
নিজঘান সুসংক্রুদ্ধশ্চেদীনাঞ্চ মহারথান্ ॥৫১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তানিতি। আধিরথিঃ কর্ণঃ, যতমানান্ জয়ে। বিচিন্বন্, অন্বিষ্যন্ বাণাগ্রৈঃ হস্তাগ্রৈরিবেতি ভাবঃ সমাসাদয়ৎ প্রাপ্নোৎ। ব্যাঘ্রকেতুপ্রভৃতীনি নামানি ॥৪৫—৪৬॥

ত ইতি। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে। আহবশোভিনং বীরশ্রিয়া ॥৪৭॥

যুধ্যেতি। রাধেয়ঃ কর্ণঃ। অভ্যর্দ্দয়ৎ অভ্যর্দ্দ্য ব্যনাশয়ৎ ॥৪৮॥

অথেতি। সূতপুত্রঃ কর্ণঃ ॥৪৯॥

জিষ্ণুমিতি। চিত্রাদিকং পূর্ব্বভিন্নম্। সংক্রুদ্ধঃ সূতপুত্রঃ ॥৫০—৫১॥

ব্যাঘ্রকেতু, সুশর্ম্মা, চিত্র, উগ্রায়ুধ, জয়, শুক্ল, রোচমান ও দুর্জ্জয় সিংহসেন এই আট জন মনস্বী বীর জয়ে যত্নবান্ হইয়া আসিতে লাগিলে, কর্ণ ক্রুদ্ধ হইয়া বাণাগ্রদ্বারা অন্বেষণ করতই যেন তাঁহাদিগকে সম্মুখে পাইলেন ॥৪৫—৪৬॥

পরে যুদ্ধশোভী নরোত্তম কর্ণ ক্রুদ্ধ হইয়া বাণক্ষেপ করিতে লাগিলে, সেই বীরেরা রথবেগে আসিয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৪৭॥

ক্রমে সেই বীরেরা যুদ্ধ করিতে লাগিলে, প্রতাপশালী মনুষ্যশ্রেষ্ঠ কর্ণ আটটা সুধার বাণদ্বারা পীড়নপূর্ব্বক সেই আট জনকে বিনাশ করিলেন ॥৪৮॥

মহারাজ! তাহার পর প্রতাপশালী কর্ণ অপর বহুসহস্র যুদ্ধবিশারদ যোদ্ধাকে বধ করিলেন ॥৪৯॥

রাজা! পরে কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধে জিষ্ণু, জিষ্ণুকর্ম্মা, দেবাপি, ভদ্র, দণ্ড, চিত্র, চিত্রায়ুধ, হরি, সিংহকেতু, রোচমান, মহারথ শলভ এবং চেদিসৈন্যের মহারথগণকে বধ করিলেন ॥৫০—৫১॥

(৪৭) তে বীরা রথমার্গেণ···পি বা সো। (৪৯)···যোধান্ যুদ্ধবিশারদঃ—পি।

তেষামাদদতঃ প্রাণানাসীদাধিরথের্বপুঃ।
শোণিতাভ্যুক্ষিতাঙ্গস্য রুদ্রস্যেবোর্জিতং মহৎ ॥৫২॥
তত্র ভারত! কর্ণেন মাতঙ্গাস্তাড়িতাঃ শরৈঃ।
সর্বতোঽভ্যদ্রবন্ ভীতাঃ কুর্বন্তো মহদাকুলম্ ॥৫৩॥
নিপেতুরুর্ব্যামপরে কর্ণসায়কতাড়িতাঃ।
কুর্বন্তো বিবিধান্ নাদান্ বজ্রনুন্না ইবাচলাঃ ॥৫৪॥
গজবাজিমনুষ্যৈশ্চ নিপতদ্ভিঃ সমন্ততঃ।
রথৈশ্চাধিরথের্মার্গে সমাস্তীর্য্যত মেদিনী ॥৫৫॥
নৈব ভীষ্মো ন চ দ্রোণো নাপ্যন্যে যুধি তাবকাঃ।
চক্রুঃ স্ম তাদৃশং কর্ম্ম যাদৃশং বৈ কৃতং রণে ॥৫৬॥
সূতপুত্রেণ নাগেষু হয়েষু চ রথেষু চ।
নরেষু চ নরব্যাঘ্র! কৃতং স্ম কদনং মহৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। শোণিতাভ্যুক্ষিতাঙ্গস্য পশুবধকালে রক্তসিক্তগাত্রস্য, ঊর্জিতং তেজস্বি ॥৫২॥
তত্রেতি। অভ্যদ্রবন্ দ্রুতমধাবন্। মহৎ সৈন্যমাকুলং কুর্বন্তঃ ॥৫৩॥
নিপেতুরিতি। অপরে মাতঙ্গাঃ। বজ্রনুন্না বজ্রাঘাতভগ্নাঃ ॥৫৪॥
গজেতি। মার্গে রথপথে, সমাস্তীর্য্যত আচ্ছাদ্যত ॥৫৫॥
নেতি। ভীষ্মাদীনাং পাণ্ডবেষু স্নেহসত্ত্বাৎ কর্ণস্য তু তদসত্ত্বাৎ। কৃতং কর্ণেন ॥৫৬॥

কর্ণ যখন তাঁহাদের প্রাণ লইতেছিলেন, তখন তাঁহার বিশাল দেহটা পশুবধ-কালে রক্তাক্তগাত্র রুদ্রের দেহের ন্যায় তেজোদীপ্ত হইয়াছিল ॥৫২॥

ভরতনন্দন! তখন কর্ণ বাণদ্বারা তাড়ন করিতে লাগিলে, হস্তিগণ ভীত হইয়া বিশাল সৈন্যকে আকুল করিতে থাকিয়া সকল দিকে বেগে ধাবিত হইতে থাকিল ॥৫৩॥

অপর হস্তিগণ কর্ণের বাণে আহত হইয়া নানাপ্রকার রব করিতে থাকিয়া বজ্রভগ্ন পর্বতসমূহের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিল ॥৫৪॥

ক্রমে সকল দিকে হস্তী, অশ্ব, মনুষ্য ও রথ পতিত হইতে থাকিয়া কর্ণের রথপথের ভূমি আবৃত করিয়া ফেলিল ॥৫৫॥

মহারাজ! তৎকালে কর্ণ যুদ্ধে যেরূপ কার্য্য করিতে লাগিলেন, সেরূপ কার্য্য—ভীষ্ম, দ্রোণ, কিংবা আপনার পক্ষের অন্যান্য যোদ্ধারা করেন নাই ॥৫৬॥

(৫২)···রুদ্রস্যেবোর্জ্জিতং বপুঃ—বর্দ্ধ।

মৃগমধ্যে যথা সিংহো দৃশ্যতে নির্ভয়শ্চরন্।
পাঞ্চালানাং তথা মধ্যে কর্ণোঽচরদভীতবৎ ॥৫৮॥
যথা মৃগগণাংস্ত্রস্তান্ সিংহো দ্রাবয়তে দিশঃ।
পাঞ্চালানাং রথব্রাতান্ কর্ণো ব্যদ্রাবয়ত্তথা ॥৫৯॥
সিংহাস্যঞ্চ যথা প্রাপ্য ন জীবন্তি মৃগাঃ ক্বচিৎ।
তথা কর্ণমনুপ্রাপ্য ন জীবন্তি মহারথাঃ ॥৬০॥
বৈশ্বানরং যথা দীপ্তং প্রাপ্য দহ্যন্তি বৈ জনাঃ।
কর্ণাগ্নিনা রণে তদ্বদ্দগ্ধা ভারত! সৃঞ্জয়াঃ ॥৬১॥
কর্ণেন চেদিষ্বেকেন পাঞ্চালেষু চ ভারত!।
বিশ্রাব্য নাম নিহতা বহবঃ শূরসম্মতাঃ ॥৬২॥

ভারতকৌমুদী

সূতেতি। নাগেষু গজেষু, হয়েষু অশ্বেষু। স্মেতি পাদপূরণে, কদনং মারী ॥৫৭॥
মৃগেতি। অভীতবৎ নির্ভয় ইব। এষ চ সম্ভাবনায়ামিবশব্দ ইতি কেচিৎ ॥৫৮॥
যথেতি। দ্রাবয়তে নিপীড্য প্রেরয়তি। রথানাং ব্রাতান্ সমূহান্ ॥৫৯॥
সিংহেতি। সিংহস্য আস্যং মুখং মুখসমীপমিত্যর্থঃ। কর্ণং কর্ণসমীপম্ ॥৬০॥
বৈশ্বেতি। বৈশ্বানরমগ্নিম, দীপ্তং জ্বলিতম্, দহ্যন্তি দহ্যন্তে ॥৬১॥
কর্ণেনেতি। নাম আত্মনঃ সংজ্ঞাম্। শূরসম্মতা বীরত্বেনাভিমতাঃ ॥৬২॥

নরশ্রেষ্ঠ! কর্ণ ক্রমে পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিমধ্যে মহামারী ঘটাইলেন ॥৫৭॥

সিংহকে যেমন মৃগমধ্যে নির্ভয়ে বিচরণ করিতে দেখা যায়, সেইরূপ পাঞ্চাল-সৈন্য মধ্যে কর্ণকেও নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে দেখা গেল ॥৫৮॥

সিংহ যেমন ভীত মৃগসমূহকে দিগ্‌দিগন্তরে প্রেরণ করে, সেইরূপ কর্ণও পাঞ্চালরথীদিগকে দিগ্‌দিগন্তরে প্রেরণ করিতে লাগিলেন ॥৫৯॥

পশুগণ যেমন সিংহের মুখের নিকটে যাইয়া কখনও জীবিত থাকে না, তেমন মহারথেরাও কর্ণের নিকটে যাইয়া আর জীবিত থাকিলেন না ॥৬০॥

ভরতনন্দন! মানুষ যেমন প্রজ্বলিত অগ্নিতে পতিত হইয়া দগ্ধ হয়, তেমন সৃঞ্জয়েরাও কর্ণাগ্নিতে পতিত হইয়া দগ্ধ হইতে লাগিল ॥৬১॥

ভরতনন্দন! এক কর্ণ নিজের নাম শুনাইয়া শুনাইয়া চেদি ও পাঞ্চালসৈন্যের বহুতর বীরকে বধ করিলেন ॥৬২॥

---

(৫৯)…কর্ণস্ত্রাসয়তে তথা—পি। (৬০)…ন জিজীবুর্মহারথাঃ—বা সো। (৬১) বৈশ্বানরং যথা প্রাপ্য প্রতিদহ্যন্তি বৈ জনাঃ…পি বা সো।

মম চাসীন্মতী রাজন্ ! দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্ ।
নৈকোঽপ্যাধিরথের্জীবন্ পাঞ্চাল্যো মোক্ষ্যতে যুধি ॥৬৩॥
পাঞ্চালান্ ব্যধমৎ সংখ্যে সূতপুত্রঃ পুনঃ পুনঃ ।
অভ্যধাবত সংক্রুদ্ধো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৬৪॥
ধৃষ্টদ্যুম্নস্তু রাধেয়ং দ্রৌপদেয়াশ্চ মারিষ ! ।
পরিবব্রুরমিত্রঘ্নং শতশশ্চাপরে জনাঃ ॥৬৫॥
শিখণ্ডী সহদেবশ্চ নকুলো নাকুলিস্তথা ।
জনমেজয়ঃ শিনের্নপ্তা বহবশ্চ প্রভদ্রকাঃ ॥৬৬॥
এতে পুরোগমা ভূত্বা ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে ।
কর্ণমস্যন্ত ইষ্বস্ত্রৈর্বিরেজুরমিতৌজসঃ ॥৬৭॥ (যুগ্মকম্)
তাংস্তত্রাধিরথিঃ সংখ্যে চেদিপাঞ্চালপাণ্ডবান্ ।
একো বহূনভ্যপতদ্‌গরুত্মান্ পন্নগানিব ॥৬৮॥

ভারতকৌমুদী

মমেতি । মতিঃ সম্ভাবনা । আধিরথেঃ কর্ণাৎ । মোক্ষ্যতে মুক্তিং প্রাপ্স্যতি ॥৬৩॥
পাঞ্চালানিতি । ব্যধমৎ ব্যনাশয়ৎ । সংক্রুদ্ধঃ স্বসৈন্যবিনাশাদেব ॥৬৪॥
ধৃষ্টেতি । দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ । পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৬৫॥
শিখণ্ডীতি । নাকুলির্নকুলপুত্রো দ্রৌপদেয়েতরঃ, দ্রৌপদেয়স্য শতানীকস্য প্রাগুক্তত্বাৎ । শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ । অত্রাক্ষরাধিক্যমার্ষম্ । পুরোগমা অগ্রগামিনঃ । অস্যন্তঃ ক্ষিপন্তঃ ॥৬৬—৬৭॥

রাজা ! তখন কর্ণের বিক্রম দেখিয়া আমার এইরূপ ধারণা হইল যে, একটা পাঞ্চালসৈন্যও জীবিত অবস্থায় কর্ণের নিকট হইতে মুক্তি পাইবে না ॥৬৩॥

কারণ, কর্ণ তৎকালে বার বারই পাঞ্চালসৈন্য বিনাশ করিতেছিলেন। তখন ধর্ম্মরাজ যুধিষ্ঠির অত্যন্তক্রুদ্ধ হইয়া কর্ণের দিকে ধাবিত হইলেন ॥৬৪॥

মাননীয় রাজা ! ক্রমে ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পুত্রগণ এবং অন্য শত শত যোদ্ধা যাইয়া শত্রুহন্তা কর্ণকে পরিবেষ্টন করিলেন ॥৬৫॥

পরে শিখণ্ডী, সহদেব, নকুল, নকুলপুত্র, জনমেজয়, সাত্যকি ও বহুতর প্রভদ্রক এই অমিততেজা বীরেরা ধৃষ্টদ্যুম্নের অগ্রবর্ত্তী হইয়া কর্ণের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া প্রকাশ পাইতে লাগিলেন ॥৬৬—৬৭॥

(৬৩)···নৈকোঽপ্যাধিরথে রাজন্ !···পি। (৬৪) অত্র পূর্বার্দ্ধাৎ পরম্ 'পাঞ্চালানথ নিঘ্নন্তং কর্ণং দৃষ্ট্বা মহারণে' ইত্যর্দ্ধমধিকং বৰ্দ্ধ বা সো। (৬৬)···নকুলোঽপি চ ভূমিপাঃ···পি। (৬৮)···গরুড়ঃ পন্নগানিব—পি।

তৈঃ কর্ণস্যাভবদ্‌যুদ্ধং ঘোররূপং বিশাংপতে।।
তাদৃগ্ যাদৃক্ পুরা বৃত্তং দেবানাং দানবৈঃ সহ ॥৬৯॥
তান্ সমেতান্ মহেষ্বাসান্ শরবর্ষৌঘবর্ষিণঃ।
একোঽভ্যহনদব্যগ্রস্তমাংসীব দিবাকরঃ ॥৭০॥
ভীমসেনস্তু সংসক্তে রাধেয়ে পাণ্ডবৈঃ সহ।
কুরূনভ্যহনৎ ক্রুদ্ধো যমদণ্ডনিভৈঃ শরৈঃ ॥৭১॥
বাহ্লীকান্ কৈকেয়ান্ মৎস্যান্ বাসাত্যান্ মদ্রসৈন্ধবান্।
একঃ সংখ্যে মহেষ্বাসো যোধয়ন্ বহ্বশোভত ॥৭২॥
তত্র মর্ম্মসু ভীমেন নারাচৈস্তাড়িতা গজাঃ।
প্রপতন্তো হতারোহাঃ কম্পয়ন্তি স্ম মেদিনীম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

তানিতি। আধিরথিঃ কর্ণঃ, সংখ্যে যুদ্ধে। গরুত্মান্ গরুড়ঃ ॥৬৮॥
তৈরিতি। তৈঃ সহ। বিশাং নরাণাম্। বৃত্তং জাতম্ ॥৬৯॥
তানিতি। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ, তমাংসি অন্ধকারান্ ॥৭০॥
ভীমেতি। সংসক্তে যুদ্ধায় মিলিতে, রাধেয়ে কর্ণে ॥৭১॥
বাহ্লীকানিতি। বাসাত্যান্ বসাতিদেশীয়ান্। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো ভীমসেনঃ ॥৭২॥
তত্রেতি। হতা আরোহা আরোহিণো যেষাং তে, মেদিনীং রণভূমিম্ ॥৭৩॥

তখন এক গরুড় যেমন বহুতর সর্পের উপরে পতিত হন, সেইরূপ এক কর্ণ বহুতর চেদি, পাঞ্চাল ও পাণ্ডবের উপরে পতিত হইলেন ॥৬৮॥

নরনাথ! পূর্ব্বকালে দানবগণের সহিত দেবগণের যেরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল, তৎকালে সেই যুধিষ্ঠিরপ্রভৃতির সহিত কর্ণের সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥৬৯॥

সেই মহাধনুর্দ্ধরেরা সম্মিলিত হইয়া বাণসমূহ বর্ষণ করিতে লাগিলে, সূর্য্য যেমন অন্ধকার নাশ করেন, সেইরূপ এক কর্ণ অনাকুল থাকিয়া তাহাদিগকে নাশ করিতে থাকিলেন ॥৭০॥

এদিকে কর্ণ পাণ্ডবগণের সহিত মিলিত হইলে, ওদিকে ভীমসেন ক্রুদ্ধ হইয়া যমদণ্ডতুল্য বাণসমূহদ্বারা কৌরবসৈন্য সংহার করিতে লাগিলেন ॥৭১॥

মহাধনুর্দ্ধর এক ভীমসেন বাহ্লীক, কৈকয়, মৎস্য, বসাতি, মদ্র ও সিন্ধুদেশীয় সৈন্যগণের সহিত যুদ্ধ করিতে থাকিয়া বিশেষ শোভা পাইতে থাকিলেন ॥৭২॥

(৬৯) দেবানামসুরৈঃ সহ—পি। (৭১) ভীমসেনস্তু সংক্রুদ্ধো রাধেয়ং পাণ্ডবৈঃ সহ···পি,···সর্বতোঽভ্যহনৎ···সো।

বাজিনশ্চ হতারোহাঃ পত্তয়শ্চ গতাসবঃ।
শেরতে যুধি নির্ভিন্না বমন্তো রুধিরং বহু ॥৭৪॥
সহস্রশশ্চ রথিনঃ পতিতাঃ পতিতায়ুধাঃ।
তে কৃত্তাঃ সমদৃশ্যন্ত ভীমাদ্ভীতা গতাসবঃ ॥৭৫॥
রথিভিঃ সাদিভিঃ সূতৈঃ পাদাতৈর্বাজিভির্গজৈঃ।
ভীমসেনশরচ্ছিন্নৈরাচ্ছন্না বসুধাভবৎ ॥৭৬॥
তৎ স্তম্ভিতমিবাতিষ্ঠদ্ভীমসেনভয়ার্দ্দিতম্।
দুর্য্যোধনবলং রাজন্! নিরুৎসাহং কৃতব্রণম্ ॥৭৭॥
নিশ্চেষ্টং তদ্বলং দীনং বভৌ তস্মিন্ মহারণে।
প্রসন্নসলিলে কালে যথা স্যাৎ সাগরো নৃপ! ॥৭৮॥

ভারতকৌমুদী

বাজিন ইতি। পত্তয়ঃ পদাতয়ঃ, গতাসবো নির্গতপ্রাণাঃ। বহু প্রচুরম্ ॥৭৪॥
সহস্রশ ইতি। পতিতানি আয়ুধান্যস্ত্রাণি যেষাং তে। কৃত্তাশ্ছিন্নাঃ ॥৭৫॥
রথিভিরিতি। সাদিভির্গজাশ্বারোহিভিঃ, সূতৈঃ সারথিভিঃ, পাদাতৈঃ পদাতিগণৈঃ ॥৭৬॥
তদিতি। স্তম্ভিতং নিশ্চলম্। কৃতব্রণং বাণৈঃ কৃতক্ষতম্ ॥৭৭॥

তখন ভীমসেন নারাচদ্বারা মর্ম্মস্থানে আঘাত করিতে লাগিলে, অশ্বারোহীরা নিহত হইতে লাগিল এবং আহত হস্তীগুলিও পতিত হইতে থাকিয়া সমরভূমি কম্পিত করিতে থাকিল ॥৭৩॥

আরোহীরা নিহত হইলে, বিদীর্ণদেহ অশ্ব ও পদাতি সকল প্রাণশূন্য হইয়া প্রচুর রক্ত বমন করিতে থাকিয়া যুদ্ধভূমিতে শয়ন করিতে লাগিল ॥৭৪॥

ক্রমে দেখা গেল—সহস্র সহস্র রথী নিরস্ত্র হইয়া পতিত হইতেছে, কতকগুলি ছিন্ন হইতেছে এবং অনেকগুলি ভীমের ভয়েই প্রাণত্যাগ করিতেছে ॥৭৫॥

ক্রমশঃ ভীমসেনের বাণে ছিন্ন ও বিদীর্ণ রথী, গজারোহী, অশ্বারোহী, সারথি, পদাতি, হস্তী ও অশ্বগণে রণভূমি আচ্ছন্ন হইয়া পড়িল ॥৭৬॥

রাজা! ক্রমে সেই দুর্য্যোধনের সৈন্য ক্ষত-বিক্ষতদেহ, নিরুৎসাহ ও ভীমের ভয়ে আকুল হইয়া স্তম্ভিতের ন্যায় রহিল ॥৭৭॥

রাজা! যে সময়ে পূর-(জোয়ার) প্রভৃতি না থাকায় জল নির্ম্মল থাকে, সেই সময়ের সমুদ্রের ন্যায় সেই কৌরবসৈন্য সেই মহাযুদ্ধস্থলে কাতর ও নিশ্চেষ্ট হইয়া রহিল ॥৭৮॥

(৭৫)…পাতিতাঃ পতিতায়ুধাঃ…পি বা,…তে ক্ষতাঃ…বা সো। (৭৭)…বলাদিতম্… পি। (৭৮)…তুমুলং দীনম্…প্রসন্নসলিলঃ কালে…পি, নিশ্চেষ্টন্তু বলং দীনম্…সো।

তদ্বত্তব বলং তস্থে নিশ্চলং সমবস্থিতম্।
মন্যুবীর্য্যবলোপেতং দর্পাৎ প্রত্যবরোপিতম্ ॥৭৯॥
অভবত্তব পুত্রস্য তৎ সৈন্যং নিষ্প্রভং তদা।
তদ্বলং ভরতশ্রেষ্ঠ! যুধ্যমানং পরস্পরম্ ॥৮০॥
রুধিরৌঘপরিক্লিন্নং রুধিরার্দ্রং বভূব তু।
জগাম ভরতশ্রেষ্ঠ! বধ্যমানং পরস্পরম্ ॥৮১॥
সূতপুত্রো রণে ক্রুদ্ধঃ পাণ্ডবানামনীকিনীম্।
ভীমসেনঃ কুরূংশ্চাপি দ্রাবয়ন্ বহ্বশোভত ॥৮২॥
বর্ত্তমানে তথা রৌদ্রে সংগ্রামেঽদ্ভুতদর্শনে।
নিহত্য পৃতনামধ্যে সংশপ্তকগণান্ বহূন্ ॥৮৩॥
অর্জ্জুনো জয়তাং শ্রেষ্ঠো বাসুদেবমথাব্রবীৎ।
প্রভগ্নং বলমেতদ্ধি যোৎস্যমানং জনার্দ্দন! ॥৮৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নিরিতি। দীনং কাতরম্। প্রসন্নং পূরাস্তভাবান্নির্ম্মলং সলিলং যত্র তত্র ॥৭৮॥

প্রকারান্তরেণোপমীয়তে তদ্বদিতি। মন্যুঃ ক্রোধঃ বীর্য্যং দৈহিকী শক্তিঃ বলঞ্চ মানসিকী শক্তিঃ তৈরুপেতমপি, ভীমসেনপ্রতাপেন দর্পাৎ প্রত্যবরোপিতং তদা চ্যাবিতমাসীৎ ॥৭৯॥

অভবদিতি। নিষ্প্রভং ভয়বিষাদাভ্যাং বীরকান্তিরহিতম্ ॥৮০॥

রুধিরেতি। জগাম বিনাশমিতি শেষঃ ॥৮১॥

সূতেতি। অনীকিনীং সেনাম্। দ্রাবয়ন্ পীড়য়ন্ ॥৮২॥

বর্ত্তেতি। পৃতনায়াঃ সংশপ্তকসেনায়া এব মধ্যে। প্রভগ্নং বিশ্লিষ্টম্ ॥৮৩—৮৪॥

এবং মহারাজ! আপনার সেই সৈন্য তাদৃশ সমুদ্রের ন্যায় নিশ্চল হইয়া থাকিল। কারণ, ক্রোধ, দৈহিক শক্তি ও মানসিক শক্তি থাকিলেও সে সৈন্যদের তখন দর্প ছিল না ॥৭৯॥

আর ভরতশ্রেষ্ঠ! আপনার পুত্রের সেই সৈন্য তখন বীরশ্রীশূন্য হইয়া পড়িল; তথাপি তাহারা পরস্পর যুদ্ধ করিতে লাগিল (ভীমের দূরদেশে) ॥৮০॥

এবং তাহারা রক্তসিক্ত ও রক্তে আর্দ্র হইয়া গেল। এইভাবে তাহারা পরস্পর নিহত হইতে থাকিয়া বিনাশপ্রাপ্ত হইল ॥৮১॥

কর্ণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে পাণ্ডবসৈন্য পীড়ন করিতে থাকিয়া এবং ভীমসেন কৌরব-সৈন্য তাড়ন করতঃ অতিশয় শোভা পাইতে লাগিলেন ॥৮২॥

সেইরূপ ভীষণ ও অদ্ভুত যুদ্ধ চলিতে লাগিলে, বিজয়িশ্রেষ্ঠ অর্জ্জুন সংশপ্তক-

এতে দ্রবন্তি সগণাঃ সংশপ্তকমহারথাঃ।
অপারয়ন্তো মদ্বাণান্ সিংহশব্দং মৃগা ইব ॥৮৫॥
দীর্য্যতে চ মহৎ সৈন্যং সৃঞ্জয়ানাং মহারণে।
হস্তিকক্ষ্যো হ্যসৌ কৃষ্ণ! কেতুঃ কর্ণস্য ধীমতঃ ॥৮৬॥
দৃশ্যতে রাজসৈন্যস্য মধ্যে বিচরতো মুহুঃ।
ন চ কর্ণং রণে শক্তা জেতুমন্যে মহারথাঃ ॥৮৭॥ (যুগ্মকম্)
জানীতে হি ভবান্ কর্ণং বীর্য্যবন্তং পরাক্রমে।
তত্র যাহি যতঃ কর্ণো দ্রাবয়ত্যেষ নো বলম্ ॥৮৮॥
বর্জয়িত্বা রণে যাহি সূতপুত্রং মহারথম্।
এষ মে রোচতে কৃষ্ণ! যথা বা তব রোচতে ॥৮৯॥
এতচ্ছ্রুত্বা বচস্তস্য গোবিন্দঃ প্রহসন্নিব।
অব্রবীদর্জ্জুনং তূর্ণং কৌরবান্ জহি পাণ্ডব! ॥৯০॥

ভারতকৌমুদী

এত ইতি। দ্রবন্তি দ্রুতং পলায়ন্তে, সগণাঃ সানুচরাঃ। অপারয়ন্তঃ সোঢ়ুম্ ॥৮৫॥
দীর্য্যত ইতি। হস্তিনঃ কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জুস্তচ্চিহ্নং যত্র সঃ। অন্যে মদ্ভিন্নাঃ ॥৮৬—৮৭॥
জানীত ইতি। পরাক্রমে তৎপ্রকাশে চ নিপুণমিতি শেষঃ। নঃ অস্মাকম্ ॥৮৮॥
বর্জেতি। বর্জয়িত্বা সংশপ্তকানিতি শেষঃ। এষ পক্ষঃ ॥৮৯॥

সৈন্যমধ্যে থাকিয়াই বহুসংশপ্তক বধ করিয়া কৃষ্ণকে বলিলেন—'জনার্দ্দন! এই যোৎস্যমান সৈন্য যে ভগ্ন হইয়া গেল ॥৮৩—৮৪॥

হরিণগণ যেমন সিংহের গর্জন শুনিতে না পারিয়া বেগে পলায়ন করে, সেইরূপ এই সংশপ্তকমহারথেরা আমার বাণাঘাত সহ্য করিতে না পারিয়া অনুচরবর্গের সহিত বেগে পলায়ন করিতেছেন ॥৮৫॥

কৃষ্ণ! ওদিকে বিশাল সৃঞ্জয়সৈন্যও ভগ্ন হইতেছে; পাণ্ডবসৈন্যমধ্যে অনবরত-বিচরণকারী ধীমান্ কর্ণেরও ঐ হস্তিরজ্জুচিহ্নিত ধ্বজ দেখা যাইতেছে; অথচ আমি ভিন্ন অন্য মহারথেরা কর্ণকে যুদ্ধে জয় করিতে সমর্থ হইবেন না ॥৮৬—৮৭॥

তুমি জান যে, কর্ণ বলবান্ এবং পরাক্রমপ্রকাশে নিপুণ। অতএব কর্ণ যেখানে থাকিয়া এই আমাদের সৈন্য পীড়ন করিতেছেন, সেইখানে যাও ॥৮৮॥

কৃষ্ণ! যুদ্ধে সংশপ্তকগণকে পরিত্যাগ করিয়া মহারথ কর্ণের দিকে যাও, ইহাই আমার মত; অথবা তোমার যে মত, (তাহা বল)' ॥৮৯॥

(৮৫)···সিংহশব্দান্···পি।

ততস্তব মহাসৈন্যং গোবিন্দপ্রেষিতা হয়াঃ।
হংসবর্ণাঃ প্রবিবিশুর্বহন্তঃ কৃষ্ণপাণ্ডবৌ ॥৯১॥
কেশবপ্রেরিতৈরশ্বৈঃ শ্বেতৈঃ কাঞ্চনভূষণৈঃ।
প্রবিশদ্ভিস্তব বলং চতুর্দ্দিশমভিদ্যত ॥৯২॥
মেঘস্তনিতনির্হ্রাদঃ স রথো বানরধ্বজঃ।
চলৎপতাকস্তাং সেনাং বিমানং দ্যামিবাবিশৎ ॥৯৩॥
তৌ বিদার্য্য মহাসেনাং প্রবিষ্টৌ কেশবার্জ্জুনৌ।
ক্রুদ্ধৌ সংরম্ভরক্তাক্ষৌ ব্যভ্রাজেতাং মহাদ্যুতী ॥৯৪॥
যুদ্ধশৌণ্ডৌ সমাহূতাবাগতৌ তৌ রণাধ্বরম্।
যজ্বভির্বিধিনাহূতৌ মখে দেবাবিবাশ্বিনৌ ॥৯৫॥

ভারতকৌমুদী

এতদিতি। কৌরবান্ জহি, যাবৎ কর্ণঃ পরিশ্রান্তো ভবতি তাবদিতি ভাবঃ ॥৯০॥
তত ইতি। গোবিন্দপ্রেষিতাঃ কৃষ্ণচালিতাঃ। হংসবর্ণাঃ হংসবচ্ছুভ্রাঃ ॥৯১॥
কেশবেতি। অভিদ্যত অর্জ্জুনভয়াদ্বিশ্লিষ্টমভবৎ ॥৯২॥
মেঘেতি। মেঘস্য স্তনিতং গর্জ্জিতমিব নির্হ্রাদঃ শব্দো যস্য সঃ। দ্যাং স্বর্গম্ ॥৯৩॥
তাবিতি। সংরম্ভেণ ক্রোধেন রক্তাক্ষৌ রক্তবর্ণনয়নৌ ॥৯৪॥
যুদ্ধেতি। যুদ্ধে শৌণ্ডৌ মত্তৌ, সমাহূতৌ সন্ধানঙ্গীকারেণ দুর্য্যোধনেনৈব ॥৯৫॥

অর্জ্জুনের এই কথা শুনিয়া কৃষ্ণ হাস্য করতই যেন অর্জ্জুনকে বলিলেন—'পাণ্ডুনন্দন! তুমি সত্বর কৌরবসৈন্য সংহার করিতে থাক' ॥৯০॥

মহারাজ! তাহার পর কৃষ্ণচালিত হংসতুল্য শুভ্রবর্ণ অশ্বগণ কৃষ্ণ ও অর্জ্জুনকে লইয়া আপনার বিশাল সৈন্যমধ্যে প্রবেশ করিল ॥৯১॥

মহারাজ! শ্বেতবর্ণ ও স্বর্ণভূষণে ভূষিত অশ্বগণ কৃষ্ণকর্তৃক চালিত হইয়া প্রবেশ করিলে, আপনার সৈন্য চতুর্দ্দিকেই ভগ্ন হইল ॥৯২॥

দেববিমান যেমন স্বর্গে প্রবেশ করে, সেইরূপ মেঘগর্জনের ন্যায় গম্ভীরশব্দকারী ও বানরধ্বজ সেই রথ কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিল; তখন তাহার পতাকা চলিতে থাকিল ॥৯৩॥

ক্রুদ্ধ, রক্তনয়ন ও মহাতেজা সেই কৃষ্ণ ও অর্জ্জুন বিশাল কৌরবসৈন্য বিদারণপূর্ব্বক প্রবেশ করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৯৪॥

যাজ্ঞিকগণকর্তৃক যথাবিধানে সমাহূত যজ্ঞে অশ্বিনীকুমারদ্বয়ের ন্যায় কৃষ্ণ ও অর্জ্জুন আহূত হইয়া সেই যুদ্ধযজ্ঞে আগমন করিলেন ॥৯৫॥

(৯২) কেশবপ্রেষিতৈঃ···বর্দ্ধ। (৯৫) যুদ্ধশৌণ্ডৈঃ···পি।

ক্রুদ্ধৌ তৌ তু নরব্যাঘ্রৌ বেগবন্তৌ বভূবতুঃ।
তলশব্দেন রুষিতৌ যথা নাগৌ মহাবনে ॥৯৬॥
বিগাহ্য তু রথানীকমশ্বসংঘাংশ্চ ফাল্গুনঃ।
ব্যচরৎ পৃতনামধ্যে পাশহস্ত ইবান্তকঃ ॥৯৭॥
তং দৃষ্ট্বা যুধি বিক্রান্তং সেনায়াং তব ভারত!।
সংশপ্তকগণান্ ভূয়ঃ পুত্রস্তে সমচূচুদৎ ॥৯৮॥
ততো রথসহস্রেণ দ্বিরদানাং ত্রিভিঃ শতৈঃ।
চতুর্দ্দশসহস্রৈস্তু তুরগাণাং মহাহবে ॥৯৯॥
দ্বাভ্যাং শতসহস্রাভ্যাং পদাতীনাঞ্চ ধন্বিনাম্।
শূরাণাং লব্ধলক্ষাণাং বিদিতানাং সমন্ততঃ ॥১০০॥
অভ্যবর্ত্তন্ত কৌন্তেয়ং চ্ছাদয়ন্তো মহারথাঃ।
শরবর্ষৈর্মহারাজ! সর্বতঃ পাণ্ডুনন্দনম্ ॥১০১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ক্রুদ্ধাবিতি। তলশব্দেন করতলধ্বনিনা, রুষিতৌ ক্রুদ্ধৌ, নাগৌ সর্পৌ ॥৯৬॥

বিগাহ্যেতি। বিগাহ্য প্রবিশ্য। ফাল্গুনোঽর্জ্জুনঃ। পৃতনায়াঃ কৌরবসেনায়া মধ্যে ॥৯৭॥

তমিতি। পুত্রো দুর্য্যোধনঃ, সমচূচুদৎ প্রেরিতবান্ ॥৯৮॥

তত ইতি। মহাহবে মহাযুদ্ধে। শতসহস্রাভ্যাং লক্ষাভ্যাম্। সর্বত্র সহার্থে তৃতীয়া। লব্ধং লক্ষমর্জ্জুনরূপং লক্ষ্যং যৈস্তেষাম্, বিদিতানাং বিখ্যাতানাম্। কৌন্তেয়মর্জ্জুনম্ ॥৯৯-১০১॥

ক্রমে মহাবনমধ্যে করতলধ্বনিদ্বারা কোপিত দুইটা সর্পের ন্যায় নরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বেগবান্ হইলেন ॥৯৬॥

পরে অর্জ্জুন সেই রথিসৈন্য ও অশ্বারোহিসৈন্যমধ্যে প্রবেশ করিয়া পাশহস্ত যমের ন্যায় তাহার মধ্যে বিচরণ করিতে লাগিলেন ॥৯৭॥

ভরতনন্দন! আপনার পুত্র (দুর্য্যোধন) যুদ্ধে বিক্রমশালী অর্জ্জুনকে আপনার সৈন্যমধ্যে দেখিয়া পুনরায় সংশপ্তকগণকে প্রেরণ করিলেন ॥৯৮॥

মহারাজ! তাহার পর সহস্র রথী, তিন শত গজারোহী, চতুর্দ্দশ সহস্র অশ্বারোহী এবং বীর বলিয়া সর্ব্বত্র বিখ্যাত প্রাপ্তলক্ষ্য দুই লক্ষ ধনুর্দ্ধর পদাতির সহিত মহারথেরা সকল দিক্ হইতে বাণবর্ষণদ্বারা পাণ্ডুনন্দন অর্জ্জুনকে আবৃত করিতে থাকিয়া তাঁহার অভিমুখবর্ত্তী হইলেন ॥৯৯—১০১॥

(১০১) অভ্যবর্ত্তন্ত তৌ বীরৌ...পি।

সংছাদ্যমানঃ সমরে শরৈঃ পরবলার্দ্দনঃ।
দর্শয়ন্ রৌদ্রমাত্মানং পাশহস্ত ইবান্তকঃ।
নিঘ্নন্ সংশপ্তকান্ পার্থঃ প্রেক্ষণীয়তরোঽভবৎ ॥১০২॥
ততো বিদ্যুৎপ্রভৈর্বাণৈঃ কার্ত্তস্বরবিভূষিতৈঃ।
নিরন্তরমিবাকাশমাসীচ্ছন্নং কিরীটিনা ॥১০৩॥
কিরীটিভুজনির্ম্মুক্তৈঃ সংপতদ্ভির্মহাশরৈঃ।
সমাচ্ছন্নং বভৌ সর্বং কাদ্রবেয়ৈরিব প্রভো! ॥১০৪॥
রুক্মপুঙ্খান্ প্রসন্নাগ্রান্ শরান্ সন্নতপর্ব্বণঃ।
অবাসৃজদমেয়াত্মা দিক্ষু সর্বাসু পাণ্ডবঃ ॥১০৫॥
মহী বিয়দ্দিশঃ সর্বাঃ সমুদ্রা গিরয়োঽপি বা।
স্ফুটন্তীতি জনা জজ্ঞুঃ পার্থস্য তলনিস্বনাৎ ॥১০৬॥

ভারতকৌমুদী

নিঘ্নন্নিতি। প্রেক্ষণীয়তরো বীরশ্রিয়া অতীবসুদৃশ্যঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০২॥
তত ইতি। কার্ত্তস্বরবিভূষিতৈঃ স্বর্ণালঙ্কৃতৈঃ। নিরন্তরং নিরবকাশম্ ॥১০৩॥
কিরীটীতি। কিরীটিভুজনির্ম্মুক্তৈঃ অর্জ্জুনবাহুনিক্ষিপ্তৈঃ। কাদ্রবেয়ৈর্নাগৈঃ ॥১০৪॥
রুক্মেতি। প্রসন্নাগ্রান্ নির্ম্মলমুখান্। অমেয়াত্মা অপরিমেয়শক্তিঃ ॥১০৫॥
মহীতি। বিয়দাকাশম্। স্ফুটন্তি বিদীর্য্যন্তে। তলনিস্বনাৎ তলত্রশব্দাৎ ॥১০৬॥

তাঁহারা যুদ্ধে বাণদ্বারা আবৃত করিতে থাকিলে, বিপক্ষসৈন্যহন্তা অর্জ্জুন পাশহস্ত যমের ন্যায় রৌদ্রমূর্ত্তি প্রদর্শন ও সংশপ্তকসংহার করিতে থাকিয়া বীরশোভায় অত্যন্ত সুদৃশ্য হইয়া উঠিলেন ॥১০২॥

তদনন্তর স্বর্ণভূষিত ও বিদ্যুতের তুল্য অর্জ্জুনের বাণে আকাশটা আবৃত হইয়া যেন অন্তর-(ফাঁক্) শূন্য হইয়া পড়িল ॥১০৩॥

রাজা! অর্জ্জুনবাহুনিক্ষিপ্ত মহাবাণ সকল সর্পের ন্যায় পতিত হইতে থাকিয়া সমস্ত বস্তুকেই যেন সমাচ্ছন্ন করিয়া ফেলিল ॥১০৪॥

অপরিমেয়শক্তি অর্জ্জুন স্বর্ণপুঙ্খ, নির্ম্মলমুখ ও নতপর্ব্ব বাণ সকল সমস্ত দিকে নিক্ষেপ করিতে লাগিলেন ॥১০৫॥

গাণ্ডীবসঞ্চালনের সময়ে অর্জ্জুনের হস্তাবরণের শব্দ শুনিয়া লোকে ধারণা করিতে লাগিল যে, পৃথিবী, আকাশ, সমস্ত দিক্, সমুদ্র এবং পর্ব্বত সকল যেন বিদীর্ণ হইতেছে ॥১০৬॥

(১০২)…নিঘ্নন্ সংশপ্তকান্ ভূয়ঃ…পি।

হত্বা দশ সহস্রাণি পার্থিবানাং মহারথঃ।
সংশপ্তকানাং কৌন্তেয়ঃ প্রপক্ষং ত্বরিতোঽভ্যয়াৎ ॥১০৭॥
প্রপক্ষঞ্চ সমাসাদ্য পার্থঃ কাম্বোজরক্ষিতম্।
প্রমমাথ বলাদ্বাণৈর্দানবানিব বাসবঃ ॥১০৮॥
প্রচিচ্ছেদাশু ভল্লেন দ্বিষতামাততায়িনাম্।
শস্ত্রপাণীংস্তথা বাহূংস্তথা জঙ্ঘাঃ শিরাংসি চ ॥১০৯॥
অঙ্গাঙ্গাবয়বৈশ্ছিন্নৈর্ব্যায়ুধাস্তেঽপতন্ ভুবি।
বিশ্বগ্‌বাতাভিসংভগ্না বহুশাখা ইব দ্রুমাঃ ॥১১০॥
হস্ত্যশ্বরথপত্তীনাং ব্রাতান্ নিঘ্নন্তমর্জ্জুনম্।
সুদক্ষিণাদবরজঃ শরবৃষ্ট্যাভ্যবীবৃষৎ ॥১১১॥
তস্যাস্যতোঽৰ্দ্ধচন্দ্রাভ্যাং বাহূ পরিঘসন্নিভৌ।
পূর্ণচন্দ্রাভবক্ত্রঞ্চ ক্ষুরেণাভ্যহরচ্ছিরঃ ॥১১২॥

ভারতকৌমুদী

হত্বেতি। পার্থিবানাং ক্ষত্রিয়াণাম্। প্রপক্ষং পার্শ্বপ্রান্তদেশম্ ॥১০৭॥

প্রেতি। কাম্বোজেন তদানীন্তনকাম্বোজসৈন্যনায়কেন রক্ষিতম্ ॥১০৮॥

প্রেতি। আততায়িনাং শস্ত্রপাণীনাম্। শস্ত্রযুক্তাঃ পাণয়ঃ শস্ত্রপাণয়স্তান্ ॥১০৯॥

অঙ্গেতি। অঙ্গানি হস্তাঃ অঙ্গাবয়বা অঙ্গুল্যস্তৈশ্ছিন্নৈর্হেতুভিঃ, ব্যায়ুধা নিরস্ত্রাঃ, তে সংশপ্তকাঃ, বিশ্বগ্বাতেন সর্বদিগাগতবাত্যয়া অভিসংভগ্না বহুশাখা দ্রুমা ইব ভুবি অপতন্ ॥১১০॥

হস্তীতি। ব্রাতান্ সমূহান্। সুদক্ষিণাৎ পূর্ব্বং নিহতাৎ কাম্বোজরাজাৎ, অবরজোঽনুজঃ ॥১১১॥

মহারথ অর্জ্জুন এইভাবে দশ সহস্র ক্ষত্রিয় বধ করিয়া সত্বর সংশপ্তকসৈন্যের পার্শ্বপ্রান্তদেশে গমন করিলেন ॥১০৭॥

অর্জ্জুন সেই পার্শ্বপ্রান্তদেশে গমন করিয়া—ইন্দ্র যেমন দানব মন্থন করিতেন, সেইরূপ বাণদ্বারা বলপূর্ব্বক তাহা মন্থন করিতে লাগিলেন ॥১০৮॥

তিনি ভল্লদ্বারা সত্বর সত্বর অস্ত্রধারী শত্রুগণের অস্ত্রযুক্ত হস্ত, বাহু, জঙ্ঘা ও মস্তক ছেদন করিতে থাকিলেন ॥১০৯॥

হস্ত ও হস্তাঙ্গুলী ছিন্ন হইলে, সেই সংশপ্তকেরা নিরস্ত্র হইয়া—ঘূর্ণী বাত্যায় সর্ব্বতোভাবে ভগ্ন বহুশাখাযুক্ত বৃক্ষসমূহের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিল ॥১১০॥

অর্জ্জুন এইভাবে হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহ বধ করিতে লাগিলে, পূর্ব্বনিহত কাম্বোজরাজ সুদক্ষিণের কনিষ্ঠ ভ্রাতা অর্জ্জুনের উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥১১১॥

স পপাত হতো বাহাৎ সুলোহিতপরিস্রবঃ।
মনঃশিলাগিরেঃ শৃঙ্গং বজ্রেণেবাবদারিতম্ ॥১১৩॥
সুদক্ষিণাদবরজং কাম্বোজং দদৃশুর্হতম্।
প্রাংশুং কমলপত্রাক্ষমত্যর্থপ্রিয়দর্শনম্ ॥১১৪॥
কাঞ্চনস্তম্ভসদৃশং ভিন্নং হেমগিরিং যথা।
ততোঽভবৎ পুনর্যুদ্ধং ঘোরমত্যর্থমদ্ভুতম্ ॥১১৫॥ (যুগ্মকম্)
নানাবস্থাশ্চ যোধানাং বভূবুস্তত্র যুধ্যতাম্।
একেষুনিহতৈরশ্বৈঃ কাম্বোজৈর্যবনৈঃ শকৈঃ ॥১১৬॥
শোণিতাক্তৈস্তদা রক্তং সর্বমাসীদ্বিশাংপতে!।
রথৈর্হতাশ্বসূতৈশ্চ হতারোহৈশ্চ বাজিভিঃ ॥১১৭॥
দ্বিরদৈশ্চ হতারোহৈর্মহামাত্রৈর্হতদ্বিপৈঃ।
অন্যোন্যেন মহারাজ! কৃতো ঘোরো জনক্ষয়ঃ ॥১১৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। অস্যতো বাণান্ ক্ষিপতঃ। পূর্ণচন্দ্রাভং বক্ত্রং যস্য তৎ ॥১১২॥

স ইতি। বাহাৎ রথাৎ, শোভনো লোহিতপরিস্রবো রক্তস্রাবো যস্মাৎ সঃ ॥১১৩॥

স্বিতি। অবরজমনুজম্, প্রাংশুমুন্নতদেহম্। ভিন্নং বজ্রবিদীর্ণম্ ॥১১৪—১১৫॥

নানেতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। একেন একৈকেন ইষুণা বাণেন নিহতৈঃ। সর্বং রণস্থলম্। হতা অশ্বাঃ সূতাঃ সারথয়শ্চ যেষাং তৈঃ। মহামাত্রৈর্হস্তিপকৈঃ ॥১১৬—১১৮॥

তিনি বাণক্ষেপ করিতে থাকিলে, অর্জ্জুন দুইটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা পরিঘতুল্য তাঁহার দুই বাহু এবং একটা ক্ষুরপ্রবাণদ্বারা পূর্ণচন্দ্রতুল্যমুখমণ্ডলসমন্বিত মস্তকটী ছেদন করিলেন ॥১১২॥

তখন প্রচুর রক্তস্রাব হইতে লাগিল; সেই অবস্থায় তিনি—বজ্রবিদারিত মনঃশিলাপর্ব্বতের শৃঙ্গের ন্যায় রথ হইতে পতিত হইলেন ॥১১৩॥

ক্রমে উন্নতদেহ, পদ্মনয়ন, অত্যন্তপ্রিয়দর্শন এবং স্বর্ণস্তম্ভ ও বজ্রবিদীর্ণ সুমেরু-পর্ব্বতের ন্যায় গৌরবর্ণ সেই সুদক্ষিণের কনিষ্ঠ ভ্রাতা কাম্বোজসৈন্যনায়ককে সকলে নিহত অবস্থায় দেখিল। তাহার পর পুনরায় ভয়ঙ্কর ও আশ্চর্য্য মহাযুদ্ধ হইতে লাগিল ॥১১৪—১১৫॥

নরনাথ! তখন যুধ্যমান যোদ্ধাদের নানাবিধ অবস্থা হইতে থাকিল। অর্জ্জুন এক একটা বাণে বধ করিতে লাগিলে, অশ্ব, কাম্বোজ, যবন ও শকসৈন্যেরা রক্তাক্ত

(১১৩)…বজ্রেণেব বিদারিতম্—বর্দ্ধ। (১১৪)…অত্যর্থং প্রিয়দর্শনম্—বর্দ্ধ। (১১৫)…ছিন্নং হেমগিরিং যথা…পি। (১১৬)…একেষ্বাবর্জিতৈরশ্বৈঃ কাম্বোজৈর্জবনৈঃ খশৈঃ—পি।

তস্মিন্ প্রপক্ষে পক্ষে চ নিহতে সব্যসাচিনা।
অর্জ্জুনং জয়তাং শ্রেষ্ঠং ত্বরিতো দ্রৌণিরভ্যয়াৎ ॥১১৯॥
বিধুন্বানো মহচ্চাপং কার্ত্তস্বরবিভূষিতম্।
আদদানঃ শরান্ ঘোরান্ স্বরশ্মীনিব ভাস্করঃ ॥১২০॥
ক্রোধামর্ষবিবৃত্তাস্যো লোহিতাক্ষো বভৌ বলী।
অন্তকালে যথা ক্রুদ্ধো মৃত্যুঃ কিঙ্করদণ্ডভৃৎ ॥১২১॥ (যুগ্মকম্)
ততঃ প্রাসৃজদুগ্রাণি শরবর্ষাণি সংঘশঃ।
তৈর্বিসৃষ্টৈর্মহারাজ! ব্যদ্রবৎ পাণ্ডবী চমূঃ ॥১২২॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। প্রপক্ষে পক্ষপ্রান্তে, পক্ষে প্রধানবীরপার্শ্বে। দ্রৌণিরশ্বত্থামা ॥১১৯॥
বীতি। বিধুন্বানঃ সঞ্চালয়ন্। কার্ত্তস্বরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্। ক্রোধাৎ অমর্ষাৎ বিলম্বাসহিষ্ণুতায়াশ্চ বিবৃত্তাস্যো ব্যাত্তমুখঃ। কিঙ্করং তদাখ্যং দণ্ডং বিভর্ত্তীতি সঃ ॥১২০-১২১॥
তত ইতি। প্রাসৃজৎ অশ্বত্থামা ন্যক্ষিপৎ। ব্যদ্রবৎ দ্রুতমপাসরৎ ॥১২২॥

ভারতভাবদীপঃ

ভীমসেনমিতি ॥১-১২০॥ কিঙ্করবদ্দণ্ডং বিভর্ত্তি কিঙ্করনামানং বা দণ্ডং বিভর্ত্তি ॥১২১-১৪৭॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪২॥

হইয়া পতিত হইতে থাকিল; তখন সমগ্র রণস্থল রক্তবর্ণ হইয়া গেল এবং মহারাজ! রথগুলির অশ্ব ও সারথি, অশ্বগণের ও হস্তিসমূহের আরোহী এবং হস্তিপকগণের হস্তী সকল নিহত হইতে থাকায় পরস্পর ভয়ঙ্কর লোকক্ষয় হইতে লাগিল ॥১১৬—১১৮॥

অর্জ্জুন সংশপ্তকসৈন্যের পক্ষ ও প্রপক্ষ নিহত করিলে, অশ্বত্থামা ত্বরান্বিত হইয়া বিজয়িশ্রেষ্ঠ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥১১৯॥

আরক্তনয়ন ও বলবান্ অশ্বত্থামা স্বর্ণখচিত বিশাল ধনু সঞ্চালন করিতে থাকিয়া সূর্য্য যেমন আপন কিরণ গ্রহণ করেন, সেইরূপ ভয়ঙ্কর বাণ সকল গ্রহণ করিয়া ক্রোধ ও অসহিষ্ণুতাবশতঃ মুখব্যাদানপূর্ব্বক, অন্তকালে ক্রুদ্ধ ও কিঙ্করাখ্যদণ্ডধারী যমের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥১২০—১২১॥

মহারাজ! তাহার পর তিনি রাশি রাশি ভয়ঙ্কর বাণ বর্ষণ করিতে লাগিলেন; সেই গুলি নিক্ষিপ্ত হইতে লাগিলে, পাণ্ডবসৈন্য বেগে অপসরণ করিতে লাগিল ॥১২২॥

(১২১) ক্রোধামর্ষাদ্বিবৃত্তাস্যঃ...বর্দ্ধ।

স দৃষ্ট্বৈব তু দাশার্হং স্যন্দনস্থং বিশাংপতে!।
পুনঃ প্রাসৃজদুগ্রাণি শরবর্ষাণি মারিষ! ॥১২৩॥
তৈঃ পতদ্ভির্মহারাজ! দ্রৌণিমুক্তৈঃ সমন্ততঃ।
সংছাদিতৌ রথস্থৌ তাবুভৌ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥১২৪॥
ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈরশ্বত্থামা প্রতাপবান্।
নিশ্চেষ্টৌ তাবুভৌ চক্রে যুদ্ধে মাধবপাণ্ডবৌ ॥১২৫॥
হাহাকৃতমভূৎ সর্ব্বং জঙ্গমং স্থাবরং তথা।
চরাচরস্য গোপ্তারৌ দৃষ্ট্বা সংছাদিতৌ শরৈঃ ॥১২৬॥
সিদ্ধচারণসংঘাশ্চ সম্পেতুস্তে সমন্ততঃ।
চিন্তয়ন্তো ভবেদস্য লোকানাং স্বস্ত্যপীতি চ ॥১২৭॥
ন ময়া তাদৃশো রাজন্! দৃষ্টপূর্ব্বঃ পরাক্রমঃ।
সংগ্রামে যাদৃশো দ্রৌণেঃ কৃষ্ণৌ সংছাদয়িষ্যতঃ ॥১২৮॥

ভারতকৌমুদী

স ইতি। সোঽশ্বত্থামা। দাশার্হং কৃষ্ণম্, স্যন্দনস্থমর্জ্জুনরথস্থিতম্ ॥১২৩॥
তৈরিতি। দ্রৌণিমুক্তৈঃ অশ্বত্থামনিক্ষিপ্তৈঃ। সংছাদিতাবভবতাম্ ॥১২৪॥
তত ইতি। নিশ্চেষ্টৌ অক্রিয়ৌ। মাধবপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১২৫॥
হাহেতি। হাহেত্যস্য কৃতং করণং যস্য তৎ। গোপ্তারৌ রক্ষকৌ ॥১২৬॥
সিদ্ধেতি। সম্পেতুরাজগ্মুঃ। স্বস্তি মঙ্গলম্, অপিশব্দঃ প্রশ্নে ॥১২৭॥
নেতি। দ্রৌণেরশ্বত্থাম্নঃ, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১২৮॥

মাননীয় নরনাথ! তিনি অর্জ্জুনরথস্থিত কৃষ্ণকে দেখিয়াই আবার ভীষণ বাণবর্ষণ করিতে থাকিলেন ॥১২৩॥

মহারাজ! অশ্বত্থামনিক্ষিপ্ত সেই বাণ সকল সমস্ত দিকে পতিত হইতে থাকিয়া রথস্থিত কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনকেই আবৃত করিয়া ফেলিল ॥১২৪॥

তদনন্তর প্রতাপশালী অশ্বত্থামা তীক্ষ্ণ শত শত বাণ নিক্ষেপ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনকেই যুদ্ধে নিশ্চেষ্ট করিলেন ॥১২৫॥

এই সময়ে চরাচর জগতের রক্ষক কৃষ্ণ ও অর্জ্জুনকে বাণে আবৃত দেখিয়া স্থাবর ও জঙ্গম সমস্ত প্রাণীই হাহাকার করিতে লাগিল ॥১২৬॥

'আজ জগতের মঙ্গল হইবে কি?' এইরূপ চিন্তা করিতে করিতে সিদ্ধগণ ও চারণগণ সকল দিক্ হইতে আসিয়া উপস্থিত হইলেন ॥১২৭॥

---

(১২৫)…যুদ্ধে কৃত্বা মাধবপাণ্ডবৌ—বা সো।

দ্রৌণেস্তু ধনুষঃ শব্দমহিতত্রাসনং রণে।
অশ্রৌষং বহুশো রাজন্! সিংহস্য নদতো যথা ॥১২৯॥
জ্যা চাস্য চরতো যুদ্ধে সব্যদক্ষিণমস্যতঃ।
বিদ্যুদম্বুদমধ্যস্থা ভ্রাজমানেব সাভবৎ ॥১৩০॥
স তথা ক্ষিপ্রকারী চ দৃঢ়হস্তশ্চ পাণ্ডবঃ।
প্রমোহং পরমং গত্বা প্রেক্ষ্য তং দ্রোণজং ততঃ ॥১৩১॥
স বিক্রমং হতং মেনে হ্যাত্মনঃ সুমহাত্মনা।
তথাস্য সমরে রাজন্! বপুরাসীৎ সুদুর্দ্দৃশম্ ॥১৩২॥
দ্রৌণিপাণ্ডবয়োরেবং বর্ত্তমানে মহারণে।
বর্দ্ধমানে চ রাজেন্দ্র! দ্রোণপুত্রে মহাবলে ॥১৩৩॥
হীয়মানে চ কৌন্তেয়ে কৃষ্ণে রোষঃ সমাবিশৎ।
স রোষান্নিশ্বসন্ রাজন্! নির্দ্দহন্নিব চক্ষুষা ॥১৩৪॥

ভারতকৌমুদী

দ্রৌণেরিতি। অহিতত্রাসনং শত্রূণাং ভয়জনকম্ ॥১২৯॥
জ্যেতি। জ্যা ধনুর্গুণঃ। সব্যদক্ষিণং বামদক্ষিণং প্রাপ্য, অস্যতো বাণান্ ক্ষিপতঃ ॥১৩০॥
স ইতি। প্রমোহং কর্ত্তব্যবিমূঢ়তাম্, গত্বা কিয়ন্তং কালমতিষ্ঠদিতি শেষঃ ॥১৩১॥
স ইতি। স পাণ্ডবঃ। সুমহাত্মনা অশ্বত্থাম্না হতম্। অস্য অশ্বত্থাম্নঃ ॥১৩২॥

রাজা! কৃষ্ণ ও অর্জ্জুনকে আচ্ছাদন করিবার সময়ে যুদ্ধে অশ্বত্থামার যেরূপ পরাক্রম দেখিয়াছিলাম, সেরূপ পরাক্রম আমি আর পূর্বে কখনও দেখি নাই ॥১২৮॥

রাজা! তৎকালে সিংহের গর্জ্জনের ন্যায় শত্রুপক্ষের ভয়জনক অশ্বত্থামার ধনুর শব্দ বহুবার শুনিয়াছিলাম ॥১২৯॥

অশ্বত্থামা বামে ও দক্ষিণে বাণক্ষেপ করিতে থাকিয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলে, তাঁহার ধনুর গুণ—মেঘমধ্যবর্ত্তিনী বিদ্যুতের ন্যায় দীপ্তি পাইতেছিল ॥১৩০॥

অর্জ্জুন সেইরূপ ক্ষিপ্রকারী ও দৃঢ়হস্ত হইয়াও তৎকালে অশ্বত্থামাকে সেইরূপ দেখিয়া অত্যন্ত কর্ত্তব্যবিমূঢ় হইয়া কিছু কাল থাকিলেন ॥১৩১॥

এবং রাজা! অতিমহাবল অশ্বত্থামা নিজের বিক্রমকে পরাস্ত করিয়াছেন বলিয়া অর্জ্জুন মনে করিলেন। কারণ, তৎকালে যুদ্ধে অশ্বত্থামার মূর্ত্তি দর্শন করা দুষ্কর হইয়াছিল ॥১৩২॥

---

(১৩০)…রাজমানেব ভারত!—পি। (১৩১)…প্রেক্ষ্য দ্রোণসুতং রণে—পি।

দ্রৌণিং হ্যপশ্যৎ সংগ্রামে ফাল্গুনঞ্চ মুহুর্ম্মুহুঃ।
ততঃ ক্রুদ্ধোঽব্রবীৎ কৃষ্ণঃ পার্থং সপ্রণয়ং তদা ॥১৩৫॥ (বিশেষকম্)
অত্যদ্ভুতমিদং পার্থ! তব পশ্যামি সংযুগে।
অতিশেতে হি যত্র ত্বাং দ্রোণপুত্রোঽস্য ভারত! ॥১৩৬॥
কচ্চিদ্বীর্য্যং যথাপূর্বং ভুজয়োর্বা বলং তব।
কচ্চিত্তে গাণ্ডিবং হস্তে রথে তিষ্ঠসি চার্জ্জুন! ॥১৩৭॥
কচ্চিৎ কুশলিনৌ বাহূ মুষ্টির্বা ন ব্যশীর্য্যত।
উদীর্য্যমাণং হি রণে পশ্যামি দ্রৌণিমেব চ ॥১৩৮॥
গুরুপুত্র ইতি হ্যেনং মানয়ন্ ভরতর্ষভ!।
উপেক্ষাং কুরু মা পার্থ! নায়ং কাল উপেক্ষিতুম্ ॥১৩৯॥

ভারতকৌমুদী

দ্রৌণীতি। বর্দ্ধমানে অধিকে জায়মানে। হীয়মানে ন্যূনে। ফাল্গুনমর্জ্জুনম্ ॥১৩৩-১৩৫॥ অর্জ্জুনমুত্তেজয়তি ত্রিভিঃ। অভীতি। অতিশেতে অতিক্রামতি, যত্র যৎ ॥১৩৬॥ কচ্চিদিতি। কচ্চিৎ বেদিতুমিচ্ছামীত্যর্থঃ, বীর্য্যং দৈহিকী মানসিকী চ শক্তিঃ ॥১৩৭॥ কচ্চিদিতি। ব্যশীর্য্যত শ্রমাদিনা বিকলোঽভবৎ। উদীর্য্যমাণং বর্দ্ধমানম্ ॥১৩৮॥ উপদিশতি গুর্বিতি। ইতি হেতোঃ। নায়ং কাল উপেক্ষিতুম্, বলবদাক্রমণাৎ ॥১৩৯॥

রাজশ্রেষ্ঠ! অর্জ্জুন ও অশ্বত্থামার এইরূপ মহাযুদ্ধ চলিতে লাগিলে এবং মহাবল অশ্বত্থামা অধিক ও অর্জ্জুন ন্যূন হইতে থাকিলে, কৃষ্ণের ক্রোধ জন্মিল। সুতরাং রাজা! তিনি ক্রোধবশতঃ নিশ্বাস ত্যাগ এবং নয়নের তেজে যেন দাহ করিতে থাকিয়া বার বার অশ্বত্থামা ও অর্জুনের দিকে দৃষ্টিপাত করিলেন; পরে ক্রুদ্ধ অবস্থাতেই প্রণয়ের সহিত অর্জুনকে বলিলেন—॥১৩৩—১৩৫॥

'ভরতনন্দন অর্জ্জুন! আজ অশ্বত্থামা যে তোমাকে যুদ্ধে অতিক্রম করিতেছেন, ইহা তোমার পক্ষে অত্যন্ত আশ্চর্য্য দেখিতেছি ॥১৩৬॥

অর্জ্জুন! পূর্ব্বের ন্যায় তোমার দৈহিক ও মানসিক বল এবং বাহুবল আছে ত? তোমার হাতে গাণ্ডীব রহিয়াছে ত? তুমি রথে আছ ত? ॥১৩৭॥

তোমার বাহুযুগলের মঙ্গল ত? এবং মুষ্টি বিশীর্ণ হইয়া যায় নাই ত?। কারণ, যুদ্ধে অশ্বত্থামাকে প্রবল দেখিতেছি ॥১৩৮॥

ভরতশ্রেষ্ঠ অর্জুন! ইনি গুরুর পুত্র বলিয়া ইহার সম্মান করতঃ উপেক্ষা করিও না; এটা উপেক্ষার সময় নহে' ॥১৩৯॥

(১৩৮)···দ্রৌণিমাহবে—বর্দ্ধ বা সো।

এবমুক্তস্তু কৃষ্ণেন গৃহ্য ভল্লাংশ্চতুর্দ্দশ।
ত্বরমাণস্ত্বরাকালে দ্রৌণের্ধনুরথাচ্ছিনৎ ॥১৪০॥
ধ্বজং ছত্রং পতাকাঞ্চ রথং শক্তিং গদাং তথা।
জত্রুদেশে চ সুভৃশং বৎসদন্তৈরতাড়য়ৎ ॥১৪১॥ (যুগ্মকম্)
স মূর্চ্ছাং পরমাং গত্বা ধ্বজযষ্টিং সমাশ্রিতঃ।
তং বিসংজ্ঞং মহারাজ! শত্রুণা ভৃশপীড়িতম্ ॥১৪২॥
অপোবাহ রণাৎ সূতো রক্ষমাণো ধনঞ্জয়াৎ।
এতস্মিন্নেব কালে তু বিজয়ঃ শত্রুতাপনঃ ॥১৪৩॥
ন্যহনত্তাবকং সৈন্যং শতশোঽথ সহস্রশঃ।
পশ্যতস্তস্য বীরস্য তব পুত্রস্য মারিষ! ॥১৪৪॥ (বিশেষকম্)
এবমেষ ক্ষয়ো বৃত্তস্তাবকানাং পরৈঃ সহ।
ক্রূরো বিশসনো ঘোরো রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥১৪৫॥
সংশপ্তকাংশ্চ বীভৎসুঃ কুরূংশ্চাপি বৃকোদরঃ।
বসুষেণশ্চ পাঞ্চালান্ ক্ষণেন ব্যধমদ্রণে ॥১৪৬॥

ভারতকৌমুদী

এবমিতি। উক্তোঽর্জ্জুনঃ, গৃহ্য গৃহীত্বা। জত্রুদেশে স্কন্ধসন্ধৌ ॥১৪০—১৪১॥

স ইতি। সঃ অশ্বত্থামা। অপোবাহ অপনিনায়, সূতঃ অশ্বত্থাম্ন এব সারথিঃ। বিজয়োঽর্জ্জুনঃ। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥১৪২—১৪৪॥

এবমিতি। বৃত্তো জাতঃ। বিশেষেণ শস্যতে হিংস্যতে যস্মিন্ সঃ ॥১৪৫॥

কৃষ্ণ এইরূপ বলিলে, অর্জুন সেই ত্বরার সময়ে ত্বরান্বিত হইয়া চৌদ্দটা ভল্ল গ্রহণ করিয়া অশ্বত্থামার ধনু, ধ্বজ, ছত্র, পতাকা, রথ, শক্তি ও গদা ছেদন করিয়া ফেলিলেন এবং কতকগুলি বৎসদন্ত-(বাণবিশেষ) দ্বারা অশ্বত্থামার স্কন্ধদেশে তাড়ন করিলেন ॥১৪০—১৪১॥

তখন অশ্বত্থামা অত্যন্ত মূর্চ্ছাপন্ন হইয়া ধ্বজদণ্ড অবলম্বন করিলেন। মাননীয় মহারাজ! ক্রমে অশ্বত্থামার সারথি অশ্বত্থামাকে শত্রুকর্তৃক গুরুতর পীড়িত ও অচৈতন্য দেখিয়া অর্জুন হইতে রক্ষা করিবার জন্য রণস্থল হইতে তাঁহাকে অপসৃত করিল। এই সময়েই শত্রুতাপন অর্জুন আপনার বীর পুত্র দুর্য্যোধনের সমক্ষেই আপনার পক্ষের শত শত ও সহস্র সহস্র সৈন্য বধ করিলেন ॥১৪২—১৪৪॥

রাজা! আপনার কুমন্ত্রণাবশতঃ এইভাবে হিংসানিবন্ধন বিপক্ষগণের সহিত আপনার পক্ষের এই নিষ্ঠুর ও ভয়ঙ্কর ক্ষয় হইয়াছে ॥১৪৫॥

---

(১৪৬) সংশপ্তকাংশ্চ কৌন্তেয়ঃ…পি বা সো।

বর্ত্তমানে তথা রৌদ্রে রাজন্! বীরবরক্ষয়ে।
উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ ॥১৪৭॥
যুধিষ্ঠিরোঽপি সংগ্রামাৎ প্রহারৈর্গাঢ়বেদনঃ।
ক্রোশমাত্রমপক্রম্য তস্থৌ ভরতসত্তম! ॥১৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

দুর্য্যোধনস্ততঃ কর্ণমুপেত্য ভরতর্ষভ!।
অব্রবীন্মদ্ররাজঞ্চ তথৈবান্যাংশ্চ পার্থিবান্ ॥১॥

ভারতকৌমুদী

সংশপ্তকানিতি। বীভৎসুরর্জ্জুনঃ। বসুষেণঃ কর্ণঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥১৪৬॥

বর্ত্তেতি। অগণেয়ানি গণয়িতুমশক্যানি, কবন্ধানি শিরঃশূন্যশরীরাণি ॥১৪৭॥

যুধীতি। প্রহারৈঃ কর্ণস্য, গাঢ়া তীব্রা বেদনা যস্য সঃ। অপক্রম্য অতীত্য ॥১৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

দুর্য্যোধন ইতি। অব্রবীৎ উৎসাহবর্দ্ধনার্থমিত্যাশয়ঃ, মদ্ররাজং শল্যম্ ॥১॥

কারণ, অর্জুন সংশপ্তকদিগকে, ভীমসেন কৌরবসৈন্যগণকে এবং কর্ণ পাঞ্চাল-সৈন্যসমূহকে ক্ষণকালমধ্যে বিনাশ করিয়াছেন ॥১৪৬॥

রাজা! সেইরূপ ভীষণ বীরবরক্ষয় চলিতে লাগিলে, সকল দিকে অসংখ্য কবন্ধ উত্থিত হইয়াছিল ॥১৪৭॥

ভরতশ্রেষ্ঠ! যুধিষ্ঠিরও কর্ণের প্রহারে তীব্র বেদনা অনুভব করিতে থাকিয়া রণস্থল হইতে এক ক্রোশ দূরে যাইয়া অবস্থান করিয়াছিলেন' ॥১৪৮॥

—:-০-:—

সঞ্জয় কহিলেন—'ভরতশ্রেষ্ঠ! তাহার পর দুর্য্যোধন কর্ণের নিকটে উপস্থিত হইয়া তাঁহাকে, শল্যকে ও অন্যান্য রাজাকে বলিলেন—॥১॥

* '…ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো।

যদৃচ্ছয়ৈতৎ সংপ্রাপ্তং স্বর্গদ্বারমপাবৃতম্ ।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ কর্ণ ! লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥২॥
সদৃশৈঃ ক্ষত্রিয়ৈঃ শূরৈঃ শূরাণাং যুধ্যতাং যুধি ।
ইষ্টং ভবতি রাধেয় ! তদিদং সমুপস্থিতম্ ॥৩॥
হত্বা বা পাণ্ডবান্ যুদ্ধে স্ফীতামুর্বীমবাপ্স্যথ ।
নিহতা বা পরৈর্যুদ্ধে বীরলোকমবাপ্স্যথ ॥৪॥
দুর্য্যোধনস্য তচ্ছ্রুত্বা বচনং ক্ষত্রিয়র্ষভাঃ ।
হৃষ্টা নাদানুদক্রোশন্ বাদিত্রাণি চ সর্বশঃ ॥৫॥
ততঃ প্রমুদিতে তস্মিন্ দুর্য্যোধনবলে তদা ।
হর্ষয়ংস্তাবকান্ যোধান্ দ্রৌণির্বচনমব্রবীৎ ॥৬॥
প্রত্যক্ষং সর্বসৈন্যানাং ভবতাঞ্চাপি পশ্যতাম্ ।
ন্যস্তশস্ত্রো মম পিতা ধৃষ্টদ্যুম্নেন পাতিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। সুখিনঃ সুখনিদানপুণ্যশালিনঃ ॥২॥
সদৃশৈরিতি। ক্ষত্রিয়ৈঃ সহ। যুধ্যতাং যুধ্যমানানাম্। ইষ্টম্ ইষ্টলাভঃ ॥৩॥
হত্বেতি। স্ফীতাং ধনজনসমৃদ্ধাম্। উভয়থাপি মহান্ লাভ ইতি ভাবঃ ॥৪॥
দুর্য্যোধনস্যেতি। উদক্রোশন্ উচ্চৈরকুর্বন্ অবাদয়ংশ্চ ॥৫॥
তত ইতি। প্রমুদিতে উক্তান্যতরলাভাশয়া আনন্দিতে। দ্রৌণিরশ্বত্থামা ॥৬॥
প্রত্যক্ষমিতি। ন্যস্তশস্ত্রো মম শোকাৎ পরিত্যক্তাস্ত্রঃ। ইদমত্যন্তমন্যায্যমিতি ভাবঃ ॥৭॥

'কর্ণ! ঈশ্বরের ইচ্ছায় এই উদ্‌ঘাটিত স্বর্গদ্বার উপস্থিত হইয়াছে। কারণ, পুণ্যবান্ ক্ষত্রিয়েরাই এইরূপ যুদ্ধ লাভ করিয়া থাকেন ॥২॥

রাধানন্দন! রণস্থলে সদৃশ বীর ক্ষত্রিয়গণের সহিত যুধ্যমান বীরগণের অভীষ্টলাভ হইয়া থাকে; এই তাহা উপস্থিত হইয়াছে ॥৩॥

যুদ্ধে পাণ্ডবগণকে বধ করিয়া ধনজনসমৃদ্ধ পৃথিবী লাভ করিবে, অথবা শত্রুকর্তৃক নিহত হইয়া বীরলোকে গমন করিবে' ॥৪॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা দুর্য্যোধনের সেই কথা শুনিয়া আনন্দিত হইয়া উচ্চ সিংহনাদ ও সর্বপ্রকার বাদ্যধ্বনি করিলেন ॥৫॥

তাহার পর সেই দুর্য্যোধনসৈন্য আনন্দিত হইলে, তখন অশ্বত্থামা আপনার পক্ষের যোদ্ধাদের আনন্দ উৎপাদন করিতে থাকিয়া এই কথা বলিলেন—॥৬॥

(২) যদৃচ্ছয়োপসংপ্রাপ্তম্...পি। (৪) হত্বা চ পাণ্ডবান্...বা সো। (৬)...হর্ষয়ংস্তাবকান্ দ্রৌণির্বচনঞ্চেদমব্রবীৎ—পি।

স তেনাহমমর্ষেণ মিত্রার্থে চাপি পার্থিবাঃ !।
সত্যং বঃ প্রতিজানামি তদ্বাক্যং মে নিবোধত ॥৮॥
ধৃষ্টদ্যুম্নমহত্বাহং ন বিমোক্ষ্যামি দংশনম্।
অনৃতায়াং প্রতিজ্ঞায়াং নহি স্বর্গমবাপ্নুয়াম্ ॥৯॥
অর্জ্জুনো ভীমসেনশ্চ যশ্চ মাং প্রত্যুদেষ্যতি।
সর্বাংস্তান্ প্রমথিষ্যেঽহমিতি মে নাত্র সংশয়ঃ ॥১০॥
এবমুক্তে ততঃ সর্বা সহিতা ভারতী চমূঃ।
অভ্যদ্রবত কৌন্তেয়াংস্তথা তে চাপি পাণ্ডবাঃ ॥১১॥
স সন্নিপাতো রথযূথপানাং মহাত্মনাং ভারত! মোহনীয়ঃ।
জনক্ষয়ে কালযুগান্তকল্পঃ প্রাবর্ত্ততাগ্রে কুরুসৃঞ্জয়ানাম্ ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। অমর্ষেণ ক্রোধেন। তৎ প্রতিজ্ঞাসম্বন্ধি, নিবোধত যূয়ং শৃণুত ॥৮॥
ধৃষ্টেতি। দংশনং যুদ্ধপরিচ্ছদম্। অনৃতায়াং মিথ্যাভূতায়াম্ ॥৯॥
যস্মাদর্জ্জুনাদয়স্তং রক্ষেয়ুরিত্যাহ। অর্জ্জুন ইতি। প্রত্যুদেষ্যতি প্রতিপক্ষভাবেনাগমিষ্যতি ॥১০॥
এবমিতি। ভারতী কৌরবী। অভ্যদ্রবত অভ্যধাবৎ, তথা তানভ্যধাবন্ ॥১১॥
স ইতি। হে ভারত! রথযূথপানাং রথসমূহরক্ষকাণাম্, মহাত্মনাং কুরুসৃঞ্জয়ানাম্,

'রাজগণ! সমস্ত সৈন্যের প্রত্যক্ষে, আপনাদেরও সমক্ষে ধৃষ্টদ্যুম্ন আমার ন্যস্তশস্ত্র পিতাকে নিপাতিত করিয়াছে ॥৭॥

অতএব রাজগণ! আমি সেই ক্রোধে এবং বন্ধু দুর্য্যোধনের প্রয়োজন-সাধনার্থে আপনাদের নিকট প্রতিজ্ঞা করিতেছি; আপনারা আমার সেই প্রতিজ্ঞাবাক্য শ্রবণ করুন—॥৮॥

আমি ধৃষ্টদ্যুম্নকে বধ না করিয়া যুদ্ধসজ্জা পরিত্যাগ করিব না। আমার এই প্রতিজ্ঞা মিথ্যা হইলে, আমি যেন স্বর্গলাভ না করি ॥৯॥

অর্জ্জুন, ভীম, কিংবা অন্য যে কেহ আমার প্রতিপক্ষভাবে তখন উপস্থিত হইবে, আমি তাহাদের সকলকেই আলোড়ন করিব; এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই' ॥১০॥

অশ্বত্থামা এইরূপ বলিলে, তাহার পর সমগ্র কৌরবসৈন্য মিলিত হইয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইল এবং সে পাণ্ডবেরাও তাহাদের প্রতি ধাবিত হইলেন ॥১১॥

(৮)···মিত্রার্থেনাপি পার্থিবাঃ!···পি। (১০)···মাং প্রত্যুপৈষ্যতি···পি। 'অর্জ্জুনো ভীমসেনশ্চ যোধো যো রক্ষিতা রণে। ধৃষ্টদ্যুম্নস্ত তং সংখ্যে নিহনিষ্যামি সায়কৈঃ ॥' বা সো।

ততঃ প্রবৃত্তে যুধি সম্প্রহারে ভূতানি সর্বাণি সদৈবতানি।
আসন্ সমেতানি মহাপ্সরোভির্দিদৃক্ষমাণানি নরপ্রবীরান্ ॥১৩॥
দিব্যৈশ্চ মাল্যৈর্বিবিধৈশ্চ গন্ধৈর্দিব্যৈশ্চ রত্নৈর্বিবিধৈর্নরাগ্র্যান্।
রণে স্বকর্ম্মোদ্বহতঃ প্রবীরানবাকিরন্নপ্সরসঃ প্রহৃষ্টাঃ ॥১৪॥
সমীরণস্তাংশ্চ নিষেব্য গন্ধান্ সিষেব সর্বানপি যোধমুখ্যান্।
নিষেব্যমাণাস্ত্বনিলেন যোধাঃ পরস্পরঘ্না ধরণীং নিপেতুঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স মোহনীয়শ্চমৎকারিতয়া মোহজনকঃ, জনক্ষয়ে বিষয়ে, যুগস্ত অন্তো যস্মিন্ স তাদৃশো য কালস্তৎকল্পঃ প্রলয়তুল্যঃ, অগ্নিষ্টোকাদিবদ্বিশেষণস্ত পরনিপাতঃ, সন্নিপাতঃ সংঘর্ষঃ, অগ্রে প্রাবর্ত্তত ॥১২॥

তত ইতি। যুধি যুদ্ধোপরিতনাকাশে, সম্প্রহারে যুদ্ধে, ভূতানি সিদ্ধাদয়ঃ প্রাণিনঃ ॥১৩॥
দিব্যৈরিতি। দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ। নরেষগ্র্যান্ শ্রেষ্ঠান্। স্বকর্ম্ম যুদ্ধম্ উদ্বহতঃ কুর্বতঃ ॥১৪॥
সমীরণ ইতি। নিষেব্য আদায়। নিপেতুঃ প্রাপুঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

দুর্য্যোধন ইতি ॥১—১০॥ পাণ্ডবা অপি কৌরবানভ্যদ্রবন্তেতি শেষঃ ॥১১॥ কালদুর্গান্তো মহাপ্রলয়ঃ ॥১২—১৩॥ স্বকর্ম্ম আভিমুখ্যেন প্রহারসহনাদি উদ্বহতো নির্বোঢ়ৃন্ ॥১৪॥ সমীরণঃ সিষেবেত্যন্বয়ঃ। পরস্পরং ঘ্নন্তি তে পরস্পরেণ মারিতা ইত্যর্থঃ ॥১৫—১৭॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৩॥

ভরতনন্দন! তখন রথসমূহরক্ষক মহাত্মা কৌরব ও সৃঞ্জয়গণের সংঘর্ষ উপস্থিত হইল; সুতরাং তাহাতে দ্রষ্টাদেরও মোহ জন্মিতে লাগিল। লোকক্ষয়বিষয়ে প্রলয়কালের সহিত সেই সংঘর্ষের তুলনা করা যায় ॥১২॥

ক্রমে সেইরূপ যুদ্ধ লাগিয়া গেলে, দেবগণ ও অপ্সরোগণের সহিত সিদ্ধ-চারণ-প্রভৃতি সমস্ত স্বর্গীয় প্রাণী সেই নরবীরগণকে দেখিবার জন্য আকাশে আসিয়া সমবেত হইলেন ॥১৩॥

পরে অপ্সরারা যুদ্ধদর্শনে আনন্দিত হইয়া আপন আপন কার্য্যকারী প্রধানবীর নরশ্রেষ্ঠগণের উপরে স্বর্গীয়পুষ্পমালা, নানাবিধ গন্ধদ্রব্য এবং স্বর্গীয় বিবিধ রত্ন নিক্ষেপ করিতে লাগিল ॥১৪॥

তখন বায়ু সেই গন্ধ লইয়া সমস্ত যোদ্ধার সেবা করিতে থাকিল এবং সেই বায়ুর সেবায় আরাম পাইয়া যোদ্ধারা পরস্পর আঘাত করিতে থাকিয়া ভূতলে পতিত হইতে থাকিলেন ॥১৫॥

---

(১৫)···নিষেব্যমাণাস্ত্বনিলেন তেন যোধাঃ পরং হর্ষমবাপুরাজৌ—পি।

সা দিব্যপুষ্পৈরবকীর্য্যমাণা সুবর্ণপুঙ্খৈশ্চ শরৈর্বিচিত্রৈঃ।
নক্ষত্রসংঘৈরিব চিত্রিতা দ্যৌঃ ক্ষিতির্বভৌ যোধবরৈর্বিচিত্রা ॥১৬॥
ততোঽন্তরীক্ষাদপি সাধুবাদৈর্বাদিত্রঘোষৈঃ সমুদীর্য্যমাণঃ।
জ্যাঘোষনেমিস্বননাদমিশ্রঃ সমাকুলঃ সোঽভবৎ সম্প্রহারঃ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
অশ্বত্থামপ্রতিজ্ঞায়াং ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

——:-c-:——

সঞ্জয় উবাচ।

এবমেষ মহানাসীৎ সংগ্রামঃ পৃথিবীক্ষিতাম্।
ক্রুদ্ধেঽর্জ্জুনে তথা কর্ণে ভীমসেনে চ পাণ্ডবে ॥১॥

ভারতকৌমুদী

সেতি। অবকীর্য্যমাণা ক্ষেপেণাব্রিয়মাণা। দ্যৌরাকাশম্। যোধবরৈঃ পতিতৈঃ ॥১৬॥

তত ইতি। সমুদীর্য্যমাণো বর্দ্ধমানঃ। জ্যাঘোষো ধনুর্গুণশব্দঃ নেমিস্বনো রথচক্র-প্রান্তধ্বনিঃ নাদঃ কোলাহলশ্চ তৈর্মিশ্রো যুক্তঃ। সম্প্রহারো যুদ্ধম্ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। পৃথিবীং ক্ষিণ্বন্তি যুদ্ধাদিনা হিংসন্তীতি পৃথিবীক্ষিতঃ ক্ষত্রিয়াস্তেষাম্ ॥১॥

ক্রমে স্বর্গীয় পুষ্প, স্বর্ণপুঙ্খ বিচিত্র বাণ এবং প্রধান যোদ্ধারা পতিত হইয়া আবৃত করিলে, সমরভূমি বিচিত্র রূপ ধারণ করিয়া নক্ষত্রসমূহচিত্রিত আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৬॥

তাহার পর সেই যুদ্ধ—আকাশ হইতে সাধুবাদ ও বাদ্যধ্বনিতে বৃদ্ধি পাইতে থাকিয়া এবং ধনুষ্টঙ্কার, রথচক্রের শব্দ ও মানুষের কোলাহলে মিশ্রিত হইয়া আকুলভাব ধারণ করিল' ॥১৭॥

——:-০-:——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাণ্ডুনন্দন ভীম ও অর্জ্জুন এবং সূতপুত্র কর্ণ ক্রুদ্ধ হইলে, এইভাবে ক্ষত্রিয়গণের মহাযুদ্ধ হইতে লাগিল ॥১॥

(১৬)...যোধবরৈশ্চ চিত্রিতা—পি। * 'সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

দ্রোণপুত্রং পরাজিত্য জিত্বা চান্যান্ মহারথান্।
অব্রবীদর্জ্জুনো রাজন্! বাসুদেবমিদং বচঃ ॥২॥
পশ্য কৃষ্ণ! মহাবাহো! দ্রবন্তীং পাণ্ডবীং চমূম্।
কর্ণঞ্চ পশ্য সংগ্রামে কালয়ন্তং মহারথান্ ॥৩॥
ন চ পশ্যামি দাশার্হ! ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
নাপি কেতুর্যুধাং শ্রেষ্ঠ! ধর্ম্মপুত্রস্য দৃশ্যতে ॥৪॥
ত্রিভাগশ্চাবশিষ্টোঽয়ং দিবসস্য জনার্দ্দন!।
ন চ মাং ধার্ত্তরাষ্ট্রেষু কশ্চিদ্‌যুধ্যতি সংযুগে ॥৫॥
তস্মাত্ত্বং মৎপ্রিয়ং কুর্বন্ যাহি যত্র যুধিষ্ঠিরঃ।
দৃষ্ট্বা কুশলিনং যুদ্ধে ধর্ম্মপুত্রং সহানুজম্ ॥৬॥
পুনর্যোদ্ধাস্মি বার্ষ্ণেয়! শত্রুভিঃ সহ সংযুগে।
ততঃ প্রায়াদ্রথেনাশু বীভৎসোর্বচনাদ্ধরিঃ ॥৭॥
যতো যুধিষ্ঠিরো রাজা সৃঞ্জয়াশ্চ মহারথাঃ।
অযুধ্যন্ত মহাসত্ত্বা মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রোণেতি। অন্যান্ সংশপ্তকাদ্যন্তর্গতান্ ॥২॥
পশ্যেতি। দ্রবন্তীং দ্রুতং পলায়মানাম্। কালয়ন্তং মর্দ্দয়ন্তম্ ॥৩॥
নেতি। হে দাশার্হ! তদ্বংশীয় কৃষ্ণ!। কেতুর্ধ্বজঃ। অতস্তদন্বেষণমাবশ্যকমিতি ভাবঃ ॥৪॥
ত্রীতি। ত্রিভাগস্তৃতীয়ভাগঃ। অতঃ পরমপি যুদ্ধাবসরোঽস্তীত্যাশয়ঃ ॥৫॥
তস্মাদিতি। অনুজাভ্যাং নকুলসহদেবাভ্যাং সহেতি তম। যোদ্ধাস্মি [illegible]।
ততস্তত্র। যতো যত্র। মহাসত্ত্বা মহাধ্যবসায়াঃ। নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিহেতুম ॥৬—৮॥

রাজা! ক্রমে অর্জ্জুন অশ্বত্থামাকে ও অন্যান্য মহারথগণকে জয় করিয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—॥২॥

'মহাবাহু কৃষ্ণ! দেখ—পাণ্ডবসৈন্য বেগে পলায়ন করিতেছে; আরও দেখ—কর্ণ যুদ্ধে মহারথগণকে মর্দ্দন করিতেছেন ॥৩॥

দাশার্হবংশীয় কৃষ্ণ! ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে ত দেখিতেছি না এবং তাঁহার ধ্বজও ত দৃষ্টিগোচর হইতেছে না! ॥৪॥

জনার্দ্দন! দিনেরও তৃতীয় ভাগ মাত্র অবশিষ্ট আছে এবং ধার্ত্তরাষ্ট্রদের মধ্যেও কোন ব্যক্তিই আমার সহিত যুদ্ধ করিতেছে না ॥৫॥

অতএব তুমি আমার প্রিয়কার্য্য করিবার জন্য—যেখানে যুধিষ্ঠির আছেন,

(৬)…ধর্ম্মপুত্রং সসোদরম্—পি। (৭)…শত্রুভিঃ সহ কেশব!…পি।

ততঃ সংগ্রামভূমিং তাং বর্ত্তমানে জনক্ষয়ে।
অবেক্ষমাণো গোবিন্দঃ সব্যসাচিনমব্রবীৎ ॥৯॥
পশ্য পার্থ! মহারৌদ্রো বর্ত্ততে ভারত! ক্ষয়ঃ।
পৃথিব্যাং ক্ষত্রিয়াণাং বৈ দুর্য্যোধনকৃতে মহান্ ॥১০॥
পশ্য ভারত! চাপানি রুক্মপৃষ্ঠানি ধন্বিনাম্।
মৃতানামপবিদ্ধানি কলাপাংশ্চ মহাধনান্ ॥১১॥
জাতরূপময়ৈঃ পুঙ্খৈঃ শরাংশ্চানতপর্বণঃ।
তৈলধৌতাংশ্চ নারাচান্ নির্ম্মুক্তান্ পন্নগানিব ॥১২॥
হস্তিদন্তৎসরূন্ খড়্গান্ জাতরূপপরিষ্কৃতান্।
চর্ম্মাণি চাপবিদ্ধানি রুক্মগর্ভাণি ভারত! ॥১৩॥
সুবর্ণবিকৃতান্ প্রাসান্ শক্তীঃ কনকভূষণাঃ।
জাম্বূনদময়ৈঃ পট্টৈর্বদ্ধাশ্চ বিপুলা গদাঃ ॥১৪॥
জাতরূপময়ীশ্চর্ষ্টীঃ পট্টিশান্ হেমভূষিতান্।
দণ্ডৈঃ কনকচিত্রৈশ্চ বিপ্রবিদ্ধান্ পরশ্বধান্ ॥১৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। সব্যসাচিনমর্জ্জুনম্। নাটকবিষ্কম্ভকবদিদং প্রকরণম্ ॥৯॥

পশ্যেতি। দুর্য্যোধনকৃতে দুর্য্যোধননিমিত্তঃ, তেনৈব সন্ধ্যকরণেন যুদ্ধপ্রবর্ত্তনাদিতি ভাবঃ ॥১০॥

পশ্যেতি। রুক্মপৃষ্ঠানি স্বর্ণখচিতপৃষ্ঠানি। অপবিদ্ধানি পতিতানি, কলাপান্ তূণান্, মহাধনান্ মহামূল্যান্। জাতরূপময়ৈঃ স্বর্ণময়ৈঃ পুঙ্খৈর্বিশিষ্টান্। তৈলেন ধৌতান্ পরিষ্কৃতান্, নির্ম্মুক্তান্ চর্ম্মণঃ। হস্তিদন্তানাং ৎসরবো মুষ্টিদেশা যেষাং তান্, জাতরূপপরি-

সেইখানে যাও। বৃষ্ণিনন্দন! আমি যুদ্ধে অনুজগণের সহিত ধর্ম্মরাজকে কুশলী দেখিয়া পুনরায় শত্রুদের সহিত যুদ্ধ করিব’। পরে রাজা যুধিষ্ঠির এবং মহারথ ও মহাধ্যবসায়শালী সৃঞ্জয়েরা মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া যেখানে থাকিয়া যুদ্ধ করিতেছিলেন, কৃষ্ণ অর্জ্জুনের বাক্য অনুসারে রথারোহণে সত্বর সেই দিকে গমন করিতে লাগিলেন ॥৬—৮॥

তদনন্তর লোকক্ষয় চলিতে থাকিলে, কৃষ্ণ সেই সমরভূমি দেখিতে থাকিয়া অর্জ্জুনকে বলিতে থাকিলেন—॥৯॥

ভরতনন্দন অর্জ্জুন! দেখ—এক দুর্য্যোধনের নিমিত্ত পৃথিবীর ক্ষত্রিয়গণের মহাভীষণ মহাক্ষয় চলিতেছে ॥১০॥

(১৫) জাতরূপময়ীর্ষষ্টীঃ...পি।

অয়ঃকুন্তাংশ্চ পতিতান্ মুষলানি গুরূণি চ।
শতঘ্নীঃ পশ্য চিত্রাশ্চ বিপুলান্ পরিঘাংস্তথা।
চক্রাণি চাপবিদ্ধানি তোমরাংশ্চ মহারণে ॥১৬॥
নানাবিধানি শস্ত্রাণি প্রগৃহ্য জয়গৃদ্ধিনঃ।
জীবন্ত ইব দৃশ্যন্তে গতসত্ত্বাস্তরস্বিনঃ ॥১৭॥
গদাবিমথিতৈর্গাত্রৈর্মুষলৈর্ভিন্নমস্তকান্।
গজবাজিরথক্ষুণ্ণান্ পশ্য যোধান্ সহস্রশঃ ॥১৮॥
মনুষ্যহয়নাগানাং শরশক্ত্যৃষ্টিপট্টিশৈঃ।
নিস্ত্রিংশৈঃ পরিঘৈঃ প্রাসৈরয়ঃকুন্তৈঃ পরশ্বধৈঃ ॥১৯॥
শরীরৈর্বহুভিশ্ছিন্নৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
গতাসুভিরমিত্রঘ্ন! সংবৃতা রণভূময়ঃ ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ষ্কৃতান্ স্বর্ণশোভিতান্। অপবিদ্ধানি পতিতানি, রুক্মগর্ভাণি স্বর্ণচিহ্নিতমধ্যানি। স্বর্ণে-বিকৃতান্ শোভিতান্। জাম্বূনদময়ৈঃ স্বর্ণময়ৈঃ, বদ্ধা বেষ্টিতাঃ। জাতরূপময়ীঃ স্বর্ণময়ীঃ, ঋষ্টীরস্ত্রবিশেষান্ ॥১১—১৫॥

অয় ইতি। অয়ঃকুন্তান্ লৌহকুন্তান্। গুরূণি মহান্তি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

নানেতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ, তরস্বিনো বলবন্তঃ ॥১৭॥

গদেতি। গাত্রৈর্বিশিষ্টান্। গজবাজিরথৈঃ ক্ষুণ্ণান্ পোথিতান্ ॥১৮॥

মনুষ্যেতি। নিস্ত্রিংশৈরসিভিঃ। গতাসুভির্নির্গতপ্রাণৈঃ ॥১৯—২০॥

ভরতনন্দন! দর্শন কর—মৃত ধনুর্দ্ধরগণের পতিত স্বর্ণখচিত ধনু, মহামূল্য তূণ, স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব বাণ, চর্ম্মনির্ম্মুক্ত সর্পের ন্যায় তৈলমার্জিত নারাচ, হস্তিদন্ত-নির্ম্মিতমুষ্টিদেশযুক্ত ও স্বর্ণশোভিত তরবারি, পতিত স্বর্ণখচিত চর্ম্ম (ঢাল), স্বর্ণশোভিত প্রাস, স্বর্ণভূষিত শক্তি, স্বর্ণপট্টবেষ্টিত বিশাল গদা, স্বর্ণময় ঋষ্টি, স্বর্ণভূষিত পট্টিশ এবং পতিত বিচিত্র স্বর্ণদণ্ডযুক্ত পরশু রহিয়াছে ॥১১—১৫॥

দেখ—লৌহকুন্ত, বিশাল মুষল, বিচিত্র শতঘ্নী, বৃহৎ পরিঘ, চক্র ও তোমর সকল মহাযুদ্ধস্থলে পতিত রহিয়াছে ॥১৬॥

বলবান্ ও জয়াভিলাষী যোদ্ধারা নানাবিধ অস্ত্র ধারণ করিয়া প্রাণশূন্য অবস্থায় পতিত রহিয়াছেন; তথাপি তাঁহাদিগকে যেন জীবিতের ন্যায় দেখা যাইতেছে ॥১৭॥

অর্জ্জুন! দেখ—সহস্র সহস্র যোদ্ধার দেহ গদাঘাতে মথিত, মস্তক মুষলপ্রহারে বিদীর্ণ এবং অঙ্গ সকল হস্তী, অশ্ব ও রথে পোথিত হইয়াছে ॥১৮॥

শত্রুহন্তা অর্জ্জুন! বাণ, শক্তি, ঋষ্টি, পট্টিশ, অসি, পরিঘ, প্রাস, লৌহকুন্ত ও

বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সাঙ্গদৈর্হেমভূষিতৈঃ।
সতলত্রৈঃ সকেয়ূরৈর্ভাতি ভারত! মেদিনী ॥২১॥
সাঙ্গুলিত্রৈর্ভুজাগ্রৈশ্চ বিপ্রবিদ্ধৈরলঙ্কৃতৈঃ।
হস্তিহস্তোপমৈশ্ছিন্নৈরূরুভিশ্চ তরস্বিনাম্ ॥২২॥
বদ্ধচূড়ামণিবরৈঃ শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ।
পতিতৈর্ঋষভাক্ষাণাং বিরাজতি বসুন্ধরা ॥২৩॥ (যুগ্মকম্)
কবন্ধৈঃ শোণিতাদিগ্ধৈশ্ছিন্নগাত্রশিরোধরৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ! শান্তার্চ্চিভিরিবাগ্নিভিঃ ॥২৪॥
রথাংশ্চ বহুধা ভগ্নান্ হেমকিঙ্কিণিনঃ শুভান্।
বাজিনশ্চ হতান্ পশ্য বিনিকীর্ণান্ শরাহতান্ ॥২৫॥
অনুকর্ষানুপাসঙ্গান্ পতাকা বিবিধধ্বজান্।
রথিনাঞ্চ মহাশঙ্খান্ পাণ্ডুরাংশ্চ প্রকীর্ণকান্ ॥২৬॥

ভারতকৌমুদী

বাহুভিরিতি। চন্দনেন আদিগ্ধৈঃ সংলিপ্তৈঃ। সতলত্রৈঃ হস্তাবাপযুক্তৈঃ ॥২১॥

সেতি। বি-।বিদ্ধৈঃ পতিতৈঃ। হস্তিহস্তোপমৈঃ করিশুণ্ডাতুল্যৈঃ। তরস্বিনাং বলবতাম্। বদ্ধা ধৃতাশ্চূড়ামণিবরা যেষু তৈঃ। বৃষভাণামিব অক্ষীণি বিশালনয়নানি যেষাং তেষাম্ ॥২২—২৩॥

কবন্ধৈরিতি। শোণিতাদিগ্ধৈ রক্তাক্তৈঃ, ছিন্না গাত্রাণি শিরোধরা গ্রীবাশ্চ যেষাং তৈঃ ॥২৪॥

রথানিতি। হেমকিঙ্কিণ্য এষাং সন্তীতি তান্। ব্রীহ্যাদিত্বাদিন্। অনুকর্ষান্ অসি-

পরশুর আঘাতে ছিন্ন, রক্তাক্ত ও প্রাণশূন্য বহুতর শরীরে রণভূমি আবৃত হইয়া রহিয়াছে ॥১৯—২০॥

ভরতনন্দন! চন্দনলিপ্ত, বলয়যুক্ত, স্বর্ণভূষিত, তলত্রাবৃত ও কেয়ূরশোভিত বাহুসমূহে সমরভূমি শোভা পাইতেছে ॥২১॥

বলবান্ ও বৃষতুল্য বিশালনয়ন বীরগণের অঙ্গুলিত্রযুক্ত ও অলঙ্কৃত পতিত হস্ত, ছিন্ন হস্তিশুণ্ডতুল্য ঊরু এবং চূড়ামণিযুক্ত ও কুণ্ডলসমন্বিত পতিত মস্তকসমূহে রণভূমি অপূর্ব্ব কান্তি ধারণ করিয়াছে ॥২২—২৩॥

ভরতশ্রেষ্ঠ! শিখাশূন্য অগ্নির ন্যায় রক্তাক্ত, ছিন্নগাত্র ও ছিন্নগ্রীব কবন্ধসমূহদ্বারাও সমরভূমি শোভা পাইতেছে ॥২৪॥

(২০)···ছিন্নগাত্রশিরোধরৈঃ···পি।

নিরস্তজিহ্বান্ মাতঙ্গান্ শয়ানান্ পর্বতোপমান্।
বৈজয়ন্তীর্বিচিত্রাশ্চ হতাংশ্চ গজবাজিনঃ ॥২৭॥
বারণানাং পরিস্তোমাংস্তথৈবাজিনকম্বলান্।
বিপাটিতবিচিত্রাংশ্চ চিত্ররূপাঃ কুথাস্তথা ॥২৮॥
ভিন্নাশ্চ বহুধা ঘণ্টা মহদ্ভিঃ পতিতৈর্গজৈঃ।
বৈদূর্য্যদণ্ডাংশ্চ শুভান্ পতিতানঙ্কুশান্ ভুবি ॥২৯॥
বদ্ধাঃ সাদিভুজাগ্রেষু সুবর্ণবিকৃতাঃ কশাঃ।
বিচিত্রমণিচিত্রাংশ্চ জাতরূপপরিষ্কৃতান্ ॥৩০॥
অশ্বাস্তরপরিস্তোমান্ রাঙ্কবান্ পতিতান্ ভুবি।
চূড়ামণীন্ নরেন্দ্রাণাং বিচিত্রাঃ কাঞ্চনস্রজঃ ॥৩১॥
ছত্রাণি চাপবিদ্ধানি চামরব্যজনানি চ।
চন্দ্রনক্ষত্রভাসৈশ্চ বদনৈশ্চারুকুণ্ডলৈঃ ॥৩২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

কোষান্, উপাসঙ্গান্ তূণান্। পাণ্ডরান্ শুভ্রান্, প্রকীর্ণকান্ চামরাণি। নিরস্তজিহ্বান্ পাতিতা জিহ্বা যেষাং তান্। বৈজয়ন্তীঃ পতাকাঃ। বারণানাং গজানাম্, পরিস্তোমান্ পৃষ্ঠাস্তরণানি। কুথা গাত্রাবরণানি। বৈদূর্য্যাণাং মণীনাং দণ্ডা যেষু তান্। বদ্ধাঃ বদ্ধাঃ সাদিনামারোহিণাং ভুজাগ্রেষু হস্তেষু, সুবর্ণবিকৃতাঃ স্বর্ণখচিতাঃ, কশা অশ্বতাড়নদণ্ডান্। জাতরূপপরিষ্কৃতান্ স্বর্ণভূষিতান্। অশ্বাস্তরপরিস্তোমান্ অশ্বপৃষ্ঠাস্তরণানি, রাঙ্কবান্ রঙ্কুমৃগ-চর্ম্মনির্ম্মিতান্। কাঞ্চনস্রজঃ স্বর্ণমালাঃ। অপবিদ্ধানি পতিতানি। চন্দ্রস্যেব নক্ষত্রাণীব চ ভাসো দীপ্তির্যেষাং তৈর্বদনৈর্যুক্তানীতি শেষঃ ॥২৫—৩২॥

অর্জ্জুন! দেখ—স্বর্ণকিঙ্কিণীযুক্ত সুন্দর সুন্দর রথ বহুভাবে ভগ্ন হইয়া গিয়াছে; অশ্ব সকল বাণে আহত ও নিহত হইয়া ইতস্ততঃ বিক্ষিপ্ত রহিয়াছে; তরবারির কোষ, তূণীর, পতাকা, নানাবিধ ধ্বজ, রথীদিগের বৃহৎ শঙ্খ ও শুভ্র চামর পতিত আছে; পর্ব্বতপ্রমাণ জিহ্বাশূন্য হস্তিগণ শয়ন করিয়া রহিয়াছে; বিচিত্র পতাকা এবং নিহত হস্তী ও অশ্ব পতিত হইয়াছে; হস্তিগণের বিচিত্র পৃষ্ঠাস্তরণ, চর্ম্ম, কম্বল ও গাত্রাবরণ বিপাটিত (ছেড়া) অবস্থায় রহিয়াছে; বিশাল হস্তী সকল পতিত হওয়ায় তাহাদের ঘণ্টাগুলিও ভগ্ন হইয়া আছে; বৈদূর্য্যমণির দণ্ডযুক্ত সুন্দর সুন্দর অঙ্কুশ ভূতলে পতিত রহিয়াছে; আরোহীদের হস্তধৃত স্বর্ণখচিত কশা (চাবুক), বিচিত্রমণিশোভিত ও স্বর্ণখচিত রঙ্কুমৃগচর্ম্মনির্ম্মিত অশ্বপৃষ্ঠাস্তরণ সকল ভূতলে পতিত রহিয়াছে; আর রাজাদের চূড়ামণি, বিচিত্র স্বর্ণমালা, ছত্র, চামর ও ব্যজন সকল—সুন্দরকুণ্ডলযুক্ত

(২৮)…তথৈব গজকম্বলান্…পি। (২৯) ছিন্নাশ্চ বহুধা ঘণ্টাঃ…বর্দ্ধ।

কৢপ্তশ্মশ্রুভিরত্যর্থং বীরাণাং সমলঙ্কৃতৈঃ।
বদনৈঃ পশ্য সংছন্নাং মহীং শোণিতকর্দ্দমাম্ ॥৩৩॥
সজীবাংশ্চাপরান্ পশ্য কূজমানান্ সমন্ততঃ।
উপাস্যমানান্ বহুশো ন্যস্তশস্ত্রৈর্বিশাংপতে! ॥৩৪॥
জ্ঞাতিভিঃ সহিতাংস্তত্র রোদমানৈঃ পুনঃ পুনঃ।
ব্যুৎক্রান্তানপরান্ যোধাংশ্ছাদয়িত্বা তরস্বিনঃ ॥৩৫॥
পুনর্যুদ্ধায় গচ্ছন্তি জয়গৃদ্ধাঃ প্রমন্যবঃ।
অপরে তত্র তত্রৈব পরিধাবন্তি মানবাঃ ॥৩৬॥ (বিশেষকম্)
জ্ঞাতিভিঃ পতিতৈঃ শূরৈর্যাচ্যমানাস্তথোদকম্।
জলার্থঞ্চ গতাঃ কেচিন্নিষ্প্রাণা বহবোঽর্জ্জুন! ॥৩৭॥

ভারতকৌমুদী

কৢপ্তেতি। কৢপ্তানি সম্পাদিতানি শ্মশ্রূণি লোমানি যেষু তৈঃ। সংছন্নামাবৃতাম্ ॥৩৩॥

সেতি। অপরান্ অত্যন্তাহতান্, কূজমানান্ অব্যক্তং শব্দায়মানান্। উপাস্যমানান্ সেব্যমানান্। বিশাংপত ইতি ভাবিরাজত্বাভিপ্রায়েণার্জ্জুনসম্বোধনম্। ব্যুৎক্রান্তান্ নির্গতপ্রাণান্। তরস্বিনো বলবন্তঃ। জয়গৃদ্ধা জয়াভিলাষিণঃ, প্রকৃষ্টো মন্যুঃ ক্রোধো যেষাং তে ॥৩৪—৩৬॥

জ্ঞাতিভিরিতি। নিষ্প্রাণা জলানয়নাৎ পূর্বমেব নির্গতপ্রাণাঃ ॥৩৭॥

এবং চন্দ্র ও নক্ষত্রের ন্যায় দীপ্তিশালী মুখমণ্ডলের সহিত সংযুক্ত অবস্থায় পতিত আছে ॥২৫—৩২॥

অর্জ্জুন! দর্শন কর---শ্মশ্রু-(দাড়ি) যুক্ত ও অত্যন্ত অলঙ্কৃত বীরগণের মুখমণ্ডলে সমরভূমি আবৃত হইয়া গিয়াছে এবং রক্তের কর্দ্দম হইয়া পড়িয়াছে ॥৩৩॥

অর্জ্জুন! দেখ---অপর কতকগুলি বীর গুরুতর আহত হইয়া এখনও জীবিত আছে এবং অব্যক্ত শব্দ করিতেছে; উহাদের আত্মীয়েরা অস্ত্রত্যাগ করিয়া বার বার রোদন করিতে থাকিয়া সকল দিকে মিলিত হইয়া বহুভাবে উহাদের শুশ্রূষা করিতেছে; বলবান্, ক্রুদ্ধ ও জয়াভিলাষী বীরেরা অপর মৃত আত্মীয় যোদ্ধাদিগকে বস্ত্রদ্বারা আচ্ছাদন করিয়া রাখিয়া আবার যুদ্ধে যাইতেছে এবং অন্যান্য লোকেরা নানাদিকে ধাবিত হইতেছে ॥৩৪---৩৬॥

অর্জ্জুন! বীর আত্মীয়েরা পতিত হইয়া জল চাহিয়াছে; তখন কতকগুলি লোক জল আনয়ন করিতে গমন করিয়াছে; ইতোমধ্যে বহু ব্যক্তিরই প্রাণ বাহির হইয়া গিয়াছে ॥৩৭॥

---

(৩৪) সজীবাংশ্চ নরান্ পশ্য···পি। (৩৫)···রোদমানৈর্মুহুর্মুহুঃ···পি বা সো।

সন্নিবৃত্তাশ্চ তে শূরাস্তান্ বৈ দৃষ্ট্বা বিচেতসঃ।
জলং ত্যক্ত্বা প্রধাবন্তি ক্রোশমানাঃ পরস্পরম্ ॥৩৮॥
জলং পীত্বা মৃতান্ পশ্য পিবতোঽন্যাংশ্চ ভারত!।
পরিত্যজ্য প্রিয়ানন্যে বান্ধবান্ বান্ধবপ্রিয়াঃ ॥৩৯॥
ব্যুৎক্রান্তাঃ সমদৃশ্যন্ত তত্র তত্র মহারণে।
তথাপরান্ নরশ্রেষ্ঠ! সন্দষ্টৌষ্ঠপুটান্ পুনঃ ॥৪০॥
ভ্রুকুটীকুটিলৈর্বক্ত্রৈঃ প্রেক্ষমাণান্ সমন্ততঃ।
এবং ব্রুবংস্তদা কৃষ্ণো যযৌ যত্র যুধিষ্ঠিরঃ ॥৪১॥ (বিশেষকম্)
অর্জ্জুনশ্চাপি নৃপতের্দর্শনার্থং মহারণে।
যাহি যাহীতি গোবিন্দং পুনঃ পুনরচোদয়ৎ ॥৪২॥
তাং যুদ্ধভূমিং পার্থস্য দর্শয়িত্বা চ মাধবঃ।
ত্বরমাণস্ততঃ কৃষ্ণঃ পার্থমাহ শনৈরিদম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

সমিতি। তে জলার্থং গতাঃ। বিচেতসঃ অচেতনান্। ক্রোশমানা যুদ্ধায়াহ্বয়ন্তঃ ॥৩৮॥

জলমিতি। অন্যে অত্যাহতাঃ। ব্যুৎক্রান্তা নির্গতপ্রাণাঃ। তথা পশ্য। সন্দষ্টানি দন্তৈর্নিপীড়িতানি ওষ্ঠপুটানি যৈস্তান্। বীরস্বভাবোঽয়ম্। প্রেক্ষমাণান্ প্রতিপক্ষবর্গম্ ॥৩৯-৪১॥

অর্জ্জুন ইতি। নৃপতের্যুধিষ্ঠিরস্য। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৪০॥

তামিতি। মাধবো মধুবংশ্যঃ। আহ ব্রবীতি স্ম ॥৪৩॥

পরে সেই বীরেরা ফিরিয়া আসিয়া সেই জলপ্রার্থীদিগকে অচেতন দেখিয়া জল পরিত্যাগ করিয়া পরস্পর যুদ্ধে আহ্বান করিতে থাকিয়া ধাবিত হইতেছে ॥৩৮॥

ভরতনন্দন! দেখ---কতকগুলি যোদ্ধা জল পান করিয়া মরিতেছে; কতকগুলি জলপান করিতেছে এবং মহাযুদ্ধে ভিন্ন ভিন্ন স্থানে অন্য বন্ধুপ্রিয় যোদ্ধারা প্রিয়বন্ধুগণকে পরিত্যাগ করিয়া প্রাণত্যাগ করিতেছে দেখা গেল। নরশ্রেষ্ঠ! আবার দেখ---অপর যোদ্ধারা ওষ্ঠ দংশন করিয়া ভ্রুকুটীকুটিল মুখে সকল দিকে দৃষ্টিপাত করিতেছে।' এইরূপ বলিতে বলিতে কৃষ্ণ তখন---যুধিষ্ঠির যেখানে ছিলেন, সেই দিকে যাইতে লাগিলেন ॥৩৯---৪১॥

অর্জ্জুনও যুধিষ্ঠিরকে দেখিবার জন্য 'যাও যাও' বলিয়া বার বার কৃষ্ণকে ত্বরা করিতে থাকিলেন ॥৪২॥

তাহার পর মাধব কৃষ্ণ ত্বরান্বিত হইয়া সেই রণভূমি অর্জ্জুনকে দেখাইয়া ধীরে ধীরে তাঁহাকে এই কথা বলিলেন---॥৪৩॥

(৩৯)···পিবতোঽন্যাংশ্চ মারিষ!···পি বা সো। (৪২)···মুহুর্মুহুরচোদয়ৎ—পি বা সো।

পশ্য পাণ্ডব ! রাজানমুপযাতাংশ্চ পার্থিবান্।
কর্ণং পশ্য মহারঙ্গে জ্বলন্তমিব পাবকম্ ॥৪৪॥
অসৌ ভীমো মহেষ্বাসঃ সন্নিবৃত্তো রণং প্রতি।
তমেতে বিনিবর্ত্তন্তে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
পাঞ্চালসৃঞ্জয়ানাঞ্চ পাণ্ডবানাঞ্চ যে মুখম্ ॥৪৫॥
নিবৃত্তৈশ্চ পুনঃ পার্থৈর্ভগ্নং শত্রুবলং মহৎ।
কৌরবান্ দ্রবতো হ্যেষ কর্ণো বারয়তেঽর্জ্জুন ! ॥৪৬॥
অন্তকপ্রতিমো বেগে শক্রতুল্যপরাক্রমঃ।
অসৌ গচ্ছতি কৌরব্য ! দ্রৌণিঃ শস্ত্রভৃতাং বরঃ ॥৪৭॥
তমেব প্রদ্রুতং সংখ্যে ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
অনুপ্রয়াতি সংগ্রামে হতান্ পশ্য চ সৃঞ্জয়ান্ ॥৪৮॥

ভারতকৌমুদী

পশ্যেতি। রাজানং যুধিষ্ঠিরম্। মহারঙ্গে মহারঙ্গ ইব মহারণে ॥৪৪॥
অসাবিতি। তমনুসৃত্যেতি শেষঃ। মুখং প্রধানীভূতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥
নিবৃত্তৈরিতি। পার্থৈঃ পাণ্ডবযোধৈঃ। দ্রবতো দ্রুতং পলায়মানান্ ॥৪৬॥
অন্তকেতি। অন্তকপ্রতিমো যমতুল্যঃ। দ্রৌণিরশ্বত্থামা ॥৪৭॥
তমিতি। প্রদ্রুতং দ্রুতং ধাবন্তম, সংখ্যে যুদ্ধে। অনুপ্রয়াতি লক্ষ্যীকৃত্যায়াতি ॥৪৮॥

'কুরুনন্দন ! এদিকে দেখ---ঐ যুধিষ্ঠির রহিয়াছেন এবং উঁহার নিকটে রাজারা উপস্থিত আছেন ; ওদিকে আবার দেখ---কর্ণ প্রজ্বলিত অগ্নির ন্যায় মহাযুদ্ধে বিচরণ করিতেছেন ॥৪৪॥

ঐ মহাধনুর্দ্ধর ভীমসেন যুদ্ধের দিকে ফিরিয়াছেন এবং পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়গণের যাঁহারা মুখপাত্র, সেই ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি বীরেরাও ভীমসেনের দিকে যাইতেছেন ॥৪৫॥

অর্জ্জুন ! পাণ্ডবপক্ষীয় বীরেরা ফিরিয়া পুনরায় বিশাল শত্রুসৈন্যকে ভগ্ন করিয়াছেন, কৌরবেরা পলায়ন করিতেছে এবং কর্ণ উঁহাদিগকে বারণ করিতেছেন ॥৪৬॥

কৌরবনন্দন ! বেগে যমের তুল্য, পরাক্রমে ইন্দ্রের সমান ও অস্ত্রধারিশ্রেষ্ঠ ঐ অশ্বত্থামা যাইতেছেন ॥৪৭॥

উনি বেগে যুদ্ধে ধাবিত হইলে, মহারথ ধৃষ্টদ্যুম্ন উঁহাকে লক্ষ্য করিয়া আসিতেছেন। অর্জ্জুন ! দেখ—সৃঞ্জয়েরা যুদ্ধে নিহত হইতেছে' ॥৪৮॥

(৪৪) পশ্য কৌরব ! রাজানম্...বর্দ্ধ।

সর্বমাচষ্ট দুর্দ্ধর্ষো বাসুদেবঃ কিরীটিনে।
ততো রাজন্! প্রাদুরাসীন্মহাঘোরো মহারণঃ ॥৪৯॥
সিংহনাদরবাশ্চৈব প্রাদুরাসন্ সমাগমে।
উভয়োঃ সেনয়ো রাজন্! মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৫০॥
এবমেষ ক্ষয়ো বৃত্তঃ পৃথিব্যাং পৃথিবীপতে!।
তাবকানাং পরেষাঞ্চ রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি কৃষ্ণবাক্যে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

সঞ্জয় আহ সর্বমিতি। আচষ্ট উক্তবান্। কিরীটিনে অর্জ্জুনায় ॥৪৯॥

সিংহেতি। সমাগমে মেলনে। নিবর্ত্তন্তে অনেনেতি নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিকারণম্ ॥৫০॥

এবমিতি। বৃত্তো জাতঃ। দুর্ম্মন্ত্রিতে কুমন্ত্রণায়ামেব ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—২৪॥ কিঙ্কিণিনঃ কিঙ্কিণীমন্তঃ, ব্রীহ্যাদিত্বাদিনিঃ ॥২৫॥ প্রকীর্ণকান্ চামরান্। "প্রকীর্ণকং চামরে স্যাদ্বিস্তরে না তুরঙ্গমে" ইতি মেদিনী ॥২৬—৫১॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৪॥

—:*:—

রাজা! অতিদুর্দ্ধর্ষ কৃষ্ণ অর্জ্জুনের নিকট এই সকল কথা বলিলেন। তাহার পর অতিভীষণ মহাযুদ্ধ উপস্থিত হইল ॥৪৯॥

রাজা! মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া উভয় সৈন্য মিলিত হইলে, উভয় পক্ষেই সিংহনাদ হইতে লাগিল ॥৫০॥

পৃথিবীপতি রাজা! আপনার কুমন্ত্রণানিবন্ধন এইভাবে পৃথিবীতে আপনার পক্ষের ও পরপক্ষের এইরূপ ক্ষয় হইতে থাকিল' ॥৫১॥

——:-০-:——

(৪৯) সর্বমাহ সুদুর্দ্ধর্ষঃ···বর্দ্ধ বা সো। * '···অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো।

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ পুনঃ সমাজগ্মুরভীতাঃ কুরুসৃঞ্জয়াঃ।
যুধিষ্ঠিরমুখাঃ পার্থাঃ সূতপুত্রমুখা বয়ম্ ॥১॥
ততঃ প্রববৃতে ভীমঃ সংগ্রামো লোমহর্ষণঃ।
কর্ণস্য পাণ্ডবানাঞ্চ যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ ॥২॥
তস্মিন্ প্রবৃত্তে সংগ্রামে তুমুলে শোণিতোদকে।
সংশপ্তকেষু শূরেষু কিঞ্চিচ্ছিষ্টেষু ভারত ! ॥৩॥
ধৃষ্টদ্যুম্নো মহারাজ ! সহিতঃ সর্বরাজভিঃ।
কর্ণমেবাভিদুদ্রাব পাণ্ডবাশ্চ মহারথাঃ ॥৪॥ (যুগ্মকম্)
আগচ্ছমানাংস্তান্ সংখ্যে প্রহৃষ্টান্ বিজয়ৈষিণঃ।
দধারৈকো রণে কর্ণো জলৌঘানিব পর্বতঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সৃঞ্জয়পদং পাণ্ডবপক্ষপরম্। পার্থাঃ পাণ্ডবপক্ষাঃ। বয়ং কৌরবাঃ ॥১॥

তত ইতি। ভীমো ভীষণঃ। যমরাষ্ট্রবিবর্দ্ধনো মৃতানাং তত্র গমনাদিতি ভাবঃ ॥২॥

তস্মিন্নিতি। শোণিতমুদকমিব প্রবাহি যত্র তস্মিন্। শিষ্টেষু অর্জ্জুনেন প্রায়ো হননাদবশিষ্টেষু। সর্বরাজভিরিত্যদন্তত্বাভাব আর্ষঃ। অভিদুদ্রাব অভিদধাব, পাণ্ডবাশ্চাভিদুদ্রুবুঃ ॥৩-৪॥

আগচ্ছেতি। আগচ্ছমানান্ শক্ত্যা আগচ্ছতঃ। "শক্তিবয়স্তাচ্ছীল্যে" ইতি শানঙ্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! তাহার পর কুরুপক্ষ ও পাণ্ডবপক্ষ পুনরায় নির্ভয়চিত্তে সম্মিলিত হইলেন। তৎকালে যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবপক্ষ এবং কর্ণপ্রভৃতি আমরা যুদ্ধে মিলিত হইয়াছিলাম ॥১॥

তৎপরে কর্ণ ও পাণ্ডবগণের ভীষণ, লোমহর্ষণ ও যমরাজ্যবর্দ্ধক যুদ্ধ লাগিয়া গেল ॥২॥

ভরতনন্দন মহারাজ ! সেই তুমুল যুদ্ধ লাগিয়া গেলে, জলের ন্যায় রক্তের প্রবাহ চলিতে লাগিলে এবং বীর সংশপ্তকেরা কিঞ্চিন্মাত্র অবশিষ্ট রহিলে, সমস্ত রাজার সহিত ধৃষ্টদ্যুম্ন এবং মহারথ পাণ্ডবেরা কর্ণের দিকেই ধাবিত হইলেন ॥৩—৪॥

(৪)···সহিতঃ সর্বযোধিভিঃ···পি।

সমাসাদ্য তু তে কর্ণং ব্যশীর্য্যন্ত মহারথাঃ।
যথাচলং সমাসাদ্য বার্য্যোঘাঃ সর্বতোদিশম্ ॥৬॥
তয়োরাসীন্মহারাজ! সংগ্রামো লোমহর্ষণঃ।
ধৃষ্টদ্যুম্নস্তু রাধেয়ং শরেণানতপর্বণা ॥৭॥
তাড়য়ামাস সমরে তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ।
বিজয়ঞ্চ ধনুঃ শ্রেষ্ঠং বিধুন্বানো মহারথঃ ॥৮॥
পার্ষতস্য ধনুশ্ছিত্ত্বা শরাংশ্চাশীবিষোপমান্।
তাড়য়ামাস সংক্রুদ্ধঃ পার্ষতং নবভিঃ শরৈঃ ॥৯॥ (বিশেষকম্)
তে বর্ম্ম হেমবিকৃতং ভিত্ত্বা তস্য মহাত্মনঃ।
শোণিতাক্তা ব্যরাজন্ত শক্রগোপা ইবানঘ! ॥১০॥
তদপাস্য ধনুশ্ছিন্নং ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
অন্যদ্ধনুরুপাদায় শরাংশ্চাশীবিষোপমান্ ॥১১॥

ভারতকৌমুদী

সমিতি। ব্যশীর্য্যন্ত ক্ষীণা অভবন্। সর্বতো দিশং প্রসরন্তীতি শেষঃ ॥৬॥
তয়োরিতি। তয়োঃ কর্ণধৃষ্টদ্যুম্নয়োঃ। বিজয়ং নাম। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥৭—৯॥
ত ইতি। হেমবিকৃতং স্বর্ণখচিতম্। শক্রগোপা ইন্দ্রগোপাখ্যাঃ কীটবিশেষাঃ ॥১০॥

তাঁহারা জয়াভিলাষী হইয়া হৃষ্টচিত্তে আসিতে লাগিলে, পর্ব্বত যেমন জলপ্রবাহসমূহ ধারণ করে, সেইরূপ এক কর্ণই যুদ্ধে তাঁহাদিগকে ধারণ করিলেন ॥৫॥

ক্রমে জলপ্রবাহসমূহ যেমন পর্ব্বতে ঠেকিয়া বিশীর্ণ হইয়া সকল দিকে চলিতে থাকে, তেমন সেই মহারথেরা কর্ণকে পাইয়া বিশীর্ণ হইয়া সকল দিকে সরিতে থাকিলেন ॥৬॥

মহারাজ! পরে কর্ণ ও ধৃষ্টদ্যুম্নের লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল। ধৃষ্টদ্যুম্ন একটা আনতপর্ব বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন। তদনন্তর মহারথ কর্ণ ক্রুদ্ধ হইয়া 'বিজয়'-নামক শ্রেষ্ঠ ধনু সঞ্চালন করিতে থাকিয়া ধৃষ্টদ্যুম্নের ধনু ও সর্পতুল্য বাণ সকল ছেদন করিয়া নয়টা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে পীড়ন করিলেন ॥৭—৯॥

নিষ্পাপ রাজা! সেই বাণগুলি যাইয়া মহাত্মা ধৃষ্টদ্যুম্নের স্বর্ণখচিত বর্ম্ম ভেদ করিয়া রক্তাক্ত হইয়া (রক্তবর্ণ) ইন্দ্রগোপকীটের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥১০॥

(১০)...শোণিতাক্তা ব্যদৃশ্যন্ত...পি।

কর্ণং বিব্যাধ সপ্তত্যা শরৈঃ সন্নতপর্বভিঃ।
তথৈব রাজন্! কর্ণোঽপি পার্ষতং শক্রতাপনম্ ॥১২॥
ছাদয়ামাস সমরে শরৈরাশীবিষোপমৈঃ।
দ্রোণশত্রুর্মহেম্বাসো বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥১৩॥ (বিশেষকম্)
তস্য কর্ণো মহারাজ! শরং কনকভূষণম্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো মৃত্যুদণ্ডমিবাপরম্ ॥১৪॥
তমাপতন্তং সহসা ঘোররূপং বিশাংপতে!।
চিচ্ছেদ সপ্তধা রাজন্! শৈনেয়ঃ কৃতহস্তবৎ ॥১৫॥
দৃষ্ট্বা বিনিহতং বাণং শরৈঃ কর্ণো বিশাংপতে!।
সাত্যকিং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥১৬॥
বিব্যাধ চৈনং সমরে নারাচৈস্তত্র সপ্তভিঃ।
তং প্রত্যবিধ্যচ্ছৈনেয়ঃ শরৈর্হেমবিভূষিতৈঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ত্যক্ত্বেতি। অপাস্য নিক্ষিপ্য। আশীবিষোপমান্ সর্পতুল্যান্। পার্ষতং পৃষতপৌত্রং ধৃষ্টদ্যুম্নম্। দ্রোণশত্রুর্ধৃষ্টদ্যুম্নঃ, মহেম্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১১—১৩॥
তস্যেতি। তস্য ধৃষ্টদ্যুম্নস্য উপরি। মৃত্যুদণ্ডং যমদণ্ডম্ ॥১৪॥
তমিতি। শৈনেয়ঃ শিনিপৌত্রঃ সাত্যকিঃ, কৃতহস্তবৎ সুশিক্ষিতহস্ত ইব ॥১৫॥
দৃষ্ট্বেতি। বাণং স্বকীয়ম, শরৈঃ সাত্যকেঃ। পর্য্যবারয়ৎ আবৃণোৎ ॥১৬॥
বিব্যাধেতি। বিব্যাধ কর্ণ ইত্যনুবৃত্তিঃ, এনং সাত্যকিম্। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥১৭॥

রাজা! তখন মহারথ ধৃষ্টদ্যুম্ন সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া অন্য ধনু ও সর্পতুল্য বাণ লইয়া নতপর্ব্ব সত্তরটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন; সেইরূপ কর্ণও সর্পতুল্য বাণসমূহদ্বারা শত্রুতাপন ধৃষ্টদ্যুম্নকে আবৃত করিয়া ফেলিলেন এবং মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন পুনরায় সুধার বাণসমূহদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥১১—১৩॥

মহারাজ! পরে কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া ধৃষ্টদ্যুম্নের উপরে অপর যমদণ্ডের ন্যায় স্বর্ণভূষিত একটা বাণ নিক্ষেপ করিলেন ॥১৪॥

নরনাথ রাজা! সেই ভীষণাকৃতি বাণটা বেগে আসিতে লাগিলে, সাত্যকি সুশিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় সাত খণ্ডে সেই বাণটাকে ছেদন করিলেন ॥১৫॥

নরনাথ! কর্ণ সাত্যকির বাণে নিজের বাণ প্রতিহত হইল দেখিয়া সকল দিকে বাণ বর্ষণ করিয়া সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৬॥

এবং তিনি সাতটা নারাচদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিলেন। তখন সাত্যকিও স্বর্ণভূষিত বাণসমূহদ্বারা কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৭॥

তত‍ো যুদ্ধং মহারাজ ! চক্ষুঃশ্রোত্রভয়াবহম্ ।
আসীদ্ঘোরঞ্চ চিত্রঞ্চ প্রেক্ষণীয়ং সমন্ততঃ ॥১৮॥
সর্ব্বেষাং তত্র ভূতানাং রোমহর্ষোঽভ্যজায়ত ।
তদ্দৃষ্ট্বা সমরে কর্ম্ম কর্ণশৈনেয়য়োর্নৃপ ! ॥১৯॥
এতস্মিন্নন্তরে দ্রৌণিরভ্যয়াৎ সুমহাবলঃ ।
পার্ষতং শত্রুদমনং শত্রুবীর্য্যাসুনাশনম্ ॥২০॥
অভ্যভাষত সংক্রুদ্ধো দ্রৌণিঃ পরপুরঞ্জয়ঃ ।
তিষ্ঠ তিষ্ঠাদ্য ব্রহ্মঘ্ন ! ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥২১॥
ইত্যুক্ত্বা সুভৃশং বীরং শীঘ্রকৃন্নিশিতৈঃ শরৈঃ ।
পার্ষতং ছাদয়ামাস ঘোররূপৈঃ সুতেজনৈঃ ॥২২॥
যতমানং পরং শক্ত্যা যতমানো মহারথঃ ।
যথা হি সমরে দ্রোণঃ পার্ষতং বীক্ষ্য মারিষ ! ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। চক্ষুঃশ্রোত্রয়োর্ভয়াবহং দর্শনাৎ শব্দশ্রবণাচ্চ ॥১৮॥
সর্ব্বেষামিতি। ভূতানাং দেবাদীনাং প্রাণিনাম্ ॥১৯॥
এতস্মিন্নিতি। শত্রূণাং যানি বীর্য্যাণি অসবঃ প্রাণাশ্চ তেষাং নাশনম্ ॥২০॥
অভীতি। হে-ব্রহ্মঘ্ন ! দ্রোণবধেন ব্রহ্মহত্যাকারিন্ ! মহাপাতকিন্নিতি ভাবঃ ॥২১॥
ইতীতি। শীঘ্রকৃৎ ক্ষিপ্রকারী দ্রৌণিঃ। সুতেজনৈঃ অতীবোজ্জ্বলৈঃ ॥২২॥

মহারাজ ! তাহার পর তাঁহাদের যুদ্ধ চক্ষু ও কর্ণের ভয়জনক, ভীষণ, বিচিত্র ও সর্ব্বপ্রকারে দর্শনীয়ভাবে চলিতে লাগিল ॥১৮॥

রাজা ! তখন যুদ্ধে কর্ণ ও সাত্যকির সেই কার্য্য দেখিয়া তত্রত্য সমস্ত প্রাণীরই রোমাঞ্চ জন্মিল ॥১৯॥

এই সময়ে অতিমহাবল অশ্বত্থামা—শত্রুদমনকারী এবং শত্রুপক্ষের শক্তি ও প্রাণনাশক ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥২০॥

ক্রমে বিপক্ষনগরবিজয়ী অশ্বত্থামা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'ব্রহ্মহত্যাকারী ! দাঁড়া দাঁড়া, তুই আজ জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবি না' ॥২১॥

ক্ষিপ্রকারী অশ্বত্থামা এইরূপ বলিয়া সুধার, ভীষণাকৃতি ও অত্যন্ত উজ্জ্বল বাণসমূহদ্বারা বীর ধৃষ্টদ্যুম্নকে একেবারে আবৃত করিয়া ফেলিলেন ॥২২॥

(২০)···সুমহাবলম্···পি বা গো। (২২)···সুভৃশং বীরঃ···পি।

তথা দ্রৌণিং রণে দৃষ্ট্বা পার্ষতঃ পরবীরহা।
নাতিহৃষ্টমনা ভূত্বা জ্ঞাতবান্ মৃত্যুমাত্মনঃ ॥২৪॥ (যুগ্মকম্)
স জ্ঞাত্বা সমরেত্মানং শস্ত্রেণাবধ্যমেব তু।
জবেনাভ্যদ্রবদ্দ্রৌণিং কালং কালমিব ক্ষয়ে ॥২৫॥
দ্রৌণিস্তু দৃষ্ট্বা রাজেন্দ্র! ধৃষ্টদ্যুম্নমবস্থিতম্।
ক্রোধেন নিশ্বসন্ বীরঃ পার্ষতং সমুপাদ্রবৎ ॥২৬॥
তাবন্যোন্যন্তু দৃষ্ট্বৈব সংরম্ভং জগ্মতুঃ পরম্।
অথাব্রবীন্মহারাজ! দ্রোণপুত্রঃ প্রতাপবান্ ॥২৭॥
ধৃষ্টদ্যুম্নং সমীপস্থং ত্বরমাণো বিশাংপতে!।
পাঞ্চালাপসদাদ্য ত্বাং প্রেষয়িষ্যামি মৃত্যবে ॥২৮॥ (যুগ্মকম্)
পাপং হি যত্ত্বয়া কর্ম্ম ঘ্নতা দ্রোণং পুরা কৃতম্।
অদ্য ত্বাং তপ্স্যতে তদ্বৈ যথা নকুশলং তথা ॥২৯॥

ভারতকৌমুদী

যতেতি। অত্র দ্বিবিধানি বিশেষণানি দ্বয়োর্যোজ্যানি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥২৩—২৪॥
স ইতি। জবেন বেগেন। ক্ষয়ে প্রলয়কালে, কালো মহাকালঃ, কালং যমমিব ॥২৫॥
দ্রৌণিরিতি। পার্ষতং তং ধৃষ্টদ্যুম্নম্, সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥২৬॥
তাবিতি। সংরম্ভং ক্রোধম্। হে পাঞ্চালেষ্বপসদ! অধম! ॥২৭—২৮॥

মাননীয় রাজা! আত্মরক্ষায় যত্নবান্ মহারথ দ্রোণ যেমন যুদ্ধে শক্তি অনুসারে আপন বধে অত্যন্ত যত্নবান্ ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া অনতিহৃষ্টচিত্ত হইয়া নিজের মৃত্যু বুঝিয়াছিলেন, সেইরূপ আত্মরক্ষায় যত্নবান্, মহারথ ও বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্নও শক্তি অনুসারে আপন বধে অত্যন্ত যত্নবান্ অশ্বত্থামাকে যুদ্ধে দেখিয়া অনতিহৃষ্টচিত্ত হইয়া নিজের মৃত্যু বুঝিতে পারিলেন ॥২৩—২৪॥

পরে ধৃষ্টদ্যুম্ন আপনাকে যুদ্ধে অস্ত্রদ্বারা অবধ্য মনে করিয়া—প্রলয়কালে মহাকাল যেমন যমের দিকে ধাবিত হন, সেইরূপ অশ্বত্থামার দিকে বেগে ধাবিত হইলেন ॥২৫॥

রাজশ্রেষ্ঠ! সেই সময়ে বীর অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নকে যুদ্ধে অবস্থিত দেখিয়া ক্রোধে নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৬॥

তাঁহারা পরস্পর দর্শন করিয়াই অত্যন্তক্রুদ্ধ হইলেন। নরনাথ মহারাজ! পরে প্রতাপশালী অশ্বত্থামা ত্বরান্বিত হইয়া নিকটবর্ত্তী ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'পাঞ্চালাধম! আজ তোকে যমালয়ে পাঠাইব ॥২৭—২৮॥

---

(২৫)···জবেনাভ্যাযযৌ দ্রৌণিম্···পি বা সো।

অরক্ষ্যমাণঃ পার্থেন যদি তিষ্ঠসি সংযুগে।
নাপক্রামসি বা মূঢ়! সত্যমেতদ্‌ব্রবীমি তে।
এবমুক্তঃ প্রত্যুবাচ ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্ ॥৩০॥
প্রতিবাক্যং স এবাসির্মামকো দাস্যতে তব।
যেনৈব তে পিতুর্দত্তং যতমানস্য সংযুগে ॥৩১॥
যদি তাবন্ময়া দ্রোণো নিহতো ব্রাহ্মণব্রুবঃ।
ত্বামিদানীং কথং যুদ্ধে ন হনিষ্যামি বিক্রমাৎ ॥৩২॥
এবমুক্ত্বা মহারাজ! সেনাপতিরমর্ষণঃ।
নিশিতেনাথ বাণেন দ্রৌণিং বিব্যাধ পার্ষতঃ ॥৩৩॥
ততো দ্রৌণিঃ সুসংক্রুদ্ধঃ শরৈঃ সন্নতপর্বভিঃ।
আচ্ছাদয়দ্দিশো রাজন্! ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে ॥৩৪॥

ভারতকৌমুদী

পাপমিতি। ঘ্নতা বিনাশয়তা। নকুশলমমঙ্গলং কর্ম্ম পুত্রমরণাদি ॥২৯॥

অরক্ষ্যেতি। পার্থেনার্জ্জুনেন। নাপক্রামসি ন পলায়সে। এতৎ পূর্ববাক্যম্। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

প্রতীতি। প্রতিবাক্যং তবৈতদ্বাক্যস্যোত্তরম্। যতমানস্য জেতুম্ ॥৩১॥

যদীতি। ব্রাহ্মণব্রুবো নিকৃষ্টব্রাহ্মণঃ। তথাহ স্মৃতিঃ—"গর্ভাধানাদিসংস্কারৈর্যুক্তশ্চ নিয়মব্রতৈঃ। নাধ্যাপয়তি নাধীতে স জ্ঞেয়ো ব্রাহ্মণব্রুবঃ ॥" স্বাং তাদৃশমেব ব্রাহ্মণব্রুবম্ ॥৩২॥

এবমিতি। সেনাপতিঃ পাণ্ডবানাম্, অমর্ষণঃ ক্রোধনঃ। নিশিতেন সুধারেণ ॥৩৩॥

পাপিষ্ঠ! তুই পূর্বে নিরস্ত্র দ্রোণকে বধ করিয়া যে পাপকার্য্য করিয়াছিস্, অমঙ্গল ঘটনার ন্যায় সেই কার্য্য আজ তোকে সন্তপ্ত করিবে ॥২৯॥

মূঢ়! যুদ্ধে অর্জ্জুন যদি তোকে রক্ষা না করেন, সেই অবস্থায় তুই থাকিস্, কিংবা পলাইয়া না যাইস্, তবে ইহা তোর নিকট সত্য বলিলাম।' অশ্বত্থামা এইরূপ বলিলে, প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন প্রত্যুত্তর করিলেন---॥৩০॥

'তোমার পিতা যুদ্ধে জয়ে যত্নবান্ ছিলেন; সেই অবস্থায় যে তরবারি তাঁহাকে উত্তর দিয়াছিল, আবার সেই তরবারিই তোমাকেও উত্তর দিবে ॥৩১॥

আমি যদি নিকৃষ্ট ব্রাহ্মণ দ্রোণকে বধ করিতে পারিয়া থাকি, তবে বিক্রম প্রকাশ করিয়া এখন তোমাকেও বধ করিতে পারিব না কেন' ॥৩২॥

মহারাজ! কোপনস্বভাব পাণ্ডবসেনাপতি ধৃষ্টদ্যুম্ন এইরূপ বলিয়া একটা সুধার বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

(৩০) ইতঃ পরম্ 'ধৃষ্টদ্যুম্ন উবাচ' পি বা।

নৈবান্তরীক্ষং ন দিশো নাপি যোধাঃ সমন্ততঃ।
দৃশ্যন্তে বৈ মহারাজ! শরৈশ্ছন্নাঃ সহস্রশঃ ॥৩৫॥
তথৈব পার্ষতো রাজন্! দ্রৌণিমাহবশোভিনম্।
শরৈঃ সংছাদয়ামাস সূতপুত্রস্য পশ্যতঃ ॥৩৬॥
রাধেয়োঽপি মহারাজ! পাঞ্চালান্ সহ পাণ্ডবৈঃ।
দ্রৌপদেয়ান্ যুধামন্যুং সাত্যকিঞ্চ মহারথম্।
একঃ সংবারয়ামাস প্রেক্ষণীয়ঃ সমন্ততঃ ॥৩৭॥
ধৃষ্টদ্যুম্নস্তু সমরে দ্রৌণেশ্চিচ্ছেদ কার্ম্মুকম্।
বেগবৎ সমরে ঘোরং শরাংশ্চাশীবিষোপমান্ ॥৩৮॥
স পার্ষতস্য রাজেন্দ্র! ধনুঃ শক্তিং গদাং ধ্বজম্।
হয়ান্ সূতং রথঞ্চৈব নিমেষাদ্ব্যধমচ্ছরৈঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সন্নতপর্বভির্বক্রোপাস্তৈঃ। সংযুগে রণস্থলে ॥৩৪॥
নৈতি। অন্তরীক্ষং ধৃষ্টদ্যুম্নোপরিতনাকাশম্। ছন্না আবৃতাঃ ॥৩৫॥
তথেতি। আহবশোভিনং বীরশ্রিয়া যুদ্ধে শোভমানম্। সূতপুত্রস্য কর্ণস্য ॥৩৬॥
রাধেয় ইতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। প্রেক্ষণীয়ো বীরশ্রিয়া। ষট্‌পাদঃ ॥৩৭॥
ধৃষ্টেতি। বেগবৎ শরাণাং বেগজনকং দৃঢ়মিত্যর্থঃ। আশীবিষোপমান্ সর্পতুল্যান্ ॥৩৮॥
স ইতি। স দ্রৌণিঃ, পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য। সূতং সারথিম্। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩৯॥

রাজা! তাহার পর অশ্বত্থামা অত্যন্তক্রুদ্ধ হইয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা যুদ্ধে ধৃষ্টদ্যুম্নের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৩৪॥

মহারাজ! তখন অশ্বত্থামার সহস্র সহস্র বাণে সকল দিক্ আবৃত হইয়া যাওয়ায় আকাশ, দিক্ ও যোদ্ধারা আর দৃষ্টিগোচর হইল না ॥৩৫॥

রাজা! ধৃষ্টদ্যুম্নও সেইরূপই বাণদ্বারা কর্ণের সমক্ষে যুদ্ধশোভী অশ্বত্থামাকে আচ্ছাদন করিলেন ॥৩৬॥

মহারাজ! সর্ব্বপ্রকারে সুদৃশ্যমূর্ত্তি কর্ণও একাকীই পাণ্ডব, পাঞ্চাল, দ্রৌপদীর পুত্রগণ, যুধামন্যু ও মহারথ সাত্যকিকে বারণ করিতে লাগিলেন ॥৩৭॥

এই সময়ে ধৃষ্টদ্যুম্ন অশ্বত্থামার দৃঢ় ও ভীষণ ধনু এবং সর্পতুল্য বাণ সকল ছেদন করিলেন ॥৩৮॥

রাজশ্রেষ্ঠ! তখন অশ্বত্থামা বাণদ্বারা নিমেষমধ্যে ধৃষ্টদ্যুম্নের ধনু, শক্তি, গদা, ধ্বজ, অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন ॥৩৯॥

(৩৮) পূর্বার্দ্ধাৎ পরম্ 'তদপাস্য ধনুর্দ্রৌণিরন্যদাদায় কার্ম্মুকম্' ইত্যর্দ্ধমধিকং পি বা সো।

স ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ।
খড়্গমাদত্ত বিপুলং শতচন্দ্রঞ্চ ভানুমৎ ॥৪০॥
দ্রৌণিস্তদপি রাজেন্দ্র! ভল্লৈঃ ক্ষিপ্রং মহারথঃ।
চিচ্ছেদ সমরে বীরঃ ক্ষিপ্রহস্তো দৃঢ়ায়ুধঃ ॥৪১॥
রথাদনবরূঢ়স্য তদদ্ভুতমিবাভবৎ।
ধৃষ্টদ্যুম্নস্তু বিরথং হতাশ্বং ছিন্নকার্ম্মুকম্ ॥৪২॥
শরৈশ্চ বহুধা বিদ্ধমস্ত্রৈশ্চ শকলীকৃতম্।
নাশকত্তরতশ্রেষ্ঠ! যতমানো মহারথঃ ॥৪৩॥ (বিশেষকম্)
তস্যান্তমিষুভী রাজন্! যদা দ্রৌণির্ন জগ্মিবান্।
অথ ত্যক্ত্বা ধনুর্বীরঃ পার্ষতং ত্বরিতোঽন্বগাৎ ॥৪৪॥
আসীদাপ্লবতো বেগস্তস্য রাজন্! মহাত্মনঃ।
গরুড়স্যেব পততো জিঘৃক্ষোঃ পন্নগোত্তমম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

স ইতি। শতং চন্দ্রাশ্চন্দ্রবদ্রজতখণ্ডানি যত্র তৎ, ভানুমদুজ্জ্বলঞ্চ চর্ম্মেতি শেষঃ ॥৪০॥

দ্রৌণিরিতি। তদপি খড়্গচর্ম্মোভয়মপি। অনবরূঢ়স্য অনবতীর্ণস্য অপি তু রথস্থস্যৈব ধৃষ্টদ্যুম্নস্যেত্যর্থঃ। শকলীকৃতং খণ্ডখণ্ডীকৃতং ক্ষতবিক্ষতীকৃতম্। নাশকত্তরতশ্রেষ্ঠ... নাশকদ্বস্তুম্ ॥৪১—৪৩॥

তস্যেতি। অন্তং বিনাশম, ইষুভির্বাণৈঃ। জগ্মিবান্ প্রাপ্তবান্ কর্ত্তুং নাশকদিত্যর্থঃ ॥৪৪॥

আসীদিতি। আপ্লবত উৎপ্লুত্যোৎপ্লুত্য গচ্ছতঃ। জিঘৃক্ষোর্গ্রহীতুমিচ্ছোঃ ॥৪৫॥

ধনু ছিন্ন, রথ বিনষ্ট এবং অশ্ব ও সারথি নিহত হইলে, ধৃষ্টদ্যুম্ন বিশাল অসি এবং শতচন্দ্রচিহ্নযুক্ত উজ্জ্বল চর্ম্ম গ্রহণ করিলেন ॥৪০॥

রাজশ্রেষ্ঠ! তখন মহারথ, ক্ষিপ্রহস্ত ও দৃঢ়াস্ত্র বীর অশ্বত্থামা বহুতর ভল্লদ্বারা রথস্থিত ধৃষ্টদ্যুম্নের সে অসি এবং চর্ম্মও কাটিয়া ফেলিলেন। ভরতশ্রেষ্ঠ! পরে মহারথ অশ্বত্থামা যত্নবান্ হইয়াও, আর বাণদ্বারা বহুপ্রকারে বিদ্ধ এবং অন্যান্য অস্ত্রদ্বারা ক্ষতবিক্ষত করিয়াও রথশূন্য, হতাশ্ব ও ছিন্নকার্ম্মুক ধৃষ্টদ্যুম্নকে বধ করিতে সমর্থ হইলেন না ॥৪১—৪৩॥

রাজা! বীর অশ্বত্থামা যখন বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে বধ করিতে পারিলেন না, তখন ধনু ত্যাগ করিয়া বেগে ধৃষ্টদ্যুম্নের দিকে গমন করিতে লাগিলেন ॥৪৪॥

রাজা! মহাত্মা অশ্বত্থামা যখন লাফাইয়া লাফাইয়া যাইতেছিলেন, তখন সর্পগ্রহণেচ্ছু গরুড়ের ন্যায় তাঁহার বেগ হইয়াছিল ॥৪৫॥

(৪৪)···অতস্ত্যক্ত্বা···ত্বরিতোঽভ্যাগাৎ—পি।

এতস্মিন্নেব কালে তু মাধবোঽর্জ্জুনমব্রবীৎ।
পশ্য পার্থ! যথা দ্রৌণিঃ পার্ষতস্য রথং প্রতি।
যত্নং করোতি বিপুলং হন্যাচ্চৈনং ন সংশয়ঃ ॥৪৬॥
তং মোচয় মহাবাহো! পার্ষতং শত্রুকর্ষণ!।
দ্রৌণেরাস্যমনুপ্রাপ্তং মৃত্যোরাস্যগতং যথা ॥৪৭॥
এবমুক্ত্বা মহারাজ! বাসুদেবঃ প্রতাপবান্।
প্রৈষয়ত্তুরগাংস্তত্র যত্র দ্রৌণির্ব্যবস্থিতঃ ॥৪৮॥
তে হয়াশ্চন্দ্রসঙ্কাশাঃ কেশবেন প্রচোদিতাঃ।
আপিবন্ত ইব ব্যোম জগ্মুর্দ্রৌণিরথং প্রতি ॥৪৯॥
দৃষ্ট্বায়ান্তৌ মহাবীর্য্যাবুভৌ কৃষ্ণধনঞ্জয়ৌ।
ধৃষ্টদ্যুম্নবধে যত্নমকরোৎ স মহাবলঃ ॥৫০॥
বিকৃষ্যমাণং দৃষ্ট্বৈব ধৃষ্টদ্যুম্নং জনেশ্বর!।
শরাংশ্চিক্ষেপ বৈ পার্থো দ্রৌণিং প্রতি মহাবলঃ ॥৫১॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। রথং প্রতি গমন ইতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥
তমিতি। আস্যং বদনম্। আস্যগতং বদনান্তর্গতম্ ॥৪৭॥
এবমিতি। তুরগান্ রথাশ্বান্ ॥৪৮॥
ত ইতি। ব্যোম আকাশমাপিবন্ত ইব শীঘ্রাতিক্রমণেনাবসানকরণাৎ ॥৪৯॥
দৃষ্ট্বেতি। আয়ান্তৌ আগচ্ছন্তৌ। স দ্রৌণিঃ ॥৫০॥

এই সময়ে কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! দেখ যে, অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নের রথের দিকে যাইবার পক্ষে বিপুল যত্ন করিতেছেন; উনি উঁহাকে বধ করিবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৬॥

অতএব শত্রুহন্তা মহাবাহু! যমমুখপ্রবিষ্টের ন্যায় অশ্বত্থামার মুখপ্রবিষ্ট ধৃষ্টদ্যুম্নকে মুক্ত কর' ॥৪৭॥

মহারাজ! প্রতাপশালী কৃষ্ণ এইরূপ বলিয়া—যেখানে অশ্বত্থামা ছিলেন, সেই দিকে অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥৪৮॥

ক্রমে কৃষ্ণপ্রেরিত চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ সেই অশ্বগুলি আকাশটাকে যেন পান করিতে থাকিয়া অশ্বত্থামার রথের দিকে গমন করিল ॥৪৯॥

এদিকে মহাবল অশ্বত্থামা মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুনকে আসিতে দেখিয়া সত্বর ধৃষ্টদ্যুম্নকে বধ করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥৫০॥

(৪৬) হন্যাচ্চৈনমসংশয়—পি।

তে শরা হেমবিকৃতা গাণ্ডীবপ্রেষিতা ভৃশম্।
দ্রৌণিমাসাদ্য বিবিশুর্বল্মীকমিব পন্নগাঃ ॥৫২॥
স বিদ্ধস্তৈঃ শরৈর্ঘোরৈর্দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
উৎসৃজ্য সমরে রাজন্! পাঞ্চাল্যমমিতৌজসম্ ॥৫৩॥
রথমারুরুহে বীরো ধনঞ্জয়শরার্দ্দিতঃ।
প্রগৃহ্য চ ধনুঃ শ্রেষ্ঠং পার্থং বিব্যাধ সায়কৈঃ ॥৫৪॥ (যুগ্মকম্)
এতস্মিন্নন্তরে বীরঃ সহদেবো জনাধিপ!।
অপোবাহ রথেনাজৌ পার্ষতং শত্রুতাপনম্ ॥৫৫॥
অর্জ্জুনোঽপি মহারাজ! দ্রৌণিং বিব্যাধ পত্রিভিঃ।
তং দ্রোণপুত্রঃ সংক্রুদ্ধো বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৫৬॥
ক্রোধিতস্তু রণে পার্থো নারাচং কালসম্মিতম্।
দ্রোণপুত্রায় চিক্ষেপ কালদণ্ডমিবাপরম্ ॥৫৭॥

ভারতকৌমুদী

বিকৃষ্যেতি। বিকৃষ্যমাণম্ অশ্বত্থাম্না দৃষ্ট্বা আকৃষ্যমাণম্। পার্থোঽর্জ্জুনঃ ॥৫১॥
ত ইতি। হেমবিকৃতাঃ স্বর্ণখচিতাঃ। বল্মীকম্ উই়ীমৃত্তিকাস্তূপম্ ॥৫২॥
স ইতি। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্। রথং স্বকীয়মেব ॥৫৩—৫৪॥
এতস্মিন্নিতি। অপোবাহ রণস্থলাদপসারয়ামাস। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥৫৫॥
অর্জ্জুন ইতি। পত্রিভির্বাণৈঃ। উরসি বক্ষসি, আর্পয়ৎ পীড়য়ৎ ॥৫৬॥
ক্রোধিত ইতি। ক্রোধিতো দ্রোণপুত্রেণৈব। কালসম্মিতং যমতুল্যম্ ॥৫৭॥

নরনাথ! অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নকে ধরিয়া আকর্ষণ করিতেছেন দেখিয়াই মহাবল অর্জ্জুন অশ্বত্থামার প্রতি বহুতর বাণক্ষেপ করিলেন ॥৫১॥

স্বর্ণখচিত গাণ্ডীবনিক্ষিপ্ত সেই বাণগুলি যাইয়া—সর্প যেমন উইমৃত্তিকাস্তূপে প্রবেশ করে, সেইরূপ অশ্বত্থামার শরীরে প্রবেশ করিল ॥৫২॥

রাজা! প্রতাপশালী বীর অশ্বত্থামা অর্জ্জুনের সেই ভীষণ বাণসমূহে বিদ্ধ হইয়া অমিততেজা ধৃষ্টদ্যুম্নকে ছাড়িয়া যাইয়া আপন রথে উঠিলেন এবং উত্তম ধনু ধারণ করিয়া বহুতর বাণদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৫৩—৫৪॥

নরনাথ! এই সময়ে বীর সহদেব যাইয়া শত্রুতাপন ধৃষ্টদ্যুম্নকে আপন রথে তুলিয়া লইয়া রণস্থল হইতে অপসৃত হইলেন ॥৫৫॥

মহারাজ! অর্জ্জুনও বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন; তখন অশ্বত্থামাও অত্যন্তক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের বাহুযুগলে ও বক্ষস্থলে পীড়ন করিলেন ॥৫৬॥

(৫৭)···কালসন্নিভম্···পি।

ব্রাহ্মণস্যাংসদেশে স নিপপাত মহাদ্যুতিঃ।
স বিহ্বলো মহারাজ! শরবেগেন সংযুগে ॥৫৮॥
নিষসাদ রথোপস্থে বৈক্লব্যঞ্চ পরং গতঃ।
ততঃ কর্ণো মহারাজ! ব্যাক্ষিপদ্বিজয়ং ধনুঃ ॥৫৯॥
অর্জ্জুনং সমরে ক্রুদ্ধঃ প্রেক্ষমাণো মুহুর্মুহুঃ।
দ্বৈরথঞ্চাপি পার্থেন কাময়ানো মহারণে ॥৬০॥ (বিশেষকম্)
বিহ্বলং তন্তু বীক্ষ্যাথ দ্রোণপুত্রঞ্চ সারথিঃ।
অপোবাহ রথেনাজৌ ত্বরমাণো রণাজিরাৎ ॥৬১॥
অথোৎক্রুষ্টং মহারাজ! পাঞ্চালৈর্জ্জিতকাশিভিঃ।
মোক্ষিতং পার্ষতং দৃষ্ট্বা দ্রোণপুত্রঞ্চ পীড়িতম্ ॥৬২॥
বাদিত্রাণি চ দিব্যানি প্রাবাদ্যন্ত সহস্রশঃ।
সিংহনাদাংশ্চ চক্রুস্তে দৃষ্ট্বা সংখ্যে তদদ্ভুতম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণস্যেতি। অংসদেশে স্কন্ধদেশে। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে মধ্যদেশে। ব্যাক্ষিপদাকর্ষৎ, বিজয়ং নাম। দ্বাভ্যাং রথাভ্যাং প্রবৃত্তমিতি দ্বৈরথং যুদ্ধম্ ॥৫৮—৬০॥
বিহ্বলমিতি। সারথির্দ্রোণপুত্রস্যৈব। অপোবাহ অপনিনায় ॥৬১॥
অথেতি। উৎক্রুষ্টম্ উচ্চৈরানন্দকোলাহলঃ কৃতঃ। জিতকাশিভির্জয়শোভিভিঃ ॥৬২॥
বাদিত্রাণীতি। তে পাঞ্চালাঃ। তৎ অতর্কিতজয়রূপম্ ॥৬৩॥

সেইরূপ পীড়ন করিয়া অশ্বত্থামা ক্রোধ উৎপাদন করিলে, অর্জ্জুন যমের বা অপর যমদণ্ডের তুল্য একটা নারাচ অশ্বত্থামার উপরে নিক্ষেপ করিলেন ॥৫৭॥

মহারাজ! সেই উজ্জ্বল নারাচটা যাইয়া অশ্বত্থামার স্কন্ধদেশে নিপতিত হইল। তখন অশ্বত্থামা সেই বাণবেগে বিহ্বল ও গুরুতর অধীর হইয়া রথমধ্যে উপবেশন করিলেন। মহারাজ! তাহার পর কর্ণ ক্রুদ্ধ হইয়া মুহুমুহু অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাত করিতে থাকিয়া এবং তাঁহার সহিত দ্বৈরথ যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া 'বিজয়'-নামক ধনু আকর্ষণ করিলেন ॥৫৮—৬০॥

তদনন্তর অশ্বত্থামার সারথি অশ্বত্থামাকে বিহ্বল দেখিয়া ত্বরান্বিত হইয়া রথে করিয়াই তাঁহাকে রণস্থল হইতে লইয়া গেল ॥৬১॥

মহারাজ! তৎপরে বিজয়শোভী পাঞ্চালেরা ধৃষ্টদ্যুম্নকে মোচিত এবং অশ্বত্থামাকে পীড়িত দেখিয়া বিশাল আনন্দকোলাহল করিয়া উঠিল ॥৬২॥

(৫৮) ব্রাহ্মণস্যান্তদেশে সঃ···সো। (৬৩) বাদিত্রাণি চ সর্ব্বাণি···পি।

এবং কৃত্বাব্রবীৎ পার্থো বাসুদেবং ধনঞ্জয়ঃ।
যাহি সংশপ্তকান্ কৃষ্ণ! কার্য্যমেতৎ পরং মম ॥৬৪॥
ততঃ প্রয়াতো দাশার্হঃ শ্রুত্বা পাণ্ডবভাষিতম্।
রথেনাতিপতাকেন মনোমারুতরংহসা ॥৬৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি দ্রৌণ্যপযানে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।
এতস্মিন্নন্তরে কৃষ্ণঃ পার্থং বচনমব্রবীৎ।
দর্শয়ন্নিব কৌন্তেয়ং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। পরং প্রধানম্, পূর্ব্বং সংশপ্তকৈর্ম্মাহ্বানাদিতি ভাবঃ ॥৬৪॥

তত ইতি। দাশার্হস্তদ্বংশীয়ঃ কৃষ্ণঃ, পাণ্ডবভাষিতম্ অর্জ্জুনোক্তিম্। অতিবেগগমনা-দতিশয়েন চলিতা পতাকা যস্ত তেন, মনোমারুতয়োরিব রংহো বেগো যস্য তেন। কর্ণ-মুপেক্ষ্য সংশপ্তকান্ প্রতি প্রয়াণাভিপ্রায়স্ত পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি ॥৬৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:-০-:—

এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। ইদং প্রকরণমপি নাটকবিষ্কম্ভকবন্নিবদ্ধম ॥১॥

আর তাহারা যুদ্ধে সেই অদ্ভুত ঘটনা দেখিয়া দিব্য সহস্র সহস্র বাদ্য বাজাইতে লাগিল এবং সিংহনাদ করিতে থাকিল ॥৬৩॥

ওদিকে পৃথানন্দন অর্জ্জুন এইরূপ করিয়া কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! তুমি সংশপ্তকগণের দিকে যাও; উহাদিগকে জয় করাই আমার প্রধান কার্য্য' ॥৬৪॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনের কথা শুনিয়া মন ও বায়ুর ন্যায় বেগবান্ রথে সংশপ্তকগণের দিকে প্রস্থান করিলেন; তখন সেই রথের পতাকাটা অত্যন্ত আন্দোলিত হইতে লাগিল' ॥৬৫॥

---

(৬৫) অথ প্রয়াতঃ···পি। * '···ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো।

এষ পাণ্ডব! তে ভ্রাতা ধার্ত্তরাষ্ট্রৈর্মহাবলৈঃ।
জিঘাংসুভির্মহেষ্বাসৈদ্রুতং পার্থোঽনুসার্য্যতে ॥২॥
তঞ্চানুযান্তি সংরব্ধাঃ পাঞ্চালা যুদ্ধদুর্ম্মদাঃ।
যুধিষ্ঠিরং মহাত্মানং পরীপ্সন্তো মহাবলাঃ ॥৩॥
এষ দুর্য্যোধনঃ পার্থ! রথানীকেন দংশিতঃ।
রাজা সর্বস্য লোকস্য রাজানমনুধাবতি ॥৪॥
জিঘাংসুঃ পুরুষব্যাঘ্র! ভ্রাতৃভিঃ সহিতো বলী।
আশীবিষসমস্পর্শৈঃ সর্বযুদ্ধবিশারদৈঃ ॥৫॥ (যুগ্মকম্)
এতে জিঘৃক্ষবো যান্তি দ্বিপাশ্বরথপত্তয়ঃ।
যুধিষ্ঠিরং ধার্ত্তরাষ্ট্রা রত্নোত্তমমিবার্থিনঃ ॥৬॥
পশ্য সাত্বতভীমাভ্যাং নিরুদ্ধা বিষ্ঠিতাঃ পুনঃ।
জিহীর্ষবোঽমৃতং দৈত্যাঃ শক্রাগ্নিভ্যামিবাবশাঃ ॥৭॥

ভারতকৌমুদী

এষ ইতি। জিঘাংসুভির্যুধিষ্ঠিরমেব হন্তুমিচ্ছুভিঃ, মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ। পার্থো যুধিষ্ঠিরঃ। অনুসার্য্যত ইতি স্বার্থে ইন্ অনুস্রিয়ত ইত্যর্থঃ ॥২॥

তমিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩॥

এষ ইতি। রথানীকেন সহ, দংশিতঃ সন্নদ্ধঃ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥৪—৫॥

এত ইতি। জিঘৃক্ষবো গ্রহীতুমিচ্ছবঃ। ধার্ত্তরাষ্ট্রা ধৃতরাষ্ট্রপক্ষীয়াঃ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! এই সময়ে কৃষ্ণ কুন্তীনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে দেখাইতে থাকিয়াই যেন অর্জ্জুনকে এই সকল কথা বলিতে লাগিলেন—॥১॥

'পাণ্ডুনন্দন! মহাবল ও মহাধনুর্দ্ধর ধার্ত্তরাষ্ট্রেরা বধ করিবার ইচ্ছা করিয়া এই তোমার ভ্রাতা যুধিষ্ঠিরের অনুসরণ করিতেছে ॥২॥

আবার যুদ্ধদুর্দ্ধর্ষ ও মহাবল পাঞ্চালেরা ক্রুদ্ধ হইয়া মহাত্মা যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া তাঁহার পশ্চাদ্ভাগে যাইতেছে ॥৩॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! যুদ্ধসজ্জায় সজ্জিত, সমস্ত লোকের রাজা ও বলবান্ এই দুর্য্যোধন যুধিষ্ঠিরকে বধ করিবার ইচ্ছা করিয়া সর্পসমানস্পর্শ ও সর্ব্বযুদ্ধবিশারদ ভ্রাতাদের সহিত মিলিত হইয়া রথিসৈন্য লইয়া বেগে যাইতেছেন ॥৪—৫॥

রত্নার্থীরা যেমন উত্তম রত্ন গ্রহণ করিবার জন্য গমন করে, সেইরূপ ধৃতরাষ্ট্রপক্ষের এই সকল হস্তী, অশ্ব, রথ ও পদাতি যুধিষ্ঠিরকে গ্রহণ করিবার জন্য গমন করিতেছে ॥৬॥

এতে বহুত্বাত্বরিতাঃ পুনর্গচ্ছন্তি পাণ্ডবম্।
সমুদ্রমিব বার্য্যোঘাঃ প্রাবৃট্‌কালে মহারথাঃ ॥৮॥
নদন্তঃ সিংহনাদাংশ্চ ধমন্তশ্চাপি বারিজান্।
বলবন্তো মহেম্বাসা বিধুন্বন্তো ধনূংষি চ ॥৯॥ (যুগ্মকম্)
মৃত্যোর্মুখগতং মন্যে কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
হুতমগ্নৌ চ কৌন্তেয়ং দুর্য্যোধনবশং গতম্ ॥১০॥
যথাবিধমনীকন্তু ধার্ত্তরাষ্ট্রস্য পাণ্ডব!।
নাস্য শক্রোঽপি মুচ্যেত সংপ্রাপ্তো বাণগোচরম্ ॥১১॥
দুর্য্যোধনস্য বীরস্য শরৌঘান্ শীঘ্রমস্যতঃ।
সংক্রুদ্ধস্যান্তকস্যেব কো বেগং সংসহেদ্রণে ॥১২॥

ভারতকৌমুদী

পশ্যেতি। সাত্বতঃ সাত্যকিঃ। বিষ্ঠিতা যথস্থান এবাবস্থিতাঃ। জিহীর্ষবো হর্ত্তুমিচ্ছবঃ ॥৭॥

এত ইতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। বার্য্যোঘা জলপ্রবাহাঃ, প্রাবৃট্‌কালে বর্ষাসময়ে। নদন্তঃ কুর্ব্বন্তঃ, ধমন্তো বাদয়ন্তঃ, বারিজান্ শঙ্খান্। বিধুন্বন্তশ্চালয়ন্তঃ ॥৮—৯॥

মৃত্যোরিতি। অগ্নৌ হুতমর্পিতঞ্চ মন্য ইতি সম্বন্ধঃ, বিনাশাবশ্যম্ভাবাৎ ॥১০॥

স্বয়ং যোদ্ধারং যুধিষ্ঠিরঃ কথং তাদৃশং মন্যস ইত্যাহ যথেতি। অনীকং সৈন্যম্ ॥১১॥

দুর্য্যোধনস্যেতি। অস্যতঃ ক্ষিপতঃ। অন্তকস্য যমস্য ॥১২॥

অর্জ্জুন! দেখ— পূর্ব্বকালে দৈত্যেরা অমৃত হরণ করিবার ইচ্ছা করিলে, ইন্দ্র ও অগ্নি তাহাদিগকে নিরুদ্ধ করেন; তখন তাহারা যেরূপ অবশ হইয়া রহিয়াছিল, সেইরূপ ভীম ও সাত্যকি নিরুদ্ধ করিলে, ইহারাও অবশ হইয়া রহিয়াছে ॥৭॥

বর্ষাকালে জলপ্রবাহ যেমন সমুদ্রের দিকে গমন করে, সেইরূপ বলবান্ ও মহাধনুর্দ্ধর এই মহারথেরা সিংহনাদ, শঙ্খধ্বনি ও ধনু সঞ্চালন করিতে থাকিয়া ত্বরান্বিত হইয়া বহুসংখ্যক বলিয়া পুনরায় যুধিষ্ঠিরের দিকে গমন করিতেছেন ॥৮—৯॥

অতএব কুন্তীনন্দন যুধিষ্ঠির দুর্য্যোধনের বশীভূত হইয়া যমের মুখে প্রবিষ্ট বা অগ্নিতে নিক্ষিপ্তই হইবেন বলিয়া আমি মনে করি ॥১০॥

কারণ, অর্জ্জুন! দুর্য্যোধনের যেরূপ সৈন্য, তাহাতে উহার বাণপথে যাইয়া স্বয়ং ইন্দ্রও মুক্ত হইতে পারেন না ॥১১॥

মহাবীর দুর্য্যোধন দ্রুত বাণক্ষেপ করিতে লাগিলে, ক্রুদ্ধ যমের ন্যায় উহার বেগ কে সহ্য করিতে পারে? ॥১২॥

---

(১২) দুর্য্যোধনস্য শূরস্য···বিষহেদ্রণে—পি।

দুর্য্যোধনস্য বীরস্য দ্রৌণেঃ শারদ্বতস্য চ।
কর্ণস্য চেষুবেগো বৈ পর্বতানপি দারয়েৎ ॥১৩॥
কর্ণেন চ কৃতো রাজা বিমুখঃ শত্রুতাপনঃ।
বলবাঁল্লঘুহস্তশ্চ কৃতী যুদ্ধবিশারদঃ ॥১৪॥
রাধেয়ঃ পাণ্ডবশ্রেষ্ঠং শক্তঃ পীড়য়িতুং রণে।
সহিতো ধৃতরাষ্ট্রস্য পুত্রৈঃ শূরৈর্মহাবলৈঃ ॥১৫॥
তস্যৈভির্যুধ্যমানস্য সংগ্রামে শংসিতাত্মনঃ।
অন্যৈরপি চ পার্থস্য কৃতং কর্ম্ম মহারথৈঃ ॥১৬॥
উপবাসকৃশো রাজা ভৃশং ভরতসত্তম!।
ব্রাহ্ম্যে বলে স্থিতো হ্যেষ ন ক্ষাত্রে হি বলে বিভুঃ ॥১৭॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনস্যেতি। শারদ্বতস্য কৃপস্য। ইষূণাং বাণানাং বেগঃ ॥১৩॥
কর্ণেনেতি। রাজা যুধিষ্ঠিরঃ। কৃতী অস্ত্রপ্রয়োগে নিপুণঃ ॥১৪॥
অথ ধর্ম্মরাজঃ কিমমূন্ বারয়িতুং ন শক্নুয়াদিত্যাহ রাধেয় ইতি। রাধেয়ঃ কর্ণঃ ॥১৫॥
উক্তার্থে প্রমাণমাহ তস্যেতি। এভির্ধৃতরাষ্ট্রস্য পুত্রৈঃ, অন্যৈর্মহারথৈরপি চ, সংগ্রামে যুধ্যমানস্য, শংসিতাত্মনো ব্রতপরায়ণস্য, তস্য পার্থস্য যুধিষ্ঠিরস্য, কর্ম্ম পরাজয়কার্য্যং কৃতম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৫॥ নরোত্তমং বদান্যন্, রত্নোত্তমমিতি পাঠে কাঞ্চনম্, তদ্ধি উৎকৃষ্টানাং মধ্যেঽপ্যুত্তমম্ ॥৬॥ জিহীর্ষবো যুধিষ্ঠিরং হর্ত্তুমিচ্ছন্তঃ, নিরুদ্ধাঃ সন্তোঽপি অধিষ্ঠিতাঃ ॥৭—১৫॥ তস্য যুধিষ্ঠিরস্য কর্ম্ম কর্ত্তব্যং পরাজয়াখ্যম্ এভির্দুর্য্যোধনাদিভিঃ কৃতং নিষ্পাদিতম্ ॥১৬॥ তত্র

তা'র পর মহাবীর দুর্য্যোধন, অশ্বত্থামা, কৃপ ও কর্ণের বাণবেগ পর্ব্বতও বিদীর্ণ করিতে পারে ॥১৩॥

বিশেষতঃ বলবান্, লঘুহস্ত, অস্ত্রপ্রয়োগনিপুণ, যুদ্ধবিশারদ ও শত্রুতাপন যুধিষ্ঠিরকে কর্ণ একবার পরাঙ্মুখ করিয়াছেন ॥১৪॥

বীর ও মহাবল ধৃতরাষ্ট্রপুত্রগণের সহিত মিলিত হইয়া কর্ণ যুদ্ধে যুধিষ্ঠিরকে পীড়ন করিতে সমর্থ হন ॥১৫॥

ব্রতপরায়ণ যুধিষ্ঠির যখন রণস্থলে যুদ্ধ করিতেছিলেন, তখন ধৃতরাষ্ট্রের পুত্রেরা এবং অন্য মহারথেরা তাঁহাকে পরাজয় করিয়াছেন ॥১৬॥

(১৩)...পর্বতানপি শাতয়েৎ—বর্দ্ধ বা সো। (১৫)...পুত্রৈঃ সর্বৈর্মহাবলৈঃ—পি। (১৭)...হ্যেষ ন ক্ষত্রে তু বলে প্রভুঃ—পি।

কর্ণেন চাভিযুক্তোঽয়ং ভূপতিঃ শত্রুতাপনঃ।
সংশয়ং সমনুপ্রাপ্তঃ পাণ্ডবো বৈ যুধিষ্ঠিরঃ ॥১৮॥
ন জীবতি মহারাজো মন্যে পার্থো যুধিষ্ঠিরঃ।
যদ্ভীমসেনঃ সহতে সিংহনাদমমর্ষণঃ ॥১৯॥
নর্দ্দতাং ধার্ত্তরাষ্ট্রাণাং পুনঃ পুনররিন্দম!।
ধমতাঞ্চ মহাশঙ্খান্ সংগ্রামে জিতকাশিনাম্ ॥২০॥ (যুগ্মকম্)
যুধিষ্ঠিরং পাণ্ডবেয়ং হতেতি পুরুষর্ষভ!।
সঙ্কোদয়ত্যসৌ কর্ণো ধার্ত্তরাষ্ট্রান্ মহারথান্ ॥২১॥
স্থূণাকর্ণেন্দ্রজালেন পার্থং পাশুপতেন চ।
প্রচ্ছাদয়ন্তি রাজানং শস্ত্রজালৈর্মহারথাঃ ॥২২॥

ভারতকৌমুদী

কথমেতদিত্যাহ উপেতি। ব্রাহ্ম্যে তপঃপ্রভাবাদৌ। ক্ষাত্রে যুদ্ধজয়াদৌ, বিভুঃ সমর্থঃ ॥১৭॥

কর্ণেনেতি। অভিযুক্ত আক্রান্তঃ। সংশয়ং জীবনসন্দেহম্ ॥১৮॥

নেতি। অমর্ষণঃ অসহিষ্ণুরপি। ধমতাং বাদয়তাম্, জিতকাশিনাং বিজয়শোভিনাম্ ॥১৯-২০॥

যুধীতি। হত যূয়ং বিনাশয়ত। সঙ্কোদয়তি প্রেরয়তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানঃ ॥২১॥

স্থূণেতি। স্থূণাকর্ণো নাম গন্ধর্বস্তেনাবিষ্কৃতমিন্দ্রজালং স্থূণাকর্ণেন্দ্রজালং তেন, পাশুপতেন পশুপতিনামকগন্ধর্বাবিষ্কৃতেন চেন্দ্রজালেন মোহয়ন্তীতি শেষঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

হেতুঃ—ব্রাহ্ম্যে বলে ক্ষমায়াম্, ক্ষাত্রে বলে নিষ্ঠুরত্বে ॥১৭—২০॥ হত নাশয়তেতি কর্ণশ্চোদয়তীতি সম্বন্ধঃ ॥২১॥ স্থূণাকর্ণো গন্ধর্বস্তস্যাস্ত্রং স্থূণাকর্ণং গান্ধর্বম্ ইন্দ্রজালময়ং তৎ ॥২২॥

ভরতশ্রেষ্ঠ! যুধিষ্ঠির বৈধ উপবাসে অত্যন্ত কৃশ হইয়া গিয়াছেন এবং তাপসিক বলে রহিয়াছেন; সুতরাং ক্ষত্রিয়শক্তিপ্রয়োগে সমর্থ নহেন ॥১৭॥

শত্রুতাপন পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠির কর্ণকর্তৃক আক্রান্ত হইয়া হয় ত জীবনসংশয়াপন্ন হইয়াছেন ॥১৮॥

অথবা অরিন্দম অর্জ্জুন! আমি মনে করি—ভীমসেন অসহিষ্ণু হইয়াও যখন গর্জনকারী ও বিজয়শোভী ধার্ত্তরাষ্ট্রগণের বার বার সিংহনাদ ও মহাশঙ্খধ্বনি সহ্য করিতেছেন, তখন পৃথানন্দন মহারাজ যুধিষ্ঠির জীবিত নাই ॥১৯—২০॥

পুরুষশ্রেষ্ঠ! ঐ কর্ণ পূর্ব্বে মহারথ ধার্ত্তরাষ্ট্রগণকে এইরূপ আদেশ করিয়াছিলেন যে, 'পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরকে বধ কর' ॥২১॥

(১৮)···সংশয়ং পরমং প্রাপ্তঃ পাণ্ডবেয়ো যুধিষ্ঠিরঃ—পি। (২২) অস্ত্রৈর্নানাবিধৈশ্চৈতে কৌরবাঃ পার্থ! সংযুগে। আচ্ছাদয়ন্তো রাজানমনুযান্তি মহারথাঃ ॥—পি।

আতুরো হি কৃতো রাজা সন্নিষন্নশ্চ ভারত ! ।
যথৈনমনুবর্ত্তন্তে পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥২৩॥
ত্বরমাণাস্ত্বরাকালে সর্বশস্ত্রভৃতাং বরাঃ ।
মজ্জন্তমিব পাতালে বলিনোঽপ্যুজ্জিহীর্ষবঃ ॥২৪॥
ন কেতুর্দৃশ্যতে রাজ্ঞঃ কর্ণেন নিহতঃ শরৈঃ ।
পশ্যতোর্যময়োঃ পার্থ ! সাত্যকেশ্চ শিখণ্ডিনঃ ॥২৫॥
ধৃষ্টদ্যুম্নস্য ভীমস্য শতানীকস্য বা বিভো ! ।
পাঞ্চালানাঞ্চ সর্বেষাং চেদীনাঞ্চৈব ভারত ! ॥২৬॥ (যুগ্মকম্)
এষ কর্ণো রণে পার্থ ! পাণ্ডবানামনীকিনীম্ ।
শরৈর্বিধ্বংসয়তি বৈ নলিনীমিব কুঞ্জরঃ ॥২৭॥

ভারতকৌমুদী

আতুর ইতি। আতুরঃ পীড়িতঃ, কৃতঃ কর্ণেন, সন্নিষন্নঃ সম্যগবসন্নঃ ॥২৩॥

ত্বরেতি। মজ্জন্তং যুধিষ্ঠিরম্। উজ্জিহীর্ষবঃ পাণ্ডবা উদ্ধর্ত্তুমিচ্ছবঃ ॥২৪॥

নেতি। কেতুর্ধ্বজঃ। যময়োর্নকুলসহদেবয়োঃ। ধৃষ্টেত্যাদাবপি পশ্যত ইতি যোজ্যম্ ॥২৫—২৬॥

এষ ইতি। অনীকিনীং সেনাম্। নলিনীং পদ্মসরসীম্ ॥২৭॥

কুরুপক্ষীয় মহারথেরা স্থূণাকর্ণ ও পশুপতির ইন্দ্রজালে রাজা যুধিষ্ঠিরকে মোহিত এবং অস্ত্রজালে আবৃত করিতেছেন ॥২২॥

ভরতনন্দন ! পাঞ্চাল ও পাণ্ডবেরা যখন যুধিষ্ঠিরের অনুসরণ করিতেছেন, তখন নিশ্চয়ই কর্ণ উঁহাকে পীড়িত ও অবসন্ন করিয়াছেন ॥২৩॥

যুধিষ্ঠির যেন পাতালে মগ্ন হইতেছিলেন, সেই ত্বরার সময়ে সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ও বলবান্ পাণ্ডবপক্ষ ত্বরান্বিত হইয়া উঁহাকে উদ্ধার করিবার ইচ্ছা করিতেছেন ॥২৪॥

শক্তিশালী ভরতনন্দন অর্জ্জুন ! নকুল, সহদেব, সাত্যকি, শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, ভীম, শতানীক এবং সমস্ত পাঞ্চাল ও চেদিসৈন্যগণের সমক্ষেই কর্ণ বাণদ্বারা রাজা যুধিষ্ঠিরের ধ্বজটাকে ছেদন করিয়াছেন; সেই জন্যই তাহা দেখা যাইতেছে না ॥২৫—২৬॥

পৃথানন্দন ! হস্তী যেমন পদ্মসরোবর বিধ্বস্ত করে, সেইরূপ কর্ণ বাণদ্বারা এই পাণ্ডবসৈন্য বিধ্বস্ত করিতেছেন ॥২৭॥

---

(২৩) আতুরো মে মতো রাজা···পি।

এতে দ্রবন্তি রথিনস্ত্বদীয়াঃ পাণ্ডুনন্দন ।
পশ্য পশ্য যথা পার্থ ! গচ্ছন্ত্যেতে মহারথাঃ ॥২৮॥
এতে ভারত ! মাতঙ্গাঃ কর্ণেনাভিহতা রণে ।
আর্ত্তনাদান্ বিকুর্বাণা বিদ্রবন্তি দিশো দশ ॥২৯॥
রথানাং দ্রবতে বৃন্দমেতচ্চৈব সমন্ততঃ ।
দ্রাব্যমাণং রণে পার্থ ! কর্ণেনামিত্রকর্ষিণা ॥৩০॥
হস্তিকক্ষ্যাং রণে পশ্য চরন্তীং তত্র তত্র হ ।
রথস্থং সূতপুত্রস্য কেতুং কেতুমতাং বর ! ॥৩১॥
অসৌ ধাবতি রাধেয়ো ভীমসেনরথং প্রতি ।
কিরন্ শরশতান্যেব বিনিঘ্নংস্তব বাহিনীম্ ॥৩২॥
এতাংশ্চ পশ্য পাঞ্চালান্ দ্রাব্যমাণান্ মহারথান্ ।
শক্রেণেব যথা দৈত্যান্ হন্যমানান্ মহাহবে ॥৩৩॥

ভারতকৌমুদী

এত ইতি। দ্রবন্তি দ্রুতং পলায়ন্তে। যথা যাদৃশাকুলভাবেন ॥২৮॥

এত ইতি। বিকুর্বাণা বিশেষেণ কুর্বন্তঃ, বিদ্রবন্তি বিচরন্তি ॥২৯॥

রথানামিতি। দ্রবতে পলায়তে। দ্রাব্যমাণং পীড্যমানম্ ॥৩০॥

হস্তীতি। হস্তিনঃ কক্ষ্যাং মধ্যবন্ধনরজ্জুং তচ্চিহ্নমিত্যর্থঃ। কেতুং ধ্বজম্ ॥৩১॥

অসাবিতি। রাধেয়ঃ কর্ণঃ। কিরন্ বিক্ষিপন্ ॥৩২॥

এতানিতি। দ্রাব্যমাণান্ কর্ণেনৈব পীড্যমানান্। ইবশব্দঃ সম্ভাবনায়াম ॥৩৩॥

পাণ্ডুনন্দন ! তোমাদের রথীরা এই বেগে পলায়ন করিতেছেন। অর্জ্জুন ! দেখ দেখ—যেভাবে এই মহারথেরা যাইতেছেন ॥২৮॥

ভরতনন্দন ! এই হস্তিগণ কর্ণকর্তৃক আহত হইয়া আর্ত্তনাদ করিতে করিতে দশ দিকে বিচরণ করিতেছে ॥২৯॥

অর্জ্জুন ! শত্রুহন্তা কর্ণ পীড়ন করিতে থাকিলে, এই রথসমূহ সকল দিকে পলায়ন করিতেছে ॥৩০॥

ধ্বজশালিশ্রেষ্ঠ ! দেখ—কর্ণের ধ্বজস্থিত হস্তিরজ্জু রণস্থলের নানাস্থানে বিচরণ করিতেছে এবং উহার রথস্থিত ধ্বজটাও দেখ ॥৩১॥

কর্ণ শত শত বাণ নিক্ষেপ করিতে থাকিয়া তোমাদের সৈন্য সংহার করতঃ ঐ ভীমের রথের দিকে ধাবিত হইয়াছেন ॥৩২॥

---

(২৮) এতে পতন্তি রথিনঃ···পি। (৩৩) এতান্ পশ্যস্ব পাঞ্চালান্···পি।

এষ কর্ণো রণে জিত্বা পাঞ্চালান্ পাণ্ডুসৃঞ্জয়ান্।
দিশো বৈ প্রেক্ষতে সর্বাস্ত্বদর্থমিতি মে মতিঃ ॥৩৪॥
পশ্য পার্থ! ধনুঃ শ্রেষ্ঠং বিকর্ষন্ সাধু শোভতে।
শত্রুং জিত্বা যথা শক্রো দেবসংঘৈঃ সমাবৃতঃ ॥৩৫॥
এতে নর্দ্দন্তি কৌরব্যা দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
ত্রাসয়ন্তো রণে পাণ্ডূন্ সৃঞ্জয়াংশ্চ সমন্ততঃ ॥৩৬॥
এষ সর্বাত্মনা পাণ্ডূংস্ত্রাসয়িত্বা মহারণে।
অভিভাষতি রাধেয়ঃ সর্বসৈন্যানি মানদ! ॥৩৭॥
অভিদ্রবত ভদ্রং বো দ্রুতং দ্রবত কৌরবাঃ!।
যথা জীবন্ ন বঃ কশ্চিন্মুচ্যেত যুধি সৃঞ্জয়ঃ ॥৩৮॥
তথা কুরুত সংযত্তা বয়ং যাস্যাম পৃষ্ঠতঃ।
এবমুক্ত্বা গতো হ্যেষ পৃষ্ঠতো বিকিরন্ শরান্ ॥৩৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এষ ইতি। ত্বদর্থম্, ত্বজ্জয়স্যৈবাস্য প্রধানোদ্দেশ্যত্বাদিত্যাশয়ঃ ॥৩৪॥
পশ্যেতি। বিকর্ষন্ আকর্ষন্, সাধু সম্যক্, শোভতে কর্ণঃ ॥৩৫॥
এত ইতি। নর্দ্দন্তি সানন্দং গর্জ্জন্তি। পাণ্ডূন্ পাণ্ডবসৈন্যান্ ॥৩৬॥
এষ ইতি। সর্ব্বাত্মনা সর্বপ্রযত্নেন। সর্ব্বসৈন্যানি কৌরবপক্ষগতানি ॥৩৭॥

অর্জ্জুন! দেখ—মহাযুদ্ধে ইন্দ্র যেমন দৈত্যগণকে আঘাত করিতেন, সেইরূপ কর্ণ এই পাঞ্চালমহারথগণকে আঘাত করিতেছেন ॥৩৩॥

এই কর্ণ যুদ্ধে পাঞ্চাল, পাণ্ডব ও সৃঞ্জয়গণকে জয় করিয়া তোমার জন্যই সকল দিকে দৃষ্টিপাত করিতেছেন, ইহাই আমার ধারণা ॥৩৪॥

অর্জ্জুন! দেখ—ইন্দ্র যেমন শত্রু জয় করিয়া দেবগণে বেষ্টিত হইয়া বিশেষ শোভা পান, তেমন কর্ণও (শত্রু জয় করিয়া সৈন্যগণে বেষ্টিত হইয়া) শ্রেষ্ঠ ধনু আকর্ষণ করিতে থাকিয়া বিশেষ শোভা পাইতেছেন ॥৩৫॥

এই কৌরবসৈন্যেরা যুদ্ধে কর্ণের বিক্রম দেখিয়া সকল দিকের পাণ্ডব ও সৃঞ্জয়-গণের ভয় উৎপাদন করিতে থাকিয়া আনন্দকোলাহল করিতেছে ॥৩৬॥

মানদাতা অর্জ্জুন! এই কর্ণ সর্ব্বপ্রযত্নে পাণ্ডবপক্ষকে বিত্রস্ত করিয়া সমস্ত কৌরবসৈন্যকে বলিতেছেন—॥৩৭॥

---

(৩৬) এতে নদন্তি···ত্রাসয়ানাঃ···সৃঞ্জয়াংশ্চ সহস্রশঃ—পি। (৩৮) ইতঃ প্রভৃতি পিতামহপুস্তকে বহবঃ পাঠভেদা লক্ষ্যন্তে। (৩৯) তথা কুরুত সম্পন্নাঃ···বা সো।

পশ্য কর্ণং রণে পার্থ ! শ্বেতচ্ছত্রবিরাজিতম্ ।
উদয়ং পর্বতং যদ্বচ্ছশাঙ্কেনোপশোভিতম্ ॥৪০॥
পূর্ণচন্দ্রবিকাশেন মূর্দ্ধ্নি ছত্রেণ ভারত ! ।
ধ্রিয়মাণেন সমরে শ্রীমচ্ছতশলাকিনা ॥৪১॥
এষ ত্বাং প্রেক্ষতে কর্ণঃ সকটাক্ষং বিশাংপতে ! ।
উত্তমং জবমাস্থায় ধ্রুবমেষ্যতি সংযুগে ॥৪২॥
পশ্য হ্যেনং মহাবাহো ! বিধুন্বানং মহদ্ধনুঃ ।
শরাংশ্চাশীবিষাকারান্ বিসৃজন্তং মহারণে ॥৪৩॥
অসৌ নিবৃত্তো রাধেয়ো দৃষ্ট্বা তে বানরধ্বজম্ ।
প্রার্থয়ন্ সমরং পার্থ ! ত্বয়া সহ পরন্তপ ! ॥৪৪॥

ভারতকৌমুদী

কিমভিভাষত ইত্যাহ দ্বাভ্যাম্। অভীতি। অভিদ্রবত অভিধাবত, ভদ্রং মঙ্গলং ভবেৎ। দ্রবত ধাবত। সংযত্তাঃ সম্যগযত্নশীলা যূয়ম্। এষ কর্ণঃ, বিকিরন্ নিক্ষিপন্ ॥৩৮—৩৯॥

পশ্যেতি। উদয়ং নাম। শশাঙ্কেন উপরিষ্টাৎ স্থিতেন চন্দ্রমণ্ডলেন ॥৪০॥

পূর্ণেতি। শ্রীমত্যঃ শতং শলাকা অস্য সন্তীতি তেন, শোভতে কর্ণ ইতি শেষঃ ॥৪১॥

এষ ইতি। জবং বেগম, আস্থায়াবলম্ব্য, এষ্যতি ত্বদভিমুখমিত্যর্থঃ ॥৪২॥

পশ্যেতি। বিধুন্বানং সঞ্চালয়ন্তম্। আশীবিষাকারান্ সর্পতুল্যান্ ॥৪৩॥

কৌরবসৈন্যগণ ! তোমরা বিপক্ষাভিমুখে ধাবিত হও, তোমাদের মঙ্গল হইবে, শীঘ্র ধাবিত হও। যাহাতে কোন সৃঞ্জয়ই যুদ্ধে জীবিত অবস্থায় তোমাদের নিকট হইতে মুক্তিলাভ না করে, তোমরা সম্যক্ যত্নবান্ হইয়া সেইরূপ কর ; আমরা তোমাদের পিছনে যাইব।' এইরূপ বলিয়া কর্ণ বাণক্ষেপ করিতে করিতে উহাদের পিছনে যাইতেছেন ॥৩৮—৩৯॥

অর্জ্জুন ! দেখ—চন্দ্রমণ্ডলদ্বারা উদয়পর্বতের ন্যায় কর্ণ শ্বেতচ্ছত্রদ্বারা শোভা পাইতেছেন ॥৪০॥

ভরতনন্দন ! পূর্ণচন্দ্রের ন্যায় প্রকাশমান এবং শতসংখ্যক-সুন্দর-শলাকাযুক্ত একটী শ্বেতবর্ণ ছত্র কর্ণের মস্তকে ধারণ করিয়াছে ॥৪১॥

সেনাপতি ! কর্ণ তোমার প্রতি এই সকটাক্ষ দৃষ্টিপাত করিতেছেন। নিশ্চয়ই ইনি গুরুতর বেগ অবলম্বন করিয়া যুদ্ধে তোমার অভিমুখে আসিবেন ॥৪২॥

মহাবাহু ! দর্শন কর—কর্ণ মহাযুদ্ধে বিশাল ধনু সঞ্চালন করিতে থাকিয়া সর্পতুল্য বাণ সকল নিক্ষেপ করিতেছেন ॥৪৩॥

(৪১) পূর্ণচন্দ্রনিকাশেন···পি বা সো। (৪৪)···প্রার্থয়ন্ সমরে পার্থ !···পরন্তপঃ—সো।

বধায় চাত্মনোঽভ্যেতি দীপাস্যং শলভো যথা।
এষ হ্যমর্ষী শূরশ্চ ধার্ত্তরাষ্ট্রহিতে রতঃ ॥৪৫॥
ন ত্বাং মর্ষয়তে পার্থ! নিত্যমেব চ মন্দধীঃ।
কর্ণমেকাকিনং দৃষ্ট্বা রথানীকেন ভারত! ॥৪৬॥
রিরক্ষিষুঃ সুসংযত্তো ধার্ত্তরাষ্ট্রো নিবর্ত্ততে।
সর্বৈঃ সহৈভির্দুষ্টাত্মা বধ্যতাঞ্চ প্রযত্নতঃ ॥৪৭॥
ত্বয়া যশশ্চ রাজ্যঞ্চ সুখঞ্চোত্তমমিচ্ছতা।
অদীনয়োর্বিশ্রুতয়োর্যুবয়োর্যোৎস্যমানয়োঃ ॥৪৮॥
দেবাসুরে পার্থ! মৃধে দেবদানবয়োরিব।
ত্বাঞ্চ দৃষ্ট্বাতিসংরব্ধং কর্ণঞ্চ ভরতর্ষভ! ॥৪৯॥
অসৌ দুর্য্যোধনঃ ক্রুদ্ধো নোত্তরং প্রতিপদ্যতে।
আত্মানঞ্চ কৃতাত্মানং সমীক্ষ্য ভরতর্ষভ! ॥৫০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অসাবিতি। নিবৃত্তো ভীমসেনং প্রতি গমনাৎ পূর্বোক্তাৎ ॥৪৪॥

বধায়েতি। দীপাস্যং প্রদীপমুখম্, শলভঃ পতঙ্গঃ। অমর্ষী ক্রোধী ॥৪৫॥

নেতি। মর্ষয়তে সহতে। রিরক্ষিষুঃ কর্ণং রক্ষিতুমিচ্ছুঃ, সুসংযত্তঃ অতীবযত্নবান্, ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। দুষ্টাত্মা কর্ণঃ। বিশ্রুতয়োর্বীরত্বেন জগদ্বিখ্যাতয়োঃ, যুবয়োঃ কর্ণার্জ্জুনয়োঃ। মৃধে যুদ্ধে, অতিসংরব্ধমতীবক্রুদ্ধম্। উত্তরং বাক্যম্, প্রতিপদ্যতে করোতি কিমপি ন ব্রবীতীত্যর্থঃ। কৃতাত্মানং কর্ণসাহায্যে কৃতযত্নম্ ॥৪৬—৫০॥

ভারতভাবদীপঃ

নিষেব্যশ্চিকিৎসকৈরারাধ্যঃ, সন্নিষণ্ণে ইতি পাঠে অবসন্নঃ ॥২৩—৩০॥ হস্তিকক্ষাং কেতুমিতি সম্বন্ধঃ ॥৩১—৪০॥ ছত্রেণোপলক্ষিতঃ ॥৪১—৪৩॥ প্রার্থয়ন্ যুদ্ধমিতি শেষঃ ॥৪৪—৪৭॥ যুবয়োঃ কর্ণার্জ্জুনয়োঃ ॥৪৮—৮৯॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

শত্রুসন্তাপক অর্জ্জুন! কর্ণ তোমার বানরধ্বজ দেখিয়া তোমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া ঐ ফিরিয়াছেন ॥৪৪॥

পতঙ্গ (ফড়িং) যেমন দীপের দিকে আগমন করে, সেইরূপ ক্রোধী, বীর ও দুর্য্যোধনের হিতে নিরত কর্ণ আত্মবিনাশের জন্য এই তোমার দিকে আগমন করিতেছেন ॥৪৫॥

অর্জ্জুন! মন্দবুদ্ধি কর্ণ চিরদিনই তোমাকে সহ্য করিতে পারেন না। ভরতনন্দন! কর্ণকে একাকী দেখিয়া, উহাকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া, অত্যন্ত

কৃতাগসঞ্চ রাধেয়ং ধর্ম্মাত্মনি যুধিষ্ঠিরে।
প্রতিপদ্যস্ব কৌন্তেয়! প্রাপ্তকালমনন্তরম্।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা প্রত্যেহি রথযূথপম্ ॥৫১॥
পঞ্চ হ্যেতানি মুখ্যানাং রথানাং রথসত্তম!!
শতান্যায়ান্তি সমরে বলিনাং তিগ্মতেজসাম্ ॥৫২॥
পঞ্চ নাগসহস্রাণি দ্বিগুণা বাজিনস্তথা।
অভিসংহত্য কৌন্তেয়! পদাতিপ্রযুতানি ষট্ ॥৫৩॥
অন্যোন্যরক্ষিতং বীর! বলং ত্বামভিবর্ত্ততে।
সূতপুত্রং মহেষ্বাসং দর্শয়াত্মানমাত্মনা ॥৫৪॥

ভারতকৌমুদী

কৃতেতি। কৃতম্ আগঃ অপমানরূপাপরাধো যেন তম্। প্রতিপদ্যস্ব গৃহাণ, প্রাপ্ত উপস্থিতঃ কালো মৃত্যুর্যস্য তম্, অনন্তরম্ ইতঃ পরম্। আর্য্যাং সতীম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫১॥

পঞ্চেতি। মুখ্যানাং প্রধানানাম্। তিগ্মতেজসাং প্রখরতেজসাম্ ॥৫২॥

পঞ্চেতি। অভিসংহত্য মিলিত্বা, পদাতীনাং প্রযুতান্যযুতানি, আয়াস্তীত্যনুবৃত্তিঃ ॥৫৩॥

অন্যোন্যেতি। বলং সৈন্যং কর্তৃ। আত্মনা যত্নেন ॥৫৪॥

যত্নবান্ হইয়া, রথিসৈন্যের সহিত দুর্য্যোধন ফিরিতেছেন। অতএব অর্জ্জুন! তুমি যশ, রাজ্য ও উত্তম সুখ ইচ্ছা করিয়া যত্নপূর্ব্বক এই বীরগণের সহিত ত্বরায় কর্ণকে বধ কর। ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন! তুমি ও কর্ণ দুই জনই যুদ্ধে অকাতর ও বীর বলিয়া জগতে বিখ্যাত। সুতরাং দেবাসুরযুদ্ধে দেবতা ও দানবের ন্যায় তোমরা যুদ্ধ করিবে; তাহাতে তোমাকে ও কর্ণকে অত্যন্ত ক্রুদ্ধ দেখিয়া দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া এবং আপনাকে কর্ণরক্ষায় কৃতযত্ন পর্য্যালোচনা করিয়া কোন কথাই বলিতেছেন না ॥৪৬—৫০॥

কুন্তীনন্দন! কর্ণ ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরের অপমান করিয়া অপরাধী হইয়াছে। সুতরাং উহার কাল উপস্থিত হইয়াছে। অতএব তুমি এখন উহাকে গ্রহণ কর; যুদ্ধে সদ্‌বুদ্ধি করিয়া এ রথসমূহরক্ষক কর্ণের প্রতি গমন কর ॥৫১॥

রথিশ্রেষ্ঠ! বলবান্ ও প্রখরতেজা এই প্রধান পঞ্চশত রথী যুদ্ধে আসিতেছে ॥৫২॥

এবং কুন্তীনন্দন! পঞ্চসহস্র হস্তী, দশসহস্র অশ্ব ও ষষ্টিসহস্র পদাতি মিলিত হইয়া আগমন করিতেছে ॥৫৩॥

বীর! এই কৌরবসৈন্য পরস্পর রক্ষিত হইয়া তোমার অভিমুখবর্ত্তী হইয়াছে। অতএব তুমি যত্নসহকারে মহাধনুর্দ্ধর কর্ণকে আত্মদর্শন করাও ॥৫৪॥

উত্তমং জবমাস্থায় প্রত্যেহি ভরতর্ষভ ! ।
অসৌ কর্ণঃ সুসংরব্ধঃ পাঞ্চালানভিধাবতি ॥৫৫॥
কেতুমস্য হি পশ্যামি ধৃষ্টদ্যুম্নরথং প্রতি।
সমুচ্ছেৎস্যতি পাঞ্চালানিতি মে ধীয়তে মতিঃ ॥৫৬॥
আচক্ষে চ প্রিয়ং পার্থ ! তবেদং ভরতর্ষভ ! ।
রাজা জীবতি কৌরব্যো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৫৭॥
অসৌ ভীমো মহাবাহুঃ সন্নিবৃত্তশ্চমূমুখে।
বৃতঃ সৃঞ্জয়সৈন্যেন সাত্যকেন চ ভারত ! ॥৫৮॥
বধ্যন্ত এতে সমরে কৌরবা নিশিতৈঃ শরৈঃ।
ভীমসেনেন কৌন্তেয় ! পাঞ্চালৈশ্চ মহাত্মভিঃ ॥৫৯॥
সেনা হি ধার্ত্তরাষ্ট্রস্য বিমুখা বিস্রবদ্‌ব্রণা।
বিপ্রধাবতি বেগেন ভীমস্যাভিহতা শরৈঃ ॥৬০॥

ভারতকৌমুদী

উত্তমমিতি। জবং বেগম্। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ ॥৫৫॥

কেতুমিতি। কেতুং ধ্বজম্। সমুচ্ছেৎস্যতি কর্ণঃ। ধীয়তে বর্ত্ততে ॥৫৬॥

আচক্ষ ইতি। আচক্ষে ব্রবীমি। জীবতি, ভীমাদিভিরানন্দেন যুদ্ধকরণাদিতি ভাবঃ ॥৫৭॥

তদাহ দ্বাভ্যামসাবিতি। চমূমুখে পাণ্ডবসৈন্যাগ্রে। সাত্যকেন সাত্যকিনা ॥৫৮॥

বধ্যন্ত ইতি। মহান্ আত্মা যত্নো যেষাং তৈঃ ॥৫৯॥

ভরতশ্রেষ্ঠ ! তুমি বিশেষ বেগ অবলম্বন করিয়া কর্ণের প্রতি গমন কর। ঐ কর্ণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাঞ্চালসৈন্যগণের দিকে ধাবিত হইয়াছে ॥৫৫॥

ধৃষ্টদ্যুম্নের রথের দিকে উহার ধ্বজটাকে যাইতে দেখিতেছি। সুতরাং আমার ধারণা এই যে, কর্ণ পাঞ্চালসৈন্যের একেবারে উচ্ছেদ করিবে ॥৫৬॥

ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন ! তোমার প্রিয় সংবাদ বলিতেছি—কৌরবনন্দন ধর্ম্মরাজ রাজা যুধিষ্ঠির জীবিত আছেন ॥৫৭॥

ভরতনন্দন ! তাহার কারণ—মহাবাহু ভীমসেন সাত্যকি ও সৃঞ্জয়সৈন্যে পরিবেষ্টিত হইয়া ঐ পাণ্ডবসৈন্যসম্মুখে ফিরিতেছেন ॥৫৮॥

কুন্তীনন্দন ! ভীমসেন এবং মহাযত্নশীল পাঞ্চালেরা সুধার বাণসমূহদ্বারা যুদ্ধে এই কৌরবসৈন্য সংহার করিতেছেন ॥৫৯॥

---

(৫৬)…সমুপৈষ্যতি পাঞ্চালান্…বা সো। (৫৭) আচচক্ষে প্রিয়ং পার্থ !…পি বা সো। (৫৯) এতে বধ্যন্তি সমরে…পি। (৬০)…ভীমস্য নিহতা শরৈঃ—বর্দ্ধ।

বিপন্নশস্যেব মহী রুধিরেণ সমুক্ষিতা।
ভারতী ভরতশ্রেষ্ঠ! সেনা কৃপণদর্শনা ॥৬১॥
নিবৃত্তং পশ্য কৌন্তেয়! ভীমসেনং যুধাং পতিম্।
আশীবিষমিব ক্রুদ্ধং দ্রাবয়ন্তং বরূথিনীম্ ॥৬২॥
পীতরক্তাসিতসিতাস্তারাচন্দ্রার্কমণ্ডিতাঃ।
পতাকা বিপ্রকীর্য্যন্তে ছত্রাণ্যেতানি চার্জ্জুন! ॥৬৩॥
সৌবর্ণা রাজতাশ্চৈব তৈজসাশ্চ পৃথগ্বিধাঃ।
কেতবোঽভিনিপাত্যন্তে হস্ত্যশ্বঞ্চ প্রকীর্য্যতে ॥৬৪॥
রথেভ্যঃ প্রপতন্ত্যেতে রথিনো বিগতাসবঃ।
নানাবর্ণৈর্হতা বাণৈঃ পাঞ্চালৈরপলায়িভিঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

সেনেতি। বিস্রবন্তো রক্তং নিঃসারয়ন্তো ব্রণাঃ ক্ষতানি যস্যাঃ সা ॥৬০॥

বিপন্নেতি। বিপন্নানি নষ্টানি শস্যানি যস্যাঃ সা। কৃপণদর্শনা দুঃখজনকদর্শনা ॥৬১॥

নিবৃত্তমিতি। যুধাং পতিং যোদ্ধৃশ্রেষ্ঠম্। দ্রাবয়ন্তং পীড়য়ন্তম্, বরূথিনীং কৌরবসেনাম্ ॥৬২॥

পীতেতি। পীতা রক্তা অসিতাঃ কৃষ্ণাঃ সিতাঃ শুভ্রাশ্চ তাঃ, তারাচন্দ্রার্কৈস্তত্তচ্চিহ্নৈর্মণ্ডিতাঃ। বিপ্রকীর্য্যন্তে বায়ুনা সঞ্চাল্যন্তে, এতানি ছত্রাণি চ বায়ুনা বিপ্রকীর্য্যন্তে ॥৬৩॥

সৌবর্ণা ইতি। তৈজসাঃ পিত্তলাদিময়াঃ। হস্তিনশ্চ অশ্বাশ্চেতি হস্ত্যশ্বম্ ॥৬৪॥

রথেভ্য ইতি। বিগতা অসবঃ প্রাণা যেষাং তে ॥৬৫॥

দুর্য্যোধনের সৈন্যেরা ভীমের বাণে আহত হইয়া বেগে পরাঙ্মুখভাবে পলায়ন করিতেছে এবং উহাদের ক্ষত হইতে রক্তস্রাব হইতেছে ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ! কৌরবসৈন্যেরা রক্তে সিক্ত হইয়া গিয়াছে। সুতরাং নষ্টশস্যা ভূমির ন্যায় উহাদের দর্শনে দুঃখ জন্মিতেছে ॥৬১॥

কুন্তীনন্দন! দর্শন কর—যোদ্ধৃশ্রেষ্ঠ ভীমসেন ফিরিয়া ক্রুদ্ধ হইয়া কৌরবসৈন্য মর্দ্দন করিতেছেন ॥৬২॥

অর্জ্জুন! পীত, রক্ত, কৃষ্ণ ও শুভ্রবর্ণ এবং নক্ষত্র, চন্দ্র ও সূর্য্যচিহ্নে শোভিত এই পতাকা ও ছত্র সকল বায়ুবেগে আন্দোলিত হইতেছে ॥৬৩॥

স্বর্ণময়, রৌপ্যময় ও পিত্তলাদিতৈজসময় নানাবিধ ধ্বজ নিপাতিত হইতেছে এবং হস্তী ও অশ্ব সকল নানাদিকে বিক্ষিপ্ত হইয়া পড়িতেছে ॥৬৪॥

অপলায়ী পাঞ্চালেরা নানাবর্ণ বাণদ্বারা আঘাত করিলে, রথীরা প্রাণশূন্য হইয়া রথ হইতে পতিত হইতেছেন ॥৬৫॥

নির্ম্মনুষ্যান্ গজানশ্বান্ রথাংশ্চৈব ধনঞ্জয়!।
সমাদ্রবন্তি পাঞ্চালা ধার্ত্তরাষ্ট্রাংস্তরস্বিনঃ ॥৬৬॥
বিমৃদ্নন্তি নরব্যাঘ্রা ভীমসেনবলাশ্রয়াৎ।
বলং পরেষাং দুর্দ্ধর্ষাস্ত্যক্ত্বা প্রাণানরিন্দম! ॥৬৭॥
এতে নর্দ্দন্তি পাঞ্চালা ধ্মাপয়ন্তি চ বারিজান্।
অভিদ্রবন্তি চ রণে মৃদ্নন্তঃ সায়কৈঃ পরান্ ॥৬৮॥
পশ্যস্বেষাঞ্চ মাহাত্ম্যং পাঞ্চালা হি পরাক্রমাৎ।
ধার্ত্তরাষ্ট্রান্ বিনিঘ্নন্তি ক্রুদ্ধাঃ সিংহা ইব দ্বিপান্ ॥৬৯॥
শস্ত্রমাচ্ছিদ্য শত্রূণাং সায়ুধানাং নিরায়ুধাঃ।
তেনৈবৈতানমোঘাস্ত্রান্ নিঘ্নন্তি চ নদন্তি চ ॥৭০॥
শিরাংস্যেতানি পাত্যন্তে শত্রূণাং বাহবোঽপি চ।
রথনাগহয়া বীরা যশস্যাঃ সর্ব এব চ ॥৭১॥

ভারতকৌমুদী

নিরিতি। সমাদ্রবন্তি মর্দ্দয়ন্তি, ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনীয়ান্, তরস্বিনো বলবন্তঃ ॥৬৬॥
বীতি। বিমৃদ্নন্তি বিশেষেণ মর্দ্দয়ন্তি। প্রাণান্ প্রাণমমতাঃ ॥৬৭॥
এত ইতি। নর্দ্দন্তি গর্জ্জন্তি, ধ্মাপয়ন্তি বাদয়ন্তি, বারিজান্ শঙ্খান্ ॥৬৮॥
পশ্যস্বেতি। এষাং পাঞ্চালানাম্, মাহাত্ম্যং বলবত্তাম। দ্বিপান্ গজান্ ॥৬৯॥
শস্ত্রমিতি। আচ্ছিদ্য বলাদানীয়। তেনৈবাচ্ছিন্নশস্ত্রেণৈব, অমোঘাস্ত্রান্ তান্ শত্রূন্ ॥৭০॥

অর্জ্জুন! বলবান্ পাঞ্চালেরা দুর্য্যোধনপক্ষের মনুষ্যবিহীন হস্তী, অশ্ব ও রথগুলিকে চূর্ণ-বিচূর্ণ করিতেছে ॥৬৬॥

অরিন্দম! দুর্দ্ধর্ষ নরশ্রেষ্ঠেরা প্রাণের মমতা ত্যাগ করিয়া ভীমসেনের বলাবলম্বনে বিপক্ষসৈন্য মর্দ্দন করিতেছেন ॥৬৭॥

এই পাঞ্চালেরা গর্জন ও শঙ্খবাদন করিতেছে এবং বাণদ্বারা বিপক্ষদিগকে পীড়ন করিতে করিতে ধাবিত হইতেছে ॥৬৮॥

অর্জ্জুন! পাঞ্চালগণের শক্তি দেখ; উহারা পরাক্রম প্রকাশ করিয়া—ক্রুদ্ধ সিংহ যেমন হস্তী বিনাশ করে, সেইরূপ দুর্য্যোধনসৈন্য বিনাশ করিতেছে ॥৬৯॥

পাঞ্চালেরা নিরস্ত্র হইয়া সশস্ত্র শত্রুগণের অস্ত্র কাড়িয়া লইয়া তাহাদ্বারাই সেই অব্যর্থশস্ত্র শত্রুগণকে বধ করিতেছে এবং সিংহনাদ করিতেছে ॥৭০॥

---

(৬৭) মৃদ্নন্তি চ নরব্যাঘ্রা ভীমসেনব্যপাশ্রয়াৎ···পি। (৬৮)···নিঘ্নানাঃ সায়কৈঃ পরান্—পি। (৬৯)···পাঞ্চালানাং পরন্তপ!···পি। (৭১)···রথান্নাগান্ হয়াদ্বীরাঃ প্রশস্তাঃ সর্ব এব হ—পি।

সর্বতশ্চাভিপন্নৈষা ধার্ত্তরাষ্ট্রী মহাচমূঃ।
পাঞ্চালৈর্মানসাদেত্য হংসৈর্গঙ্গেব বেগিতৈঃ ॥৭২॥
সুভৃশঞ্চ পরাক্রান্তাঃ পাঞ্চালানাং নিবারণে।
কৃপকর্ণাদয়ো বীরা ঋষভাণামিবর্ষভাঃ ॥৭৩॥
সুনিমগ্নাংশ্চ ভীমাস্ত্রে ধার্ত্তরাষ্ট্রান্ মহারথান্।
ধৃষ্টদ্যুম্নমুখা বীরা ঘ্নন্তি শত্রূন্ সহস্রশঃ ॥৭৪॥
পাঞ্চালেষ্বভিভূতেষু দ্বিষদ্ভিরপভীর্নদন্।
শত্রুপক্ষমবস্কন্দ্য শরানস্যতি মারুতিঃ ॥৭৫॥
বিষণ্ণভূয়িষ্ঠতরা ধার্ত্তরাষ্ট্রী মহাচমূঃ।
রথাশ্বেভাঃ সুবিত্রস্তা ভীমসেনভয়াদ্দিতাঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

শিরাংসীতি। সর্বে পাতিতাঃ পতাকাশ্চ যশস্যাঃ, বীরত্বপ্রকাশাদিতি ভাবঃ ॥৭১॥
সর্বত ইতি। অভিপন্না আক্রান্তা। মানসাৎ তদাখ্যাৎ সরোবরাৎ ॥৭২॥
সুভৃশমিতি। পরাক্রান্তাঃ পরাক্রমং প্রকাশয়ন্তে। ঋষভা বৃষাঃ ॥৭৩॥
সুনিমগ্নানিতি। ভীমাস্ত্রে সাগর ইবেত্যাশয়ঃ। ঘ্নন্তি অনায়াসেন ॥৭৪॥
পাঞ্চালেষ্বিতি। অপভীর্নির্ভয়ঃ। অবস্কন্দ্য আক্রম্য, অস্যতি ক্ষিপতি, মারুতির্ভীমঃ ॥৭৫॥
বিষণ্ণেতি। বিষণ্ণা ভূয়িষ্ঠতরা বহুলাংশা যস্যাঃ সা। রথশ্চাশ্বশ্চ ইভো গজশ্চ তে ॥৭৬॥

শত্রুগণের এই সকল মস্তক ও বাহু নিপাতিত হইতেছে এবং হস্তী, অশ্ব, রথ ও বীরগণ নিপতিত হইতেছে। ইহারা সকলেই যশস্বী ॥৭১॥

বেগবান্ হংসগণ যেমন মানসসরোবর হইতে আসিয়া গঙ্গাকে আক্রমণ করে, সেইরূপ বেগবান্ পাঞ্চালেরা দুর্য্যোধনের বিশাল সেনাকে সকল দিক্ হইতে আক্রমণ করিয়াছে ॥৭২॥

সুতরাং বৃষগণ যেমন অপর বৃষগণের নিবারণে পরাক্রম প্রকাশ করে, তেমন কৃপ ও কর্ণপ্রভৃতি বীরগণ পাঞ্চালগণের নিবারণে গুরুতর পরাক্রম প্রকাশ করিতেছেন ॥৭৩॥

দুর্য্যোধনের মহারথেরা ভীমসেনের অস্ত্রসাগরে অত্যন্ত নিমগ্ন হইয়াছেন। অতএব ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি বীরেরা অনায়াসে সহস্র সহস্র শত্রু সংহার করিতে পারিতেছেন ॥৭৪॥

শত্রুগণ পাঞ্চালগণকে অভিভূত করিলে, ভীমসেন নির্ভয় চিত্তে গর্জন করিতে থাকিয়া শত্রুপক্ষকে আক্রমণ করিয়া বাণক্ষেপ করিতেছেন ॥৭৫॥

(৭৩) সদৃশঞ্চ পরাক্রান্তাঃ পাঞ্চালানাং নিবর্ত্তনে…পি।

পশ্য ভীমেন নারাচৈর্ভিন্না নাগাঃ পতন্ত্যমী।
বজ্রিবজ্রহতানীব শিখরাণি ধরাভৃতাম্ ॥৭৭॥
ভীমসেনস্য নির্বিদ্ধা বাণৈঃ সন্নতপর্ব্বভিঃ।
স্বান্যনীকানি মৃদ্নন্তো দ্রবন্ত্যেতে মহাগজাঃ ॥৭৮॥
নাভিজানাসি ভীমস্য সিংহনাদং সুদুঃসহম্।
নদতোঽর্জ্জুন! সংগ্রামে ভৈরবং জিতকাশিনঃ ॥৭৯॥
এষ নৈষাদিরভ্যেতি দ্বিপমুখ্যেন পাণ্ডবম্।
জিঘাংসুস্তোমরৈঃ ক্রুদ্ধো দণ্ডপাণিরিবান্তকঃ ॥৮০॥
সতোমরাবস্য ভুজৌ ছিন্নৌ ভীমেন গর্জ্জতঃ।
তীক্ষ্ণৈরগ্নিরবিপ্রখ্যৈর্নারাচৈর্দশভির্হতঃ ॥৮১॥

ভারতকৌমুদী

পশ্যেতি। ভিন্না বিদীর্ণাঃ, নাগা গজাঃ। শিখরাণি শৃঙ্গাণি, ধরাভৃতাং পর্বতানাম্ ॥৭৭॥
ভীমেতি। অনীকানি সৈন্যানি, মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ, দ্রবন্তি দ্রুতং ব্রজন্তি ॥৭৮॥
নেতি। নাভিজানাসি, অসান্নিধ্যান্ন শৃণোষি। জিতেন জয়েন কাশত ইতি তস্য ॥৭৯॥
এষ ইতি। নৈষাদির্নিষাদরাজপুত্রঃ, দ্বিপমুখ্যেন প্রধানগজারোহণেন। জিঘাংসু-র্হন্তুমিচ্ছুঃ ॥৮০॥
সেতি। সতোমরৌ তোমরাস্ত্রযুক্তৌ। অগ্নিরবিপ্রখ্যৈঃ অগ্নিসূর্য্যবদুজ্জ্বলৈঃ ॥৮১॥

দুর্য্যোধনের বিশাল সৈন্যের অধিক অংশই অবসন্ন হইয়া পড়িয়াছে এবং হস্তী, অশ্ব ও রথ সকল ভীমসেনের ভয়ে কাতর হইয়াছে ॥৭৬॥

অর্জ্জুন! দেখ—ভীমসেন নারাচদ্বারা বিদীর্ণ করিলে, ইন্দ্রের বজ্রাহত পর্ব্বত-শৃঙ্গের ন্যায় ঐ হস্তিগণ পতিত হইতেছে ॥৭৭॥

এই সকল মহাহস্তী ভীমসেনের নতপর্ব্ব বাণসমূহে বিদীর্ণ হইয়া স্বপক্ষের সৈন্যদিগকেই মর্দ্দন করিতে থাকিয়া বেগে গমন করিতেছে ॥৭৮॥

অর্জ্জুন! তুমি যুদ্ধে বিজয়শোভী গর্জ্জনকারী ভীমসেনের ভীষণ ও অতিদুঃসহ সিংহনাদ শুনিতেছ না? ॥৭৯॥

এই নিষাদরাজপুত্র ক্রুদ্ধ হইয়া তোমরদ্বারা ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া বিশালগজারোহণে দণ্ডপাণি যমের ন্যায় আসিতেছেন ॥৮০॥

ঐ ভীমসেন গর্জ্জনকারী নিষাদরাজপুত্রের তোমরযুক্ত বাহুযুগল ছেদন করিলেন এবং অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং তীক্ষ্ণ দশটা নারাচদ্বারা উঁহাকে বধ করিলেন ॥৮১॥

(৭৯)...বীরস্য জিতকাশিনঃ—পি বা সো।

হত্বৈনং পুনরায়াতি নাগানন্যান্ প্রহারিণঃ।
পশ্য নীলাম্বুদনিভান্ মহামাত্রৈরধিষ্ঠিতান্ ॥৮২॥
শক্তিতোমরসংঘাতৈর্বিনিঘ্নন্তং বৃকোদরম্।
সপ্তসপ্ত চ নাগাংস্তান্ বৈজয়ন্তীশ্চ সধ্বজাঃ ॥৮৩॥
নিহত্য নিশিতৈর্বাণৈশ্ছিন্নাঃ পার্থাগ্রজেন তে।
দশভির্দশভিশ্চৈকো নারাচৈর্নিহতো গজঃ ॥৮৪॥ (বিশেষকম্)
ন চাসৌ ধার্ত্তরাষ্ট্রাণাং শ্রূয়তে নিনদস্তথা।
পুরন্দরসমে যুদ্ধে নিবৃত্তে ভরতর্ষভ! ॥৮৫॥
অক্ষৌহিণ্যস্তথা তিস্রো ধার্ত্তরাষ্ট্রস্য সংহতাঃ।
ক্রুদ্ধেন নরসিংহেন ভীমসেনেন বারিতাঃ ॥৮৬॥

সঞ্জয় উবাচ।

ভীমসেনেন তৎ কর্ম্ম কৃতং দৃষ্ট্বা সুদুষ্করম্।
অর্জ্জুনো ব্যধমচ্ছিষ্টানহিতান্ নিশিতৈঃ শরৈঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

হত্বেতি। আয়াতি ভীমঃ, নাগান্ গজান্। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। শক্তিতোমরসংঘাতৈরাঘাতৈঃ। সপ্তগুণিতাঃ সপ্ত সপ্তসপ্ত উনপঞ্চাশৎসংখ্যকানিত্যর্থঃ। বৈজয়ন্তীঃ পতাকাঃ। হে পার্থ! ॥৮২—৮৪॥

নেতি। অসৌ শ্রুতপূর্ব্বঃ। পুরন্দরসমে ইন্দ্রতুল্যে ভীমে, নিবৃত্তে প্রত্যাগতে সতি ॥৮৫॥

অক্ষৌহিণ্য ইতি। সংহতাঃ সম্মিলিতাঃ। নরসিংহেন মানবশ্রেষ্ঠেন ॥৮৬॥

অর্জ্জুন! দেখ—ভীমসেন নিষাদরাজপুত্রকে বধ করিয়া পুনরায় প্রহারনিপুণ, নীলমেঘের তুল্য এবং হস্তিপকগণাধিষ্ঠিত অন্য হস্তিগণের দিকে আসিতেছেন এবং ভীমসেন শক্তি ও তোমরের আঘাতে সেই উনপঞ্চাশটা হস্তীকে বধ করিতেছেন। পৃথানন্দন! তোমার অগ্রজ (ভীমসেন) ঐ হস্তীগুলিকে বধ করিয়া সুধার বাণসমূহদ্বারা ধ্বজের পতাকাগুলিকে ছেদন করিলেন এবং দশ দশটা নারাচদ্বারা এক একটা হস্তীকে বধ করিলেন ॥৮২—৮৪॥

ভরতশ্রেষ্ঠ! ইন্দ্রতুল্য ভীমসেন যুদ্ধে ফিরিয়া আসিলে, কৌরবপক্ষের সে কোলাহল আর শুনা যাইতেছে না ॥৮৫॥

দুর্য্যোধনের তিন অক্ষৌহিণী সৈন্য মিলিত হইয়াছিল; কিন্তু নরশ্রেষ্ঠ এক ভীমসেনই ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে বারণ করিয়াছেন ॥৮৬॥

(৮২)…পশ্য নীলাঞ্জনপ্রখ্যান্…পি। (৮৫)…নিবৃত্তে ভরতর্ষভ!—পি।

তে বধ্যমানাঃ সমরে সংশপ্তকগণাঃ প্রভো!।
প্রভগ্নাঃ সমরে ভীতা দিশো দশ মহাবলাঃ।
শক্রস্যাতিথিতাং গত্বা বিশোকা হ্যভবংস্তদা ॥৮৮॥
পার্থশ্চ পুরুষব্যাঘ্রঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
জঘান ধার্ত্তরাষ্ট্রস্য চতুর্বিধবলাং চমূম্ ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

ধৃতরাষ্ট্র উবাচ।
নিবৃত্তে ভীমসেনে চ পাণ্ডবে চ যুধিষ্ঠিরে।
বধ্যমানে বলে চাপি মামকে পাণ্ডুসৃঞ্জয়ৈঃ ॥১॥

ভারতকৌমুদী

ভীমেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, শিষ্টান্ অবশিষ্টান্, অহিতান্ সংশপ্তকরূপশত্রূন্ ॥৮৭॥

তে ইতি। দশ দিশো গচ্ছন্ত ইতি শেষঃ। শক্রস্যাতিথিতাং স্বর্গমিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৮॥

পার্থ ইতি। পার্থোঽর্জ্জুনঃ। চতুর্বিধানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি বলানি যস্যাং তাম্ ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীমসেন সেই অতিদুষ্কর কার্য্য করিয়াছেন দেখিয়া অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা অবশিষ্ট সংশপ্তক শত্রুগণকে বিনাশ করিতে লাগিলেন ॥৮৭॥

রাজা! সেই মহাবল সংশপ্তকেরা যুদ্ধে নিহত হইতে থাকিয়া ভীত ও ভগ্ন হইয়া প্রথমে দশ দিকে পরে স্বর্গলোকে যাইয়া তখন অনুতাপশূন্য হইল ॥৮৮॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনও নতপর্ব্ব বাণসমূহদ্বারা দুর্য্যোধনের চতুর্বিধ সৈন্য সংহার করিতে লাগিলেন' ॥৮৯॥

---

(৮৯) পার্থশ্চ পুরুষব্যাঘ্র!...বঙ্গ বর্দ্ধ সো। * '...ষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।
(১) নিবৃত্তে ভীমসেনে তু...পি বর্দ্ধ।

দ্রবমাণে বলৌঘে চ নিরানন্দে মুহুর্মুহুঃ।
কিমকুর্ব্বন্ত কুরবস্তন্মমাচক্ষ্ব, সঞ্জয়! ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ভীমং মহাবাহুং সূতপুত্রঃ প্রতাপবান্।
ক্রোধরক্তেক্ষণো রাজন্! ভীমসেনমুপাদ্রবৎ ॥৩॥
তাবকন্তু বলং দৃষ্ট্বা ভীমসেনাৎ পরাঙ্মুখম্।
যত্নেন মহতা রাজন্! পর্য্যবস্থাপয়দ্বলী ॥৪॥
ব্যবস্থাপ্য মহাবাহুস্তব পুত্রস্য বাহিনীম্।
প্রত্যুদ্যযৌ তদা কর্ণঃ পাণ্ডবান্ যুদ্ধদুর্ম্মদান্ ॥৫॥
প্রত্যুদ্যযুশ্চ রাধেয়ং পাণ্ডবানাং মহারথাঃ।
ধুন্বানাঃ কার্ম্মুকাণ্যাজৌ বিক্ষিপন্তশ্চ সায়কান্ ॥৬॥
ভীমসেনঃ শিনের্নপ্তা শিখণ্ডী জনমেজয়ঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ বলবান্ সর্বে চাপি প্রভদ্রকাঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নিবৃত্ত ইতি। নিবৃত্তে যোদ্ধুং প্রত্যাবৃত্তে। দ্রবমাণে পলায়মানে ॥১—২॥
দৃষ্ট্বেতি। সূতপুত্রঃ কর্ণঃ। ক্রোধেন রক্তেক্ষণো রক্তবর্ণনেত্রঃ। উপাদ্রবদভ্যধাবৎ ॥৩॥
তাবকমিতি। বলং সৈন্যম্। বলী বলবান্ কর্ণঃ ॥৪॥
ব্যবেতি। ব্যবস্থাপ্য ব্যূহস্থ যথাস্থানে স্থাপয়িত্বা ॥৫॥
প্রতীতি। রাধেয়ং কর্ণম্। ধুন্বানাশ্চালয়ন্তঃ। শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ ॥৬—৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডুনন্দন যুধিষ্ঠির ও ভীমসেন ফিরিয়া আসিলে, পাণ্ডব ও সৃঞ্জয়েরা আমার সৈন্য সংহার করিতে লাগিলে এবং আমার নিরানন্দ সৈন্যগণ মুহুর্মুহু পলায়ন করিতে থাকিলে, কৌরবেরা কি করিলেন, তাহা আমার নিকট বল' ॥১—২॥

সঞ্জয় কহিলেন—'রাজা! প্রতাপশালী কর্ণ মহাবাহু ভীমকে দেখিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

রাজা! বলবান্ কর্ণ আপনার সৈন্যগণকে ভীমসেনের ভয়ে পরাঙ্মুখ দেখিয়া বিশেষ যত্ন সহকারে তাহাদিগকে প্রথমে স্থির করিলেন ॥৪॥

পরে মহাবাহু কর্ণ দুর্য্যোধনের সৈন্যগণকে যথাস্থানে স্থাপন করিয়া যুদ্ধদুর্দ্ধর্ষ পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥৫॥

(২)···নিরাক্রন্দে মুহুর্মুহুঃ···পি।

পাঞ্চালাশ্চ নরব্যাঘ্রাঃ সমন্তাত্তব বাহিনীম্।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধাঃ সমরে জিতকাশিনঃ ॥৮॥
তথৈব তাবকা রাজন্! পাণ্ডবানামনীকিনীম্।
অভ্যদ্রবন্ত ত্বরিতা জিঘাংসন্তো মহারথাঃ ॥৯॥
রথনাগাশ্বকলিলং পত্তিধ্বজসমাকুলম্।
বভূব পুরুষব্যাঘ্র! সৈন্যমদ্ভুতদর্শনম্ ॥১০॥
শিখণ্ডী তু যযৌ কর্ণং ধৃষ্টদ্যুম্নঃ সুতং তব।
দুঃশাসনং মহারাজ! মহত্যা সেনয়া বৃতঃ ॥১১॥
নকুলো বৃষসেনন্তু চিত্রসেনং যুধিষ্ঠিরঃ।
উলূকং সমরে রাজন্! সহদেবঃ সমভ্যয়াৎ ॥১২॥

ভারতকৌমুদী

পাঞ্চালা ইতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে ॥৮॥
তথেতি। তাবকাস্ত্বদীয়াঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥৯॥
রথেতি। রথৈর্নাগৈর্গজৈরশ্বৈশ্চ কলিলং ব্যাপ্তম্। সৈন্যমুভয়মেব ॥১০॥
এবং সামান্যেনাভিধায় বিশেষেণাভিধত্তে শিখণ্ডীতি। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥১১॥
নকুল ইতি। বৃষসেনচিত্রসেনৌ কর্ণপুত্রৌ। উলূকঃ শকুনিপুত্রঃ ॥১২॥

ওদিকে পাণ্ডবপক্ষের ভীমসেন, সাত্যকি, শিখণ্ডী, জনমেজয় ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন এই সকল মহারথ এবং প্রভদ্রকেরা সকলে ধনু সঞ্চালন ও বাণক্ষেপ করিতে করিতে কর্ণের দিকে আসিতে থাকিলেন ॥৬—৭॥

মহারাজ! নরশ্রেষ্ঠ ও বিজয়শোভী পাঞ্চালেরা ক্রুদ্ধ হইয়া সকল দিক্ হইতে আপনার সৈন্যের দিকে ধাবিত হইল ॥৮॥

রাজা! আবার আপনার পক্ষের মহারথেরাও সেইরূপই ত্বরান্বিত ও বধার্থী হইয়া পাণ্ডবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

পুরুষশ্রেষ্ঠ! তৎকালে হস্তী, অশ্ব ও রথে ব্যাপ্ত এবং পদাতি ও ধ্বজে পরিপূর্ণ সেই উভয় সৈন্যই অদ্ভুত দেখা যাইতে লাগিল ॥১০॥

মহারাজ! ক্রমে বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া শিখণ্ডী কর্ণের দিকে এবং ধৃষ্টদ্যুম্ন আপনার পুত্র দুঃশাসনের প্রতি যাইতে লাগিলেন ॥১১॥

নকুল বৃষসেনের, যুধিষ্ঠির চিত্রসেনের এবং সহদেব উলূকের দিকে ধাবিত হইলেন ॥১২॥

(৮) জিঘাংসন্তো নরব্যাঘ্রাঃ...বা সো। (১২)...সহদেবঃ সমভ্যগাৎ—পি।

সাত্যকিঃ শকুনিঞ্চাপি দ্রৌপদেয়াশ্চ কৌরবান্।
অর্জ্জুনঞ্চ রণে যত্তো দ্রোণপুত্রো মহারথঃ ॥১৩॥
যুধামন্যুং মহেষ্বাসং গৌতমোঽভ্যপতদ্রণে।
কৃতবর্ম্মা চ বলবানুত্তমৌজসমাদ্রবৎ ॥১৪॥
ভীমসেনঃ কুরূন্ সর্বান্ পুত্রাংশ্চ তব মারিষ!।
সহানীকান্ মহাবাহুরেক এব ন্যবারয়ৎ ॥১৫॥
শিখণ্ডী তু ততঃ কর্ণং বিচরন্তমভীতবৎ।
ভীষ্মহন্তা মহারাজ! বারয়ামাস পত্রিভিঃ ॥১৬॥
প্রতিরুদ্ধস্ততঃ কর্ণো রোষাৎ প্রস্ফুরিতাধরঃ।
শিখণ্ডিনং ত্রিভির্বাণৈর্ভ্রুবোর্মধ্যেঽভ্যতাড়য়ৎ ॥১৭॥
ধারয়ংস্তু স তান্ বাণান্ শিখণ্ডী বহ্বশোভত।
রাজতঃ পর্বতো যদ্বত্রিভিঃ শৃঙ্গৈরিবোচ্ছ্রিতৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। যত্তো যত্নবান্, অভ্যয়াদিত্যনুবৃত্তির্যথাসম্ভবম্ ॥১৩॥

যুধেতি। গৌতমো গৌতমগোত্রঃ কৃপঃ। আদ্রবৎ অভ্যধাবৎ ॥১৪॥

ভীমেতি। অনীকৈঃ সৈন্যৈঃ সহেতি তান্ ॥১৫॥

শিখণ্ডীতি। অভীতবৎ নির্ভয় ইবেতি ভয়সত্তা ব্যজ্যতে। পত্রিভির্বাণৈঃ ॥১৬॥

প্রতীতি। প্রতিরুদ্ধঃ শিখণ্ডিনা। প্রস্ফুরিতাধরঃ কম্পিতৌষ্ঠঃ ॥১৭॥

সাত্যকি শকুনির প্রতি, দ্রৌপদীর পুত্রগণ কৌরবগণের দিকে, আর মহারথ অশ্বত্থামা যত্নবান্ হইয়া অর্জ্জুনের দিকে চলিলেন ॥১৩॥

কৃপাচার্য্য মহাধনুর্দ্ধর যুধামন্যুর উপরে যাইয়া পতিত হইলেন এবং বলবান্ কৃতবর্ম্মা উত্তমৌজার দিকে বেগে যাইতে থাকিলেন ॥১৪॥

মাননীয় রাজা! আর মহাবাহু ভীমসেন একাকীই সৈন্যগণের সহিত সমস্ত কৌরব ও আপনার পুত্রগণকে নিবারণ করিতে লাগিলেন ॥১৫॥

মহারাজ! তাহার পর ভীষ্মহন্তা শিখণ্ডী নির্ভয়ের ন্যায় বাণদ্বারা বিচরণকারী কর্ণকে বারণ করিতে থাকিলেন ॥১৬॥

শিখণ্ডী কর্ণকে প্রতিরুদ্ধ করিলে, ক্রোধে কর্ণের ওষ্ঠযুগল স্ফুরিত হইতে লাগিল; সেই অবস্থায় তিনি তিনটা বাণদ্বারা শিখণ্ডীর ভ্রূমধ্যে তাড়ন করিলেন ॥১৭॥

(১৪)···উত্তমৌজসমাব্রজৎ—পি।

সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সূতপুত্রেণ সংযুগে।
কর্ণং বিব্যাধ সমরে নবত্যা নিশিতৈঃ শরৈঃ ॥১৯॥
তস্য কর্ণো হয়ান্ হত্বা সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ।
উন্মমাথ ধ্বজঞ্চাস্য ক্ষুরপ্রেণ মহারথঃ ॥২০॥
হতাশ্বাত্তু ততো যানাদবপ্লুত্য মহারথঃ।
শক্তিং চিক্ষেপ কর্ণায় সংক্রুদ্ধঃ শত্রুতাপনঃ ॥২১॥
তাং ছিত্ত্বা সমরে কর্ণস্ত্রিভির্ভারত! সায়কৈঃ।
শিখণ্ডিনমথাবিধ্যন্নবভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
কর্ণচাপচ্যুতান্ বাণান্ বর্জয়ংস্তু নরোত্তমঃ।
অপযাতস্ততস্তূর্ণং শিখণ্ডী ভৃশবিক্ষতঃ ॥২৩॥

ভারতকৌমুদী

ধারয়ন্নিতি। রাজতো রৌপ্যময়ঃ। এতেন শিখণ্ডিনো গৌরবর্ণত্বং ব্যজ্যতে ॥১৮॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, সূতপুত্রেণ কর্ণেন ॥১৯॥
তস্যেতি। হয়ানশ্বান্। উন্মমাথ চিচ্ছেদ। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥২০॥
হতেতি। হতা অশ্বা যস্য তস্মাৎ, যানাৎ রথাৎ, মহারথঃ শিখণ্ডী ॥২১॥
তামিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥২২॥
কর্ণেতি। অপযাতঃ অপসৃতঃ, ততঃ শরপাতস্থানাৎ ॥২৩॥

শিখণ্ডী তখন সেই তিনটা বাণ ভ্রূমধ্যে ধারণ করতঃ উত্থিত তিনটা শৃঙ্গদ্বারা রৌপ্যময় পর্বতের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

কর্ণ অত্যন্তবিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর শিখণ্ডী নব্বইটা সুধার বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥১৯॥

পরে মহারথ কর্ণ শিখণ্ডীর অশ্বগুলিকে বধ করিয়া তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে এবং ক্ষুরপ্রদ্বারা উহার ধ্বজটাকে ছেদন করিলেন ॥২০॥

অশ্বগুলি নিহত হইলে, মহারথ ও শত্রুতাপন শিখণ্ডী অতিশয় ক্রুদ্ধ হইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া কর্ণের উপরে একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥২১॥

ভরতনন্দন! তদনন্তর কর্ণ তিনটা বাণদ্বারা সেই শক্তিটাকে ছেদন করিয়া নয়টা সুধার বাণদ্বারা শিখণ্ডীকে বিদ্ধ করিলেন ॥২২॥

তখন অত্যন্তবিক্ষতদেহ নরশ্রেষ্ঠ শিখণ্ডী কর্ণের কার্ম্মুকনির্গত বাণ সকল পরিত্যাগ করিবার জন্য সত্বর সে স্থান হইতে অপসৃত হইলেন ॥২৩॥

(২১) হতাশ্বাৎ স ততো যানাৎ…পি।

ততঃ কর্ণো মহারাজ ! পাণ্ডুসৈন্যান্যপাতয়ৎ।
তূলরাশিং সমাসাদ্য যথা বায়ুর্মহাবলঃ ॥২৪॥
ধৃষ্টদ্যুম্নো মহারাজ ! তব পুত্রেণ পীড়িতঃ।
দুঃশাসনং ত্রিভির্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥২৫॥
তস্য দুঃশাসনো বাহুং সব্যং বিব্যাধ মারিষ ! ।
শিতেন রুক্মপুঙ্খেন ভল্লেনানতপর্বণা ॥২৬॥
ধৃষ্টদ্যুম্নস্তু নির্বিদ্ধঃ শরং ঘোরমমর্ষণঃ।
দুঃশাসনায় সংক্রুদ্ধঃ প্রেষয়ামাস ভারত ! ॥২৭॥
আপতন্তং মহাবেগং ধৃষ্টদ্যুম্নসমীরিতম্।
শরৈশ্চিচ্ছেদ পুত্রস্তে ত্রিভিরেব বিশাংপতে ! ॥২৮॥
অথাপরৈঃ সপ্তদশৈর্ভল্লৈঃ কনকভূষণৈঃ।
ধৃষ্টদ্যুম্নং সমাসাদ্য বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডূনাং পাণ্ডবানাং সৈন্যানি, অপাতয়ৎ অপাসারয়ৎ ॥২৪॥
ধৃষ্টেতি। পুত্রেণ দুঃশাসনেন। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥২৫॥
তস্যেতি। সব্যং বামম্। রুক্মং স্বর্ণং পুঙ্খে মূলদেশে যস্য তেন ॥২৬॥
ধৃষ্টেতি। নির্বিদ্ধো দুঃশাসনেন তাড়িতঃ। অমর্ষণঃ অসহিষ্ণুঃ ॥২৭॥
আপতন্তমিতি। ধৃষ্টদ্যুম্নেন সমীরিতং ক্ষিপ্তম্। পুত্রো দুঃশাসন এব ॥২৮॥

মহারাজ ! তাহার পর মহাবল বায়ু যেমন তূলরাশি অপসারিত করে, সেইরূপ কর্ণ পাণ্ডবসৈন্য অপসারিত করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ ! ওদিকে আপনার পুত্র দুঃশাসন পীড়ন করিলে, ধৃষ্টদ্যুম্ন তিনটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন ॥২৫॥

মাননীয় রাজা ! তখন দুঃশাসন সুধার, স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব একটা ভল্লদ্বারা ধৃষ্টদ্যুম্নের বাম বাহু বিদ্ধ করিলেন ॥২৬॥

ভরতনন্দন ! অসহিষ্ণু ধৃষ্টদ্যুম্ন দুঃশাসনের ভল্লে নির্বিদ্ধ ও ক্রুদ্ধ হইয়া দুঃশাসনের উপরে একটা ভয়ঙ্কর বাণ নিক্ষেপ করিলেন ॥২৭॥

নরনাথ ! ধৃষ্টদ্যুম্ননিক্ষিপ্ত সেই বাণটা মহাবেগে আসিতে লাগিলে, দুঃশাসন তিনটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥২৮॥

---

(২৪)…পাণ্ডুসৈন্যানপাতয়ৎ…পি,…পাণ্ডুসৈন্যান্যশাতয়ৎ…বা। (২৯) অথাপরৈঃ সপ্তশতৈঃ…পি।

ততঃ স পার্ষতঃ ক্রুদ্ধো ধনুশ্চিচ্ছেদ মারিষ !।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্নেন তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩০॥
অথান্যদ্ধনুরাদায় পুত্রস্তে প্রহসন্নিব।
ধৃষ্টদ্যুম্নং শরব্রাতৈঃ সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥৩১॥
তব পুত্রস্য তে দৃষ্ট্বা বিক্রমং সুমহাত্মনঃ।
ব্যস্ময়ন্ত রণে যোধাঃ সিদ্ধাশ্চাপ্সরসস্তথা ॥৩২॥
ধৃষ্টদ্যুম্নমপশ্যাম ঘটমানং মহাবলম্।
দুঃশাসনেন সংরুদ্ধং সিংহেনেব মহাদ্বিপম্ ॥৩৩॥
ততঃ সরথনাগাশ্বাঃ পাঞ্চালাঃ পাণ্ডুপূর্বজ !।
সেনাপতিং পরীপ্সন্তো রুরুধুস্তনয়ং তব ॥৩৪॥

ভারতকৌমুদী

অথেতি। সপ্তদশৈরিত্যকারান্তত্বমার্ষম্। উরসি বক্ষসি, আর্পয়দপীড়য়ৎ ॥২৯॥
তত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ, ধনুর্দুঃশাসনস্য। উচ্চুক্রুশুর্বিস্ময়কোলাহলং চক্রুঃ ॥৩০॥
অথেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, পর্য্যবারয়ৎ আচ্ছাদয়ৎ ॥৩১॥
তবেতি। ব্যস্ময়ন্ত বিস্মিতা অভবন্। সিদ্ধা দেবযোনিবিশেষাঃ ॥৩২॥
ধৃষ্টেতি। ঘটমানং জয়ায় চেষ্টমানম্। মহাদ্বিপং বিশালহস্তিনম্ ॥৩৩॥
তত ইতি। হে পাণ্ডুপূর্বজ ! পাণ্ডোর্জ্যেষ্ঠভ্রাতঃ !। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩৪॥

তদনন্তর দুঃশাসন অপর সতরটা স্বর্ণভূষিত ভল্লদ্বারা ধৃষ্টদ্যুম্নের বাহুযুগলে ও বক্ষস্থলে পীড়ন করিলেন ॥২৯॥

মাননীয় রাজা ! তাহার পর ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দুঃশাসনের ধনু ছেদন করিলেন। তখন তত্রত্য লোকেরা বিস্ময়কোলাহল করিয়া উঠিল ॥৩০॥

রাজা ! তৎপরে আপনার পুত্র দুঃশাসন হাস্য করতই যেন অন্য একখানা ধনু লইয়া বাণসমূহদ্বারা ধৃষ্টদ্যুম্নের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৩১॥

তৎকালে অতিমহাবল দুঃশাসনের বিক্রম দেখিয়া যোদ্ধারা, সিদ্ধেরা ও অপ্সরারা বিস্ময়াপন্ন হইলেন ॥৩২॥

তখন আমরা দেখিলাম—সিংহ যেমন মহাহস্তীকে রুদ্ধ করে, সেইরূপ দুঃশাসন জয়ে যত্নশীল মহাবল ধৃষ্টদ্যুম্নকে রুদ্ধ করিলেন ॥৩৩॥

(৩২)…স্থিতাশ্চাপ্সরসাং গণাঃ—পি,…সিদ্ধাশ্চাপ্সরসাং গণাঃ—বা। (৩৩)…ধৃষ্টদ্যুম্নং ন পশ্যাম…সিংহেনেব মহাগজম্—পি বা সো।

ততঃ প্রববৃতে যুদ্ধং তাবকানাং পরৈঃ সহ।
ঘোরং প্রাণভৃতাং কালে ভীমরূপং পরন্তপ ! ॥৩৫॥
নকুলং বৃষসেনস্তু ভিত্ত্বা পঞ্চভিরায়সৈঃ।
পিতুঃ সমীপে তিষ্ঠন্ বৈ ত্রিভিরন্যৈরবিধ্যত ॥৩৬॥
নকুলস্তু ততঃ শূরো বৃষসেনং হসন্নিব।
নারাচেন সুতীক্ষ্ণেন বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥৩৭॥
সোঽতিবিদ্ধো বলবতা শত্রুণা শত্রুকর্ষণঃ।
শত্রুং বিব্যাধ বিংশত্যা স চ তং পঞ্চভিঃ শরৈঃ ॥৩৮॥
ততঃ শরসহস্রেণ তাবুভৌ পুরুষর্ষভৌ।
আচ্ছাদয়েতামন্যোন্যমথাভজ্যত বাহিনী ॥৩৯॥
দৃষ্ট্বা তু প্রদ্রুতাং সেনাং ধার্ত্তরাষ্ট্রস্য সূতজঃ।
নিবারয়ামাস বলাদনুসৃত্য বিশাংপতে ! ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। কালে প্রলয়সময়ে, প্রাণভৃতাম্, ভীমরূপং ভীষণনাশরূপম্ ॥৩৫॥
নকুলমিতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। পিতুঃ কর্ণস্য ॥৩৬॥
নকুল ইতি। হসন্নিব অবজ্ঞয়া। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৭॥
স ইতি। স বৃষসেনঃ। শত্রুণা নকুলেন। স নকুলশ্চ ॥৩৮॥
তত ইতি। অভজ্যত বিশ্লিষ্টা অভবৎ, বাহিনী কৌরবসেনা ॥৩৯॥

রাজা ! তদনন্তর পাঞ্চালেরা হস্তী, অশ্ব ও রথের সহিত সেনাপতি ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দুঃশাসনকে বারণ করিতে লাগিল ॥৩৪॥

পরন্তপ ! তৎপরে প্রলয়কালে প্রাণিগণের ভীষণসংহাররূপ, বিপক্ষগণের সহিত আপনার পক্ষীয়গণের ভীষণ যুদ্ধ চলিতে থাকিল ॥৩৫॥

বৃষসেন পিতার (কর্ণের) নিকটে থাকিয়া লৌহময় পাঁচটা বাণদ্বারা নকুলকে বিদীর্ণ করিয়া পুনরায় অপর তিনটা বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৬॥

তৎপরে বীর নকুল হাসিতে হাসিতেই যেন একটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা বৃষসেনের হৃদয়ে গুরুতর আঘাত করিলেন ॥৩৭॥

বলবান্ শত্রু (নকুল) অত্যন্ত বিদ্ধ করিলে, শত্রুদমন বৃষসেন কুড়িটা বাণে নকুলকে বিদ্ধ করিলেন; তখন নকুলও পাঁচ বাণে তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৩৮॥

তদনন্তর সেই পুরুষশ্রেষ্ঠেরা দুই জন সহস্র সহস্র বাণদ্বারা পরস্পরকে আচ্ছাদন করিলেন। তৎপরে কৌরবসৈন্য ভগ্ন হইল ॥৩৯॥

(৩৯)…অন্যোন্যমাচ্ছাদয়তাম্…পি বা সো,…অথোঽভজ্যত বাহিনী—বা সো।

নিবৃত্তে তু ততঃ কর্ণে নকুলঃ কৌরবান্ যযৌ।
কর্ণপুত্রস্তু সমরে হিত্বা নকুলমেব তু ॥৪১॥
জুগোপ চক্রং ত্বরিতো রাধেয়স্যৈব মারিষ!।
উলূকস্তু রণে ক্রুদ্ধঃ সহদেবেন বারিতঃ ॥৪২॥ (যুগ্মকম্)
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা সহদেবঃ প্রতাপবান্।
সারথিং প্রেষয়ামাস যমস্য সদনং প্রতি ॥৪৩॥
উলূকস্তু ততো যানাদবপ্লুত্য বিশাংপতে!।
ত্রিগর্ত্তানাং বলং তূর্ণং জগাম পিতৃনন্দনঃ ॥৪৪॥
সাত্যকিঃ শকুনিং বিদ্ধা বিংশত্যা নিশিতৈঃ শরৈঃ।
ধ্বজং চিচ্ছেদ ভল্লেন সৌবলস্য হসন্নিব ॥৪৫॥
সৌবলস্তস্য সমরে ক্রুদ্ধো রাজন্! প্রতাপবান্।
বিদার্য্য কবচং ভূয়ো ধ্বজং চিচ্ছেদ কাঞ্চনম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। প্রদ্রুতাং দ্রুতং পলায়মানাম্। সূতজঃ কর্ণঃ ॥৪০॥
নিবৃত্ত ইতি। নিবৃত্তে সৈন্যস্থাপনায়। জুগোপ ররক্ষ, চক্রং সৈন্যম্ ॥৪১—৪২॥
তস্যেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্। সদনং ভবনম্ ॥৪৩॥
উলূক ইতি। যানাৎ রথাৎ। পিতুঃ শকুনেঃ নন্দনঃ স্বভাবেনানন্দজনকঃ ॥৪৪॥
সাত্যকিরিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধারৈঃ ॥৪৫॥

নরনাথ! দুর্য্যোধনের সৈন্য বেগে পলায়ন করিতে লাগিলে, কর্ণ অনুসরণ করিয়া বলপূর্ব্বক তাহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥৪০॥

কর্ণ সেস্থান হইতে চলিয়া গেলে, নকুল কৌরবগণের দিকে গমন করিলেন এবং বৃষসেন নকুলকে ত্যাগ করিয়া সত্বর কর্ণের সৈন্যই রক্ষা করিতে লাগিলেন। মাননীয় রাজা! আর উলূক ক্রুদ্ধ হইয়া যাইতে থাকিলে, সহদেব তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥৪১—৪২॥

ক্রমে প্রতাপশালী সহদেব উলূকের চারিটা অশ্বকে বধ করিয়া তাঁহার সারথিকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৩॥

নরনাথ! তাহার পর পিতার আনন্দজনক উলূক রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর ত্রিগর্ত্তসৈন্যের দিকে গমন করিলেন ॥৪৪॥

এই সময়ে সাত্যকি হাসিতে হাসিতেই যেন কুড়িটা সুধার বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন ॥৪৫॥

(৪৪) পূর্বার্দ্ধাৎ পরম্ 'রথমন্যং সমাস্থায় জগাম পিতুরন্তিকে' ইত্যর্দ্ধমধিকং পি।

অথৈনং নিশিতৈর্বাণৈঃ সাত্যকিঃ প্রত্যবিধ্যত।
সারথিঞ্চ মহারাজ! ত্রিভিরেব সমার্পয়ৎ ॥৪৭॥
অথাস্য বাহাংস্ত্বরিতঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্।
ততোঽবপ্লুত্য সহসা শকুনির্ভরতর্ষভ! ॥৪৮॥
আরুরোহ রথং তূর্ণমুলূকস্য মহারথঃ।
অপোবাহাথ শীঘ্রং স শৈনেয়াদ্‌যুদ্ধশালিনঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
সাত্যকিস্তু রণে রাজন্! তাবকানামনীকিনীম্।
অভিদুদ্রাব বেগেন ততোঽনীকমভজ্যত ॥৫০॥
শৈনেয়শরসংছন্নং তব সৈন্যং বিশাংপতে!।
ভেজে দশ দিশস্তূর্ণং ন্যপতচ্চ গতাসুবৎ ॥৫১॥

ভারতকৌমুদী

সৌবল ইতি। কাঞ্চনস্য স্বর্ণস্যায়মিতি কাঞ্চনস্তম্। ইদমর্থে অণ্ ॥৪৬॥

অথেতি। ত্রিভির্বাণৈঃ, সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥৪৭॥

অথেতি। বাহানশ্বান্। নিন্যে সাত্যকিরেব, যমস্য ক্ষয়মালয়ম্। অবপ্লুত্য রথং প্লবেনাবতীর্য্য। অপোবাহ অপসারয়ামাস, স উলূকসারথিঃ, যুদ্ধশালিনো যুদ্ধপ্রবৃত্তাৎ উলূকস্তু ত্রিগর্ত্তসৈন্যং গত্বা রথান্তরমারূঢ় ইতি প্রত্যেতব্যম্ ॥৪৮—৪৯॥

সাত্যকিরিতি। তাবকানাং ত্বৎপুত্রাণাম্, অনীকিনীং সেনাম্ ॥৫০॥

শৈনেয়েতি। শৈনেয়স্য সাত্যকেঃ শরৈঃ সংছন্নমাবৃতম্। গতাসুবৎ মৃতমিব ॥৫১॥

রাজা! তখন প্রতাপশালী শকুনি ক্রুদ্ধ হইয়া সাত্যকির কবচ ভেদ করিয়া পুনরায় তাঁহার স্বর্ণময় ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন ॥৪৬॥

মহারাজ! তৎপরে সাত্যকি সুধার বাণসমূহদ্বারা শকুনিকে বিদ্ধ করিলেন এবং তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে পীড়ন করিলেন ॥৪৭॥

ভরতশ্রেষ্ঠ! পরে সাত্যকি বাণসমূহদ্বারা শকুনির অশ্বগুলিকে যমালয়ে প্রেরণ করিলেন; তখন মহারথ শকুনি বেগে রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর যাইয়া উলূকের রথে আরোহণ করিলেন; পরে উলূকের সারথি যুদ্ধকারী সাত্যকির নিকট হইতে শকুনিকে লইয়া গেল ॥৪৮—৪৯॥

রাজা! ক্রমে সাত্যকি বেগে আপনার পুত্রগণের সৈন্যের দিকে ধাবিত হইলেন; পরে সেই সৈন্য ভগ্ন হইয়া গেল ॥৫০॥

এবং নরনাথ! আপনার সৈন্য সাত্যকির বাণে আবৃত হইয়া সত্বর দশ দিকে পালায়ন করিতে লাগিল ও প্রাণহীনের ন্যায় পতিত হইতে থাকিল ॥৫১॥

ভীমসেনং তব সুতো বারয়ামাস সংযুগে।
তং তু ভীমো মুহূর্ত্তেন ব্যশ্বসূতরথধ্বজম্ ॥৫২॥
চক্রে লোকেশ্বরং তত্র তেনাতুষ্যন্ত বৈ জনাঃ।
ততোঽপায়ান্নৃপস্তত্র ভীমসেনস্য গোচরাৎ ॥৫৩॥ (যুগ্মকম্)
কুরুসৈন্যং ততঃ সর্বং ভীমসেনমুপাদ্রবৎ।
তত্র নাদো মহানাসীদ্ভীমসেনং জিঘাংসতাম্ ॥৫৪॥
যুধামন্যুঃ কৃপং বিদ্ধা ধনুরস্যাশু চিচ্ছিদে।
অথান্যদ্ধনুরাদায় কৃপঃ শস্ত্রভৃতাং বরঃ ॥৫৫॥
যুধামন্যোর্ধ্বজং সূতং ছত্রঞ্চাপাতয়ৎ ক্ষিতৌ।
ততোঽপায়াদ্রথেনৈব যুধামন্যুর্মহারথঃ ॥৫৬॥ (যুগ্মকম্)
উত্তমৌজাশ্চ হার্দ্দিক্যং ভীমং ভীমপরাক্রমম্।
ছাদয়ামাস সহসা বৃষ্ট্যা মেঘ ইবাচলম্ ॥৫৭॥

ভারতকৌমুদী

ভীমেতি। সুতো দুর্য্যোধনঃ। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথো ধ্বজশ্চ যস্য তং তাদৃশম্। জনাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। অপায়াৎ অপাগচ্ছৎ। গোচরাদস্ত্রবিষয়াৎ ॥৫২—৫৩॥

কুর্বিতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ। জিঘাংসতাং হন্তুমিচ্ছতাং তেষাং সৈন্যানাম্ ॥৫৪॥

যুধেতি। চিচ্ছিদে চিচ্ছেদ। রথেনৈব স্বয়ং চালিতেন ॥৫৫—৫৬॥

মহারাজ! ওদিকে আপনার পুত্র দুর্য্যোধন যুদ্ধে ভীমসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন। তখন ভীমসেন মুহূর্ত্তমধ্যেই রাজা দুর্য্যোধনের অশ্ব, সারথি, রথ ও ধ্বজ বিনষ্ট করিয়া ফেলিলেন; তাহাতে পাণ্ডবপক্ষের লোকেরা সন্তুষ্ট হইল। তদনন্তর দুর্য্যোধন ভীমের সম্মুখ হইতে অপসৃত হইলেন ॥৫২—৫৩॥

তাহার পর সমস্ত কৌরবসৈন্য ভীমের দিকে ধাবিত হইল এবং তাঁহাকে বধ করিবার ইচ্ছা করিল; তখন তাহাদের বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫৪॥

অন্য দিকে যুধামন্যু কৃপকে বিদ্ধ করিয়া সত্বর তাঁহার ধনু ছেদন করিলেন। পরে অস্ত্রধারিশ্রেষ্ঠ কৃপ অন্য ধনু লইয়া যুধামন্যুর ধ্বজ, সারথি ও ছত্র ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন। তখন মহারথ যুধামন্যু নিজেই রথ চালাইয়া রণস্থল হইতে অপসৃত হইলেন ॥৫৫—৫৬॥

অপর দিকে মেঘ যেমন বারি বর্ষণ করিয়া পর্ব্বত আবৃত করে, সেইরূপ উত্তমৌজা বেগে বাণবর্ষণ করিয়া ভীষণমূর্ত্তি ও ভীষণপরাক্রমশালী কৃতবর্ম্মাকে আবৃত করিলেন ॥৫৭॥

(৫৬)…ততোঽপায়াদ্রথেনাজৌ…পি। (৫৭)…মেঘো বৃষ্ট্যেব পর্বতম্—পি বা সো।

তদ্‌যুদ্ধং সুমহচ্চাসীদ্‌ঘোররূপং পরন্তপ ! ।
যাদৃশং ন ময়া যুদ্ধং দৃষ্টপূর্বং বিশাংপতে ! ॥৫৮॥
কৃতবর্ম্মা ততো রাজন্ ! উত্তমৌজসমাহবে ।
হৃদি বিব্যাধ সহসা স রথোপস্থ আবিশৎ ॥৫৯॥
সারথিস্তমপোবাহ রথেন রথিনাং বরম্ ।
কুরুসৈন্যং ততঃ সর্বং ভীমসেনমুপাদ্রবৎ ॥৬০॥
দুঃশাসনঃ সৌবলশ্চ গজানীকেন পাণ্ডবম্ ।
মহতা পরিবার্য্যৈব ক্ষুদ্রকৈরভ্যতাড়য়ৎ ॥৬১॥
ততো ভীমঃ শরশতৈর্দুর্য্যোধনমমর্ষণম্ ।
বিমুখীকৃত্য তরসা গজানীকমুপাদ্রবৎ ॥৬২॥
তমাপতন্তং সহসা গজানীকং বৃকোদরঃ ।
দৃষ্ট্বৈব সুভৃশং ক্রুদ্ধো দিব্যমস্ত্রমুদৈরয়ৎ ।
গজৈর্গজানভ্যহনদ্বজ্রেণেন্দ্র ইবাসুরান্ ॥৬৩॥

ভারতকৌমুদী

উত্তমৌজা ইতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্, ভীমং ভীষণমূর্ত্তিম্ ॥৫৭॥
তদিতি। বিশাং নরাণাম্, "দ্বৌ বিশৌ বৈশ্যমনুজৌ" ইত্যমরঃ ॥৫৮॥
কৃতেতি। বিব্যাধ বাণেন তাড়য়ামাস। রথস্য উপস্থে মধ্যদেশে ॥৫৯॥
সারথিরিতি। অপোবাহ রণস্থলাদপসারয়ামাস। উপাদ্রবদভ্যধাবৎ ॥৬০॥
দুরিতি। সৌবলঃ শকুনিঃ, পাণ্ডবং ভীমম্। পরিবার্য্য পরিবেষ্ট্য, ক্ষুদ্রকৈর্বাণৈঃ ॥৬১॥
তত ইতি। দুর্য্যোধনং প্রাগনুধ্যানম, অমর্ষণমসহিষ্ণুম্। তরসা বেগেন ॥৬২॥

পরন্তপ নরনাথ ! আমি পূর্ব্বে যেরূপ যুদ্ধ আর দেখি নাই, সেই যুদ্ধ সেইরূপ বিশাল ও ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৫৮॥

রাজা ! তাহার পর কৃতবর্ম্মা যুদ্ধে উত্তমৌজার বক্ষস্থলে বেগে আঘাত করিলেন ; তখন উত্তমৌজা বেদনায় রথমধ্যে উপবেশন করিলেন ॥৫৯॥

তখন সারথি রথারোহণেই সেই রথিশ্রেষ্ঠকে রণস্থল হইতে লইয়া গেল। এই সময়ে সমস্ত কৌরবসৈন্য ভীমের দিকে ধাবিত হইল ॥৬০॥

এবং দুঃশাসন ও শকুনি বিশাল হস্তিসৈন্যদ্বারা পরিবেষ্টন করিয়া ক্ষুদ্রকবাণে ভীমকে তাড়ন করিতে লাগিলেন ॥৬১॥

তদনন্তর ভীম বহুতর বাণদ্বারা অসহিষ্ণু দুর্য্যোধনকে পরাঙ্মুখ করিয়া বেগে সেই হস্তিসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

(৬১)…ক্ষুরপ্রৈরভ্যতাড়য়ৎ—পি। (৬৩)…দিব্যমস্ত্রমুদীরয়ন্…পি।

ততোঽন্তরীক্ষং বাণৌঘৈঃ শলভৈরিব পাবকম্।
ছাদয়ামাস সমরে গজান্ নিঘ্নন্ বৃকোদরঃ ॥৬৪॥
ততঃ কুঞ্জরযূথানি সমেতানি সহস্রশঃ।
ব্যধমত্তরসা ভীমো মেঘসংঘানিবানিলঃ ॥৬৫॥
সুবর্ণজালপিহিতা মণিজালৈশ্চ কুঞ্জরাঃ।
রেজুরভ্যধিকং সংখ্যে বিদ্যুত্বন্ত ইবাম্বুদাঃ ॥৬৬॥
তে বধ্যমানা ভীমেন গজা রাজন্! বিদুদ্রুবুঃ।
কেচিদ্বিভিন্নহৃদয়াঃ কুঞ্জরা ন্যপতন্ ভুবি ॥৬৭॥
পাতিতৈর্নিপতদ্ভিশ্চ গজৈর্হৈমবিভূষিতৈঃ।
অশোভত মহী তত্র বিশীর্ণৈরিব পর্বতৈঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

তমিতি। উদৈরয়ৎ ক্ষিপৎ। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

তত ইতি। শলভৈঃ পতঙ্গৈর্বিধাতেব। নিঘ্নন্ হন্তুমিচ্ছন্ ॥৬৪॥

তত ইতি। সমেতানি সমাগতানি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, তরসা বলেন ॥৬৫॥

সুবর্ণেতি। সুবর্ণজালৈঃ পিহিতা আবৃতাঃ, মণিজালৈশ্চ পিহিতা ইতি সম্বন্ধঃ ॥৬৬॥

ত ইতি। বিদুদ্রুবুঃ দ্রুতং পলায়াঞ্চক্রিরে। বিভিন্নহৃদয়া বিদীর্ণবক্ষসঃ ॥৬৭॥

পাতিতৈরিতি। বিশীর্ণৈর্ভগ্নপতিতৈঃ ॥৬৮॥

সেই হস্তিসৈন্য বেগে আসিতেছে দেখিয়াই ভীম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দিব্য অস্ত্র নিক্ষেপ করিলেন এবং ইন্দ্র যেমন বজ্রদ্বারা অসুরগণকে আঘাত করিতেন, সেইরূপ হস্তিদ্বারাই হস্তিগণকে আঘাত করিতে লাগিলেন ॥৬৩॥

তাহার পর বিধাতা যেমন পতঙ্গ-(ফড়িং) দ্বারা অগ্নিকে আবৃত করেন, সেইরূপ ভীম হস্তিগণকে বধ করিবার ইচ্ছায় বাণসমূহদ্বারা আকাশকে আবৃত করিলেন ॥৬৪॥

তদনন্তর বায়ু যেমন মেঘসমূহ বিনাশ করে, তেমন ভীমসেন বলপূর্ব্বক আগত সহস্র সহস্র হস্তিসমূহ বিনাশ করিতে লাগিলেন ॥৬৫॥

স্বর্ণজাল ও মণিজালে আবৃত হস্তিগণ বিদ্যুৎসমন্বিত মেঘসমূহের ন্যায় রণস্থলে বিশেষ শোভা পাইতে থাকিল ॥৬৬॥

রাজা! ভীমসেন বাণদ্বারা আঘাত করিতে লাগিলে, কতকগুলি হস্তী পলায়ন করিল, কতকগুলির বক্ষস্থল বিদীর্ণ হইয়া গেল এবং কতকগুলি ভূতলে পতিত হইল ॥৬৭॥

দীপ্তাভৈ রত্নবদ্ভিশ্চ পতিতৈর্গজযোধিভিঃ।
ররাজ ভূমিঃ পতিতৈঃ ক্ষীণপুণ্যৈরিব গ্রহৈঃ ॥৬৯॥
তত্র ভিন্নকটা নাগা ভিন্নকুম্ভকরাস্তথা।
দুদ্রুবুঃ শতশঃ সংখ্যে ভীমসেনশরাহতাঃ ॥৭০॥
কেচিদ্বমন্তো রুধিরং ভয়ার্ত্তাঃ পর্ব্বতোপমাঃ।
ব্যদ্রবন্ শরবিদ্ধাঙ্গা ধাতুচিত্রা ইবাচলাঃ ॥৭১॥
মহাভুজগসঙ্কাশৌ চন্দনাগুরুরূষিতৌ।
অপশ্যন্ ভীমসেনস্য ধনুর্বিক্ষিপতো ভুজৌ ॥৭২॥
তস্য জ্যাতলনির্ঘোষং শ্রুত্বাশনিসমস্বনম্।
বিমুঞ্চন্তঃ শকৃন্মূত্রং গজাঃ প্রাদুদ্রুবুর্ভৃশম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

দীপ্তেতি। দীপ্তাভৈঃ রত্নবত্ত্বাদেব উজ্জ্বলকান্তিভিঃ ॥৬৯॥

তত্রেতি। ভিন্নকটা বিদীর্ণগণ্ডাঃ, ভিন্নকুম্ভকরা বিদীর্ণকুম্ভশুণ্ডাঃ ॥৭০॥

কেচিদিতি। বমন্তো দেহান্নিঃসারয়ন্তঃ। ব্যদ্রবন্ পলায়ন্ত। ধাতুনা গৈরিকেণ চিত্রাঃ ॥৭১॥

মহেতি। চন্দনাগুরুভ্যাং রূষিতৌ রঞ্জিতৌ। অপশ্যন্ সর্বে ॥৭২॥

তস্যেতি। জ্যাতলয়োর্ধনুর্গুণতলত্রয়োর্নির্ঘোষম্। শকৃদ্বিষ্ঠা তদ্‌যুক্তং মূত্রম্ ॥৭৩॥

বিশীর্ণ পর্ব্বতসমূহের ন্যায় পাতিত ও পতনশীল স্বর্ণভূষিত হস্তিগণদ্বারা তত্রত্য ভূমি শোভা পাইতে লাগিল ॥৬৮॥

রত্নধারী ও উজ্জ্বলকান্তি গজযোধীরা পতিত হইলে, ক্ষীণপুণ্য পতিত গ্রহগণদ্বারাই যেন রণভূমি দীপ্তি পাইতে থাকিল ॥৬৯॥

তখন ভীমসেনের বাণের আঘাতে শত শত হস্তীর গণ্ড, শুণ্ড ও কুম্ভ বিদীর্ণ হইলে, সেগুলি পলায়ন করিতে লাগিল ॥৭০॥

কতকগুলি পর্ব্বতপ্রমাণ হস্তী ভীমের বাণে বিদ্ধগাত্র ও ভয়ার্ত্ত হইয়া দেহ হইতে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া গৈরিকবিচিত্র পর্ব্বতের ন্যায় পলায়ন করিতে লাগিল ॥৭১॥

ভীমসেন যখন ধনু সঞ্চালন করিতেছিলেন, তখন তাঁহার চন্দনাগুরুরঞ্জিত ও মহাসর্পতুল্য বাহুযুগল সকলে দেখিতে থাকিল ॥৭২॥

বজ্রশব্দের ন্যায় ভীমসেনের ধনুষ্টঙ্কার শুনিয়া হস্তিগণ বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিয়া বেগে পলায়ন করিতে লাগিল ॥৭৩॥

(৬৯) দীপ্তাগ্রৈরুৎপতদ্ভিশ্চ···পি। (৭১)···ভুবি ভিন্না ইবাচলাঃ—পি।

ভীমসেনস্য তৎ কর্ম্ম রাজন্নেকস্য ধীমতঃ।
নিঘ্নতঃ সর্বভূতানি রুদ্রস্যেব চ নির্বভৌ ॥৭৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
সঙ্কুলযুদ্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

ততঃ শ্বেতাশ্বসংযুক্তে নারায়ণসমাহিতে।
তিষ্ঠন্ রথবরে শ্রীমানর্জ্জুনঃ সমপদ্যত ॥১॥
তদ্বলং নৃপতিশ্রেষ্ঠ! তাবকং বিজয়ো রণে।
ব্যক্ষোভয়দুদীর্ণাশ্বং মহোদধিমিবানিলঃ ॥২॥
দুর্য্যোধনস্তব সুতঃ প্রমত্তে শ্বেতবাহনে।
অভ্যেত্য সহসা ক্রুদ্ধঃ সৈন্যার্দ্ধেনাভিসংবৃতঃ ॥৩॥

ভারতকৌমুদী

ভীমেতি। সর্বভূতানি প্রলয়কালে সর্বপ্রাণিনঃ, নির্বভৌ প্রচকাশে ॥৭৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:-০-:—

তত ইতি। নারায়ণসমাহিতে কৃষ্ণাধিষ্ঠিতে। শ্রীমান্ বীরশোভাবান্, সমপদ্যতাগচ্ছৎ ॥১॥
তদিতি। বিজয়োঽর্জ্জুনঃ। উদীর্ণা উদ্ধতা অশ্বা যস্মিন্ তৎ, উৎপন্নোচ্চৈঃশ্রবসঞ্চ ॥২॥

রাজা! বুদ্ধিমান্ এক ভীমসেনের সেই কার্য্য, প্রলয়কালে সর্ব্বপ্রাণিসংহারী রুদ্রের কার্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিল' ॥৭৪॥

——:*:——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর বীরশোভায় শোভিত অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত ও কৃষ্ণাধিষ্ঠিত উত্তম রথে থাকিয়া রণস্থলে উপস্থিত হইলেন ॥১॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে বায়ু যেমন মহাসমুদ্রকে বিক্ষুব্ধ করে, সেইরূপ অর্জ্জুন আপনার উদ্ধতঘোটকযুক্ত সৈন্যগণকে বিক্ষুব্ধ করিতে লাগিলেন ॥২॥

* '…একষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো। (১)…অর্জ্জুনঃ প্রত্যপদ্যত—পি।

পর্য্যবারয়দায়ান্তং যুধিষ্ঠিরমমর্ষণম্‌ ।
ক্ষুরপ্রাণাং ত্রিসপ্তত্যা ততোঽবিধ্যত পাণ্ডবম্‌ ॥৪॥ (যুগ্মকম্‌)
অক্রুধ্যত ভৃশং তত্র কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
স ভল্লাংস্ত্রিংশতস্তূর্ণং তব পুত্রে ন্যবেশয়ৎ ॥৫॥
ততোঽধাবন্ত কৌরব্যা জিঘৃক্ষন্তো যুধিষ্ঠিরম্‌ ।
দুষ্টভাবান্‌ পরান্‌ জ্ঞাত্বা সমবেতা মহারথাঃ ।
আজগ্মুস্তং পরীপ্সন্তঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্‌ ॥৬॥
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
অক্ষৌহিণ্যা পরিবৃতাস্তেঽভ্যধাবন্‌ যুধিষ্ঠিরম্‌ ॥৭॥
ভীমসেনশ্চ সমরে মৃদ্নংস্তব মহারথান্‌ ।
অভ্যধাবদভিপ্রেপ্সূ রাজানং শত্রুনির্জিতম্‌ ॥৮॥

ভারতকৌমুদী

দুরিতি। প্রমত্তে প্রকর্ষেণ যুদ্ধমত্তে, শ্বেতবাহনেঽর্জ্জুনে। পাণ্ডবং যুধিষ্ঠিরম্‌ ॥৩—৪॥

অক্রুধ্যতেতি। ত্রিংশত ইতি বহুবচনমার্ষম্‌। ন্যবেশয়ৎ প্রাবেশয়ৎ ॥৫॥

তত ইতি। জিঘৃক্ষন্তো গ্রহীতুমিচ্ছন্তঃ, পুনর্দ্যূতক্রীড়ার্থমিতি ভাবঃ। দুষ্টঃ ভাবো গ্রহণাভিপ্রায়ো যেষাং তান্‌, পরান্‌ কৌরবান্‌। মহারথাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। পরীপ্সন্তঃ ॥৬॥

নকুল ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। যুধিষ্ঠিরমভ্যধাবন্‌ তস্য রক্ষণায় ॥৭॥

ভীমেতি। অভিপ্রেপ্সূঃ রক্ষিতুমিচ্ছুঃ, শত্রুণা কর্ণেন নির্জিতং নির্জিতপূর্ব্বম্‌ ॥৮॥

অর্জ্জুন যুদ্ধে মত্ত হইয়া উঠিলে এবং যুধিষ্ঠির অসহিষ্ণু হইয়া আসিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন হঠাৎ আসিয়া ক্রুদ্ধ ও অর্দ্ধসৈন্যে পরিবেষ্টিত হইয়া যুধিষ্ঠিরকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং পরে তিনি তিয়াত্তরটা ক্ষুরপ্রদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥৩—৪॥

তখন কুন্তীনন্দন যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং তিনি দুর্য্যোধনের প্রতি সত্বর ত্রিশটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥৫॥

তদনন্তর কৌরবেরা যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেন। তখন পাণ্ডবপক্ষের মহারথেরা শত্রুপক্ষের দুরভিসন্ধি জানিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সমবেত হইয়া আগমন করিতে লাগিলেন ॥৬॥

নকুল, সহদেব এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন ইহারা এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া রক্ষা করিবার জন্য যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৭॥

---

(৮)···রাজানং শত্রুভির্বৃতম্‌—পি বা সো।

তাংস্তু সর্বান্ মহেষ্বাসান্ কর্ণো বৈকর্ত্তনো নৃপ ! ।
শরবর্ষেণ মহতা প্রত্যবারয়দাগতান্ ॥৯॥
শরৌঘান্ বিসৃজন্তস্তে প্রেষয়ন্তশ্চ তোমরান্ ।
ন শেকুর্যত্নবন্তোঽপি রাধেয়ং প্রতিবীক্ষিতুম্ ॥১০॥
তাংশ্চ সর্বান্ মহেষ্বাসান্ সর্বশস্ত্রাস্ত্রপারগঃ ।
মহতা শরবর্ষেণ রাধেয়ঃ প্রত্যবারয়ৎ ॥১১॥
দুর্য্যোধনস্তু বিংশত্যা শীঘ্রমস্ত্রমুদীরয়ন্ ।
অবিধ্যত্তূর্ণমভ্যেত্য সহদেবো মহামনাঃ ॥১২॥
স বিদ্ধঃ সহদেবেন ররাজাচলসন্নিভঃ ।
প্রভিন্ন ইব মাতঙ্গো রুধিরেণ পরিপ্লুতঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তানিতি। দেহাৎ কবচং বিকৃত্য ইন্দ্রায় তদ্দানাদ্বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রো বা ॥৯॥
শরেতি। বিসৃজন্তো নিক্ষিপন্তঃ। যত্নবন্তো নকুলাদয়ঃ ॥১০॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ নকুলাদীন্ ॥১১॥
দুরিতি। উদীরয়ন্ নিক্ষিপন্। মহামনা নির্ভয়চিত্তঃ ॥১২॥
স ইতি। অচলসন্নিভঃ পর্বততুল্যঃ অবিচলিতঃ। প্রভিন্নো মদস্রাবী ॥১৩॥

মহারাজ ! ভীমসেনও যুদ্ধে আপনার পক্ষের মহারথগণকে পীড়ন করিতে করিতে কর্ণনির্জ্জিত যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বেগে গমন করিতে লাগিলেন ॥৮॥

কিন্তু রাজা ! বিকর্ত্তননন্দন এক কর্ণই বিশাল বাণবর্ষণ করিতে থাকিয়া আগত সেই সকল মহাধনুর্দ্ধরকে বারণ করিতে থাকিলেন ॥৯॥

অথ চ তাঁহারা বাণ ও তোমরসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া যত্নবান্ হইয়াও কর্ণের প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইলেন না ॥১০॥

সর্ব্বশস্ত্রাস্ত্রপারদর্শী কর্ণ বিশাল শরবর্ষণদ্বারা সেই সকল মহাধনুর্দ্ধরকেই বারণ করিতে লাগিলেন ॥১১॥

এই সময়ে সহদেব বেগে নির্ভয় চিত্তে আসিয়া সত্বর অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া কুড়িটা বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন ॥১২॥

সহদেব বিদ্ধ করিলেও, দুর্য্যোধন মদস্রাবী হস্তীর ন্যায় রক্তাক্তদেহে পর্ব্বতের তুল্য অচলই রহিলেন ॥১৩॥

(৯)···বৈকর্ত্তনো বৃষঃ···পি,···বৈকর্ত্তনো নৃপঃ···বর্দ্ধ সো। (১১)···সর্ব্বশস্ত্রাস্ত্রপারগান্··· পি বা সো।

দৃষ্ট্বা তব সুতং তত্র গাঢ়বিদ্ধং সুতেজনৈঃ।
অভ্যধাবত সংক্রুদ্ধো রাধেয়ো রথিনাং বরঃ ॥১৪॥
দুর্য্যোধনং তথা দৃষ্ট্বা শীঘ্রমস্ত্রমুদীর্য্য সঃ।
তেন যৌধিষ্ঠিরং সৈন্যমবধীৎ পার্ষতং তথা ॥১৫॥
ততো যৌধিষ্ঠিরং সৈন্যং বধ্যমানং মহাত্মনা।
সহসা প্রাদ্রবদ্রাজন্! সূতপুত্রশরার্দ্দিতম্ ॥১৬॥
বিবিধা বিশিখাস্তত্র সংপতন্তঃ পরস্পরম্।
ফলৈঃ পুঙ্খান্ সমাজগ্মুঃ সূতপুত্রধনুশ্চ্যুতাঃ ॥১৭॥
অন্তরীক্ষে শরৌঘাণাং পততাঞ্চ পরস্পরম্।
সংঘর্ষাচ্চ মহারাজ! পাবকঃ সমজায়ত ॥১৮॥
ততো দশ দিশঃ কর্ণঃ শলভৈরিব যায়িভিঃ।
অভ্যহংস্তরসা রাজন্! শরৈঃ পরশরীরগৈঃ ॥১৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সুতেজনৈর্মহাবেগৈর্বাণৈঃ। অভ্যধাবত দুর্য্যোধনরক্ষণায় ॥১৪॥
দুরিতি। উদীর্য্য নিক্ষিপ্য, স রাধেয়ঃ। তেনাস্ত্রেণ। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥১৫॥
তত ইতি। মহাত্মনা কর্ণেন। প্রাদ্রবৎ পলায়ত ॥১৬॥
বিবিধা ইতি। ফলৈর্মুখফলকৈঃ, পুঙ্খান্ মূলদেশান্, সমাজগ্মুঃ প্রাপুঃ ॥১৭॥
অন্তরীক্ষ ইতি। পরস্পরং সংঘর্ষাদিতি সম্বন্ধঃ, পাবকো বহ্নিঃ ॥১৮॥

রাজা! রথিশ্রেষ্ঠ কর্ণ দুর্য্যোধনকে সহদেবের মহাবেগশালী বাণে গাঢ়বিদ্ধ দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেই দিকে ধাবিত হইলেন ॥১৪॥

তিনি দুর্য্যোধনকে সেইরূপ দেখিয়া সত্বর সত্বর অস্ত্রনিক্ষেপ করিয়া তাহাদ্বারা যুধিষ্ঠিরের সৈন্য বধ করিতে লাগিলেন এবং ধৃষ্টদ্যুম্নকেও আঘাত করিতে থাকিলেন ॥১৫॥

রাজা! তখন কর্ণ বধ করিতে লাগিলে, যুধিষ্ঠিরের সৈন্য কর্ণের বাণে পীড়িত হইয়া বেগে পলায়ন করিতে লাগিল ॥১৬॥

সেই সময়ে নানাবিধ বাণ কর্ণের ধনু হইতে নির্গত ও পতিত হইতে থাকিয়া পরস্পর ফলকদ্বারা পুঙ্খদেশ স্পর্শ করিতে থাকিল ॥১৭॥

মহারাজ! ক্রমে আকাশগামী বাণসমূহের পরস্পর সংঘর্ষে অগ্নি উৎপন্ন হইতে লাগিল ॥১৮॥

(১৪)···প্রত্যধাবদ্ভৃশং ক্রুদ্ধঃ···পি,···অভ্যধাবদ্দৃঢ়ং ক্রুদ্ধঃ···বা সো। (১৯)···অভ্যঘ্নংস্তরসা···পি,···অভ্যঘ্নংস্তরসা···বা সো।

রক্তচন্দনসন্দিগ্ধৌ মণিহেমবিভূষিতৌ।
বাহূ ব্যত্যক্ষিপৎ কর্ণঃ পরমাস্ত্রং বিদর্শয়ন্ ॥২০॥
ততঃ সর্ব্বা দিশো রাজন্! সায়কৈর্ব্বিপ্রমোহয়ন্।
অপীড়য়দ্ভৃশং কর্ণো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥২১॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
নিশিতৈরিষুভিঃ কর্ণং পঞ্চাশদ্ভিঃ সমার্পয়ৎ ॥২২॥
বাণান্ধকারমভবত্তদ্‌যুদ্ধং ঘোরদর্শনম্।
হাহাকারো মহানাসীত্তাবকানাং বিশাংপতে! ॥২৩॥
বধ্যমানে তথা সৈন্যে ধর্ম্মপুত্রেণ মারিষ!।
সায়কৈর্বিবিধৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ ॥২৪॥
ভল্লৈরনেকৈর্বিবিধৈঃ শক্ত্যৃষ্টিমুষলৈরপি।
যত্র যত্র স ধর্ম্মাত্মা দুষ্টাং দৃষ্টিং ব্যসর্জ্জয়ৎ ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। দশদিগভিঘাতেনৈব পরাভিঘাত ইতি ভাবঃ, তরসা বেগেন ॥১৯॥

রক্তেতি। রক্তচন্দনেন সন্দিগ্ধৌ লিপ্তৌ। ব্যত্যক্ষিপৎ উভয়পার্শ্বে এবাচালয়ৎ ॥২০॥

তত ইতি। বিপ্রমোহয়ন্ সর্ব্বথা আবৃণ্বন্নিত্যর্থঃ ॥২১॥

তত ইতি। পঞ্চাশদ্ভিরিতি বহুবচনমার্ষম্। সমার্পয়দপীড়য়ৎ ॥২২॥

বাণেতি। বাণৈরন্ধকারো যস্মিংস্তৎ। তাবকানাং সৈন্যানাম্। কথং হাহাকার আসীদিত্যাহ বধ্যেতি। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ। দুষ্টাং ক্রোধকুটিলাম্।

রাজা! তাহার পর কর্ণ পতঙ্গের ন্যায় গমনকারী ও পরশরীরপাতী বাণসমূহদ্বারা বেগে দশটা দিক্‌কেই আঘাত করিতে থাকিলেন ॥১৯॥

তৎকালে কর্ণ উত্তম অস্ত্র সকল দেখাইতে থাকিয়া রক্তচন্দনলিপ্ত ও মণিস্বর্ণভূষিত বাহুযুগলকে উভয়পার্শ্বেই সঞ্চালিত করিতে লাগিলেন ॥২০॥

রাজা! তাহার পর কর্ণ বাণে বাণে সকল দিক্ আবৃত করিতে থাকিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে গুরুতর পীড়ন করিতে লাগিলেন ॥২১॥

মহারাজ! তদনন্তর ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরও ক্রুদ্ধ হইয়া পঞ্চাশটা সুধার বাণদ্বারা কর্ণকে পীড়ন করিলেন ॥২২॥

নরনাথ! ক্রমে সেই রণস্থলটা বাণে বাণে অন্ধকারময় ও ভীষণ হইয়া পড়িল এবং আপনার সৈন্যদের মধ্যে বিশাল হাহাকার উঠিল। কারণ, মাননীয় রাজা!

(২৩)…তুমুলং ঘোরদর্শনম্…পি।

তত্র তত্র ব্যশীর্য্যন্ত তাবকা ভরতর্ষভ ! ।
কর্ণোঽপি ভৃশসংক্রুদ্ধো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥২৬॥
নারাচৈরর্দ্ধচন্দ্রৈশ্চ বৎসদন্তৈশ্চ সংযুগে ।
অমর্ষী ক্রোধনশ্চৈব রোষপ্রস্ফুরিতাধরঃ ॥২৭॥
সায়কৈরপ্রমেয়াত্মা যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ।
যুধিষ্ঠিরশ্চাপি স তং স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥২৮॥ (কুলকম্)
প্রহসন্নিব তং কর্ণঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ ।
উরস্যবিধ্যদ্রাজানং ত্রিভির্ভল্লৈশ্চ পাণ্ডবম্ ॥২৯॥
স পীড়িতো ভৃশং তেন ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
উপবিশ্য রথোপস্থে সূতং যাহীত্যচোদয়ৎ ॥৩০॥
প্রাক্রোশন্ত ততঃ সর্বে ধার্ত্তরাষ্ট্রাঃ সরাজকাঃ ।
গৃহ্ণীধ্বমিতি রাজানমভ্যধাবন্ত সর্বশঃ ॥৩১॥

ভারতকৌমুদী

ব্যশীর্য্যন্ত নিস্তেজস্কা অভবন্। অমর্ষী অসহিষ্ণুঃ, রোষেণ প্রস্ফুরিতঃ অধরো যস্য সঃ। অপ্রমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ, উপাদ্রবদপীড়য়ৎ। যুধিষ্ঠিরশ্চাপি তমুপাদ্রবদিতি সম্বন্ধঃ ॥২৩—২৮॥

প্রেতি। প্রহসন্নিব অবজ্ঞাকৌতুকাদিতি ভাবঃ। উরসি বক্ষসি ॥২৯॥

স ইতি। রথস্য উপস্থে মধ্যে, সূতং সারথিম্, অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩০॥

যুধিষ্ঠির কঙ্কপক্ষযুক্ত ও শিলাশাণিত নানাবিধ তীক্ষ্ণ বাণ, বহুতর বিবিধ ভল্ল এবং শক্তি, ঋষ্টি ও মুষলদ্বারা আপনার সৈন্যগণকে বধ করিতে লাগিলেন; আর ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা যুধিষ্ঠির যেদিকে যেদিকে কোপকুটিল দৃষ্টিপাত করিতে থাকিলেন, সেই দিকে সেই দিকেই আপনার সৈন্যগণের তেজোহ্রাস হইতে থাকিল। তখন কর্ণও অত্যন্তক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া পড়িলেন; সুতরাং ক্রোধে তাঁহার অধর কম্পিত হইতে লাগিল। অতএব অসাধারণশক্তিশালী কর্ণ নারাচ, অর্দ্ধচন্দ্র ও বৎসদন্তবাণে যুধিষ্ঠিরকে পীড়ন করিতে লাগিলেন। আবার যুধিষ্ঠিরও স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণদ্বারা কর্ণকে পীড়ন করিতে থাকিলেন ॥২৩—২৮॥

তখন কর্ণ হাস্য করতই যেন শিলাশাণিত বহুতর বাণ এবং তিনটা ভল্লদ্বারা যুধিষ্ঠিরের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥২৯॥

কর্ণ গুরুতর পীড়ন করিলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির রথমধ্যে উপবেশন করিয়া সারথিকে বলিলেন—'যাও' ॥৩০॥

---

(২৭)···রোষপ্রস্ফুরিতাননঃ—বর্দ্ধ:বা সো।

ততঃ শতাঃ সপ্তদশ কৈকেয়ানাং প্রহারিণাম্।
পাঞ্চালৈঃ সহিতা রাজন্! ধার্ত্তরাষ্ট্রানবারয়ন্ ॥৩২॥
তস্মিংস্তু তুমুলে যুদ্ধে বর্ত্তমানে মহাভয়ে।
দুর্য্যোধনশ্চ ভীমশ্চ সমেয়াতাং মহাবলৌ ॥৩৩॥
কর্ণোঽপি শরজালেন কৈকেয়ানাং মহারথান্।
ব্যধমৎ পরমেষ্বাসানগ্রতঃ পর্য্যবস্থিতান্ ॥৩৪॥
স তেষাং যতমানানাং রাধেয়স্য নিবারণে।
রথান্ পঞ্চশতান্ কর্ণঃ প্রাহিণোদ্‌যমসাদনম্ ॥৩৫॥
অবিষহ্যং ততো দৃষ্ট্বা রাধেয়ং যুধি যোধিনঃ।
ভীমসেনমুপাগচ্ছন্ কর্ণবাণপ্রপীড়িতাঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

প্রেতি। রাজানং গৃহ্নীধ্বমিতি প্রাক্রোশন্ত উচ্চৈরবদন্। সরাজকাঃ সদুর্য্যোধনাঃ ॥৩১॥
তত ইতি। প্রহারিণাং শত্রুষু প্রহারনিপুণানাম্ ॥৩২॥
তস্মিন্নিতি। মহৎ ভয়ং যস্মাত্তস্মিন্। সমেয়াতাং সম্মিলিতাবভবতাম্ ॥৩৩॥
বিশোকঃ সম্প্রহৃষ্টশ্চ ক্ষণেন সমপদ্যত ॥১॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ত্বং হি ত্বমেব। সকর্ণেন সহেতি তান্। যুধ্যন্ত ইতি যুধস্তেষাম্ ॥১২০॥
এতদিতি। কৃতার্থঃ সম্পাদিতশত্রুজয়রূপপ্রয়োজনঃ, সফলো লব্ধরাজ্যঃ ॥১২১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:-০-:—

স ইতি। বীভৎসুরর্জ্জুনঃ। বিশোকঃ কর্ণবিষয়কশোকরহিতঃ। সমপদ্যত অভবৎ ॥১॥

যোদ্ধৃশ্রেষ্ঠ! তুমিই যুদ্ধে কর্ণের সহিতও কৌরবগণকে জয় করিতে সমর্থ, অন্য কেহ নহে, ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥১২০॥

অতএব হে নরশ্রেষ্ঠ পৃথানন্দন! তুমি এই গুরুতর কার্য্য সম্পাদন করিয়া—অর্থাৎ মহারথ কর্ণকে বধ করিয়া কৃতার্থ, সফল ও সুখী হও' ॥১২১॥

—:-০-:—

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! অর্জ্জুন কৃষ্ণের বাক্য শুনিয়া ক্ষণকালমধ্যেই শোকবিহীন ও বিশেষ হৃষ্টচিত্ত হইলেন ॥১॥

(১২০)···সকর্ণানস্য কৌরবান্···পি। * '···ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

ততো জ্যামভিমৃজ্যাশু ব্যাক্ষিপন্ গাণ্ডিবং ধনুঃ।
দধ্রে কর্ণবিনাশায় কেশবঞ্চাভ্যভাষত ॥২॥
ত্বয়া নাথেন গোবিন্দ! ধ্রুব এব জয়ো মম।
প্রসন্নো যস্য মেঽদ্য ত্বং লোকে ভূতভবিষ্যবিৎ ॥৩॥
ত্বৎসহায়ো হ্যহং কৃষ্ণ! ত্রীল্লোঁকান্ বৈ সমাগতান্।
প্রাপয়েয়ং পরং লোকং কিমু কর্ণং মহাহবে ॥৪॥
পশ্যামি দ্রবতীং সেনাং পাঞ্চালানাং জনার্দ্দন!।
পশ্যামি কর্ণং সমরে বিচরন্তমভীতবৎ ॥৫॥
ভার্গবাস্ত্রঞ্চ পশ্যামি বিচরন্তং সমন্ততঃ।
সৃষ্টং কর্ণেন বার্ষ্ণেয়! শক্রেণেব মহাশনিম্ ॥৬॥
অয়ং খলু স সংগ্রামো যত্র কর্ণং ময়া হতম্।
কথয়িষ্যন্তি ভূতানি যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। জ্যাং গুণম্, ব্যাক্ষিপন্ আকর্ষন্। দধ্রে জগ্রাহ ॥২॥

ত্বয়েতি। নাথেন অভিভাবকেন। ভূতং ভবিষ্যং সন্দংশপাতন্যায়াদ্বর্ত্তমানঞ্চ বেত্তীতি সঃ ॥৩॥

ত্বদিতি। ত্বং সহায়ো যস্য সঃ। মহাহবে মহাযুদ্ধে ॥৪॥

পশ্যামীতি। দ্রবতীং দ্রবন্তীং দ্রুতমপসরন্তীম্। অভীতবৎ নির্ভয়মিব ॥৫॥

ভার্গবেতি। অস্ত্রশব্দস্য পুংস্ত্বমার্ষম্। সৃষ্টং ক্ষিপ্তম্। মহাশনিং মহাবজ্রম্ ॥৬॥

অয়মিতি। ভূতানি মানবাঃ। ধরিষ্যতি অবস্থাস্যতে ॥৭॥

তাহার পর অর্জ্জুন সত্বর ধনুর গুণ মার্জন ও গাণ্ডীবধনু আকর্ষণ করতঃ কর্ণকে বধ করিবার জন্য তাহা ধারণ করিলেন এবং কৃষ্ণকে বলিলেন—॥২॥

'কৃষ্ণ! তুমি অভিভাবক রহিয়াছ, বিশেষতঃ জগতে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানবিৎ তুমি আমার প্রতি প্রসন্ন আছ; সুতরাং নিশ্চয়ই আমার জয় হইবে ॥৩॥

কৃষ্ণ! তুমি সহায় থাকায় মহাযুদ্ধে সমাগত ত্রিভুবনকেও আমি পরলোকে পাঠাইতে পারি, তাহাতে কর্ণের কথা আর কি বলিব ॥৪॥

জনার্দ্দন! পাঞ্চালসৈন্য পলায়ন করিতেছে দেখিতেছি এবং কর্ণকেও নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে দেখিতেছি ॥৫॥

বৃষ্ণিনন্দন! ইন্দ্রনিক্ষিপ্ত মহাবজ্রের ন্যায় কর্ণনিক্ষিপ্ত ভার্গবাস্ত্র সকল দিকে বিচরণ করিতেছে দেখিতেছি ॥৬॥

---

(৩)…লোকে ভূতভবিষ্যকৃৎ—পি বা সো। (৪)…কিমু কর্ণং মহারণে—পি।

অদ্য কৃষ্ণ ! বিকর্ণা মে কর্ণং নেষ্যন্তি মৃত্যবে ।
গাণ্ডীবমুক্তাঃ ক্ষিণ্বন্তো মম হস্তপ্রচোদিতাঃ ॥৮॥
অদ্য রাজা ধৃতরাষ্ট্রঃ স্বাং বুদ্ধিমবমংস্যতে ।
দুর্য্যোধনমরাজ্যার্হং যয়া রাজ্যেঽভ্যষেচয়ৎ ॥৯॥
অদ্য রাজ্যাৎ সুখাচ্চৈব শ্রিয়ো রাষ্ট্রাত্তথা পুরাৎ ।
পুত্রেভ্যশ্চ মহাবাহো ! ধৃতরাষ্ট্রো বিমোক্ষ্যতে ॥১০॥
অদ্য দুর্য্যোধনো রাজ্যাজ্জীবিতাচ্চ নিরাশকঃ ।
ভবিষ্যতি হতে কর্ণে কৃষ্ণ ! সত্যং ব্রবীমি তে ॥১১॥
অদ্য দৃষ্ট্বা ময়া কর্ণং শরৈর্বিশকলীকৃতম্ ।
পুরা দেবাসুরে যুদ্ধে বৃত্রং বলভিদা যথা ।
স্মরতাং তব বাক্যানি শমং প্রতি জনেশ্বরঃ ॥১২॥

ভারতকৌমুদী

অদ্যেতি । বিগতৌ কর্ণৌ কর্ণাকারাংশৌ যেষাং তে বাণাঃ । ক্ষিণ্বন্তো বিদারয়ন্তঃ ॥৮॥

অদ্যেতি । অবমংস্যতে অযুক্তকারিতয়া অবজ্ঞাস্যতি । অরাজ্যার্হং রাজত্বাযোগ্যম্ ॥৯॥

অদ্যেতি । রাজ্যাৎ রাজত্বপদাৎ, শ্রিয়ঃ সম্পদঃ, রাষ্ট্রাদধিকৃতদেশাৎ ॥১০॥

অদ্যেতি । নির্গতা আশা যস্য সঃ । বহুব্রীহৌ কপ্রত্যয়ঃ ॥১১॥

অদ্যেতি । বিশকলীকৃতং খণ্ডখণ্ডীকৃতম্ । বৃত্রং বৃত্রাসুরম্, বলভিদা ইন্দ্রেণ । স্মরতাং স্মরতু । শমং সন্ধিনিবন্ধনশান্তিং প্রতি, জনেশ্বরো রাজা দুর্য্যোধনঃ । ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

এই সেই যুদ্ধ আসিতেছে, যে যুদ্ধে আমি কর্ণকে বধ করিব ; পরে যত কাল পৃথিবী থাকিবে, তত কাল মানুষ এই বৃত্তান্ত বলিবে ॥৭॥

কৃষ্ণ ! আজ আমার হস্তনিক্ষিপ্ত গাণ্ডীবনির্গত 'বিকর্ণ-'নামক বাণ সকল যাইয়া বিদারণ করিতে থাকিয়া কর্ণকে যমালয়ে পাঠাইবে ॥৮॥

রাজা ধৃতরাষ্ট্র যে বুদ্ধিদ্বারা রাজত্বপদের অযোগ্য দুর্য্যোধনকে রাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন, আজ তিনি সেই আপন বুদ্ধির প্রতি অবজ্ঞা করিবেন ॥৯॥

মহাবাহু ! আজ ধৃতরাষ্ট্র রাজত্বপদ, সুখ, সম্পদ্, রাজ্য, রাজধানী ও পুত্রগণ হইতে বিযুক্ত হইবেন ॥১০॥

কৃষ্ণ ! আমি তোমার নিকট সত্য বলিতেছি—আজ কর্ণ নিহত হইলে, দুর্য্যোধন রাজ্যে ও জীবনে নিরাশ হইবে ॥১১॥

কৃষ্ণ ! পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে ইন্দ্র যেমন বৃত্রাসুরকে খণ্ড খণ্ড করিয়াছিলেন,

(১১)…নিরাশবান্…পি বৰ্দ্ধ ।

অদ্যাসৌ সৌবলঃ কৃষ্ণ! গ্লহান্ জানাতু বৈ শরান্।
দুরোদরঞ্চ গাণ্ডীবং মণ্ডলঞ্চ রথং মম ॥১৩॥
অদ্য কুন্তীসুতস্যাহং দৃঢ়ং রাজ্ঞঃ প্রজাগরম্।
ব্যপনেষ্যামি গোবিন্দ! হত্বা কর্ণং শিতৈঃ শরৈঃ ॥১৪॥
অদ্য কুন্তীসুতো রাজা হতে সূতসুতে ময়া।
সুপ্রহৃষ্টমনাঃ প্রীতশ্চিরং সুখমবাপ্স্যতি ॥১৫॥
অদ্য চাহমনাধৃষ্যং কেশবাপ্রতিমং শরম্।
উৎস্রক্ষ্যামীহ যঃ কর্ণং জীবিতাদ্‌ভ্রংশয়িষ্যতি ॥১৬॥
যস্যৈতদ্বৈ ব্রতং মহ্যং বধে কিল দুরাত্মনঃ।
পাদৌ ন ধাবয়ে তাবদ্‌যাবদ্ধন্যাং ন ফাল্গুনম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অদ্যেতি। গ্রহান্ পণান্। দুরোদরং দ্যূতকারম্, মণ্ডলং কোষ্ঠম ॥১৩॥
অদ্যেতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, প্রজাগরং কর্ণভয়াদত্যন্তনিদ্রাক্ষয়ম ॥১৪॥
অদ্যেতি। ভয়োদ্বেগয়োরিব প্রীতিহর্ষয়োর্ণধারণাধিক্যেন উভয়োঃ ॥১৫॥
অদ্যেতি। অনাধৃষ্যমনিবার্য্যম, হে কেশব!। উৎস্রক্ষ্যামি নিক্ষেপ্স্যামি ॥১৬॥

ভারতভাবদীপঃ

স কেশবমস্তেতি ॥১—৫॥ শল্যং পুঙ্খমার্গম ॥৬—১১॥ স্মরেত ? স্মরতু ॥১২॥ মণ্ডলং দ্যূতে শারীস্থাপনপট্টম্, দুরোদরং পাশম্ ॥১৩—৫৩॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

তেমন আমি বাণদ্বারা কর্ণকে খণ্ড খণ্ড করিলে, আজ দুর্য্যোধন তাহা দেখিয়া শান্তিবিষয়ে তোমার বাক্য সকল স্মরণ করিবে॥১২॥

কৃষ্ণ! আজ সেই শকুনি অবগত হউক যে, আমার বাণগুলি—পণ, গাণ্ডীব-ধনু—দ্যূতকার এবং আমার রথ—কোষ্ঠ ॥১৩॥

গোবিন্দ! আজ আমি সুধার বাণসমূহদ্বারা কর্ণকে বধ করিয়া রাজা যুধিষ্ঠিরের গুরুতর জাগরণের নিবৃত্তি করিব ॥১৪॥

আজ আমি কর্ণকে বধ করিলে, রাজা যুধিষ্ঠির অত্যন্তহৃষ্টচিত্ত ও সন্তুষ্ট হইয়া চিরকালের জন্য সুখলাভ করিবেন ॥১৫॥

কেশব! যে বাণ কর্ণকে জীবনভ্রষ্ট করিবে, আজ আমি সেই অনিবার্য্য ও অনুপম বাণ কর্ণের প্রতি নিক্ষেপ করিব ॥১৬॥

(১৪)…দীর্ঘং রাজ্ঞঃ প্রজাগরম…পি।

মৃষা কৃত্বা ব্রতং তস্য পাপস্য মধুসূদন!।
পাতয়িষ্যে রথাৎ কায়ং শরৈঃ সন্নতপর্বভিঃ ॥১৮॥ (যুগ্মকম্)
যোঽসৌ রণে নরং নান্যং পৃথিব্যামভিমন্যতে।
তস্যাদ্য সূতপুত্রস্য ভূমিঃ পাস্যতি শোণিতম্ ॥১৯॥
অপতির্হ্যসি কৃষ্ণেতি সূতপুত্রো যদব্রবীৎ।
ধৃতরাষ্ট্রমতে কর্ণঃ শ্লাঘমানঃ স্বকান্ গুণান্ ॥২০॥
অনৃতং তৎ করিষ্যন্তি মামকা নিশিতাঃ শরাঃ।
আশীবিষা ইব ক্রুদ্ধাস্তস্য পাস্যন্তি শোণিতম্ ॥২১॥ (যুগ্মকম্)
ময়া হস্তবতা মুক্তা নারাচা বৈদ্যুতত্বিষঃ।
গাণ্ডীবসৃষ্টা দাস্যন্তি কর্ণস্য পরমাং গতিম্ ॥২২॥

ভারতকৌমুদী

মস্তেতি। ব্রতং নিয়মঃ, মহ্যং মম। ধাবয়ে শোধয়ে। ফাল্গুনমর্জ্জুনম্। মৃষা মিথ্যা। পাপস্য পাপাত্মনঃ কর্ণস্য। সন্নতানি বক্রাণি পর্বাণি উপাস্থদেশা যেষাং তৈঃ ॥১৭—১৮॥

য ইতি। অভিমন্যতে স্বপ্রতিপক্ষত্বেন ॥১৯॥

অপতিরিতি। কৃষ্ণা দ্রৌপদী ত্বম্, অপতিঃ পতিশূন্যাসি। অনৃতং মিথ্যা ॥২০—২১॥

ময়েতি। হস্তবতা প্রশস্তহস্তশালিনা। বৈদ্যুতী বিদ্যুৎসম্বন্ধিনী ত্বিড়িব ত্বিট্ প্রভা যেষাং তে ॥২২॥

মধুসূদন! আমার বধবিষয়ে যে দুরাত্মার এইরূপ ব্রত আছে যে, 'যে পর্য্যন্ত আমি অর্জ্জুনকে বধ করিব না, সে পর্য্যন্ত পাদপ্রক্ষালন করিব না' সেই পাপাত্মা কর্ণের সেই ব্রত মিথ্যা করিয়া আজ আমি নতপর্ব বাণসমূহদ্বারা তাহার দেহটাকে রথ হইতে নিপাতিত করিব ॥১৭—১৮॥

ঐ যে দুরাত্মা পৃথিবীতে যুদ্ধে অন্য মানুষকে নিজের প্রতিপক্ষ বলিয়া মনে করে না, পৃথিবী আজ সেই সূতপুত্রের রক্ত পান করিবে ॥১৯॥

সূতপুত্র কর্ণ ধৃতরাষ্ট্রের সম্মতিক্রমে নিজের গুণ বর্ণনা করিতে থাকিয়া যে বলিয়াছিল—'দ্রৌপদি! তুমি পতিশূন্যা হইয়াছ' আমার সুধার বাণ সকল তাহার সে উক্তিকে আজ মিথ্যা করিবে; ক্রুদ্ধ সর্পের ন্যায় সেই বাণ সকল তাহার রক্ত পান করিবে ॥২০—২১॥

আমি প্রশস্ত হস্তদ্বারা নিক্ষেপ করিলে, বিদ্যুতের ন্যায় উজ্জ্বল নারাচ সকল গাণ্ডীব হইতে নির্গত হইয়া যাইয়া কর্ণকে উত্তম গতি দান করিবে ॥২২॥

(১৮)…রথাৎ কর্ণম্…পি। (২০)…ধৃতরাষ্ট্রসুতে কর্ণঃ…পি। (২১)…নিশিতা মম সায়কাঃ…পি।

অদ্য তপ্স্যতি রাধেয়ঃ পাঞ্চালীং যত্তদাব্রবীৎ।
সভামধ্যে বচঃ ক্রূরং কুৎসয়ন্ পাণ্ডবান্ প্রতি ॥২৩॥
যে বৈ ষণ্ডতিলাস্তত্র ভবিতারোঽদ্য তে তিলাঃ।
হতে বৈকর্ত্তনে কর্ণে সূতপুত্রে দুরাত্মনি ॥২৪॥
অহং বঃ পাণ্ডুপুত্রেভ্যস্ত্রাস্যামীতি যদব্রবীৎ।
ধৃতরাষ্ট্রসুতান্ কর্ণঃ শ্লাঘমানোত্মনো গুণান্ ॥২৫॥
অনৃতং তৎ করিষ্যন্তি মামকা নিশিতাঃ শরাঃ।
হন্তাহং পাণ্ডবান্ সর্বান্ সপুত্রানিতি যোঽব্রবীৎ ॥২৬॥
তমদ্য কর্ণং হন্তাস্মি মিষতাং সর্বধন্বিনাম্।
যস্য বীর্য্যে সমাশ্বস্য ধার্ত্তরাষ্ট্রো মহামনাঃ ॥২৭॥
অবামন্যত দুর্বুদ্ধির্নিত্যমস্মান্ দুরাত্মবান্।
তমদ্য কর্ণং রাধেয়ং হন্তাস্মি মধুসূদন! ॥২৮॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

অদ্যেতি। সভামধ্যে দ্যূতসভায়াম্। যদব্রবীৎ তেন বাক্যেনাস্য তপ্স্যতীত্যর্থঃ ॥২৩॥

য ইতি। তত্র পাণ্ডবাঃ ষণ্ডতিলা ইতি যে অবদন্, অদ্য তে তিলা ভবিতারঃ ॥২৪॥

অহমিতি। শ্লাঘমান আত্মন ইত্যাকারলোপ আর্ষঃ। অনৃতং মিথ্যা। হন্তা হনিষ্যামি। মিষতাং পশ্যতাম্। মহামনা উচ্চাশাযুক্তচিত্তঃ। অবামন্যত অবজ্ঞাতবান্ ॥২৫—২৮॥

সেই দ্যূতক্রীড়ার সময়ে সভামধ্যে পাণ্ডবগণকে নিন্দা করিতে থাকিয়া দ্রৌপদীর প্রতি কর্ণ যে নিষ্ঠুর কথাগুলি বলিয়াছিল, তাহার জন্য আজ সে অনুতাপ করিবে ॥২৩॥

তখন পাণ্ডবগণকে যাহারা 'ষণ্ডতিল' বলিয়াছিল, আজ দুরাত্মা সূতপুত্র বৈকর্ত্তন কর্ণ নিহত হইলে, তাহারাই তিল হইবে ॥২৪॥

কর্ণ আপনার গুণের অহঙ্কার করিতে থাকিয়া ধৃতরাষ্ট্রের পুত্রগণের নিকট যে বলিয়াছিল—'দুর্য্যোধন! আমি পাণ্ডবগণ হইতে তোমাকে রক্ষা করিব' আজ আমার সুধার বাণ সকল তাহার সে কথা মিথ্যা করিবে। আবার 'আমি পুত্রগণের সহিত সমস্ত পাণ্ডবকে বধ করিব' এই কথা যে বলিয়াছিল, আজ আমি সকল ধনুর্দ্ধরের সমক্ষে সেই কর্ণকে বধ করিব। এবং মধুসূদন! দুর্বুদ্ধি ও দুরাত্মা দুর্য্যোধন যাহার বলের উপরে আশ্বস্ত হইয়া উচ্চ আশা করিয়া সর্ব্বদা আমাদিগকে অবজ্ঞা করে, আজ আমি সেই কর্ণকে বধ করিব ॥২৫—২৮॥

(২৫)...ত্রাতাস্মীতি যদব্রবীৎ...পি।

অদ্য কর্ণে হতে কৃষ্ণ ! ধার্ত্তরাষ্ট্রাঃ সরাজকাঃ।
বিদ্রবন্তু দিশো ভীতাঃ সিংহত্রস্তা মৃগা ইব ॥২৯॥
অদ্য দুর্য্যোধনো রাজ্যমাত্মানঞ্চানুশোচতাম্।
হতে কর্ণে ময়া সংখ্যে সপুত্রে সসুহৃজ্জনে ॥৩০॥
অদ্য কর্ণং হতং দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রোঽত্যমর্ষণঃ।
জানাতু মাং রণে কৃষ্ণ ! প্রবরং সর্বধন্বিনাম্ ॥৩১॥
সপুত্রপৌত্রং সামাত্যং সভৃত্যঞ্চ নিরাশ্রয়ম্।
অদ্য রাজ্যে করিষ্যামি ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্ ॥৩২॥
অদ্য কর্ণস্য চক্রাঙ্গাঃ ক্রব্যাদাশ্চ পৃথগ্‌বিধাঃ।
শরৈশ্ছিন্নানি গাত্রাণি বিহরিষ্যন্তি কেশব ! ॥৩৩॥
অদ্য রাধাসুতস্যাহং সংগ্রামে মধুসূদন ! ।
শিরশ্ছেৎস্যামি কর্ণস্য মিষতাং সর্বধন্বিনাম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

অদ্যেতি। রাজ্ঞা দুর্য্যোধনেন সহেতি সরাজকাঃ। বিদ্রবন্তু পলায়ন্তাম্ ॥২৯॥
অদ্যেতি। রাজ্যমাশাস্যমানং সাম্রাজ্যম্, আত্মানং তত্র প্রলুব্ধম্ ॥৩০॥
অদ্যেতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ, অত্যমর্ষণ অতীবকোপনঃ ॥৩১॥
সেতি। নিরাশ্রয়ং করিষ্যামি আশ্রয়াণাং সর্বেষামেব সংহারাদিতি ভাবঃ ॥৩২॥
অদ্যেতি। চক্রাঙ্গা বকাঃ, ক্রব্যাদা মাংসভোজিনঃ প্রাণিনঃ ॥৩৩॥
অদ্যেতি। মিষতাং পশ্যতাম্, সর্বধন্বিনাম্ উভয়পক্ষীয়াণামেব ॥৩৪॥

কৃষ্ণ ! আজ কর্ণ নিহত হইলে, সিংহভীত হরিণগণের ন্যায় দুর্য্যোধনের সহিত অন্য ধার্ত্তরাষ্ট্রেরা ভীত হইয়া নানাদিকে পলায়ন করুন ॥২৯॥

আজ আমি যুদ্ধে পুত্র ও বন্ধুবর্গের সহিত কর্ণকে বধ করিলে, দুর্য্যোধন রাজ্য ও আপনার বিষয়ে শোক করিতে থাকুক ॥৩০॥

কৃষ্ণ ! কর্ণকে নিহত দেখিয়া অতিকোপনস্বভাব দুর্য্যোধন আজ যুদ্ধে আমাকে সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ বলিয়া মনে করুক ॥৩১॥

আজ আমি রাজ্যমধ্যেই পুত্র, পৌত্র, অমাত্য ও ভৃত্যবর্গের সহিত রাজা ধৃতরাষ্ট্রকে নিরাশ্রয় করিব ॥৩২॥

কেশব ! আজ বক ও নানাবিধ মাংসভোজী প্রাণিগণ বাণচ্ছিন্ন কর্ণের অঙ্গ সকল হরণ করিবে ॥৩৩॥

(৩২)···সভৃত্যঞ্চ নিরাশিষম্···পি।

অদ্য তীক্ষ্ণৈর্বিপাঠৈশ্চ ক্ষুরৈশ্চ মধুসূদন ! ।
রণে ছেৎস্যামি গাত্রাণি রাধেয়স্য দুরাত্মনঃ ॥৩৫॥
অদ্য রাজা মহৎ কৃচ্ছ্রং সন্ত্যক্ষ্যতি যুধিষ্ঠিরঃ ।
সন্তাপং মানসং বীরশ্চিরং সংভৃতমাত্মনঃ ॥৩৬॥
অদ্য কেশব ! রাধেয়মহং হত্বা সবান্ধবম্ ।
নন্দয়িষ্যামি রাজানং ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৩৭॥
অদ্যাহমনুগান্ কৃষ্ণ ! কর্ণস্য কৃপণান্ যুধি ।
হন্তা জ্বলনসঙ্কাশৈঃ শরৈঃ সর্পবিষোপমৈঃ ॥৩৮॥
অদ্যাহং হেমকবচৈর্গার্দ্ধ্রপত্রৈরজিহ্মগৈঃ ।
সংস্তরিষ্যামি গোবিন্দ ! বসুধাং বসুধাধিপৈঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

অদ্যেতি। বিপাঠৈঃ ক্ষুরৈশ্চ বাণৈঃ। গাত্রাণি অঙ্গানি ॥৩৫॥

অদ্যেতি। কৃচ্ছ্রং কষ্টকরম্। সন্তাপমপমানাদিদুঃখম্। সংভৃতং সঞ্চিতম্ ॥৩৬॥

অদ্যেতি। রাধেয়ং রাধাপুত্রং কর্ণম্ ॥৩৭॥

অদ্যেতি। অনুগান্ অনুচরান্। কৃপণান্ ক্ষুদ্রান্। জ্বলনসঙ্কাশৈরগ্নিতুল্যৈঃ ॥৩৮॥

অদ্যেতি। অদ্যাহম্, হেমকবচৈর্নিহতানাং স্বর্ণবর্ম্মভিঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ, গার্দ্ধ্রপত্রৈর্বাণৈঃ, বসুধাধিপৈর্নিহতৈ রাজভিশ্চ, বসুধাং সংস্তরিষ্যামি আচ্ছাদয়িষ্যামি ॥৩৯॥

মধুসূদন ! আজ আমি যুদ্ধে সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে রাধাপুত্র কর্ণের মস্তক ছেদন করিব ॥৩৪॥

মধুসূদন ! আজ আমি যুদ্ধে তীক্ষ্ণ বিপাঠ ও ক্ষুরদ্বারা দুরাত্মা কর্ণের অঙ্গ সকল ছেদন করিব ॥৩৫॥

আজ রাজা ও বীর যুধিষ্ঠির অত্যন্তকষ্টজনক চিরসঞ্চিত নিজের মনের সন্তাপ ত্যাগ করিবেন ॥৩৬॥

কেশব ! আজ আমি বন্ধুবর্গের সহিত কর্ণকে বধ করিয়া রাজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে আনন্দিত করিব ॥৩৭॥

কৃষ্ণ ! আজ আমি অগ্নি ও বিষের তুল্য বাণসমূহদ্বারা যুদ্ধে কর্ণের ক্ষুদ্র অনুচরগণকে বধ করিব ॥৩৮॥

গোবিন্দ ! আজ আমি স্বর্ণময় কবচ, সরলগামী বাণ ও রাজগণের শরীরদ্বারা সমরভূমি আবৃত করিব ॥৩৯॥

(৩৫)…ক্ষুরপ্রৈর্মধুসূদন ! । রণে ভেৎস্যামি…দি। (৩৯)…কবচৈরাবদ্ধমণিকুণ্ডলৈঃ…দি।

অদ্যাভিমন্যোঃ শত্রূণাং সর্বেষাং মধুসূদন!।
প্রমথিষ্যামি গাত্রাণি শিরাংসি চ শিতৈঃ শরৈঃ ॥৪০॥
অদ্য নির্দ্ধার্ত্তরাষ্ট্রাঞ্চ ভ্রাত্রে দাস্যামি মেদিনীম্।
নিরর্জ্জুনাং বা পৃথিবীং কেশবানুচরিষ্যসি ॥৪১॥
অদ্যাহমনৃণঃ কৃষ্ণ! ভবিষ্যামি ধনুর্ভৃতাম্।
কোপস্য চ কুরূণাঞ্চ শরাণাং গাণ্ডিবস্য চ ॥৪২॥
অদ্য দুঃখমহং মোক্ষ্যে ত্রয়োদশসমার্জ্জিতম্।
হত্বা কর্ণং রণে কৃষ্ণ! শম্বরং মঘবানিব ॥৪৩॥
অদ্য কর্ণে হতে যুদ্ধে সোমকানাং মহারথাঃ।
কৃতং কার্য্যঞ্চ মন্যন্তাং মিত্রকার্য্যেপ্সবো যুধি ॥৪৪॥
ন জানে চ কথং প্রীতিঃ শৈনেয়স্যাদ্য মাধব!।
ভবিষ্যতি হতে কর্ণে ময়ি চাপি জয়াধিকে ॥৪৫॥

ভারতকৌমুদী

অদ্যেতি। প্রমথিষ্যামি ছেৎস্যামি, গাত্রাণি অঙ্গানি ॥৪০॥
অদ্যেতি। নির্দ্ধার্ত্তরাষ্ট্রাং ধৃতরাষ্ট্রপুত্রশূন্যাম্, ভ্রাত্রে যুধিষ্ঠিরায় ॥৪১॥
অদ্যেতি। অনৃণঃ শত্রুহননেন চরিতার্থতাকরণাদিতি সর্বত্র ভাবঃ ॥৪২॥
অদ্যেতি। ত্রয়োদশসমার্জ্জিতং ত্রয়োদশবৎসরসঞ্চিতম্। শম্বরমসুরম্ ॥৪৩॥
অদ্যেতি। মিত্রাণাং কার্য্যেপ্সবঃ কার্য্যসম্পাদনেচ্ছবঃ ॥৪৪॥
নেতি। শৈনেয়স্য শিনিপৌত্রস্য সাত্যকেঃ। জয়েন অধিকে প্রাধান্যং প্রাপ্তে ॥৪৫॥

মধুসূদন! আজ আমি সুধার বাণসমূহদ্বারা অভিমন্যুর সমস্ত শত্রুর অঙ্গ ও মস্তক সকল ছেদন করিব ॥৪০॥

কেশব! আজ আমি ধার্ত্তরাষ্ট্রশূন্য পৃথিবী যুধিষ্ঠিরকে দান করিব; কিংবা তুমি অর্জ্জুনশূন্য পৃথিবীতে বিচরণ করিবে ॥৪১॥

কৃষ্ণ! আজ আমি ধনুর্দ্ধরগণ, ক্রোধ, কৌরবগণ, বাণ ও গাণ্ডীবধনুর নিকট ঋণশূন্য হইব ॥৪২॥

কৃষ্ণ! ইন্দ্র যেমন শম্বরাসুরকে বধ করিয়া দুঃখমুক্ত হইয়াছিলেন, আমিও আজ সেইরূপ যুদ্ধে কর্ণকে বধ করিয়া ত্রয়োদশবৎসরসঞ্চিত দুঃখ হইতে মুক্ত হইব ॥৪৩॥

আজ আমি যুদ্ধে কর্ণকে বধ করিলে, মিত্রকার্য্যসম্পাদনাভিলাষী সোমক-মহারথেরা কার্য্য সম্পন্ন করা হইয়াছে বলিয়া মনে করুন ॥৪৪॥

(৪২)···ক্রোধস্য চ কুরূণাঞ্চ···বর্দ্ধ। (৪৫)···ময়ি বাপি···পি।

অহং হত্বা রণে কর্ণং পুত্ৰঞ্চাস্য মহারথম্ ।
প্রীতিং দাস্যামি ভীমস্য যময়োঃ সাত্যকস্য চ ॥৪৬॥
ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিভ্যাং পাঞ্চালানাঞ্চ মাধব ! ।
অদ্যানৃণ্যং গমিষ্যামি হত্বা কর্ণং মহাহবে ॥৪৭॥
অদ্য পশ্যন্তু সংগ্রামে ধনঞ্জয়মমর্ষণম্ ।
যুধ্যন্তং কৌরবান্ সংখ্যে পাতয়ন্তঞ্চ সূতজম্ ।
ভবৎসকাশে বক্ষ্যে চ পুনরেবাত্মসংস্তবম্ ॥৪৮॥

ধনুর্বেদে মৎসমো নাস্তি লোকে
পরাক্রমে বা মম কোঽস্তি তুল্যঃ ।
কো বাপ্যন্যো মৎসমোঽস্তি ক্ষমায়াং
তথা ক্রোধে সদৃশোঽন্যো ন মেঽস্তি ॥৪৯॥

অহং ধনুষ্মানসুরান্ সুরাংশ্চ সর্বাণি ভূতানি চ সঙ্গতানি ।
স্ববাহুবীর্য্যাদ্গময়ে পরাভবং মৎপৌরুষং বিদ্ধি পরং পরেভ্যঃ ॥৫০॥

ভারতকৌমুদী

অহমিতি । পুত্রং বৃষসেনম্ । যময়োর্নকুলসহদেবয়োঃ, সাত্যকস্য সাত্যকেঃ ॥৪৬॥
ধৃষ্টেতি । অনৃণ্যং গমিষ্যামি, বৈরিনির্যাতনাদিত্যাশয়ঃ ॥৪৭॥
অদ্যেতি । অমর্ষণং ক্রুদ্ধম্ । আত্মনঃ সংস্তবং পরিচয়ম্ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥
ধনুরিতি । অতএব সর্বথা সর্বপ্রধানোঽহমিতি ভাবঃ ॥৪৯॥

মাধব ! আজ কর্ণ নিহত হইলে এবং আমিও জয়বশতঃ প্রাধান্য লাভ করিলে, সাত্যকির কিরূপ আনন্দ হইবে জানি না ॥৪৫॥

আমি আজ যুদ্ধে কর্ণকে এবং উহার মহারথ পুত্রকে বধ করিয়া ভীম, নকুল, সহদেব ও সাত্যকির সন্তোষ সম্পাদন করিব ॥৪৬॥

মাধব ! আজ মহাযুদ্ধে কর্ণকে বধ করিয়া ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী ও অন্যান্য পাঞ্চালগণের নিকট অনৃণী হইব ॥৪৭॥

আমি আজ রণস্থলে কৌরবপক্ষের সহিত যুদ্ধ করিতে থাকিয়া যখন কর্ণকে নিপাত করিব, তখন সকলে ক্রুদ্ধ অর্জ্জুনকে দর্শন করুক । কৃষ্ণ ! তোমার নিকট পুনরায় আমি আত্মপরিচয় দিতেছি—॥৪৮॥

জগতে ধনুর্বেদে আমার তুল্য লোক নাই, পরাক্রমেই বা আমার তুল্য কে আছে ? ক্ষমাতে আমার সমান অন্য কোন লোক নাই এবং ক্রোধেও আমার তুল্য অন্য ব্যক্তি নাই ॥৪৯॥

(৪৯)...পরাক্রমে বা মম নাস্তি তুল্যঃ...পি ।

শরার্চ্চিষা গাণ্ডিবেনাহমেকঃ সর্বান্ কুরূন্ বাহ্লিকাংশ্চাভিহত্য।
হিমাত্যয়ে কক্ষগতো যথাগ্নিস্তথা দহেয়ং সগণান্ প্রসহ্য ॥৫১॥
পাণৌ পৃষৎকা লিখিতা মমৈতে ধনুশ্চ দিব্যং বিততং সবাণম্।
পাদৌ চ মে সরথৌ সধ্বজৌ চ ন মাদৃশং যুদ্ধগতং জয়ন্তি ॥৫২॥
ইত্যেবমুক্ত্বাচ্যুতমেকবীরঃ ক্ষিপ্রং রিপুঘ্নঃ ক্ষতজোপমাক্ষঃ।
ভীমং মুমুক্ষুঃ সমরে প্রয়াতঃ কর্ণস্য কায়াচ্চ শিরো জিহীর্ষুঃ ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
অর্জ্জুনাত্মশ্লাঘায়াং পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

— —:*:— —

ভারতকৌমুদী

অহমিতি। ভূতানি প্রাণিনঃ, সঙ্গতানি মিলিতানি। বিদ্ধি জানীহি, পরং প্রধানম্ ॥৫০॥
শরেতি। কক্ষগতঃ শুষ্কতৃণরাশিস্থঃ। সগণান্ সহায়সহিতান্, প্রসহ্য বলেন ॥৫১॥
পাণাবিতি। পৃষৎকা বাণাঃ, লিখিতা বিধাত্রা রেখয়া পৃথক চিহ্নিতাঃ। বিততং বিস্তৃতম্, লিখিতম্। সরথৌ রথচিহ্নযুক্তৌ, সধ্বজৌ ধ্বজচিহ্নান্বিতৌ কৃতৌ। সামুদ্রিকং দ্রষ্টব্যম্ ॥৫২॥
ইতীতি। অচ্যুতং কৃষ্ণম্, একবীরঃ অদ্বিতীয়বীরোঽর্জ্জুনঃ। ক্ষতজং রক্তমুপমা যয়োস্তে তাদৃশী অক্ষিণী চক্ষুষী যস্য সঃ। মুমুক্ষুঃ শত্রুভ্যো মোক্তুমিচ্ছুঃ। জিহীর্ষুর্হর্ত্তুমিচ্ছুঃ ॥৫৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

————:-০-:————

কৃষ্ণ! আমি ধনু ধারণ করিয়া আপন বাহুবলে দেবতা, অসুর এবং সম্মিলিত সকল প্রাণীকেও পরাভূত করিতে পারি। সুতরাং আমার পুরুষকার অন্য হইতে প্রধান বলিয়া অবগত হও ॥৫০॥

আমি একাকী গাণ্ডীবধনু ও বাণের তেজে সমস্ত কৌরব ও বাহ্লিকদিগকে আহত করিয়া—বসন্তকালে শুষ্কতৃণরাশিগত অগ্নির ন্যায় বলপূর্ব্বক সহায়দিগের সহিত তাহাদিগকে দগ্ধ করিতে পারি ॥৫১॥

বিধাতা আমার হস্তে এই বাণ, বিস্তৃত ও বাণযুক্ত এই দিব্য ধনু এবং চরণতলে রথ ও ধ্বজ চিহ্নিত করিয়া দিয়াছেন। সুতরাং বিপক্ষেরা আমার তুল্য লোককে যুদ্ধে জয় করিতে পারে না' ॥৫২॥

(৫২)…ধনুশ্চ মহ্যম্…পি। (৫৩)…কৃষ্ণং রিপুঘ্নম্…মুমুক্ষুঃ সমরাৎ…পি। ' '…চতুঃ-সপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো।

ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:•:—

ধৃতরাষ্ট্র উবাচ।

সমাগমে পাণ্ডবসৃঞ্জয়ানাং মহাভয়ে মামকানামগাধে।
ধনঞ্জয়ে তাত! রণায় যাতে বভূব তদ্যুদ্ধমথো নু কীদৃক্ ॥১॥

সঞ্জয় উবাচ।

তেষামনীকানি বৃহদ্ধ্বজানি রণে সমৃদ্ধানি সমাগতানি।
গর্জ্জন্তি ভেরীনিনদোন্মুখানি নাদৈর্যথা মেঘগণাস্তপান্তে ॥২॥
মহাগজাভ্রাকুলমস্ত্রতোয়ং বাদিত্রনেমীতলশব্দবচ্চ।
হিরণ্যচিত্রায়ুধবিদ্যুতঞ্চ শরাসিনারাচমহাস্ত্রধারম্ ॥৩॥
তদ্ভীমবেগং রুধিরৌঘবাহি খড়্গাকুলং ক্ষত্রিয়জীবঘাতি।
অনার্ত্তবং ক্রূরমনিষ্টবর্ষং বভূব তৎ সংহরণং প্রজানাম্ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সমিতি। হে তাত! বৎস সঞ্জয়! অগাধে, মামকানাং যোধানাম, অগাধে অতলস্পর্শে অসীম ইত্যর্থঃ, মহাভয়ে মহাভয়জনকে, পাণ্ডবসৃঞ্জয়ানাম, সমাগমে সম্মেলনমধ্যে, ধনঞ্জয়ে রণায় যাতে সতি, তদ্যুদ্ধং কীদৃক্ নু বভূব ইতি ব্যগ্রভাবেন জিজ্ঞাসা ॥১॥

তেষামিতি। তপান্তে গ্রীষ্মকালাবসানে, মেঘগণাঃ যথা, তথা, বৃহন্তো ধ্বজা যেষাং তানি, সমৃদ্ধানি অস্ত্রশস্ত্রপূর্ণানি, ভেরীণাং নিনদেন উন্মুখানি যুদ্ধায়োদ্যতানি, সমাগতানি মিলিতানি, তেষামুভয়পক্ষাণাম, অনীকানি সৈন্যানি, নাদৈর্গর্জ্জন্তি স্ম ॥২॥

অদ্বিতীয় বীর, শত্রুহন্তা ও রক্তনয়ন অর্জ্জুন কৃষ্ণকে এইরূপ বলিয়া যুদ্ধে ভীমকে উদ্ধার ও কর্ণের দেহ হইতে মস্তক হরণ করিবার ইচ্ছা করিয়া সত্বর যাইতে লাগিলেন' ॥৫৩॥

—:•:—

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস সঞ্জয়! আমার সৈন্যগণের অসীম মহাভয়জনক পাণ্ডব ও সৃঞ্জয়গণের সেই সমবায়মধ্যে অর্জ্জুন যুদ্ধ করিবার জন্য উপস্থিত হইলে, সে যুদ্ধটা কিরূপ হইয়াছিল?' ॥১॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! গ্রীষ্মকাল অতীত হইলে, মেঘসমূহ যেমন গর্জন করে, তেমন উভয় পক্ষের সৈন্যেরা প্রথমে রণস্থলে গর্জন করিতে লাগিল। তাহাদের মধ্যে বৃহৎ বৃহৎ ধ্বজ ছিল এবং তাহারা অস্ত্রশস্ত্রসম্পন্ন, সম্মিলিত ও ভেরীর শব্দে যুদ্ধে উন্মুখ হইয়াছিল ॥২॥

(১) মহাহবে পাণ্ডবসৃঞ্জয়ানাং তথাবশিষ্টৈ বলৈ মহৎ...পি।

একং রথং সংপরিবার্য্য মৃত্যুং নয়ন্ত্যনেকে চ রথাঃ সমেতাঃ।
একস্তথৈকং রথিনং রথাগ্র্যস্তথা রথশ্চাপি রথাননেকান্ ॥৫॥
তথা সসূতং সহয়ঞ্চ কঞ্চিৎ কশ্চিদ্রথী মৃত্যুবশং নিনায়।
নিনায় চাপ্যেকগজেন কশ্চিদ্রথান্ বহূন্ মৃত্যুবশং তথাশ্বান্ ॥৬॥
রথান্ সসূতান্ সহয়ান্ গজাংশ্চ সর্বানরীন্ মৃত্যুবশং শরৌঘৈঃ।
নিন্যে হয়াংশ্চৈব তথা সসাদীন্ পদাতিসংঘাংশ্চ তথৈব পার্থঃ ॥৭॥

ভারতকৌমুদী

মহেতি। মহাগজা অভ্রাণি মেঘা ইব তৈরাকুলং ব্যাপ্তম্, অস্ত্রাণি তোয়ানীব যত্র তৎ, বাদিত্রাণাং বাদ্যানাং নেমীনাং চক্রপ্রান্তানাং তলানাং হস্তাবরণানাঞ্চ শব্দো গর্জনমিব রবঃ শব্দোঽস্তীতি তৎ, হিরণ্যেন স্বর্ণনিবেশেন চিত্রাণি আয়ুধানি বিদ্যুত ইব যত্র তৎ। অত্র বৈদ্যুচ্ছন্দস্যাকারাস্তত্ত্বমার্ষম্। শরাণামসীনাং নারাচানাম্ অন্যেষাং মহাস্ত্রাণাঞ্চ ধারা জলধারেব যত্র তৎ, ভীমো বেগো যস্য তৎ, রুধিরৌঘবাহি, খড়্গৈরাকুলং ব্যাপ্তম, ক্ষত্রিয়াণাং জীবিতানি প্রাণনাশকম্, অনার্ত্তবং বর্ষেতর-ঋতুজাতম্, ক্রূরং হিংস্রম্, অনিষ্টানি বর্ষাণি অস্ত্রাণাং জলানাঞ্চ বর্ষণানি যত্র তচ্চ, এবং প্রসিদ্ধম্, তৎ যুদ্ধম্, প্রজানাং লোকানাম্, হ্রিয়তে অনেনেতি সংহরণং নাশকং বভূব ॥৩—৪॥

একমিতি। সংপরিবার্য্য পরিবেষ্ট্য। সমেতাঃ মিলিতাঃ। রথাগ্র্যঃ রথিশ্রেষ্ঠঃ ॥৫॥

তথেতি। সসূতং সারথিসহিতম্, সহয়মশ্বসহিতম্। কশ্চিদ্রথীত্যনুবৃত্তিঃ ॥৬॥

রথানিতি। সসাদীন্ আরোহিসহিতান্। ইদন্তত্ত্বমার্ষম্। পার্থোঽর্জ্জুনঃ ॥৭॥

ক্রমে সেই যুদ্ধ অকালবৃষ্টির ন্যায় লোকক্ষয় করিতে লাগিল; তাহাতে মেঘের ন্যায় বিশাল হস্তী সকল চলিতে লাগিল; জলের ন্যায় অস্ত্র বর্ষণ হইতে থাকিল; বাদ্য, রথচক্র ও হস্তাবরণের শব্দ হইতে লাগিল; বিদ্যুতের ন্যায় স্বর্ণখচিত বিচিত্র অস্ত্র সকল জ্বলিতে থাকিল এবং জলধারার ন্যায় বাণ, তরবারি, নারাচ ও অন্যান্য মহাস্ত্রের ধারা পড়িতে লাগিল; পরে তাহা ভয়ঙ্করবেগশালী, রক্তপ্রবাহযুক্ত, খড়্গে পরিপূর্ণ ও ক্ষত্রিয়গণের জীবননাশক হইল ॥৩—৪॥

অনেক রথী মিলিত হইয়া একজন রথীকে পরিবেষ্টন করিয়া তাঁহাকে যমালয়ে প্রেরণ করিলেন, আবার একজন রথী একজন রথীকে এবং রথিশ্রেষ্ঠ একরথী অনেক রথীকে যমালয়ে পাঠাইলেন ॥৫॥

কোন রথী অশ্ব ও সারথির সহিত কোন রথীকে নিহত করিলেন; আবার কোন বীর একটা হস্তিদ্বারা বহু রথ ও বহু অশ্বকে বিনাশ করিলেন ॥৬॥

ওদিকে অর্জ্জুন উপস্থিত হইয়া বাণসমূহদ্বারা কৌরবপক্ষের অশ্ব ও সারথির

(৬)…সহয়ঞ্চ কশ্চিদ্রথো বলী মৃত্যুবশং নিনায়…পি।

হিরণ্যবর্ম্মা নিশিতৈঃ পৃষৎকৈস্তবাত্মজানামনিলাত্মজো বৈ।
অতাপয়ৎ সৈন্যমতীব ভীমঃ কালে শুচৌ মধ্যগতো যথার্কঃ ॥১৭॥
অথ ত্বিদানীং তুমুলে বিমর্দ্দে দ্বিষদ্ভিরেকো বহুভিঃ সমাবৃতঃ।
মহারণে সারথিমিত্যুবাচ ভীমশ্চমূং বাহয় ধার্ত্তরাষ্ট্রীম্ ॥১৮॥
ত্বং সারথে! যাহি জবেন বাহৈর্নয়াম্যেতান্ ধার্ত্তরাষ্ট্রান্ যমায়।
সঞ্চোদিতো ভীমসেনেন চৈবং স সারথিঃ পুত্রবলং ত্বদীয়ম্ ॥১৯॥
প্রায়াত্ততঃ সত্বরমুগ্রবেগো যতো ভীমস্তদ্বলং গন্তুমৈচ্ছৎ।
ততোঽপরে নাগরথাশ্বপত্তিভিঃ প্রত্যুদ্যযুস্তং কুরবঃ সমন্তাৎ ॥২০॥ (যুগ্মকম্)
ভীমস্য বাহাগ্র্যমুদারবেগং সমন্ততো বাণগণৈর্নিজঘ্নুঃ।
ততঃ শরানাপততো মহাত্মা চিচ্ছেদ বাণৈস্তপনীয়পুঙ্খৈঃ ॥২১॥

ভারতকৌমুদী

কৃপমিতি। নৈচ্ছৎ দয়য়া। তং শিখণ্ডিনম্। পঙ্কগতাং কর্দ্দমমগ্নাম্ ॥১৬॥
হিরণ্যেতি। হিরণ্যবর্ম্মা স্বর্ণময়কবচঃ। শুচৌ গ্রীষ্মে, মধ্যগতো গগনস্থ ॥১৭॥
অথেতি। বিমর্দ্দে সংঘর্ষে। ভীমো ভীমসেনঃ, বাহয় মাং প্রাপয় ॥১৮॥
ত্বমিতি। জবেন বেগেন, বাহৈরশ্বৈঃ। সঞ্চোদিতঃ প্রেরিতঃ। যতো যত্র ॥১৯—২০

ওদিকে রথস্থ শিখণ্ডী কৃপাচার্য্যকে রথবিহীন দেখিয়া বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিতে ইচ্ছা করিলেন না। এই সময়ে অশ্বত্থামা শিখণ্ডীকে বারণ করিয়া কর্দ্দমমগ্ন ধেনুর ন্যায় কৃপাচার্য্যের রথখানাকে উদ্ধার করিলেন ॥১৬॥

মহারাজ! স্বর্ণময়বর্ম্মধারী বায়ুপুত্র ভীমসেন সুধার বাণসমূহদ্বারা গ্রীষ্মকালে আকাশমধ্যবর্ত্তী সূর্য্যের ন্যায় আপনার পুত্রগণের সৈন্যগণকে অত্যন্ত সন্তপ্ত করিতে লাগিলেন ॥১৭॥

অনন্তর মহাযুদ্ধে তুমুল সংঘর্ষ চলিতে লাগিলে, ভীমসেন বহুশত্রুকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া সারথিকে বলিলেন—'তুমি আমাকে কৌরবসৈন্যমধ্যে লইয়া চল ॥১৮॥

সারথি! তুমি অশ্বগণের গুণে বেগে যাও, আমি ধৃতরাষ্ট্রের পুত্রগণকে যমালয়ে প্রেরণ করি'। ভীমসেন এইভাবে আদেশ করিলে, ভয়ঙ্করবেগশালী ভীমসেন যে দিকে কৌরবসৈন্যমধ্যে যাইতে ইচ্ছা করিয়াছিলেন, সারথি সত্বর সেই দিকে কৌরবসৈন্যমধ্যে গমন করিল। তাহার পর অন্য কৌরবেরা হস্তী, অশ্ব, রথ ও পদাতির সহিত সকল দিক্ হইতে ভীমের দিকে আগমন করিলেন ॥১৯—২০॥

(১৭) ইতঃ পরম্ '...পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' পি বঙ্গ বর্দ্ধ ন সে
(১৮)...মহাহবে সারথিমিত্যুবাচ...পি।

তে বৈ নিপেতুস্তপনীয়পুঙ্খা দ্বিধা ত্রিধা ভীমশরৈর্নিকৃত্তাঃ।
ততো রাজন্! নাগরথাশ্বযূনাং ভীমাহতানাং বররাজমধ্যে ॥২২॥
ঘোরো নিনাদঃ প্রবভৌ নরেন্দ্র! বজ্রাহতানামিব পর্বতানাম্।
তে বধ্যমানাশ্চ নরেন্দ্রমুখ্যা নির্ভিদ্যন্তো ভীমশরপ্রবেকৈঃ ॥২৩॥
ভীমং সমন্তাৎ সমরেঽভ্যরোহন্ বৃক্ষং শকুন্তা ইব জাতপক্ষাঃ।
ততোঽভিযাতে তব সৈন্যে স ভীমঃ প্রাদুশ্চক্রে বেগমনন্তবেগঃ ॥২৪॥
যথান্তকালে ক্ষপয়ন্ দিধক্ষুর্ভূতান্তকৃৎ কাল ইবাত্তদণ্ডঃ।
তস্যাতিবেগস্য রণেঽতিবেগং নাশক্নুবন্ বারয়িতুং ত্বদীয়াঃ ॥২৫॥
ব্যাত্তাননস্যাপততো যথৈব কালস্য কালে হরতঃ প্রজা বৈ।
ততো বলং ভারত! ভারতানাং প্রদহ্যমানং সমরে মহাত্মন্! ॥২৬॥
ভীতং দিশোঽকীর্য্যত ভীমনুন্নং মহানিলেনাভ্রগণো যথৈব।
ততো ধীমান্ সারথিমব্রবীদ্বলী স ভীমসেনঃ পুনরেব হৃষ্টঃ ॥২৭॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ভীমস্তেতি। বাহাগ্র্যং রথশ্রেষ্ঠম্। তপনীয়পুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ ॥২১॥

ত ইতি। নিকৃত্তাশ্ছিন্নাঃ। যুবানোঽত্র যোদ্ধারঃ। প্রবভৌ প্রচকাশে। নির্ভিদ্যন্তো বিদার্য্যমাণাঃ, ভীমস্য শরপ্রবেকৈর্বাণশ্রেষ্ঠৈঃ। অভ্যরোহন্ উপর্য্যপতন্, শকুন্তাঃ পক্ষিণঃ। দিধক্ষুর্দগ্ধুমিচ্ছুঃ, ভূতান্তকৃৎ প্রাণিনাশকঃ। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্। আত্তদণ্ডো গৃহীতদণ্ডঃ। ব্যাত্তাননস্য প্রকটিতবদনস্য। হরতঃ সংহরতঃ, প্রজা লোকান্। ভারতানাং কৌরবাণাম্। দিশঃ প্রাপ্য, অকীর্য্যত স্বয়মেব ব্যক্ষিপ্যত, ভীমেন নুন্নং প্রেরিতম্, অভ্রগণো মেঘসমূহঃ ॥২২—২৭॥

তাহার পর কৌরবেরা সকল দিক্ হইতে বাণসমূহদ্বারা মহাবেগশালী ভীমসেনের উত্তম রথখানার উপরে আঘাত করিতে লাগিলেন। সেই বাণগুলি আসিতে লাগিলে, মহাত্মা ভীমসেন স্বর্ণপুঙ্খ বাণসমূহে সেগুলিকে ছেদন করিতে থাকিলেন ॥২১॥

তখন সেই স্বর্ণপুঙ্খ বাণ সকল ভীমের বাণে দুই ও তিন ভাগে ছিন্ন হইয়া পতিত হইতে লাগিল। নরশ্রেষ্ঠ রাজা! তদনন্তর বজ্রাহত পর্ব্বতের ন্যায় ভীমাহত হস্তী, অশ্ব ও রথীদিগের ভয়ঙ্কর আর্ত্তনাদ প্রধান রাজগণমধ্যে প্রকাশ পাইতে থাকিল। ক্রমে জাতপক্ষ পক্ষিগণ যেমন বৃক্ষের উপরে পতিত হয়, সেইরূপ প্রধান রাজারা ভীমের উত্তম বাণে আহত ও বিদীর্ণ হইতে থাকিয়া সকল দিক্ হইতে যাইয়া ভীমের উপরে পতিত হইতে লাগিলেন। তদনন্তর আপনার সৈন্যেরা

(২২)…ভীমাহতানাং পততামাজিমধ্যে…পি। (২৫) যথান্তকালে ক্ষয়য়ন্…পি বঙ্গ বর্দ্ধ বা।

সূতাভিজানীহি স্বকান্ পরান্ বা রথান্ ধ্বজাংশ্চাপততঃ সমেতান্।
যুধ্যন্ হ্যহং নাভিজানামি কিঞ্চিন্মা সৈন্যং স্বং ছাদয়িষ্যে পৃষৎকৈঃ ॥২৮॥
অরীন্ বিশোকাভিনিরীক্ষ্য সর্বতো রথান্ ধ্বজাগ্রাণি দুনোমি বৈ ভৃশম্।
রাজাতুরো নাগমদ্‌যৎ কিরীটী বহূনি দুঃখান্যভিযাতোঽস্মি সূত ! ॥২৯॥
এতদ্দুঃখং সারথে ! ধর্ম্মরাজো যন্মাং হিত্বা যাতবান্ শত্রুমধ্যে।
নৈনং জীবং নৈব জানাম্যজীবং বীভৎসুং বা তন্মমাদ্যাতিদুঃখম্ ॥৩০॥
সোঽহং দ্বিষৎসৈন্যমুদগ্রকল্পং বিনাশয়িষ্যে পরমপ্রতীতঃ।
এবং নিহত্যাজিমধ্যে সমেতং প্রীতো ভবিষ্যামি সহ ত্বয়াদ্য ॥৩১॥

ভারতকৌমুদী

সূতেতি। হে সূত ! সারথে ! স্বকান্ স্বপক্ষীয়ান্। পৃষৎকৈর্বাণৈঃ ॥২৮॥
অরীনিতি। হে বিশোক ! তদাখ্যসারথে ! দুনোমি সন্তপ্তোঽস্মি। রাজা যুধিষ্ঠিরঃ ॥২৯॥
এতদিতি। জীবং জীবন্তম্। অজীবমজীবন্তম্, বীভৎসুমর্জ্জুনম্ ॥৩০॥

যাইয়া আক্রমণ করিলে, প্রলয়কালে ক্ষয়প্রবৃত্ত, দহনার্থী, প্রাণিনাশক ও দণ্ডধারী কালের ন্যায় অসীমবেগশালী ভীমসেন গুরুতর বেগ প্রকাশ করিলেন। মহারাজ ! তখন আপনার পক্ষের যোদ্ধারা প্রলয়কালে প্রকটিতবদন লোকসংহারে প্রবৃত্ত আপতিত কালের ন্যায় মহাবেগশালী ভীমসেনের সেই মহাবেগ বারণ করিতে সমর্থ হইলেন না। মহাত্মা ভরতনন্দন ! তাহার পর মহাবায়ুবেগে মেঘসমূহের ন্যায় কৌরবসৈন্যেরা ভীমসেনের বেগে নানাদিকে বিক্ষিপ্ত হইয়া পড়িল। কারণ, তাহারা তখন দগ্ধ হইতে থাকিয়া ভীত হইয়াছিল। তৎপরে বুদ্ধিমান্ ও বলবান্ ভীমসেন হৃষ্ট হইয়া পুনরায় সারথিকে বলিলেন—॥২২—২৭॥

'সারথি ! তুমি জান দেখি—ঐ যে রথ ও ধ্বজ সকল সম্মিলিত হইয়া আসিতেছে, ঐগুলি কি স্বপক্ষের না—বিপক্ষের। আমি যুদ্ধ করিতে থাকিয়া কিছুই ঠিক্ বুঝিতেছি না। বাণদ্বারা যেন আপন সৈন্য আবৃত না করি ॥২৮॥

বিশোক ! সকল দিকে শত্রু, শত্রুগণের রথ ও ধ্বজাগ্র সকল দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন হইয়াছি। কারণ, রাজা (যুধিষ্ঠির) পীড়িত হইয়াছেন, অর্জ্জুনও আসিতেছেন না। অতএব সারথি ! আমি বহুদুঃখে অভিভূত হইয়াছি ॥২৯॥

সারথি ! ইহা আমার দারুণ দুঃখ যে, ধর্ম্মরাজ আমাকে পরিত্যাগ করিয়া শত্রুমধ্যে গিয়াছিলেন ; তাহাতে তিনি ও অর্জ্জুন জীবিত আছেন বা জীবিত নাই, তাহা জানিতে পারিলাম না। ইহাই আমার এখন অত্যন্ত দুঃখ ॥৩০॥

(২৬)…সমরে মহাত্মনা—বর্দ্ধ বা,…সমরে মহাত্মা—সো। (২৮)…মা সৌম্য ! স্বম্… পি। (৩১)…নিনাশয়িষ্যে…বর্দ্ধ।

সর্বাংস্তূণান্ সায়কানামবেক্ষ্য কিং শিষ্টং স্যাৎ সায়কানাং রথে মে।
কা বা জাতিঃ কিং প্রমাণঞ্চ তেষাং জ্ঞাত্বা ব্যক্তং তন্মমাচক্ষ্ব সূত! ॥৩২॥

বিশোক উবাচ।

ষণ্মার্গণানামযুতানি বীর! ক্ষুরাশ্চ ভল্লাশ্চ তথাযুতাখ্যাঃ।
নারাচানাং দ্বে সহস্রে চ বীর! ত্রীণ্যেব চ প্রদরাণাং স্ম পার্থ!।
অস্ত্যায়ুধং পাণ্ডবেয়াবশিষ্টং ন যদ্বহেচ্ছকটং ষড়্গবীয়ম্ ॥৩৩॥
এতদ্বিদ্বন্! মুঞ্চ সহস্রশোঽপি গদাসিবাহুদ্রবিণঞ্চ তেঽস্তি।
প্রাসাশ্চ খড়্গাঃ শক্তয়স্তোমরাশ্চ মা ভৈষীস্ত্বং সংক্ষয়াদায়ুধানাম্ ॥৩৪॥

ভীম উবাচ।

সূতাদ্যেমং পশ্য ভীমপ্রমুক্তৈঃ সংছিন্দদ্ভিঃ পার্থিবানাশুবেগৈঃ।
ছন্নং বাণৈরাহবং ঘোররূপং নষ্টাদিত্যং মৃত্যুলোকেন তুল্যম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

স ইতি। উদগ্রকল্পং প্রায়েণৈব যুদ্ধব্যাপারে উন্নতম্, পরমপ্রতীতঃ অতীবহৃষ্টঃ ॥৩১॥

সর্বানিতি। শিষ্টমবশিষ্টম্। জাতিঃ প্রকারঃ, প্রমাণং পরিমাণম্ ॥৩২॥

ষড়িতি। মার্গণানাং বাণানাম্। অযুতাখ্যাঃ প্রত্যেকত এবাযুতসংখ্যাঃ। স্মেতি পাদপূরণে। বহেৎ বোঢ়ুং শক্নুয়াৎ, ষড়্ভির্গোভির্বাহ্যমিতি ষড়্গবীয়ম্। ষট্পাদঃ ॥৩৩॥

এতদিতি। হে বিদ্বন্! জানন্!। বাহ্বোর্দ্রবিণং বলম্, "দ্রবিণন্তু বলং ধনম্" ইত্যমরঃ ॥৩৪॥

সে যাহা হউক, আমি অত্যন্তহৃষ্ট চিত্তে উন্নত শত্রুসৈন্য বিনাশ করিব। এইভাবে যুদ্ধমধ্যে উপস্থিত শত্রুসৈন্য সংহার করিয়া আজ তোমার সহিত আনন্দিত হইব ॥৩১॥

সারথি! তুমি বাণের সকল তূণ দেখিয়া আমার রথে তাহার কত অবশিষ্ট আছে, সেগুলি কোন্ প্রকার এবং তাহার সংখ্যা কত ইহা জানিয়া আমার নিকট তাহা স্পষ্ট বল' ॥৩২॥

বিশোক বলিল—'বীর পৃথানন্দন! ষাট্ হাজার বাণ, দশ হাজার ক্ষুর, দশ হাজার ভল্ল, দুই হাজার নারাচ এবং তিন হাজার প্রদর আছে। অতএব পাণ্ডুনন্দন! ছয়টা গরুর বহনীয় গাড়ী যাহা বহন করিতে পারে না, এত অস্ত্র অবশিষ্ট আছে ॥৩৩॥

ইহা জানিয়া আপনি হাজার হাজার অস্ত্র ক্ষেপ করুন না কেন; তা'র পর আপনার গদা, তরবারি ও বাহুবল রহিয়াছে এবং বহুতর প্রাস, খড়্গ, শক্তি ও তোমর আছে। অতএব আপনি অস্ত্রক্ষয়ের ভয় করিবেন না' ॥৩৪॥

---

(৩৪) এতদ্বি দ্বম্...পাশাশ্চ খড়্গাঃ...পি।

অদ্যৈতদ্বৈ বিদিতং পার্থিবানাং ভবিষ্যতি হ্যাকুমারঞ্চ সূত ।।
নিমগ্নো বা সমরে ভীমসেনো হ্যেকঃ কুরূন্ বা সমরে ব্যজৈষীৎ ॥৩৬॥
সর্ব্বে সংখ্যে কুরবো নিষ্পতন্তু মাং বা লোকাঃ কীর্ত্তয়ন্ত্বাকুমারম্ ।
সর্বানেকস্তানহং পাতয়িষ্যে তে বা সর্ব্বে ভীমসেনং তুদন্তু ॥৩৭॥
আশাস্তারঃ কর্ম্ম চাপ্যুত্তমং যে তন্মে দেবাঃ কেবলং সাধয়ন্তু ।
আয়াত্বিহাদ্যার্জ্জুনঃ শক্রঘাতী শক্রস্তূর্ণং যজ্ঞ ইবোপহূতঃ ॥৩৮॥
ঈক্ষস্বৈতাং ভারতীং দীর্য্যমাণামেতে কস্মাদ্বিদ্রবন্তে নরেন্দ্রাঃ ।
ব্যক্তং ধীমান্ সব্যসাচী নরাগ্র্যঃ সৈন্যং হ্যেতচ্ছাদয়ত্যাশু বাণৈঃ ॥৩৯॥
পশ্য ধ্বজাংশ্চ দ্রবতো বিশোক ! নাগান্ হয়ান্ পত্তিসংঘাংশ্চ সংখ্যে ।
রথান্ বিকীর্ণান্ শরশক্তিতাড়িতান্ পশ্যস্বৈতান্ রথিনশ্চৈব সূত ! ॥৪০॥

ভারতকৌমুদী

সূতেতি । নষ্টঃ অদর্শনং গত আদিত্যো যস্মিন্ তম্ ॥৩৫॥
অদ্যেতি । আকুমারং বাল্যাবধি । নিমগ্নঃ শয়িতঃ ॥৩৬॥
সর্ব ইতি । নিষ্পতন্তু মমোপরি । কীর্ত্তয়ন্তু বীরত্বেন দুর্বলত্বেন বা । তুদন্তু ব্যথয়ন্তু ॥৩৭॥
আশাস্তার ইতি । আশাস্তারঃ উপদেষ্টারঃ । কিং সাধয়ন্ত্বিত্যাহ আয়াত্বিতি ॥৩৮॥
ঈক্ষস্বেতি । ভারতীং কৌরবীং সেনাম্ । বিদ্রবন্তে পলায়ন্তে । সব্যসাচী অর্জ্জুনঃ ॥৩৯॥
পশ্যেতি । দ্রবতঃ অপগচ্ছতঃ, নাগান্ গজান্ । বিকীর্ণান্ বিক্ষিপ্তান্ ॥৪০॥

ভীম বলিলেন—'সারথি ! তাহা হইলে দেখ—ভীমনিক্ষিপ্ত, দ্রুতবেগশালী ও ক্ষত্রিয়নাশী বাণ সকল যাইয়া আবৃত করিবে ; তাহাতে রণস্থল যমলোকের তুল্য হইবে এবং সূর্য্য অদৃশ্য হইয়া যাইবে ॥৩৫॥

সারথি ! আজ বাল্যকালাবধি ক্ষত্রিয়গণের ইহা বিদিত হইবে যে, ভীমসেন যুদ্ধে পতিত হইয়াছিল, কিংবা একাকী যুদ্ধে সমস্ত কৌরবকে জয় করিয়াছিল ॥৩৬॥

যুদ্ধে সমস্ত কৌরব আসিয়া আমার উপরে পতিত হউক ; কিংবা লোকে বাল্যকাল হইতে আমাকে বলবান্ বা দুর্ব্বল বলিয়া কীর্ত্তন করুক ; আমি একাকী সমস্ত কৌরবকে নিপাত করিব ; কিংবা তাহারা সকলে আমাকে পীড়ন করুক ॥৩৭॥

যাঁহারা উত্তম কার্য্যের উপদেশ দিয়া থাকেন, সেই দেবতারা আমার কেবল এই কার্য্যটা সম্পাদন করুন—ইন্দ্র যেমন আহূত হইয়া যজ্ঞে সত্বর আগমন করেন, সেইরূপ শক্রহন্তা অর্জ্জুন সত্বর এখানে আগমন করুন ॥৩৮॥

সারথি ! দেখ—এই কৌরবসৈন্য কেন বিদীর্ণ হইতেছে, এই রাজারা কেন পলায়ন করিতেছেন ! নিশ্চয়ই বুদ্ধিমান্ ও নরশ্রেষ্ঠ অর্জ্জুন বাণদ্বারা সত্বর এই সৈন্যগণকে আবৃত করিতেছেন ॥৩৯॥

আপূর্য্যতে কৌরবী চাপ্যভীক্ষ্ণং সেনা হ্যসৌ সুভৃশং হন্যমানা।
ধনঞ্জয়স্যাশনিতুল্যবেগৈর্গ্রস্তা শরৈঃ কাঞ্চনবর্হিবাজৈঃ ॥৪১॥
এতে দ্রবন্তি স্ম রথাশ্বনাগাঃ পদাতিসংঘানবমর্দ্দয়ন্তঃ।
সংমুহ্যমানাঃ কৌরবাঃ সর্ব এব দ্রবন্তি নাগা ইব দাবভীতাঃ।
হাহাকৃতাশ্চৈব রণে বিশোক! মুঞ্চন্তি নাদান্ বিপুলান্ গজেন্দ্রাঃ ॥৪২॥

বিশোক উবাচ।

কিং ভীম! নৈনং ত্বমিহাশৃণোষি বিস্ফার্য্যতো গাণ্ডিবস্যাতিঘোষম্।
ক্রুদ্ধেন পার্থেন বিকৃষ্যতেঽদ্য কচ্চিন্নেমৌ তব কর্ণৌ বিনষ্টৌ ॥৪৩॥
সর্বে কামাঃ পাণ্ডব! তে সমৃদ্ধাঃ কপির্হ্যসৌ দৃশ্যতে হস্তিসৈন্যে।
নীলাদ্ঘনাদ্বিদ্যুতমুচ্চরন্তীং তথা পশ্য বিস্ফুরন্তীং ধনুর্জ্যাম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

আপূর্য্যত ইতি। আপূর্য্যতে আর্ত্তনাদেন, অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। গ্রস্তা আক্রান্তা, কাঞ্চনবৎ স্বর্ণবৎ পীতা বর্হিণাং ময়ূরাণাং বাজাঃ পক্ষা যেষু তৈঃ ॥৪১॥

এত ইতি। দ্রবন্তি পলায়ন্তে। পদাতিসংঘান্ স্বপক্ষীয়ানেব। সংমুহ্যমানাঃ প্রহারাতিশয়াৎ কর্ত্তব্যমূঢ়তামাপদ্যমানাঃ। দাবাদ্বনবহ্নের্ভীতাঃ। হাহেত্যস্য কৃতং করণং যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

কিমিতি। বিস্ফার্য্যতো বিস্ফার্য্যমাণস্য। বিকৃষ্যতে আকৃষ্যতে গাণ্ডিবমেব ॥৪৩॥

বিশোক! দেখ—বাণ ও শক্তিদ্বারা তাড়িত হইয়া ধ্বজ, হস্তী, অশ্ব ও পদাতিগণ অপসৃত হইতেছে; সারথি! আরও দেখ—এই রথ ও রথীরা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছেন ॥৪০॥

বজ্রের তুল্য বেগবান্ এবং স্বর্ণবর্ণময়ূরপক্ষযুক্ত অর্জ্জুনের বাণে আক্রান্ত ও অত্যন্ত আহত হইতে থাকিয়া ঐ কৌরবসৈন্য বার বার আর্ত্তনাদ করিতেছে ॥৪১॥

বিশোক! এই হস্তী, অশ্ব ও রথগুলি স্বপক্ষের পদাতিসমূহকেই মর্দ্দন করিতে থাকিয়া পলায়ন করিতেছে; দাবানলভীত হস্তিগণের ন্যায় সমস্ত কৌরবসৈন্যই কর্ত্তব্যবিমূঢ় হইয়া হাহাকার করিতে থাকিয়া অপসৃত হইতেছে এবং বিশাল হস্তী সকল বিপুল আর্ত্তনাদ করিতেছে' ॥৪২॥

বিশোক বলিল—'মধ্যমপাণ্ডব! আপনি আকৃষ্যমাণ গাণ্ডীবধনুর এই বিশাল শব্দ শুনিতেছেন না কি? আপনার কর্ণযুগল বিনষ্ট হয় নাই ত? ক্রুদ্ধ অর্জ্জুন এই ধনু আকর্ষণ করিতেছেন ॥৪৩॥

---

(৪১) আঘূর্ণতে কৌরবী চাপ্যভীক্ষ্ণম্···পি। (৪২)···সংযুজ্যমানাঃ কৌরবাঃ··· দাহভীতাঃ···পি।

কপির্হ্যসৌ দৃশ্যতে সর্বতো বৈ ধ্বজাগ্রমারুহ্য ধনঞ্জয়স্য।
বিত্রাসয়ন্ দ্বিষৎসংঘান্ বিমর্দ্দে বিভেম্যস্মাদাত্মনৈবাভিবীক্ষ্য ॥৪৫॥
বিভ্রাজতে চাতিমাত্রং কিরীটং বিচিত্রমেতচ্চ ধনঞ্জয়স্য।
দিবাকরাভো মণিরেষ দিব্যো বিভ্রাজতে চৈব কিরীটসংস্থঃ ॥৪৬॥
পার্শ্বে ভীমং পাণ্ডরাভ্রপ্রকাশং পশ্যস্ব শঙ্খং দেবদত্তং সুঘোষম্।
অভীষুহস্তস্য জনার্দ্দনস্য বিগাহমানস্য চমূং পরেষাম্ ॥৪৭॥
রবিপ্রভং বজ্রনাভং ক্ষুরাভং পার্শ্বে স্থিতং পশ্য জনার্দ্দনস্য।
চক্রং যশোবর্দ্ধনং কেশবস্য সদার্চ্চিতং যদুভিঃ পশ্য বীর! ॥৪৮॥

ভারতকৌমুদী

সর্ব ইতি। সমৃদ্ধাঃ সম্পন্নাঃ, কপিঃ অর্জ্জুনধ্বজস্থো বানরঃ। ঘনান্মেঘাৎ ॥৪৪॥

কপিরিতি। আরুহ্য স্থিত ইতি শেষঃ। বিমর্দ্দে যুদ্ধসংঘর্ষে। আত্মনঃ স্বপক্ষস্থৈব, অভিবীক্ষ্য কপিং দৃষ্ট্বা, অস্মাৎ কপের্বিভেমি। আত্মনৈবেতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪৫॥

বিভ্রাজত ইতি। দিবাকরাভঃ সূর্য্যবদুজ্জ্বলঃ। দিব্যঃ স্বর্গীয়ঃ ॥৪৬॥

পার্শ্ব ইতি। অভীষবঃ অশ্বরজ্জবো হস্তে যস্য তস্য, পরেষাং বিপক্ষাণাং চমূং সেনাম্, বিগাহমানস্য আলোড়য়তঃ, জনার্দ্দনস্য কৃষ্ণস্য পার্শ্বে, ভীমং ভীষণম্, পাণ্ডরাভ্রপ্রকাশং শুভ্রমেঘসবর্ণম্, দেবদত্তং নাম, শোভনো ঘোষো নাদো যস্য তং শঙ্খং পশ্য ॥৪৭॥

রবীতি। বজ্রমিব দৃঢ়া নাভির্যস্য তৎ, ক্ষুরাভং ক্ষুরধারম্। চক্রং সুদর্শনম্ ॥৪৮॥

পাণ্ডুনন্দন! আপনার সমস্ত অভিলাষ পূর্ণ হইয়াছে। হস্তিসৈন্যমধ্যে ঐ বানর দেখা যাইতেছে; নীল মেঘ হইতে নির্গত বিদ্যুতের ন্যায় ঐ উজ্জ্বল গাণ্ডীবধনুর গুণ দর্শন করুন ॥৪৪॥

ঐ অর্জ্জুনের ধ্বজাগ্রস্থিত বানর সকল দিক্ হইতে দেখা যাইতেছে, ঐ বানর শত্রুসমূহের বিশেষ ত্রাস জন্মাইতেছে; আমিও স্বপক্ষেরই ঐ বানর দেখিয়া ভীত হইয়াছি ॥৪৫॥

এই অর্জ্জুনের বিচিত্র কিরীট অত্যন্ত প্রকাশ পাইতেছে এবং এই সূর্য্যের ন্যায় উজ্জ্বল কিরীটস্থিত দিব্য মণি স্ফুরিত হইতেছে ॥৪৬॥

মধ্যমপাণ্ডব! দেখুন—অশ্বরশ্মিধারী ও বিপক্ষসৈন্যের আলোড়নকারী কৃষ্ণের পার্শ্বে ভীষণাকৃতি, শুভ্রমেঘের ন্যায় ধবলবর্ণ এবং সুন্দরনাদকারী 'দেবদত্ত'-নামক অর্জ্জুনের শঙ্খ রহিয়াছে ॥৪৭॥

বীর! দেখুন দেখুন—যদুবংশীয়েরা সর্ব্বদা যাহার গৌরব করেন, যাহা কৃষ্ণের যশোবর্দ্ধক ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং যাহার নাভিদেশ বজ্রের ন্যায় দৃঢ় ও ধার ক্ষুরের তুল্য, সেই সুদর্শনচক্র কৃষ্ণের পার্শ্বে রহিয়াছে ॥৪৮॥

(৪৫)…ধ্বজাগ্রমাসাদ্য…পি।

মহাদ্বিপানাং সরলদ্রুমোপমাঃ করা নিকৃত্তাঃ প্রপতন্ত্যমী ক্ষুরৈঃ।
কিরীটিনা তে চ পুনঃ সসাদিনঃ শরৈঃ প্রভিন্নাঃ কুলিশৈরিবাদ্রয়ঃ ॥৪৯॥
তথৈব কৃষ্ণস্য চ পাঞ্চজন্যং মহার্হমেতং দ্বিজরাজবর্ণম্।
কৌন্তেয়! পশ্যোরসি কৌস্তভঞ্চ জাজ্বল্যমানং বিজয়াং স্রজঞ্চ ॥৫০॥
ধ্রুবং রথাগ্র্যঃ সমুপৈতি পার্থো বিদ্রাবয়ন্ সৈন্যমিদং পরেষাম্।
সিতাভ্রবর্ণৈরসিতপ্রযুক্তৈর্হয়ৈর্মহার্হৈ রথিনাং বরিষ্ঠঃ ॥৫১॥
রথান্ হয়ান্ পত্তিগণাংশ্চ সায়কৈর্বিদারিতান্ পশ্য পতন্ত্যমী যথা।
তবানুজেনামররাজতেজসা মহাবনানীব সুপর্ণবায়ুনা ॥৫২॥

ভারতকৌমুদী

মহেতি। করাঃ শুণ্ডাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ। সসাদিন আরোহিসহিতাঃ, প্রভিন্না বিদীর্ণাঃ ॥৪৯॥

তথেতি। পাঞ্চজন্যং নাম শঙ্খম্, মহার্হং মহামূল্যম্, দ্বিজরাজবর্ণং চন্দ্রমিব শুভ্রবর্ণম্। উরসি কৃষ্ণস্যৈব বক্ষসি, কৌস্তভং নাম মণিম্, বিজয়াং নাম স্রজং মালাম্ ॥৫০॥

ধ্রুবমিতি। রথেন অগ্র্যো বীরশ্রেষ্ঠঃ, পার্থোঽর্জ্জুনঃ. বিদ্রাবয়ন্ নিপীড়য়ন্। সিতাভ্রবর্ণৈঃ শুভ্রমেঘসবর্ণৈঃ, অসিতেন কৃষ্ণেন প্রযুক্তৈশ্চালিতৈঃ, হয়ৈরশ্বৈঃ, মহার্হৈর্মহামূল্যৈঃ ॥৫১॥

রথানিতি। অমররাজতেজসা ইন্দ্রতুল্যশক্তিনা, সুপর্ণবায়ুনা গরুড়পক্ষবাতেন ॥৫২॥

ভারতভাবদীপঃ

সমাগমে ইতি। সমাগমে কর্ণেন সহ কীদৃগ্‌যুদ্ধমভূদিতি শেষঃ ॥১—৯॥ পাঞ্চালেয়ং পাঞ্চালীতনয়ং নাকুলিম্ ॥১০—৩২॥ প্রদরা বাণবিশেষাঃ ॥৩৩—৫০॥ অসিতপ্রযুক্তৈঃ কৃষ্ণপ্রযুক্তৈঃ ॥৫১—৫৫॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৬॥

সরলবৃক্ষের ন্যায় বিশাল ঐ মহাহস্তিগণের শুঁড়গুলি ক্ষুরচ্ছিন্ন হইয়া পতিত হইতেছে; আবার ইন্দ্র বজ্রদ্বারা পর্বতসমূহের ন্যায় অর্জ্জুন বাণদ্বারা আরোহীদের সহিত সেই হস্তিগণকে বিদীর্ণ করিতেছেন ॥৪৯॥

কুন্তীনন্দন! দর্শন করুন—মহামূল্য ও চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ এই কৃষ্ণের পাঞ্চজন্য শঙ্খ রহিয়াছে এবং উঁহার বক্ষস্থলে জাজ্বল্যমান কৌস্তভমণি ও বিজয়ানাম্নী মালা শোভা পাইতেছে ॥৫০॥

অতএব নিশ্চয়ই রথিশ্রেষ্ঠ অর্জ্জুন কৃষ্ণচালিত, মহামূল্য ও শুভ্রমেঘবর্ণ ঘোটক-যুক্ত রথে আরোহণ করিয়া এই বিপক্ষসৈন্য পীড়ন করিতে করিতে আসিতেছেন ॥৫১॥

মধ্যমপাণ্ডব! দর্শন করুন—ইন্দ্রের তুল্য তেজস্বী আপনার কনিষ্ঠ সহোদর বাণদ্বারা রথ, অশ্ব ও পদাতিগণকে বিদীর্ণ করিতেছেন; তাহাতে গরুড়ের পক্ষ-বায়ুতে মহাবনের ন্যায় ঐ সেগুলি পতিত হইতেছে ॥৫২॥

(৫০) মহার্হমেতদ্দ্বিজরাজবর্ণম্···বর্দ্ধ বা সো।

চতুঃশতান্ পশ্য রথানিমান্ হতান্ সবাজিসূতান্ সমরে কিরীটিনা।
মহেষুভিঃ সপ্ত শতানি দন্তিনাং পদাতিসাদীংশ্চ হতাননেকশঃ ॥৫৩॥
অয়ং সমভ্যেতি তবান্তিকং বলী নিঘ্নন্ কুরূংশ্চিত্র ইব গ্রহোঽর্জ্জুনঃ।
সমৃদ্ধকামোঽসি হতাস্তবাহিতা বলং তবায়ুশ্চ চিরায় বর্দ্ধতাম্ ॥৫৪॥

ভীম উবাচ।

দদানি তে গ্রামবরাংশ্চতুর্দ্দশ প্রিয়াখ্যানে সারথে! সুপ্রসন্নঃ।
দাসীশতঞ্চাপি রথাংশ্চ বিংশতিং যদর্জ্জুনং বেদয়সে বিশোক! ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি ভীমবিশোকসংবাদে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

চতুরিতি। সবাজিসূতান্ অশ্বসারথিসহিতান্। সাদয় আরোহিণঃ। ইদন্তত্বমার্ষম্ ॥৫৩॥
অয়মিতি। চিত্রোঽদ্ভুতঃ। সমৃদ্ধকামঃ পূর্ণাভিলাষঃ। অহিতাঃ শত্রবঃ ॥৫৪॥
দদানীতি। প্রিয়াখ্যানে প্রীতিকরসংবাদকথনে। বেদয়সে আগতত্বেন জ্ঞাপয়সি ॥৫৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

————:-০-:————

অর্জ্জুন মহাবাণসমূহদ্বারা যুদ্ধে অশ্ব ও সারথিগণের সহিত এই চারি শত রথ বিনাশ করিয়াছেন এবং সপ্ত শত হস্তী, অনেক পদাতি ও আরোহী নিহত করিয়াছেন—দেখুন ॥৫৩॥

বিচিত্র গ্রহের ন্যায় বলবান্ অর্জ্জুন কৌরবসৈন্যগণকে বিনাশ করিতে করিতে এই আপনার নিকট আসিতেছেন। অতএব 'আপনি পূর্ণকাম হইয়াছেন এবং আপনার শত্রুগণও নিহত হইয়াছে। এখন আপনার বল ও আয়ু চিরকালের জন্য বৃদ্ধিলাভ করুক' ॥৫৪॥

ভীমসেন বলিলেন—'বিশোক! সারথি! তুমি যে অর্জ্জুনের আগমন জ্ঞাপন করিয়াছ এবং প্রিয়সংবাদ বলিয়াছ, সেই জন্য আমি প্রসন্ন হইয়া তোমাকে উত্তম চৌদ্দখানি গ্রাম, একশত দাসী ও কুড়িখানি রথ দান করিব' ॥৫৫॥

——:-০-:——

(৫৪)···ত্বদন্তিকম্···চিত্র ইবাগ্রতোঽর্জ্জুনঃ···পি। (৫৫) দদামি তে···পি।
ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা চ রথনির্ঘোষং সিংহনাদঞ্চ সংযুগে।
অর্জ্জুনঃ প্রাহ গোবিন্দং শীঘ্রং চোদয় বাজিনঃ ॥১॥
অর্জ্জুনস্য বচঃ শ্রুত্বা গোবিন্দোঽর্জ্জুনমব্রবীৎ।
এষ গচ্ছামি সুক্ষিপ্রং যত্র ভীমো ব্যবস্থিতঃ ॥২॥
তং যান্তমশ্বৈর্হিমশঙ্খবর্ণৈঃ সুবর্ণমুক্তামণিজালনদ্ধৈঃ।
জম্ভং জিঘাংসুং প্রগৃহীতবজ্রং জয়ায় দেবেন্দ্রমিবোগ্রমন্যুম্ ॥৩॥
রথাশ্বমাতঙ্গপদাতিসংঘা বাণস্বনৈর্নেমিখুরস্বনৈশ্চ।
সংনাদয়ন্তো বসুধাং দিশশ্চ ক্রুদ্ধা নৃসিংহা জয়মভ্যুদীয়ুঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। চোদয় চালয়। ভীমসাহায্যোৎসুক্যেনেদমাদিষ্টম্ ॥১॥

অর্জ্জুনস্যেতি। সুক্ষিপ্রম্ অতিশীঘ্রম্ ॥২॥

তমিতি। রথাশ্বমাতঙ্গপদাতিসংঘাঃ, ক্রুদ্ধা নৃসিংহা নরশ্রেষ্ঠাশ্চ, বাণস্বনৈঃ, নেমীনাং রথচক্রপ্রান্তানাম্ অশ্বগণখুরাণাঞ্চ স্বনৈঃ, বসুধাং রণভূমিং দিশশ্চ, সংনাদয়ন্তঃ সন্তঃ, জম্ভং নামাসুরম্, জিঘাংসুং হন্তুমিচ্ছুম্, অতএব প্রগৃহীতবজ্রম্, দেবেন্দ্রমিব, জয়ায়, হিমশঙ্খবর্ণৈঃ তুষারবৎ শঙ্খবচ্চ শুভ্রবর্ণৈঃ, সুবর্ণমুক্তামণীনাং জালেন নদ্ধৈর্বেষ্টিতগাত্রৈশ্চ অশ্বৈঃ, যান্তং ভীমান্তিকে গচ্ছন্তম্, উগ্রমন্যুং মহাক্রোধম্, তং জয়মর্জ্জুনম্, অভ্যুদীয়ুঃ অভিজগ্মুঃ ॥৩—৪॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! যুদ্ধে বিপক্ষের রথধ্বনি ও সিংহনাদ শুনিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! অশ্বগুলিকে সত্বর চালাও' ॥১॥

অর্জ্জুনের উক্তি শুনিয়া কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'যেখানে ভীম রহিয়াছেন, এই আমি সত্বর সেখানে যাইতেছি' ॥২॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন বজ্রধারণপূর্ব্বক জম্ভাসুরকে বধ করিবার ইচ্ছায় যাইতেছিলেন, সেইরূপ মহাক্রুদ্ধ অর্জ্জুন হিম ও শঙ্খের ন্যায় শুভ্রবর্ণ এবং স্বর্ণ, মুক্তা ও মণিজালে বেষ্টিত অশ্বগণের গুণে বেগে যাইতে লাগিলে, রথী, অশ্বারোহী, গজারোহী ও পদাতিরা এবং ক্রুদ্ধ নরশ্রেষ্ঠেরা বাণ, রথচক্র ও খুরের শব্দে রণভূমি ও সমস্ত দিক্ নিনাদিত করিয়া অর্জ্জুনের অভিমুখে যাইতে লাগিলেন ॥৩—৪॥

তেষাঞ্চ পার্থস্য চ মারিষাসীদ্দেহাসুপাপক্ষপণং সুযুদ্ধম্ ।
ত্রৈলোক্যহেতোর্হ্যসুরৈর্যথাসীদ্দেবস্য বিষ্ণোর্জয়তাং বরস্য ॥৫॥
তৈরস্তমুচ্চাবচমায়ুধং তদেকঃ প্রচিচ্ছেদ কিরীটমালী ।
ক্ষুরার্দ্ধচন্দ্রৈর্নিশিতৈশ্চ ভল্লৈঃ শিরাংসি তেষাং বহুধা চ বাহূন্ ॥৬॥
ছত্রাণি বালব্যজনানি কেতূনশ্বান্ রথান্ পত্তিগণান্ দ্বিপাংশ্চ ।
তে পেতুরুর্ব্ব্যাং বহুধা বিরূপা বাতপ্রভগ্নানি যথা বনানি ॥৭॥
সুবর্ণজালাবততা মহাগজাঃ সবৈজয়ন্তীধ্বজযোধকল্পিতাঃ ।
সুবর্ণপুঙ্খৈরিষুভিঃ সমাচিতাশ্চকাশিরে প্রজ্বলিতা যথাচলাঃ ॥৮॥
বিদার্য্য নাগাশ্বরথান্ ধনঞ্জয়ঃ শরোত্তমৈর্বাসববজ্রসন্নিভৈঃ ।
দ্রুতং যযৌ কর্ণজিঘাংসয়া তথা যথা মরুত্বান্ বলভেদনে পুরা ॥৯॥

ভারতকৌমুদী

তেষামিতি । হে মারিষ ! আর্য্য ! দেহানাম্ অসূনাং প্রাণানাং পাপানাঞ্চ ক্ষপণং ক্ষয়কারকম্ । যুদ্ধেন ক্ষত্রিয়াণাং পাপক্ষয়ঃ স্বধর্ম্মত্বাৎ । অসুরৈঃ সহ ॥৫॥

তৈরিতি । অস্তং ক্ষিপ্তম্, উচ্চাবচং নানাবিধম্ । কিরীটমালী অর্জ্জুনঃ ॥৬॥

ছত্রাণীতি । বালব্যজনানি চামরাণি, কেতূন্ ধ্বজান্, প্রচিচ্ছেদেত্যনুবৃত্তিঃ ॥৭॥

সুবর্ণেতি । সুবর্ণজালৈরবততা বেষ্টিতগাত্রাঃ, বৈজয়ন্তীভিঃ পতাকাভির্ধ্বজৈশ্চ সহেতি তে চ তে যোধৈঃ কল্পিতাঃ সজ্জিতাশ্চেতি তে । ইষুভিরর্জ্জুনশরৈঃ, সমাচিতা ব্যাপ্তাঃ ॥৮॥

মাননীয় রাজা ! পূর্ব্বে ত্রিভুবনলাভের জন্য অসুরগণের সহিত বিজয়িশ্রেষ্ঠ বিষ্ণুর যেমন যুদ্ধ হইয়াছিল, তখন সেইরূপ তাঁহাদের ও অর্জ্জুনের দেহ, প্রাণ ও পাপনাশক গুরুতর যুদ্ধ হইতে থাকিল ॥৫॥

তাঁহারা নানাবিধ অস্ত্র ক্ষেপ করিলে, এক অর্জ্জুন ক্ষুর, অর্দ্ধচন্দ্র ও সুধার ভল্লদ্বারা তাঁহাদের অস্ত্র, মস্তক ও বাহু সকল বহুপ্রকারে ছেদন করিতে লাগিলেন ॥৬॥

অর্জ্জুন বিপক্ষের ছত্র, চামর, ধ্বজ, অশ্ব, রথ, পদাতি এবং হস্তিসমূহকেও ছেদন করিতে লাগিলেন। তখন বায়ুভগ্ন বনের ন্যায় সেগুলি নানাভাবে বিকৃত হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৭॥

ক্রমে স্বর্ণসূত্রের জালে বেষ্টিত, পতাকা ও ধ্বজসমন্বিত এবং সৈন্যগণদ্বারা সুসজ্জিত বিশাল হস্তী সকল অর্জ্জুনের স্বর্ণপুঙ্খ বাণে ব্যাপ্ত হইয়া প্রজ্বলিত পর্বতের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৮॥

(৭)···বাতপ্ররুগ্ণানি যথা বনানি—পি, বাতপ্রণুন্নানি যথা বনানি—বা সো। (৯)··· বাসববজ্রতুল্যৈঃ···পি ।

ততঃ স পুরুষব্যাঘ্রস্তব সৈন্যমরিন্দমঃ।
প্রবিবেশ মহাবাহুর্মকরঃ সাগরং যথা ॥১০॥
তং দৃষ্ট্বা তাবকা রাজন্! রথপত্তিসমন্বিতাঃ।
গজাশ্বসাদিবহুলাঃ পাণ্ডবং সমুপাদ্রবন্ ॥১১॥
তেষামাপততাং পার্থমারাবঃ সুমহানভূৎ।
সাগরস্যেব ক্ষুব্ধস্য যথা স্যাৎ সলিলস্বনঃ ॥১২॥
তে তু তং পুরুষব্যাঘ্রং ব্যাঘ্রা ইব মহারথাঃ।
অভ্যদ্রবন্ত সংগ্রামে ত্যক্ত্বা প্রাণকৃতং ভয়ম্ ॥১৩॥
তেষামাপততাং তত্র শরবর্ষাণি মুঞ্চতাম্।
অর্জ্জুনো ব্যধমৎ সৈন্যং মহাবাতো ঘনানিব ॥১৪॥

ভারতকৌমুদী

বিদার্য্যেতি। মরুত্বান্ ইন্দ্রঃ, বলস্য তদাখ্যস্যাসুরস্য ভেদনে বিদারণার্থে ॥৯॥
তত ইতি। সঃ অর্জ্জুনঃ। মকরো জলজন্তুবিশেষঃ ॥১০॥
তমিতি। গজাশ্বেষু সাদিন আরোহিণো বহুলা যেষু তে ॥১১॥
তেষামিতি। পার্থমর্জ্জুনম্, আরাবঃ কোলাহলঃ। সলিলস্বনো জলশব্দঃ ॥১২॥
ত ইতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। প্রাণকৃতং প্রাণবিষয়কম্ ॥১৩॥
তেষামিতি। আপততামাগচ্ছতাম্। ব্যধমৎ ব্যনাশয়ৎ। ঘনান্ মেঘান্ ॥১৪॥

পূর্বকালে ইন্দ্র যেমন বলনামক অসুরকে বিদারণ করিবার জন্য দ্রুত গমন করিয়াছিলেন, সেইরূপ অর্জ্জুন ইন্দ্রের বজ্রের তুল্য উত্তম উত্তম বাণে হস্তী, অশ্ব ও রথ সকল বিদীর্ণ করিয়া করিয়া কর্ণকে বধ করিবার জন্য দ্রুত গমন করিতে লাগিলেন ॥৯॥

মহারাজ! তাহার পর মকর যেমন সমুদ্রমধ্যে প্রবেশ করে, সেইরূপ পুরুষশ্রেষ্ঠ, মহাবাহু ও শত্রুদমনকারী অর্জ্জুন আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥১০॥

রাজা! তখন রথ ও পদাতিযুক্ত এবং গজারোহী ও অশ্বারোহী সৈন্যে পরিপূর্ণ আপনার পক্ষের যোদ্ধারা তাঁহাকে দেখিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১১॥

তাঁহারা অর্জ্জুনের দিকে আসিতে লাগিলে, উদ্বেলিত সমুদ্রের জলশব্দের ন্যায় তাঁহাদের বিশাল কোলাহল হইতে থাকিল ॥১২॥

সেই মহারথেরা যুদ্ধে প্রাণের ভয় ত্যাগ করিয়া ব্যাঘ্রের ন্যায় পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥১৩॥

---

(১২) তেষামাদ্রবতাং রাজন্! সংরাবঃ সুমহানভূৎ। সাগরস্যেব মত্তস্য যথা স্যাৎ সলিলে স্বনঃ—পি।

তেঽর্জ্জুনং সহিতা ভূত্বা রথবংশৈঃ প্রহারিণঃ।
অভিযায় মহেষ্বাসা বিব্যধুর্নিশিতৈঃ শরৈঃ ॥১৫॥
ততোঽর্জ্জুনঃ সহস্রাণি রথবারণবাজিনাম্।
প্রেষয়ামাস বিশিখৈর্যমস্য সদনং প্রতি ॥১৬॥
তে বধ্যমানাঃ সমরে পার্থচাপচ্যুতৈঃ শরৈঃ।
তত্র তত্র স্ম লীয়ন্তে ভয়ে জাতে মহারথাঃ ॥১৭॥
তেষাং চতুঃশতান্ বীরান্ যতমানান্ মহারথান্।
অর্জ্জুনো নিশিতৈর্বাণৈরনয়দ্‌যমসাদনম্ ॥১৮॥
তে বধ্যমানাঃ সমরে নানালিঙ্গৈঃ শিতৈঃ শরৈঃ।
অর্জ্জুনং সমভিত্যজ্য দুদ্রুবুর্বৈ দিশো দশ ॥১৯॥

ভারতকৌমুদী

ত ইতি। সহিতা মিলিতাঃ, রথানাং বংশৈঃ সমূহৈঃ ॥১৫॥
তত ইতি। বারণা গজাঃ। বিশিখৈর্বাণৈঃ ॥১৬॥
ত ইতি। পার্থচাপচ্যুতৈঃ অর্জ্জুনধনুর্নির্গতৈঃ। লীয়ন্তে লুক্কায়িতা অভবন্ ॥১৭॥
তেষামিতি। যতমানান্ জয়ে যত্নবতঃ। যমস্য সাদনং ভবনম্ ॥১৮॥
ত ইতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ। দুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥১৯॥

তখন তাঁহারা বাণবর্ষণ করিতে করিতে আসিতে লাগিলে, মহাবায়ু যেমন মেঘ বিনষ্ট করে, সেইরূপ অর্জ্জুন তাঁহাদের সৈন্য বিনষ্ট করিতে লাগিলেন ॥১৪॥

ক্রমে সেই মহাধনুর্দ্ধর বীরেরা মিলিত হইয়া রথসমূহের সম্মুখে যাইয়া সুধার বাণসমূহদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিতে থাকিলেন ॥১৫॥

তখন অর্জ্জুন বাণদ্বারা সহস্র সহস্র রথ, হস্তী ও অশ্বকে বিনাশ করিতে লাগিলেন ॥১৬॥

সেই মহারথেরা অর্জ্জুনের কার্ম্মুকনির্গত বাণে আহত হইতে থাকিয়া প্রাণের ভয় জন্মিলে, সেই সেই স্থানে লুক্কায়িত হইতে থাকিলেন ॥১৭॥

ক্রমে অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা তাঁহাদের মধ্যে চারি শত জয়ে যত্নবান্ মহারথকে যমালয়ে প্রেরণ করিলেন ॥১৮॥

নানাবিধচিহ্নযুক্ত ও সুধার অর্জ্জুনের বাণে আহত হইতে থাকিয়া তাঁহারা অর্জ্জুনকে ত্যাগ করিয়া দশ দিকে বেগে পলায়ন করিতে থাকিলেন ॥১৯॥

(১৯)··· অর্জ্জুনং সমভিদ্রুত্য দুদ্রুবুর্বিদিশো ভয়াৎ—পি।

তেষাং শব্দো মহানাসীদ্দ্রবতাং বাহিনীমুখে।
মহৌঘস্যেব জলধের্গিরিমাসাদ্য দীর্য্যতঃ ॥২০॥
তাং তু সেনাং ভৃশং ত্রস্তাং দ্রাবয়িত্বার্জ্জুনঃ শরৈঃ।
প্রায়াদভিমুখঃ পার্থঃ সূতানীকায় মারিষ! ॥২১॥
তস্য শব্দো মহানাসীৎ পরানভিমুখস্য বৈ।
গরুড়স্যেব পততঃ পন্নগার্থে যথা পুরা ॥২২॥
তং তু শব্দমভিশ্রুত্য ভীমসেনো মহাবলঃ।
বভূব পরমপ্রীতঃ পার্থদর্শনলালসঃ ॥২৩॥
শ্রুত্বৈব পার্থমায়ান্তং ভীমসেনঃ প্রতাপবান্।
ত্যক্ত্বা প্রাণান্ মহারাজ! সেনাং তব মমর্দ্দ হ ॥২৪॥

ভারতকৌমুদী

তেষামিতি। দ্রবতাং পলায়মানানাম্। মহৌঘস্য বিশালজলপ্রবাহস্য। দীর্য্যতো দীর্য্যমাণস্য ॥২০॥

তামিতি। দ্রাবয়িত্বা নিপীড্য। সূতানীকায় কর্ণসৈন্যায় ॥২১॥

তস্যেতি। অভি লক্ষ্যীকৃত্য স্থিতং মুখং যস্য তস্য। পন্নগার্থে সর্পগ্রহণার্থে ॥২২॥

তমিতি। পার্থস্য অর্জ্জুনস্য দর্শনে লালসঃ অভিলাষুকঃ ॥২৩॥

শ্রুত্বেতি। প্রাণান্ প্রাণমমতাম্ ॥২৪॥

সমুদ্রের বিশাল জলপ্রবাহ পর্ব্বতে সংঘর্ষ পাইয়া বিদীর্ণ হইতে লাগিলে তাহার যেমন মহাশব্দ হয়, তেমন পলায়মান সেই সৈন্যের সেনাসম্মুখে মহাশব্দ হইতে লাগিল ॥২০॥

মাননীয় রাজা! পৃথানন্দন অর্জ্জুন বাণদ্বারা অত্যন্ত ভীত সেই সৈন্যগণকে পীড়ন করিয়া কর্ণসৈন্যের অভিমুখে ধাবিত হইলেন ॥২১॥

পূর্ব্বকালে গরুড় সর্পধারণের জন্য পতিত হইতে লাগিলে তাহার যেমন বিশাল শব্দ হইত, তেমন অর্জ্জুন কর্ণসৈন্যের অভিমুখে ধাবিত হইলে বিশাল শব্দ হইতে লাগিল ॥২২॥

ওদিকে অর্জ্জুনের দর্শনাভিলাষী মহাবল ভীমসেন সেই শব্দ শুনিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥২৩॥

মহারাজ! অর্জ্জুন আসিতেছেন শুনিয়াই প্রতাপশালী ভীমসেন প্রাণের মমতা ত্যাগ করিয়া আপনার সৈন্য পীড়ন করিতে লাগিলেন ॥২৪॥

---

(২০)...মেঘৌঘস্যেব ভদ্রং তে গিরিম্...পি। (২১)...ভৃশং বিদ্ধা...বা সো।

স বায়ুবীর্য্যপ্রতিমো বায়ুবেগসমো জবে।
বায়ুবদ্ব্যচরদ্ভীমো বায়ুপুত্রঃ প্রতাপবান্ ॥২৫॥
তেনার্দ্দ্যমানা রাজেন্দ্র! সেনা তব বিশাংপতে!।
ব্যভ্রম্যত মহারাজ! ভিন্না নৌরিব সাগরে ॥২৬॥
তাং তু সেনাং তদা ভীমো দর্শয়ন্ পাণিলাঘবম্।
শরৈরবচকর্ত্তোগ্রৈঃ প্রেষয়িষ্যন্ যমক্ষয়ম্ ॥২৭॥
তত্র ভারত! ভীমস্য বলং দৃষ্ট্বাতিমানুষম্।
ব্যত্রস্যন্ত রণে যোধাঃ কালস্যেব যুগক্ষয়ে ॥২৮॥
তথার্দ্দিতান্ ভীমবলান্ ভীমসেনেন ভারত!।
দৃষ্ট্বা দুর্য্যোধনো রাজা ইদং বচনমব্রবীৎ ॥২৯॥
সৈনিকাংশ্চ মহেষ্বাসান্ যোধাংশ্চ ভরতর্ষভ!।
সমাদিশদ্রণে সর্বান্ হত ভীমমিতি স্ম হ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। বায়ুবীর্য্যপ্রতিমো বীর্য্যে বায়ুতুল্যঃ, জবে বেগেঽপি বায়ুবেগসমো বেগবদ্বায়ুতুল্যঃ ॥২৫॥

তেনেতি। ব্যভ্রম্যত অঘূর্ণত, ভিন্না বিদীর্ণা ॥২৬॥

তামিতি। পাণিলাঘবং হস্তয়োরূর্দ্ধতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। অবচকর্ত্ত চিচ্ছেদ ॥২৭॥

তত্রেতি। ব্যত্রস্যন্ত ভীতা অভবন্। কালস্য রুদ্রস্য, যুগক্ষয়ে প্রলয়কালে ॥২৮॥

তথেতি। ভীমবলান্ ভীষণশক্তীন্। হত বিনাশয়ত যূয়ম্ ॥২৯—৩০॥

বলে বায়ুর তুল্য, বেগেও বায়ুর সমান বায়ুপুত্র প্রতাপশালী ভীমসেন তৎকালে বায়ুর ন্যায় বিচরণ করিতে লাগিলেন ॥২৫॥

নরনাথ রাজশ্রেষ্ঠ মহারাজ! ভীমসেন পীড়ন করিতে লাগিলে আপনার সৈন্য সমুদ্রে বিদীর্ণ নৌকার ন্যায় ঘুরিতে লাগিল ॥২৬॥

তখন ভীমসেন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া যমালয়ে পাঠাইবেন বলিয়া ভীষণ বাণসমূহদ্বারা সেই সৈন্যগণকে ছেদন করিতে লাগিলেন ॥২৭॥

ভরতনন্দন! সেই সময়ে যোদ্ধারা প্রলয়কালে রুদ্রের ন্যায় যুদ্ধে ভীমসেনের অলৌকিক শক্তি দেখিয়া অত্যন্ত ভীত হইলেন ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! ভীমসেন ভীষণবলশালী সৈন্যগণকেও সেইভাবে পীড়ন করিতেছেন দেখিয়া রাজা দুর্য্যোধন এই কথা বলিলেন এবং সমস্ত সৈন্যকে ও মহাধনুর্দ্ধর যোদ্ধাদিগকে আদেশ করিলেন যে, 'আপনারা ভীমকে বধ করুন' ॥২৯—৩০॥

অস্মিন্ হতে হতং মন্যে পাণ্ডুসৈন্যমশেষতঃ।
প্রতিগৃহ্য চ তামাজ্ঞাং তব পুত্রস্য পার্থিবাঃ ॥৩১॥
ভীমং প্রচ্ছাদয়ামাসুঃ শরবর্ষৈঃ সমন্ততঃ।
গজাশ্চ বহুলা রাজন্! নরাশ্চ জয়গৃদ্ধিনঃ ॥৩২॥
রথা হয়াশ্চ রাজেন্দ্র! পরিবব্রুর্বৃকোদরম্।
স তৈঃ পরিবৃতঃ শূরৈঃ শূরো রাজন্! সমন্ততঃ ॥৩৩॥
শুশুভে ভরতশ্রেষ্ঠো নক্ষত্রৈরিব চন্দ্রমাঃ।
পরিবেশী যথা সোমঃ পরিপূর্ণো বিরাজতে ॥৩৪॥
স ররাজ তথা সংখ্যে দর্শনীয়ো নরোত্তমঃ।
নির্বিশেষং মহারাজ! যথা হি বিজয়স্তথা ॥৩৫॥ (কুলকম্)
তস্য তে পার্থিবাঃ সর্বে শরবৃষ্টীঃ সমাসৃজন্।
ক্রোধরক্তেক্ষণাঃ ক্রূরা হন্তুকামা বৃকোদরম্ ॥৩৬॥
তাং বিদার্য্য মহাসেনাং শরৈঃ সন্নতপর্বভিঃ।
নিশ্চক্রাম রণাদ্ভীমো মৎস্যো জালাদিবাম্ভসি ॥৩৭॥

ভারতকৌমুদী

অস্মিন্নিতি। পাণ্ডুসৈন্যং পাণ্ডবসেনাম্। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। হয়া অশ্বাঃ, পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে। পরিবেশী পরিধিমান্। স ভীমঃ। বিজয়োঽর্জ্জুনঃ ॥৩১—৩৫॥
তস্যেতি। তস্য ভীমস্যোপরি। সমাসৃজন্ ন্যক্ষিপন্। ক্রোধেন রক্তেক্ষণা রক্তনেত্রাঃ ॥৩৬॥

কারণ, ভীম নিহত হইলে, সমস্ত পাণ্ডবসৈন্যই নিহত হইল বলিয়া আমি মনে করি।' রাজশ্রেষ্ঠ! রাজারা আপনার পুত্রের সেই আদেশ গ্রহণ করিয়া সকল দিক্ হইতে বাণবর্ষণপূর্ব্বক ভীমসেনকে আবৃত করিলেন; আর রাজা! বহুতর গজারোহী, জয়াভিলাষী পদাতি, রথারোহী ও অশ্বারোহীরা যাইয়া ভীমকে পরিবেষ্টন করিলেন। রাজা! সেই বীরেরা সকল দিকে বেষ্টন করিলে, ভরত-শ্রেষ্ঠ বীর ভীমসেন নক্ষত্রবেষ্টিত চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং সকল দিকে পরিধি (মণ্ডল) উঠিলে পূর্ণ চন্দ্র যেমন প্রকাশ পায়, তেমন সুদৃশ্যমূর্ত্তি নরশ্রেষ্ঠ ভীমসেনও প্রকাশ পাইতে থাকিলেন। মহারাজ! আবার অর্জুনও সেইরূপ বিপক্ষবেষ্টিত হইয়া প্রকাশ পাইতে থাকিলেন ॥৩১—৩৫॥

মহাপ্রভাবশালী যে অর্জ্জুন গুরুতর যুদ্ধ করিয়া সাক্ষাৎ মহাদেবকে সন্তুষ্ট করিয়াছিলেন এবং তাঁহার নিকট হইতে ত্রিভুবনসংহারক্ষম অতিভয়ানক 'পাশুপত-' নামক মহাস্ত্র প্রাপ্ত হন ॥৫১॥

ইন্দ্রপ্রভৃতি লোকপালেরা পৃথক্ পৃথক্ আসিয়া যাঁহাকে অজ্ঞেয়শক্তি অস্ত্র সকল দান করিয়াছিলেন, যে অস্ত্রগুলিদ্বারা নরশ্রেষ্ঠ সেই অর্জ্জুন যুদ্ধে সমাগত কালকঞ্জ-নামক অসুরগণকে সত্বর বিনাশ করিয়াছিলেন ॥৫২॥

আমরা সকলে বিরাটরাজ্যে উত্তরগোগ্রহে গিয়াছিলাম; তখন অর্জ্জুন একরথে আমাদের সকলকে জয় করিয়া সেই গোধন লইয়াছিলেন এবং যুদ্ধমধ্যেই মহারথগণের বস্ত্র গ্রহণ করিয়াছিলেন ॥৫৩॥

মদ্ররাজ! এইরূপ শক্তি ও গুণসম্পন্ন, কৃষ্ণের সহিত সম্মিলিত এবং ক্ষত্রিয়শ্রেষ্ঠ সেই অর্জ্জুনকে আমি যুদ্ধে আহ্বান করিয়া নিজেই বুঝিতেছি যে, সমস্ত লোকের মধ্যে আমার সাহসই অধিক ॥৫৪॥

(৫২)···দদুর্মহাস্ত্রাণ্যপ্রমেয়াণি সংখ্যে···বা সো। (৫৪)···তমাহ্বয়ন্···বা সো।

মহাত্মনঃ শঙ্খচক্রাসিপাণের্বিষ্ণোর্জিষ্ণোর্বসুদেবাত্মজস্য।
ভয়ঞ্চ মে জায়তেঽসাধ্বসঞ্চ দৃষ্ট্বা কৃষ্ণাবেকরথে সমেতৌ ॥৫৬॥ (যুগ্মকম্)
অতীব পার্থো যুধি কার্ম্মুকিভ্যো নারায়ণশ্চাপ্রতি চক্রযুদ্ধে।
এবংবিধৌ পাণ্ডববাসুদেবৌ চলেৎ স্বদেশাদ্ধিমবান্ ন কৃষ্ণৌ ॥৫৭॥
উভৌ হি শূরৌ কৃতিনৌ দৃঢ়াস্ত্রৌ মহারথৌ সংহননোপপন্নৌ।
এতাদৃশৌ ফাল্গুনবাসুদেবৌ কোঽন্যঃ প্রতীয়ান্মদৃতে তু শল্য! ॥৫৮॥
মনোরথো যস্তু মমাদ্য তস্য মদ্রেশ! যুদ্ধং প্রতি পাণ্ডবস্য।
নৈবং চিরাদাশু ভবিষ্যতীদমত্যদ্ভুতং চিত্রমতুল্যরূপম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

অনন্তেতি। অপ্রতিমেন অনুপমেন, গুপ্তো রক্ষিতোঽর্জ্জুনঃ। সমেতৈঃ সম্মিলিতৈঃ। জিষ্ণোর্জয়শীলস্য। ভয়ং জায়তে কৃষ্ণার্জ্জুনয়োর্বীর্য্যস্মরণাৎ, অসাধ্বসং নির্ভয়তা চ জায়তে আত্মশক্তিজ্ঞানাৎ স্বর্গলাভাবশ্যম্ভাববোধাচ্চেতি ভাবঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, সমেতা-বাগতৌ ॥৫৫—৫৬॥

অতীবেতি। পার্থোঽর্জ্জুনঃ, যুধি, কার্ম্মুকিভ্যঃ অন্যধনুর্দ্ধরেভ্যঃ, অতীব অত্যধিকঃ, তথা নারায়ণঃ কৃষ্ণশ্চ, চক্রযুদ্ধে, অপ্রতি প্রতিপক্ষরহিতঃ। অতএব হিমবান্ পর্বতোঽপি স্বদেশাৎ, চলেৎ অপসরেৎ, কিন্তু এবংবিধৌ পাণ্ডববাসুদেবৌ কৃষ্ণৌ অর্জ্জুনকৃষ্ণৌ, যুদ্ধান্ন চলেতাম্ ॥৫৭॥

উভাবিতি। কৃতিনৌ যুদ্ধনিপুণৌ। সংহননোপপন্নৌ দৃঢ়দেহযুক্তৌ। ঋতে বিনা ॥৫৮॥

মন ইতি। মনোরথো ধারণা, যঃ স শ্রূয়তামিতি শেষঃ। ইদং যুদ্ধম্ ॥৫৯॥

সমস্ত লোক সম্মিলিত হইয়া সহস্র সহস্র বৎসরেও যাঁহার গুণ বলিতে সমর্থ হয় না এবং যিনি মহাত্মা, শঙ্খ-চক্র-তরবারিধারী, বিষ্ণু, জিষ্ণু ও বসুদেবপুত্র, সেই অনন্তশক্তি ও তুলনাহীন স্বয়ং নারায়ণ কৃষ্ণ অর্জুনকে রক্ষা করিতেছেন। সুতরাং সেই কৃষ্ণ ও অর্জুনকে আসিতে দেখিয়া আমার ভয়ও হইতেছে, আবার নির্ভয়তাও আসিতেছে ॥৫৫—৫৬॥

অর্জুন যুদ্ধে অন্যান্য ধনুর্দ্ধর অপেক্ষা অত্যন্ত শ্রেষ্ঠ এবং কৃষ্ণও চক্রযুদ্ধে অপ্রতিদ্বন্দ্বী। সুতরাং হিমালয়পর্ব্বতও স্বস্থান হইতে অপসৃত হইতে পারে, কিন্তু ঈদৃশ পাণ্ডুপুত্র অর্জুন এবং বসুদেবনন্দন কৃষ্ণ কখনও যুদ্ধ হইতে অপসৃত হইতে পারেন না ॥৫৭॥

মদ্ররাজ! উঁহারা দুই জনই বীর, যুদ্ধনিপুণ, দৃঢ়াস্ত্র, মহারথ এবং দৃঢ়শরীর। অতএব আমি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি এইরূপ অর্জুন ও কৃষ্ণের সম্মুখে যাইতে পারে? ॥৫৮॥

(৫৭)···যুধি কার্ম্মুকেভ্যঃ···পি সো।

এতাবহং বা যুধি পাতয়িষ্যে মাং বাপি কৃষ্ণৌ নিহনিষ্যতোঽদ্য।
ইতি ব্রুবন্ শল্যমমিত্রহন্তা কর্ণো রণে মেঘ ইবোন্ননাদ ॥৬০॥
অভ্যেত্য পুত্রেণ তবাভিনন্দিতঃ সমেত্য চোবাচ কুরুপ্রবীরম্।
কৃপঞ্চ ভোজঞ্চ মহাভুজাবুভৌ তথৈব গান্ধারপতিং সহাত্মজম্ ॥৬১॥
গুরোঃ সুতঞ্চাবরজং তথাত্মনঃ পদাতিনোঽথ দ্বিপসাদিনশ্চ তান্।
নিরুন্ধতাভিদ্রবতাচ্যুতার্জ্জুনৌ শ্রমেণ সংযোজয়তাশু সর্বশঃ ॥৬২॥

(যুগ্মকম্)

যথা ভবদ্ভির্ভৃশবিক্ষতাবুভৌ সুখেন হন্যামহমদ্য ভূমিপাঃ!।
তথেতি চোক্ত্বা ত্বরিতাঃ স্ম তেঽর্জ্জুনং জিঘাংসবো বীরতমাঃ সমভ্যয়ুঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

এতাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। অমিত্রহন্তা শত্রুনাশকঃ। উন্ননাদ জগর্জ ॥৬০॥

অভ্যেত্যেতি। পুত্রেণ দুর্য্যোধনেন, অভিনন্দিতঃ কর্ণঃ। ভোজং কৃতবর্ম্মাণম্। গান্ধারপতিং শকুনিম্। গুরোঃ সুতমশ্বত্থামানম্, অবরজং কনিষ্ঠভ্রাতরম্। দ্বিপসাদিনো গজারোহিণঃ। নিরুন্ধত বারয়ত, অভিদ্রবত অভিধাবত, শ্রমেণ সংযোজয়ত শ্রান্তৌ কুরুত যুগ্মম্ ॥৬১—৬২॥

যথেতি। সুখেনানায়াসেন। স্মশব্দঃ পাদপূরণে। জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ ॥৬৩॥

অতএব মদ্ররাজ! সেই অর্জুনের সহিত যুদ্ধবিষয়ে আমার আজ যে ধারণা, তাহা আপনি শ্রবণ করুন—অত্যাশ্চর্য্য, নানাবিধ ও অতুলনীয় এরূপ যুদ্ধ দীর্ঘকালের পর শীঘ্র আর হইবে না ॥৫৯॥

তার পর আমিই আজ যুদ্ধে কৃষ্ণ ও অর্জুনকে নিপাত করিব, কিংবা উঁহারাই আমাকে বধ করিবেন'। এইরূপ শল্যকে বলিয়া শত্রুহন্তা কর্ণ রণস্থলে মেঘের ন্যায় গর্জ্জন করিলেন ॥৬০॥

মহারাজ! এই সময়ে আপনার পুত্র দুর্যোধন আসিয়া অভিনন্দিত করিলে, কর্ণ নিকটবর্ত্তী হইয়া কুরুশ্রেষ্ঠ দুর্য্যোধন, মহাবাহু কৃপ ও কৃতবর্ম্মা, পুত্রগণের সহিত শকুনি, অশ্বত্থামা, নিজের কনিষ্ঠ ভ্রাতা, পদাতিগণ, গজারোহিগণ ও অশ্বারোহিগণকে বলিলেন—'আপনারা সত্বর সকল দিক্ হইতে কৃষ্ণ ও অর্জুনকে নিরুদ্ধ করুন, ধাবিত হউন এবং উঁহাদিগকে পরিশ্রান্ত করুন ॥৬১—৬২॥

রাজগণ! যাহাতে আপনারা উঁহাদিগকে গুরুতর ক্ষত-বিক্ষত করিলে, আমি আজ উঁহাদিগকে অনায়াসে বধ করিতে পারি'। 'তাহাই হউক' এই কথা বলিয়া সেই বীরশ্রেষ্ঠেরা অর্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া সত্বর ধাবিত হইলেন ॥৬৩॥

(৬৩)…বীরতমাঃ সমাযযুঃ—বা সো।

শরৈশ্চ জঘ্নুর্যুধি তং মহারথা ধনঞ্জয়ং কর্ণনিদেশকারিণঃ।
নদীনদং ভূরিজলো মহার্ণবো যথা তথা তান্ সমরেঽর্জ্জুনোঽগ্রসৎ ॥৬৪॥
ন সন্দধানো ন তথা শরোত্তমান্ প্রমুঞ্চমানো রিপুভিঃ প্রদৃশ্যতে।
ধনঞ্জয়াস্তৈস্তু শরৈর্বিদারিতা হতা নিপেতুর্নরবাজিকুঞ্জরাঃ ॥৬৫॥
শরার্চ্চিষং গাণ্ডিবচারুমণ্ডলং যুগান্তসূর্য্যপ্রতিমানতেজসম্।
ন কৌরবাঃ শেকুরুদীক্ষিতুং জয়ং যথা রবিং ব্যাধিতচক্ষুষো জনাঃ ॥৬৬॥
শরোত্তমান্ স প্রহিতান্ মহারথৈশ্চিচ্ছেদ পার্থঃ প্রহসন্ শরৌঘৈঃ।
ভূয়শ্চ তানহনদ্বাণসংঘান্ গাণ্ডীবধন্বায়তপূর্ণমণ্ডলঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

শরৈরিতি। নদ্যশ্চ নদাশ্চেতি নদীনদম্ "অল্পপুংসকলিঙ্গানাম্" ইতি দ্বন্দ্বৈকবদ্ভাবঃ ॥৬৪॥

নেতি। প্রমুঞ্চমানো নিক্ষিপন্। ধনঞ্জয়েন অস্তৈঃ ক্ষিপ্তৈঃ ॥৬৫॥

শরেতি। শরা অর্চ্চীংষীব তস্য তম্, গাণ্ডিবং চারুমণ্ডলমিব যস্য তম্, যুগান্তে প্রলয়কালে সূর্য্যস্য সূর্য্যতেজসঃ প্রতিমানং তুল্যং তেজো যস্য তম্। উদীক্ষিতুং দ্রষ্টুম্, জয়মর্জ্জুনম্। ব্যাধিরনয়োঃ সঞ্জাত ইতি ব্যাধিতে চক্ষুষী যেষাং তে। তারকাদিত্বাদিতচ্ ॥৬৬॥

শরেতি। প্রহিতান্ ক্ষিপ্তান্, মহারথৈঃ কৃপাদিভিঃ। অহনৎ আহতবান্, বাণসংঘান্ নিক্ষিপ্যেতি শেষঃ, আয়তমনবরতাকর্ষণাৎ বিস্তৃতম্ অতএব পূর্ণং মণ্ডলং যস্য তৎ আয়তপূর্ণমণ্ডলং গাণ্ডীবধনুর্যস্য স তথোক্তঃ। অগ্নিষ্টোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ ॥৬৭॥

ক্রমে কর্ণের আদেশকারী সেই মহারথেরা বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে আঘাত করিতে লাগিলেন। তখন প্রভূতজলশালী মহাসমুদ্র যেমন নদী ও নদগুলিকে গ্রহণ করে, সেইরূপ অর্জ্জুন যুদ্ধে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৬৪॥

এই সময়ে অর্জ্জুন যে বাণ সন্ধান ও নিক্ষেপ করিতে লাগিলেন, তাহা বিপক্ষেরা দেখিতেই পারিতে লাগিল না। কেবল অর্জ্জুননিক্ষিপ্ত বাণে বিদারিত হইয়া হস্তী, অশ্ব ও পদাতিরা পতিত হইতে থাকিল ॥৬৫॥

তখন অর্জ্জুনের বাণ সকল কিরণের ন্যায় নির্গত হইতে লাগিল, গাণ্ডীবধনু সুন্দর মণ্ডলের তুল্য দৃষ্টিগোচর হইতে থাকিল এবং প্রলয়কালীন সূর্য্যের তেজের সমান অর্জ্জুনের তেজ বাহির হইতে লাগিল; তাহাতে রুগ্নচক্ষু লোকেরা যেমন সূর্য্যের প্রতি দৃষ্টিপাত করিতে পারে না, সেইরূপ কৌরবেরা অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাতই করিতে পারিলেন না ॥৬৬॥

(৬৪)…নদীং নদম্…পি বা।

যথোগ্ররশ্মিঃ শুচিশুক্রমধ্যগঃ সুখং বিবস্বান্ হরতে জলৌঘান্।
তথার্জ্জুনো বাণগণান্ নিরস্য দদাহ সেনাং তব পার্থিবেন্দ্র! ॥৬৮॥
তমভ্যধাবদ্বিসৃজন্ কৃপঃ শরাংস্তথৈব ভোজস্তব চাত্মজঃ স্বয়ম্।
মহারথো দ্রোণসুতশ্চ সায়কৈরবাকিরংস্তোয়ধরা যথাচলম্ ॥৬৯॥
জিঘাংসুভিস্তান্ কুশলৈঃ শরোত্তমান্ মহাহবে সংপ্রহিতান্ প্রযত্নতঃ।
শরৈঃ প্রচিচ্ছেদ স পাণ্ডবস্ত্বরন্ পরাভিনদ্বক্ষসি চেষুভিস্ত্রিভিঃ ॥৭০॥
স গাণ্ডিবব্যায়তপূর্ণমণ্ডলস্তপন্ রিপূনর্জ্জুনভাস্করো বভৌ।
শরোগ্ররশ্মিঃ শুচিশুক্রমধ্যগো যথৈব সূর্য্যঃ পরিবেশবাংস্তথা ॥৭১॥

ভারতকৌমুদী

যথেতি। শুচিশুক্রমধ্যগ আষাঢ়জ্যৈষ্ঠমধ্যবর্ত্তী। নিরস্য নিক্ষিপ্য ॥৬৮॥

তমিতি। ভোজঃ কৃতবর্ম্মা, আত্মজো দুর্য্যোধনঃ। অবাকিরন্ প্রাহরন্ ॥৬৯॥

জিঘাংসুভিরিতি। কুশলৈর্যুদ্ধনিপুণৈঃ কৃপাদিভিঃ। সংপ্রহিতান্ নিক্ষিপ্তান্। পরাভিনৎ কৃপাদীনাং প্রত্যেকং ব্যদারয়ৎ, ইষুভির্বাণৈঃ, ত্রিভিঃ ত্রিভিস্ত্রিভিরিত্যর্থঃ ॥৭০॥

স ইতি। গাণ্ডিবেত্যত্র পূর্ববৎ সমাসঃ। অর্জ্জুন এব ভাস্করঃ অর্জ্জুনভাস্করঃ। শরা এবোগ্ররশ্ময়ো যস্য স ইতি পূর্বেণান্বয়ঃ। শুচিশুক্রমধ্যগ আষাঢ়জ্যৈষ্ঠমধ্যবর্ত্তী ॥৭১॥

মহারথ কৃপপ্রভৃতি যে সকল উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, অর্জ্জুন হাস্য করতঃ বাণসমূহদ্বারা সেগুলি ছেদন করিতে থাকিলেন; আবার নিজে বাণসমূহ নিক্ষেপ করিয়া করিয়া তাঁহাদিগকেও আঘাত করিতে লাগিলেন। তৎকালে গাণ্ডীবধনু অনবরত আকর্ষণ করায় তাহা একটী পূর্ণমণ্ডলের ন্যায় দেখা যাইতে থাকিল ॥৬৭॥

রাজশ্রেষ্ঠ! জ্যৈষ্ঠ ও আষাঢ়মাসের মধ্যবর্ত্তী প্রখরকিরণ সূর্য্য যেমন অনায়াসে জলরাশি হরণ করেন, সেইরূপ অর্জ্জুন বাণসমূহ নিক্ষেপ করিয়া আপনার সৈন্যগণের প্রাণ হরণ করিতে থাকিলেন ॥৬৮॥

ক্রমে কৃপাচার্য্য বাণক্ষেপ করিতে করিতে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন এবং মেঘ যেমন বৃষ্টিদ্বারা পর্ব্বতকে প্রহার করে, সেইরূপ কৃতবর্ম্মা, স্বয়ং দুর্য্যোধন ও মহারথ অশ্বত্থামা বাণদ্বারা অর্জ্জুনকে প্রহার করিতে লাগিলেন ॥৬৯॥

যুদ্ধনিপুণ কৃপপ্রভৃতি মহাযুদ্ধে অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া যত্নপূর্ব্বক উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতে লাগিলে, অর্জ্জুন ত্বরান্বিত হইয়া বাণদ্বারাই সেগুলি ছেদন করিতে থাকিলেন এবং মধ্যে মধ্যে তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেকের বক্ষস্থল বিদীর্ণ করিতে লাগিলেন ॥৭০॥

জ্যৈষ্ঠ ও আষাঢ়মাসের মধ্যবর্ত্তী পরিধি-(মণ্ডল)-যুক্ত সূর্য্য যেমন প্রকাশ পান,

(৭০)···পরাভিনদ্বক্ষসি চ ত্রিভিস্ত্রিভিঃ—পি।

অথাগ্র্যবাণৈর্দশভির্ধনঞ্জয়ং পরাভিনদ্‌দ্রোণসুতোঽচ্যুতং ত্রিভিঃ।
চতুর্ভিরশ্বাংশ্চতুরঃ কপিং ততঃ শিতৈশ্চ নারাচবরৈরবাকিরৎ ॥৭২॥
তথাপি তং প্রস্ফুরদাত্তকার্ম্মুকং ত্রিভিঃ শরৈর্যন্তুঃশিরঃ ক্ষুরেণ হ।
হয়াংশ্চতুর্ভিশ্চতুরস্ত্রিভির্ধ্বজং ধনঞ্জয়ো দ্রৌণিরথাদপাতয়ৎ ॥৭৩॥
স রোষপূর্ণো মণিবজ্রহাটকৈরলঙ্কৃতং তক্ষকভোগবর্চ্চসম্।
মহাধনং কার্ম্মুকমন্যদাদদে যথা মহাহিপ্রবরং গিরেস্তটাৎ ॥৭৪॥
স্বমায়ুধঞ্চোপনিকীর্য্য ভূতলে ধনুশ্চ কৃত্বা সগুণং গুণাধিকঃ।
সমার্দ্দয়ত্তাবজিতৌ নরোত্তমৌ শরোত্তমৈর্দ্রৌণিরবিধ্যদন্তিকাৎ ॥৭৫॥

ভারতকৌমুদী

অথেতি। অগ্র্যা উত্তমা বাণাস্তৈঃ। অচ্যুতং কৃষ্ণম্। কপিং ধ্বজস্থং বানরম্ ॥৭২॥

তথেতি। প্রস্ফুরৎ চলৎ আত্তকার্ম্মুকং ধৃতধনুঃ। যন্তুঃ সারথেঃ শিরঃ ॥৭৩॥

স ইতি। সঃ অশ্বত্থামা, মণয়ো বজ্রাণি হীরকাণি হাটকানি স্বর্ণানি চ তৈঃ, তক্ষকস্য নাগস্য ভোগবৎ দেহবৎ বর্চ্চস্তেজো যস্য তৎ। মহাধনং মহামূল্যম্। মহাহিপ্রবরং বৃহৎ-সর্পশ্রেষ্ঠম্, গিরেঃ পর্ব্বতস্য, তটাৎ গাত্রাৎ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুন ইতি ॥১—৬৭॥ শুচিশুক্রয়োঃ আষাঢ়জ্যৈষ্ঠয়োর্মধ্যে গতঃ ॥৬৮—৭৪॥ স্বায়ুধম্ আয়ুধজাতম্ উপনিকীর্য্য নিষঙ্গকোশাদিভ্যো নিষ্কাস্য ভূতলে ভূতলতুল্যে হতাশ্বসারথিধ্বজস্য রথস্যোপস্থে ॥৭৫—৮৫॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

সেইরূপ অর্জ্জুনরূপ সূর্য্য বাণরূপ কিরণদ্বারা শত্রুগণকে সন্তপ্ত করতঃ আয়তগাণ্ডীব-রূপ পূর্ণমণ্ডলযুক্ত হইয়া প্রকাশ পাইতে থাকিলেন ॥৭১॥

তাহার পর অশ্বত্থামা উত্তম দশটা বাণদ্বারা অর্জ্জুনকে, তিনটাদ্বারা কৃষ্ণকে, চারিটাদ্বারা চারিটা অশ্বকে এবং পরে বহুতর সুধার শ্রেষ্ঠ নারাচদ্বারা ধ্বজস্থিত বানরকে প্রহার করিলেন ॥৭২॥

সেরূপ হইলেও অর্জ্জুন তিন বাণে অশ্বত্থামার হস্তস্থিত স্ফুরিত ধনু, একটা ক্ষুরপ্রদ্বারা সারথির মস্তক, চারি বাণে চারিটা অশ্ব এবং তিন বাণে ধ্বজটাকে অশ্বত্থামার রথ হইতে নিপাতিত করিলেন ॥৭৩॥

তখন অশ্বত্থামা ক্রোধে পরিপূর্ণ হইয়া পর্ব্বতগাত্র হইতে বিশাল সর্পের ন্যায় মণি, হীরক ও স্বর্ণে ভূষিত, তক্ষকনাগের শরীরের ন্যায় উজ্জ্বল এবং মহামূল্য অন্য একখানা ধনু গ্রহণ করিলেন ॥৭৪॥

(৭২)···তথাগ্র্যবাণৈঃ···পি,···শরৈশ্চ নারাচবরৈঃ···বর্দ্ধ বা সো। (৭৩)···তথা তু··· পি। (৭৪)···মহাবলং কার্ম্মুকমন্যমাদদে···পি।

কৃপশ্চ ভোজশ্চ তবাত্মজশ্চ তে শরৈরনেকৈর্যুধি পাণ্ডবর্ষভম্।
মহারথাঃ সংযুগমূর্দ্ধনি স্থিতাস্তমোনুদং বারিধরা ইবাপতন্ ॥৭৬॥
কৃপস্য পার্থঃ সশরং শরাসনং হয়ান্ ধ্বজান্ সারথিমেব পত্রিভিঃ।
সমার্পয়দ্বাহুসহস্রবিক্রমস্তথা যথা বজ্রধরঃ পুরা বলেঃ ॥৭৭॥
স পার্থবাণৈর্বিনিপাতিতায়ুধো ধ্বজাবমর্দ্দে চ কৃতে মহাহবে।
কৃতঃ কৃপো বাণসহস্রযন্ত্রিতো যথাপগেয়ঃ প্রথমং কিরীটিনা ॥৭৮॥
শরৈঃ প্রচিচ্ছেদ তবাত্মজস্য চ ধ্বজং ধনুশ্চ প্রচকর্ত্ত নর্দ্দতঃ।
জঘান চাশ্বান্ কৃতবর্ম্মণঃ শুভান্ ধ্বজঞ্চ চিচ্ছেদ ততঃ প্রতাপবান্ ॥৭৯॥

ভারতকৌমুদী

স্বমিতি। আয়ুধং পূর্ব্বচ্ছিন্নং ধনুঃ, উপনিকীর্য্য নিক্ষিপ্য। তৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৭৫॥

কৃপেতি। ভোজঃ কৃতবর্ম্মা, আত্মজো দুর্য্যোধনঃ। তমোনুদং সূর্য্যম্ ॥৭৬॥

কৃপস্যেতি। শরাসনং ধনুঃ। পত্রিভির্বাণৈঃ। সমার্পয়দপীড়য়ৎ, বাহুসহস্রঃ কার্ত্ত-বীর্য্যার্জ্জুনস্তস্য বিক্রম ইব বিক্রমো যস্য সঃ। বজ্রধর ইন্দ্রঃ, বলেরসুরস্য ॥৭৭॥

স ইতি। বিনিপাতিতান্যায়ুধানি যস্য সঃ, ধ্বজস্য অবমর্দ্দে ক্ষয়ে। বাণসহস্রেণ যন্ত্রিতো বেষ্টিতঃ, আপগায়া নদ্যা গঙ্গায়াঃ পুত্র ইত্যাপগেয়ো ভীষ্মঃ, প্রথমং পূর্ব্বম্ ॥৭৮॥

শরৈরিতি। তবাত্মজস্য দুর্য্যোধনস্য। প্রচকর্ত্ত চিচ্ছেদ। শুভান্ সুন্দরান্ ॥৭৯॥

পরে অনেকগুণশালী অশ্বত্থামা সেই স্বকীয় ছিন্ন ধনু ভূতলে নিক্ষেপ করিয়া গৃহীত ধনুতে গুণারোপণপূর্ব্বক উত্তম বাণসমূহদ্বারা অপরাজিত ও নরশ্রেষ্ঠ কৃষ্ণ এবং অর্জ্জুনকে নিকট হইতে পীড়ন ও বিদারণ করিলেন ॥৭৫॥

এই সময়ে মেঘসমূহ যেমন সূর্য্যের উপরে যাইয়া পতিত হয়, সেইরূপ কৃপ, কৃতবর্ম্মা ও দুর্য্যোধন এই রণস্থলস্থিত তিন মহারথ অনেক বাণদ্বারা প্রহার করিতে করিতে যাইয়া অর্জ্জুনের উপরে পতিত হইলেন ॥৭৬॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন বলির পীড়ন করিয়াছিলেন, সেইরূপ কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য বিক্রমশালী অর্জ্জুন বাণদ্বারা কৃপাচার্য্যের ধনু, বাণ, অশ্ব, ধ্বজ ও সারথিকে পীড়ন করিলেন ॥৭৭॥

মহাযুদ্ধে অর্জ্জুনের বাণে কৃপাচার্য্যের অস্ত্র নিপাতিত ও ধ্বজ ক্ষীণ হইলে, অর্জ্জুন পূর্ব্বে যেমন ভীষ্মকে বাণবেষ্টিত করিয়াছিলেন, সেইরূপ তখন কৃপাচার্য্যকেও বাণবেষ্টিত করিলেন ॥৭৮॥

মহারাজ! তাহার পর প্রতাপশালী অর্জ্জুন বাণদ্বারা গর্জনকারী দুর্য্যোধনের

(৭৬)···বারিধরা ইবাকিরন্—পি।

সবাজিসূতেষ্বসনান্ সকেতনান্ জঘান নাগাশ্বরথাংস্ত্বরংশ্চ সঃ।
ততঃ প্রকীর্ণং সুমহদ্বলং তব প্রদারিতঃ সেতুরিবাম্ভসা যথা।
ততোঽর্জ্জুনস্যাশু রথেন কেশবশ্চকার শত্রূনপসব্যমাতুরান্ ॥৮০॥
ততঃ প্রয়াতং ত্বরিতং ধনঞ্জয়ং শতক্রতুং বৃত্রনিজঘ্নুষং যথা।
সমভ্যধাবন্ পুনরুচ্ছ্রিতৈর্ধ্বজৈঃ রথৈঃ প্রযুক্তৈরপরে যুযুৎসবঃ ॥৮১॥
অথাভিসৃত্য প্রতিবার্য্য তানরীন্ ধনঞ্জয়স্যাভিমুখং মহারথাঃ।
শিখণ্ডিশৈনেয়যমাঃ শিতৈঃ শরৈর্বিদারয়ন্তো ব্যনদন্ সুভৈরবম্ ॥৮২॥
ততোঽভিজঘ্নুঃ কুপিতাঃ পরস্পরং শরৈস্তদাঞ্জোগতিভিঃ সুতেজনৈঃ।
কুরুপ্রবীরাঃ সহ সৃঞ্জয়ৈর্যথাসুরাঃ পুরা দেবগণৈস্তথাহবে ॥৮৩॥

ভারতকৌমুদী

সেতি। বাজিভিরশ্বৈঃ সূতৈঃ সারথিভিঃ ইষ্বসনৈর্ধনুর্ভিশ্চ সহেতি তান্, সকেতনান্ ধ্বজসহিতান্, নাগা গজা। প্রকীর্ণং সর্ব্বতো বিক্ষিপ্তম্। অপসব্যং বামান্। ষট্পাদঃ ॥৮০॥

তত ইতি। বৃত্রনিজঘ্নুষং বৃত্রাসুরং হতবন্তম্। উচ্ছ্রিতৈরুত্তোলিতৈঃ ॥৮১॥

অথেতি। ধনঞ্জয়স্যাভিমুখং গচ্ছতস্তানরীনিত্যর্থঃ। যমৌ নকুলসহদেবৌ ॥৮২॥

তত ইতি। অঞ্জো দ্রুতা গতির্যেষাং তৈঃ। সৃঞ্জয়ৈঃ সহ মিলিতা ইতি শেষঃ ॥৮৩॥

ধ্বজ ও ধনু ছেদন করিলেন, কৃতবর্ম্মার সুন্দর অশ্বগুলিকে বধ করিলেন এবং তাঁহারও ধ্বজ ছেদন করিলেন ॥৭৯॥

ক্রমে অর্জ্জুন ত্বরান্বিত হইয়া অন্যান্য বীরগণেরও অশ্ব, সারথি, ধনু, ধ্বজ, হস্তী, অশ্ব ও রথ সকল বিনাশ করিতে লাগিলেন। রাজা! তখন জলভগ্ন সেতুর ন্যায় আপনার বিশাল সৈন্য নানাদিকে বিক্ষিপ্ত হইয়া পড়িল। পরে কৃষ্ণ সত্বর অর্জ্জুনের রথদ্বারা পীড়িত শত্রুগণকে বামদিগ্‌বর্ত্তী করিলেন ॥৮০॥

তৎপরে বৃত্রাসুরহন্তা ইন্দ্রের ন্যায় অর্জ্জুন সত্বর গমন করিতে লাগিলে, অন্য যুদ্ধার্থীরা ধ্বজ উত্তোলনপূর্বক রথ সুসজ্জিত করিয়া পুনরায় অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৮১॥

সেই শত্রুরা অর্জ্জুনের অভিমুখে যাইতে লাগিলে, মহারথ শিখণ্ডী, সাত্যকি, নকুল ও সহদেব অগ্রবর্ত্তী হইয়া তাহাদিগকে বাধা দিয়া সুধার বাণসমূহে বিদারণ করিতে থাকিয়া অতিভীষণ গর্জ্জন করিতে থাকিলেন ॥৮২॥

তদনন্তর অসুরগণ যেমন দেবগণের সহিত যুদ্ধে মিলিত হইয়া পূর্ব্বকালে পরস্পর আঘাত করিয়াছিল, সেইরূপ কৌরবপক্ষের প্রধান বীরেরা যুদ্ধে সৃঞ্জয়গণের

(৮০)…নাগাংশ্চ রথান্…বর্দ্ধ। (৮১)…সমভ্যধাবন্…পি বা সো। (৮২) অথাভিসৃত্য…পি।

জয়েপ্সবঃ স্বর্গমনায় চোৎসুকাঃ পতন্তি নাগাশ্বরথাঃ পরন্তপাঃ।
জগর্জ্জুরুচ্চৈর্বলবচ্চ বিব্যধুঃ শরৈঃ সুমুক্তৈরিতরেতরং পৃথক্ ॥৮৪॥
শরান্ধকারে তু মহাত্মভিঃ কৃতে মহামৃধে যোধবরৈঃ পরস্পরম্।
চতুর্দ্দিশো বৈ বিদিশশ্চ পার্থিব! প্রভা চ সূর্য্যস্য তমোবৃতাভবৎ ॥৮৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
সঙ্কুলযুদ্ধে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

— — ঃ*ঃ — —

ষষ্টিতমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।
রাজন্! কুরূণাং প্রবরৈর্বলৈর্ভীমমভিদ্রুতম্।
মজ্জন্তমিব কৌন্তেয়মুজ্জিহীর্ষুর্ধনঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

জয়েতি। স্বর্গমনায় স্বর্গে গমনায়, পতন্তি অভিধাবন্তি স্ম। বলবদ্ভৃশম্ ॥৮৪॥
শরেতি। মহামৃধে মহাযুদ্ধে। তমসা অন্ধকারেণ বৃতা নিরুদ্ধা ॥৮৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

————ঃ-০-ঃ————

রাজন্নিতি। ভীমং ভীমসেনম্, অভিদ্রুতমাক্রান্তম্। উজ্জিহীর্ষুরুদ্ধর্ত্তুমিচ্ছুরাসীৎ ॥১॥

সহিত মিলিত ও কুপিত হইয়া দ্রুতগামী ও উজ্জ্বল বাণসমূহদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৮৩॥

ক্রমে হস্তী, অশ্ব ও রথে আরোহী শত্রুসন্তাপক বীরেরা জয়াভিলাষী ও স্বর্গগমনেচ্ছু হইয়া পরস্পরের উপরে যাইয়া পতিত হইতে লাগিলেন, উচ্চ স্বরে গর্জ্জন করিতে থাকিলেন এবং সম্যক্ নিক্ষিপ্ত বাণসমূহদ্বারা পৃথক্ পৃথক্ ভাবে পরস্পর গুরুতর বিদ্ধ করিতে লাগিলেন ॥৮৪॥

রাজা! তৎকালে মহাযুদ্ধে মহাত্মা প্রধান যোদ্ধারা পরস্পর বাণান্ধকার করিলে, চারিটা দিক্ ও বিদিক্ এবং সূর্য্যের প্রভা অন্ধকারে আবৃত হইয়া গেল ॥৮৫॥

——ঃ-০-ঃ——

* '...ঊনাশীতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

বিসৃজ্য সূতপুত্রস্য সেনাং ভারত! সায়কৈঃ।
প্রাহিণোন্মৃত্যুলোকায় পরবীরান্ ধনঞ্জয়ঃ ॥২॥
ততোঽস্যাম্বরমাশ্রিত্য শরজালানি ভাগশঃ।
অদৃশ্যন্ত তথান্যে চ নিঘ্নন্তস্তব বাহিনীম্ ॥৩॥
স পক্ষিসংঘাচরিতমাকাশং পূরয়ন্ শরৈঃ।
ধনঞ্জয়ো মহারাজ! কুরূণামন্তকোঽভবৎ ॥৪॥
ততো ভল্লৈঃ ক্ষুরপ্রৈশ্চ নারাচৈর্বিমলৈরপি।
গাত্রাণি প্রাক্ষিণোৎ পার্থঃ শিরাংসি চ চকর্ত্ত হ ॥৫॥
ছিন্নগাত্রৈর্বিকবচৈর্বিশিরস্কৈঃ সমন্ততঃ।
পতিতৈশ্চ পতদ্ভিশ্চ যোধৈরাসীৎ সমাবৃতা ॥৬॥
ধনঞ্জয়শরাভ্যস্তৈঃ স্যন্দনাশ্বরথদ্বিপৈঃ।
সংছিন্নভিন্নবিধ্বস্তৈর্ব্যঙ্গাঙ্গাবয়বৈঃ স্তৃতা ॥৭॥

ভারতকৌমুদী

বিসৃজ্যেতি। প্রাহিণোৎ প্রৈরয়ৎ। পরবীরান্ ভীমমাক্রামতো রিপুশূরান্ ॥২॥
তত ইতি। অস্য অর্জ্জুনস্য, অম্বরং গগনম্। অন্যে চ শরাঃ ॥৩॥
স ইতি। পক্ষিসংঘেন আচরিতং বিচরণাস্পদীকৃতম্ ॥৪॥
তত ইতি। প্রাক্ষিণোৎ ব্যদারয়ৎ। চকর্ত্ত চিচ্ছেদ ॥৫॥
ছিন্নেতি। সমাবৃতা সমরভূমিরিতি শেষঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'রাজা! কুরুপক্ষের প্রধান যোদ্ধারা ভীমসেনকে আক্রমণ করিয়াছিলেন; তাহাতে তিনি যেন বিপৎসাগরে মগ্ন হইতেছিলেন। সুতরাং অর্জ্জুন উপস্থিত হইয়াই তাঁহাকে উদ্ধার করিবার ইচ্ছা করিলেন ॥১॥

ভরতনন্দন! অর্জ্জুন কর্ণের সৈন্য পরিত্যাগ করিয়া বাণদ্বারা বিপক্ষবীরগণকে যমলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥২॥

তদনন্তর অর্জ্জুনের বাণজাল আকাশে ভাগে ভাগে দৃষ্টিগোচর হইতে লাগিল এবং অন্য কতকগুলি বাণ আপনার সৈন্য সংহার করিতেছে দেখা গেল ॥৩॥

মহারাজ! ক্রমে অর্জ্জুন বাণদ্বারা পক্ষিগণের বিচরণস্থান আকাশকে পূর্ণ করতঃ কুরুপক্ষের যমস্বরূপ হইলেন ॥৪॥

তৎপরে অর্জ্জুন ভল্ল, ক্ষুরপ্র ও নির্ম্মল নারাচদ্বারা শত্রুগণের দেহ বিদারণ এবং মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৫॥

ক্রমে ছিন্নগাত্র, কবচশূন্য ও মস্তকবিহীন যোদ্ধারা পতিত হওয়ায় এবং পতিত হইতে থাকায় সকল দিকের সমরভূমি আবৃত হইয়া গেল ॥৬॥

সুদুর্গমা সুবিষমা ঘোরাত্যর্থং সুদুর্দৃশা।
রণভূমিরভূদ্রাজন্! মহাবৈতরণী যথা ॥৮॥
ঈশাচক্রাক্ষভগ্নৈশ্চ ব্যশ্বৈঃ সাশ্বৈশ্চ যুধ্যতাম্।
সসূতৈর্হতসূতৈশ্চ রথৈঃ স্তীর্ণাভবন্মহী ॥৯॥
সুবর্ণবর্ণসন্নাহৈর্যোধৈঃ কনকভূষণৈঃ।
আস্থিতাঃ ক্লৃপ্তবর্ম্মাণো ভদ্রা নিত্যমদা দ্বিপাঃ ॥১০॥
ক্রুদ্ধাঃ ক্রূরৈর্মহামাত্রৈঃ পার্ষ্ণ্যঙ্গুষ্ঠপ্রচোদিতাঃ।
চতুঃশতাঃ শরবরৈর্হতাঃ পেতুঃ কিরীটিনা ॥১১॥
পর্য্যস্তানীব শৃঙ্গাণি সসত্ত্বানি মহাগিরেঃ।
ধনঞ্জয়শরাভ্যস্তৈঃ স্তীর্ণা ভূর্বরবারণৈঃ ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ধনেতি। ধনঞ্জয়স্য শরৈরভ্যস্তৈঃ ক্ষিপ্তৈরাহতৈরিত্যর্থঃ। স্যন্দনো বৃহদ্রথঃ, রথশ্চ ক্ষুদ্রঃ। বিগতানি অঙ্গানি হস্তপদাদীনি অঙ্গাবয়বা অঙ্গুল্যাদীনি প্রত্যঙ্গানি চ যেষাং তৈর্যোধৈঃ, ভূতা রণভূমিরাচ্ছাদিতাসীৎ ॥৭॥

সুদুর্গমেতি। সুবিষমা অতিশয়েনোচ্চাবচা। সুদুর্দৃশেতি গুণাভাব আর্ষঃ ॥৮॥

ঈশেতি। ঈশা যুগধারণদণ্ডাঃ চক্রাণি অক্ষা দীর্ঘদণ্ডাশ্চ ভগ্না যেষাং তৈঃ, ব্যশ্বৈর্হতাশ্বৈঃ, যুধ্যতাং যুধ্যমানানাম্। সসূতৈর্জীবৎসারথিভিঃ। স্তীর্ণা আচ্ছাদিতা, মহী রণভূমিঃ ॥৯॥

সুবর্ণেতি। সুবর্ণবর্ণাঃ সন্নাহা যুদ্ধসজ্জা যেষাং তৈঃ। আস্থিতা আরূঢ়াঃ, ক্লৃপ্তানি আরোপিতানি বর্ম্মাণি যেষু তে, ভদ্রাঃ সুলক্ষণাঃ। মহামাত্রৈশ্চালকৈঃ, পার্ষ্ণিভিঃ পাদমূলৈঃ অঙ্গুষ্ঠৈশ্চ প্রচোদিতাঃ প্রেরিতাঃ। পর্য্যস্তানি বজ্রাঘাতক্ষিপ্তানি, সসত্ত্বানি প্রাণিযুক্তানি। ধনঞ্জয়েন শরৈরভ্যস্তা আহতাস্তৈঃ, স্তীর্ণা আবৃতা, ভূঃ সমরভূমিঃ, বরবারণৈঃ শ্রেষ্ঠগজৈঃ ॥১০—১২॥

অর্জ্জুনের বাণে আহত, ছিন্ন, ভিন্ন, বিধ্বস্ত, অঙ্গহীন ও প্রত্যঙ্গশূন্য হস্তী, অশ্ব, বৃহৎ রথ ও ক্ষুদ্র রথে রণভূমি আচ্ছাদিত হইল ॥৭॥

রাজা! তখন সমরভূমি মহাবৈতরণীনদীর ন্যায় অতিদুর্গম, অতি উঁচু-নীচু, অতিভীষণ ও অতিশয় দুর্দর্শনীয় হইয়া পড়িল ॥৮॥

ক্রমে রণভূমি যুধ্যমান বীরগণের রথে আবৃত হইয়া উঠিল; সে রথগুলির তির্য্যক্ দণ্ড, চক্র ও দীর্ঘদণ্ড ভগ্ন হইয়াছিল, কতকগুলির অশ্ব ও সারথি জীবিত ছিল এবং কতকগুলির অশ্ব ও সারথি নিহত হইয়াছিল ॥৯॥

দৃঢ়চিত্ত চালকেরা পার্ষ্ণি (গোড়ালি) ও অঙ্গুষ্ঠদ্বারা তাড়ন করিলে, বর্ম্মবেষ্টিত-দেহ, সুলক্ষণযুক্ত ও সর্ব্বদা মদজলবর্ষী চারি শত হস্তী ক্রুদ্ধ হইয়া অর্জুনের দিকে

সমন্তাজ্জলদপ্রখ্যান্ বারণান্ মদবর্ষিণঃ।
অভিপেদেঽর্জ্জুনরথো ঘনান্ ভিন্দন্নিবাংশুমান্ ॥১৩॥
হতৈর্গজমনুষ্যাশ্বৈর্ভিন্নৈশ্চ বহুধা রথৈঃ।
বিশস্ত্রযন্ত্রকবচৈর্যুদ্ধশৌণ্ডৈর্গতাসুভিঃ।
অপবিদ্ধায়ুধৈর্মার্গঃ স্তীর্ণোঽভূৎ ফাল্গুনেন হ ॥১৪॥
ব্যস্ফারয়ত গাণ্ডীবং সুমহদ্ভৈরবং রবম্।
ঘোরবজ্রবিনিষ্পেষঃ স্তনয়িত্নোরিবাম্বরে ॥১৫॥
ততঃ প্রাদীর্য্যত চমূর্ধনঞ্জয়শরাহতা।
মহাবাতসমাবিদ্ধা মহানৌরিব সাগরে ॥১৬॥

ভারতকৌমুদী

সমন্তাদিতি। জলদপ্রখ্যান্ মেঘতুল্যান্। অভিপেদে অধঃ প্রাপ্তঃ, ঘনান্ মেঘান্ ॥১৩॥

হতৈরিতি। ভিন্নৈর্বিদারিতৈঃ। বিগতানি শস্ত্রাণি যন্ত্রাণি গুলিকাক্ষেপকাণি কবচানি চ যেষাং তৈঃ, যুদ্ধেষু শৌণ্ডৈর্মত্তৈঃ, গতাসুভির্নির্গতপ্রাণৈঃ। অপবিদ্ধায়ুধৈঃ পতিতাস্ত্রৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

বীতি। ব্যস্ফারয়ত অতিশয়েনাকরোৎ। স্তনয়িত্নোর্মেঘস্যোপরি, ঘোরো বজ্রস্য নিষ্পেষঃ পাত ইব ॥১৫॥

তত ইতি। প্রাদীর্য্যত অভজ্যত। মহাবাতেন সমাবিদ্ধা তাড়িতা ॥১৬॥

যাইতে লাগিল ; তখন অর্জ্জুন উত্তম উত্তম বাণদ্বারা সেগুলিকে বধ করিলেন ; পরে বজ্রভগ্ন জন্তুযুক্ত মহাপর্ব্বতের শৃঙ্গের ন্যায় সেই হস্তী সকল পতিত হইল ; তৎকালেও স্বর্ণভূষণে ভূষিত ও স্বর্ণবর্ণ যুদ্ধসজ্জায় সজ্জিত যোদ্ধারা সেই হাতীগুলির উপরে আরূঢ় ছিলেন। এইভাবে অর্জ্জুনবাণাহত উত্তম হস্তিসমূহে রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥১০—১২॥

সূর্য্য যেমন মেঘ ভেদ করিয়া গমন করেন, সেইরূপ অর্জ্জুনের রথ মদজলবর্ষী ও মেঘতুল্য হস্তিগণকে ভেদ করিয়া সকল দিকে গমন করিতে লাগিল ॥১৩॥

নিহত হস্তী, অশ্ব ও মনুষ্য, বহুভাবে বিদারিত রথ এবং অস্ত্র, যন্ত্র ও কবচশূন্য, যুদ্ধমত্ত, পতিতাস্ত্র ও প্রাণশূন্য বীরগণের দেহদ্বারা অর্জ্জুন পথগুলিকেও আবৃত করিয়া ফেলিলেন ॥১৪॥

তৎকালে বিশাল গাণ্ডীবধনু, আকাশে মেঘের উপরে দারুণ বজ্রপাতের ন্যায় দারুণ শব্দ করিতে লাগিল ॥১৫॥

তাহার পর কৌরবসৈন্য অর্জ্জুনের বাণে আহত হইয়া সমুদ্রে মহাবায়ুতাড়িত বিশাল নৌকার ন্যায় ভগ্ন হইয়া পড়িল ॥১৬॥

নানারূপাঃ প্রাণহরাঃ শরা গাণ্ডীবচোদিতাঃ।
অলাতোল্কাশনিপ্রখ্যাস্তব সৈন্যং বিনির্দহন্ ॥১৭॥
মহাগিরৌ বেণুবনং নিশি প্রজ্বলিতং যথা।
তথা তব মহাসৈন্যং প্রাস্ফুটচ্ছরপীড়িতম্ ॥১৮॥
সংপিষ্টদগ্ধবিধ্বস্তং তব সৈন্যং কিরীটিনা।
কৃতং প্রবিহতং বাণৈঃ সর্বতঃ প্রদ্রুতং দিশঃ ॥১৯॥
মহাবনে মৃগগণা দাবাগ্নিত্রাসিতা যথা।
কুরবঃ পর্য্যবর্ত্তন্ত নির্দগ্ধাঃ সব্যসাচিনা ॥২০॥
উৎসৃজ্য হি মহাবাহুং ভীমসেনং তথা রণে।
বলং কুরূণামুদ্বিগ্নং সর্বমাসীৎ পরাঙ্মুখম্ ॥২১॥

ভারতকৌমুদী

নানেতি। অলাতং বহ্নিযুক্তং কাষ্ঠম্। বিনির্দহন্নিতি অড়াগমাভাব আর্ষঃ ॥১৭॥
মহেতি। বেণূনাং বংশানাং বনম্। প্রাস্ফুটৎ শব্দমকরোৎ ॥১৮॥
সমিতি। সংপিষ্টদগ্ধবিধ্বস্তং কৃতমিতি সম্বন্ধঃ। প্রদ্রুতং পলায়িতম্ ॥১৯॥
মহেতি। কুরবঃ কৌরবসৈন্যাঃ, পর্য্যবর্ত্তন্ত সমন্তাদপসৃত্যাবস্থিতাঃ ॥২০॥
উৎসৃজ্যেতি। তথা তাদৃগবস্থায়াং সত্যাম্। উদ্বিগ্নং ত্রস্তম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

রাজন্নিতি ॥১—১৬॥ বিনির্দ্দহন্নিত্যত্রাড়ভাব আর্ষঃ ॥১৭—২১॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

মহারাজ! ক্রমে প্রাণনাশক নানাপ্রকার অর্জ্জুনের বাণ গাণ্ডীবনিক্ষিপ্ত হইয়া অগ্নিযুক্ত কাষ্ঠ (মশাল), উল্কা ও বজ্রের তুল্য আপনার সৈন্য দগ্ধ করিতে লাগিল ॥১৭॥

তখন আপনার বিশাল সৈন্য বাণে পীড়িত হইয়া, রাত্রিতে মহাপর্ব্বতে প্রজ্বলিত বাঁশবনের ন্যায় শব্দ করিতে থাকিল ॥১৮॥

অর্জ্জুন বাণদ্বারা আপনার সৈন্যগণকে নিষ্পিষ্ট, দগ্ধ ও বিধ্বস্ত করিতে লাগিলেন; তখন তাহারা সকল দিকে বেগে পলায়ন করিতে লাগিল ॥১৯॥

অর্জ্জুন দগ্ধ করিতে লাগিলে, কৌরবসৈন্যেরা মহাবনে দাবাগ্নিত্রাসিত পশুগণের ন্যায় সকল দিকে যাইয়া অবস্থান করিতে থাকিল ॥২০॥

এইরূপ হইলে, সমস্ত কৌরবসৈন্য ভীত হইয়া মহাবাহু ভীমসেনকে পরিত্যাগ করিয়া যুদ্ধে পরাঙ্মুখ হইল ॥২১॥

ততঃ কুরুষু ভগ্নেষু বীভৎসুরপরাজিতঃ।
ভীমসেনং সমাসাদ্য মুহূর্ত্তং সোঽভ্যবর্ত্তত ॥২২॥
সমাগম্য চ ভীমেন মন্ত্রয়িত্বা চ ফাল্গুনঃ।
বিশল্যমরুজঞ্চাস্মৈ কথয়িত্বা যুধিষ্ঠিরম্ ॥২৩॥
ভীমসেনাভ্যনুজ্ঞাতস্ততঃ প্রায়াদ্ধনঞ্জয়ঃ।
নাদয়ন্ রথঘোষেণ পৃথিবীং দ্যাঞ্চ ভারত ! ॥২৪॥ (যুগ্মকম্)
ততঃ পরিবৃতো বীরৈর্দশভির্যোধপুঙ্গবৈঃ।
দুঃশাসনাদবরজৈস্তব পুত্রৈর্ধনঞ্জয়ঃ ॥২৫॥
তে তমভ্যর্দ্দয়ন্ বাণৈরুল্কাভিরিব কুঞ্জরম্।
আততেষ্বসনাঃ শূরা নৃত্যন্ত ইব ভারত ! ॥২৬॥
অপসব্যাংস্তু তাংশ্চক্রে রথেন মধুসূদনঃ।
নিযুক্তান্ হি স তান্ মেনে যমায়াশু কিরীটিনা ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। বীভৎসুরর্জ্জুনঃ। অভ্যবর্ত্তত বক্তব্যোক্তয়ে অবাতিষ্ঠত ॥২২॥

সমিতি। সমাগম্য মিলিত্বা। ফাল্গুনোঽর্জ্জুনঃ। বিশল্যং দেহাদ্বিগতবাণাগ্রম্, অরুজং বেদনাহীনঞ্চ, অস্মৈ ভীমসেনায়। পৃথিবীং রণভূমিম্, দ্যাং তত্রত্যমাকাশঞ্চ ॥২৩—২৪॥

তত ইতি। পরিবৃতঃ পরিবেষ্টিতঃ। অবরজৈঃ অনুজৈঃ ॥২৫॥

ত ইতি। আততানি আকর্ষণেন বিস্তৃতানি ইষ্বসনানি ধনূংষি যৈস্তে ॥২৬॥

তাহার পর কৌরবসৈন্যেরা ভগ্ন হইলে, অপরাজিত অর্জ্জুন ভীমসেনের নিকটে যাইয়া কিছুকাল অবস্থান করিলেন ॥২২॥

ভরতনন্দন! ধনঞ্জয় অর্জ্জুন ভীমের সহিত মিলিত হইয়া ও তাঁহার সহিত পরামর্শ করিয়া এবং যুধিষ্ঠিরের দেহ হইতে বাণাগ্র সকল উত্তোলিত হইয়াছে ও তাঁহার বেদনা গিয়াছে এই কথা ভীমকে বলিয়া তাঁহার অনুমতিক্রমে রথের শব্দে রণভূমি ও তত্রত্য আকাশ নিনাদিত করিতে থাকিয়া তথা হইতে প্রস্থান করিলেন ॥২৩—২৪॥

মহারাজ! তদনন্তর আপনার পুত্র দুঃশাসনের কনিষ্ঠ দশ জন যোদ্ধৃশ্রেষ্ঠ বীর যাইয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥২৫॥

ভরতনন্দন! ক্রমে উল্কাদ্বারা যেমন হস্তীকে পীড়ন করে, সেইরূপ সেই বীরেরা নৃত্য করিতে থাকিয়াই যেন ধনু আকর্ষণপূর্ব্বক বাণদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥২৬॥

(২৫) ততঃ পরিবৃতো ঘোরৈঃ···পি।

ততস্তে প্রাদ্রবন্ শূরাঃ পরাঙ্মুখরথেঽর্জ্জুনে।
তেষামাপততাং কেতূনশ্বাংশ্চাপানি সায়কান্ ॥২৮॥
নারাচৈরর্দ্ধচন্দ্রৈশ্চ ক্ষিপ্রং পার্থো ন্যপাতয়ৎ।
অথান্যৈর্দশভির্ভল্লৈঃ শিরাংস্যেষাং ন্যপাতয়ৎ ॥২৯॥ (যুগ্মকম্)
রোষসংরক্তনেত্রাণি সন্দষ্টৌষ্ঠানি ভূতলে।
তানি বক্ত্রাণি বিবভুঃ কমলানীব ভূরিশঃ ॥৩০॥
তাংস্তু ভল্লৈর্মহাবেগৈর্দশভির্দশ কৌরবান্।
রুক্মাঙ্গদান্ রুক্মপুঙ্খৈর্হত্বা প্রায়াদমিত্রহা ॥৩১॥
তং প্রয়ান্তং মহাবেগৈরশ্বৈঃ কপিবরধ্বজম্।
যুদ্ধায়াভ্যদ্রবন্ বীরাঃ কুরূণাং নবতী রথাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অপেতি। অপসব্যান্ বামদিগ্‌বর্ত্তিনঃ। স মধুসূদনঃ ॥২৭॥

তত ইতি। প্রাদ্রবন্ অভ্যধাবন্। অর্দ্ধচন্দ্রৈস্তদাখ্যৈর্বাণৈঃ ॥২৮—২৯॥

রোষেতি। সন্দষ্টানি দন্তদংশাস্পদীকৃতানি ওষ্ঠানি যৈস্তানি। ভূরিশো ভূরীণি ॥৩০॥

তানিতি। রুক্মাঙ্গদান্ স্বর্ণময়কেয়ূরান্, রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। অর্জ্জুনেন হতা এতে ধৃতরাষ্ট্রস্য দশ পুত্রা অসবর্ণা মন্তব্যাঃ। তেন ন "ধার্ত্তরাষ্ট্রান্ হনিষ্যামি" ইতি ভীমপ্রতিজ্ঞাভঙ্গঃ ॥৩১॥

তমিতি। কপিবরো বানরশ্রেষ্ঠো ধ্বজে যস্য তম্। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥৩২॥

তখন কৃষ্ণ রথদ্বারা তাঁহাদিগকে বামদিগ্‌বর্ত্তী করিলেন এবং ধারণা করিলেন যে, অর্জ্জুন যেন শীঘ্রই তাঁহাদিগকে যমের নিকট পাঠাইতেছেন ॥২৭॥

অর্জ্জুনের রথ পরাঙ্মুখ হইলে, সেই বীরেরা অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন। তাঁহারা আসিতে লাগিলে, অর্জ্জুন নারাচ ও অর্দ্ধচন্দ্রবাণদ্বারা তাঁহাদের ধ্বজ, অশ্ব, ধনু ও বাণ সকল সত্বর কাটিয়া ফেলিলেন; পরে অন্য দশটা ভল্লদ্বারা তাঁহাদের মস্তক ছেদন করিলেন ॥২৮—২৯॥

তখন ক্রোধে আরক্তনয়ন ও দন্তদষ্টৌষ্ঠ মুখগুলি বহুতর পদ্মের ন্যায় ভূতলে শোভা পাইতে লাগিল ॥৩০॥

এইভাবে শত্রুহন্তা অর্জ্জুন মহাবেগশালী ও স্বর্ণপুঙ্খ দশটা ভল্লদ্বারা স্বর্ণময়-কেয়ূরধারী দশ জন কৌরবকে বধ করিয়া যাইতে লাগিলেন ॥৩১॥

কপিধ্বজ অর্জ্জুন মহাবেগশালী অশ্বগণের গুণে বেগে যাইতে লাগিলে,

---

(৩১) ইতঃ পরং '...অশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' পি বঙ্গ বর্দ্ধ রা গো।

কৃত্বা সংশপ্তকা ঘোরং শপথং পারলৌকিকম্।
পরিবব্রুর্নরব্যাঘ্রা নরব্যাঘ্রং রণেঽর্জ্জুনম্ ॥৩৩॥
কৃষ্ণঃ শ্বেতান্ মহাবেগানশ্বান্ কাঞ্চনভূষণান্।
মুক্তাজালপ্রতিচ্ছন্নান্ প্রৈষীৎ কর্ণরথং প্রতি ॥৩৪॥
ততঃ কর্ণরথং যান্তমরিঘ্নং তং ধনঞ্জয়ম্।
বাণবর্ষৈরভিঘ্নন্তঃ সংশপ্তকরথা যযুঃ ॥৩৫॥
ত্বরমাণাংস্তু তান্ সর্বান্ সসূতেম্বসনধ্বজান্।
জঘান নবতিং বীরানর্জ্জুনো নিশিতৈঃ শরৈঃ ॥৩৬॥
তেঽপতন্ত হতা বাণৈর্নানারূপৈঃ কিরীটিনা।
বিমানেভ্যঃ সুকৃতিনঃ স্বর্গাৎ পুণ্যক্ষয়ে যথা ॥৩৭॥

ভারতকৌমুদী

কৃত্বেতি। যুদ্ধাচ্চেন্নিবর্ত্তিষ্যামহে তর্হি নরকং গমিষ্যাম ইত্থং পারলৌকিকম্ ॥৩৩॥
কৃষ্ণ ইতি। মুক্তাজালেন প্রতিচ্ছন্নান্ আবৃতান্, প্রৈষীৎ প্রৈরয়ৎ ॥৩৪॥
তত ইতি। অরিঘ্নং শত্রুহন্তারম্। অভিঘ্নন্তঃ প্রহরন্তঃ ॥৩৫॥
ত্বরেতি। সূতৈঃ সারথিভিঃ ইম্বসনৈর্ধনুর্ভিঃ ধ্বজৈশ্চ সহেতি তান্ ॥৩৬॥
ত ইতি। "তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি" ইতি শাস্ত্রাৎ ॥৩৭॥

কুরুপক্ষের নব্বই জন রথারোহী বীর যুদ্ধ করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩২॥

ক্রমে সেই নরশ্রেষ্ঠ সংশপ্তকেরা পরলোকসম্বন্ধী ভীষণ শপথ করিয়া রণস্থলে নরশ্রেষ্ঠ অর্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৩৩॥

ওদিকে কৃষ্ণ—শ্বেতবর্ণ, মহাবেগশালী, স্বর্ণভূষিত ও মুক্তাজালে আবৃত অশ্বগুলিকে কর্ণের রথের দিকে প্রেরণ করিতে থাকিলেন ॥৩৪॥

শত্রুহন্তা অর্জ্জুন কর্ণের রথের দিকে যাইতে লাগিলে, সেই সংশপ্তক রথীরা বাণবর্ষণ করিয়া অর্জুনকে প্রহার করিতে করিতে তাঁহার দিকে চলিলেন ॥৩৫॥

তখন অর্জুন সুধার বাণসমূহদ্বারা সারথি, ধনু ও ধ্বজের সহিত সেই ত্বরান্বিত নব্বই জন বীরের সকলকেই বধ করিলেন ॥৩৬॥

ক্রমে পুণ্যক্ষয় হইলে পুণ্যবান্ লোকেরা যেমন স্বর্গীয় বিমান হইতে পতিত হন, সেইরূপ তাঁহারা অর্জুনের নানাপ্রকার বাণে নিহত হইয়া পতিত হইলেন ॥৩৭॥

---

(৩৭)···সবিমানাঃ সুকৃতিনঃ···পি,···সবিমানা যথা সিদ্ধাঃ···বর্দ্ধ।

ততঃ সরথনাগাশ্বাঃ কুরবঃ কুরুসত্তমম্।
নির্ভয়া ভরতশ্রেষ্ঠমভ্যবর্ত্তন্ত ফাল্গুনম্ ॥৩৮॥
তদায়স্তমনুষ্যাশ্বমুদীর্ণবরবারণম্।
পুত্রাণাং তে মহাসৈন্যং সমরোৎসীদ্ধনঞ্জয়ম্ ॥৩৯॥
শক্ত্যৃষ্টিতোমরপ্রাসৈর্গদানিস্ত্রিংশসায়কৈঃ।
প্রাচ্ছাদয়ন্ মহেষ্বাসাঃ কুরবঃ কুরুনন্দনম্ ॥৪০॥
তামন্তরীক্ষে বিততাং শস্ত্রবৃষ্টিং সমন্ততঃ।
ব্যধমৎ পাণ্ডবো বাণৈস্তমঃ সূর্য্য ইবাংশুভিঃ ॥৪১॥
ততো ম্লেচ্ছাঃ স্থিতৈর্মত্তৈস্ত্রয়োদশশতৈর্গজৈঃ।
পার্শ্বতো ব্যহনন্ পার্থং তব পুত্রস্য শাসনাৎ ॥৪২॥
কর্ণিনালীকনারাচৈস্তোমরপ্রাসশক্তিভিঃ।
কম্পনৈর্ভিন্দিপালৈশ্চ রথস্থং পার্থমার্দ্দয়ন্ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যবর্ত্তন্ত আভিমুখ্যেনাতিষ্ঠন্, ফাল্গুনমর্জ্জুনম্ ॥৩৮॥

তদিতি। আয়স্তা যুদ্ধশ্রান্তা মনুষ্যা অশ্বাশ্চ যস্মিন্ তৎ, উদীর্ণা উদ্ধতা বরাঃ শ্রেষ্ঠা বারণা হস্তিনো যত্র তচ্চ। সমরোৎসীৎ কর্ণান্তিকগমনে নিরুদ্ধবৎ ॥৩৯॥

শক্তীতি। শক্ত্যাদীনি তদানীন্তনান্যস্ত্রাণি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৪০॥

তামিতি। বিততাং বিস্তৃতাম্। ব্যধমৎ ব্যনাশয়ৎ। তমোঽন্ধকারম্ ॥৪১॥

তত ইতি। ব্যহনন্ প্রাহরন্। বিকরণলোপাভাব আর্ষঃ। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥৪২॥

তাহার পর হস্তী, অশ্ব ও রথারোহী কৌরবসৈন্যেরা নির্ভয় চিত্তে কুরুবংশ ও ভরতবংশশ্রেষ্ঠ অর্জ্জুনের সম্মুখবর্ত্তী হইল ॥৩৮॥

মহারাজ! আপনার পুত্রগণের সেই মহাসৈন্য অর্জ্জুনকে রুদ্ধ করিল; তাহাদের মধ্যে মনুষ্য ও অশ্বগণ যুদ্ধে পরিশ্রান্ত হইয়াছিল, আর উত্তম হস্তী সকল যুদ্ধে উদ্ধতই ছিল ॥৩৯॥

পরে সেই মহাধনুর্দ্ধর কুরুসৈন্যেরা শক্তি, ঋষ্টি, তোমর, প্রাস, গদা, তরবারি ও বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিল ॥৪০॥

তখন সূর্য্য যেমন কিরণদ্বারা অন্ধকার বিনষ্ট করেন, সেইরূপ অর্জ্জুন বাণদ্বারা আকাশের সকল দিকে বিস্তৃত সেই অস্ত্রবৃষ্টি বিনষ্ট করিলেন ॥৪১॥

রাজা! তদনন্তর আপনার পুত্রের (দুর্য্যোধনের) আদেশে ম্লেচ্ছেরা পার্শ্বদেশ হইতে ত্রয়োদশ শত হস্তীদ্বারা অর্জ্জুনকে আঘাত করিতে লাগিল ॥৪২॥

তাং শস্ত্রবৃষ্টিমতুলাং দ্বিপস্থৈঃ প্রেষিতাং প্রভুঃ।
চিচ্ছেদ নিশিতৈর্ভল্লৈরর্দ্ধচন্দ্রৈশ্চ ফাল্গুনঃ ॥৪৪॥
অথ তান্ দ্বিরদান্ সর্বান্ নানালিঙ্গৈঃ শরোত্তমৈঃ।
সপতাকধ্বজারোহান্ গিরীন্ বজ্রৈরিবাভিনৎ ॥৪৫॥
তে হেমপুঙ্খৈরিষুভিরর্দ্দিতা হেমমালিনঃ।
হতাঃ পেতুর্মহানাগাঃ সাগ্নিজ্বালা ইবাদ্রয়ঃ ॥৪৬॥
ততো গাণ্ডীবনির্ঘোষো মহানাসীদ্বিশাংপতে!।
স্তনতাং কূজতাঞ্চৈব মনুষ্যগজবাজিনাম্ ॥৪৭॥
কুঞ্জরাশ্চ হতা রাজন্! দুদ্রুবুস্তে সমন্ততঃ।
অশ্বাশ্চ পর্য্যধাবন্ত হতারোহা দিশো দশ ॥৪৮॥

ভারতকৌমুদী

কর্ণীতি। পার্থমর্জ্জুনম্, আর্দ্দয়ন্নপীড়য়ন্, তে ম্লেচ্ছা ইত্যনুবৃত্তিঃ ॥৪৩॥
তামিতি। দ্বিপস্থৈর্গজারোহিভির্ম্লেচ্ছৈঃ, প্রভুঃ প্রভাববান্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৪৪॥
অথেতি। দ্বিরদান্ গজান্, নানালিঙ্গৈর্বহুবিধচিহ্নযুক্তৈঃ। অভিনৎ ফাল্গুনঃ ॥৪৫॥
ত ইতি। সাগ্নিজ্বালাঃ স্বকীয়বনবহ্নিশিখাযুক্তাঃ, অদ্রয়ঃ পর্ব্বতাঃ ॥৪৬॥
তত ইতি। স্তনতাং স্পষ্টং শব্দং কুর্বতাম্, কূজতামব্যক্তং রুবতাম্ ॥৪৭॥
কুঞ্জরা ইতি। হতা আহতাঃ, দুদ্রুবুর্দ্রুতং পলায়াঞ্চক্রিরে ॥৪৮॥

সেই ম্লেচ্ছেরা কর্ণী, নালীক, নারাচ, তোমর, প্রাস, শক্তি, কম্পন ও ভিন্দিপালদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিল ॥৪৩॥

তখন প্রভাবশালী অর্জ্জুনও সুধার ভল্ল ও অর্দ্ধচন্দ্রদ্বারা গজস্থিতম্লেচ্ছগণকৃত সেই অতুলনীয় অস্ত্রবৃষ্টি ছেদন করিতে লাগিলেন ॥৪৪॥

তদনন্তর ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্বত বিদারণ করিতেন, সেইরূপ অর্জ্জুন নানাবিধ চিহ্নযুক্ত উত্তম উত্তম বাণদ্বারা পতাকা, ধ্বজ ও আরোহীদের সহিত সেই সকল হস্তীকে বিদারণ করিতে থাকিলেন ॥৪৫॥

অর্জ্জুন স্বর্ণপুঙ্খ বাণদ্বারা পীড়ন করিতে থাকিলে, স্বর্ণমালাধারী সেই বিশাল হস্তী সকল নিহত হইয়া অগ্নিশিখাযুক্ত পর্বতসমূহের ন্যায় পতিত হইতে লাগিল ॥৪৬॥

নরনাথ! তাহার পর বিশাল গাণ্ডীবধ্বনি এবং স্পষ্ট ও অস্পষ্ট শব্দকারী মানুষ, হস্তী ও অশ্বগণের গুরুতর শব্দ হইতে থাকিল ॥৪৭॥

(৪৪) তাং শস্ত্রবৃষ্টিং তুমুলাং দ্বিপহস্তৈঃ প্রবেরিতাম্···পি বর্দ্ধ। (৪৫)···বজ্রৈরিবাচ্ছিনৎ—পি বর্দ্ধ বা।

রথা হীনা মহারাজ ! রথিভির্বাজিভিস্তথা।
গন্ধর্ব্বনগরাকারা দৃশ্যন্তে স্ম সহস্রশঃ ॥৪৯॥
অশ্বারোহা মহারাজ ! ধাবমানাস্ততস্ততঃ।
তত্র তত্রৈব দৃশ্যন্তে নিহতাঃ পার্থসায়কৈঃ ॥৫০॥
তস্মিন্ ক্ষণে পাণ্ডবস্য বাহ্বোর্বলমদৃশ্যত।
যৎ সাদিনো বারণাংশ্চ রথাংশ্চৈকোঽজয়দ্যুধি ॥৫১॥
অসংযুক্তাশ্চ তে রাজন্ ! পরিবৃত্তা রণং প্রতি।
নরা নাগা রথাশ্চৈব নদন্তোঽর্জ্জুনমভ্যয়ুঃ ॥৫২॥
ততস্ত্র্যঙ্গেন মহতা বলেন ভরতর্ষভ !।
দৃষ্ট্বা পরিবৃতং রাজন্ ! ভীমসেনঃ কিরীটিনম্ ॥৫৩॥
হতাবশেষানুৎসৃজ্য ত্বদীয়ান্ কতিচিদ্রথান্।
জবেনাভ্যদ্রবদ্রাজন্ ! ধনঞ্জয়রথং প্রতি ॥৫৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রথা ইতি। হীনাঃ পতনাৎ, রথিভির্বাজিভিশ্চ নিহতৈরিত্যর্থঃ ॥৪৯॥
অশ্বেতি। অশ্বেষু আরোহা আরোহিণঃ। পার্থসায়কৈরর্জ্জুনবাণৈঃ ॥৫০॥
তস্মিন্নিতি। পাণ্ডবস্যার্জ্জুনস্য। সাদিনো গজাশ্বারোহিণঃ, বারণান্ গজান্ ॥৫১॥
অসমিতি। অসংযুক্তা অমিলিতাঃ। পরিবৃত্তাঃ প্রত্যাবৃত্তাঃ। নাগা গজাঃ ॥৫২॥
তত ইতি। ত্রীণি পদাতিগজরথরূপাণি অঙ্গানি যস্য তেন। পরিবৃতং পরিবেষ্টিতম্। জবেন বেগেন, অভ্যদ্রবৎ সাহায্যকরণায় অভ্যধাবৎ ॥৫৩—৫৪॥

রাজা ! হস্তী সকল আহত হইয়া দ্রুতবেগে সকল দিকে পলায়ন করিতে লাগিল এবং আরোহিগণ নিহত হইলে অশ্বগণ দশ দিকে ধাবিত হইতে থাকিল ॥৪৮॥

মহারাজ ! রথী ও অশ্ববিহীন গন্ধর্ব্বনগরাকার সহস্র সহস্র রথ দেখা যাইতে লাগিল ॥৪৯॥

মহারাজ ! ক্রমে দেখিতে লাগিলাম—অশ্বারোহীরা ইতস্ততঃ ধাবিত হইতে থাকিয়া সেই সেই স্থানেই অর্জ্জুনের বাণে নিহত হইতে থাকিল ॥৫০॥

সেই সময়ে অর্জ্জুনের বাহুবল দেখিলাম। যে হেতু তিনি একাকী যুদ্ধে অশ্বারোহী, গজারোহী ও রথীদিগকে জয় করিতে লাগিলেন ॥৫১॥

রাজা ! ক্রমে সেই পদাতি, গজারোহী ও রথীরা অসম্মিলিত অবস্থায় যুদ্ধের দিকে ফিরিয়া গর্জন করিতে করিতে অর্জ্জুনের দিকে আসিতে থাকিল ॥৫২॥

(৫২) অয়ং শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ বা সো নাস্তি। (৫৩)···বলেন ভরতর্ষভম্···পি।

ততস্তৎ প্রাদ্রবৎ সৈন্যং হতভূয়িষ্ঠমাতুরম্ ।
দৃষ্ট্বার্জ্জুনং তদা ভীমমাগতং ভ্রাতরং প্রতি ॥৫৫॥
গদাপাণিং তদা দৃষ্ট্বা ভীমং ভারত ! ভারতাঃ ।
মেনিরে তমনুপ্রাপ্তং দণ্ডপাণিমিবান্তকম্ ॥৫৬॥
কালরাত্রিমিবাত্যুগ্রাং নরনাগাশ্বভোজনাম্ ।
প্রাকারাট্টপুরদ্বার-দারণীমতিদারুণাম্ ॥৫৭॥
ততো গদাং নৃনাগাশ্বেম্বাশু ভীমো ব্যবাসৃজৎ ।
সা জঘান বহূনশ্বানশ্বারোহাংশ্চ মারিষ ! ॥৫৮॥ (যুগ্মকম্)
কার্ষ্ণায়সতনুত্রাণান্ নরানশ্বাংশ্চ পাণ্ডবঃ ।
পোথয়ামাস গদয়া সশব্দং তেঽপতন্ হতাঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রাদ্রবৎ দ্রুতং পলায়ত, হতা ভূয়িষ্ঠা বহুলা যস্য তৎ ॥৫৫॥

গদেতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্, অন্তকং যমম্ ॥৫৬॥

কালেতি। কালরাত্রিঃ সংহারমূর্ত্তিঃ কালী তাম্ "কালরাত্রির্মহারাত্রির্মোহরাত্রিশ্চ দারুণা" ইত্যুক্তেঃ। অট্টঃ অট্টালিকা। ব্যবাসৃজৎ ন্যক্ষিপৎ। হে মারিষ ! আর্য্য ! ॥৫৭—৫৮॥

কার্ষ্ণেতি। কৃষ্ণেনায়সা লৌহসারেণ নির্ম্মিতানীতি কার্ষ্ণায়সানি তনুত্রাণানি যেষাং তে ॥৫৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! তাহার পর অর্জ্জুন—পদাতি, গজারোহী ও রথিরূপ বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়াছেন দেখিয়া ভীমসেন আপনার পক্ষের হতাবশিষ্ট কতিপয় রথীকে পরিত্যাগ করিয়া বেগে অর্জ্জুনের রথের দিকে ধাবিত হইলেন ॥৫৩—৫৪॥

তদনন্তর ভ্রাতা অর্জ্জুনের নিকট ভীমসেন আসিয়াছেন দেখিয়া হতবহুল ও পীড়িত সেই কৌরবসৈন্য বেগে পলায়ন করিতে লাগিল ॥৫৫॥

ভরতনন্দন ! তখন কৌরবসৈন্যেরা গদাপাণি ভীমসেনকে দেখিয়া দণ্ডপাণি যমই যেন উপস্থিত হইয়াছেন বলিয়া মনে করিতে থাকিল ॥৫৬॥

মাননীয় রাজা ! তাহার পর ভীমসেন—হস্তী, অশ্ব ও মনুষ্যভোজিনী অতিভীষণা কালরাত্রির ন্যায় প্রাচীর, অট্টালিকা ও পুরদ্বারবিদারিণী অতিদারুণা গদাটাকে হস্তী, অশ্ব ও মানুষের উপরে নিক্ষেপ করিতে লাগিলেন; আর সেই গদাটা যাইয়া বহুতর অশ্ব ও অশ্বারোহীকে বধ করিতে লাগিল ॥৫৭—৫৮॥

(৫৫)···তদা ভীমো জগাম ভ্রাতরং প্রতি—পি বর্দ্ধ বা সো। (৫৬) এষোঽপি শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ বা সো নাস্তি। (৫৯) কাংস্যায়সতনুত্রাংশ্চ···নি।

দন্তৈর্দশন্তো বসুধাং শেরতে ক্ষতজোক্ষিতাঃ।
ভগ্নমূর্দ্ধাস্থিচরণাঃ ক্রব্যাদগণভোজনাঃ ॥৬০॥
অসৃঙ্‌মাংসবসাভিশ্চ তৃপ্তিমভ্যাগতা গদা।
অস্থীন্যপ্যশ্নতী তস্থৌ কালরাত্রীব দুর্দৃশা ॥৬১॥
সহস্রাণি দশাশ্বানাং হত্বা পত্তীংশ্চ ভূয়সঃ।
ভীমোঽভ্যধাবৎ সংক্রুদ্ধো গদাপাণিরিতস্ততঃ ॥৬২॥
গদাপাণিং ততো ভীমং দৃষ্ট্বা ভারত! তাবকাঃ।
মেনিরে সমনুপ্রাপ্তং কালদণ্ডোদ্যতং যমম্ ॥৬৩॥
স মত্ত ইব মাতঙ্গঃ সংক্রুদ্ধঃ পাণ্ডুনন্দনঃ।
প্রবিবেশ গজানীকং মকরঃ সাগরং যথা ॥৬৪॥
বিগাহ্য চ গজানীকং প্রগৃহ্য মহতীং গদাম্।
ক্ষণেন ভীমঃ সংক্রুদ্ধস্তন্নিন্যে যমসাদনম্ ॥৬৫॥

ভারতকৌমুদী

দন্তৈরিতি। ক্ষতজোক্ষিতা রক্তসিক্তগাত্রাঃ। ক্রব্যাদগণভোজনা মাংসভোজিখাদ্যাঃ ॥৬০॥
অসৃগিতি। অশ্নতী খাদন্তী। দুর্দৃশেতি গুণাভাব আর্ষঃ ॥৬১॥
সহস্রাণীতি। সংখ্যানির্দ্দেশো বহুত্বমাত্রজ্ঞাপনার্থঃ। পত্তীন্ পদাতীন্ ॥৬২॥
গদেতি। কালদণ্ড উদ্যতো হস্তেনোত্তোলিতো যেন তম্ ॥৬৩॥
স ইতি। গজানীকং হস্তিসৈন্যম্, মকরো জলজন্তুবিশেষঃ ॥৬৪॥

ভীমসেন গদাদ্বারা লৌহবর্ম্মধারী মনুষ্য ও অশ্বগণকে পোথিত (থেতো) করিতে লাগিলেন; আর তাহারা আর্ত্তনাদ করিতে করিতে নিহত হইয়া পতিত হইতে থাকিল ॥৫৯॥

ক্রমে তাহারা দন্তদ্বারা ভূমি দংশন করিতে থাকিয়া শয়ন করিতে লাগিল; তখন তাহাদের দেহ রক্তে সিক্ত হইতে থাকিল; মস্তক, অস্থি ও চরণ ভগ্ন হইতে লাগিল এবং মাংসভোজী জন্তুগণ তাহাদিগকে ভোজন করিতে থাকিল ॥৬০॥

ভীমের সেই গদাটা রক্ত, মাংস ও বসায় তৃপ্তি লাভ করিয়া অস্থিও ভোজন করিতে থাকিয়া কালরাত্রির ন্যায় দুর্দ্দর্শ হইয়া পড়িল ॥৬১॥

এইভাবে ভীমসেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দশ সহস্র অশ্ব ও বহুতর পদাতি সংহার করিয়া গদাহস্তে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥৬২॥

ভরতনন্দন! পরে আপনার পক্ষের সৈন্যেরা গদাপাণি ভীমসেনকে দেখিয়া যম যেন কালদণ্ড উত্তোলনপূর্ব্বক উপস্থিত হইয়াছেন বলিয়া মনে করিতে লাগিল ॥৬৩॥

গজান্ সকঙ্কটান্ মত্তান্ সারোহান্ সপতাকিনঃ।
পততঃ সমপশ্যাম সপক্ষানিব পর্বতান্ ॥৬৬॥
হত্বা তু তদ্‌গজানীকং ভীমসেনো মহাবলঃ।
পুনঃ স্বরথমাস্থায় পৃষ্ঠতোঽর্জ্জুনমভ্যয়াৎ ॥৬৭॥
ততঃ পরাঙ্মুখীভূতং নিরুৎসাহং বলং তব।
তদানীং তু মহারাজ! প্রায়শঃ শস্ত্রবেষ্টিতম্ ॥৬৮॥
বিলম্বমানং তৎ সৈন্যমপ্রগল্‌ভমবস্থিতম্।
দৃষ্ট্বা প্রাচ্ছাদয়দ্বাণৈরর্জ্জুনঃ প্রাণতাপনৈঃ ॥৬৯॥
নরাশ্বরথমাতঙ্গা যুধি গাণ্ডীবধন্বনা।
শরব্রাতৈশ্চিতা রেজুঃ কদম্বা ইব কেশরৈঃ ॥৭০॥

ভারতকৌমুদী

বিগাহ্যেতি। বিগাহ্য আলোড্য। নিন্যে প্রেষয়ামাস, যমস্য সাদনং ভবনম্ ॥৬৫॥
গজানিতি। সকঙ্কটান্ সকবচান্। সপতাকিনঃ পতাকাধারিসহিতান্ ॥৬৬॥
হত্বেতি। আস্থায় আরুহ্য। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ ॥৬৭॥
তত ইতি। শস্ত্রৈর্ভীমার্জ্জুনয়োরস্ত্রৈর্বেষ্টিতম্ ॥৬৮॥
বিলম্বেতি। বিলম্বমানং জড়ভাবেন বিষ্ণমানম্, অপ্রগল্‌ভং নিরুদ্যমম্ ॥৬৯॥
নরেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, চিতা ব্যাপ্তাঃ, কদম্বাঃ কদম্বপুষ্পাণি ॥৭০॥

ভীমসেন মত্ত হস্তীর ন্যায় ক্রুদ্ধ হইয়া—মকর যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ হস্তিসৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥৬৪॥

ক্রমে ক্রুদ্ধ ভীমসেন বিশাল গদা ধারণপূর্ব্বক হস্তিসৈন্য আলোড়ন করিয়া তাহা ক্ষণকালমধ্যে যমালয়ে প্রেরণ করিলেন ॥৬৫॥

তখন আমরা দেখিলাম—কবচাবৃতদেহ মত্ত হস্তী সকল আরোহী ও পতাকাধারীদের সহিত পক্ষযুক্ত পর্বতসমূহের ন্যায় পতিত হইতেছে ॥৬৬॥

মহাবল ভীমসেন সেই হস্তিসৈন্য সংহার করিয়া পুনরায় আপন রথে উঠিয়া অর্জ্জুনের পিছনে গমন করিলেন ॥৬৭॥

মহারাজ! তখন ভীম ও অর্জ্জুনের অস্ত্রে বেষ্টিত হইয়া আপনার প্রায় সৈন্যই নিরুৎসাহ ও পরাঙ্মুখ হইয়া পড়িল ॥৬৮॥

এই সময়ে অর্জ্জুন সেই সৈন্যগণকে জড় ও নিরুদ্যমভাবে অবস্থিত দেখিয়া প্রাণসন্তাপক বাণসমূহে তাহাদিগকে আবৃত করিলেন ॥৬৯॥

(৬৬)…পতিতান্ সমপশ্যাম…পি। (৬৮) হতং পরাঙ্মুখপ্রায়ম্…ব্যালম্বত…পি বা, নিহতং প্রাঙ্মুখপ্রায়ম্…ব্যালম্বত—বৰ্দ্ধ।

ততঃ কুরূণামভবদার্ত্তনাদো মহান্ নৃপ !।
নরাশ্বনাগাসুহরৈর্বধ্যতামর্জ্জুনেষুভিঃ ॥৭১॥
হাহাকৃতং ভৃশং ত্রস্তং লীয়মানং পরস্পরম্।
অলাতচক্রবৎ সৈন্যং তদা বভ্রাম তাবকম্ ॥৭২॥
ততস্তদ্‌যুদ্ধমভবৎ কুরূণাং সুমহদ্বলৈঃ।
নহ্যত্রাসীদনির্ভিন্নো রথঃ সাদী হয়ো গজঃ ॥৭৩॥
আদীপ্তমিব তৎ সৈন্যং শরৈশ্ছিন্নতনুচ্ছদম্।
আসীৎ স্বশোণিতক্লিন্নং ফুল্লাশোকবনং যথা ॥৭৪॥
তৎ সৈন্যং হতভূয়িষ্ঠমাহতং নিশিতৈঃ শরৈঃ।
ন জহৌ সমরং প্রাপ্য ফাল্গুনং শত্রুতাপনম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

তত ইতি। নরাণামশ্বানাং নাগানাং গজানাঞ্চ অসুহরৈঃ প্রাণনাশকৈঃ, বধ্যতাং বধ্যমানানাম্ ॥৭১॥

হাহেতি। হাহেত্যস্য কৃতং করণং যস্য তৎ, লীয়মানং লুক্কায়িতম্। অলাতমগ্নিযুক্তং দারু ॥৭২॥

তত ইতি। বলৈঃ সহ। অনির্ভিন্নঃ অবিদীর্ণঃ, সাদী গজাশ্বারোহী ॥৭৩॥

আদীপ্তমিতি। আদীপ্তং প্রজ্বলিতম্। ছিন্নাস্তনুচ্ছদা বর্ম্মাণি যস্য তৎ ॥৭৪॥

তদিতি। হতা ভূয়িষ্ঠা বহুলা যস্য তৎ। জহৌ তত্যাজ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥৭৫॥

ক্রমে অর্জ্জুন যুদ্ধে বাণসমূহদ্বারা ব্যাপ্ত করিলে, হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ কেশরব্যাপ্ত কদম্বপুষ্পসমূহের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৭০॥

রাজা! তাহার পর হস্তী, অশ্ব ও মনুষ্যগণের প্রাণনাশক অর্জ্জুনের বাণে নিহত হইতে থাকায় কৌরবসৈন্যমধ্যে বিশাল আর্ত্তনাদ হইতে লাগিল ॥৭১॥

তখন আপনার সৈন্যেরা হাহাকার করিতে লাগিল, অত্যন্তভীত হইয়া পড়িল, পরস্পর লুক্কায়িত হইতে থাকিল এবং অগ্নিযুক্ত কাষ্ঠের ন্যায় ঘুরিতে লাগিল ॥৭২॥

পরে কৌরবসৈন্যের সহিত অতিমহাযুদ্ধ হইতে লাগিল। সে যুদ্ধে রথী, অশ্বারোহী, গজারোহী, অশ্ব বা গজ কেহই অবিদীর্ণ থাকিল না ॥৭৩॥

সে সৈন্যেরা যেন জ্বলিতে লাগিল, অর্জ্জুনের বাণে তাহাদের বর্ম্ম সকল ছিন্ন হইয়া গেল এবং তাহারা আপন আপন রক্তে সিক্ত হইয়া প্রস্ফুটিতপুষ্প অশোক-বনের ন্যায় প্রকাশ পাইতে থাকিল ॥৭৪॥

---

(৭১)…নরাশ্বনাগবীরাণাম্…পি। (৭২)…তদাভ্রমত তাবকম্—পি বর্দ্ধ। (৭৪)… ক্লিষ্টং রৌদ্রং নষ্টং বিশাংপতে!—নি। (৭৫—৭৬) শ্লোকদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ বা নাস্তি।

তত্রাদ্ভুতমপশ্যাম কৌরবাণাং পরাক্রমম্ ।
বধ্যমানোঽপি যৎ পার্থং ন জহৌ ভরতর্ষভ ! ॥৭৬॥
তং দৃষ্ট্বা কুরবস্তত্র বিক্রান্তং সব্যসাচিনম্ ।
নিরাশাঃ সমপদ্যন্ত সর্বে কর্ণস্য জীবিতে ॥৭৭॥
অবিষহ্যন্তু পার্থস্য শরসংস্পর্শমাহবে ।
মত্বা ন্যবর্ত্তন্ কুরবো জিতা গাণ্ডীবধন্বনা ॥৭৮॥
তে হিত্বা সমরে পার্থং বধ্যমানাশ্চ সায়কৈঃ ।
প্রদুদ্রুবুর্দিশো ভীতাশ্চুক্রুশুশ্চাপি সূতজম্ ॥৭৯॥
অভ্যদ্রবত তান্ পার্থঃ কিরন্ শরশতান্ বহূন্ ।
হর্ষয়ন্ পাণ্ডবান্ যোধান্ ভীমসেনপুরোগমান্ ॥৮০॥

ভারতকৌমুদী

তত্রেতি। পার্থমর্জ্জুনম্ ॥৭৬॥
তমিতি। বিক্রান্তং বিক্রমযুক্তম্, সব্যসাচিনমর্জ্জুনম্। সমপদ্যন্ত অজায়ন্ত ॥৭৭॥
অবিষহ্যমিতি। ন্যবর্ত্তন্ ন্যবর্ত্তন্ত। গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন ॥৭৮॥
ত ইতি। প্রদুদ্রুবুর্দ্রুতং জগ্মুঃ, চুক্রুশুঃ রক্ষ রক্ষেত্যুচ্চৈরূচুঃ ॥৭৯॥
অভীতি। অভ্যদ্রবত অভ্যধাবৎ। কিরন্ বিক্ষিপন্ ॥৮০॥

অর্জ্জুনের সুধার বাণে কৌরবগণের মধ্যে অনেকে নিহত এবং অনেকে আহত হইল; তথাপি তাহারা যুদ্ধে শত্রুতাপন অর্জ্জুনকে ত্যাগ করিল না ॥৭৫॥

ভরতশ্রেষ্ঠ! তখন আমরা কৌরবসৈন্যের অদ্ভুত পরাক্রম দেখিলাম। যে হেতু তাহারা নিহত হইতে থাকিয়াও অর্জ্জুনকে ত্যাগ করিল না ॥৭৬॥

তৎকালে কৌরবসৈন্যেরা সকলে অর্জ্জুনের সেই বিক্রম দেখিয়া কর্ণের জীবনে নিরাশ হইয়া পড়িল ॥৭৭॥

অর্জ্জুনবিজিত কৌরবসৈন্যেরা অর্জ্জুনের বাণাঘাত অসহ্য মনে করিয়া যুদ্ধে নিবৃত্তি পাইল ॥৭৮॥

তাহারা অর্জ্জুনের বাণে আহত হইতে থাকিয়া যুদ্ধে অর্জুনকে পরিত্যাগ করিয়া ভীত হইয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল এবং 'রক্ষা করুন রক্ষা করুন' এই ভাবে উচ্চস্বরে কর্ণকে বলিতে থাকিল ॥৭৯॥

এই সময়ে অর্জুন ভীমসেনপ্রভৃতি পাণ্ডবযোদ্ধাদের আনন্দ উৎপাদন করিতে থাকিয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে করিতে কৌরবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৮০॥

---

(৭৮)···শরসম্পাতমাহবে···পি বর্দ্ধ বা।

পুত্রাস্ত তে মহারাজ ! জগ্মুঃ কর্ণরথং প্রতি।
অগাধে মজ্জতাং তেষাং দ্বীপঃ কর্ণোঽভবত্তদা ॥৮১॥
কুরবো হি মহারাজ ! নির্বিষাঃ পন্নগা ইব।
কর্ণমেবোপলীয়ন্ত ভয়াদ্‌গাণ্ডীবধন্বনঃ ॥৮২॥
যথা সর্বাণি ভূতানি মৃত্যোর্ভীতানি মারিষ ! ।
ধর্ম্মমেবোপলীয়ন্তে কর্ম্মবন্তি হি যানি চ ॥৮৩॥
তথা কর্ণং মহেষ্বাসং পুত্রাস্তব নরাধিপ ! ।
উপালীয়ন্ত সংত্রাসাৎ পাণ্ডবস্য মহাত্মনঃ ॥৮৪॥ (যুগ্মকম্)
তান্ শোণিতপরিক্লিন্নান্ বিষমস্থান্ শরাতুরান্।
মা ভৈষ্টেত্যব্রবীৎ কর্ণো হ্যভিতো মামিতেতি চ ॥৮৫॥
প্রভগ্নং হি বলং দৃষ্ট্বা বলাৎ পার্থেন তাবকম্।
ধনুর্বিস্ফারয়ন্ কর্ণস্তস্থৌ শত্রুজিঘাংসয়া ॥৮৬॥

ভারতকৌমুদী

পুত্রা ইতি। অগাধে বিপৎসাগরে। দ্বীপো দ্বীপরূপ আশ্রয়ঃ ॥৮১॥
কুরব ইতি। পন্নগাঃ সর্পাঃ। উপলীয়ন্ত আশ্রয়ন্ ॥৮২॥
যথেতি। ভূতানি মানুষাঃ। কর্ম্মবন্তি সৎকর্ম্মান্বিতানি। উপালীয়ন্ত আশ্রয়ন্ ॥৮৩-৮৪॥
তানিতি। বিষমস্থান্ সঙ্কটাপন্নান্। মামভিতঃ পরিতঃ, ইত যূয়মাগচ্ছত ॥৮৫॥
প্রভগ্নমিতি। বিস্ফারয়ন্ আকর্ষণেন বিস্তৃতীকুর্বন্ ॥৮৬॥

মহারাজ ! ক্রমে আপনার পুত্রেরা কর্ণের রথের দিকে গমন করিলেন। তাঁহারা অগাধ বিপৎসাগরে মগ্ন হইতে লাগিলে, কর্ণ তখন তাঁহাদের দ্বীপস্বরূপ হইলেন ॥৮১॥

মহারাজ ! নির্বিষ সর্পের ন্যায় কৌরবেরা অর্জুনের ভয়ে কর্ণকেই আশ্রয় করিলেন ॥৮২॥

মাননীয় নরনাথ ! যাঁহারা সৎকর্ম্মান্বিত, সেই সকল মানুষ যেমন মৃত্যুর ভয়ে ধর্ম্মেরই শরণাপন্ন হন, সেইরূপ আপনার পুত্রেরা মহাত্মা অর্জুনের ভয়ে মহাধনুর্দ্ধর কর্ণেরই শরণাপন্ন হইলেন ॥৮৩—৮৪॥

কর্ণ সেই রক্তাক্তদেহ, সঙ্কটাপন্ন ও বাণপীড়িত কৌরবসৈন্যগণকে বলিলেন—'তোমরা ভীত হইও না, আমার সকল দিকে আসিয়া দাঁড়াও' ॥৮৫॥

মহারাজ ! অর্জুন বলপূর্ব্বক আপনার সৈন্যগণকে পরাজয় করিয়াছেন দেখিয়া কর্ণ শত্রু সংহার করিবার ইচ্ছায় ধনু বিস্তৃত করিয়া অবস্থান করিলেন ॥৮৬॥

(৮৬)···পার্থজিঘাংসয়া—পি।

তান্ বিদ্রুতান্ কুরূন্ দৃষ্ট্বা কর্ণঃ শস্ত্রভৃতাং বরঃ।
সঞ্চিন্তয়িত্বা পার্থস্য বধে দধ্রে মনঃ শ্বসন্ ॥৮৭॥
বিস্ফার্য্য সুমহচ্চাপং তত আধিরথির্বৃষঃ।
পাঞ্চালান্ পুনরাধাবৎ পশ্যতঃ সব্যসাচিনঃ ॥৮৮॥
ততঃ ক্ষণেন ক্ষিতিপাঃ ক্ষতজপ্রতিমেক্ষণাঃ।
কর্ণং ববর্ষুর্বাণৌঘৈর্যথা মেঘা মহীধরম্ ॥৮৯॥
ততঃ শরসহস্রাণি কর্ণমুক্তানি মারিষ !।
ব্যয়োজয়ন্ত পাঞ্চালান্ প্রাণৈঃ প্রাণভৃতাং বর ! ॥৯০॥
তত্র শব্দো মহানাসীৎ পাঞ্চালানাং মহামতে !।
বধ্যতাং সূতপুত্রেণ মিত্রার্থে মিত্রগৃদ্ধিনা ॥৯১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তানিতি। বিদ্রুতান্ পলায়িতান্। সঞ্চিন্তয়িত্বা কর্ত্তব্যং সঞ্চিন্ত্য ॥৮৭॥

বিস্ফার্য্যেতি। আধিরথিরধিরথপুত্রঃ, বৃষঃ কর্ণঃ। পাঞ্চালানাধাবৎ অর্জ্জুনপ্রমার্থম্ ॥৮৮॥

তত ইতি। ক্ষিতিপাঃ পাঞ্চালক্ষত্রিয়াঃ, ক্ষতজপ্রতিমেক্ষণা রক্ততুল্যবর্ণনেত্রাঃ ॥৮৯॥

তত ইতি। কর্ণেন মুক্তানি ক্ষিপ্তানি। ব্যয়োজয়ন্ত বিযুক্তানকুর্ব্বন্ ॥৯০॥

তত্রেতি। বধ্যতাং বধ্যমানানাম্। মিত্রগৃদ্ধিনা দুর্য্যোধনজয়াভিলাষিণা ॥৯১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং অস্ত্রধারিশ্রেষ্ঠ কর্ণ কতকগুলি কৌরবসৈন্যকে পলায়িত দেখিয়া কর্ত্তব্য বিষয় চিন্তা করিয়া শ্বাস ত্যাগ করিতে থাকিয়া অর্জুনবধে মনোনিবেশ করিলেন ॥৮৭॥

তদনন্তর অধিরথনন্দন কর্ণ বিশাল ধনু বিস্ফারিত করিয়া অর্জ্জুনের সমক্ষেই পুনরায় পাঞ্চালগণের দিকে ধাবিত হইলেন ॥৮৮॥

তাহার পর মেঘ যেমন পর্ব্বতের উপরে জলবর্ষণ করে, সেইরূপ পাঞ্চালদেশীয় ক্ষত্রিয়েরা আরক্তনয়ন হইয়া কর্ণের উপরে বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥৮৯॥

মাননীয় প্রাণিশ্রেষ্ঠ! তাহার পর কর্ণনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ যাইয়া পাঞ্চালগণের প্রাণবিয়োগ ঘটাইতে লাগিল ॥৯০॥

(৮৯) অত্র পুস্তকভেদ এব বিভিন্নঃ পাঠঃ। * '...একাশীতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো।

একষষ্টিতমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

ততঃ কর্ণঃ কুরুষু প্রদ্রুতেষু বরূথিনা শ্বেতহয়েন রাজন্!।
পাঞ্চালপুত্রান্ ব্যধমৎ সূতপুত্রো মহেষুভির্বাত ইবাভ্রসংঘান্ ॥১॥
সূতং রথাদঞ্জলিকৈর্নিপাত্য জঘান চাশ্বান্ জনমেজয়স্য।
শতানীকং স্তুতসোমঞ্চ ভল্লৈরবাকিরদ্ধনুষী চাপ্যকৃন্তৎ ॥২॥
ধৃষ্টদ্যুম্নং নির্বিভেদাথ ষড়্ভির্জঘান চাশ্বাংস্তরসা তস্য সংখ্যে।
হত্বা চাশ্বান্ সাত্যকেঃ সূতপুত্রঃ কৈকেয়পুত্রং ন্যবধীদ্বিশোকম্ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রদ্রুতেষু দ্রুতং রণস্থলাদপসৃতেষু, বরূথো ব্যাঘ্রাবরণমস্যাস্তীতি তেন, রথগুপ্তির্বরূথো না" ইত্যমরঃ, শ্বেতা হয়া যস্য তেন রথেন। ব্যধমৎ ব্যনাশয়ৎ। অভ্রসংঘান্ মেঘসমূহান্ ॥১॥

সূতমিতি। সূতং সারথিম্, অঞ্জলিকৈস্তদাখ্যৈর্বাণৈঃ। অবাকিরৎ প্রাহরৎ, অকৃন্তদচ্ছিনৎ ॥২॥

ধৃষ্টেতি। ষড়্ভির্বাণৈঃ। তরসা বলেন। বিশোকং নাম ॥৩॥

মহামতি রাজা! তৎপরে দুর্য্যোধনহিতৈষী কর্ণ দুর্য্যোধনেরই হিতের জন্য বধ করিতে লাগিলে, পাঞ্চালগণের মধ্যে বিশাল আর্ত্তনাদ হইতে লাগিল' ॥৯১॥

——ঃ-০-ঃ——

সঞ্জয় বলিলেন—'রাজা! তদনন্তর কৌরবসৈন্যেরা বেগে পলায়ন করিতে লাগিলে, সূতপুত্র কর্ণ ব্যাঘ্রচর্ম্মাবৃত ও শ্বেতাশ্বযুক্ত রথে আরোহণ করিয়া—বায়ু যেমন মেঘসমূহ বিনাশ করে, সেইরূপ মহাবাণসমূহদ্বারা পাঞ্চালপুত্রগণকে বিনাশ করিতে লাগিলেন ॥১॥

তিনি অঞ্জলিকদ্বারা জনমেজয়ের সারথিকে রথ হইতে নিপাতিত করিয়া তাঁহার অশ্বগুলিকেও বধ করিলেন; তৎপরে ভল্লদ্বারা শতানীক ও স্তুতসোমকে প্রহার করিলেন এবং তাঁহাদের ধনু দুইখানাও কাটিয়া ফেলিলেন ॥২॥

তাহার পর কর্ণ ছয় বাণে ধৃষ্টদ্যুম্নকে বিদীর্ণ করিলেন এবং বলপূর্ব্বক যুদ্ধে তাঁহার অশ্বগণকেও সংহার করিলেন; পরে সাত্যকির অশ্বগুলিকে বধ করিয়া কৈকেয়পুত্র বিশোককে বধ করিলেন ॥৩॥

(২)...অঞ্জলিকেন পাত্য...পি।

তমভ্যধাবন্নিহতে কুমারে কৈকেয়সেনাপতিরুগ্রকর্ম্মা।
শরৈর্বিধুন্বন্ ভৃশমুগ্রবেগৈঃ কর্ণাত্মজং চাভ্যহনৎ প্রসেনম্ ॥৪॥
তস্যার্দ্ধচন্দ্রৈস্ত্রিভিরুচ্চকর্ত্ত প্রসহ্য বাহূ চ শিরশ্চ কর্ণঃ।
স স্যন্দনাদ্‌গামগমদ্‌গতাসুঃ পরশ্বধৈঃ শাল ইবাবরুগ্‌ণঃ ॥৫॥
হতাশ্বমঞ্জোগতিভিঃ প্রসেনঃ শিনিপ্রবীরং নিশিতৈঃ পৃষৎকৈঃ।
প্রচ্ছাদ্য নৃত্যন্নিব কর্ণপুত্রঃ শৈনেয়বাণাভিহতঃ পপাত ॥৬॥
পুত্রে হতে ক্রোধপরীতচেতাঃ কর্ণঃ শিনীনামৃষভং জিঘাংসুঃ।
হতোঽসি শৈনেয়! ইতি ব্রুবন্ স ব্যবাসৃজদ্বাণমমিত্রসাহম্ ॥৭॥

ভারতকৌমুদী

তমিতি। বিধুন্বন্ ধনুঃ সঞ্চালয়ন্। প্রসেনং তদাখ্যম্ ॥৪॥

তস্যেতি। অর্দ্ধচন্দ্রৈর্বাণৈঃ, উচ্চকর্ত্ত চিচ্ছেদ, প্রসহ্য বলেন। স্যন্দনাৎ রথাৎ, গাং ভূমিম্, গতাসুর্নির্গতপ্রাণঃ, পরশ্বধৈঃ পরশুভিঃ, শালো বৃক্ষঃ, অবরুগ্‌ণশ্ছিন্নঃ ॥৫॥

হতেতি। কর্ণেনৈব পূর্ব্বং হতা অশ্বা যস্য তম্, অঞ্জোগতিভির্দ্রুতগামিভিঃ, শিনিপ্রবীরং সাত্যকিম্, পৃষৎকৈর্বাণৈঃ। শৈনেয়স্য সাত্যকের্বাণেন অভিহতো নিহতঃ ॥৬॥

পুত্র ইতি। ক্রোধেন পরীতং ব্যাপ্তং চেতো যস্য সঃ, শিনীনামৃষভং শিনিবংশশ্রেষ্ঠং সাত্যকিম্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ। অমিত্রং শত্রুং সহতে হন্তুং শক্নোতীতি তম্ ॥৭॥

কৈকেয়রাজকুমার নিহত হইলে, কৈকেয়সেনাপতি উগ্রকর্ম্মা কর্ণের দিকে ধাবিত হইলেন এবং তিনি গুরুতরভাবে ধনু সঞ্চালন করিতে থাকিয়া ভীষণবেগশালী বাণসমূহদ্বারা কর্ণের পুত্র প্রসেনকে আহত করিলেন ॥৪॥

তখন কর্ণ বলপূর্ব্বক তিনটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা কৈকেয়সেনাপতির বাহুযুগল ও মস্তক ছেদন করিলেন; পরে তিনি প্রাণশূন্য হইয়া পরশুচ্ছিন্ন শালবৃক্ষের ন্যায় রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৫॥

কর্ণ পূর্ব্বেই সাত্যকির অশ্বগুলিকে বধ করিয়াছিলেন। সুতরাং কর্ণের পুত্র প্রসেন নৃত্য করিতে থাকিয়াই যেন দ্রুতগামী সুধার বাণসমূহদ্বারা সাত্যকিকে আবৃত করিয়া তাঁহারই বাণে নিহত হইয়া পতিত হইলেন ॥৬॥

পুত্র নিহত হইলে, কর্ণ ক্রোধে উত্তেজিত হইয়া সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া 'সাত্যকি! তুই নিহত হইলি' এই কথা বলিতে বলিতে একটা শত্রুনাশক বাণ নিক্ষেপ করিলেন ॥৭॥

---

(৪)…শরৈর্বিতন্বন্…পি। (৭)…হতোঽসি হে সাত্যক ইত্যুদীর্য্য…নি।

তমস্য চিচ্ছেদ শরং শিখণ্ডী ত্রিভিস্ত্রিভিশ্চ প্রতুতোদ কর্ণম্।
শিখণ্ডিনঃ কার্ম্মুকং স ধ্বজঞ্চ ছিত্ত্বা ক্ষুরাভ্যাং ব্যধমৎ সূতজাতঃ ॥৮॥
শিখণ্ডিনং ষড়্ভিরবিধ্যদুগ্রো ধার্ষ্টদ্যুম্নেঃ স শিরশ্চোচ্চকর্ত্ত।
অথাভিনৎ সুতসোমং শরেণ সুশংসিতেনাধিরথির্মহাত্মা ॥৯॥
অথাক্রন্দে তুমুলে বর্ত্তমানে ধার্ষ্টদ্যুম্নৌ নিহতে তত্র কৃষ্ণঃ।
অপাঞ্চাল্যং ক্রিয়তে যাহি পার্থ! কর্ণং জহীত্যব্রবীদ্রাজসিংহ! ॥১০॥
ততঃ প্রহস্যাশু নরপ্রবীরো রথং রথেনাধিরথের্জগাম।
ভয়ে তেষাং ত্রাণমিচ্ছন্ সুবাহুরভ্যাহতানাং রথযূথপেন ॥১১॥
বিস্ফার্য্য গাণ্ডীবমথোগ্রঘোষং জ্যয়া সমাহত্য তলং ভৃশঞ্চ।
বাণান্ধকারং সহসৈব কৃত্বা জঘান নাগাশ্বরথধ্বজাংশ্চ ॥১২॥

ভারতকৌমুদী

তমিতি। ত্রিভিস্ত্রিভির্বাণৈঃ, প্রতুতোদ ব্যথয়ামাস। ব্যধমৎ তমেব প্রাহরৎ ॥৮॥
শিখণ্ডিনমিতি। ষড়্ভির্বাণৈঃ। ধৃষ্টদ্যুম্নস্যাপত্যমিতি ধার্ষ্টদ্যুম্নিস্তস্য, উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥৯॥
অথেতি। আক্রন্দে দারুণযুদ্ধে। পাঞ্চাল্যানামভাব ইত্যপাঞ্চাল্যম্। অভাবার্থে-ঽব্যয়ীভাবঃ ॥১০॥
তত ইতি। নরপ্রবীরোঽর্জ্জুনঃ। আধিরথেঃ কর্ণস্য। রথযূথপেন রথসমূহরক্ষকেণ ॥১১॥
বিস্ফার্য্যেতি। জ্যয়া গুণেন, তলং হস্তাবরণম্। নাগা গজাঃ ॥১২॥

এই সময়ে শিখণ্ডী তিনটা বাণদ্বারা কর্ণের সেই বাণটা ছেদন করিলেন এবং অপর তিনটা বাণে কর্ণকে তাড়ন করিলেন। তখন কর্ণ দুইটা ক্ষুরপ্রদ্বারা শিখণ্ডীর ধনু ও ধ্বজ ছেদন করিয়া আবার শিখণ্ডীকে প্রহার করিলেন ॥৮॥

পরে উগ্রমূর্ত্তি ও মহাত্মা কর্ণ ছয় বাণে শিখণ্ডীকে বিদ্ধ করিলেন, এক বাণে ধৃষ্টদ্যুম্নপুত্রের মস্তক ছেদন করিলেন এবং প্রশস্ত একটা বাণদ্বারা সুতসোমকে বিদীর্ণ করিলেন ॥৯॥

রাজশ্রেষ্ঠ! এইরূপ দারুণ ও তুমুল যুদ্ধ চলিতে লাগিলে এবং ধৃষ্টদ্যুম্নের পুত্র নিহত হইলে, কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'পৃথানন্দন! কর্ণ পাঞ্চালগণকে নিঃশেষ করিতেছে। অতএব তুমি চল, কর্ণকে বধ কর' ॥১০॥

তাহার পর নরশ্রেষ্ঠ ও মহাবাহু অর্জ্জুন হাস্য করিয়া রথসমূহরক্ষককর্ণকর্ত্তৃক আহত পাণ্ডবসৈন্যগণকে রক্ষা করিবার ইচ্ছায় রথারোহণপূর্ব্বক সত্বর কর্ণের রথের দিকে গমন করিলেন ॥১১॥

(৮)···ব্যহনৎ সুজাতঃ—নি। (১১) ততঃ প্রসহ্যাশু···পি। (১২)···তলে ভৃশঞ্চ···পি নি।

প্রতিশ্রুতঃ প্রাচরন্নন্তরীক্ষে গুহা গিরীণামপতন্ বয়াংসি।
যন্মণ্ডলজ্যেন বিজৃম্ভমাণো রৌদ্রে মুহূর্ত্তেঽভ্যপতৎ কিরীটী ॥১৩॥
তং ভীমসেনোঽনুযযৌ রথেন পৃষ্ঠে রক্ষন্ পাণ্ডবমেকবীরঃ।
তৌ রাজপুত্রৌ ত্বরিতৌ রথাভ্যাং কর্ণায় যাতাবরিভির্বিষক্তৌ ॥১৪॥
তত্রান্তরে সুমহৎ সূতপুত্রশ্চক্রে যুদ্ধং সোমকান্ সংপ্রমৃদ্নন্।
রথাশ্বমাতঙ্গগণান্ জঘান প্রচ্ছাদয়ামাস শরৈর্দিশশ্চ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রতীতি। প্রতিশ্রুতো গাণ্ডীবশব্দপ্রতিশব্দাঃ, অন্তরীক্ষে প্রাচরন্। অতএব বয়াং পক্ষিণঃ, গিরীণাং গুহাঃ, অপতন্ অগচ্ছন্ ভয়েন তাসু প্রাবিশন্নিত্যর্থঃ। যদ্যস্মাৎ, মণ্ডল মণ্ডলীভূতা জ্যা গুণো যস্য তেন গাণ্ডীবেন, বিজৃম্ভমাণো বর্দ্ধমানঃ, কিরীটী অর্জ্জুনঃ, রৌদ্রে দারুণে, মুহূর্ত্তে তত্র ক্ষণে, অভ্যপতৎ কর্ণং প্রত্যগচ্ছৎ ॥১৩॥

তমিতি। পাণ্ডবমর্জ্জুনম্, একবীরঃ অদ্বিতীয়বীরঃ। বিষক্তৌ প্রহারকালে সংলগ্নৌ ॥১৪

তত্রেতি। সূতপুত্রঃ কর্ণঃ। সংপ্রমৃদ্নন্ নিপীড়য়ন্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ অঙ্গোগতিভিঃ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ ॥৬—১২॥ প্রতিশ্রুত প্রতিস্বনঃ ॥১৩—১৮॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

তদনন্তর অর্জ্জুন ভীষণশব্দকারী গাণ্ডীব আকর্ষণ, তাহার গুণদ্বারা হস্তাবরণে গুরুতর আঘাত এবং মুহূর্ত্তমধ্যে বাণে বাণে অন্ধকার করিয়া বিপক্ষের হস্তী, অশ্ব রথ ও ধ্বজ বিনাশ করিতে লাগিলেন ॥১২॥

অর্জ্জুন যখন গাণ্ডীবধনু মণ্ডলীভূত করিয়া প্রবলপ্রতাপে সেই দারুণ সময়ে উপস্থিত হইলেন, তখন গাণ্ডীবশব্দের প্রতিশব্দ সকল আকাশে চলিতে লাগিল এবং পক্ষিগণ ভয়ে পর্বতগুহায় প্রবেশ করিতে থাকিল ॥১৩॥

এই সময়ে অদ্বিতীয় বীর ভীমসেন রথারোহণপূর্ব্বক অর্জ্জুনের পৃষ্ঠরক্ষা করিতে থাকিয়া অনুসরণ করিতে লাগিলেন। এইভাবে রাজপুত্র ভীম ও অর্জ্জুন ত্বরান্বিত ও শত্রুসংলগ্ন হইয়া রথারোহণে কর্ণের দিকে যাইতে থাকিলেন ॥১৪॥

সেই সময়ে কর্ণ সোমকগণকে পীড়ন করিতে থাকিয়া অতিগুরুতর যুদ্ধ করিতে লাগিলেন। তৎকালে তিনি বাণে বাণে সমস্ত দিক্ আবরণ এবং বিপক্ষের হস্তী অশ্ব ও রথ বিনাশ করিতে থাকিলেন ॥১৫॥

---

(১৪)…দ্বৌ রাজপুত্রৌ…পি। (১৫)…সোমকান্ সংপ্রমথ্য…নি,…সোমকান্ সংপ্রগৃহ্য…বা।

তমুত্তমৌজা জনমেজয়শ্চ ক্রুদ্ধৌ যুধামন্যুশিখণ্ডিনৌ চ।
কর্ণং বিভেদুঃ সহিতাঃ পৃষৎকৈঃ সংনর্দ্দমানাঃ সহ পার্ষতেন ॥১৬॥
তে পঞ্চ পাঞ্চালরথপ্রবীরা বৈকর্ত্তনং কর্ণমভিদ্রবন্তঃ।
তস্মাদ্রথাচ্চ্যাবয়িতুং ন শেকুর্ধৈর্য্যাৎ কৃতাত্মানমিবেন্দ্রিয়ার্থাঃ ॥১৭॥
তেষাং ধনূংষি ধ্বজবাজিসূতাংস্তূর্ণং পতাকাশ্চ নিকৃত্য বাণৈঃ।
তান্ পঞ্চভিস্ত্বভ্যহনৎ পৃষৎকৈঃ কর্ণস্ততঃ সিংহ ইবোন্ননাদ ॥১৮॥
তস্যাস্যতস্তানভিনিঘ্নতশ্চ জ্যাবাণহস্তস্য ধনুঃস্বনেন।
সাদ্রিদ্রুমা স্যাৎ পৃথিবী বিশীর্ণেত্যতীব মত্বা জনতা ব্যসীদৎ ॥১৯॥
স শক্রচাপপ্রতিমেন ধন্বনা ভৃশায়তেনাধিরথিঃ শরান্ সৃজন্।
বভৌ রণে দীপ্তমরীচিমণ্ডলো যথাংশুমালী পরিবেশবাংস্তথা ॥২০॥

ভারতকৌমুদী

তমিতি। বিভেদুরিত্যগুণে গুণ আর্ষঃ। পৃষৎকৈর্বাণৈঃ। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন ॥১৬॥

ত ইতি। বৈকর্ত্তনং সূর্য্যপুত্রম্, অভিদ্রবন্তঃ অভিধাবন্তঃ। চ্যাবয়িতুং ভ্রংশয়িতুম্। কৃতাত্মানং যোগেন সংযতীকৃতচিত্তং জনম্, ইন্দ্রিয়ার্থাঃ শব্দস্পর্শাদয়ো বিষয়াঃ ॥১৭॥

তেষামিতি। সূতাঃ সারথয়ঃ। নিকৃত্য ছিত্বা। পৃষৎকৈঃ শরৈঃ ॥১৮॥

তস্যেতি। অস্যতো বাণান্ নিক্ষিপতঃ। জ্যা ধনুর্গুণো বাণশ্চ হস্তে যস্য তস্য বিশীর্ণা কম্পাদিনা বিদীর্ণা, ইতি মত্বা, জনতা লোকসমূহঃ, ব্যসীদৎ বিষণ্ণোঽভবৎ ॥১৯॥

তখন উত্তমৌজা, জনমেজয়, ক্রুদ্ধ যুধামন্যু ও শিখণ্ডী এবং ধৃষ্টদ্যুম্ন ইঁহারা সম্মিলিত হইয়া গর্জন করিতে থাকিয়া বাণদ্বারা কর্ণকে বিদারণ করিতে লাগিলেন ॥১৬॥

তৎকালে শব্দ-স্পর্শপ্রভৃতি বিষয় যেমন যোগী পুরুষকে ধৈর্য্য হইতে বিচ্যুত করিতে পারে না, সেইরূপ সেই পাঞ্চালদেশীয় পাঁচ জন রথিশ্রেষ্ঠ ধাবিত হইয়াও সূর্য্যপুত্র কর্ণকে সেই রথ হইতে বিচ্যুত (পাতিত) করিতে পারিলেন না ॥১৭॥

কিন্তু কর্ণ বাণদ্বারা সত্বরই তাঁহাদের ধনু, ধ্বজ, অশ্ব, সারথি ও পতাকা সকল ছেদন করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহাদের পাঁচ জনকেই আহত করিলেন, তৎপরে সিংহের ন্যায় উচ্চস্বরে গর্জন করিয়া উঠিলেন ॥১৮॥

ধনুর গুণ ও বাণধারী কর্ণ যখন বাণক্ষেপ করিতে থাকিয়া সেই পাঁচ জন বীরকে আঘাত করিতেছিলেন, তখন তাঁহার ধনুর শব্দে 'পর্ব্বত ও বৃক্ষের সহিত পৃথিবী অত্যন্তবিদীর্ণ হইতেছে' ইহা মনে করিয়া লোক সকল বিষণ্ণ হইতে লাগিল ॥১৯॥

(১৭) তে পঞ্চ পাঞ্চালরথাঃ সমেতাঃ…নি। (১৮)…তান্ পাঞ্চালানভ্যহনৎ…নি।

শিখণ্ডিনং দ্বাদশভিঃ পরাভিনচ্ছিতৈঃ শরৈঃ ষড়্ভিরথোত্তমৌজসম্।
ত্রিভির্যুধামন্যুমবিধ্যদাশুগৈস্ত্রিভিস্ত্রিভিঃ সোমকপার্ষতাত্মজৌ ॥২১॥
পরাজিতাঃ পঞ্চ মহারথাস্তু তে মহাহবে সূতসুতেন মারিষ।।
নিরুদ্যমাস্তস্থুরমিত্রনন্দনা যথেন্দ্রিয়ার্থাত্মবতা পরাজিতাঃ ॥২২॥
নিমজ্জতস্তানথ কর্ণসাগরে বিপন্ননাবো বণিজো যথার্ণবে।
উদ্দধ্রিরে নৌভিরিবার্ণবাদ্রথৈঃ সুকল্পিতৈর্দ্রৌপদিজাঃ স্বমাতুলান্ ॥২৩॥
ততঃ শিনীনামৃষভঃ শিতৈঃ শরৈর্নিকৃত্য কর্ণপ্রহিতানিষূন্ বহূন্।
বিদার্য্য কর্ণং নিশিতৈরয়স্ময়ৈস্তবাত্মজং জ্যেষ্ঠমবিধ্যদষ্টভিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

স ইতি। ভৃশায়তেন অধিকাকৃষ্টেন, আধিরথিঃ কর্ণঃ, সৃজন্ ক্ষিপন্। দীপ্তমুক্ত মরীচিমণ্ডলং যস্য সঃ, অংশুমালী সূর্য্যঃ, পরিবেশবান্ পরিধিমান্ ॥২০॥

শিখণ্ডিনমিতি। পরাভিনৎ ব্যদারয়ৎ কর্ণ ইতি শেষঃ। আশুগৈর্বাণৈঃ। সোমকৌ জনমেজয়শ্চ পার্ষতঃ পৃষতপুত্রো দ্রুপদস্তদাত্মজো ধৃষ্টদ্যুম্নশ্চ তৌ ॥২১॥

পরেতি। সূতসুতেন কর্ণেন। অমিত্রাণাং শত্রূণাং নন্দনাঃ পরাজয়াদেবানন্দজনকাঃ ইন্দ্রিয়ার্থাঃ শব্দস্পর্শাদয়ো বিষয়া আত্মবতা সংযতচিত্তেন। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২২॥

নিমজ্জত ইতি। বিপন্না নষ্টা নাবো নৌকা যেষাং তান্। সুকল্পিতৈঃ সুসজ্জিতৈঃ দ্রৌপদিজা দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। দ্রুপদস্যাপত্যং স্ত্রীতি দ্রৌপদিঃ "ইতশ্চ ক্রিবর্জিতাৎ" ইতি বিকল্পান্নেপ্রত্যয়ঃ ॥২৩॥

তত ইতি। শিনীনামৃষভঃ শিনিবংশশ্রেষ্ঠঃ সাত্যকিঃ। নিকৃত্য ছিত্ত্বা। অয়স্ময়ৈর্লৌহময়ৈঃ ॥২৪॥

ক্রমে কর্ণ ইন্দ্রধনুর তুল্য অত্যন্ত আকৃষ্ট ধনুদ্বারা বাণক্ষেপ করিতে থাকিয়া রণস্থলে উজ্জ্বলকিরণশালী ও পরিধি-(মণ্ডল) যুক্ত সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥২০॥

ক্রমে কর্ণ সুধার বারটা বাণে শিখণ্ডীকে ও ছয় বাণে উত্তমৌজাকে বিদীর্ণ করিলেন এবং তিন বাণে যুধামন্যুকে, আর অপর তিন তিন বাণে জনমেজয় ও ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিলেন ॥২১॥

মাননীয় রাজা! সংযতচিত্ত লোক পরাভূত করিলে, শব্দ-স্পর্শপ্রভৃতি বিষয়গুলি যেমন নিরুদ্যম হইয়া থাকে, সেইরূপ কর্ণ মহাযুদ্ধে পরাজিত করিলে, সেই পাঁচজন মহারথ শত্রুপক্ষের আনন্দজনক ও নিরুদ্যম হইয়া থাকিলেন ॥২২॥

সমুদ্রে ভগ্নতরি বণিক্দিগের ন্যায় তাঁহারা কর্ণসমুদ্রে মগ্ন হইতে লাগিলে, অপর লোকেরা যেমন নৌকাদ্বারা সেই বণিক্দিগকে উদ্ধার করে, সেইরূপ দ্রৌপদীপুত্রেরা সুসজ্জিত রথদ্বারা সেই আপন মাতুলগণকে উদ্ধার করিলেন ॥২৩॥

ক্বপোঽথ ভোজশ্চ তবাত্মজস্তথা স্বয়ঞ্চ কর্ণো নিশিতৈরতাড়য়ৎ।
স তৈশ্চতুর্ভির্যুযুধে যদূত্তমো দিগীশ্বরৈর্দৈত্যপতির্যথা তথা ॥২৫॥
সমাততেনেম্বসনেন কূজতা ভৃশায়তেনামিতবাণবর্ষিণা।
বভূব দুর্দ্ধর্ষতরঃ স সাত্যকিঃ শরন্নভোমধ্যগতো যথা রবিঃ ॥২৬॥
পুনঃ সমাস্থায় রথান্ সুদংশিতাঃ শিনিপ্রবীরং জুগুপুঃ পরন্তপাঃ।
সমেত্য পাঞ্চালমহারথা রণে মরুদ্গণাঃ শক্রমিবারিনিগ্রহে ॥২৭॥
ততোঽভবদ্যুদ্ধমতীব দারুণং তবাহিতানাং তব সৈনিকৈঃ সহ।
নরাশ্বমাতঙ্গবিনাশনং তথা যথা সুরাণামসুরৈঃ পুরাভবৎ ॥২৮॥

ভারতকৌমুদী

ক্বপ ইতি। ভোজঃ কৃতবর্ম্মা। যদূত্তমঃ সাত্যকিঃ, দৈত্যপতির্বলিরন্যো বা ॥২৫॥

সমিতি। সমাততেন আকর্ণাদিস্তৃতেন, ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইম্বসনং ধনুস্তেন, কূজতা শব্দায়মানেন, ভৃশায়তেন অতিদীর্ঘেণ ॥২৬॥

পুনরিতি। সুদংশিতাঃ সুসজ্জিতাঃ, জুগুপুঃ ররক্ষুঃ। মরুতাং দেবানাং গণাঃ ॥২৭॥

তত ইতি। অহিতানাং শত্রূণাম্। অসুরৈঃ সহ ॥২৮॥

মহারাজ! তাহার পর সাত্যকি সুধার বাণসমূহদ্বারা কর্ণনিক্ষিপ্ত বহুতর বাণ ছেদন ও কর্ণকে বিদারণ করিয়া আটটা লৌহময় বাণদ্বারা আপনার জ্যেষ্ঠপুত্রকে বিদ্ধ করিলেন ॥২৪॥

তাহার পর কৃপ, কৃতবর্ম্মা, দুর্য্যোধন ও স্বয়ং কর্ণ সুধার বাণসমূহে সাত্যকিকে তাড়ন করিতে লাগিলেন। তখন দৈত্যরাজ বলি যেমন চারি জন দিক্পালের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সাত্যকিও সেইরূপ চারি জন বীরের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥২৫॥

ক্রমে সেই সাত্যকি— অতিবিস্তৃত ও অতিদীর্ঘ, শব্দায়মান এবং অসংখ্যবাণবর্ষী ধনুর প্রভাবে শরৎকালের আকাশমধ্যবর্ত্তী সূর্য্যের ন্যায় অত্যন্ত দুর্দ্ধর্ষ হইয়া উঠিলেন ॥২৬॥

পূর্ব্বকালে দেবগণ আসিয়া যেমন শত্রুদমনের সময়ে যুদ্ধে ইন্দ্রকে রক্ষা করিতেন, সেইরূপ, তখন শত্রুদমনকারী সেই পাঞ্চালমহারথেরা সুসজ্জিত হইয়া পুনরায় রথে আরোহণ করিয়া আসিয়া সাত্যকিকে রক্ষা করিতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! তাহার পর—পূর্ব্বকালে অসুরগণের সহিত দেবগণের যেরূপ অতিদারুণ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ আপনার সৈন্যগণের সহিত আপনার শত্রুগণের

(২৭)···রথান্ সুদংশিতান্···পি।

রথদ্বিপা বাজিপদাতয়স্তথা ভ্রমন্তি নানাবিধশস্ত্রবেষ্টিতাঃ।
পরস্পরেণাভিহতাশ্চ চস্খলুর্বিনেদুরার্ত্তা ব্যসবোঽপতংস্তথা ॥২৯॥
তথা গতে ভীমমভীস্তবাত্মজঃ সসার রাজাবরজঃ কিরন্ শরৈঃ।
তমভ্যধাবত্ত্বরিতো বৃকোদরো মহারুরুং সিংহ ইবাভিপেদিবান্ ॥৩০॥
ততস্তয়োর্যুদ্ধমতীব দারুণং প্রদীব্যতোঃ প্রাণদুরোদরং দ্বয়োঃ।
পরস্পরেণাভিনিবিষ্টরোষয়োর্যথা পুরা শম্বরশক্রয়োরভূৎ ॥৩১॥
শরৈঃ শরীরার্ত্তিকরৈঃ সুতেজনৈর্নিজঘ্নতুস্তাবিতরেতরং ভৃশম্।
সকৃৎ প্রভিন্নাবিব বাসিতান্তরে মহাগজৌ মন্মথসক্তচেতসৌ ॥৩২॥

ভারতকৌমুদী

রথেতি। চস্খলুঃ স্থানচ্যুতা বভূবুঃ। ব্যসবো বিগতপ্রাণাঃ ॥২৯॥

তথেতি। তথা গতে যুদ্ধস্য তাদৃগবস্থায়াম্, রাজ্ঞো দুর্য্যোধনস্য অবরজঃ অনুজঃ, তবাত্মজো দুঃশাসনঃ, অভীর্নির্ভয়ঃ সন্, শরৈঃ কিরন্ প্রহরন্, ভীমং ভীমসেনম, সসার জগাম। তদা চ মহারুরুং বিশালমৃগবিশেষম্, অভিপেদিবান্ প্রাপ্তবান্ সিংহ ইব, বৃকোদরো ভীমসেনঃ, ত্বরিতঃ সন্, তং তবাত্মজম্, অভ্যধাবৎ ॥৩০॥

তত ইতি। প্রদীব্যতোঃ প্রক্রীড়তোঃ, প্রাণদুরোদরং প্রাণদ্যূতম্। অভিনিবিষ্টরোষয়োঃ চিরাদেব জাতক্রোধয়োঃ। শম্বরশক্রয়োঃ শম্বরাসুরদেবরাজয়োঃ ॥৩১॥

শরৈরিতি। বাসিতা ঋতুমতী হস্তিনী তস্যা অন্তরে অর্থে তৎসঙ্গমার্থে, সকৃৎ প্রভিন্নৌ প্রথমমদস্রাবিণৌ, মন্মথসক্তচেতসৌ কামাক্রান্তচিত্তৌ মহাগজাবিব, তৌ ভীমসেনদুঃশাসনৌ,

অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল; তাহাতে হস্তী, অশ্ব ও মানুষ নিহত হইতে থাকিল ॥২৮॥

ক্রমে হস্তী, অশ্ব, রথ ও পদাতি সকল নানাবিধ অস্ত্রে বেষ্টিত হইয়া ভ্রমণ করিতে লাগিল; পরস্পর আহত হইয়া স্থানচ্যুত হইতে থাকিল, আর্ত্তনাদ করিতে লাগিল এবং প্রাণশূন্য হইয়া পতিত হইতে থাকিল ॥২৯॥

রাজা! এই সময়ে আপনার পুত্র দুঃশাসন নির্ভয় চিত্তে বাণক্ষেপ করিতে করিতে ভীমের দিকে যাইতে লাগিলেন। তখন মহামৃগ পাইয়া সিংহ যেমন সত্বর তাহার দিকে ধাবিত হয়, সেইরূপ ভীমসেন সত্বর দুঃশাসনের দিকে ধাবিত হইলেন ॥৩০॥

তাহার পর—পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেরূপ অতিদারুণ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ জাতক্রোধ ও প্রাণদ্যূতক্রীড়াকারী ভীমসেন ও দুঃশাসনের পরস্পর অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল ॥৩১॥

(৩১)...উদগ্রয়োঃ শম্বরশক্রয়োর্যথা—পি বা নি।

তবাত্মজস্যাথ বৃকোদরস্ত্বরন্ ধনুঃ ক্ষুরাভ্যাং ধ্বজমেব চাচ্ছিনৎ।
ললাটমপ্যস্য বিভেদ পত্রিণা শিরশ্চ কায়াৎ প্রজহার সারথেঃ ॥৩৩॥
স রাজপুত্রোঽন্যদবাপ্য কার্ম্মুকং বৃকোদরং দ্বাদশভিঃ পরাভিনৎ।
স্বয়ং নিয়চ্ছংস্তুরগানজিহ্মগৈঃ শরৈশ্চ ভীমং পুনরপ্যবীবৃষৎ ॥৩৪॥
ততঃ শরং সূর্য্যমরীচিসপ্রভং সুবর্ণবজ্রোত্তমরত্নভূষিতম্।
মহেন্দ্রবজ্রাশনিপাতদুঃসহং মুমোচ ভীমাঙ্গবিদারণক্ষমম্ ॥৩৫॥
স তেন নির্বিদ্ধতনুর্বৃকোদরো নিপাতিতঃ স্রস্ততনুর্গতাসুবৎ।
প্রসার্য্য বাহূ রথবর্য্যমাশ্রিতঃ পুনঃ স সংজ্ঞামুপলভ্য চানদৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

শরীরস্য আর্ত্তিকরৈঃ পীড়াজনকৈঃ, সুতেজনৈর্মহাবেগৈশ্চ শরৈঃ, ইতরেতরং ভৃশঞ্চ নিজঘ্নতুঃ ॥৩২॥

তবেতি। ক্ষুরাভ্যাং ক্ষুরপ্রাভ্যাং বাণাভ্যাম্। পত্রিণা বাণেন ॥৩৩॥

স ইতি। অবাপ্য গৃহীত্বা। নিয়চ্ছন্ চালয়ন্, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৩৪॥

তত ইতি। সূর্য্যমরীচীনাং সমানা প্রভা যস্য তম্। বজ্রং হীরকম্। অশনির্বিদ্যুৎ ॥৩৫॥

স ইতি। স্রস্ততনুঃ শিথিলগাত্রঃ, গতাসুবৎ নির্গতপ্রাণ ইব। আশ্রিতঃ শয়নেন ॥৩৬॥

ক্রমে প্রথমস্রাবী ও কামাকুলচিত্ত দুইটা হস্তী যেমন ঋতুমতী হস্তিনীর সঙ্গম করিবার জন্য পরস্পর গুরুতর আঘাত করে, সেইরূপ ভীম ও দুঃশাসন শরীরপীড়া-জনক ও মহাবেগশালী বাণসমূহদ্বারা পরস্পর গুরুতর আঘাত করিতে লাগিলেন ॥৩২॥

তদনন্তর ভীমসেন ত্বরান্বিত হইয়া দুইটা ক্ষুরপ্রদ্বারা দুঃশাসনের ধনু ও ধ্বজ ছেদন করিলেন, একটা বাণদ্বারা তাঁহার ললাটও বিদীর্ণ করিলেন এবং সারথির দেহ হইতে মস্তক হরণ করিলেন ॥৩৩॥

তখন দুঃশাসন অন্য ধনু লইয়া নিজেই অশ্বচালন করিতে থাকিয়া বারটা বাণদ্বারা ভীমসেনকে বিদীর্ণ করিলেন এবং সরলগামী বাণসমূহদ্বারা পুনরায় ভীম-সেনকে তাড়ন করিতে থাকিলেন ॥৩৪॥

তৎপরে দুঃশাসন সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল, স্বর্ণ, হীরক ও উত্তম রত্নে ভূষিত, ইন্দ্রের বজ্র ও বিদ্যুৎপাতের তুল্য দুঃসহ এবং ভীমের অঙ্গবিদারণ করিতে সমর্থ একটা বাণ ভীমের উপরে নিক্ষেপ করিলেন ॥৩৫॥

সেই বাণে দেহ বিদীর্ণ হইলে, ভীমসেন শিথিলগাত্র হইয়া প্রাণশূন্যের ন্যায়

(৩৫) ইতঃ শ্লোকদ্বয়ং পি নি নাস্তি। (৩৬) ইতঃ পরম্ '…দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

তত্রাকরোদ্দুষ্করং রাজপুত্রো দুঃশাসনস্তুমুলং যুধ্যমানঃ।
চিচ্ছেদ ভীমস্য ধনুঃ শরেণ ষড্‌ভিঃ শরৈঃ সারথিমপ্যবিধ্যৎ ॥৩৭॥
স তৎ কৃত্বা রাজপুত্রস্তরস্বী বিব্যাধ ভীমং নবভিঃ পৃষৎকৈঃ।
ততোঽভিনদ্বহুভিঃ ক্ষিপ্রমেব বরেষুভির্ভীমসেনং মহাত্মা ॥৩৮॥
ততঃ ক্রুদ্ধো ভীমসেনস্তরস্বী শক্তিঞ্চোগ্রাং প্রাহিণোত্তে সুতায়।
তামাপতন্তীং সহসাতিঘোরাং দৃষ্ট্বা সুতস্তে জ্বলিতামিবোল্কাম্ ॥৩৯॥
আকর্ণপূর্ণৈরিষুভির্মহাত্মা চিচ্ছেদ পুত্রো দশভিঃ পৃষৎকৈঃ।
দৃষ্ট্বা তু তৎ কর্ম্ম কৃতং সুদুষ্করং প্রাপূজয়ন্ সর্বযোধাঃ প্রহৃষ্টাঃ ॥৪০॥
(যুগ্মকম্)

অথাশু ভীমঞ্চ শরেণ ভূয়ো গাঢ়ং স বিব্যাধ সুতস্ত্বদীয়ঃ।
চুক্রোধ ভীমঃ পুনরাশু তস্মৈ ভৃশং প্রজজ্বাল রুষাভিবীক্ষ্য ॥৪১॥

ভারতকৌমুদী

তত্রেতি। দুষ্করং কার্য্যমিতি শেষঃ। দুষ্করং কার্য্যমেবাহ চিচ্ছেদেতি ॥৩৭॥

স ইতি। তরস্বী বলবান্। পৃষৎকৈর্বাণৈঃ। অভিনদ্ব্যদারয়ৎ ॥৩৮॥

তত ইতি। প্রাহিণোৎ অক্ষিপৎ। স কর্ণপূর্ণৈরাকর্ণাকৃষ্টধনুষঃ ক্ষেপেণ পূর্ণবেগৈঃ ॥৩৯—৪০॥

নিপতিত হইলেন এবং বাহুযুগল প্রসারিত করিয়া উত্তম রথেই শয়ন করিয়া রহিলেন; কিয়ৎকালপরে আবার চৈতন্য লাভ করিয়া গর্জ্জন করিয়া উঠিলেন ॥৩৬॥

তখন রাজপুত্র দুঃশাসন তুমুল যুদ্ধ করিতে থাকিয়া দুষ্কর কার্য্যই করিলেন; যে হেতু তিনি এক বাণে ভীমের ধনু ছেদন করিলেন এবং ছয় বাণে তাহার সারথিকেও বিদ্ধ করিলেন ॥৩৭॥

বলবান্ ও মহাত্মা দুঃশাসন সেই কার্য্য করিয়া নয় বাণে ভীমসেনকে বিদ্ধ করিলেন, তৎপরে আবার সত্বরই বহুতর উত্তম বাণদ্বারা ভীমসেনের দেহ বিদারণ করিলেন ॥৩৮॥

তাহার পর বলবান্ ভীমসেন ক্রুদ্ধ হইয়া একটা ভীষণ শক্তি দুঃশাসনের দিকে নিক্ষেপ করিলেন; প্রজ্বলিত উল্কার ন্যায় সেই মহাভীষণ শক্তিটা বেগে আসিতে লাগিলে, মহাত্মা দুঃশাসন ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া পূর্ণবেগশালী দশটা বাণদ্বারা সেই শক্তিটাকে ছেদন করিলেন। তখন তাঁহার সেই অতিদুষ্কর কার্য্য দেখিয়া সমস্ত যোদ্ধাই আনন্দিত হইয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥৩৯-৪০॥

(৩৭) ততোঽকরোৎ…পি। (৪১) ইতঃ প্রভৃতি পুস্তকভেদে এব পাঠভেদো দৃশ্যতে।

বিদ্ধোঽস্মি বীরাশু ভৃশং ত্বয়াদ্য সহস্ব ভূয়োঽপি গদাপ্রহারম্।
উক্ত্বৈবমুচ্চৈঃ কুপিতোঽথ ভীমো জগ্রাহ তাং ভীমগদাং বধায় ॥৪২॥
উবাচ চাদ্যাহময়ে দুরাত্মন্! পাস্যামি তে শোণিতমাজিমধ্যে।
অথৈবমুক্তস্তনয়স্তবোগ্রাং শক্তিং বেগাৎ প্রাহিণোন্মৃত্যুরূপাম্ ॥৪৩॥
আবিধ্য ভীমোঽপি গদাং সুঘোরাং বিচিক্ষিপে রোষপরীতমূর্ত্তিঃ।
সা তস্য শক্তিং সহসা বিরুজ্য পুত্রং তবাজৌ তাড়য়ামাস মূর্দ্ধ্নি ॥৪৪॥
স বিস্ফুরন্ নাগ ইব প্রভিন্নো গদামস্মৈ তুমুলে প্রাহিণোদ্বৈ।
তয়াহরদ্দশ ধন্বন্তরাণি দুঃশাসনং ভীমসেনঃ প্রসহ্য ॥৪৫॥

ভারতকৌমুদী

অথেতি। আশু শীঘ্রম্। তস্মৈ দুঃশাসনায়। রুষা ক্রোধেন ॥৪১॥

বিদ্ধ ইতি। বিদ্ধস্তাড়িতঃ। বধায় দুঃশাসনস্যৈব ॥৪২॥

উবাচেতি। শক্তিং তদাখ্যমস্ত্রবিশেষম্, প্রাহিণোৎ ভীমায় ন্যক্ষিপৎ ॥৪৩॥

আবিধ্যেতি। আবিধ্য ঘূর্ণয়িত্বা। রোষেণ রোষচিহ্নেন রক্তনেত্রত্বাদিনা পরীতা ব্যাপ্তা মূর্ত্তির্যস্য সঃ। তস্য দুঃশাসনস্য, বিরুজ্য ভঙ্‌ক্ত্বা। আজৌ যুদ্ধে ॥৪৪॥

স ইতি। বিস্ফুরন্ ক্রোধেন কম্পমানঃ, নাগো গজঃ, প্রভিন্নো মদস্রাবী। তুমুলে যুদ্ধে। তয়া গদয়া, অহরদনয়ৎ, চতুর্হস্তপরিমিতমেকং ধনুস্তদ্দশান্তরাণি তদ্ব্যবহিতদেশম্ ॥৪৫॥

মহারাজ! তাহার পর আপনার পুত্র দুঃশাসন পুনরায় সত্বর একটা বাণদ্বারা ভীমসেনকে গাঢ় বিদ্ধ করিলেন। তখন ভীমসেন পুনরায় ক্রুদ্ধ হইলেন এবং দুঃশাসনের প্রতি দৃষ্টিপাত করিয়া তৎক্ষণাৎ ক্রোধে অত্যন্ত জ্বলিয়া উঠিলেন ॥৪১॥

'বীর! তুমি আজ আমাকে গুরুতর বিদ্ধ করিয়াছ। অতএব আবারও আমার গদাপ্রহার সহ্য কর' এইরূপ উচ্চস্বরে বলিয়া দুঃশাসনকে বধ করিবার জন্য ভীম সেই ভীষণ গদা ধারণ করিলেন ॥৪২॥

এবং বলিলেন—'দুরাত্মা! আমি আজ এই যুদ্ধমধ্যেই তোর রক্ত পান করিব' এইরূপ বলিলে দুঃশাসন মৃত্যুর ন্যায় ভীষণ একটা শক্তি বেগে ভীমের উপরে নিক্ষেপ করিলেন ॥৪৩॥

ক্রোধে উগ্রমূর্ত্তি ভীমসেনও অতিভীষণ একটা গদা ঘূর্ণিত করিয়া নিক্ষেপ করিলেন। ক্রমে সেই গদাটা বেগে যাইয়া দুঃশাসনের শক্তিটাকে ভগ্ন করিয়া তাহার মস্তকে আঘাত করিল ॥৪৪॥

মদস্রাবী হস্তীর ন্যায় কম্পিতকলেবর ভীমসেন তুমুলযুদ্ধমধ্যে দুঃশাসনের প্রতি যে গদা নিক্ষেপ করিলেন, সেই গদাটা যাইয়া বলপূর্ব্বক দুঃশাসনকে দশ ধনু ব্যবধানে (চল্লিশ হাত দূরে) লইয়া গেল ॥৪৫॥

তয়াহতঃ পতিতো বেপমানো দুঃশাসনো গদয়া বেগবত্যা।
হয়াঃ সমগ্রা নিহতা নরেন্দ্র! চূর্ণীকৃতশ্চাস্য রথঃ পতন্ত্যা ॥৪৬॥
বিধ্বস্তবর্ম্মাভরণাম্বরস্রগ্বিচেষ্টমানো ভৃশবেদনার্ত্তঃ।
ততঃ স্মৃত্বা ভীমসেনস্তরস্বী সাপত্নকং যৎ প্রযুক্তং সুতৈস্তে ॥৪৭॥
তস্মিন্ ঘোরে তুমুলে বর্ত্তমানে প্রধানভূয়িষ্ঠতরৈঃ সমন্তাৎ।
দুঃশাসনং তত্র সমীক্ষ্য রাজন্! ভীমো মহাবাহুরচিন্ত্যকর্ম্মা ॥৪৮॥
স্মৃত্বা চ কেশগ্রহণঞ্চ দেব্যা বস্ত্রাপহারঞ্চ রজস্বলায়াঃ।
অনাগসো ভর্ত্তৃপরাঙ্মুখায়া দুঃখানি দত্তান্যপি বিপ্রচিন্ত্য ॥৪৯॥
জজ্বাল কোপাদথ ভীমসেন আজ্যপ্রসিক্তো হি যথা হুতাশঃ।
তত্রাহ কর্ণঞ্চ সুযোধনঞ্চ কৃপং দ্রৌণিং কৃতবর্ম্মাণমেব ॥৫০॥ (কলাপকম্

ভারতকৌমুদী

তয়েতি। আহতঃ প্রহৃতঃ। ইয়মসম্ভবোক্তির্হননাহননাদিনা সমাধেয়া ॥৪৬॥
বিধ্বস্তেতি। বিধ্বস্তা তদ্গদাঘাতেনৈব বিনষ্টা বর্ম্মাভরণাম্বরস্রজো যস্য সঃ, বিচেষ্টমানঃ স্পন্দমানঃ, ভৃশবেদনার্ত্তশ্চ দুঃশাসনোঽভবদিতি শেষঃ। তরস্বী বলবান্, সাপত্নকং বৈরম্, প্রযুক্তং কৃতম্। তস্মিন্ যুদ্ধে। প্রধানাশ্চ ভূয়িষ্ঠতরা বহুলাশ্চ তৈর্বীরৈঃ, সমন্তাৎ ক্রিয়মাণ ইতি শেষঃ। দেব্যা দ্রৌপদ্যাঃ। অনাগসো নিরপরাধায়াঃ, ভর্ত্তারঃ পরাঙ্মুখা যস্যাস্তস্যাঃ, দুঃখানি বনবাসকৃতাদীনি। আজ্যেন ঘৃতেন প্রসিক্তঃ, হুতাশো বহ্নিঃ ॥৪৭—৫০॥

রাজা! দুঃশাসন সেই বেগবতী গদার আঘাতে আহত হইয়া কাঁপিতে কাঁপিতে পতিত হইলেন, তাঁহার সমস্ত অশ্ব নিহত হইল এবং সেই গদাটা পড়িতে থাকিয়া দুঃশাসনের রথখানাকেও চূর্ণ করিল ॥৪৬॥

আর তাহাতে দুঃশাসনের বর্ম্ম, অলঙ্কার, বস্ত্র ও মালা খুলিয়া পড়িল এবং তিনি গুরুতর বেদনায় পীড়িত হইয়া ছট্‌ফট্ করিতে লাগিলেন। রাজা! তাহার পর বলবান্, মহাবাহু ও অচিন্ত্যকর্ম্মা ভীমসেন—আপনার পুত্রেরা যে শত্রুতাপ্রয়োগ করিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া, বহুতর প্রধান যোদ্ধা সকল দিকে ভীষণ ও তুমুল যুদ্ধ করিতে লাগিলে, দুঃশাসনের প্রতি দৃষ্টিপাত করিয়া এবং রজস্বলা, নিরপরাধা ও ভর্ত্তৃসাহায্যশূন্যা দ্রৌপদীদেবীর কেশাকর্ষণ, বস্ত্রহরণ ও অন্যান্য দুঃখ সকল চিন্তা করিয়া ঘৃতসিক্ত অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং তখন কর্ণ, দুর্য্যোধন, কৃপ, অশ্বত্থামা ও কৃতবর্ম্মাকে বলিলেন—॥৪৭—৫০॥

(৪৭) বিধ্বস্তবর্ম্মাভরণায়ুধস্রক্‌…পি,…বেদনাতুরঃ…বর্দ্ধ।

নিহন্মি দুঃশাসনমদ্য পাপং সংরক্ষ্যতামদ্য সমস্ত যোধাঃ!।
ইত্যেবমুক্ত্বা সহসাভ্যধাবন্নিহন্তুকামোঽতিবলস্তরস্বী ॥৫১॥
তথা তু বিক্রম্য রণে বৃকোদরো মহাগজং কেশরীবোগ্রবেগঃ।
নিগৃহ্য দুঃশাসনমেকবীরঃ সুযোধনস্যাধিরথেঃ সমক্ষম্ ॥৫২॥
রথাদবপ্লুত্য গতঃ স ভূমৌ যত্নেন তস্মিন্ প্রণিধায় চক্ষুঃ।
অসিং সমুদ্গৃহ্য সিতং সুধারং কণ্ঠে পদাক্রম্য চ বেপমানম্ ॥৫৩॥
উৎকৃত্য বক্ষঃ পতিতস্য ভূমাবথাপিবচ্ছোণিতমস্য কোষ্ণম্।
ততো নিপাত্যাস্য শিরোঽপকৃত্য তেনাসিনা তব পুত্রস্য রাজন্!॥৫৪॥
সত্যাং চিকীর্ষুর্মতিমান্ প্রতিজ্ঞাং ভীমোঽপিবচ্ছোণিতমস্য কোষ্ণম্।
আস্বাদ্য চাস্বাদ্য চ বীক্ষমাণঃ ক্রুদ্ধো হি চৈনং নিজগাদ বাক্যম্ ॥৫৫॥
(কলাপকম্)

ভারতকৌমুদী

নিহন্মীতি। সংরক্ষ্যতাং যুষ্মাভিঃ। তরস্বী বেগবান্ ॥৫১॥

তথেতি। নিগৃহ্য বামহস্তেন কণ্ঠমাক্রম্য, একবীরঃ অদ্বিতীয়বীরঃ, আধিরথেঃ কর্ণস্য চ। অত্রেদং বোধ্যম্—তদানীং দুর্য্যোধনাদয়ো বীরান্তরৈঃ সহ যুদ্ধব্যাপৃতত্বাৎ অর্জ্জুনেন তেষাং নিবারণাদ্বা দুঃশাসনসাহায্যায়াগন্তুং ন শেকুঃ। ননু রথস্থো ভীমঃ কথং দুঃশাসনং নিগৃহ্লীয়াদিত্যাহ রথাদিতি। প্রণিধায় সংস্থাপ্য, যথা দুঃশাসনমন্যো ন নয়েদিতি ভাবঃ। সিতং নির্ম্মলত্বাৎ শুভ্রম্। উৎকৃত্য বিদার্য্য। অস্য দুঃশাসনস্য, কোষ্ণং সদ্যোনির্গমাদীষদুষ্ণম্। কথঞ্চিদুত্থানে পুনর্নিপাত্যেত্যর্থঃ। অপকৃত্য ছিত্ত্বা। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ। আস্বাদ্য চাস্বাদ্য চ ওষ্ঠপ্রান্তস্থরক্তস্য রসনয়া লেহনং কৃত্বা কৃত্বা। এনং দুঃশাসনমুদ্দিশ্য ॥৫২—৫৫॥

'হে সমস্ত যোদ্ধৃগণ! আজ আমি পাপাত্মা দুঃশাসনকে বধ করিতেছি; আপনারা পারেন ত রক্ষা করুন'। এই কথা বলিয়া মহাবল ও মহাবেগশালী ভীমসেন দুঃশাসনকে বধ করিবার ইচ্ছা করিয়া বেগে ধাবিত হইলেন ॥৫১॥

রাজা! অদ্বিতীয় বীর ভীমসেন তখন রথ হইতে লাফাইয়া পড়িয়া যত্নপূর্ব্বক দুঃশাসনের উপরে চক্ষু রাখিয়া পাদচারে ভূমি দিয়াই গমন করিয়াছিলেন। ক্রমে ভীষণবেগশালী সিংহ যেমন মহাহস্তীকে নিগৃহীত করে, সেইরূপ ভীমসেন যুদ্ধে বিক্রমপ্রকাশপূর্ব্বক দুর্য্যোধন ও কর্ণের সমক্ষেই দুঃশাসনকে নিগৃহীত করিয়া শুভ্র ও সুধার তরবারি উত্তোলনপূর্ব্বক স্পন্দমান দুঃশাসনের কণ্ঠদেশ ধরিয়া এবং ভূতল-পতিত দুঃশাসনের বক্ষ বিদারণ করিয়া তাঁহার ঈষদুষ্ণ রক্ত পান করিলেন। তখন

(৫১)…দুঃশাসনমেব পাপম্…পি। (৫৩)…শিতং সুধারম্…পি বঙ্গ বৰ্দ্ধ।

স্তন্যস্য মাতুর্মধুসর্পিষোর্বা মাধ্বীকপানস্য চ সংস্কৃতস্য।
দিব্যস্য বা তোয়রসস্য পানাৎ পয়োদধিভ্যাং মথিতাচ্চ মুখ্যাৎ ॥৫৬॥
অন্যানি পানানি চ যানি লোকে সুধামৃতস্বাদুরসানি তেভ্যঃ।
সর্বেভ্য এবাভ্যধিকো রসোঽয়ং মতো মমাদ্যাহিতলোহিতস্য ॥৫৭॥

(যুগ্মকম্)

অথাহ ভীমঃ পুনরুগ্রকর্ম্মা দুঃশাসনং ক্রোধপরীতচেতাঃ।
গতাসুমালোক্য বিহস্য সুস্বরং কিং বা কুর্য্যাং মৃত্যুনা রক্ষিতোঽসি ॥৫৮॥
এবং ব্রুবাণং পুনরাদ্রবন্তমাস্বাদ্য রক্তং তমতিপ্রহৃষ্টম্।
যে ভীমসেনং দদৃশুস্তদানীং ভয়েন তেঽপি ব্যথিতা নিপেতুঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

স্তন্যস্যেতি। মাতুঃ স্তন্যস্য দুগ্ধস্য, মধু পুষ্পরসঃ সর্পিশ্চ ঘৃতং তয়োর্বা, সংস্কৃতস্য সুষ্ঠু নির্ম্মিতস্য, পীয়ত ইতি পানং মাধ্বীকং পুষ্পরসমদ্যমেব পানং তস্য, দিব্যস্য স্বর্গীয়স্য তোয়রসস্য পয়োদধিভ্যাং দুগ্ধদধিভ্যাং সহ মথিতাৎ মুখ্যাৎ পানাৎ পেয়দ্রব্যাচ্চ, সুধা মদ্যবিশেষঃ অমৃতং পীযূষঞ্চ তয়োরিব স্বাদুঃ রসো যেষাং তানি তাদৃশানি, অন্যানি চ যানি পানানি পেয়দ্রব্যাণি লোকে সন্তি, তেভ্যঃ সর্বেভ্য এব, অদ্য অয়ম, অহিতলোহিতস্য শত্রুরক্তস্য রসঃ মম অভ্যধিকো মতঃ, তথৈব তৃপ্তিকরণাদিতি ভাবঃ ॥৫৬—৫৭॥

অথেতি। ক্রোধেন পরীতচেতা ব্যাপ্তচিত্তঃ। গতাসুং নির্গতপ্রাণম্। কিমপরম ॥৫৮॥

এবমিতি। আদ্রবন্তং দুঃশাসনপ্রহারায়ৈব ধাবন্তম্। নিপেতুর্ভূমৌ ॥৫৯॥

দুঃশাসন উঠিতে লাগিলে, বুদ্ধিমান্ ভীমসেন পুনরায় উঁহাকে ভূতলে নিপাতিত করিয়া সেই তরবারিদ্বারা তাঁহার মস্তক ছেদনপূর্ব্বক আপন প্রতিজ্ঞা সত্য করিবার জন্য পুনরায় উঁহার ঈষদুষ্ণ রক্ত পান করিলেন এবং চারি দিকে চাহিয়া ওষ্ঠলগ্ন রক্ত লেহন করিয়া করিয়া ক্রুদ্ধ অবস্থাতেই দুঃশাসনের উদ্দেশে এই কথা বলিলেন—॥৫২—৫৫॥

'মাতার স্তন্যদুগ্ধ, মধু, ঘৃত, উত্তম রূপে নির্ম্মিত পুষ্পরসমদ্য, স্বর্গীয় জলের রস, দুগ্ধ ও দধির সহিত মথিত উত্তম পেয়দ্রব্য এবং মদ্য ও অমৃতের ন্যায় সুস্বাদুরসযুক্ত অন্যান্য যে সকল পানীয় দ্রব্য জগতে আছে, আজ এই শত্রুরক্তের আস্বাদ সে সমস্ত হইতেই সর্ব্বপ্রকারে অধিক বলিয়া আমার মনে হইতেছে' ॥৫৬—৫৭॥

তাহার পর ভীষণকার্য্যকারী ও রোষপূর্ণচিত্ত ভীমসেন দুঃশাসনকে গতাসু দেখিয়া স্পষ্টস্বরে হাস্য করিয়া আবার বলিলেন—'পাপাত্মা! মৃত্যু তোকে রক্ষা করিয়াছে, আমি আর কি করিব' ॥৫৮॥

(৫৯) এবং ব্রুবন্তং পুনরাদ্রবন্তমাস্বাদ্য বয়ন্তমতিপ্রহৃষ্টম্…পি।

যে চাপি তত্রাপতিতা মনুষ্যাস্তেষাং করেভ্যঃ পতিতং হি শস্ত্রম্।
ভয়াচ্চ সঙ্ক্রুক্রুশুরস্বরৈস্তে নিমীলিতাক্ষা দদৃশুশ্চ তং ততঃ ॥৬০॥
যে তত্র ভীমং দদৃশুঃ সমন্তাদ্দৌঃশাসনং তদ্রুধিরং পিবন্তম্।
সর্বে পলায়ন্ত ভয়াভিপন্না নায়ং মনুষ্য ইতি ভাষমাণাঃ ॥৬১॥
তস্মিন্ কৃতে ভীমসেনেন রূপে দৃষ্ট্বা চ তচ্ছোণিতং পীয়মানম্।
সংপ্রাদ্রবংশ্চিত্রসেনেন সার্দ্ধং ভীমং রক্ষো ভাষমাণা ভয়ার্ত্তাঃ ॥৬২॥
যুধামন্যুঃ প্রদ্রুতং চিত্রসেনং সহানীকস্ত্বভ্যয়াদ্রাজপুত্রঃ।
বিব্যাধ চৈনং নিশিতৈঃ পৃষৎকৈর্ব্যপেতভীঃ সপ্তভিরাশু মুক্তৈঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

য ইতি। আপতিতা আগতাঃ। সঙ্ক্রুক্রুশুঃ রক্ষকমাহূতবন্তঃ। নিমীলিতা ঈষন্মুদ্রিতনেত্রাঃ ॥৬০॥

য ইতি। দুঃশাসনস্যেদমিতি দৌঃশাসনম্। নায়ং মনুষ্যো মনুষ্যস্যৈব রক্তপানাৎ ॥৬১॥

তস্মিন্নিতি। সংপ্রাদ্রবন্ দ্রুতং পলায়ন্ত, চিত্রসেনেন কর্ণভ্রাত্রা। রক্ষো রাক্ষসম্ ॥৬২॥

যুধেতি। প্রদ্রুতং দ্রুতং পলায়মানম্। পৃষৎকৈর্বাণৈঃ, ব্যপেতভীঃ নির্ভয়ঃ ॥৬৩॥

ভীমসেন দুঃশাসনের রক্ত পান করিয়া অত্যন্ত আনন্দিত হইয়া এইরূপ বলিতে বলিতে পুনরায় তাঁহার দিকে ধাবিত হইলে, তখন যাহারা তাঁহাকে দেখিল, তাহারাও ভয়ে আকুল হইয়া ভূতলে পতিত হইল ॥৫৯॥

আর যে সকল মানুষ সেখানে আসিতে লাগিল, তাহাদের হাত হইতেও অস্ত্র পতিত হইতে থাকিল এবং তাহারা ভয়ে অস্পষ্টস্বরে রক্ষক ডাকিতে লাগিল ও নয়ন ঈষৎ মুদ্রিত করিয়া ভীমকে দেখিতে থাকিল ॥৬০॥

সকল দিক্ হইতে যাহারা তখন ভীমসেনকে দুঃশাসনের সেই রক্ত পান করিতে দেখিল, তাহারা সকলে ভীত হইয়া 'এটা মানুষ নহে' এইরূপ বলিতে থাকিয়া পলায়ন করিতে লাগিল ॥৬১॥

ভীমসেন তাদৃশ রূপ করার পরে তাঁহাকে দুঃশাসনের রক্ত পান করিতে দেখিয়া যোদ্ধারা ভয়ার্ত্ত হইয়া ভীমসেনকে রাক্ষস বলিতে থাকিয়া কর্ণের ভ্রাতা চিত্রসেনের সহিত বেগে পলায়ন করিতে থাকিল ॥৬২॥

এই সময়ে রাজপুত্র যুধামন্যু সৈন্যগণের সহিত মিলিত হইয়া পলায়মান চিত্রসেনের দিকে ধাবিত হইলেন এবং নির্ভয়চিত্তে শীঘ্রনিক্ষিপ্ত সাতটা সুধার বাণদ্বারা চিত্রসেনকে বিদ্ধ করিলেন ॥৬৩॥

(৬১)···দৃষ্ট্বা জনাঃ শোণিতং পীয়মানম্···বা।

সংক্রান্তভোগ ইব লেলিহানো মহোরগঃ ক্রোধবিষং সিসৃক্ষুঃ।
নিবৃত্য পাঞ্চালজমভ্যবিধ্যত্রিভিঃ শরৈঃ সারথিমস্য ষড়্‌ভিঃ ॥৬৪॥
ততঃ সুপুঙ্খেন সুপত্রিতেন সুশংসিতাগ্রেণ শরেণ শূরঃ।
আকর্ণমুক্তেন সমাহিতেন যুধামন্যুস্তস্য শিরো জহার ॥৬৫॥
তস্মিন্ হতে ভ্রাতরি চিত্রসেনে ক্রুদ্ধঃ কর্ণঃ পৌরুষং দর্শয়ানঃ।
ব্যদ্রাবয়ৎ পাণ্ডবানামনীকং প্রত্যুদ্‌যাতো নকুলেনামিতৌজাঃ ॥৬৬॥
ভীমোঽপি হত্বা তত্রৈব দুঃশাসনমমর্ষণম্।
পূরয়িত্বাঞ্জলিং ভূয়ো রুধিরস্যোগ্রনিস্বনঃ।
শৃণ্বতাং লোকবীরাণামিদং বচনমব্রবীৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

সমিতি। সংক্রান্তঃ পাদাক্রান্তো ভোগঃ শরীরং যস্য সঃ, লেলিহানো রসনয়া পুনঃ পুনরোষ্ঠং লিহন্, ক্রোধপ্রযুক্তং বিষং ক্রোধবিষম্, সিসৃক্ষুঃ স্রষ্টুং ত্যক্তুমিচ্ছুঃ ॥৬৪॥

তত ইতি। শোভনানি পত্রাণি পক্ষিপক্ষা অস্য সঞ্জাতানীতি তেন, সুশংসিতাগ্রেণ প্রশস্তধারেণ। আকর্ণং নীত্বা মুক্তেন আকর্ণমুক্তেন, সমাহিতেন সুসংহিতেন। তস্য চিত্রসেনস্য ॥৬৫॥

তস্মিন্নিতি। দর্শয়ানো দর্শয়মানঃ। ব্যদ্রাবয়ৎ ব্যপীড়য়ৎ, অনীকং সৈন্যম্ ॥৬৬॥

ভীম ইতি। অমর্ষণং কোপনম্। রুধিরস্য রুধিরেণ, করণে ষষ্ঠী। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৭॥

তখন চরণাক্রান্তদেহ, বার বার রসনানির্গমনকারী এবং ক্রোধে বিষোদ্গার করিবার অভিলাষী মহাসর্পের ন্যায় চিত্রসেন ফিরিয়া তিন বাণে যুধামন্যুকে এবং ছয় বাণে উহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

তাহার পর বীর যুধামন্যু ধনুখানা কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া একটা সুন্দরপুঙ্খ, শোভনপক্ষিপক্ষযুক্ত ও সুধার বাণ সম্যক্ সন্ধানপূর্ব্বক নিক্ষেপ করিলেন এবং তাহাদ্বারা চিত্রসেনের মস্তক ছেদন করিলেন ॥৬৫॥

ভ্রাতা সেই চিত্রসেন নিহত হইলে, অমিততেজা কর্ণ ক্রুদ্ধ হইয়া পুরুষকার দেখাইতে থাকিয়া পাণ্ডবসৈন্য পীড়ন করিতে লাগিলেন; তখন নকুল তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৬৬॥

ওদিকে ভীষণগর্জনকারী ভীমও সেই সময়েই কোপনস্বভাব দুঃশাসনকে বধ করিয়া পুনরায় তাঁহার রক্তে অঞ্জলি পূরণ করিয়া শ্রবণকারী বীরগণের সমক্ষে এই সকল কথা বলিলেন—॥৬৭॥

(৬৬)···দুদ্রাব তৎ পাণ্ডবানামনীকম্···পি।

এষ তে রুধিরং কণ্ঠাৎ পিবামি পুরুষাধম!।
ব্রূহীদানীং সুসংহৃষ্টঃ পুনর্গৌরিতি গৌরিতি ॥৬৮॥
যে তদাস্মান্ প্রনৃত্যন্তি পুনর্গৌরিতি গৌরিতি।
তান্ বয়ং প্রতিনৃত্যামঃ পুনর্গৌরিতি গৌরিতি ॥৬৯॥
প্রমাণকোট্যাং শয়নং কালকূটস্য ভোজনম্।
দংশনঞ্চাহিভিঃ কৃষ্ণৈর্দাহশ্চ জতুবেশ্মনি ॥৭০॥
দ্যূতেন রাজ্যহরণমরণ্যে বসতিশ্চ যা।
দ্রৌপদ্যাঃ কেশপক্ষস্য গ্রহণঞ্চ সুদারুণম্ ॥৭১॥
ইষ্বস্ত্রাণি চ সংগ্রামেষ্বসুখানি চ বেশ্মনি।
বিরাটভবনে যশ্চ ক্লেশোঽস্মাকং পৃথগ্‌বিধঃ ॥৭২॥
শকুনের্দ্ধার্ত্তরাষ্ট্রস্য রাধেয়স্য চ মন্ত্রিতে।
অনুভূতানি দুঃখানি তেষাং হেতুস্ত্বমেব হি ॥৭৩॥ (কলাপকম্)
দুঃখান্যেতানি জানীমো ন সুখানি কদাচন।
ধৃতরাষ্ট্রস্য দৌরাত্ম্যাৎ সপুত্রস্য সদা বয়ম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

এষ ইতি। ব্রূহি দ্যূতজয়াৎ পরমিবেতি ভাবঃ। গৌর্গৌঃসদৃশস্ত্বম্ ॥৬৮॥

য ইতি। তদা দ্যূতজয়কালে, অস্মান্ লক্ষ্যীকৃত্যেতি শেষঃ, প্রনৃত্যন্তি স্ম। ইতি ব্রুবন্তঃ। তান্ লক্ষ্যীকৃত্য বয়মপীদানীং পুনর্গৌরিতি গৌরিতি ব্রুবন্তঃ প্রতিনৃত্যামঃ ॥৬৯॥

প্রমাণেতি। প্রমাণকোট্যাং তদাখ্যে স্থানে। কেশপক্ষস্য কেশপাশস্য। ইষবো বাণাঃ অপরাণি চাস্ত্রাণীতি ইষ্বস্ত্রাণি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, রাধেয়স্য কর্ণস্য ॥৭০—৭৩॥

দুঃখানীতি। দৌরাত্ম্যাৎ দুরাত্মতানিবন্ধনদুর্ব্যবহারাৎ ॥৭৪॥

'পুরুষাধম! এই আমি তোর কণ্ঠ হইতে রক্ত পান করিতেছি। এখন অত্যন্ত আনন্দিত হইয়া আবার 'গরুটা গরুটা' এই কথা বল্ দেখি ॥৬৮॥

তখন যাহারা আমাদিগকে লক্ষ্য করিয়া 'গরু গরু' এই কথা বলিয়া নৃত্য করিয়াছিল; এখন আমরাও তাহাদিগকে লক্ষ্য করিয়া আবার 'গরু গরু' বলিয়া প্রতিনৃত্য করিব ॥৬৯॥

প্রমাণকোটিতে শয়ন, কালকূটবিষ ভক্ষণ, কৃষ্ণসর্পদ্বারা দংশন, জতুগৃহে দাহ, দ্যূতক্রীড়ায় রাজ্যহরণ, বনবাস, অতিদারুণ দ্রৌপদীর কেশাকর্ষণ, যুদ্ধে বাণ ও অন্যান্য অস্ত্রপ্রয়োগ, গৃহে দুঃখভোগ, বিরাটরাজার গৃহে নানাবিধ কষ্ট, এবং শকুনি, দুর্য্যোধন ও কর্ণের মন্ত্রণা অনুসারে আমাদের অন্যান্য যত দুঃখভোগ হইয়াছে, একমাত্র তু-ই তাহার কারণ ছিলি ॥৭০—৭৩॥

ইত্যুক্ত্বা বচনং রাজন্! জয়ং প্রাপ্য বৃকোদরঃ।
পুনরাহ মহারাজ! স্ময়ংস্তৌ কেশবার্জ্জুনৌ ॥৭৫॥
অসৃগ্‌দিগ্ধো বিস্রবল্লোহিতাস্যঃ ক্রুদ্ধোঽত্যর্থং ভীমসেনস্তরস্বী।
দুঃশাসনে যদ্রণে সংশ্রুতং মে তদ্বৈ সত্যং কৃতমদ্যেহ বীরৌ! ॥৭৬॥
(যুগ্মকম্)

অত্রৈব দাস্যাম্যপরং দ্বিতীয়ং দুর্য্যোধনং যজ্ঞপশুং বিশস্য।
শিরো মৃদিত্বা চ পদা দুরাত্মনঃ শান্তিং লপ্স্যে কৌরবাণাং সমক্ষম্ ॥৭৭॥
এতাবদুক্ত্বা বচনং প্রহৃষ্টো ননাদ চোচ্চৈ রুধিরার্দ্রগাত্রঃ।
ননর্দ্দ চৈবাতিবলো মহাত্মা বৃত্রং নিহত্যেব সহস্রনেত্রঃ ॥৭৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
দুঃশাসনবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইতীতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। অসৃজা দুঃশাসনরক্তেন দিগ্ধো লিপ্তগাত্রঃ, বিস্রবৎ ক্ষরৎ লোহিতং রক্তং যস্মাত্তত্তাদৃশম্ আস্যং মুখং যস্য সঃ। তরস্বী বলবান্। সংশ্রুতং প্রতিশ্রুতং রক্তং পাস্যামীতি প্রতিজ্ঞাতমিত্যর্থঃ, মে ময়া ॥৭৫—৭৬॥

অত্রেতি। দাস্যামি রণদেবতায়ৈ। বিশস্য হিংসিত্বা। মৃদিত্বা আমর্দ্দ্য ॥৭৭॥

এতাবদিতি। ননাদ সিংহনাদং চকার। ননর্দ্দ জগর্জ্জ। সহস্রনেত্র ইন্দ্রঃ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

পুত্রগণের সহিত ধৃতরাষ্ট্রের দুর্ব্যবহারনিবন্ধন সর্ব্বদাই আমরা এই সকল দুঃখই অনুভব করিয়া আসিতেছি, কিন্তু কখনও সুখ অনুভব করিতে পারি নাই' ॥৭৪॥

রাজা! বলবান্ ভীমসেন জয়লাভ করিয়া এই সকল কথা বলিয়া ঈষৎ হাস্য করতঃ পুনরায় কৃষ্ণ ও অর্জ্জুনকে বলিলেন—তৎকালে তাঁহার সমস্ত অঙ্গ রক্তাক্ত ছিল, মুখ হইতে রক্ত নির্গত হইতেছিল এবং তিনি অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন। 'বীর! কৃষ্ণ! অর্জ্জুন! আমি যুদ্ধে দুঃশাসনের বিষয়ে যে প্রতিজ্ঞা করিয়াছিলাম, তাহা আজ সত্য করিলাম ॥৭৫—৭৬॥

এখন অপর দ্বিতীয় দুর্য্যোধনরূপ যজ্ঞপশুকে বিনাশ করিয়া রণদেবতাকে দান করিব এবং কৌরবগণের সমক্ষে চরণদ্বারা ঐ দুরাত্মার মস্তক দলন করিয়া শান্তি লাভ করিব' ॥৭৭॥

(৭৫)···স্ময়ন্তৌ কেশবার্জ্জুনৌ—পি। (৭৬)···ক্রুদ্ধোঽভ্যভাষৎ···পি। * '···ত্র্যশীতি-তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দুঃশাসনে তু নিহতে পুত্রাস্তব মহারথাঃ।
মহাক্রোধবিষা বীরাঃ সমরেষ্বপলায়িনঃ।
দশ রাজন্! মহাবীর্য্যা ভীমং প্রাচ্ছাদয়ন্ শরৈঃ ॥১॥
নিষঙ্গী কবচী পাশী দণ্ডধারো ধনুর্গ্রহঃ।
অলোলুপঃ সহঃ ষণ্ডো বাতবেগসুবর্চ্চসৌ ॥২॥
এতে সমেত্য সহিতা ভ্রাতৃব্যসনকর্ষিতাঃ।
ভীমসেনং মহাবাহুং মার্গণৈঃ সমবারয়ন্ ॥৩॥
স বার্য্যমাণো বিশিখৈঃ সমন্তাত্তৈর্মহারথৈঃ।
ভীমঃ ক্রোধাগ্নিরক্তাক্ষঃ ক্রুদ্ধঃ কাল ইবাবভৌ ॥৪॥

ভারতকৌমুদী

দুরিতি। মহান্ ক্রোধো বিষমিব যেষাং তে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তেষাং নামান্যাহ নিষঙ্গীতি। আদিপর্বোক্তনামবিরোধো নামান্তরাঙ্গীকারান্নিরাস্তঃ ॥২॥
এত ইতি। ভ্রাতুর্দুঃশাসনস্য ব্যসনেন মৃত্যুনা কর্ষিতাঃ শোকাক্রান্তাঃ ॥৩॥

মহাবল, মহাত্মা ও রক্তাক্তদেহ ভীমসেন হৃষ্টচিত্তে এই সকল কথা বলিয়া উচ্চস্বরে সিংহনাদ করিলেন এবং ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়া গর্জন করিয়াছিলেন, সেইরূপ গর্জন করিলেন ॥৭৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! দুঃশাসন নিহত হইলে, মহারথ, বিষতুল্য-মহাক্রোধশালী, বীর, মহাবল ও যুদ্ধে অপলায়ী আপনার দশ জন পুত্র বাণদ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিলেন ॥১॥

তাঁহাদের নাম—নিষঙ্গী, কবচী, পাশী, দণ্ডধার, ধনুগ্রহ, অলোলুপ, সহ, ষণ্ড, বাতবেগ ও সুবর্চ্চা ॥২॥

ইঁহারা ভ্রাতৃশোকে আক্রান্ত হইয়া সম্মিলিতভাবে আসিয়া বাণদ্বারা মহাবাহু ভীমসেনকে বারণ করিতে লাগিলেন ॥৩॥

(২)…অলোলুপঃ সমঃ সন্ধঃ…পি।

তাংস্তু ভল্লৈর্মহাবেগৈর্দশভির্দশ ভারতান্ ।
রুক্মাঙ্গদান্ রুক্মপুঙ্খৈঃ পার্থো নিন্যে যমক্ষয়ম্ ॥৫॥
হতেষু তেষু বীরেষু প্রদুদ্রাব বলং তব ।
পশ্যতঃ সূতপুত্রস্য পাণ্ডবস্য ভয়ার্দ্দিতম্ ॥৬॥
ততঃ কর্ণং মহারাজ ! প্রবিবেশ মহদ্ভয়ম্ ।
দৃষ্ট্বা ভীমস্য বিক্রান্তমন্তকস্য প্রজাস্বিব ॥৭॥
তস্য ত্বাকারভাবজ্ঞঃ শল্যঃ সমিতিশোভনঃ ।
উবাচ বচনং কর্ণং প্রাপ্তকালমরিন্দমম্ ॥৮॥
মা ব্যথাং কুরু রাধেয় ! নৈতত্ত্বয্যুপপদ্যতে ।
এতে দ্রবন্তি রাজানো ভীমসেনভয়ার্দ্দিতাঃ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। ক্রোধেন অগ্নিবৎ রক্তবচ্চ অক্ষিণী চক্ষুষী যস্য সঃ, কালো যমঃ ॥৪॥
তানিতি। রুক্মাঙ্গদান্ স্বর্ণময়কেয়ূরান্, পার্থো ভীমঃ, যমস্য ক্ষয়মালয়ম্ ॥৫॥
হতেষ্বিতি। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে। সূতপুত্রস্য কর্ণস্য ॥৬॥
তত ইতি। বিক্রান্তং বিক্রমম্, ভাবে ক্তপ্রত্যয়াৎ। প্রজাসু জনেষু ॥৭॥
তস্যেতি। সমিতিশোভনো বীরশ্রিয়া যুদ্ধশোভী। প্রাপ্তকালং তৎকালোচিতম ॥৮॥
মেতি। এতৎ ভয়বৈক্লব্যম্, উপপদ্যতে সঙ্গচ্ছতে। দ্রবন্তি পলায়ন্তে ॥৯॥

সেই মহারথেরা সকল দিক্ হইতে বাণদ্বারা বারণ করিতে লাগিলে, ক্রোধে ভীমের নয়নযুগল অগ্নি ও রুধিরের ন্যায় রক্তবর্ণ হইল; তখন তিনি ক্রুদ্ধ যমের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥৪॥

ক্রমে ভীমসেন মহাবেগশালী ও স্বর্ণপুঙ্খ দশটা ভল্লদ্বারা স্বর্ণকেয়ূরধারী সেই দশ জন ভরতবংশীয়কে যমালয়ে প্রেরণ করিলেন ॥৫॥

মহারাজ ! সেই বীরেরা নিহত হইলে, আপনার সৈন্যেরা ভীমের ভয়ে কর্ণের সমক্ষেই বেগে পলায়ন করিতে লাগিল ॥৬॥

মহারাজ ! তাহার পর লোকের উপরে যমের ন্যায় ভীমের বিক্রম দেখিয়া কর্ণের গুরুতর ভয় জন্মিল ॥৭॥

কিন্তু যুদ্ধশোভী শল্য কর্ণের আকার ও অভিপ্রায় বুঝিয়া শত্রুদমন কর্ণকে তৎকালোচিত বাক্য বলিলেন—॥৮॥

'রাধানন্দন ! তুমি ভয় করিও না, তোমাতে ভয় সঙ্গত হয় না। এই রাজারা ভীমের ভয়ে পলায়ন করিতেছেন ॥৯॥

(৭) ততঃ কর্ণে মহারাজ !...পি, ততঃ কর্ণো মহারাজ !...বা।

দুর্য্যোধনশ্চ সম্মূঢ়ো ভ্রাতৃব্যসনকর্ষিতঃ।
দুঃশাসনস্য রুধিরে পীয়মানে মহাত্মনা ॥১০॥
ব্যাপন্নচেতসশ্চৈব শোকোপহতমন্যবঃ।
দুর্য্যোধনমুপাসন্তে পরিবার্য্য সমন্ততঃ।
কৃপপ্রভৃতয়ঃ কর্ণ! হতশেষাশ্চ সোদরাঃ ॥১১॥
পাণ্ডবা লব্ধলক্ষ্যাশ্চ ধনঞ্জয়পুরোগমাঃ।
ত্বামেবাভিমুখাঃ শূরা যুদ্ধায় সমুপস্থিতাঃ ॥১২॥
স ত্বং পুরুষশার্দ্দূল! পৌরুষে মহতি স্থিতঃ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য প্রত্যুদ্যাহি ধনঞ্জয়ম্ ॥১৩॥
ভারো হি ধার্ত্তরাষ্ট্রেণ ত্বয়ি সর্বঃ সমর্পিতঃ।
তমুদ্বহ মহাবাহো! যথাশক্তি যথাবলম্।
জয়ে স্যাদ্বিপুলা কীর্ত্তির্ধ্রুবঃ স্বর্গঃ পরাজয়ে ॥১৪॥

ভারতকৌমুদী

দুরিতি। সম্মূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনো জাতঃ। মহাত্মনা ভীমসেনেন ॥১০॥

ব্যাপন্নেতি। ব্যাপন্নচেতস আকুলচিত্তাঃ, শোকেনোপহতো মন্যুঃ ক্রোধো যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পাণ্ডবা ইতি। লব্ধলক্ষ্যাঃ প্রাপ্তশরব্যাঃ ॥১২॥

স ইতি। পৌরুষে বীরত্বে। পুরস্কৃত্য প্রাধান্যেনাশ্রিত্য ॥১৩॥

ভার ইতি। শক্তির্মানসং সামর্থ্যম, বলঞ্চ দৈহিকী শক্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

মহাবল ভীম দুঃশাসনের রক্ত পান করিতে লাগিলে, ভ্রাতৃশোকে আক্রান্ত দুর্য্যোধন কর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছেন ॥১০॥

কর্ণ! কৃপপ্রভৃতি বীরগণের এবং হতাবশিষ্ট সহোদরদিগের মন শোকে আকুল হইয়াছে, আর শোকেই উঁহাদের ক্রোধ নিবৃত্ত করিয়াছে; এই অবস্থায় উঁহারা সকল দিকে বেষ্টন করিয়া দুর্য্যোধনের সেবা করিতেছেন ॥১১॥

অথ চ অর্জ্জুনপ্রভৃতি পাণ্ডববীরগণ লক্ষ্য পাইয়া যুদ্ধ করিবার জন্যই তোমার অভিমুখে উপস্থিত হইতেছেন ॥১২॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! তুমি মহাপুরুষকারে থাকিয়া ক্ষত্রিয়ধর্ম্মকে অগ্রবর্ত্তী করিয়া অর্জ্জুনের অভিমুখে গমন কর ॥১৩॥

মহাবাহু! দুর্য্যোধন তোমার উপরে যুদ্ধের সমস্ত ভার অর্পণ করিয়া রাখিয়াছেন। সুতরাং তুমি উৎসাহ ও শক্তি অনুসারে তাহা বহন কর। জয় হইলে বিপুল কীর্ত্তি হইবে, আর পরাজয় হইলে নিশ্চিত স্বর্গ হইবে ॥১৪॥

বৃষসেনশ্চ রাধেয় ! সংক্রুদ্ধস্তনয়স্তব ।
ত্বয়ি মোহং সমাপন্নে পাণ্ডবানভিধাবতি ॥১৫॥
এতচ্ছ্রুত্বা তু বচনং শল্যস্যামিততেজসঃ ।
হৃদি চাবশ্যকং ভাবং চক্রে যুদ্ধায় সুস্থিরম্ ॥১৬॥
ততঃ ক্রুদ্ধো বৃষসেনোঽভ্যধাবদবস্থিতঃ স্বরথে পাণ্ডবং তম্ ।
বৃকোদরং কালমিবাত্তদণ্ডং গদাহস্তং পোথয়ন্তং ত্বদীয়ান্ ॥১৭॥
অথাভ্যধাবন্নকুলঃ প্রবীরো রোষাদমিত্রং প্রতুদন্ পৃষৎকৈঃ ।
কর্ণস্য পুত্রং সমরে প্রহৃষ্টো জিষ্ণুর্জিঘাংসুর্মঘবেব জম্ভম্ ॥১৮॥
ততো ধ্বজং স্ফাটিকবিন্দুচিত্রং চিচ্ছেদ বীরো নকুলঃ ক্ষুরেণ ।
কর্ণাত্মজস্যেষ্বসনঞ্চ চিত্রং ভল্লেন জাম্বূনদপট্টনদ্ধম্ ॥১৯॥

ভারতকৌমুদী

বৃষেতি। বৃষসেনো নাম। মোহং কর্ত্তব্যমূঢ়তাম্, সমাপন্নে দুঃশাসনাদিবধাৎ ॥১৫॥
এতদিতি। আবশ্যকম্ অসন্দিগ্ধম্, ভাবমভিপ্রায়ম্ ॥১৬॥
তত ইতি। কালং যমম্, আত্তো গৃহীতো দণ্ডো যেন তম্ ॥১৭॥
অথেতি। অমিত্রং শত্রুম্, প্রতুদন্ ব্যথয়ন্, পৃষৎকৈর্বাণৈঃ। জিষ্ণুর্জয়শীলঃ, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ, মঘবা ইন্দ্রঃ, জম্ভং নামাসুরম্ ॥১৮॥
তত ইতি। ইষ্বসনং ধনুঃ। জাম্বূনদপট্টনদ্ধং স্বর্ণপট্টবেষ্টিতম্ ॥১৯॥

রাধানন্দন ! তুমি কর্ত্তব্যমূঢ় হইয়া পড়িলে, তোমার পুত্র বৃষসেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইয়াছেন' ॥১৫॥

কর্ণ অমিততেজা শল্যের এই কথা শুনিয়া মনে মনে অসন্দিগ্ধভাবে যুদ্ধের স্থির অভিপ্রায় করিলেন ॥১৬॥

মহারাজ ! এই সময়ে গদাধারী পাণ্ডুনন্দন ভীমসেন দণ্ডধারী যমের ন্যায় আপনার সৈন্যগণকে পোথিত করিতেছিলেন। সুতরাং বৃষসেন ক্রুদ্ধ হইয়া আপন রথে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১৭॥

তাহার পর জয়শীল ইন্দ্র যেমন বধ করিবার ইচ্ছা করিয়া জম্ভাসুরের দিকে ধাবিত হইয়াছিলেন, সেইরূপ প্রধান বীর নকুল হৃষ্টচিত্তে ও ক্রোধে বাণদ্বারা শত্রু বৃষসেনকে পীড়ন করিতে থাকিয়া ধাবিত হইলেন ॥১৮॥

তদনন্তর বীর নকুল একটা ক্ষুরপ্রদ্বারা বৃষসেনের স্ফটিকবিন্দুবিচিত্র ধ্বজটাকে

(১৬)…অত্যামানুষকং ভাবং চক্রে যুদ্ধায় সংস্থিতঃ—পি। (১৭)…অবস্থিতঃ প্রমুখে পাণ্ডবং তম্…পি বা।

অথান্যদাদায় ধনুঃ সুশীঘ্রং কর্ণাত্মজঃ পাণ্ডবমভ্যবিধ্যৎ।
দিব্যৈর্ম্মহাস্ত্রৈর্নকুলং মহাস্ত্রো দুঃশাসনস্যাপচিতিং যিযাসুঃ ॥২০॥
ততঃ স ক্রুদ্ধো নকুলো মহাত্মা শরৈর্ম্মহোল্কাপ্রতিমৈরবিধ্যৎ।
দিব্যৈরস্ত্রৈরভ্যবর্ষচ্চ সোঽপি কর্ণস্য পুত্রো নকুলং কৃতাস্ত্রঃ ॥২১॥
শরাভিঘাতাচ্চ রুষা চ রাজন্! স্বয়া চ ভাসাস্ত্রসমীরণাচ্চ।
জজ্বাল কর্ণস্য সুতোঽতিমাত্রমিদ্ধো যথাজ্যাহুতিভির্হুতাশঃ ॥২২॥
কর্ণস্য পুত্রো নকুলস্য রাজন্! সর্বানশ্বানক্ষিণোদুত্তমাস্ত্রৈঃ।
বনায়ুজান্ সুকুমারস্য শুভ্রানলঙ্কৃতান্ জাতরূপেণ চিত্রান্ ॥২৩॥
ততো হতাশ্বাদবরুহ্য যানাদাদায় চর্ম্মামলরুক্মচন্দ্রম্।
আকাশসঙ্কাশমসিং গৃহীত্বা পোপ্লূয়মানঃ খগবচ্চচার ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। অপচিতিং নিষ্ক্রয়ম্, যিযাসুর্যাতুমিচ্ছুঃ, দুঃশাসনবধপ্রতিশোধং কর্ত্তুমিচ্ছুঃ ॥২০॥
তত ইতি। অভ্যবর্ষৎ প্রাহরৎ। কৃতাস্ত্রঃ কৃতসর্বাস্ত্রশিক্ষঃ ॥২১॥
শরেতি। ভাসা কান্ত্যা, অস্ত্রাণাং সমীরণাৎ ক্ষেপাৎ। ইদ্ধঃ প্রজ্বলিতঃ ॥২২॥
কর্ণস্যেতি। অক্ষিণোৎ ব্যনাশয়ৎ। বনায়ুজান্ বনায়ুদেশোদ্ভবান্, সুকুমারস্য কোমলদেহস্য। জাতরূপেণ স্বর্ণেন স্বর্ণালঙ্কারেণ, চিত্রান্ বিচিত্রদেহান্ ॥২৩॥

ছেদন করিলেন এবং একটা ভল্লদ্বারা বিচিত্র ও স্বর্ণপট্টবেষ্টিত ধনুখানাকে কাটিয়া ফেলিলেন ॥১৯॥

তৎপরে মহাস্ত্রধারী বৃষসেন সত্বর অন্য ধনু লইয়া দুঃশাসনবধের প্রতিশোধ লইবার ইচ্ছা করিয়া অলৌকিক মহাস্ত্রসমূহদ্বারা পাণ্ডুনন্দন নকুলকে বিদ্ধ করিলেন ॥২০॥

তদনন্তর মহাত্মা নকুল ক্রুদ্ধ হইয়া বিশাল উল্কার তুল্য বাণসমূহদ্বারা বৃষসেনকে তাড়ন করিলেন। তখন সমস্ত অস্ত্রে সুশিক্ষিত বৃষসেনও অলৌকিক অস্ত্র সকলদ্বারা নকুলকে প্রহার করিলেন ॥২১॥

রাজা! ঘৃতাহুতিদ্বারা প্রজ্বলিত অগ্নি যেমন অত্যন্ত জ্বলিয়া উঠে, সেইরূপ বৃষসেন নকুলের বাণাঘাতে, ক্রোধে, আপন কান্তিতে এবং অস্ত্রক্ষেপে অত্যন্ত জ্বলিয়া উঠিলেন ॥২২॥

রাজা! পরে বৃষসেন উত্তম অস্ত্রসমূহদ্বারা বনায়ুদেশজাত, শুভ্রবর্ণ, স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ও বিচিত্র সুকুমারদেহ নকুলের সমস্ত অশ্ব বিনাশ করিলেন ॥২৩॥

(২১)…নকুলং কৃতাস্ত্রম্—পি। (২৪) ততো হতাশ্বাদবপ্লুত্য বেগাৎ…পি।

ততোঽন্তরীক্ষে নৃবরাশ্বনাগাংশ্চিচ্ছেদ মার্গান্ বিচরন্ বিচিত্রান্।
তে প্রাপতন্নসিনা গাং বিশস্তা যথাশ্বমেধে পশবঃ শমিত্রা ॥২৫॥
দ্বিসাহস্রা বিদিতা যুদ্ধশৌণ্ডা নানাদেশ্যাঃ সুভৃতাঃ সত্যসন্ধাঃ।
একেন শীঘ্রং নকুলেন কৃত্তাঃ সারেপ্সুনেবোত্তমচন্দনাস্তে ॥২৬॥
তমাপতন্তং নকুলং জবেন কর্ণস্য পুত্রঃ সহসাভিপত্য।
রণে জিঘাংসন্ নিশিতৈরনেকৈঃ সমন্ততঃ সায়কৈঃ প্রত্যবিধ্যৎ ॥২৭॥
স তুদ্যমানো নকুলঃ পৃষৎকৈর্বিব্যাধ বীরং স চুকোপ বিদ্ধঃ।
মহাভয়ে রক্ষ্যমাণো মহাত্মা ভ্রাত্রা ভীমেনাকরোত্তত্র ভীমম্ ॥২৮॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা অশ্বা যস্য তস্মাৎ, যানাৎ রথাৎ, অমলা রুক্মচন্দ্রাঃ স্বর্ণঘটিতচন্দ্রাকা
চিহ্নানি যত্র তৎ। পোপ্লূয়মানঃ পুনঃ পুনরুৎপ্লবমানঃ, খগবৎ পক্ষিবৎ ॥২৪॥

তত ইতি। উৎপ্লবনকালে ছেদনাদন্তরীক্ষে ছেদনম্। নৃবরাঃ পদাতিশ্রেষ্ঠাঃ, না
গজাঃ। অবচত্বে সমাসান্ন দ্বন্দ্বৈকবদ্ভাবঃ। গাং ভূমিম্, বিশস্তাশ্ছিন্নাঃ। শমিত্রা ঘাতকেন ॥

দ্বীতি। বিদিতা বীরত্বেন সর্বৈরবগতাঃ, যুদ্ধে শৌণ্ডা মত্তাঃ, সুভৃতা বেতনাদিনা সম্য
পালিতাঃ, সত্যসন্ধা যথার্থপ্রতিজ্ঞাঃ। কৃত্তাশ্ছিন্নাঃ, সারেপ্সুনা সারগ্রহণার্থিনা জনেন ॥২

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্, জবেন বেগেন। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্ ॥২৭॥

স ইতি। তুদ্যমানো বৃষসেনেন ব্যথ্যমানঃ, পৃষৎকৈর্বাণৈর্যেন হি বৃষসেনো বী
নকুলং বিব্যাধ ; অতএব স নকুলো বিদ্ধঃ সন্ চুকোপ। ভীমং ভয়ঙ্করং কার্য্যম্ ॥২৮॥

অশ্বগুলি নিহত হইলে, নকুল রথ হইতে অবতীর্ণ হইয়া নির্ম্মলস্বর্ণচন্দ্রচিহ্নযু
চর্ম্ম (ঢাল) লইয়া এবং আকাশের ন্যায় নির্ম্মল তরবারি ধারণ করিয়া পক্ষীর ন্যা
লাফাইয়া লাফাইয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥২৪॥

তদনন্তর নকুল বিচিত্র পথে বিচরণ করিতে থাকিয়া আকাশেই হস্তী, অশ্ব
প্রধান প্রধান পদাতিকে ছেদন করিতে লাগিলেন। তখন—অশ্বমেধযজ্ঞে ঘাত
ছেদন করিলে পশুগণ যেমন ভূতলে পতিত হয়, সেইরূপ নকুলতরবারিচ্ছিন্ন পদাতি
প্রভৃতি ভূতলে পতিত হইতে লাগিল ॥২৫॥

সারগ্রহণার্থী লোক যেমন চন্দনবৃক্ষ সকল ছেদন করে, তেমন এক নকুল
সত্বর বীর বলিয়া বিখ্যাত, যুদ্ধে মত্ত, নানাদেশীয়, বেতনাদিদ্বারা সম্যক্ পালিত
সত্যপ্রতিজ্ঞ দুই সহস্র পদাতিকে ছেদন করিলেন ॥২৬॥

নকুল বেগে আসিতে লাগিলে, বৃষসেন তৎক্ষণাৎ উপস্থিত হইয়া নকুলকে ব
করিবার ইচ্ছা করিয়া সুধার অনেক বাণদ্বারা তাঁহাকে সকল দিকে বি
করিলেন ॥২৭॥

তং কর্ণপুত্রো বিধমন্তমেকং নরাশ্বমাতঙ্গরথপ্রবেকান্।
ক্রীড়ন্তমষ্টাদশভিঃ পৃষৎকৈর্বিব্যাধ বীরং নকুলং সরোষঃ ॥২৯॥
স তেন বিদ্ধোঽতিভৃশং তরস্বী মহাহবে বৃষসেনেন রাজন্!।
ক্রুদ্ধোঽভ্যধাবৎ সমরে জিঘাংসুঃ কর্ণাত্মজং পাণ্ডুসুতো নৃবীরঃ ॥৩০॥
বিতত্য পক্ষৌ সহসাপতন্তং শ্যেনং যথৈবামিষলুব্ধমাজৌ।
অবাকিরদ্‌বৃষসেনস্ততস্তং শিতৈঃ শরৈর্নকুলমুদারবীর্য্যম্ ॥৩১॥
স তান্ মোঘাংস্তস্য কুর্বন্ শরৌঘাংশ্চচার মার্গান্ নকুলশ্চিত্ররূপান্।
অথাস্য তূর্ণং চরতো নরেন্দ্র! খড়্গেন চিত্রং নকুলস্য তস্য ॥৩২॥
মহেষুভির্ব্যধমৎ কর্ণপুত্রো মহারণে চর্ম্ম সহস্রতারম্।
তস্যায়সং নিশিতং তীক্ষ্ণধারমসিং বিকোষং গুরুভারসাহম্ ॥৩৩॥
দ্বিষচ্ছরীরাপহরং সুঘোরমাধুন্বতঃ সর্পমিবোগ্ররূপম্।
ক্ষিপ্রং শরৈঃ ষড়্‌ভিরমিত্রসাহশ্চকর্ত্ত খড়্গং নিশিতৈঃ ক্ষুরপ্রৈঃ ॥৩৪॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

তমিতি। বিধমন্তং বিনাশয়ন্তম্, নরাশ্বমাতঙ্গরথানাং প্রবেকান্ প্রধানানি ॥২৯॥
স ইতি। তরস্বী বলবান্, "তরো বলে চ বেগে চ" ইতি মেদিনী ॥৩০॥
বিতত্যেতি। বিতত্য বিস্তীর্য্য। অবাকিরৎ প্রাহরৎ। উদারবীর্য্যং মহাবলম্ ॥৩১॥
স ইতি। মোঘান্ ব্যর্থান্। খড়্গেন চরতঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ। সহস্রং তারা

বৃষসেন বাণদ্বারা বীর নকুলকে বিদ্ধ করিলেন বলিয়া তিনি বেদনা অনুভব করিতে থাকিয়া ক্রুদ্ধ হইলেন এবং সেই মহাভয়ের সময়ে ভ্রাতা ভীমসেন রক্ষা করিতে লাগিলেন বলিয়া মহাত্মা নকুল ভীষণ কার্য্য করিতে পারিলেন ॥২৮॥

তখন বীর নকুল একাকী প্রধান প্রধান হস্তী, অশ্ব, রথ ও পদাতিকে বিনাশ করিতে থাকিয়া যেন ক্রীড়া করিতে লাগিলে, বৃষসেন ক্রুদ্ধ হইয়া আঠারটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

রাজা! মহাযুদ্ধে বৃষসেন অত্যন্ত বিদ্ধ করিলে, বলবান্ মনুষ্যবীর নকুল ক্রুদ্ধ হইয়া বৃষসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩০॥

মাংসলোভী শ্যেনপক্ষী যেমন পক্ষযুগল বিস্তৃত করিয়া বেগে আসিতে থাকে, সেইরূপ মহাবল নকুল বেগে আসিতে থাকিলে, বৃষসেন সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে প্রহার করিতে লাগিলেন ॥৩১॥

(২৯)···রথপ্রবেকম্···। (৩০)···ক্রুদ্ধেন ধাবন্···বা। (৩৪)···নিশিতৈঃ সুবেগৈঃ—বা।

পুনশ্চ পীতৈর্নিশিতৈঃ পৃষৎকৈঃ স্তনান্তরে গাঢ়মথাভ্যবিধ্যৎ।
কৃত্বা চ তদ্দুষ্করমার্য্যজুষ্টং নরৈরন্যৈঃ কর্ম্ম রণে মহাত্মা ॥৩৫॥
যযৌ রথং ভীমসেনস্য রাজন্! শরাভিতপ্তো নকুলস্ত্বরাবান্।
স ভীমসেনস্য রথং হতাশ্বো মাদ্রীসুতঃ কর্ণসুতাভিতপ্তঃ ॥৩৬॥
আপুপ্লুবে সিংহ ইবাচলাগ্রং সংপ্রেক্ষমাণস্য ধনঞ্জয়স্য।
ততঃ ক্রুদ্ধো বৃষসেনো মহাত্মা ববর্ষ তাবিষুজালেন বীরঃ ॥৩৭॥
মহারথাবেকরথে সমেতৌ শরৈঃ প্রভিন্দন্নিব পাণ্ডবেয়ৌ।
তস্মিন্ রথে বিহতে পাণ্ডবস্য ক্ষিপ্রঞ্চ খড়্গে বিশিখৈর্নিকৃত্তে ॥৩৮॥
অথাব্রবীন্মারুতিঃ ফাল্গুনস্তু পশ্যস্বৈনং নকুলং পীড্যমানম্।
অয়ঞ্চ নো ধাবতি কর্ণপুত্রস্তস্মাদ্ভবান্ প্রত্যুপযাতু কার্ণিম্ ॥৩৯॥
(কুলকম্

ভারতকৌমুদী

নক্ষত্রাকারচিহ্নানি যত্র তৎ। আয়সং লৌহময়ম্। গুরুভারং দুষ্করং বিপক্ষসংহারং সহতে কর্ত্তুং শক্নোতীতি তম্। আধুন্বতশ্চালয়তঃ। অমিত্রসাহঃ শত্রুসহো বৃষসেনঃ ॥৩২—৩৪॥

পুনরিতি। পীতৈঃ প্রাক্পীতরক্তৈঃ, পৃষৎকৈর্বাণৈঃ। অভ্যবিধ্যন্নকুলমিতি শেষঃ অন্যৈর্নরৈর্দুষ্করম্, আর্য্যজুষ্টং সজ্জনসেবিতম্। হতা অশ্বা যস্য সঃ। আপুপ্লুবে উৎপ্লুত্য রুরোহ। তৌ ভীমনকুলৌ। প্রভিন্দন্ বিদারয়ন্। পাণ্ডবস্য নকুলস্য। নিকৃত্তে ছিন্নে মারুতির্নকৃতো বায়োঃ পুত্রো ভীমঃ, ফাল্গুনমর্জ্জুনম্। নঃ অস্মান্। কার্ণিং কর্ণসাপত্য বৃষসেনম্ ॥৩৫—৩৯॥

নরনাথ! তখন নকুল চর্ম্ম-(ঢাল) দ্বারা বৃষসেনের সেই বাণগুলিকে ব্য করিতে থাকিয়া বিচিত্র পথে বিচরণ করিতে থাকিলেন। নকুল তরবারি লইয় বিচিত্র পথে বিচরণ করিতে থাকিলে, বৃষসেন উত্তম উত্তম বাণদ্বারা তাঁহার সে সহস্রতারাযুক্ত চর্ম্ম বিনষ্ট করিলেন এবং শত্রুসহ বৃষসেন ছয়টা সুধার ক্ষুরপ্রবাণদ্বার সত্বর নকুলের সেই লৌহময়, শিলাশাণিত, তীক্ষ্ণধার, কোষমুক্ত, দুষ্করকার্য্যকারী শত্রুশরীরনাশক ও সর্পের ন্যায় ভীষণ তরবারিখানা কাটিয়া ফেলিলেন ॥৩২—৩৪॥

বৃষসেন পুনরায় সুধার ও রক্তপায়ী বাণসমূহদ্বারা গাঢ়ভাবে নকুলের বক্ষস্থ বিদ্ধ করিলেন। রাজা! ওদিকে মহাত্মা নকুল যুদ্ধে অন্য মানুষের দুষ্কর ও সজ্জন সেবিত সেই কার্য্য করিয়া বৃষসেনের বাণে পীড়িত হইয়া সত্বর যাইয়া ভীমসেন

(৩৮)...প্রভিন্নাবিব পাণ্ডবেয়ৌ...বর্দ্ধ। (৩৯)...পশ্যস্বৈনং নকুলং পীড়্যন্তম্...পি।

স তন্নিশম্যৈব বচঃ কিরীটী রথং সমাসাদ্য বৃকোদরস্য।
কপিধ্বজং কেশবসংগৃহীতং প্রৈষীদুগ্রো বৃষসেনায় বাহম্ ॥৪০॥

নকুলমথ বিদিত্বা ছিন্নবাণাসনাসিং
বিরথমতিশরার্ত্তং কর্ণপুত্রাস্ত্রভগ্নম্।
পবনধুতপতাকা হ্লাদিনো বল্গিতাশ্বা
বরপুরুষনিযুক্তাস্তে রথাঃ শীঘ্রমীয়ুঃ ॥৪১॥

দ্রুপদসুতবরিষ্ঠাঃ পঞ্চ শৈনেয়ষষ্ঠা
দ্রুপদদুহিতৃপুত্রাঃ পঞ্চ চামিত্রসাহাঃ।
দ্বিরদরথনরাশ্বান্ সূদয়ন্তস্ত্বদীয়ান্
ভুজগপতিনিকাশৈর্ম্মার্গণৈরাত্তশস্ত্রাঃ ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। কিরীটী অর্জ্জুনঃ। প্রৈষীৎ প্রেরিতবান্। বাহং রথম্ ॥৪০॥

নকুলমিতি। অথ নকুলম্, ছিন্নৌ বাণাসনাসী ধনুঃখড়্গৌ যস্য তম্, বিরথম্ অশ্বনাশাদেব রথবিহীনম্, অতিশয়েন শরৈর্বৃষসেনবাণৈরার্ত্তং পীড়িতম্, কর্ণপুত্রস্য বৃষসেনস্য অস্ত্রৈর্ভগ্নং পরাজিতঞ্চ বিদিত্বা, বরপুরুষেণ ভীমসেনেন নিযুক্তাঃ পূর্ব্বমর্জ্জুন ইবাদিষ্টাঃ, আত্তশস্ত্রা ধৃতাস্ত্রাঃ, অতএব অমিত্রান্ শত্রূন্ সহন্তে ইত্যমিত্রসাহাঃ, তে প্রসিদ্ধাঃ, দ্রুপদসুতেষু মধ্যে বরিষ্ঠাঃ শ্রেষ্ঠাঃ, ধৃষ্টদ্যুম্ন-শিখণ্ডি-যুধামন্যূত্তমৌজোজনমেজয়াখ্যাঃ পঞ্চ, শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ ষষ্ঠো যেষাং তে, পঞ্চ, দ্রুপদদুহিতুর্দ্রৌপদ্যাঃ পুত্রাশ্চ, এতে একাদশ রথাঃ, পবনেন বায়ুনা ধুতাঃ কম্পিতাঃ পতাকা যেষাং তে, হ্লাদিনঃ সৌন্দর্য্যেণাহ্লাদজনকাঃ, বল্গিতা উৎপ্লুতা অশ্বা যেষাং তে, ভুজগপতিনিকাশৈর্মহাসর্পতুল্যৈঃ, মার্গণৈর্বাণৈঃ ত্বদীয়ান্ দ্বিরদ-

রথে উঠিলেন। নিজের রথের অশ্বগুলি নিহত হইলে, নকুল বৃষসেনের বাণে পীড়িত হইয়া অর্জ্জুনের সমক্ষে—সিংহ যেমন লাফ দিয়া পর্ব্বতের উপরে উঠে, সেইরূপ লাফ দিয়া ভীমের রথে উঠিয়াছিলেন। এই সময়ে মহারথ ভীমসেন ও নকুল একরথে মিলিত হইলেন; তখন ক্রুদ্ধ, মহাবল ও বীর বৃষসেন বাণদ্বারা বিদীর্ণ করতই যেন তাঁহাদের উপরে বাণজাল বর্ষণ করিতে লাগিলেন। বৃষসেন বাণদ্বারা সত্বর নকুলের রথ অকর্ম্মণ্য ও তরবারি ছিন্ন করিলে, ভীমসেন অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! দেখ—বৃষসেন নকুলকে পীড়ন করিয়াছে, আমার দিকেও ধাবিত হইয়াছে। অতএব তুমি উহার দিকে যাও' ॥৩৫—৩৯॥

তখন অর্জ্জুন ভীমের সেই কথা শুনিয়াই উগ্রমূর্ত্তি হইয়া ভীমের রথের নিকট দিয়া কৃষ্ণনিয়মিত স্বকীয় কপিধ্বজ রথ বৃষসেনের দিকে চালাইয়া দিলেন ॥৪০॥

(৪০) ইতঃ পরম্ 'চতুরশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বঙ্গ বৰ্দ্ধ বা সো।

অথ তব রথমুখ্যাস্তান্ প্রতীয়ুস্ত্বরন্তো
হৃদিকসুতকৃপৌ চ দ্রৌণিদুর্য্যোধনৌ চ।
শকুনিসুতবৃকৌ চ ক্রাথদেবাবৃধৌ চ
দ্বিরদজলদঘোষৈঃ স্যন্দনৈঃ কার্ম্মুকৈশ্চ ॥৪৩॥
নরবররথবর্য্যাংস্তান্ দশৈকঞ্চ বীরান্
নৃবর! শরবরাগ্রৈস্তাড়য়ন্তোঽভ্যরুন্ধন্।
নবজলদসবর্ণৈর্হস্তিভিস্তানুদীয়ু-
র্গিরিশিখরনিকাশৈর্ভীমবেগৈঃ কুলিন্দাঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

রথনরাশ্বান্, হৃদয়ন্তঃ পীড়য়ন্তশ্চ সন্তঃ, শীঘ্রম্, ঈয়ুর্নকুলসাহায্যার্থমাজগ্মুঃ। এষু চতুর্ষু মালি বৃত্তম্, "ননমযযযুতেয়ং মালিনী ভোগিলোকৈঃ" ইতি লক্ষণাৎ ॥৪১—৪২॥

অথেতি। অথ হৃদিকসুতঃ কৃতবর্ম্মা কৃপশ্চ তৌ, দ্রৌণিরশ্বত্থামা দুর্য্যোধনশ্চ তৌ, শকু সুত উলূকঃ বৃকশ্চ তৌ, ক্রাথো দেবাবৃধশ্চ তৌ, এতে অষ্টৌ তব রথমুখ্যা রথিশ্রেষ্ঠাঃ, ত্বর ত্বরমাণাঃ সন্তঃ, দ্বিরদানাং গজানাং জলদানাং মেঘানামিব চ ঘোষো ধ্বনির্যেষাং তৈঃ, স্যন্দ রথৈঃ, কার্ম্মুকৈশ্চ সহ, তান্ পাণ্ডববীরান্ প্রতি, ঈয়ুর্জগ্মুঃ ॥৪৩॥

নরেতি। হে নৃবর! পরঞ্চ কৃপাদয়ঃ শরবরাগ্রৈঃ, তান্, দশ একঞ্চ একাদশ, নরবর তে রথবর্য্যাশ্চেতি তান্ বীরান্, তাড়য়ন্তঃ সন্তঃ, অভ্যরুন্ধন্। ততশ্চ কুলিন্দাঃ কুলিন্দদেশী যোদ্ধারঃ, নবজলদসবর্ণৈঃ নূতনমেঘতুল্যনীলবর্ণৈঃ, গিরিশিখরনিকাশৈঃ পর্বতশৃঙ্গসমা ভীমবেগৈশ্চ হস্তিভিঃ, তান্ কৌরববীরান্, উদীয়ুঃ প্রত্যুদজগ্মুঃ ॥৪৪॥

রাজা! বৃষসেন নকুলের ধনু ও তরবারি ছেদন করিয়াছেন, রথ বিকল করি ছেন এবং শরপ্রহারে তাঁহাকে অতিশয়পীড়িত ও পরাভূত করিয়াছেন, ইহা জানি ভীমসেনের নিয়োগ অনুসারে অস্ত্রধারী ও শত্রুবেগসহনক্ষম, দ্রুপদরাজার পুত্রগ মধ্যে প্রধান পাঁচ জন, সাত্যকি ও দ্রৌপদীর পঞ্চ পুত্র এই এগার জন বৃহৎসর্পতুল্য বাণসমূহদ্বারা আপনার পক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণকে পী করিতে করিতে সত্বর আগমন করিলেন। তখন তাঁহাদের পতাকাগুলি বায়ুভ দুলিতেছিল, অশ্বগণ লাফাইতেছিল এবং তাঁহারা স্বপক্ষের আনন্দ উৎপা করিতেছিলেন ॥৪১—৪২॥

মহারাজ! তাহার পর কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, অশ্বত্থামা, দুর্য্যোধন, উলূক, বৃ ক্রাথ ও দেবাবৃধ, আপনার পক্ষের এই আট জন রথিশ্রেষ্ঠ ধনু লইয়া হস্তী মেঘের ন্যায় গম্ভীরনাদী রথে আরোহণ করিয়া সত্বর তাঁহাদের অভিমুখে আগ করিলেন ॥৪৩॥

(৪৪) ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ নি।

সুকল্পিতা হৈমবতা মদোৎকটা রণাভিকামৈঃ কৃতিভিঃ সমাস্থিতাঃ।
সুবর্ণজালাবততা বভুর্গজাস্তথা যথা খে জলদাঃ সবিদ্যুতঃ ॥৪৫॥
বিশ্বর্দ্দিপুত্রো দশভির্মহায়সৈঃ কৃপং সসূতাশ্বমপীড়য়দ্ভৃশম্।
ততঃ শরদ্বৎসুতসায়কৈর্হতঃ সহৈব নাগেন পপাত ভূতলে ॥৪৬॥
বিশ্বর্দ্দিপুত্রাবরজশ্চ তোমরৈর্দিবাকরাংশুপ্রতিমৈরয়স্ময়ৈঃ।
রথঞ্চ বিক্ষোভ্য ননাদ নর্দ্দতস্ততোঽস্য গান্ধারপতিঃ শিরোঽহরৎ ॥৪৭॥
ততঃ কুলিন্দেষু হতেষু তেষ্বথ প্রহৃষ্টরূপাস্তব তে মহারথাঃ।
ভৃশং প্রদধ্মুর্লবণাম্বুসম্ভবান্ পরাংশ্চ বাণাসনপাণয়োঽভ্যয়ুঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

স্বিতি। সুকল্পিতাঃ সুসজ্জিতাঃ, হৈমবতা হিমালয়প্রদেশোৎপন্নাঃ, মদোৎকটা মদমত্তাঃ, রণাভিকামৈঃ কৃতিভির্যুদ্ধনিপুণৈঃ, সমাস্থিতা আরূঢ়াঃ, সুবর্ণজালৈঃ অবততা আবৃতগাত্রাঃ, কুলিন্দানাং গজাঃ, খে আকাশে সবিদ্যুতো জলদা যথা ভান্তি, তথা বভুঃ ॥৪৫॥

বিশ্বর্দ্দীতি। মহায়সৈর্লৌহময়ৈর্বিশালবাণৈঃ। শরদ্বৎসুতস্য কৃপস্য সায়কৈঃ ॥৪৬॥

বিশ্বর্দ্দীতি। বিশ্বর্দ্দিপুত্রস্য হতস্য অবরজঃ অনুজঃ, দিবাকরাংশুপ্রতিমৈঃ সূর্য্যকিরণবন্নির্ম্মলৈঃ, অয়স্ময়ৈর্লৌহময়ৈঃ। রথং কৃপস্য, বিক্ষোভ্য প্রহারেণ সঞ্চাল্য ॥৪৭॥

তত ইতি। প্রদধ্মুর্বাদয়ামাসুঃ, লবণাম্বুসম্ভবান্ শঙ্খান্। বাণাসনপাণয়ো ধনুর্হস্তাঃ ॥৪৮॥

নরশ্রেষ্ঠ! পরে কৃপপ্রভৃতি বীরেরা উত্তম উত্তম বাণদ্বারা তাড়ন করিতে থাকিয়া সেই এগার জন নরশ্রেষ্ঠ ও রথিশ্রেষ্ঠ বীরকে রুদ্ধ করিলেন। ওদিকে কুলিন্দদেশীয় যোদ্ধারা নূতন মেঘের ন্যায় নীলবর্ণ, পর্ব্বতশৃঙ্গতুল্য বিশাল ও ভীষণবেগশালী হস্তিগণে আরোহণ করিয়া কৌরবগণের দিকে আগমন করিলেন ॥৪৪॥

যুদ্ধাভিলাষী ও যুদ্ধনিপুণ কুলিন্দবীরগণকর্তৃক অধিষ্ঠিত, সুসজ্জিত, হিমালয়-প্রদেশোৎপন্ন, মদমত্ত ও স্বর্ণজালবেষ্টিতদেহ হস্তিগণ—আকাশে বিদ্যুৎসমন্বিত মেঘ-সমূহের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪৫॥

ক্রমে বিশ্বর্দ্দিপুত্র দশটা লৌহময় মহাবাণদ্বারা অশ্ব ও সারথির সহিত কৃপাচার্য্যকে গুরুতর পীড়ন করিলেন; তাহার পর তিনি কৃপাচার্য্যের বাণে নিহত হইয়া হস্তীর সহিতই ভূতলে পতিত হইলেন ॥৪৬॥

পরে বিশ্বর্দ্দিপুত্রের কনিষ্ঠ সহোদর সূর্য্যকিরণের ন্যায় নির্ম্মল লৌহময় তোমর-সমূহদ্বারা প্রহারপূর্ব্বক কৃপাচার্য্যের রথ বিক্ষুব্ধ করিয়া সিংহনাদ করিয়া উঠিলেন। সেই সিংহনাদ করিবার সময়েই শকুনি তাহার মস্তক ছেদন করিলেন ॥৪৭॥

(৪৬)…ততঃ স শারদ্বতসায়কৈর্হতঃ…পি। (৪৮)…বাণাসনপাণয়ো যযুঃ—পি বা।

অথাভবদ্‌যুদ্ধমতীব দারুণং পুনঃ কুরূণাং সহ পাণ্ডুসৃঞ্জয়ৈঃ।
শরাসিশক্ত্যৃষ্টিগদাপরশ্বধৈর্নরাশ্বনাগাসুহরং ভৃশাকুলম্ ॥৪৯॥
রথাশ্বমাতঙ্গপদাতিভিস্ততঃ পরস্পরং বিপ্রহতাঃ পতন্ ক্ষিতৌ।
যথা সবিদ্যুৎস্তনিতা বলাহকাঃ সমাহতা দিগ্‌ভ্য ইবোগ্রমারুতৈঃ ॥৫০॥
ততঃ শতানীকমতান্ মহাগজাংস্তথা রথান্ পত্তিগণাংশ্চ তান্ বহূন্।
জঘান ভোজস্তু হয়ানথাপতন্ ক্ষণাদ্বিশস্তাঃ কৃতবর্ম্মণঃ শরৈঃ ॥৫১॥
অথাপরে দ্রৌণিশরাহতা দ্বিপাস্ত্রয়ঃ সসর্বায়ুধযোধকেতনাঃ।
নিপেতুরুর্ব্যাং ব্যসবঃ প্রপাতিতাস্তথা যথা বজ্রহতা মহাচলাঃ ॥৫২॥

ভারতকৌমুদী

অথেতি। নরাণামশ্বানাং নাগানাং গজানাঞ্চ অসুহরং প্রাণনাশকম্ ॥৪৯॥

রথেতি। বিপ্রহতা নিহতাঃ, পতন্ অপতন্। অডাগমাভাব আর্ষঃ। বিদ্যু স্তনিতৈর্গর্জ্জিতৈশ্চ সহেতি তে, বলাহকা মেঘাঃ। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম ॥৫

তত ইতি। শতানীকেন বীরেণ মতা যোদ্ধৃত্বেনাঙ্গীকৃতাঃ। ভোজঃ কৃতবর্ম্মা। বিশ হতাঃ ॥৫১॥

অথেতি। সর্বৈরায়ুধৈরস্ত্রৈঃ যোধৈর্যোদ্ধৃভিঃ কেতনৈর্ধ্বজৈশ্চ সহেতি তে। ব্যস নিষ্প্রাণাঃ ॥৫২॥

মহারাজ! এইভাবে সেই কুলিন্দেরা নিহত হইলে, আপনার পক্ষের ে মহারথেরা আনন্দিত হইয়া শঙ্খধ্বনি করিলেন এবং কার্ম্মুকহস্তে বিপক্ষগণের দি ধাবিত হইলেন ॥৪৮॥

তাহার পর পুনরায় পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত কৌরবগণের অতিদারুণ অতিসঙ্কুল যুদ্ধ হইতে লাগিল; তাহাতে বাণ, তরবারি, শক্তি, ঋষ্টি, গদা ও পর প্রহারে হস্তী, অশ্ব ও পদাতিগণের প্রাণ বিনষ্ট হইতে থাকিল ॥৪৯॥

ক্রমে বিদ্যুৎ ও গর্জনযুক্ত মেঘ সকল যেমন ভীষণবায়ুবেগে তাড়িত হইয়া ি হইতে পতিত হয়, সেইরূপ হস্তী, অশ্ব, রথ ও পদাতিকর্তৃক পরস্পর নিহত হই সেগুলি ভূতলে পতিত হইতে লাগিল ॥৫০॥

তাহার পর কৃতবর্ম্মা শতানীকসম্মত বহুতর মহাহস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ বধ করিতে থাকিলেন। তখন সে সকল কৃতবর্ম্মার বাণে নিহত হইয়া ক্ষণকা মধ্যেই পতিত হইল ॥৫১॥

তদনন্তর বজ্রাহত মহাপর্ব্বত যেমন নিপাতিত হয়, সেইরূপ অন্য তিনটা হা

(৫২)…সসজ্জায়ুধযোধকেতবঃ…পি নি।

কুলিন্দরাজাবরজাদনন্তরঃ স্তনান্তরে পত্রিবরৈরতাড়য়ৎ।
তবাত্মজং তস্য তবাত্মজঃ শরৈঃ শিতৈঃ শরীরং বিভিদে দ্বিপঞ্চ তম্ ॥৫৩॥
স নাগরাজঃ সহ রাজসূনুনা পপাত রক্তং বহু সর্বতঃ ক্ষরন্।
শচীশবজ্রপ্রহতোঽম্বুদাগমে যথা জলং গৈরিকপর্বতস্তথা ॥৫৪॥
কুলিন্দপুত্রপ্রহিতোঽপরো দ্বিপঃ শকং সসূতাশ্বরথং ব্যপোথয়ৎ।
ততোঽপতৎ ক্রাথশরাভিদারিতঃ সহেশ্বরো বজ্রহতো যথা গিরিঃ ॥৫৫॥
রথী দ্বিপস্থেন হতোঽপতচ্ছরৈঃ ক্রাথাধিপঃ পর্বতজেন দুর্জয়ঃ।
সবাজিসূতেষ্বসনধ্বজস্তথা যথা মহাবাতহতো মহাদ্রুমঃ ॥৫৬॥
বৃকো দ্বিপস্থং গিরিরাজবাসিনং ভৃশং শরৈর্দ্বাদশভিঃ পরাভিনৎ।
ততো বৃকং সাশ্বরথং মহাদ্বিপো দ্রুতং চতুর্ভিশ্চরণৈর্ব্যপোথয়ৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

কুলিন্দেতি। কুলিন্দরাজস্য অবরজাদনুজাৎ অনন্তরঃ অনুজঃ, পত্রিবরৈর্বাণশ্রেষ্ঠৈঃ ॥৫৩॥
স ইতি। সর্বতো গাত্রাৎ। শচীশস্য ইন্দ্রস্য বজ্রেণ প্রহতঃ, অম্বুদাগমে বর্ষাসু ॥৫৪॥
কুলিন্দেতি। অপতৎ স দ্বিপঃ, ঈশ্বরেণ স্বামিনা আরোহিণা সহেতি সঃ ॥৫৫॥
রথীতি। বাজিভিরশ্বৈঃ সূতেন সারথিনা ইষ্বসনেন ধনুষা ধ্বজেন চ সহেতি সঃ ॥৫৬॥
বৃক ইতি। পরাভিনৎ ব্যদারয়ৎ। মহাদ্বিপো গিরিরাজবাসিন এব ॥৫৭॥

অশ্বত্থামার বাণে আহত ও প্রাণশূন্য হইয়া সমস্ত অস্ত্র, যোদ্ধা ও ধ্বজের সহিত ভূতলে নিপাতিত হইল ॥৫২॥

মহারাজ! কুলিন্দরাজের কনিষ্ঠের কনিষ্ঠ সহোদর কতকগুলি উত্তম বাণদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের বক্ষঃস্থলে আঘাত করিলেন; তখন দুর্য্যোধনও সুধার বাণসমূহদ্বারা তাঁহার দেহ ও হস্তী বিদীর্ণ করিলেন ॥৫৩॥

তখন বর্ষাকালে ইন্দ্রের বজ্রাহত গৈরিকপর্ব্বত যেমন জল নিঃসারণ করিতে থাকিয়া পতিত হয়, তেমন সেই মহাহস্তী সমস্ত অঙ্গ হইতে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া রাজপুত্রের সহিত পতিত হইল ॥৫৪॥

কুলিন্দরাজপুত্রপ্রেরিত অপর একটা হাতী যাইয়া অশ্ব, সারথি ও রথের সহিত শককে নিষ্পেষিত করিল; তৎপরে সেই হাতীটা ক্রাথের বাণে বিদীর্ণ হইয়া বজ্রাহত পর্ব্বতের ন্যায় কুলিন্দরাজপুত্রের সহিত পতিত হইল ॥৫৫॥

আবার গজারোহী কোন পার্ব্বত্য বীর বাণদ্বারা আঘাত করিলে, মহাবায়ু-তাড়িত মহাবৃক্ষের ন্যায় অশ্ব, সারথি, ধনু ও ধ্বজের সহিত রথারোহী দুর্জয় সেই ক্রাথদেশাধিপতি পতিত হইলেন ॥৫৬॥

(৫৭)···সাশ্বরথং মহাজবং ত্বরংশ্চতুর্ভিঃ···পি।

স নাগরাজঃ সনিয়ন্তৃকোঽপতৎ পরাহতো বভ্রুসুতেষুভির্ভৃশম্।
স চাঙ্গদো মাগধসূনুরর্দ্দিতঃ পপাত বাণৈঃ সহদেবসূনুনা ॥৫৮॥
বিষাণপুচ্ছাবরগাত্রঘাতিনা গজেন বাহাঃ শকুনেঃ কুলিন্দজাঃ।
সুপর্ণবাতপ্রহতা যথা নগাস্তথা গতা গামবশা বিচূর্ণিতাঃ ॥৫৯॥
ততোঽভ্যবিধ্যদ্বহুভিঃ শিতৈঃ শরৈঃ কুলিন্দপুত্রো নকুলাত্মজং স্ময়ন্।
ততোঽস্য কায়াদ্বিচকর্ত্ত নাকুলিঃ শিরঃক্ষুরেণাম্বুজসন্নিভাননম্ ॥৬০॥
ততঃ শতানীকমবিধ্যদায়সৈস্ত্রিভিঃ শরৈঃ কর্ণসুতোঽর্জ্জুনং ত্রিভিঃ।
ত্রিভিশ্চ ভীমং নকুলঞ্চ সপ্তভির্জনার্দ্দনং দ্বাদশভিশ্চ সায়কৈঃ ॥৬১॥

ভারতকৌমুদী

স ইতি। নিয়ন্ত্রা চালকেন সহেতি সঃ। বভ্রুর্নাম মগধরাজস্তস্য সুতোঽঙ্গদস্তস্যেষুভি বাণৈঃ। সহদেবস্য পাণ্ডবস্য সূনুনা পুত্রেণ শ্রুতসেনেন ॥৫৮॥

বিষাণেতি। বিষাণাভ্যাং দন্তাভ্যাং পুচ্ছেন লাঙ্গুলেন অবরেণ শুণ্ডয়া গাত্রেণ। হন্তীতি তেন, বাহা অশ্বাঃ। সুপর্ণস্য গরুড়স্য বাতেন পক্ষবায়ুনা প্রহতাস্তাড়িতাঃ, নগ বৃক্ষাঃ, গাং ভূমিম্ ॥৫৯॥

তত ইতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। বিচকর্ত্ত চিচ্ছেদ, নাকুলির্নকুলপুত্রঃ শতানীকঃ ॥৬০॥

তত ইতি। আয়সৈর্লৌহময়ৈঃ। কর্ণসুতো বৃষসেনঃ ॥৬১॥

এই সময়ে বৃক বারটা বাণদ্বারা সেই গজারোহী পার্বত্য বীরকে গুরুতর বিদীর্ণ করিলেন। তৎপরে পার্ব্বত্য বীরের মহাহস্তী যাইয়া চারি চরণদ্বারা অশ্ব ও রথের সহিত বৃককে সত্বর নিষ্পেষিত করিল ॥৫৭॥

তখন বভ্রুর পুত্র অঙ্গদ বাণদ্বারা গুরুতর আঘাত করিলে, আরোহীর সহিত সেই মহাহস্তী পতিত হইল। তৎপরে আবার সহদেবের পুত্র শ্রুতসেন বাণদ্বারা পীড়ন করিলে, মগধরাজপুত্র সেই অঙ্গদ পতিত হইলেন ॥৫৮॥

দন্ত, পুচ্ছ, শুণ্ড ও গাত্রদ্বারা আঘাতকারী কোন হাতী আঘাত করিলে, কুলিন্দদেশজাত শকুনির অশ্বগুলি, গরুড়ের পক্ষবায়ুতাড়িত বৃক্ষসমূহের ন্যায় বিচূর্ণিত ও অবশ হইয়া ভূতলে পতিত হইল ॥৫৯॥

তাহার পর কুলিন্দরাজপুত্র ঈষৎ হাস্য করিতে থাকিয়া বহুতর সুধার বাণদ্বারা নকুলপুত্র শতানীককে বিদ্ধ করিলেন। পরে শতানীক একটা ক্ষুরপ্রবাণদ্বারা কুলিন্দরাজপুত্রের দেহ হইতে পদ্মতুল্যমুখযুক্ত মস্তকটী ছেদন করিলেন ॥৬০॥

তদনন্তর কর্ণের পুত্র বৃষসেন লৌহময় তিন বাণে শতানীককে, তিন বাণে অর্জ্জুনকে, তিন বাণে ভীমকে, সাত বাণে নকুলকে এবং বার বাণে কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৬১॥

তদস্য কর্ম্মাতিমনুষ্যকর্ম্মণঃ সমীক্ষ্য হৃষ্টাঃ কুরবোঽভ্যপূজয়ন্।
পরাক্রমজ্ঞাস্তু ধনঞ্জয়স্য যে হুতোঽয়মগ্নাবিতি তে তু মেনিরে ॥৬২॥
ততঃ কিরীটী পরবীরঘাতী হতাশ্বমালোক্য নরপ্রবীরম্।
মাদ্রীসুতং নকুলং লোকমধ্যে সমীক্ষ্য কৃষ্ণং ভৃশবিক্ষতঞ্চ।
তমভ্যধাবদ্বৃষসেনমাহবে স সূতজস্য প্রমুখে স্থিতং তদা ॥৬৩॥
তমাপতন্তং নরবীরমুগ্রং মহাহবে বাণসহস্রধারিণম্।
অভ্যাপতৎ কর্ণসুতো মহারথো যথৈব চেন্দ্রং নমুচিস্তথৈব তম্ ॥৬৪॥
ততো দ্রুতং চৈকরথেন পার্থং শরেণ বিদ্ধা যুধি কর্ণপুত্রঃ।
ননাদ নাদং সুমহানুভাবো বিদ্ধেব শক্রং নমুচিঃ পুরা বৈ ॥৬৫॥
পুনঃ স পার্থং বৃষসেন উগ্রৈর্বাণৈরবিধ্যদ্ভুজমূলে তু সব্যে।
তথৈব কৃষ্ণং নবভিঃ সমার্পয়ৎ পুনশ্চ পার্থং দশভিঃ পৃষৎকৈঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

তদিতি। অতিমনুষ্যকর্ম্মণঃ অলৌকিককার্য্যকারিণঃ। অভ্যপূজয়ন্ প্রাশংসন্। অয়ং বৃষসেনঃ অগ্নৌ হুতো নিক্ষিপ্ত ইতি মেনিরে অর্জ্জুনেনাস্য বধাবগুম্ভাবাদিতি ভাবঃ ॥৬২॥
তত ইতি। কিরীটী অর্জ্জুনঃ। সূতজস্য কর্ণস্য, প্রমুখে সম্মুখে। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৩॥
তমিতি। তং প্রস্তুতম্। নমুচির্নাম দানবঃ। তং মহাবীরত্বেন প্রসিদ্ধম্ ॥৬৪॥
তত ইতি। একরথেনাগ্রেসরীভূয়েতি শেষঃ। সুমহানুভাবঃ অতীবপ্রভাবশালী ॥৬৫॥

তখন কৌরবেরা অলৌকিককার্য্যকারী বৃষসেনের সেই কার্য্য দেখিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন। কিন্তু যাঁহারা অর্জ্জুনের পরাক্রম জানিতেন, তাঁহারা মনে করিলেন যে, বৃষসেনকে অগ্নিতে নিক্ষেপ করা হইয়াছে ॥৬২॥

বৃষসেন লোকমধ্যে মাদ্রীপুত্র নরপ্রবীর নকুলের অশ্বগুলিকে বধ করিয়াছেন এবং কৃষ্ণকেও অত্যন্ত ক্ষত-বিক্ষত করিয়াছেন ইহা দেখিয়া বিপক্ষবীরহন্তা অর্জ্জুন তখনই কর্ণের সম্মুখস্থিত বৃষসেনের দিকে ধাবিত হইলেন ॥৬৩॥

বাণসহস্রধারী প্রসিদ্ধ নরবীর অর্জ্জুন উগ্রমূর্ত্তি হইয়া মহাযুদ্ধে আসিতে লাগিলে, পূর্বকালে নমুচিদানব যেমন ইন্দ্রের দিকে ধাবিত হইয়াছিল, সেইরূপ মহারথ বৃষসেনও অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৬৪॥

তাহার পর অত্যন্তপ্রভাবশালী বৃষসেন বেগে একরথেই অগ্রবর্ত্তী হইয়া এক বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিয়া—পূর্বকালে নমুচিদানব যেমন ইন্দ্রকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিয়াছিল, সেইরূপ সিংহনাদ করিলেন ॥৬৫॥

(৬২)…পরাক্রমজ্ঞাস্তু ততোঽর্জ্জুনস্য তে হুতোঽয়মগ্নাবিতি তং তু মেনিরে—পি। (৬৫)…শরেণ বিদ্ধা সূতপুত্রস্য পুত্রঃ…পি।

পূর্বং তথা বৃষসেনেন বিদ্ধো মহাজবৈঃ শ্বেতহয়ঃ শরৈস্তৈঃ।
সংরম্ভমীষদ্‌গমিতো বধায় কর্ণাত্মজস্যাথ মনঃ প্রদধ্রে ॥৬৭॥
ততঃ কিরীটী রণমূর্দ্ধ্নি কোপাৎ কৃত্বা ত্রিশাখাং ভ্রূকুটিং ললাটে।
মুমোচ তূর্ণং বিশিখান্ মহাত্মা বধায় রাজন্! কর্ণসুতস্য সংখ্যে ॥৬৮॥
আরক্তনেত্রোঽন্তকশক্রহন্তা উবাচ কর্ণং ভৃশমুৎস্ময়ংস্তদা।
দুর্য্যোধনং দ্রৌণিমুখাংশ্চ সর্বানহং রণে বৃষসেনং তমুগ্রম্ ॥৬৯॥
সংপশ্যতঃ কর্ণ! তবাদ্য সংখ্যে নয়ামি লোকং নিশিতৈঃ পৃষৎকৈঃ।
নূনঞ্চ তাবদ্ধি জনা বদন্তি সর্বৈর্ভবদ্ভির্মম সূনুর্হতোঽসৌ ॥৭০॥
একো রথো মদ্বিহীনস্তরস্বী অহং হনিষ্যে ভবতাং সমক্ষম্।
সংরক্ষ্যতাং রথসংস্থাঃ! সুতোঽয়মহং হনিষ্যে বৃষসেনমুগ্রম্ ॥৭১॥

(বিশেষকম্)

ভারতকৌমুদী

পুনরিতি। সব্যে বামে। নবভির্বাণৈঃ, সমার্পয়দপীড়য়ৎ। পৃষৎকৈর্বাণৈঃ ॥৬৬॥

পূর্ব্বমিতি। মহাজবৈরতিবেগযুক্তৈঃ, শ্বেতা হয়া যস্য সঃ অর্জ্জুনঃ। সংরম্ভং ক্রোধম্, গমিতো বৃষসেনেনৈব প্রাপিতঃ, কর্ণাত্মজস্য তস্য বৃষসেনস্য, প্রদধ্রে চকার ॥৬৭॥

তত ইতি। কিরীটী অর্জ্জুনঃ। তিস্রঃ শাখা রেখা যস্যাং তাম্ ॥৬৮॥

আরক্তেতি। অন্তকো যম ইব শক্রহন্তা অন্তকশক্রহন্তা। উৎস্ময়ন্ ঈষদ্ধসন্। দ্রৌণিমুখান্ অশ্বত্থামাদীন্। তং বীরত্বেন প্রসিদ্ধম্। লোকং পরলোকম্, পৃষৎকৈর্বাণৈঃ। তাবদ্ধি সর্ব এব। সূনুঃ পুত্রোঽভিমন্যুঃ। তরস্বী বলবান্। হে রথসংস্থা বীরাঃ। যুষ্মাভিরয়ং কর্ণস্য সুতঃ সংরক্ষ্যতাম্। উগ্রং ভীষণং বীরম্ ॥৬৯—৭১॥

বৃষসেন পুনরায় ভীষণ কতকগুলি বাণদ্বারা অর্জ্জুনের বামবাহুমূল বিদ্ধ করিলেন এবং সেইরূপই নয়টা বাণদ্বারা কৃষ্ণকে, আবার দশটা বাণদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৬৬॥

বৃষসেন পূর্ব্বে সেইরূপ বিদ্ধ করিয়াছিলেন, আবারও সেই সকল মহাবেগশালী বাণদ্বারা বিদ্ধ করায় অর্জ্জুন ঈষৎ ক্রুদ্ধ হইলেন, পরে বৃষসেনকে বধ করিবার জন্য মন স্থির করিলেন ॥৬৭॥

রাজা! তাহার পর মহাত্মা অর্জ্জুন রণমধ্যে কোপবশতঃ ললাটে রেখাত্রয়যুক্ত ভ্রূকুটি করিয়া যুদ্ধে বৃষসেনকে বধ করিবার জন্য সত্বর কতকগুলি বাণ নিক্ষেপ করিলেন ॥৬৮॥

---

(৬৮)···সসর্জ্জ তূর্ণম্···পি বর্দ্ধ। (৬৯) ইতঃ প্রভৃতি সার্দ্ধাঃ পঞ্চ শ্লোকাঃ॰পি বর্দ্ধ ন সন্তি। (৭০)···উনঞ্চ তাবদ্ধি জনা বদন্তি···বঙ্গ।

পশ্চাদ্বধিষ্যে ত্বামপি সম্প্রমূঢ়মহং হনিষ্যেঽর্জ্জুন আজিমধ্যে।
তমদ্য মূলং কলহস্য সংখ্যে দুর্য্যোধনাপাশ্রয়জাতদর্পম্ ॥৭২॥
ত্বামদ্য হন্তাস্মি রণে প্রসহ্য অস্যৈব হন্তা যুধি ভীমসেনঃ।
দুর্য্যোধনস্যাধমপূরুষস্য যস্যানয়াদেষ মহান্ ক্ষয়োঽভবৎ ॥৭৩॥
স এবমুক্ত্বা বিনিস্মৃজ্য চাপং লক্ষ্যং হি কৃত্বা বৃষসেনমাজৌ।
সসর্জ্জ তূর্ণং বিশিখান্ মহাত্মা বধায় রাজন্! কর্ণসুতস্য সংখ্যে ॥৭৪॥
বিব্যাধ চৈনং দশভিঃ পৃষৎকৈর্ম্মর্ম্মস্বশঙ্কং প্রসভং কিরীটী।
চিচ্ছেদ চাস্যেষ্বসনং ভুজৌ চ ক্ষুরৈশ্চতুর্ভিঃ শির এব চোগ্রৈঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

পশ্চাদিতি। পশ্চাৎ বৃষসেনবধাৎ পরম্, অহমর্জ্জুনঃ, আজের্যুদ্ধস্য মধ্যে, সম্প্রমূঢ়ম্ অতিশয়েন কর্ত্তব্যজ্ঞানহীনম্, অস্য কলহস্য মূলম্, দুর্যোধনস্য অপাশ্রয়েণ নিকৃষ্টাবলম্বনেন জাতো দর্পো যস্য তম্, অদ্য ত্বাং কর্ণমপি বধিষ্যে। ক্রোধেনাধৈর্য্যাদ্ধনিষ্যে ইতি পুনরুক্তিঃ ॥৭২॥
ত্বামিতি। প্রসহ্য বলেন। অস্য দুর্য্যোধনস্য, হন্তৈব। অনয়াৎ দুর্নীতেঃ ॥৭৩॥
স ইতি। স মহাত্মার্জ্জুনঃ। সসর্জ্জ চিক্ষেপ, বিশিখান্ বাণান্ ॥৭৪॥
বিব্যাধেতি। পৃষৎকৈর্বাণৈঃ, মর্ম্মসু দেহস্য প্রত্যেকপ্রধানসংযোগস্থানেষু কণ্ঠে, বক্ষসি,

ক্রমে যমের ন্যায় শত্রুহন্তা অর্জ্জুন আরক্তনয়ন হইয়া ঈষৎ হাস্য করিয়া উচ্চস্বরে কর্ণ, দুর্য্যোধন ও অশ্বত্থামাদি সমস্ত বীরকে বলিলেন—'কর্ণ! আজ আমি সুধার বাণসমূহদ্বারা তোমার সমক্ষেই তোমার পুত্র উগ্রমূর্ত্তি বৃষসেনকে পরলোকে প্রেরণ করিব। সকল লোকই নিশ্চিতভাবে বলে—'আমার পুত্র অভিমন্যু একমাত্র রথী ছিল, আমি নিকটে ছিলাম না; সেই অবস্থায় তোমরা সকলে মিলিত হইয়া সেই বীরকে বধ করিয়াছ।' কিন্তু আমি তোমাদের সমক্ষেই তোমার পুত্রকে বধ করিব। হে রথারোহিগণ! আপনারা এই কর্ণপুত্রকে রক্ষা করুন; আমি এই উগ্রমূর্ত্তি বৃষসেনকে বধ করিব ॥৬৯—৭১॥

কর্ণ! তুমি এই কলহের মূল, দুর্য্যোধনের নিকৃষ্ট আশ্রয়েই তোমার দর্প হইয়াছে এবং তুমি চিরদিনই অতিশয় কর্ত্তব্যজ্ঞানহীন। অতএব বৃষসেনের বধের পরেই আমি অর্জ্জুন আজ তোমাকেও বধ করিব ॥৭২॥

আমি আজ যুদ্ধে বলপূর্ব্বক তোমাকে বধ করিব এবং যাহার দুর্নীতিবশতঃ এই মহালোকক্ষয় হইয়া আসিতেছে, সেই অধমপুরুষ দুর্য্যোধনকে যুদ্ধে ভীমসেন নিশ্চয়ই বধ করিবেন' ॥৭৩॥

রাজা! মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিয়া ধনু মাজিয়া বৃষসেনকে লক্ষ্য করিয়া তাহাকে বধ করিবার জন্য সত্বর বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৭৪॥

স পার্থবাণাভিহতঃ পপাত রথাদ্বিবাহুর্বিশিরা ধরায়াম্।
সুপুষ্পিতো বৃক্ষবরোঽতিকায়ো বাতেরিতঃ শাল ইবাদ্রিশৃঙ্গাৎ ॥৭৬॥
তং প্রেক্ষ্য বাণাভিহতং পতন্তং রথাৎ সুতং সূতজঃ ক্ষিপ্রকারী।
রথং রথেনাশু জগাম রোষাৎ কিরীটিনঃ পুত্রবধাভিতপ্তঃ ॥৭৭॥
ততঃ সমক্ষং স্বসুতং বিলোক্য কর্ণো হতং শ্বেতহয়েন সংখ্যে।
সংরম্ভমাগম্য পরং মহাত্মা কৃষ্ণার্জ্জুনৌ সহসৈবাভ্যধাবৎ ॥৭৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
বৃষসেনবধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বাহুমূলদ্বয়ে, কফোণিদ্বয়ে, ঊরুমূলদ্বয়ে, জানুদ্বয়ে চেত্যর্থঃ, প্রসঙ্গং বলেন। একেন ক্ষুরেণ ইষ্বসনং ধনুঃ, দ্বাভ্যাং ক্ষুরাভ্যাং ভুজৌ, একেন চ ক্ষুরেণ শির ইতি তাৎপর্য্যম্। অর্জ্জুনস্যাতিলঘুহস্ততয়া যুধ্যমানস্যাপি বৃষসেনস্যৈবমবস্থা জাতা; কর্ণাদীনান্তু ব্যক্ত্যন্তরৈর্যুদ্ধব্যাপৃতত্বান্ন তৎসাহায্যসম্ভব আসীদিত্যাদিকমালোচনীয়ম্ ॥৭৫॥

স ইতি। সুপুষ্পিত ইত্যনেন বৃষসেনস্য নানালঙ্কারভূষিতত্বমাক্ষিপ্যতে ॥৭৬॥

তমিতি। সূতজঃ কর্ণঃ। স্বরথেন কিরীটিনো রথং জগামেতি সম্বন্ধঃ ॥৭৭॥

তত ইতি। শ্বেতা হয়া অশ্বা যস্য তেনার্জ্জুনেন। সংরম্ভং ক্রোধম্, পরমত্যন্তম্ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

অর্জ্জুন দশটা বাণদ্বারা বলপূর্ব্বক নিঃশঙ্কভাবে বৃষসেনের দশটী মর্ম্মস্থান বিদ্ধ করিলেন এবং চারিটা ভীষণ ক্ষুরপ্রদ্বারা তাঁহার ধনু, বাহুযুগল ও মস্তক ছেদন করিলেন ॥৭৫॥

তখন বহুপুষ্পসমন্বিত ও অতিবিশাল উত্তম শালবৃক্ষ যেমন বায়ুসঞ্চালিত হইয়া পর্ব্বতশৃঙ্গ হইতে পতিত হয়, সেইরূপ বৃষসেন অর্জ্জুনের বাণে নিহত এবং বাহুযুগল ও মস্তকশূন্য হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৭৬॥

পরে ক্ষিপ্রকারী কর্ণ পুত্র বৃষসেনকে অর্জ্জুনের বাণে নিহত ও রথ হইতে পতিত হইতে দেখিয়া পুত্রশোকে সন্তপ্ত হইয়া ক্রোধে সত্বর আপন রথে অর্জ্জুনের রথের দিকে গমন করিলেন ॥৭৭॥

তাহার পর মহাত্মা কর্ণ নিজের সমক্ষেই নিজের পুত্রকে অর্জ্জুনকর্তৃক যুদ্ধে নিহত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া বেগে কৃষ্ণ ও অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭৮॥

---

(৭৬)...সুপুষ্পিতোঽপর্ণধরোঽতিকায়ঃ...পি। (৭৮) এষ শ্লোকঃ পি বর্দ্ধ নাস্তি।

* 'চতুরশীতিতমোঽধ্যায়ঃ' পি, '...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো।

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

তমায়ান্তমভিপ্রেক্ষ্য বেলোদ্বৃত্তমিবার্ণবম্।
গর্জ্জন্তং সুমহাকায়ং দুর্নিবারং সুরৈরপি।
অর্জ্জুনং প্রাহ দাশার্হঃ প্রহস্য পুরুষর্ষভঃ ॥১॥
অয়ং স রথ আয়াতি শ্বেতাশ্বঃ শল্যসারথিঃ।
যেন তে সহ যোদ্ধব্যং স্থিরো ভব ধনঞ্জয়! ॥২॥
পশ্য চৈনং সমাযুক্তং রথং কর্ণস্য পাণ্ডব!।
শ্বেতবাজিসমাযুক্তং যুক্তং রাধাসুতেন চ ॥৩॥
নানাপতাকাকলিলং কিঙ্কিণীজালমালিনম্।
উহ্যমানমিবাকাশে বিমানং পাণ্ডরৈর্হয়ৈঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। বেলায়াং তীরে উদ্বৃত্তমুদ্গতং পূরপূর্ণমিত্যর্থঃ। দাশার্হঃ কৃষ্ণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

অয়মিতি। শ্বেতা অশ্বা যস্য সঃ, শল্যঃ সারথির্যস্য স চ। যেন সহ তে যোদ্ধব্যম্ ॥২॥

পশ্যেতি। সমাযুক্তং নানাসজ্জাভিঃ। রাধাসুতেন কর্ণেন। নানাপতাকাভিঃ কলিলং ব্যাপ্তম্, কিঙ্কিণীজালস্য ক্ষুদ্রঘণ্টিকাসমূহস্য মালাস্যাস্তীতি তম্। পাণ্ডরৈঃ শ্বেতৈঃ ॥৩—৪॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! অতিবিশালদেহ, দেবগণেরও দুর্নিবারণীয় ও গর্জনকারী কর্ণকে, তীরোদ্গত সমুদ্রের ন্যায় আসিতে দেখিয়া পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ হাস্য করিয়া অর্জ্জুনকে বলিলেন—॥১॥

'অর্জ্জুন! শ্বেতাশ্ব ও শল্যসারথি এই সেই রথ আসিতেছে, যাহার সহিত তোমার যুদ্ধ করিতে হইবে। অতএব স্থির হও ॥২॥

পাণ্ডুনন্দন! কর্ণের এই রথখানা দেখ—ইহা নানাসজ্জায় সজ্জিত, শ্বেতবর্ণ ঘোটক ও কর্ণসংযুক্ত, নানাপতাকাব্যাপ্ত এবং কিঙ্কিণীসমূহের মালাসমন্বিত রহিয়াছে। অতএব আকাশে শ্বেতবর্ণঘোটকচালিত বিমানের ন্যায় ইহা দৃষ্টিগোচর হইতেছে ॥৩—৪॥

(৪) নানাপতাককলিলম্…বা।

ধ্বজঞ্চ পশ্য কর্ণস্য নাগকক্ষং মহাত্মনঃ।
আখণ্ডলধনুঃপ্রখ্যমুল্লিখন্তমিবাম্বরম্ ॥৫॥
পশ্য কর্ণং সমায়ান্তং ধার্ত্তরাষ্ট্রপ্রিয়ৈষিণম্।
শরধারা বিমুঞ্চন্তং ধারাসারমিবাম্বুদম্ ॥৬॥
এষ মদ্রেশ্বরো রাজা রথাগ্রে পর্য্যবস্থিতঃ।
নিয়চ্ছতি হয়ানস্য রাধেয়স্যামিতৌজসঃ ॥৭॥
শৃণু দুন্দুভিনির্ঘোষং শঙ্খশব্দঞ্চ দারুণম্।
সিংহনাদাংশ্চ বিবিধান্ শৃণু পাণ্ডব! সর্বতঃ ॥৮॥
অন্তর্দ্ধায় মহাশব্দান্ কর্ণেনামিততেজসা।
দোধূয়মানস্য ভৃশং ধনুষঃ শৃণু নিস্বনম্ ॥৯॥
এতে দীর্য্যন্তি সগণাঃ পাঞ্চালানাং মহারথাঃ।
দৃষ্ট্বা কেশরিণং ক্রুদ্ধং মৃগা ইব মহাবনে ॥১০॥

ভারতকৌমুদী

ধ্বজমিতি। নাগস্য হস্তিনঃ কক্ষা চিহ্নভূতা মধ্যবন্ধনরজ্জুর্যত্র তম্। আখণ্ডলধনুঃপ্রখ্যম্ উপরি ইন্দ্রধনুস্তুল্যম্, তৎকক্ষায়া গোলাকারত্বাৎ, উল্লিখন্তং কর্ষন্তমিব স্থিতম্ ॥৫॥

পশ্যেতি। বিমুঞ্চন্তং নিক্ষিপন্তম্, ধারাসারং বৃষ্টিধারাপাতম্ ॥৬॥

এষ ইতি। নিয়চ্ছতি নিয়ময়তি যথাযথং চালয়তীত্যর্থঃ, হয়ানশ্বান্ ॥৭॥

শৃণ্বিতি। সর্ব্বতঃ সর্বাসু দিক্ষু ॥৮॥

অন্তরিতি। অন্তর্দ্ধায় তিরোধায়। দোধূয়মানস্য পুনঃ পুনশ্চাল্যমানস্য ॥৯॥

এত ইতি। দীর্য্যন্তি বিভজ্যন্তে, সগণাঃ সানুচরাঃ। কেশরিণং সিংহম্ ॥১০॥

মহাত্মা কর্ণের ধ্বজটাও দেখ; উহার উপরে ইন্দ্রধনুর ন্যায় গোলাকারে হস্তিবন্ধনরজ্জু রহিয়াছে এবং ঐ ধ্বজটা যেন আকাশ বিদারণ করিতেছে ॥৫॥

বৃষ্টিধারাবর্ষী মেঘের ন্যায় শরধারাবর্ষী ও দুর্য্যোধনহিতৈষী কর্ণ আসিতেছেন দেখ ॥৬॥

এই মদ্ররাজ শল্য রথের সম্মুখে থাকিয়া এই অমিততেজা কর্ণের অশ্বগুলিকে চালাইতেছেন ॥৭॥

পাণ্ডুনন্দন! সকল দিকে দুন্দুভিধ্বনি, দারুণ শঙ্খশব্দ ও নানাবিধ সিংহনাদ শ্রবণ কর ॥৮॥

অমিততেজা কর্ণ গুরুতরভাবে ধনু আকর্ষণ করিতেছেন, তাহার শব্দ অন্যান্য বিশাল শব্দকে তিরোহিত করিয়া প্রকাশ পাইতেছে শোন ॥৯॥

সর্ব্বযত্নেন কৌন্তেয়! হন্তুমর্হসি সূতজম্।
ন হি কর্ণশরানন্যঃ সোঢ়ুমুৎসহতে নরঃ ॥১১॥
সদেবাসুরগন্ধর্ব্বাংস্ত্রীল্লোঁকান্ সচরাচরান্।
ত্বং হি জেতুং রণে শক্তস্তথৈব বিদিতং মম ॥১২॥
ভীমমুগ্রং মহাত্মানং ত্র্যক্ষং সর্ব্বং কপর্দ্দিনম্।
ন শক্তা দ্রষ্টুমীশানং কিং পুনর্যোধিতুং প্রভুম্ ॥১৩॥
ত্বয়া সাক্ষান্মহাদেবঃ সর্ব্বভূতশিবঃ শিবঃ।
যুদ্ধেনারাধিতঃ স্থাণুর্দেবাশ্চ বরদাস্তব ॥১৪॥
তস্য পার্থ! প্রসাদেন দেবদেবস্য শূলিনঃ।
জহি কর্ণং মহাবাহো! নমুচিং বৃত্রহা যথা।
শ্রেয়স্তেঽস্তু সদা পার্থ! যুদ্ধে জয়মবাপ্নুহি ॥১৫॥

ভারতকৌমুদী

সর্বেতি। সূতজং কর্ণম্। উৎসহতে শক্নোতি। অতোঽগ্রত এব স্থাতুং নার্হতীতি ভাবঃ ॥১১॥

অর্জ্জুনমুৎসাহয়িতুং স্তৌতি সেতি। সচরাচরান্ জঙ্গমস্থাবরসহিতান্ ॥১২॥

ভীমমিতি। ত্র্যক্ষং ত্রিলোচনম, সর্ব্বং শিবম্, কপর্দ্দিনং জটাজূটবন্তম ॥১৩॥

ত্বয়েতি। সর্ব্বেষামেব ভূতানাং প্রাণিনাং শিবো মঙ্গলকরঃ। স্থাণুশ্চিরস্থায়ী ॥১৪॥

তস্যেতি। নমুচিং নাম দানবম্, বৃত্রহা ইন্দ্রঃ। শ্রেয়ো মঙ্গলম। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

মহাবনমধ্যে ক্রুদ্ধ সিংহকে দেখিয়া অপর পশুগণের ন্যায় এই পাঞ্চালমহারথেরা কর্ণকে দেখিয়া অনুচরগণের সহিত বিচ্ছিন্ন হইতেছেন ॥১০॥

কুন্তীনন্দন! তুমি সর্বপ্রযত্নে কর্ণকে বধ কর। কারণ, অন্য মানুষ কর্ণের বাণ সহ্য করিতে সমর্থ নহে ॥১১॥

অর্জ্জুন! তুমি যুদ্ধে দেবতা, অসুর ও গন্ধর্বগণের সহিত সচরাচর ত্রিভুবনকে জয় করিতে সমর্থ হও, তাহাই ত আমার জানা আছে ॥১২॥

ধনঞ্জয়! অন্য মানুষেরা ভীম, উগ্র, মহাত্মা, ত্রিলোচন, কপর্দ্দী ও ঈশান শিবকে দেখিতেই সমর্থ হয় না, সেই প্রভুর সহিত তাহাদের যুদ্ধ করিবার কথা আর কি বলিব ॥১৩॥

অর্জ্জুন! তুমি যুদ্ধ করিয়া সমস্ত প্রাণীর মঙ্গলকারী ও চিরস্থায়ী মহাদেব শিবকে আরাধনা করিয়াছ এবং দেবতারাও তোমার অভীষ্ট দান করিয়াছিলেন ॥১৪॥

পৃথানন্দন মহাবাহু! ইন্দ্র যেমন নমুচিদানবকে বধ করিয়াছিলেন, তুমিও

(১১)···সোঢ়ুমুৎসহতেঽনঘ!—পি। (১২) সহদেবান্ সগন্ধর্বান্···বর্দ্ধ।

অর্জ্জুন উবাচ।

ধ্রুব এব জয়ঃ কৃষ্ণ! মম নাস্ত্যত্র সংশয়ঃ।
সর্বলোকগুরুর্যত্ত্বং তুষ্টোঽসি মধুসূদন! ॥১৬॥
চোদয়াশ্বান্ হৃষীকেশ! রথং মম মহারথ!।
নাহত্বা সমরে কর্ণং নিবর্ত্তিষ্যতি ফাল্গুনঃ ॥১৭॥
অদ্য কর্ণং হতং পশ্য মচ্ছরৈঃ শকলীকৃতম্।
মাং বা দ্রক্ষ্যসি গোবিন্দ! কর্ণেন নিহতং শরৈঃ ॥১৮॥
উপস্থিতমিদং ঘোরং যুদ্ধং ত্রৈলোক্যমোহনম্।
যজ্জনাঃ কথয়িষ্যন্তি যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥১৯॥
এবং ব্রুবংস্তদা পার্থঃ কৃষ্ণমক্লিষ্টকারিণম্।
প্রত্যুদ্যযৌ রথেনাশু গজং প্রতিগজো যথা ॥২০॥

ভারতকৌমুদী

ধ্রুব ইতি। ধ্রুবো নিশ্চিতঃ। তুষ্টোঽসি মাং প্রতি ॥১৬॥

চোদয়েতি। চোদয় চালয়, অশ্বান্ রথঞ্চ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥১৭॥

অদ্যেতি। শকলীকৃতং খণ্ডীকৃতম, "ভিত্তং শকলখণ্ডে বা" ইত্যমরঃ ॥১৮॥

উপেতি। ধরিষ্যতি অবস্থাস্যতে। "ধৃঙ্ অবস্থানে" পরস্মৈপদস্থার্ষম্ ॥১৯॥

এবমিতি। অক্লিষ্টমনায়াসং যথা তথা কর্ত্তুং সর্ব্বং কার্য্যং বিধাতুং শীলমস্যেতি তম্ ॥২০॥

সেইরূপ সেই দেবদেব মহাদেবের অনুগ্রহে কর্ণকে বধ কর। পার্থ! সর্ব্বদাই তোমার মঙ্গল হউক এবং যুদ্ধে জয় লাভ কর' ॥১৫॥

অর্জ্জুন বলিলেন—'মধুসূদন! সমগ্র জগতের গুরু তুমি যখন আমার উপরে সন্তুষ্ট আছ, তখন নিশ্চয়ই আমার জয় হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬॥

অতএব মহারথ হৃষীকেশ! তুমি আমার অশ্ব ও রথ সঞ্চালন কর; অর্জ্জুন যুদ্ধে কর্ণকে বধ না করিয়া ফিরিবে না ॥১৭॥

গোবিন্দ! আজ আমার বাণে কর্ণকে নিহত ও খণ্ডখণ্ডীকৃত দেখিবে, কিংবা কর্ণের বাণে আমাকে নিহত দর্শন করিবে ॥১৮॥

যত কাল পৃথিবী থাকিবে, তত কাল লোকে যে যুদ্ধের কথা বলিবে, আজ ত্রিভুবনমোহনকারী সেই ভীষণ যুদ্ধ উপস্থিত হইবে ॥১৯॥

একটা হাতী যেমন অপর হাতীর দিকে দ্রুত গমন করে, তেমন অর্জ্জুন তখন অনায়াসে কার্য্যকারী কৃষ্ণকে এইরূপ বলিতে থাকিয়া রথারোহণে দ্রুত কর্ণের দিকে গমন করিতে লাগিলেন ॥২০॥

(১৬)···সর্ব্বলোকগুরুর্যস্ত্বম্···বর্দ্ধ বা সো। (১৭)···সমরে শক্রম্···পি।

পুনশ্চাহ মহাতেজাঃ পার্থঃ কৃষ্ণমরিন্দমম্ ।
চোদয়াশ্বান্ হৃষীকেশ! কালোঽয়মতিবর্ত্ততে।
এবমুক্তস্তদা তেন পাণ্ডবেন মহাত্মনা ॥২১॥
জয়েন সম্পূজ্য স পাণ্ডবং তদা প্রচোদয়ামাস হয়ান্ মনোজবান্।
স পাণ্ডুপুত্রস্য রথো মহাজবঃ ক্ষণেন কর্ণস্য রথাগ্রতোঽভবৎ ॥২২॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
শ্রীকৃষ্ণবাক্যে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।
বৃষসেনং হতং দৃষ্টা শোকামর্ষসমন্বিতঃ।
পুত্রশোকোদ্ভবং বারি নেত্রাভ্যাং সমবাসৃজৎ ॥১॥

ভারতকৌমুদী

পুনরিতি। চোদয় দ্রুতং চালয়। অতিবর্ত্ততে শনৈশ্চালনেনাতিক্রামতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। জয়েন জয়াশীর্বাদেন, সম্পূজ্য গৌরবাস্পদীকৃত্য। প্রচোদয়ামাস দ্রুতং চালয়ামাস, হয়ানশ্বান্, মনস ইব জবো বেগো যেষাং তান্। রথস্য অগ্রতঃ সম্মুখস্থঃ ॥২১—২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

বৃষেতি। শোকেন অমর্ষেণ ক্রোধেন চ সমন্বিতঃ কর্ণঃ। সমবাসৃজদত্যজৎ ॥১॥

পরে মহাতেজা অর্জ্জুন শত্রুদমনকারী কৃষ্ণকে পুনরায় বলিলেন—'হৃষীকেশ! সময়াতিক্রম হইতেছে। সুতরাং অশ্বগুলিকে আরও দ্রুত চালাও'। মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ তখন জয়াশীর্বাদে অর্জ্জুনের গৌরব করিয়া মনের ন্যায় বেগবান্ অশ্বগুলিকে আরও বেগে চালাইয়া দিলেন। ক্রমে অর্জ্জুনের সেই মহাবেগশালী রথ ক্ষণকালমধ্যে যাইয়া কর্ণের রথের সম্মুখবর্ত্তী হইল ॥২১—২২॥

(২১) পুনরপ্যাহ তেজস্বী…বা নি,…অরিন্দম! নি। (২২)…রথাগ্রগোঽভবৎ—নি।
* '…পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' পি, '…ষড়শীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো। (১)…মুক্ত্বা শোকোদ্ভবং বারি নেত্রাভ্যাং সহসা বৃষঃ—পি।

রথেন কর্ণস্তেজস্বী জগামাভিমুখো রিপুম্ ।
যুদ্ধায়ামর্ষতাম্রাক্ষঃ সমাহূয় ধনঞ্জয়ম্ ॥২॥
তৌ রথৌ সূর্য্যসঙ্কাশৌ বৈয়াঘ্রপরিবারিতৌ ।
সমেতৌ দদৃশুস্তত্র দ্বাবিবার্কৌ সমাগতৌ ॥৩॥
শ্বেতাশ্বৌ পুরুষাদিত্যাবাস্থিতাবরিমর্দ্দনৌ ।
শুশুভাতে মহেষ্বাসৌ চন্দ্রাদিত্যৌ যথা দিবি ॥৪॥
তৌ দৃষ্ট্বা বিস্ময়ং জগ্মুঃ সর্বভূতানি মারিষ ! ।
ত্রৈলোক্যবিজয়ে যত্তাবিন্দ্রবৈরোচনাবিব ॥৫॥
রথজ্যাতলনির্ঘোষৈর্বাণশঙ্খরবৈস্তথা ।
তৌ রথাবভ্যধাবন্ত ক্ষত্রিয়াঃ সর্ব্ব এব হি ॥৬॥

ভারতকৌমুদী

রথেনেতি। অমর্ষেণ তাম্রে তাম্রবর্ণে অক্ষিণী চক্ষুষী যস্য সঃ ॥২॥
তাবিতি। ব্যাঘ্রস্যেদং বৈয়াঘ্রং চর্ম্ম তেন পরিবারিতৌ আবৃতৌ ॥৩॥
শ্বেতেতি। শ্বেতা অশ্বা যয়োস্তৌ, পুরুষাদিত্যৌ নরশ্রেষ্ঠৌ, আস্থিতাবারূঢ়ৌ ॥৪॥
তাবিতি। যত্তৌ যত্নবন্তৌ, ইন্দ্রো বৈরোচনো বলিশ্চ তৌ ॥৫॥
রথেতি। রথানাং জ্যানাং ধনুর্গুণানাং তলানাং হস্তাবাপানাঞ্চ নির্ঘোষৈঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ বৃষসেনকে নিহত দেখিয়া শোকার্ত্ত ও ক্রুদ্ধ হইয়া নয়নযুগল হইতে পুত্রশোকাশ্রু বিসর্জন করিলেন ॥১॥

তাহার পর তেজস্বী কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া যুদ্ধের জন্য শত্রু অর্জ্জুনকে আহ্বান করিয়া রথারোহণে তাঁহার অভিমুখে গমন করিলেন ॥২॥

তখন তত্রত্য লোকেরা দেখিল—সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও ব্যাঘ্রচর্ম্মে পরিবেষ্টিত সেই রথ দুইখানা যেন দুইটা সূর্য্যের তুল্য আসিয়া মিলিত হইয়াছে ॥৩॥

শ্বেতাশ্বযুক্ত, পুরুষশ্রেষ্ঠ, শত্রুমর্দ্দন, মহাধনুর্দ্ধর ও রথারূঢ় কর্ণ ও অর্জ্জুন তৎকালে আকাশে চন্দ্র ও সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪॥

মাননীয় রাজা! পূর্ব্বকালে ত্রিভুবনজয়ে যত্নবান্ ইন্দ্র ও বলির ন্যায় সেই কর্ণ ও অর্জুনকে দেখিয়া তত্রত্য সমস্ত লোক বিস্ময়াপন্ন হইল ॥৫॥

ক্রমে সমস্ত ক্ষত্রিয়ই রথ, ধনুর গুণ, হস্তাবরণ, বাণ ও শঙ্খশব্দের সহিত সেই রথ দুইখানার দিকে ধাবিত হইলেন ॥৬॥

(৩)…বৈয়াঘ্রপরিবারণৌ…পি বর্দ্ধ :বা। (৬)…বাণসিংহরবৈরপি…পি,…বাণসংখ-রবৈরপি…বর্দ্ধ,…তৌ রথাবভিধাবন্তৌ সমালোক্য মহীক্ষিতাম্—পি বর্দ্ধ বা, বাণসিংহ-রবৈস্তথা…বা।

ধ্বজৌ চ দৃষ্ট্বা সংযুক্তৌ বিস্ময়ঃ সমপদ্যত।
হস্তিকক্ষ্যাঞ্চ কর্ণস্য বানরঞ্চ কিরীটিনঃ ॥৭॥
তৌ রথৌ সংপ্রসক্তৌ তু দৃষ্ট্বা ভারত! পার্থিবাঃ।
সিংহনাদরবাংশ্চক্রুঃ সাধুবাদাংশ্চ পুষ্কলান্ ॥৮॥
দৃষ্ট্বা চ দ্বৈরথং তাভ্যাং তত্র যোধাঃ সহস্রশঃ।
চক্রুর্বাহুস্বনাংশ্চৈব তথা চেলাবধূননম্ ॥৯॥
আজঘ্নুঃ কুরবস্তত্র বাদিত্রাণি সমন্ততঃ।
কর্ণং প্রহর্ষয়িষ্যন্তঃ শঙ্খান্ দধ্মুশ্চ পুষ্কলান্ ॥১০॥
তথৈব পাণ্ডবাঃ সর্বে হর্ষয়ন্তো ধনঞ্জয়ম্।
তূর্য্যশঙ্খনিনাদেন দিশঃ সর্বা ব্যনাদয়ন্ ॥১১॥
ক্ষ্বেড়িতাস্ফোটিতোৎক্রুষ্টৈস্তুমুলং সর্বতোঽভবৎ।
বাহুশব্দৈশ্চ শূরাণাং কর্ণার্জ্জুনসমাগমে ॥১২॥

ভারতকৌমুদী

ধ্বজাবিতি। সমপদ্যত সমজায়ত অসাধারণত্বাৎ। হস্তিনঃ কক্ষ্যাং মধ্যবন্ধনরজ্জুম্ ॥৭॥
তাবিতি। সংপ্রসক্তৌ রণাঙ্গনে মিলিতৌ। পুষ্কলান্ প্রচুরান্ ॥৮॥
দৃষ্ট্বেতি। দ্বয়ো রথয়োর্মেলনমিতি দ্বৈরথম্, তাভ্যাং তয়োঃ ॥৯॥
আজঘ্নুরিতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। দধ্মুর্বাদয়ামাসুঃ ॥১০॥
তথেতি। তূর্য্যং তদানীন্তনবাদ্যবিশেষঃ ॥১১॥

দুইটা ধ্বজ রণস্থলে মিলিত হইয়াছে, তাহাতে আবার কর্ণের ধ্বজে হস্তিমধ্যবন্ধনরজ্জু এবং অর্জ্জুনের ধ্বজে একটা বানর রহিয়াছে, ইহা দেখিয়া লোকের বিস্ময় জন্মিল ॥৭॥

ভরতনন্দন! সেই দুইখানা রথ মিলিত হইয়াছে দেখিয়া রাজারা প্রচুর সিংহনাদ ও সাধুবাদ করিতে লাগিলেন ॥৮॥

এবং তাঁহাদের রথদ্বয় মিলিত হইয়াছে দর্শন করিয়া তত্রত্য সহস্র সহস্র যোদ্ধাও বাহ্বাস্ফোটন ও বস্ত্রকম্পন করিতে থাকিল ॥৯॥

ক্রমে কৌরবেরা কর্ণকে আনন্দিত করিবেন বলিয়া সকল দিকে নানাবিধ বাদ্য বাজাইতে লাগিলেন এবং প্রচুর শঙ্খধ্বনি করিতে থাকিলেন ॥১০॥

সেইরূপই পাণ্ডবেরা সকলে অর্জ্জুনের আনন্দ জন্মাইবার জন্য তূর্য্য ও শঙ্খের শব্দে সকল দিক্ নিনাদিত করিতে লাগিলেন ॥১১॥

(৮) তৌ রথৌ সংপ্রযুক্তৌ তু দৃষ্ট্বা ভারত! সত্তমাঃ...পি।

তৌ দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রৌ রথস্থৌ রথিনাং বরৌ।
প্রগৃহীতমহাচাপৌ শরশক্তিধ্বজাযুতৌ ॥১৩॥
বর্ম্মিণৌ বদ্ধনিস্ত্রিংশৌ শ্বেতাশ্বৌ শঙ্খশোভিতৌ।
তূণীরবরসম্পন্নৌ দ্বাবপ্যেতৌ সুদর্শনৌ ॥১৪॥
রক্তচন্দনদিগ্ধাঙ্গৌ সমদৌ গোবৃষাবিব।
চাপবিদ্যুদ্ধ্বজোপেতৌ শস্ত্রসম্পত্তিযোধিনৌ ॥১৫॥
চামরব্যজনোপেতৌ শ্বেতচ্ছত্রোপশোভিতৌ।
কৃষ্ণশল্যরথোপেতৌ তুল্যরূপৌ মহারথৌ ॥১৬॥
সিংহস্কন্ধৌ দীর্ঘভুজৌ রক্তাক্ষৌ হেমমালিনৌ।
সিংহস্কন্ধপ্রতীকাশৌ ব্যূঢোরস্কৌ মহাবলৌ ॥১৭॥
অন্যোন্যবধমিচ্ছন্তাবন্যোন্যজয়কাঙ্ক্ষিণৌ।
অন্যোন্যমভিধাবন্তৌ গোষ্ঠেষ্বিব মহর্ষভৌ ॥১৮॥
প্রভিন্নাবিব মাতঙ্গৌ সুসংরব্ধাবিবাচলৌ।
আশীবিষশিশুপ্রখ্যৌ যমকালান্তকোপমৌ ॥১৯॥

ভারতকৌমুদী

ক্ষ্বেড়িতেতি। ক্ষ্বেড়িতং সিংহনাদঃ আস্ফোটিতং পাণিশব্দঃ উৎক্রুষ্টমুদ্গর্জনঞ্চ তৈঃ ॥১২॥
তাবিতি। শরৈঃ শক্তিভিঃ ধ্বজাভ্যাঞ্চ আযুতৌ সমন্বিতৌ। বদ্ধনিস্ত্রিংশৌ কটিধৃতকরবালৌ। রক্তচন্দনেন দিগ্ধাঙ্গৌ লিপ্তগাত্রৌ, সমদৌ যুদ্ধায় মত্তৌ, গোষু বৃষৌ গোবৃষৌ। চাপে বিদ্যুতাবিব ধ্বজৌ চ তৈরুপেতৌ, শস্ত্রাণাং সম্পত্ত্যা সমূহেন যুধ্যেতে ইতি তৌ। কৃষ্ণশল্যৌ রথৌ রথচালকৌ তাভ্যামুপেতৌ। রক্তাক্ষৌ রক্তবর্ণনেত্রৌ। সিংহস্কন্ধপ্রতীকাশৌ সিংহস্কন্ধবদুন্নতৌ, ব্যূঢোরস্কৌ বিশালবক্ষসৌ। মহর্ষভৌ বিশালবৃষৌ। প্রভিন্নৌ

সেই কর্ণ ও অর্জ্জুনের সম্মেলনের সময়ে সকল দিকে বীরগণের সিংহনাদ, করতলধ্বনি, উচ্চ গর্জন ও বাহ্বাস্ফোটনে তুমুল শব্দ হইতে থাকিল ॥১২॥

নরনাথ! পুরুষশ্রেষ্ঠ, রথারোহী, রথিপ্রধান, মহাধনুর্দ্ধারী, শর, শক্তি ও ধ্বজসমন্বিত, বর্ম্মাবৃতদেহ, কটিদেশে তরবারিযুক্ত, শ্বেতবর্ণঘোটকশালী, উত্তমতূণীরসম্পন্ন, প্রিয়দর্শন, রক্তচন্দনলিপ্তাঙ্গ, বৃষদ্বয়ের ন্যায় যুদ্ধমত্ত, বিদ্যুৎসদৃশকার্ম্মুকদ্বয়সমন্বিত, ধ্বজশালী, অস্ত্রসমূহদ্বারা যুদ্ধকারী, চামর ও ব্যজনসম্পন্ন, শ্বেতচ্ছত্রশোভিত, কৃষ্ণ ও শল্যসারথিযুক্ত, তুল্যমূর্ত্তি, মহারথ, সিংহের ন্যায় উন্নতস্কন্ধ, দীর্ঘবাহু, রক্তনয়ন, স্বর্ণমালাধারী, সিংহস্কন্ধের তুল্য উচ্চদেহ, বিশালবক্ষা, মহাবল, পরস্পরবধাভিলাষী,

(১৩)…শরশক্তিধ্বজায়ুধৌ—পি,…শরশক্তিধ্বজাবৃতৌ—বর্দ্ধ। (১৪) এম্ পুস্তকভেদ এব পাঠভেদো দ্রষ্টব্যঃ।

ইন্দ্রবৃত্রাবিব ক্রুদ্ধৌ সূর্য্যচন্দ্রসমপ্রভৌ।
মহাগ্রহাবিব ক্রুদ্ধৌ যুগান্তায় সমুত্থিতৌ ॥২০॥
দেবগর্ভৌ দেবসমৌ দেবতুল্যৌ চ রূপতঃ।
যদৃচ্ছয়া সমায়াতৌ সূর্য্যাচন্দ্রমসাবিব ॥২১॥
বলিনৌ সমরে দৃপ্তৌ নানাশস্ত্রধরৌ যুধি।
তৌ দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রৌ শার্দ্দূলাবিব বেগিতৌ।
বভূব পরমো হর্ষস্তাবকানাং বিশাংপতে! ॥২২॥ (কুলকম্)
সংশয়ঃ সর্ব্বভূতানাং বিজয়ে সমপদ্যত।
সমেতৌ পুরুষব্যাঘ্রৌ প্রেক্ষ্য কর্ণধনঞ্জয়ৌ ॥২৩॥
উভৌ বরায়ুধধরাবুভৌ রণকৃতশ্রমৌ।
উভৌ চ বাহুশব্দেন নাদয়ন্তৌ নভস্তলম্ ॥২৪॥

ভারতকৌমুদী

মদস্রাবিণৌ, সুসংরব্ধৌ পক্ষচ্ছেদাৎ প্রাক্ প্রাণবত্তয়া ক্রুদ্ধৌ। আশীবিষশিশুপ্রখ্যৌ সর্পশাবকতুল্যক্রোধৌ, তদানীং তস্য ক্রোধাতিরেকাৎ, যমঃ শমনঃ কালো রুদ্রঃ অন্তকশ্চান্তিমকালে বন্ধনকারী যমদূতস্তে উপমা যয়োস্তৌ। যুগান্তায় প্রলয়োৎপাদনায়। দেবগর্ভৌ দেবপুত্রৌ, দেবসমৌ প্রভাবতঃ। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, সমায়াতৌ মিলিতৌ। দৃপ্তৌ দর্পান্বিতৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩—২২॥

সংশয় ইতি। সংশয়ঃ কতরস্য জয়ো ভবেদিত্যেবং সন্দেহঃ ॥২৩॥

পরস্পরজয়াকাঙ্ক্ষী, গোষ্ঠে মহাবৃষদ্বয়ের তুল্য পরস্পরাভিধাবিত, মদস্রাবী দুইটা হস্তীর তুল্য, ক্রুদ্ধ পর্ব্বতদ্বয়সদৃশ, সর্পশিশুর ন্যায় দারুণক্রোধী, যম, রুদ্র ও যমদূতের ন্যায় উগ্রমূর্ত্তি, ইন্দ্র ও বৃত্রাসুরের সমান ক্রোধশালী, চন্দ্র ও সূর্য্যের তুল্য তেজস্বী, প্রলয় ঘটাইবার জন্য সমুত্থিত ক্রুদ্ধ দুইটা মহাগ্রহের সমান, আকৃতিতে দেবপুত্রের তুল্য, প্রভাবে দেবতার সদৃশ, রূপেও দেবতার সমান, ঈশ্বরের ইচ্ছায় সম্মিলিত চন্দ্র ও সূর্য্যের তুল্য, বলবান্, দর্পান্বিত, নানাশস্ত্রধারী এবং ব্যাঘ্রের ন্যায় বেগবান্ সেই কর্ণ ও অর্জ্জুনকে দেখিয়া দেখিয়া আপনার পক্ষের লোকদের পরম আনন্দ জন্মিল ॥১৩—২২॥

পুরুষশ্রেষ্ঠ কর্ণ ও অর্জ্জুনকে সম্মিলিত দেখিয়া সমস্ত লোকেরই জয়বিষয়ে সন্দেহ উৎপন্ন হইল ॥২৩॥

তৎকালে তাঁহারা দুই জনই উত্তম অস্ত্র ধারণ করিতেছিলেন, দুই জনই যুদ্ধে পরিশ্রম করিয়াছিলেন এবং দুই জনই বাহুর শব্দে আকাশ নিনাদিত করিতেছিলেন ॥২৪॥

উভৌ বিশ্রুতকর্ম্মাণৌ পৌরুষেণ বলেন চ।
উভৌ চ সদৃশৌ যুদ্ধে শম্বরামররাজয়োঃ ॥২৫॥
কার্ত্তবীর্য্যসমৌ যুদ্ধে তথা দাশরথেঃ সমৌ।
বিষ্ণুবীর্য্যসমৌ চোভৌ তথা ভবসমৌ যুধি ॥২৬॥
উভৌ শ্বেতহয়ৌ রাজন্! রথপ্রবরবাহিনৌ।
সারথিপ্রবরৌ চাপি তয়োরাস্তাং মহারণে ॥২৭॥
ততো দৃষ্ট্বা মহারাজ! রাজমানৌ মহারথৌ।
সিদ্ধচারণসংঘানাং বিস্ময়ঃ সমপদ্যত ॥২৮॥
ধার্ত্তরাষ্ট্রাস্ততঃ কর্ণং সবলা ভরতর্ষভ!।
পরিবব্রুর্মহাত্মানং ক্ষিপ্রমাহবশোভিনম্ ॥২৯॥
তথৈব পাণ্ডবা হৃষ্টা ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
যমৌ চ চেকিতানশ্চ প্রহৃষ্টাশ্চ প্রভদ্রকাঃ ॥৩০॥

ভারতকৌমুদী

উভাবিতি। বরায়ুধধরৌ উত্তমাস্ত্রধারিণৌ। নাদয়ন্তৌ আত্তামিতি শেষঃ ॥২৪॥

উভাবিতি। পৌরুষেণোৎসাহেন। শম্বরামররাজয়োঃ ইন্দ্রশম্বরাসুরয়োঃ ॥২৫॥

কার্ত্তেতি। দাশরথে রামস্য। ভবসমৌ শিবসদৃশৌ ॥২৬॥

উভাবিতি। রথপ্রবরৌ বাহিনৌ বাহকৌ যয়োস্তৌ। সারথিপ্রবরৌ কৃষ্ণশল্যৌ ॥২৭॥

তত ইতি। রাজমানৌ বীরশ্রিয়া শোভমানৌ। সমপদ্যত সমজায়ত ॥২৮॥

ধার্ত্তেতি। ধার্ত্তরাষ্ট্রা ধৃতরাষ্ট্রপক্ষীয়াঃ। সবলাঃ সসৈন্যাঃ ॥২৯॥

পুরুষকার ও শক্তির গুণে দুই জনের কার্য্যই জগদ্বিখ্যাত ছিল এবং দুই জনই যুদ্ধে ইন্দ্র ও শম্বরাসুরের সমান বলিয়া গণ্য হইতেছিলেন ॥২৫॥

দুই জনই বলে বিষ্ণুর সমান এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুন, রামচন্দ্র ও শিবের তুল্য ছিলেন ॥২৬॥

রাজা! তাঁহাদের দুই জনেরই শ্বেতবর্ণ অশ্ব, উত্তম রথ এবং শ্রেষ্ঠ সারথি ছিল ॥২৭॥

মহারাজ! তাহার পর আকাশস্থ সিদ্ধ-চারণগণ বীরশোভায় শোভিত মহারথ কর্ণ ও অর্জ্জুনকে দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে আপনার পক্ষের যোদ্ধারা সৈন্যগণের সহিত মিলিত হইয়া সত্বর যাইয়া যুদ্ধশোভী মহাত্মা কর্ণকে পরিবেষ্টন করিলেন ॥২৯॥

---

(২৮) তৌ তু দৃষ্ট্বা…পি। (৩০) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'পরিবব্রুর্মহাত্মানং পার্থমপ্রতিমং যুধি' ইতি পি বঙ্গ বৰ্দ্ধ বা সো।

নানাদেশ্যাশ্চ যে শূরাঃ শিষ্টা যুদ্ধাভিনন্দিনঃ।
তে সর্বে সহিতা হৃষ্টাঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥৩১॥ (যুগ্মকম্)
রিরক্ষিষন্তঃ শত্রুঘ্নাঃ পত্ত্যশ্বরথকুঞ্জরাঃ।
ধনঞ্জয়স্য বিজয়ে ধৃতাঃ কর্ণবধেঽপি চ ॥৩২॥
তথৈব তাবকাঃ সর্বে যত্তাঃ সেনাপ্রহারিণঃ।
দুর্য্যোধনমুখা রাজন্! কর্ণং জুগুপুরাহবে ॥৩৩॥
তাবকানাং রণে কর্ণো গ্লহো হ্যাসীদ্বিশাংপতে!।
তথৈব পাণ্ডবেয়ানাং গ্লহঃ পার্থোঽভবত্তদা ॥৩৪॥
ত এব সভ্যাস্তত্রাসন্ প্রেক্ষকাশ্চাভবন্ স্ম তে।
তত্রৈষাং গ্লহমানানাং ধ্রুবৌ জয়পরাজয়ৌ ॥৩৫॥
তাভ্যাং দ্যূতং সমাসক্তং বিজয়ায়েতরায় বা।
অস্মাকং পাণ্ডবানাঞ্চ স্থিতানাং রণমূর্দ্ধনি ॥৩৬॥

ভারতকৌমুদী

তথেতি। যমৌ নকুলসহদেবৌ। শিষ্টা হতাবশিষ্টাঃ ॥৩০—৩১॥
রিরক্ষীতি। রিরক্ষিষন্তোঽর্জ্জুনং রক্ষিতুমিচ্ছন্তঃ। ধৃতা ইচ্ছবোঽভবন্ ॥৩২॥
তথেতি। যত্তা জয়ে যত্নবন্তঃ, সেনাং পরসৈন্যং প্রহরন্তীতি তে। জুগুপুঃ ররক্ষুঃ ॥৩৩॥
তাবকানামিতি। রণে দ্যূতরূপে, গ্লহঃ পণঃ, "পণোঽক্ষেষু গ্লহঃ" ইত্যমরঃ ॥৩৪॥
ত ইতি। তে উভয়পক্ষীয়া যোদ্ধারঃ, তত্র রণদ্যূতে। গ্লহমানানাং রণেন ক্রীড়তাম্ ॥৩৫॥

সেইরূপই হৃষ্টচিত্ত ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা, নকুল, সহদেব, চেকিতান, হৃষ্টচিত্ত প্রভদ্রকেরা এবং নানাদেশীয় যুদ্ধামোদী যে সকল বীর হতাবশিষ্ট ছিলেন, তাঁহারা সকলেও মিলিত ও হৃষ্টচিত্ত হইয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৩০—৩১॥

শত্রুহন্তা পদাতি, অশ্বারোহী, রথারোহী ও গজারোহী বীরেরা অর্জ্জুনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া অর্জ্জুনের জয়ে এবং কর্ণবধে অভিলাষী হইলেন ॥৩২॥

রাজা! সেইরূপই দুর্য্যোধনপ্রভৃতি বিপক্ষসৈন্যপ্রহারী আপনার পক্ষের বীরেরা সকলে জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধে কর্ণকে রক্ষা করিতে লাগিলেন ॥৩৩॥

নরনাথ! তখন আপনার পক্ষের যোদ্ধাদের যুদ্ধরূপ দ্যূতক্রীড়ায় পণ হইলেন—কর্ণ; আবার সেইরূপই পাণ্ডবগণের যুদ্ধদ্যূতে পণ হইলেন—অর্জ্জুন ॥৩৪॥

সেই উভয়পক্ষীয় যোদ্ধারাই সেই রণদ্যূতে সভ্য ছিলেন এবং তাঁহারাই দর্শক হইলেন; আর তখনই রণদ্যূতকারী দুই পক্ষের জয় ও পরাজয় নির্দ্দিষ্ট ছিল ॥৩৫॥

(৩১) ইতঃ প্রভৃতি শ্লোকত্রয়ং পি বঙ্গ বৰ্দ্ধ বা সো নাস্তি।

তৌ তু স্থিতৌ মহারাজ ! সমরে যুদ্ধশালিনৌ ।
অন্যোন্যং প্রতিসংরব্ধাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ ॥৩৭॥
তাবুভৌ প্রজিহীর্ষন্তাবিন্দ্রবৃত্রাবিব প্রভো ! ।
ভীমরূপধরাবাস্তাং মহাধূমাবিব গ্রহৌ ॥৩৮॥
ততোঽন্তরীক্ষে সংজজ্ঞে বিবাদো ভরতর্ষভ ! ।
মিথো ভেদাশ্চ ভূতানামাসন্ কর্ণার্জ্জুনান্তরে ॥৩৯॥
ব্যাশ্রয়ন্ত দ্বিধা ভিন্নাঃ সর্বে লোকাশ্চ মারিষ ! ।
দেবদানবগন্ধর্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ ॥৪০॥
প্রতিপক্ষগ্রহং চক্রুঃ কর্ণার্জ্জুনসমাগমে ।
দ্যৌরাসীৎ কর্ণপক্ষেঽত্র সনক্ষত্রা বিশাংপতে ! ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাভ্যামিতি। তাভ্যাং কর্ণার্জ্জুনাভ্যাম্, দ্যূতং রণরূপম্, সমাসক্তমারব্ধম ॥৩৬॥

তাবিতি। তৌ কর্ণার্জ্জুনৌ। প্রতিসংরব্ধৌ ক্রুদ্ধৌ ॥৩৭॥

তাবিতি। প্রজিহীর্ষন্তৌ প্রহর্ত্তুমিচ্ছন্তৌ। মহাধূমৌ অতিধূম্রবর্ণৌ রাহুকেতূ ॥৩৮॥

তত ইতি। মিথঃ পরস্পরং ভেদা বৈমত্যানি। কর্ণার্জ্জুনয়োরন্তরে নিমিত্তে। ইতঃ প্রভৃতি বৃত্তান্তানাং কর্ণার্জ্জুনযুদ্ধস্য বিশেষগুরুত্বমাত্রদ্যোতনে তাৎপর্য্যমবধার্য্যম ॥৩৯॥

বীতি। ব্যাশ্রয়ন্ত পক্ষদ্বয়মিতি শেষঃ। প্রতিপক্ষগ্রহং কর্ণার্জ্জুনয়োরন্যতরপক্ষগ্রহণম। দ্যৌরাকাশম্। ইদানীমপি যুদ্ধং পশ্যতাং শৃণ্বতাঞ্চেদৃশী পক্ষগ্রহণরীতির্দৃশ্যতে ॥৪০—৪১॥

রণস্থলে অবস্থিত আমাদের (কৌরবদের) ও পাণ্ডবদের জয় বা পরাজয়ের জন্য কর্ণ ও অর্জ্জুন যুদ্ধরূপ দ্যূতক্রীড়া আরম্ভ করিয়াছিলেন ॥৩৬॥

মহারাজ ! ক্রমে যুদ্ধনিপুণ কর্ণ ও অর্জ্জুন পরস্পরের প্রতি ক্রুদ্ধ এবং পরস্পরের বধাভিলাষী হইয়া রণস্থলে দাঁড়াইলেন ॥৩৭॥

রাজা ! উগ্রমূর্ত্তি কর্ণ ও অর্জ্জুন ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় এবং অতিধূম্রবর্ণ রাহু ও কেতুগ্রহের তুল্য পরস্পর প্রহারাভিলাষী হইলেন ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পর কর্ণ ও অর্জ্জুনের নিমিত্ত আকাশে বিবাদ হইতে লাগিল এবং তত্রত্য প্রাণিগণের মধ্যে পরস্পর মতভেদ হইল ॥৩৯॥

মাননীয় রাজা ! ভূতলের সমস্ত লোকও দুইভাগে বিভক্ত হইয়া দুই পক্ষ অবলম্বন করিল। কর্ণ ও অর্জুনের সেই যুদ্ধসম্মেলনের সময়ে দেব, দানব, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ এবং রাক্ষসেরাও ভিন্ন ভিন্ন পক্ষ গ্রহণ করিল। তাহার মধ্যে নক্ষত্রগণের সহিত আকাশ থাকিল—কর্ণের পক্ষে ॥৪০—৪১॥

(৩৯)···সাক্ষেপা বিবাদাঃ···পি বঙ্গ বর্দ্ধ। (৪০) ব্যশ্রয়ন্ত দ্বিধা···বর্দ্ধ।

ভূমির্বিশালা পার্থস্য মাতা পুত্রস্য বৈ যথা।
সরিতঃ সাগরাশ্চৈব গিরয়শ্চ নরোত্তম ! ॥৪২॥
বৃক্ষাশ্চৌষধয়শ্চৈব ব্যাশ্রয়ন্ত কিরীটিনম্।
অসুরা যাতুধানাশ্চ গুহ্যকাশ্চ পরন্তপ ! ॥৪৩॥
কর্ণতঃ সমপদ্যন্ত খেচরাশ্চ বয়াংসি চ।
রত্নানি নিধয়ঃ সর্বে বেদাশ্চাখ্যানপঞ্চমাঃ ॥৪৪॥
সোপবেদোপনিষদঃ সরহস্যাঃ সসংগ্রহাঃ।
বাসুকিশ্চিত্রসেনশ্চ তক্ষকোঽথোপতক্ষকঃ ॥৪৫॥
পর্বতাশ্চ তথা সর্বে কাদ্রবেয়াশ্চ সান্বয়াঃ।
বিষবন্তো মহারোষা নাগাশ্চার্জ্জুনতোঽভবন্ ॥৪৬॥ (কুলকম্)
ঐরাবতাঃ সৌরভেয়া বৈশালেয়াশ্চ ভোগিনঃ।
এতেঽভবন্নর্জ্জুনতঃ ক্ষুদ্রসর্পাস্তু কর্ণতঃ ॥৪৭॥
ঈহামৃগা ব্যালমৃগা মাঙ্গল্যাশ্চ মৃগদ্বিজাঃ।
পার্থস্য বিজয়ে রাজন্ ! সর্ব এব সমাশ্রিতাঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

ভূমিরিতি। পার্থস্য পক্ষে অভবদিতি শেষঃ। ওষধয়ো লতাঃ। যাতুধানা রাক্ষসাঃ। কর্ণতঃ কর্ণপক্ষম্। বয়াংসি অমঙ্গল্যাঃ কুক্কুটাদয়ঃ পক্ষিণঃ। আখ্যানমিতিহাসঃ পঞ্চমং যেষাং তে। উপবেদৈরায়ুর্বেদাদিভিরুপনিষদ্ভিশ্চ সহেতি তে, রহস্যৈর্মন্ত্রৈঃ সহেতি তে, সংগ্রহৈর্নিবন্ধগ্রন্থৈঃ সহেতি তে। কাদ্রবেয়াঃ কদ্রুবংশজাতাঃ, সান্বয়াঃ সবংশাঃ ॥৪২—৪৬॥

ঐরেতি। ভোগিনো বৃহন্তঃ সর্পাঃ ॥৪৭॥

মাতা যেমন পুত্রের পক্ষ গ্রহণ করেন, তেমন বিশালা পৃথিবী অর্জ্জুনের পক্ষ গ্রহণ করিলেন। আর নরশ্রেষ্ঠ ! নদী, সমুদ্র, পর্ব্বত, বৃক্ষ ও লতাগণ অর্জ্জুনের পক্ষ লইল। শত্রুসন্তাপক রাজা ! অসুর, রাক্ষস, গুহ্যক, আকাশচর ভূত ও অমাঙ্গলিক পক্ষীরা কর্ণের পক্ষ আশ্রয় করিল। রত্ন, সমস্ত নিধি, বেদ, ইতিহাস, উপবেদ, উপনিষদ্, মন্ত্র, সংগ্রহগ্রন্থ, বাসুকি, চিত্রসেন, তক্ষক, উপতক্ষক, পর্ব্বত, কদ্রু হইতে উৎপন্ন, সন্তানসন্ততিযুক্ত, বিষধারী ও মহাক্রোধী নাগেরা অর্জুনের পক্ষে গেল ॥৪২—৪৬॥

ঐরাবত, সৌরভেয় ও বৈশালেয় নাগেরা অর্জুনের পক্ষে গমন করিল; আর ক্ষুদ্র সর্পেরা কর্ণের পক্ষে গেল ॥৪৭॥

(৪৮) মহামৃগা ব্যাড়মৃগাঃ···পার্থস্য বিজয়ং রাজন্ ! সর্ব এবাভিসংশ্রিতাঃ পি,···সর্ব্ব এবাভিসংবৃতাঃ—বা।

বসবো মরুতঃ সাধ্যা রুদ্রা বিশ্বেঽশ্বিনৌ তথা।
অগ্নিরিন্দ্রশ্চ সোমশ্চ পবনোঽথ দিশো দশ ॥৪৯॥
ধনঞ্জয়স্য তে পক্ষে আদিত্যাঃ কর্ণতোঽভবন্।
বিশঃ শূদ্রাশ্চ সূতাশ্চ যে চ সঙ্করজাতয়ঃ ॥৫০॥
সর্বশস্তে মহারাজ! রাধেয়মভজংস্তদা।
দেবাস্তু পিতৃভিঃ সার্দ্ধং সগণাঃ সপদানুগাঃ ॥৫১॥
যমো বৈশ্রবণশ্চৈব বরুণশ্চ যতোঽর্জ্জুনঃ।
ব্রহ্ম ক্ষত্রঞ্চ যজ্ঞাশ্চ দক্ষিণাশ্চার্জ্জুনশ্রিতাঃ ॥৫২॥ (কলাপকম্)
প্রেতাশ্চৈব পিশাচাশ্চ ক্রব্যাদাশ্চ মৃগাণ্ডজাঃ।
রাক্ষসাঃ সহ যাদোভিঃ শ্বশৃগালাশ্চ কর্ণতঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

ঈহেতি। ঈহামৃগা বৃকাঃ, ব্যালমৃগা ব্যাঘ্রাদয়ো হিংস্রপশবঃ। মৃগদ্বিজা গোখঞ্জনাদয়ঃ পশুপক্ষিণঃ। সমাশ্রিতাস্তৎপক্ষমিতি শেষঃ ॥৪৮॥

বসব ইতি। মরুত উক্তভিন্না দেবাঃ। বিশ্বে দেবাঃ। আদিত্যা দ্বাদশ, কর্ণতঃ কর্ণপক্ষে। বিশো বৈশ্যাঃ, সূতাঃ সারথয়ঃ, সঙ্করজাতয়শ্চাণ্ডালাদয়ঃ। রাধেয়ং কর্ণম্। সগণাঃ সসজাতয়ঃ, সপদানুগাঃ সানুচরাঃ। বৈশ্রবণঃ কুবেরঃ ॥৪৯—৫২॥

প্রেতা ইতি। ক্রব্যাদা মাংসভোজিনঃ, মৃগাণ্ডজাঃ পশুপক্ষিণঃ। যাদোভির্জলজন্তুভিঃ, শ্বানঃ কুক্কুরাঃ শৃগালাশ্চ, কর্ণতঃ কর্ণপক্ষে অভবন্নিতি শেষঃ ॥৫৩॥

রাজা! কেন্দুয়া বাঘ, হিংস্র পশু এবং মাঙ্গলিক সমস্ত পশু ও পক্ষী অর্জুনের জয়লাভের জন্য তাঁহার পক্ষই আশ্রয় করিল ॥৪৮॥

বসুগণ, মরুদ্গণ, সাধ্যগণ, রুদ্রগণ, বিশ্বেদেবগণ, অশ্বিনীকুমারদ্বয়, অগ্নি, ইন্দ্র, চন্দ্র, বায়ু এবং দশ দিক্ ইঁহারা অর্জুনের পক্ষে গেলেন; আর দ্বাদশ আদিত্য কর্ণের পক্ষবর্ত্তী হইলেন। মহারাজ! বৈশ্য, শূদ্র, সূত ও যাহারা বর্ণসঙ্কর, তাহারা সকলে কর্ণের পক্ষ লইল। পিতৃগণ, পার্শ্বচর ও অনুচরগণের সহিত অপর দেবগণ এবং যম, কুবের ও বরুণ অর্জুনের পক্ষে গমন করিলেন; আর ব্রাহ্মণ, ক্ষত্রিয়, যজ্ঞ ও দক্ষিণা অর্জুনের পক্ষ অবলম্বন করিলেন ॥৪৯—৫২॥

প্রেত, পিশাচ, মাংসভোজী পশু ও পক্ষী, রাক্ষসগণ, জলজন্তুগণ, কুকুরগণ এবং শৃগালগণ কর্ণের পক্ষে গেল ॥৫৩॥

(৫২)···অর্জ্জুনং শ্রিতাঃ—পি।

দেবব্রহ্মনৃপর্ষীণাং গণাঃ পাণ্ডবতোঽভবন্।
তুম্বুরুপ্রমুখা রাজন্! গন্ধর্বাশ্চ যতোঽর্জ্জুনঃ ॥৫৪॥
প্রাধেয়াঃ সহ মৌনেয়ৈর্গন্ধর্বাপ্সরসাং গণৈঃ।
ঈহামৃগা ব্যাড়মৃগৈর্দ্বিপাশ্চ রথপত্তিভিঃ ॥৫৫॥
উহ্যমানাস্তথা মেঘৈর্বায়ুনা চ মনীষিণঃ।
দিদৃক্ষবঃ সমাজগ্মুঃ কর্ণার্জ্জুনসমাগমম্ ॥৫৬॥ (যুগ্মকম্)
দেবদানবগন্ধর্বা নাগযক্ষাঃ পতত্রিণঃ।
মহর্ষয়ো বেদবিদঃ পিতরশ্চ স্বধাভুজঃ ॥৫৭॥
তপোনিষ্ঠাস্তথৌষধ্যো নানারূপাম্বরস্রজঃ।
অন্তরীক্ষে মহারাজ! বিনদন্তোঽবতস্থিরে ॥৫৮॥ (যুগ্মকম্)
ব্রহ্মা ব্রহ্মর্ষিভিঃ সার্দ্ধং প্রজাপতিভিরেব চ।
ভবেনাবস্থিতো যানং দিব্যং তং দেশমাগমৎ ॥৫৯॥

ভারতকৌমুদী

দেবেতি। নৃপর্ষয়ো রাজর্ষয়ঃ, পাণ্ডবতোঽর্জ্জুনতঃ অর্জ্জুনপক্ষে ॥৫৪॥

প্রেতি। প্রাধেয়াঃ প্রধিপুত্রা দেবযোনিবিশেষাঃ, মৌনেয়ৈর্মুনিপুত্রৈঃ। ঈহামৃগাঃ বৃকাঃ, ব্যাড়মৃগৈর্হিংস্রজন্তুভিঃ। দিদৃক্ষবো দ্রষ্টুমিচ্ছবঃ ॥৫৫—৫৬॥

দেবেতি। পতত্রিণো গরুড়াদয়ঃ পক্ষিণঃ। স্বধাভুজঃ পিত্রন্নভোজিনঃ, "স্বধা বৈ পিতৄণামন্নম্" ইতি শ্রুতেঃ। নানারূপা অম্বরস্রজো বসনমাল্যানি যেষাং তে ॥৫৭—৫৮॥

ব্রহ্মেতি। প্রজাপতিভির্দক্ষাদিভিঃ। ভবেন শিবেন, অবস্থিত আরূঢ়ঃ, যানং বিমানম্ ॥৫৯॥

রাজা! দেবর্ষি, ব্রহ্মর্ষি ও রাজর্ষিগণ এবং তুম্বুরুপ্রভৃতি গন্ধর্বগণ অর্জ্জুনের পক্ষে গমন করিলেন ॥৫৪॥

মুনির পুত্র গন্ধর্ব ও অপ্সরোগণের সহিত প্রধির পুত্রগণ, হিংস্রজন্তুদের সহিত ক্ষুদ্র ব্যাঘ্রগণ এবং রথ ও পদাতির সহিত হস্তিগণ মেঘ ও বায়ু আরোহণ করিয়া কর্ণ ও অর্জ্জুনের যুদ্ধ দর্শন করিবার জন্য আগমন করিল ॥৫৫—৫৬॥

মহারাজ! নানাবিধ বস্ত্র ও মাল্যধারী দেবগণ, দানবগণ, গন্ধর্বগণ, নাগগণ, যক্ষগণ, পক্ষিগণ, বেদজ্ঞ মহর্ষিগণ, শ্রাদ্ধান্নভোজী পিতৃগণ, তপস্বিগণ ও ওষধিগণ নানাবিধ আলাপ করিতে থাকিয়া আকাশে অবস্থান করিতে লাগিলেন ॥৫৭—৫৮॥

ক্রমে ব্রহ্মাও—ব্রহ্মর্ষিগণ, প্রজাপতিগণ ও মহাদেবের সহিত মিলিত হইয়া দিব্য বিমানে আরোহণ করিয়া সেই স্থানে আগমন করিলেন ॥৫৯॥

(৫৭)…নাগা যক্ষাশ্চ পত্রিণঃ…পি। (৫৮)…নানারূপা বরস্রজঃ…পি,…নানারূপ-বলান্বিতাঃ…বা। (৫৯)…ভবেন চাস্থিতো যানম্…পি,…ভবশ্চৈব স্থিতো যানে—বা।

সমেতৌ তৌ মহাত্মানৌ দৃষ্ট্বা কর্ণধনঞ্জয়ৌ।
অর্জ্জুনো জয়তাং কর্ণমিতি শক্রোঽব্রবীৎ স্বয়ম্ ॥৬০॥
জয়তামর্জ্জুনং কর্ণ ইতি সূর্য্যোঽভ্যভাষত।
হত্বার্জ্জুনং মম সুতঃ কর্ণো জয়তু সংযুগে ॥৬১॥
হত্বা কর্ণং জয়ত্বদ্য মম পুত্রো ধনঞ্জয়ঃ।
ইতি সূর্য্যস্য চৈবাসীদ্বিবাদো বাসবস্য চ ॥৬২॥
পক্ষতঃ স্থিতয়োস্তত্র তয়োঃ পুরুষসিংহয়োঃ।
দ্বৈপক্ষ্যমাসীদ্দেবানামসুরাণাং তথৈব চ ॥৬৩॥
সমেতৌ তৌ মহাত্মানৌ দৃষ্ট্বা কর্ণধনঞ্জয়ৌ।
অকম্পন্ত ত্রয়ো লোকাঃ সহদেবর্ষিচারণাঃ ॥৬৪॥
সর্ব্বে দেবগণাশ্চৈব সর্ব্বভূতানি যানি চ।
যতঃ পার্থস্ততো দেবা যতঃ কর্ণস্ততোঽসুরাঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

সমিতি। সমেতৌ রণস্থলে মিলিতৌ। অব্রবীৎ অর্জ্জুনস্যাত্মজত্বাৎ ॥৬০॥
জয়তামিতি। অভ্যভাষত শক্রং লক্ষ্যীকৃত্যাব্রবীৎ ॥৬১॥
হত্বেতি। বিবাদো বাক্‌কলহঃ, বাসবস্য ইন্দ্রস্য ॥৬২॥
পক্ষত ইতি। পক্ষতঃ কর্ণার্জ্জুনপক্ষয়োঃ, স্থিতয়োঃ সতোঃ। দ্বৈপক্ষ্যং দ্বিপক্ষবর্ত্তিত্বম্ ॥৬৩॥
সমেতাবিতি। দেবৈ ঋষিভিশ্চারণৈশ্চ দেবযোনিবিশেষৈঃ সহেতি তে ॥৬৪॥
সর্ব ইতি। অকম্পন্তেত্যনুবৃত্তিঃ। যতো যত্র, ততস্তত্র ॥৬৫॥

মহাত্মা কর্ণ ও অর্জ্জুন রণস্থলে মিলিত হইয়াছেন দেখিয়া স্বয়ং ইন্দ্র বলিলেন—'অর্জ্জুন কর্ণকে জয় করুন' ॥৬০॥

তখন সূর্য্য ইন্দ্রকে বলিলেন—'কর্ণ অর্জ্জুনকে জয় করুন; (অর্থাৎ) আমার পুত্র কর্ণ অর্জ্জুনকে বধ করিয়া যুদ্ধে জয় লাভ করুন' ॥৬১॥

(আবার ইন্দ্রও বলিলেন—) 'আমার পুত্র অর্জ্জুন আজ কর্ণকে বধ করিয়া জয় লাভ করুন'। এইভাবে সূর্য্য ও ইন্দ্রের বিবাদ হইতে লাগিল ॥৬২॥

পুরুষশ্রেষ্ঠ ইন্দ্র ও সূর্য্য দুই পক্ষে থাকিলে, তখন দেবগণ এবং অসুরগণের মধ্যেও দুই পক্ষ হইল ॥৬৩॥

ক্রমে মহাত্মা কর্ণ ও অর্জ্জুনকে রণস্থলে মিলিত দেখিয়া দেবতা, ঋষি ও চারণগণের সহিত ত্রিভুবনই ভয়ে কাঁপিতে লাগিল ॥৬৪॥

সমস্ত দেবগণ কাঁপিতে লাগিলেন এবং সমস্ত প্রাণিগণও কাঁপিতে থাকিল।

(৬৩)…দ্বৈধমাসীত্তু দেবানাম্…পি।

রথযূথপয়োঃ পক্ষৌ কুরুপাণ্ডববীরয়োঃ।
দৃষ্ট্বা প্রজাপতিং দেবাঃ স্বয়ম্ভুবমচোদয়ন্ ॥৬৬॥
সমোঽস্তু দেব! বিজয় এতয়োর্নরসিংহয়োঃ।
কর্ণার্জুনবিবাদেন মা নশ্যত্ত্বখিলং জগৎ ॥৬৭॥
স্বয়ম্ভো! ব্রূহি তদ্বাক্যং সমোঽস্তু বিজয়োঽনয়োঃ।
তদুপশ্রুত্য মঘবা প্রণিপত্য পিতামহম্ ॥৬৮॥
ব্যজ্ঞাপয়ত দেবেশমিদং মতিমতাং বরঃ।
পূর্ব্বং ভগবতা প্রোক্তং কৃষ্ণয়োর্বিজয়ো ধ্রুবঃ ॥৬৯॥ (যুগ্মকম্)
তত্তথাস্তু নমস্তেঽস্তু প্রসীদ ভগবন্! মম।
ব্রহ্মেশানাবথো বাক্যমূচতুস্ত্রিদশেশ্বরম্ ॥৭০॥

ভারতকৌমুদী

রথেতি। রথযূথপয়ো রথসমূহরক্ষকয়োঃ। স্বয়ম্ভুবং ব্রহ্মাণম, অচোদয়ন্নব্রুবন্ ॥৬৬॥

সম ইতি। সমঃ সমানঃ। এতয়োঃ কর্ণার্জ্জুনয়োঃ ॥৬৭॥

স্বয়মিতি। স্বয়ম্ভুবাক্যস্যাব্যর্থত্বাদেবমনুরোধঃ। মঘবা ইন্দ্রঃ, পিতামহং ব্রহ্মাণম্। মতিমদ্বরত্বাদেব ইত্থমুক্তিঃ। ভগবতা ভবতা, কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৬৮—৬৯॥

তদিতি। ব্রহ্মেশানৌ ব্রহ্মা মহাদেবশ্চ। ত্রিদশেশ্বরং দেবরাজম্ ॥৭০॥

যে দিকে অর্জ্জুন, সেই দিকে দেবগণ এবং যে দিকে কর্ণ, সেই দিকে অসুরগণ রহিলেন ॥৬৫॥

রথসমূহরক্ষক কুরুবীর কর্ণ এবং পাণ্ডববীর অর্জ্জুনের পক্ষ দুইটা দেখিয়া দেবগণ প্রজাপতি ব্রহ্মাকে বলিলেন—॥৬৬॥

'দেব! এই নরশ্রেষ্ঠ দুই জনের সমান জয় হউক। কর্ণ ও অর্জ্জুনের বিবাদে যেন সমগ্র জগৎ নষ্ট না হয় ॥৬৭॥

পিতামহ! 'ইহাদের সমান জয় হউক' এই কথা আপনি বলুন'। বুদ্ধিমানের মধ্যে প্রধান ইন্দ্র সেই কথা শুনিয়া ব্রহ্মাকে নমস্কার করিয়া তাঁহাকে ইহা জানাইলেন যে, 'ভগবান্ ত পূর্ব্বেই বলিয়াছেন যে, কৃষ্ণ ও অর্জ্জুনের জয় নিশ্চিত' ॥৬৮—৬৯॥

ভগবন্! আপনি অর্জ্জুনের প্রতি প্রসন্ন হউন, আপনার সেই বাক্য সত্য হউক; আপনাকে নমস্কার'। তাহার পর ব্রহ্মা ও মহাদেব ইন্দ্রকে এই কথা বলিলেন—॥৭০॥

---

(৬৯)...মতিমতাং বর!...বর্দ্ধ।

বিজয়ো ধ্রুব এবাস্তু বিজয়স্য মহাত্মনঃ।
খাণ্ডবে যেন হুতভুক্ তোষিতঃ সব্যসাচিনা ॥৭১॥
স্বর্গঞ্চ সমনুপ্রাপ্য সাহায্যং শক্র! তে কৃতম্।
কর্ণশ্চ দানবঃ পক্ষঃ অতঃ কার্য্যঃ পরাজয়ঃ ॥৭২॥
এবং কৃতে ভবেৎ কার্য্যং দেবানামেব নিশ্চিতম্।
আত্মকার্য্যঞ্চ সর্বেষাং গরীয়স্ত্রিদশেশ্বর! ॥৭৩॥
মহাত্মা ফাল্গুনশ্চাপি সত্যধর্ম্মরতঃ সদা।
বিজয়স্তস্য নিয়তং জায়তে নাত্র সংশয়ঃ ॥৭৪॥
তোষিতো ভগবান্ যেন মহাত্মা বৃষভধ্বজঃ।
কথং বা তস্য ন জয়ো জায়তে শতলোচন! ॥৭৫॥
যস্য চক্রে স্বয়ং বিষ্ণুঃ সারথ্যং জগতঃ প্রভুঃ।
মনস্বী বলবান্ শূরঃ কৃতাস্ত্রশ্চ তপোধনঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

বিজয় ইতি। বিজয়স্য অর্জ্জুনস্য। হুতভুক্ অগ্নিঃ ॥৭১॥
স্বর্গমিতি। সাহায্যং কৃতং নিবাতকবচবধাদিনা। দানবানাময়মিতি দানবঃ ॥৭২॥
এবমিতি। এবং কৃতে অস্মাভিরর্জ্জুনস্য জয়ে সম্পাদিতে ॥৭৩॥
মহাত্মেতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। নিয়তং ধ্রুবম্ ॥৭৪॥
তোষিত ইতি। তোষিতো যুদ্ধেন। বৃষভধ্বজঃ কিরাতরূপী ॥৭৫॥
যস্যেতি। চক্রে অস্মিন্ যুদ্ধে আদিত এব চকার। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্বাস্ত্রঃ ॥৭৬॥

'মহাত্মা অর্জ্জুনের জয়লাভ নিশ্চিতই হউক। কেন না, যে অর্জ্জুন খাণ্ডববন দগ্ধ করিয়া অগ্নিকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥৭১॥

এবং ইন্দ্র! যিনি স্বর্গে যাইয়া তোমার সাহায্য করিয়াছিলেন। আর কর্ণ—দানবগণের পক্ষবর্ত্তী। অতএব উহার পরাজয়ই করা উচিত ॥৭২॥

এইরূপ করিলে দেবগণের কার্য্যই নিশ্চিত করা হইবে। দেবরাজ! আত্মকার্য্য সম্পাদন করা সকলের পক্ষেই শ্রেয় ॥৭৩॥

বিশেষতঃ মহাত্মা অর্জ্জুনও সর্ব্বদাই সত্যধর্ম্মে নিরত। সুতরাং নিশ্চয়ই উঁহার জয় হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৭৪॥

ইন্দ্র! যিনি, মহাত্মা ভগবান্ কিরাতরূপী মহাদেবকে যুদ্ধে সন্তুষ্ট করিয়াছিলেন, তাঁহার জয় না হইবে কেন ॥৭৫॥

(৭১) অস্মিন্ প্রকরণে অনন্তা এব পাঠভেদাঃ।

বিভর্ত্তি চ মহাতেজা ধনুর্বেদমশেষতঃ।
পার্থঃ সর্বগুণোপেতো দেবকার্য্যমিদং যতঃ ॥৭৭॥
ক্লিশ্যন্তে পাণ্ডবা নিত্যং বনবাসাদিভির্ভৃশম্।
সম্পন্নস্তপসা চৈব পর্য্যাপ্তঃ পুরুষর্ষভঃ ॥৭৮॥
অতিক্রমেচ্চ মাহাত্ম্যাদ্দিষ্টমপ্যস্য পর্য্যয়ম্।
অতিক্রান্তে চ লোকানামভাবো নিয়তং ভবেৎ ॥৭৯॥
ন বিদ্যতে ব্যবস্থানং ক্রুদ্ধয়োঃ কৃষ্ণয়োঃ ক্বচিৎ।
স্রষ্টারৌ জগতশ্চৈব সততং পুরুষর্ষভৌ ॥৮০॥
নরনারায়ণাবেতৌ পুরাণাবৃষিসত্তমৌ।
অনিয়ম্যৌ নিয়ন্তারাবভীতৌ স্ম পরন্তপৌ ॥৮১॥

ভারতকৌমুদী

বিভর্ত্তীতি। যত ইদং পার্থস্য জয়সম্পাদনং দেবকার্য্যম্, অতস্তদস্মাভিঃ কর্ত্তব্যম্ ॥৭৭॥
ইতশ্চাস্য জয়ঃ কার্য্য ইত্যাহ ক্লিশ্যন্ত ইতি। পর্য্যাপ্তঃ স্বয়ং জয়ে সমর্থোঽপি ॥৭৮॥
অতীতি। অস্য পার্থস্য মাহাত্ম্যাৎ, দিষ্টং দৈবমপি কর্তৃ, অস্য পর্য্যয়ং জয়বৈপরীত্যম্ অতিক্রমেৎ পরাজয়ং ন সাধয়েদিত্যর্থঃ। অতিক্রান্তে চাস্য জয়ে, অভাবো ধ্বংসঃ ॥৭৯॥
নেতি। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ সম্মুখে ব্যবস্থানং কস্যাপ্যবস্থিতির্ন বিদ্যতে ॥৮০॥
নরেতি। অনিয়ম্যৌ শাসিতুমশক্যৌ, অপি তু নিয়ন্তারৌ সর্বেষাং শাস্তারৌ ॥৮১॥

এবং জগতের অধীশ্বর স্বয়ং বিষ্ণু যাঁহার সারথ্য করিয়া আসিতেছেন। বিশেষতঃ অর্জ্জুন—প্রশস্তহৃদয়, বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও তপস্বী ॥৭৬॥

অর্জ্জুন মহাতেজা, সমস্ত ধনুর্বেদ ধারণ করেন এব সর্বগুণসম্পন্ন। সুতরাং উঁহার জয়সম্পাদন যখন দেবকার্য্য, তখন তাহাই আমাদের কর্ত্তব্য ॥৭৭॥

বিশেষতঃ পাণ্ডবেরা সর্ব্বদাই বনবাসাদিদ্বারা গুরুতর ক্লেশ ভোগ করিয়া আসিতেছেন। তা'র পর পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনও তপঃসম্পন্ন এবং নিজেই জয় করিতে সমর্থ ॥৭৮॥

সুতরাং উঁহার মাহাত্ম্যে স্বয়ং দৈবও উঁহার জয়ের ব্যতিক্রম পরিত্যাগ করে। আর উঁহার জয়ের অতিক্রম হইলে, নিশ্চয়ই জগতের ধ্বংস হইবে ॥৭৯॥

কারণ, কৃষ্ণ ও অর্জ্জুন ক্রুদ্ধ হইলে, উঁহাদের সম্মুখে কখন কেহ থাকিতে পারে না। কেন না, ঐ পুরুষশ্রেষ্ঠেরাই সর্বদা জগতের সৃষ্টিকর্ত্তা ॥৮০॥

(৭৮) অয়ং শ্লোকঃ পি বঙ্গ বৰ্দ্ধ বা নাস্তি। (৭৯) অত্র বিবিধাঃ পাঠভেদা দ্রষ্টব্যাঃ।
(৮০)···স্রষ্টারৌ জগতশ্চৈতৌ সততঞ্চ পুরুষর্ষভৌ—পি বৰ্দ্ধ।

নৈতয়োস্তু সমঃ কশ্চিদ্দিবি বা মানুষেষু বা।
অনুগম্য ত্রয়ো লোকাঃ সহ দেবর্ষিচারণৈঃ ॥৮২॥
সর্বে দেবগণাশ্চাপি সর্বভূতানি যানি চ।
অনয়োস্তু প্রভাবেণ বর্ত্ততে নিখিলং জগৎ ॥৮৩॥ (যুগ্মকম্)
কর্ণো লোকানয়ং মুখ্যান্ প্রাপ্নোতু পুরুষর্ষভঃ।
বীরো বৈকর্ত্তনঃ শূরো বিজয়স্ত্বস্তু কৃষ্ণয়োঃ ॥৮৪॥
বসূনাঞ্চ সলোকত্বং মরুতাং বা সমাপ্নুয়াৎ।
সহিতো দ্রোণভীষ্মাভ্যাং নাকলোকে মহীয়তাম্ ॥৮৫॥
ইত্যুক্তো দেবদেবাভ্যাং সহস্রাক্ষোঽব্রবীদ্বচঃ।
আমন্ত্র্য সর্ব্বভূতানি ব্রহ্মেশানানুশাসনম্ ॥৮৬॥
শ্রুতং ভবদ্ভির্যৎ প্রোক্তং ভগবদ্ভ্যাং জগদ্ধিতম্।
তত্তথা নান্যথা তদ্ধি তিষ্ঠধ্বং গতমন্যবঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

নেতি। অনুগম্য এতাবনুসৃত্য বর্ত্তন্তে ইতি শেষঃ। বর্ত্ততে তিষ্ঠতি ॥৮২—৮৩॥
কর্ণ ইতি। লোকান্ স্বর্গান্। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৮৪॥
বসূনামিতি। সলোকত্বমেকলোকবর্ত্তিত্বম্। নাকলোকে স্বর্গে, মহীয়তাং তিষ্ঠতু ॥৮৫॥
ইতীতি। দেবদেবাভ্যাং ব্রহ্মশিবাভ্যাম্, সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥৮৬॥

ইঁহারা প্রাচীন ঋষিশ্রেষ্ঠ নর ও নারায়ণ। সুতরাং ইঁহাদিগকে কেহ শাসন করিতে পারে না, অথ চ ইঁহারাই সকলকে শাসন করেন; আবার ইঁহারা কাহারও ভয় করেন না, অথ চ সকলেই ইঁহাদের ভয় করে ॥৮১॥

স্বর্গে বা মর্ত্ত্যে ইঁহাদের সমান কেহ নাই। দেবর্ষি ও চারণগণের সহিত ত্রিভুবন, সমস্ত দেবগণ এবং অন্য যে সমস্ত প্রাণী আছে—তাহারা ইঁহাদের অনুগত হইয়াই রহিয়াছে; এমন কি সমগ্র জগৎই ইঁহাদের প্রভাবে বিদ্যমান আছে ॥৮২—৮৩॥

এই পুরুষশ্রেষ্ঠ, বীর, সূর্য্যনন্দন ও উৎসাহী কর্ণ প্রধান স্বর্গ লাভ করুন; কিন্তু কৃষ্ণ ও অর্জ্জুনের জয় হউক ॥৮৪॥

কর্ণ বসুলোক কিংবা বায়ুলোক লাভ করুন, অথবা ভীষ্ম ও দ্রোণের সহিত সাধারণ স্বর্গলোকে অবস্থান করুন' ॥৮৫॥

ব্রহ্মা ও শিব এইরূপ বলিলে, ইন্দ্র সমস্ত ভূতকে সম্বোধন করিয়া ব্রহ্মা ও শিবের এই শাসনবাক্য বলিলেন— ॥৮৬॥

(৮৫) বসূনাং সমলোকত্বম্…নাকলোকমবাপ্নুয়াৎ—সো।

ইতি শ্রুত্বেন্দ্রবচনং সর্ব্বভূতানি মারিষ !।
বিস্মিতান্যভবন্ রাজন্! পূজয়াঞ্চক্রিরে চ তম্ ॥৮৮॥
ব্যসৃজংশ্চ সুগন্ধীনি নানারূপাণি খাত্তদা।
পুষ্পবর্ষাণি বিবুধা দেবতূর্য্যাণ্যবাদয়ন্ ॥৮৯॥
দিদৃক্ষবশ্চাপ্রতিমং দ্বৈরথং নরসিংহয়োঃ।
দেবদানবগন্ধর্বাঃ সর্ব্ব এবাবতস্থিরে ॥৯০॥
রথৌ তয়োঃ শ্বেতহয়ৌ যুক্তকেতূ মহাস্বনৌ।
যৌ তৌ কর্ণার্জুনৌ রাজন্! প্রহৃষ্টাবভ্যতিষ্ঠতাম্ ॥৯১॥
সমাগতা লোকবীরাঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্।
বাসুদেবার্জুনৌ বীরৌ শল্যকর্ণৌ চ ভারত! ॥৯২॥

ভারতকৌমুদী

শ্রুতমিতি। ভগবদ্ভ্যাং ব্রহ্মশিবাভ্যাম্। গতমন্যবো নষ্টদৈন্যাঃ ॥৮৭॥
ইতীতি। সর্বভূতানি সর্ব্বপ্রাণিনঃ। পূজয়াঞ্চক্রিরে প্রশশংসুঃ, তমর্জ্জুনম্ ॥৮৮॥
ব্যসৃজন্নিতি। ব্যসৃজন্ রণস্থলে স্থক্ষিপন্। বিবুধা দেবাঃ ॥৮৯॥
দিদৃক্ষব ইতি। দিদৃক্ষবো দ্রষ্টুমিচ্ছবঃ, দ্বাভ্যাং রথাভ্যাং প্রবৃত্তমিতি দ্বৈরথং যুদ্ধম্ ॥৯০॥
রথাবিতি। শ্বেতা হয়া অশ্বা যয়োস্তৌ, যুক্তৌ কেতূ ধ্বজৌ যয়োস্তৌ চ ॥৯১॥

'ব্রহ্মা ও শিব জগতের হিতকর যে বাক্য বলিলেন, তাহা আপনারা শুনিলেন ত; সুতরাং তাহা সেইরূপই হইবে, তাহা অন্যরূপ হইবে না। অতএব আপনারা বিষাদশূন্য হইয়া অবস্থান করুন' ॥৮৭॥

মাননীয় রাজা! ইন্দ্রের এই বাক্য শুনিয়া সমস্ত প্রাণী বিস্মিত হইল এবং অর্জুনের প্রশংসা করিতে লাগিল ॥৮৮॥

আর দেবতারা তখন আকাশ হইতে নানারূপ সুগন্ধি পুষ্প বর্ষণ করিতে লাগিলেন এবং দেবতূর্য্য (দেববাদ্যবিশেষ) বাজাইতে থাকিলেন ॥৮৯॥

ক্রমে দেব, দানব ও গন্ধর্ব্বেরা সকলেই নরশ্রেষ্ঠ কর্ণ ও অর্জুনের সেই অতুলনীয় দ্বৈরথ যুদ্ধ দেখিবার জন্য আকাশে অবস্থান করিতে লাগিলেন ॥৯০॥

রাজা! কর্ণ ও অর্জ্জুন যে রথ দুইখানাতে হৃষ্টচিত্তে অধিষ্ঠান করিতেছিলেন, তাহাতে শ্বেতবর্ণ অশ্ব ও ধ্বজ সংযুক্ত ছিল এবং তাহার বিশাল শব্দ হইতেছিল ॥৯১॥

ভরতনন্দন! তৎকালে সমাগত বীরগণ পৃথক্ পৃথক্ ভাবে শঙ্খ বাজাইতে লাগিলেন, আর বীর কৃষ্ণ ও অর্জ্জুন এবং শল্য ও কর্ণ শঙ্খধ্বনি করিতে থাকিলেন ॥৯২॥

তন্ত্রীরুত্রাসনকরং যুদ্ধং সমভবত্তদা।
অন্যোন্যস্পর্দ্ধিনোরুগ্রং শক্রশম্বরয়োরিব ॥৯৩॥
তয়োর্ধ্বজৌ বীতমলৌ শুশুভাতে রথে স্থিতৌ।
রাহুকেতূ যথাকাশে উদিতৌ জগতঃ ক্ষয়ে ॥৯৪॥
কর্ণস্যাশীবিষনিভা রত্নসারময়ী দৃঢ়া।
পুরন্দরধনুঃপ্রখ্যা হস্তিকক্ষ্যা ব্যরাজত ॥৯৫॥
কপিশ্রেষ্ঠস্তু পার্থস্য ব্যাদিতাস্যো ভয়ঙ্করঃ।
ভীষয়ন্নেব দংষ্ট্রাভির্দুর্নিরীক্ষ্যো রবির্যথা ॥৯৬॥
যুদ্ধাভিলাষুকো ভূত্বা ধ্বজো গাণ্ডীবধন্বনঃ।
কর্ণধ্বজমুপাতিষ্ঠৎ স্বস্থানাদ্বেগবান্ কপিঃ ॥৯৭॥

ভারতকৌমুদী

সমাগতা ইতি। পরার্দ্ধে তু শম্বান্ দমতুরিতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥৯২॥
তদিতি। অন্যোন্যস্পর্দ্ধিনোঃ কর্ণার্জ্জুনয়োঃ, শক্রশম্বরয়োরিন্দ্রশম্বরাসুরয়োঃ ॥৯৩॥
তয়োরিতি। বীতমলৌ নির্ম্মলৌ। জগতঃ ক্ষয়ে প্রলয়কালে ॥৯৪॥
কর্ণস্যেতি। আশীবিষনিভা সর্পতুল্যা। হস্তিনঃ কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জুঃ ॥৯৫॥
কপীতি। ব্যাদিতাস্যো বিবৃতবদনঃ। ভীষয়ন্ ভয়ং প্রাপয়ন্ ॥৯৬॥
যুদ্ধেতি। ধ্বজো ধ্বজস্থঃ। উপাতিষ্ঠৎ উপাগচ্ছৎ ॥৯৭॥

পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেমন যুদ্ধ হইয়াছিল, তৎকালে পরস্পর স্পর্দ্ধাকারী কর্ণ ও অর্জ্জুনের তেমন ভীরুজনের ভয়জনক ভীষণ যুদ্ধ হইবার উপক্রম হইল ॥৯৩॥

তখন কর্ণ মেঘের জলধারাবর্ষণের ন্যায় বাণসমূহ বর্ষণ করিয়া অর্জ্জুনের সেই ব্রহ্মাস্ত্র নিবারণপূর্ব্বক শোভা পাইতে লাগিলেন। তৎপরে কর্ণ যুদ্ধমধ্যে অর্জ্জুনের সেই ব্রহ্মাস্ত্র প্রতিহত করিয়াছেন দেখিয়া অসহিষ্ণু ও বলবান্ ভীমসেন ক্রোধে উত্তেজিত হইয়া সত্যপ্রতিজ্ঞ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি মনের সঙ্কল্পে আবিষ্কার্য্য, ভীষণ ও উত্তম ব্রহ্মাস্ত্র জান ইহা লোকে বলে। অতএব সব্যসাচী! তুমি আর একটা ব্রহ্মাস্ত্র প্রয়োগ কর'। ভীম এইরূপ বলিলে, অর্জ্জুন পুনরায় ব্রহ্মাস্ত্র প্রয়োগ করিলেন ॥৮৫—৮৬॥

ততো দিশশ্চ প্রদিশশ্চ সর্বাঃ সমাবৃণোৎ সায়কৈর্ভূরিতেজাঃ।
গাণ্ডীবমুক্তৈর্ভুজগৈরিবোগ্রৈর্দিবাকরাংশুপ্রতিমৈর্জ্বলদ্ভিঃ ॥৮৭॥
সৃষ্টাস্তু বাণা ভরতর্ষভেণ শতং শতানীব সুবর্ণপুঙ্খাঃ।
প্রাচ্ছাদয়ন্ কর্ণরথং ক্ষণেন যুগান্তবহ্ন্যর্ককরপ্রকাশাঃ ॥৮৮॥
ততশ্চ শূলানি পরশ্বধানি চক্রাণি নারাচশতানি চৈব।
নিশ্চক্রমুর্ঘোরতরাণি যোধাস্ততো হ্যহন্যন্ত সমন্ততোঽপি ॥৮৯॥
ছিন্নং শিরঃ কস্যচিদাজিমধ্যে পপাত যোধস্য পরস্য কায়াৎ।
ভয়েন সোঽথাশু পপাত ভূমাবন্যঃ প্রনষ্টঃ পতিতং বিলোক্য ॥৯০॥
অন্যস্য সাসির্নিপপাত কৃত্তো যোধস্য বাহুঃ করিহস্ততুল্যঃ।
অন্যস্য সব্যঃ সহ চর্ম্মণা চ ক্ষুরপ্রকৃত্তঃ পতিতো ধরণ্যাম্ ॥৯১॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রদিশো বিদিশঃ। ভূরিতেজা অর্জ্জুনঃ। জ্বলদ্ভিরুজ্জ্বলৈঃ ॥৮৭॥
সৃষ্টা ইতি। সৃষ্টাঃ ক্ষিপ্তাঃ, ভরতর্ষভেণার্জ্জুনেন, শতং শতানি দশ সহস্রাণি ॥৮৮॥
তত ইতি। অহন্যন্ত তৈঃ শূলাদিভিরেব, সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৮৯॥
ছিন্নমিতি। স ছিন্নশিরাঃ। ভয়েন প্রনষ্টঃ পলায়নাদদর্শনং গতঃ ॥৯০॥
অন্যস্যেতি। সাসিঃ সখড়্গঃ, কৃত্তশ্ছিন্নঃ। করিহস্ততুল্যো হস্তিশুণ্ডাসদৃশঃ ॥৯১॥

তদনন্তর মহাতেজা অর্জ্জুন সর্পের ন্যায় ভীষণ ও সূর্য্যকিরণতুল্য উজ্জ্বল গাণ্ডীব-নিক্ষিপ্ত বাণসমূহদ্বারা সমস্ত দিক্ ও বিদিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৮৭॥

স্বর্ণপুঙ্খ এবং প্রলয়কালীন অগ্নি ও সূর্য্যকিরণের ন্যায় উজ্জ্বল অর্জ্জুননিক্ষিপ্ত বাণ সকল যাইয়া দশ সহস্র হইয়াই যেন ক্ষণকালমধ্যে কর্ণের রথখানাকে আচ্ছাদন করিল ॥৮৮॥

আবার অর্জ্জুনের ব্রহ্মাস্ত্র হইতেও অতিদারুণ শূল, পরশু, চক্র ও শত শত নারাচ নির্গত হইতে লাগিল; তাহাতেও সকল দিকে কৌরবযোদ্ধারা নিহত হইতে থাকিলেন ॥৮৯॥

যুদ্ধমধ্যে কোন বিপক্ষ যোদ্ধার মস্তক ছিন্ন হইয়া দেহ হইতে পতিত হইল; তৎক্ষণাৎ সে ভূতলে পড়িয়া গেল এবং তাহাকে পতিত দেখিয়া অন্য কোন সৈন্য ভয়ে পলায়ন করিয়া অদৃশ্য হইল ॥৯০॥

অপর যোদ্ধার হস্তিশুণ্ডতুল্য দক্ষিণ বাহু ছিন্ন হইয়া তরবারির সহিত পতিত

(৮৮)···প্রাচ্ছাদয়ৎ কর্ণরথম্···বর্দ্ধ সো।

এবং সমস্তানপি যোধমুখ্যান্ বিধ্বংসয়ামাস কিরীটমালী।
শরৈঃ শরীরান্তকরৈঃ সুঘোরৈর্দৌর্য্যোধনং সৈন্যমশেষমেব ॥৯২॥
বৈকর্ত্তনেনাপি তথাজিমধ্যে সহস্রশো বাণগণা বিসৃষ্টাঃ।
তে ঘোষিণঃ পাণ্ডবমভ্যুপেয়ুঃ পর্জ্জন্যমুক্তা ইব বারিধারাঃ ॥৯৩॥
স ভীমসেনঞ্চ জনার্দ্দনঞ্চ কিরীটিনঞ্চাপ্যমনুষ্যকর্ম্মা।
ত্রিভিস্ত্রিভির্ভীমবলোঽভিহত্য ননাদ ঘোরং মহতা স্বরেণ ॥৯৪॥
স কর্ণবাণাভিহতঃ কিরীটী ভীমং তদা প্রেক্ষ্য জনার্দ্দনঞ্চ।
অমৃষ্যমাণঃ পুনরেব পার্থঃ শরান্ দশাষ্টৌ চ সমুদ্ববর্হ ॥৯৫॥
সুষেণমেকেন শরেণ বিদ্ধা শল্যং চতুর্ভিস্ত্রিভিরেব কর্ণম্।
ততঃ সুমুক্তৈর্দশভির্জঘান সভাপতিং কাঞ্চনবর্ম্মনদ্ধম্ ॥৯৬॥

ভারতকৌমুদী

এবমিতি। কিরীটমালী অর্জ্জুনঃ। দুর্য্যোধনস্যেদং দৌর্য্যোধনম্ ॥৯২॥
বৈকর্ত্তেতি। বৈকর্ত্তনেন কর্ণেন। ঘোষিণঃ শব্দায়মানাঃ। পর্জ্জন্যো মেঘঃ ॥৯৩॥
স ইতি। অমনুষ্যকর্ম্মা অলৌকিককার্য্যকারী কর্ণঃ। মহতা উচ্চেন ॥৯৪॥
স ইতি। ভীমং জনার্দ্দনঞ্চাভিহতমিতি শেষঃ। সমুদ্ববর্হ চিক্ষেপ ॥৯৫॥
সুষেণমিতি। সুমুক্তৈঃ সম্যক্ ক্ষিপ্তৈঃ। সভাপতিং নাম ॥৯৬॥

হইল; আবার অন্য যোদ্ধার বাম বাহু ক্ষুরপ্র অস্ত্রে খণ্ডিত হইয়া চর্ম্মের সহিত ভূতলে পড়িয়া গেল ॥৯১॥

এইভাবে অর্জ্জুন শরীরনাশক অতিদারুণ বাণসমূহদ্বারা দুর্য্যোধনের সমস্ত প্রধান যোদ্ধাকে এবং প্রায় সকল সৈন্যকে বিধ্বস্ত করিলেন ॥৯২॥

আবার কর্ণনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণও মেঘমুক্ত জলধারার ন্যায় শব্দ করিতে করিতে যাইয়া পাণ্ডবপক্ষে পড়িতে লাগিল ॥৯৩॥

ক্রমে অলৌকিককার্য্যকারী ও ভীষণবলশালী কর্ণ তিন তিনটা বাণদ্বারা ভীমসেন, কৃষ্ণ ও অর্জ্জুনকে আহত করিয়া উচ্চস্বরে ভয়ঙ্কর গর্জন করিলেন ॥৯৪॥

তখন অর্জ্জুন কর্ণের বাণে আহত হইয়া এবং ভীম ও কৃষ্ণকে আহত দেখিয়া তাহা সহ্য করিতে না পারিয়া পুনরায় আঠারটা বাণ নিক্ষেপ করিলেন ॥৯৫॥

অর্জ্জুন তাহার একবাণে সুষেণকে, চারি বাণে শল্যকে এবং তিন বাণে কর্ণকে বিদ্ধ করিয়া পরে সম্যক্ নিক্ষিপ্ত দশটা বাণদ্বারা স্বর্ণবর্ম্মধারী 'সভাপতি'-নামক এক রাজপুত্রকে বধ করিলেন ॥৯৬॥

(৯৪) ততঃ স কৃষ্ণঞ্চ কিরীটিনঞ্চ বৃকোদরঞ্চাপ্রতিমপ্রভাবঃ···বা সো। (৯৬) স কেতুমেকেন···বা সো।

স রাজপুত্রো বিশিরা বিবাহুর্বিবাজিসূতো বিধনুর্বিকেতুঃ।
হতো রথাগ্রাদপতৎ স রুগ্ণঃ পরশ্বধৈঃ শাল ইবাবকৃত্তঃ ॥৯৭॥
পুনশ্চ কর্ণং ত্রিভিরষ্টভিশ্চ দ্বাভ্যাং চতুর্ভির্দশভিশ্চ বিদ্ধা।
চতুঃশতান্ দ্বিরদান্ সায়ুধীয়ান্ হত্বা রথানষ্টশতং জঘান ॥৯৮॥
সহস্রমশ্বাংশ্চ পুনঃ সসাদীনষ্টৌ সহস্রাণি চ পত্তিবীরান্।
কর্ণং সসূতং সরথাশ্বকেতুমদৃশ্যমঞ্জোগতিভিশ্চ চক্রে ॥৯৯॥
ততোঽক্রোশন্ কুরবো বধ্যমানা ধনঞ্জয়েনাধিরথিং সমন্তাৎ।
বিমুঞ্চ বাণান্ জহি পাণ্ডুপুত্রং বাণৈঃ পুরা হন্তি কুরূন্ সমগ্রান্ ॥১০০॥
স চোদিতঃ সর্ব্বযত্নেন কর্ণো মুমোচ বাণান্ সুবহূনভীক্ষ্ণম্।
তে পাণ্ডুপাঞ্চালগণান্ নিজঘ্নুর্মর্ম্মচ্ছিদঃ শোণিতপাঃ সুমুক্তাঃ ॥১০১॥

ভারতকৌমুদী

স ইতি। বিগতং শিরো যস্য স ইত্যাদিবিগ্রহঃ। রুগ্ণো বায়ুভগ্নঃ, অবকৃত্তশ্ছিন্নো বা ॥৯৭॥ পুনরিতি। আয়ুধীয়ৈরস্ত্রধারিভিঃ সহেতি তান্। জঘান কিরীটীত্যনুবৃত্তিঃ ॥৯৮॥ সহস্রমিতি। সসাদীন্ আরোহিসহিতান্। অঞ্জোগতিভির্দ্রুতগামিভির্বাণৈঃ ॥৯৯॥ তত ইতি। অক্রোশন্ আহ্বয়াবদন্। আধিরথিং কর্ণম্। পুরা পরস্মিন্ কালে ॥১০০॥ স ইতি। চোদিতঃ কুরুভিঃ প্রেরিতঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। শোণিতপা রক্তপায়িনঃ ॥১০১॥

মস্তক, বাহু, অশ্ব, সারথি, ধনু ও ধ্বজ ছিন্ন হইলে, সেই নিহত রাজপুত্র সভাপতি—বায়ুভগ্ন বা পরশুচ্ছিন্ন শালবৃক্ষের ন্যায় রথ হইতে পতিত হইলেন ॥৯৭॥

অর্জ্জুন পুনরায় তিন, আট, দুই, চারি ও দশটা বাণে কর্ণকে বিদ্ধ করিয়া অস্ত্রধারী আরোহীদের সহিত চারিশত হস্তী ও আটশত রথ বিনাশ করিলেন ॥৯৮॥

আবার তিনি আরোহীদের সহিত সহস্র অশ্ব ও অষ্ট সহস্র পদাতি বধ করিলেন এবং দ্রুতগামী বাণসমূহদ্বারা সারথি, রথ, অশ্ব ও ধ্বজের সহিত কর্ণকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৯৯॥

অর্জ্জুন এইভাবে বধ করিতে লাগিলে, কৌরবসৈন্যেরা সকল দিক্ হইতে কর্ণকে বলিল—'কর্ণ! অর্জ্জুন বাণদ্বারা ইহার পরে সমস্ত কৌরবসৈন্য সংহার করিবেন। অতএব আপনি বাণক্ষেপ করুন এবং অর্জ্জুনকে বধ করুন' ॥১০০॥

কৌরবসৈন্যেরা এইরূপ বলিলে, কর্ণ সর্বপ্রযত্নে বার বার বহুতর বাণক্ষেপ

(১০০)···প্রমুঞ্চ বাণান্···পি,···মুক্তাভিবিধ্যার্জ্জুনমাশু কর্ণ!···বা সে°। (১০১)··· সুবহূনসহ্যান্···পি।

তাবুত্তমৌ সর্বধনুর্দ্ধরাণাং মহাবলৌ সর্বসপত্নসাহৌ।
নিজঘ্নতুশ্চাহিতসৈন্যমুগ্রাবন্যোন্যমপ্যস্ত্রবিদৌ মহাস্ত্রৈঃ ॥১০২॥
অথোপযাতস্ত্বরিতো দিদৃক্ষুর্মন্ত্রৌষধিভ্যাং বিরুজো বিশল্যঃ।
কৃতঃ সুহৃদ্ভির্ভিষজাং বরিষ্ঠৈর্যুধিষ্ঠিরস্তত্র সুবর্ণবর্ম্মা ॥১০৩॥
তত্রোপযাতং যুধি ধর্ম্মরাজং দৃষ্ট্বা মুদা সর্বভূতান্যনন্দন্।
রাহোর্বিমুক্তং বিমলং সমগ্রং চন্দ্রং যথৈবাভ্যুদিতং তথৈব ॥১০৪॥
দৃষ্ট্বা তু মুখ্যাবথ যুধ্যমানৌ দিদৃক্ষবঃ শূরবরাবরিঘ্নৌ।
কর্ণঞ্চ পার্থঞ্চ নিয়ম্য বাহান্ খস্থা মহীস্থাশ্চ জনা বিতস্থুঃ ॥১০৫॥

ভারতকৌমুদী

তাবিতি। সর্ব্বান্ সপত্নান্ শত্রূন্ সহেতে ইতি তৌ। কর্ম্মণ্যণ্। অহিতঃ শত্রুঃ ॥১০২॥

অথেতি। দিদৃক্ষুঃ কর্ণার্জ্জুনয়োর্যুদ্ধং দ্রষ্টুমিচ্ছুঃ। বিগতা রুজা রোগো বেদনা যস্য সঃ, বিগতানি শল্যানি বাণাগ্রাদীনি যস্মাৎ সঃ। সুবর্ণস্য বর্ম্ম যস্য সঃ ॥১০৩॥

তত্রেতি। মুদা হর্ষেণ দৃষ্ট্বা, সর্ব্বভূতানি পাণ্ডবপক্ষীয়াঃ সর্বে জনাঃ ॥১০৪॥

দৃষ্ট্বেতি। মুখ্যৌ যোদ্ধশ্রেষ্ঠৌ। দিদৃক্ষবো দ্রষ্টুমিচ্ছবঃ। নিয়ম্য সংস্থাপ্য, বাহান্ বিমানরথাশ্বাদীনি যানানি, খস্থা আকাশগতাঃ। বিতস্থুঃ অবতস্থিরে ॥১০৫॥

করিলেন। তখন মর্ম্মচ্ছেদী, রক্তপায়ী ও সম্যক্ নিক্ষিপ্ত সেই বাণ সকল যাইয়া পাণ্ডব ও পাঞ্চালসৈন্য বধ করিতে লাগিল ॥১০১॥

সর্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ, মহাবল, সর্ব শত্রুর বেগসহনক্ষম, উগ্রমূর্ত্তি ও অস্ত্রজ্ঞ কর্ণ ও অর্জ্জুন ভীষণ ভীষণ অস্ত্রদ্বারা পরস্পর শত্রুসৈন্য সংহার করিতে লাগিলেন ॥১০২॥

তাহার পর যুধিষ্ঠির স্বর্ণময় বর্ম্ম ধারণ করিয়া কর্ণ ও অর্জ্জুনের যুদ্ধ দর্শন করিবার জন্য সত্বর সেই স্থানে আগমন করিলেন। পূর্ব্বেই প্রীতিভাজন শ্রেষ্ঠ চিকিৎসকগণ মন্ত্র ও ঔষধদ্বারা তাঁহার গাত্র হইতে শল্য (অস্ত্রের অগ্রভাগ) উত্তোলনপূর্বক সমস্ত বেদনার উপশম করিয়া দিয়াছিলেন ॥১০৩॥

তখন রাহুর মুখ হইতে নির্গত নির্ম্মল উদিত পূর্ণচন্দ্রের ন্যায় রণস্থলে সমাগত যুধিষ্ঠিরকে দেখিয়া সমস্ত লোক আনন্দিত হইল ॥১০৪॥

ক্রমে যোদ্ধশ্রেষ্ঠ, বীরবর ও শত্রুহন্তা কর্ণ ও অর্জ্জুনকে যুদ্ধ করিতে দেখিয়া আকাশবর্ত্তী ও ভূতলস্থিত লোকেরা পরবর্ত্তী অবস্থা দেখিবার জন্য আপন আপন যানবাহন থামাইয়া অবস্থান করিতে লাগিল ॥১০৫॥

(১০৩) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'নাসত্যদস্রাত্রিসুতোহ্বয়বাদ্যৈরষ্টাঙ্গবিজ্ঞামনমুদ্বহদ্ভিঃ। আবদ্ধপট্টপ্রণবঞ্চ চেতা যথা সুরেশো দিতিজৈঃ ক্ষতাঙ্গঃ॥' এষ শ্লোকোঽধিকঃ বা সো।

স কার্ম্মুকজ্যাতলসন্নিপাতঃ সুমুক্তবাণস্তুমুলো বভুব।
ঘ্নতোস্তথান্যোন্যমিষুপ্রবেকৈর্ধনঞ্জয়স্যাধিরথেশ্চ রাজন্! ॥১০৬॥
ততো ধনুর্জ্যা সহসাতিকৃষ্টা সঘোষমচ্ছিদ্যত পাণ্ডবস্য।
তস্মিন্ ক্ষণে সূতপুত্রস্তু পার্থং সমাচিনোৎ ক্ষুদ্রকাণাং শতেন ॥১০৭॥
নির্ম্মুক্তসর্পপ্রতিমৈশ্চ তীক্ষ্ণৈস্তৈলপ্রধৌতৈঃ খগপত্রবাজৈঃ।
ষষ্ট্যা নারাচৈর্বাসুদেবং বিভেদ তদন্তরং প্রাদ্রবন্ সোমকাশ্চ ॥১০৮॥
প্রাচ্ছাদয়ংস্তে নিশিতৈঃ পৃষৎকৈর্জীমূতসংঘা নভসীব সূর্য্যম্।
আগচ্ছতস্তান্ বিশিখৈরনেকৈর্ব্যষ্টম্ভয়ৎ সূতপুত্রঃ কৃতাস্ত্রঃ ॥১০৯॥
তৈরস্ত্রমস্ত্রৈর্বিনিহত্য সর্বং জঘান তেষাং রথবাজিনাগান্।
তথা তু সৈন্যপ্রবরাংস্তু রাজন্নভ্যর্দ্দয়ন্মার্গণৈঃ সূতপুত্রঃ ॥১১০॥

ভারতকৌমুদী

স ইতি। কার্ম্মুকয়োঃ জ্যয়োর্গুণয়োঃ তলয়োর্হস্তাবরণয়োশ্চ সন্নিপাতঃ সংঘর্ষঃ। ঘ্নতোঃ প্রহরতোঃ, ইষুপ্রবেকৈর্বাণশ্রেষ্ঠৈঃ, আধিরথেঃ কর্ণস্য ॥১০৬॥

তত ইতি। ধনুষো জ্যা গুণঃ, সঘোষং সশব্দম্। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥১০৭॥

নিরিতি। নির্ম্মুক্তাশ্চর্ম্মণো নির্গতাঃ সর্পাঃ প্রতিমা উপমা যেষাং তৈঃ, তৈলৈঃ প্রধৌতৈর্মার্জ্জিতৈঃ, খগপত্রাণি পক্ষিপক্ষা এব বাজাঃ পক্ষা যেষু তৈঃ ॥১০৮॥

প্রেতি। পৃষৎকৈর্বাণৈঃ, জীমূতসংঘা মেঘসমূহাঃ। ব্যষ্টম্ভয়ৎ অস্তম্ভয়ৎ ॥১০৯॥

তৈরিতি। তেষাং সোমকানাম। মার্গণৈর্বাণৈঃ, সূতপুত্রঃ কর্ণঃ ॥১১০॥

রাজা! তৎকালে কর্ণ ও অর্জ্জুন উত্তম উত্তম বাণদ্বারা সেইভাবে পরস্পর প্রহার করিতে লাগিলে, তাঁহাদের ধনু, গুণ ও হস্তাবরণের তুমুল সংঘর্ষ হইতে লাগিল এবং সুষ্ঠুভাবে বাণ সকল নিক্ষিপ্ত হইতে থাকিল ॥১০৬॥

তদনন্তর অর্জ্জুন গাণ্ডীবধনুর গুণ অত্যন্ত আকর্ষণ করিলে, তৎক্ষণাৎ তাহা শব্দসহকারে ছিন্ন হইল। সেই অবসরে কর্ণ বহুতর ক্ষুদ্রক-(বাণবিশেষ) দ্বারা অর্জ্জুনকে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥১০৭॥

এবং তিনি চর্ম্মনির্ম্মুক্ত সর্পের তুল্য, তীক্ষ্ণ, তৈলমার্জিত ও পক্ষিপক্ষযুক্ত ষাটটা নারাচদ্বারা কৃষ্ণকে বিদীর্ণ করিলেন; সেই সময়ে সোমকেরা কর্ণের দিকে ধাবিত হইল ॥১০৮॥

ক্রমে আকাশে মেঘসমূহ যেমন সূর্য্যকে আবৃত করে, তেমন সোমকেরা সুধার বাণসমূহে কর্ণকে আবৃত করিল এবং সেইভাবে তাহারা আসিতে লাগিলে, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত কর্ণ অনেক বাণদ্বারা তাহাদিগকে রুদ্ধ করিলেন ॥১০৯॥

তৈরস্তমস্ত্রঞ্চ নিহত্য সর্বম্…পি।

তে ভিন্নদেহা ব্যসবো নিপেতুঃ কর্ণেষুভির্ভূমিতলে স্তনন্তঃ।
ক্রুদ্ধেন সিংহেন যথা শ্বযূথ্যা মহাবলা ভীমবলেন তদ্বৎ ॥১১১॥
পুনশ্চ পাঞ্চালবরাস্তথান্যে তদন্তরে কর্ণধনঞ্জয়াভ্যাম্।
প্রস্কন্দন্তো বলিনঃ সাধু মুক্তৈঃ কর্ণেন বাণৈর্নিহতাঃ প্রসহ্য ॥১১২॥
জয়ন্তু মত্বা বিপুলং ত্বদীয়াস্তলান্ নিজঘ্নুঃ সিংহনাদাংশ্চ নেদুঃ।
সর্ব্বে হ্যমন্যন্ত বশে কৃতৌ তৌ কর্ণেন কৃষ্ণাবিতি তে বিমর্দ্দে ॥১১৩॥
ততো ধনুর্জ্যামবনাম্য শীঘ্রং শরানস্তানাধিরথেবিধম্য।
সুসংরব্ধঃ কর্ণশরক্ষতাঙ্গো রণে পার্থঃ কৌরবান্ প্রত্যগৃহ্ণাৎ ॥১১৪॥

ভারতকৌমুদী

ত ইতি। ভিন্নদেহা বিদীর্ণশরীরাঃ, ব্যসবো বিগতপ্রাণাঃ। স্তনন্ত আর্ত্তনাদং কুর্ব্বন্তঃ। শ্বযূথ্যাঃ কুক্কুরসমূহপ্রধানাঃ, ভীমবলেন সিংহেন ॥১১১॥

পুনরিতি। কর্ণধনঞ্জয়াভ্যাং কর্ণধনঞ্জয়য়োঃ, অন্তরে মধ্যদেশে, প্রস্কন্দন্তঃ সাহসাদাগচ্ছন্তঃ, সাধু সম্যক্, মুক্তৈঃ ক্ষিপ্তৈঃ। প্রসহ্য বলেন ॥১১২॥

জয়মিতি। তলান্ করতলানি নিজঘ্নুঃ করতলধ্বনিং চক্রুঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১১৩॥

রাজা! পরে কর্ণ সেই সকল অস্ত্রদ্বারা তাহাদের অস্ত্র প্রতিহত করিয়া তাহাদের হস্তী, অশ্ব ও রথ বিনাশ করিতে লাগিলেন এবং বাণদ্বারা প্রধান প্রধান সৈন্যকে পীড়ন করিতে থাকিলেন ॥১১০॥

তখন ভীষণবলশালী ক্রুদ্ধ সিংহের আঘাতে মহাবল কুকুরসমূহের ন্যায় সোমকেরা কর্ণের বাণে বিদীর্ণদেহ হইয়া আর্ত্তনাদ করিতে থাকিয়া প্রাণশূন্য অবস্থায় ভূতলে পতিত হইতে লাগিল ॥১১১॥

বলবান্ প্রধান প্রধান অন্য পাঞ্চালযোদ্ধা কর্ণ ও অর্জ্জুনের মধ্যদেশে পুনরায় যাইয়া উপস্থিত হইলে, কর্ণ বলপূর্ব্বক সম্যক্‌ভাবে বাণক্ষেপ করিয়া তাহাদিগকে বধ করিলেন ॥১১২॥

মহারাজ! এই সময়ে আপনার পক্ষের লোকেরা বিপুল জয়লাভ হইয়াছে মনে করিয়া করতলধ্বনি ও সিংহনাদ করিতে লাগিল এবং তাহারা সকলে মনে করিল যে, কর্ণ যুদ্ধে কৃষ্ণ ও অর্জুনকে বশীভূত করিয়াছেন ॥১১৩॥

তাহার পর কর্ণের বাণে ক্ষত-বিক্ষত-দেহ অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া ধনুর গুণ যোজনপূর্ব্বক আকর্ষণ এবং সত্বর কর্ণনিক্ষিপ্ত বাণ সকল বিনাশ করিয়া যুদ্ধে কৌরবগণকে গ্রহণ করিলেন ॥১১৪॥

(১১১)…ভূমিতলে স্বনন্তঃ…বা সো। (১১৩)…কর্ণেন কৃষ্ণাবিতি কৌরবেন্দ্র!—পি।

জ্যাঞ্চানুমৃজ্যাভ্যহনত্তলত্রে বাণান্ধকারানকরোৎ ক্ষণেন।
শল্যঞ্চ কর্ণঞ্চ কুরূংশ্চ সর্বান্ বাণৈরবিধ্যদ্‌যুগপৎ কিরীটী ॥১১৫॥
ন পক্ষিণো ব্যপতন্নন্তরীক্ষে ক্ষেপীয়সাস্ত্রেণ কৃতান্ধকারে।
বায়ুর্বিয়দ্‌স্থৈরীরিতো ভূতসংঘৈরুবাহ দিব্যঃ সুরভিস্তদানীম্ ॥১১৬॥
শল্যস্তু পার্থো দশভিঃ পৃষৎকৈর্ভৃশং তনুত্রে প্রহসন্নবিধ্যৎ।
ততঃ কর্ণং দ্বাদশভিঃ সুমুক্তৈর্বিদ্ধা পুনঃ সপ্তভিরভ্যবিধ্যৎ ॥১১৭॥
স পার্থবাণাসনবেগমুক্তৈর্দৃঢ়াহতঃ পত্রিভিরুগ্রবেগৈঃ।
বিভিন্নগাত্রঃ ক্ষতজোক্ষিতাঙ্গঃ কর্ণো বভৌ রুদ্র ইবাততেষুঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অবনাম্য যোজয়িত্বাকৃষ্য। অস্তান্ ক্ষিপ্তান্, বিধম্য বিনাশ্য ॥১১৪॥

জ্যামিতি। জ্যাং ধনুর্গুণম্। তলত্রে হস্তাবরণে, অভ্যহনৎ ক্ষেপকালে ॥১১৫॥

নেতি। ব্যপতন্ ব্যচরন্, ক্ষেপীয়সা ক্ষিপ্রগামিনা। বিয়দ্‌স্থৈরাকাশবর্ত্তিভিঃ, ভূতসংঘৈর্দেবাদিভিঃ প্রাণিগণৈঃ, ঈরিতশ্চালিতঃ, উবাহ বহতি স্ম ॥১১৬॥

শল্যমিতি। পৃষৎকৈর্বাণৈঃ, তনুত্রে বর্ম্মণি। সুমুক্তৈঃ পৃষৎকৈরিত্যনুবৃত্তিঃ ॥১১৭॥

স ইতি। পার্থবাণাসনেন অর্জ্জুনধনুষা বেগেন মুক্তৈঃ ক্ষিপ্তৈঃ, পত্রিভির্বাণৈঃ। বিভিন্নগাত্রো বিদীর্ণদেহঃ, ক্ষতজোক্ষিতাঙ্গো রক্তসিক্তাঙ্গঃ। আততেষুঃ ক্ষেপায় বিস্তৃতবাণঃ ॥১১৮॥

পরে অর্জুন ধনুর গুণ মার্জনা করিয়া হস্তাবরণে আঘাত করিলেন এবং ক্ষণকালমধ্যে বাণে বাণে অন্ধকার করিয়া ফেলিলেন, আর একদাই বাণদ্বারা কর্ণ, শল্য ও সমস্ত কৌরবযোদ্ধাকে বিদ্ধ করিলেন ॥১১৫॥

দ্রুতগামী অর্জুনের অস্ত্র অন্ধকার করিয়া ফেলিলে, পক্ষিগণ আকাশে বিচরণ করিতে লাগিল না এবং তৎকালে আকাশবর্ত্তী প্রাণিগণের প্রবর্ত্তিত স্বর্গীয় সুগন্ধি বায়ু বহিতে লাগিল ॥১১৬॥

অর্জুন হাস্য করতঃ দশটা বাণদ্বারা গুরুতরভাবে শল্যের বর্ম্ম বিদ্ধ করিলেন এবং তৎপরে সুনিক্ষিপ্ত বারটা বাণে কর্ণকে বিদ্ধ করিয়া পুনরায় সাত বাণে তাঁহাকেই তাড়ন করিলেন ॥১১৭॥

অর্জ্জুনকর্ত্তৃক গাণ্ডীবদ্বারা বেগে নিক্ষিপ্ত মহাবেগশালী সেই বাণসমূহে গুরুতর আহত, বিদীর্ণগাত্র ও রক্তসিক্তদেহ হইয়া কর্ণ সংহিতবাণধারী রুদ্রের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥১১৮॥

---

(১১৫)···বাণান্ধকারং সহসা চ চক্রে···সো। (১১৮) ইতঃ পরম্ 'প্রক্রীড়মানশ্চ শ্মশানমধ্যে রৌদ্রে মুহূর্ত্তে রুধিরার্দ্রগাত্রঃ' ইত্যর্দ্ধমধিকং পি বা সো।

ততস্ত্রিভিস্তং ত্রিদশাধিপোপমং শরৈর্বিভেদাধিরথির্ধনঞ্জয়ম্।
শরাংশ্চ পঞ্চ জ্বলিতানিবোরগান্ প্রবেশয়ামাস জিঘাংসুরচ্যুতে॥১১৯॥
তে বর্ম্ম ভিত্ত্বা পুরুষোত্তমস্য সুবর্ণচিত্রা হ্যপতন্ সুমুক্তাঃ।
বেগেন গামাবিবিশুঃ সুবেগাঃ স্নাত্বা চ কর্ণাভিমুখাঃ প্রতীয়ুঃ ॥১২০॥
তান্ পঞ্চ ভল্লৈর্দশভিঃ সুমুক্তৈস্ত্রিধা ত্রিধৈকৈকমথোচ্চকর্ত্ত।
ধনঞ্জয়স্তে ন্যপতন্ পৃথিব্যাং মহাহয়স্তক্ষকপুত্রপক্ষাঃ ॥১২১॥
ততঃ প্রজজ্বাল কিরীটমালী ক্রোধেন কক্ষং প্রদহন্নিবাগ্নিঃ।
তথা বিতুন্নাঙ্গমবেক্ষ্য কৃষ্ণং সর্পেষুভিঃ কর্ণভুজপ্রসৃষ্টৈঃ ॥১২২॥

ভারতকৌমুদী

তত ইতি। ত্রিদশাধিপোপমম্ ইন্দ্রতুল্যম্। অচ্যুতে কৃষ্ণাঙ্গে ॥১১৯॥

তে ইতি। সুবর্ণচিত্রাঃ স্বর্ণখচিততয়া বিচিত্রাঃ। গাং ভূমিম্। স্নাত্বা পাতালগঙ্গায়ামিত্যাশয়ঃ, প্রতীয়ুঃ প্রত্যাজগ্মুঃ মহাহিসমাবেশাৎ প্রত্যাগমনং কর্ত্তুমারেভিরে ইত্যর্থঃ ॥১২০॥

তানিতি। উচ্চকর্ত্ত চিচ্ছেদ। মহাহয়ো মহাসর্পাঃ। পরস্তাদেতৎ স্ফুটীভবিষ্যতি ॥১২১॥

তত ইতি। কিরীটমালী অর্জ্জুনঃ, কক্ষং শুষ্কতৃণম্। বিতুন্নাঙ্গং ব্যথিতাঙ্গম্ ॥১২২॥

ভারতভাবদীপঃ

আত্মনো নরস্য চাৎ নারায়ণস্য চ ইহ ভূমৌ প্রয়োজনং ভূভারাবতরণং বিদিত্বা স্মৃত্বা ॥৮২—১১৯॥ স্নাত্বেত্যনেন পাতালগঙ্গায়াস্তলং প্রাপ্য তদভিঘাতেন পরাবৃত্তা ইত্যর্থঃ ॥১২০॥ তক্ষকপুত্রপক্ষা ইতি তে সর্ব্ববাণাঃ অশ্বসেনপ্রযুক্তাঃ ॥১২১—১৩১॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫॥

তদনন্তর কর্ণ তিনটা বাণদ্বারা ইন্দ্রতুল্য অর্জ্জুনকে বিদারণ করিলেন এবং বধ করিবার ইচ্ছা করিয়া সর্পের ন্যায় উজ্জ্বল পাঁচটা বাণ কৃষ্ণের শরীরে প্রবেশ করাইলেন ॥১১৯॥

স্বর্ণখচিত ও সুনিক্ষিপ্ত সেই বাণগুলি বেগে যাইয়া কৃষ্ণের বর্ম্ম ভেদ করিয়া পতিত হইল এবং বেগে ভূতলে প্রবেশ করিল, তথা হইতে পাতালগঙ্গায় স্নান করিয়া আবার কর্ণের অভিমুখে আগমন করিতে লাগিল ॥১২০॥

তখন অর্জ্জুন সুনিক্ষিপ্ত দশটা ভল্লদ্বারা সেই পাঁচটা বাণের প্রত্যেকটাকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন; তখন (কর্ণবাণাধিষ্ঠিত) তক্ষকপুত্র অশ্বসেনের পক্ষবর্ত্তী সেই পঞ্চ মহাসর্প ভূতলে পতিত হইল ॥১২১॥

---

(১১৯)···প্রবেরয়ামাস জিঘাংসুরচ্যুতম্—পি বর্দ্ধ।

স কর্ণমাকর্ণবিকৃষ্টসৃষ্টৈঃ শরৈঃ শরীরান্তকরৈর্জ্বলদ্ভিঃ।
মর্ম্মস্ববিধ্যৎ স চচাল দুঃখাদ্ধৈর্য্যাত্তু তস্থাবতিমাত্রধৈর্য্যঃ ॥১২৩॥
ততঃ শরৌঘৈঃ প্রদিশো দিশশ্চ রবিপ্রভা কর্ণরথশ্চ রাজন্!।
অদৃশ্য আসীৎ কুপিতে ধনঞ্জয়ে তুষারনীহারবৃতং যথা নভঃ ॥১২৪॥
স চক্ররক্ষানথ পাদরক্ষান্ পুরঃসরান্ পৃষ্ঠগোপাংশ্চ সর্বান্।
দুর্য্যোধনস্যানুমতান্ বরিষ্ঠান্ সমুচ্ছ্রিতান্ রথিনঃ সারভূতান্ ॥১২৫॥
দ্বিসাহস্রান্ সমরে সব্যসাচী কুরুপ্রবীরানৃষভঃ কুরূণাম্।
ক্ষণেন সর্বান্ সরথাশ্বসূতান্ নিনায় রাজন্! ক্ষয়মেকবীরঃ ॥১২৬॥

(যুগ্মকম্)

অথো পলায়ন্ত বিহায় কর্ণং তবাত্মজাঃ কুরবশ্চাবশিষ্টাঃ।
হতানবাকীর্য্য শরক্ষতাংশ্চ লালপ্যমানাংস্তনয়ান্ পিতৄংশ্চ ॥১২৭॥

ভারতকৌমুদী

স ইতি। আকর্ণং বিকৃষ্টেনাকৃষ্টেন ধনুষা সৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ। স কর্ণঃ, দুঃখাৎ বেদনাতঃ। তস্থৌ যথাস্থানমেব, অতিমাত্রং ধৈর্য্যং যস্য সঃ ॥১২৩॥

তত ইতি। প্রদিশো বিদিশঃ। তুষারা বিন্দুভূতা যে নীহারাস্তৈর্বৃতম্ ॥১২৪॥

স ইতি। পৃষ্ঠগোপান্ পৃষ্ঠরক্ষকান্। অনুমতান্ অনুমত্যা তত্তৎস্থানগতান্। সমুচ্ছ্রিতান্ উন্নতান্, সারভূতান্ গণশ্রেষ্ঠান্। ঋষভঃ শ্রেষ্ঠঃ ॥১২৫—১২৬॥

তাহার পর অর্জ্জুন কর্ণবাহুনিক্ষিপ্ত সর্পবাণে কৃষ্ণের অঙ্গ সকল সেইরূপ ব্যথিত হইয়াছে দেখিয়া শুষ্কতৃণদাহী অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥১২২॥

পরে অর্জ্জুন ধনুখানা কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত দেহনাশক উজ্জ্বল বাণসমূহদ্বারা কর্ণের সমস্ত মর্ম্মস্থান বিদ্ধ করিলেন। তখন কর্ণ বেদনায় বিচলিত হইলেন বটে, কিন্তু অত্যন্তধৈর্য্যশালী বলিয়া ধৈর্য্যগুণে স্বস্থানেই থাকিলেন ॥১২৩॥

রাজা! অর্জ্জুন কুপিত হইলে, তাঁহার বাণসমূহে—হিমবিন্দুসমাবৃত আকাশের ন্যায় দিক্, বিদিক্, সূর্য্যের প্রভা ও কর্ণের রথ এ সমস্তই অদৃশ্য হইয়া গেল ॥১২৪॥

রাজা! ক্রমে কৌরবশ্রেষ্ঠ ও অদ্বিতীয় বীর অর্জ্জুন দুর্য্যোধনের অনুমতিক্রমে অবস্থিত কর্ণের চক্ররক্ষক, পাদরক্ষক, অগ্রগামী ও পৃষ্ঠরক্ষক দ্বিসহস্রসংখ্যক শ্রেষ্ঠ, উন্নত ও গণপ্রধান রথারোহী কৌরবপ্রবীরকে তাঁহাদের রথ, অশ্ব ও সারথির সহিত ক্ষণকালমধ্যে বিনাশ করিলেন ॥১২৫—১২৬॥

(১২৩) দুঃখাদ্দৈবাদবাতিষ্ঠত ধৈর্য্যবুদ্ধিঃ—বা সো। (১২৫)...দুর্য্যোধনেনানুমতানরিষ্টঃ সমুদ্ধতান্ সরথান্ সারভূতান্...বা সো।

সর্বে প্রণেশুঃ কুরবো বিভগ্নাঃ পার্থেষুভিঃ সংপরিতপ্যমানাঃ।
সুযোধনেনাথ পুনর্বরিষ্ঠাঃ প্রচোদিতাঃ কর্ণরথানুযানে ॥১২৮॥
ভোঃ ক্ষত্রিয়াঃ! শূরতমাস্থ সর্বে ক্ষত্রে চ ধর্ম্মে নিরতাঃ স্থ যূয়ম্।
ন যুক্তরূপং ভবতাং সমীপাৎ পলায়নং কর্ণমতিপ্রহায় ॥১২৯॥
তবাত্মজেনাপি তথোচ্যমানা নৈবাবতিষ্ঠন্ত ভয়াদ্বিবর্ণাঃ।
ক্ষণেন নষ্টাঃ প্রদিশো দিশশ্চ সর্বে ততঃ প্রেক্ষ্য দিশো বিশূন্যাঃ ॥১৩০॥
ভয়াবদীর্ণৈঃ কুরুভির্বিহীনঃ পার্থেষুভিঃ সংপরিতপ্যমানঃ।
ন বিব্যথে ভারত! তত্র কর্ণঃ প্রতীপমেবার্জ্জুনমভ্যধাবৎ ॥১৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
কর্ণার্জ্জুনযুদ্ধে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথো ইতি। অবাকীর্য্য বিহায়, লালপ্যমানান্ পুনঃ পুনর্বিলপতঃ ॥১২৭॥
সর্ব ইতি। প্রণেশুরদর্শনং জগ্মুঃ। প্রচোদিতা আদিষ্টাঃ ॥১২৮॥
ভো ইতি। সমীপাৎ কর্ণস্যৈব। অতিপ্রহায় অতিশয়েন পরিত্যজ্য ॥১২৯॥
তবেতি। অবতিষ্ঠন্তেতি অড়াগমাভাব আর্ষঃ। নষ্টা অদর্শনং গতাঃ ॥১৩০॥

মহারাজ! তাহার পর আপনার পুত্রেরা এবং হতাবশিষ্ট কৌরবেরা কর্ণকে পরিত্যাগ করিয়া এবং নিহত ও শরবিক্ষত বিলাপকারী পুত্রগণ ও পিতৃগণকে ফেলিয়া পলায়ন করিতে লাগিলেন ॥১২৭॥

ক্রমে কৌরবেরা সকলে অর্জ্জুনের বাণে সন্তপ্ত ও ভগ্ন হইয়া অদৃশ্য হইলেন। তাহার পর দুর্য্যোধন প্রধান প্রধান কৌরবকে পুনরায় কর্ণরথের অনুসরণ করিবার জন্য আদেশ করিলেন (বলিলেন—) ॥১২৮॥

'ক্ষত্রিয়গণ! আপনারা সকলেই প্রধান বীর এবং ক্ষত্রিয়ধর্ম্মে নিরত। সুতরাং একেবারে কর্ণকে পরিত্যাগ করিয়া তাঁহার নিকট হইতে আপনাদের পলায়ন করা সঙ্গত হইতেছে না' ॥১২৯॥

দুর্য্যোধন সেরূপ বলিলেও বিবর্ণবদন কৌরবেরা ভয়ে অবস্থানই করিলেন না। তাঁহারা সকলে দিক্ সকল শূন্য দেখিয়া ক্ষণকালমধ্যেই দিক্-বিদিকে অদৃশ্য হইয়া গেলেন ॥১৩০॥

(১২৮) এতে ত্রয়ঃ শ্লোকাঃ পি বঙ্গ বৰ্দ্ধ বা সো ন সন্তি। (১৩১) স সর্বতঃ প্রেক্ষ্য দিশো বিশূন্যা ভয়াবদীর্ণৈঃ কুরুভির্বিহীনঃ···পি বঙ্গ বৰ্দ্ধ বা সো। * '···সপ্তাশীতিতমো-ঽধ্যায়ঃ' পি, '···উননবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ বা সো।

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

ততোঽপযাতাঃ শরপাতমাত্রমবস্থিতাঃ কুরবো ভিন্নসেনাঃ।
বিদ্যুৎপ্রকাশং দদৃশুঃ সমন্তাদ্ধনঞ্জয়াস্ত্রং সমুদীর্য্যমাণম্ ॥১॥
তদর্জ্জুনাস্ত্রং গ্রসতি স্ম কর্ণো বিয়দ্‌গতং ঘোরতরৈঃ শরৌঘৈঃ।
ক্রুদ্ধেন পার্থেন ভৃশাভিসৃষ্টং বধায় কর্ণস্য মহাবিমর্দ্দে ॥২॥
উদীর্য্যমাণং স্ম কুরূন্ দহন্তং সুবর্ণপুঙ্খৈর্বিশিখৈর্বিমর্দ্দে।
কর্ণঃ সুঘোষেম্বসনং দৃঢ়জ্যং বিস্ফারয়িত্বা ব্যসৃজচ্ছরৌঘান্ ॥৩॥

ভারতকৌমুদী

ভয়েতি। ভয়েন অবদীর্ণৈর্ভগ্নৈঃ। প্রতীপং প্রতিকূলম্ ॥১৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:-০-:———

তত ইতি। শরপাতমাত্রমবস্থিতাঃ শরা যস্মিন্ দেশে পতন্তি তৎপ্রান্তদেশং প্রাপ্যাবস্থিতা ইত্যর্থঃ। ভিন্না বিশ্লিষ্টা সেনা যেষাং তে। বিদ্যাদিব প্রকাশত ইতি তৎ। সমুদীর্য্যমাণং ক্ষিপ্যমাণম্ ॥১॥

তদিতি। গ্রসতি স্ম গ্রাসেনেব নাশয়তি স্ম, বিয়দ্‌গতং গগনস্থম্ ॥২॥

ভরতনন্দন! কৌরবেরা ভয়ে ভগ্ন হইয়া পরিত্যাগ করিলেও এবং অর্জ্জুনের বাণে সন্তপ্ত হইতে থাকিলেও, কর্ণ ব্যথিত হইলেন না; তিনি অর্জ্জুনের প্রতিকূলেই ধাবিত হইলেন' ॥১৩১॥

———:-০-:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর সৈন্যেরা বিশ্লিষ্ট হইয়া গেলে, কৌরবেরা রণস্থল হইতে অপসৃত হইয়া অর্জ্জুনের বাণপতনস্থান অতিক্রম করিতে থাকিয়া সকল দিকে বিদ্যুতের ন্যায় প্রকাশমান অর্জ্জুনাস্ত্র দেখিতে লাগিলেন ॥১॥

অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া মহাযুদ্ধে কর্ণকে বধ করিবার জন্য যে সকল অস্ত্র গুরুতর ভাবে ক্ষেপ করিতে লাগিলেন, সেগুলি আকাশে উঠিলেই, কর্ণ ঘোরতর বাণসমূহ-দ্বারা সেগুলিকে বিনাশ করিতে থাকিলেন ॥২॥

(২)…বিয়দ্‌গতৈর্ঘোরতরৈঃ শরৈস্ততঃ…সো,…শরৈস্তৎ…বা।

রামাদুপাত্তেন মহামহিম্না হ্যাথর্বণেনারিবিশাতনেন।
তদর্জ্জুনাস্ত্রং ব্যধমদ্দহন্তং পার্থঞ্চ বাণৈর্নিশিতৈর্নিজঘ্নে ॥৪॥
ততো বিমর্দ্দঃ সুমহান্ বভূব তত্রার্জ্জুনস্যাধিরথেশ্চ রাজন্!।
অন্যোন্যমাসাদয়তোঃ পৃষৎকৈর্বিষাণঘাতৈর্দ্বিপয়োরিবোগ্রৈঃ ॥৫॥
ততোহস্ত্রসংঘাতসমাবৃতং তদা বভূব দিক্‌চক্রমদৃশ্যভাস্করম্।
যৎ কর্ণপার্থৌ শরজালবৃষ্ট্যা নিরন্তরং চক্রতুরন্তরীক্ষম্ ॥৬॥
ততো জালং বাণময়ং মহান্তং সর্বেহদ্রাক্ষুঃ কুরবঃ সোমকাশ্চ।
নান্যৎ কিঞ্চিদ্দদৃশুঃ সম্পতদ্ভি বাণান্ধকারে তুমুলে চ তস্মিন্ ॥৭॥

ভারতকৌমুদী

উদিতি। উদীর্য্যমাণং শক্ত্যা বর্দ্ধমানম্, দহন্তমর্জ্জুনং লক্ষ্যীকৃত্যেতি শেষঃ। বিমর্দ্দে যুদ্ধে। সুঘোষং মহাশব্দঞ্চ তৎ ইম্বসনং ধনুশ্চেতি তৎ, দৃঢ়া জ্যা গুণো যস্য তৎ ॥৩॥

রামাদিতি। উপাত্তেন শিক্ষয়া লব্ধেন, আথর্বণেন অথর্ববেদবিহিতেন, অরিবিশাতনেন শত্রুনাশকেন। ব্যধমৎ ব্যনাশয়ৎ, দহন্তং কৌরবসেনামিতি শেষঃ ॥৪॥

তত ইতি। আসাদয়তোঃ প্রাপ্নুবতোঃ, পৃষৎকৈর্বাণৈঃ, বিষাণঘাতৈর্দন্তপ্রহারৈঃ ॥৫॥

তত ইতি। দিশাং চক্রং মণ্ডলম্, অদৃশ্যো ভাস্করো যস্মিন্ তৎ। নিরন্তরং নিরবকাশম্ ॥৬॥

তত ইতি। তুমুলে গাঢ়ে, তস্মিন্ বাণান্ধকারে তন্মধ্যে ॥৭॥

অর্জ্জুন বৃদ্ধি পাইতে থাকিয়া স্বর্ণপুঙ্খ বাণসমূহদ্বারা কৌরবসৈন্যগণকে দগ্ধ করিতে থাকিলে, কর্ণ মহাশব্দকারী ও দৃঢ়গুণযুক্ত ধনু বিস্ফারিত করিয়া বাণসমূহ ক্ষেপ করিতে লাগিলেন ॥৩॥

কর্ণ পরশুরামের নিকট প্রাপ্ত, মহাশক্তিশালী, অথর্ববেদবিহিত ও শত্রুনাশক অস্ত্রদ্বারা অর্জ্জুনের সেই সকল অস্ত্র বিনাশ করিতে লাগিলেন এবং সুধার বাণসমূহদ্বারা অর্জ্জুনকেও আঘাত করিতে থাকিলেন ॥৪॥

রাজা! তদনন্তর ভীষণ দন্তাঘাতে দুইটা হাতীর ন্যায় বাণে বাণে পরস্পর সন্নিহিত কর্ণ ও অর্জ্জুনের মহাযুদ্ধ হইতে লাগিল ॥৫॥

তাহার পর কর্ণ ও অর্জ্জুন যখন শরজাল বর্ষণ করিয়া আকাশকে নিরবকাশ করিয়া ফেলিলেন, তখন দিঙ্‌মণ্ডলও অস্ত্রসমূহে আবৃত হইয়া গেল এবং সূর্য্যও অদৃশ্য হইয়া পড়িল ॥৬॥

পরে কৌরব ও সোমকেরা সকলে বাণময় একটা বিশাল জাল দেখিতে লাগিল, কিন্তু সেই গাঢ় বাণান্ধকারের মধ্যে অন্য কোন বস্তুকেই পড়িতে দেখিল না ॥৭॥

(৪)…অরিবিদারণেন…পি। (৬) অত্র পুস্তকভেদ এব মহান্ পাঠভেদোহনুসন্ধেয়ঃ।

তৌ সন্দধানাবনিশং স্ম রাজন্! সমস্যন্তৌ চাপি শরাননেকান্।
সন্দর্শয়ন্তৌ যুদ্ধমার্গান্ বিচিত্রান্ ধনুর্দ্ধরাণাং প্রবরৌ কৃতাস্ত্রৌ ॥৮॥
তয়োরেবং যুধ্যতোরাজিমধ্যে সূতাত্মজোঽভূদধিকঃ কদাচিৎ।
পার্থঃ কদাচিত্ত্বধিকঃ কিরীটী বীর্য্যাস্ত্রসম্পদ্বললাঘবৈস্তু ॥৯॥
দৃষ্ট্বা তয়োস্তং যুধি সংপ্রহারং পরস্পরস্যান্তরপ্রেক্ষিণোস্তু।
ঘোরং তদা দুর্বিষহং রণেঽন্যে যোধাঃ সর্ব্বে বিস্ময়মভ্যগচ্ছন্ ॥১০॥
ততো ভূতান্যন্তরীক্ষস্থিতানি কর্ণার্জ্জুনৌ তৌ প্রশশংসুর্নরেন্দ্র!।
ভোঃ কর্ণ! সাধ্বর্জ্জুন! সাধু চেতি হৃষ্টাঃ প্রোচুঃ সংঘশঃ প্রীতিমন্তঃ ॥১১॥
তস্মিন্ বিমর্দ্দে রথবাজিনাগৈস্তদাভিঘাতৈর্দলিতে ভূতলে চ।
ততস্তু পাতালতলে শয়ানো নাগোঽশ্বসেনঃ কৃতবৈরোঽর্জ্জুনেন ॥১২॥
রাজংস্তদা খাণ্ডবদাহমুক্তো বিবেশ কোপাদ্বসুধাতলং যঃ।
স নাগবীরোঽথ সমুত্থিতোঽগ্রতো মাতুর্বধং সংস্মরংশ্চ স্ম বৈরম্ ॥১৩॥
(যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাবিতি। সমস্যন্তৌ ক্ষিপন্তৌ। যুদ্ধস্য মার্গান্ প্রকারান্। আস্তামিতি শেষঃ ॥৮॥
তয়োরিতি। যুধ্যতোর্যুধ্যমানয়োঃ। বীর্য্যং বাহুবলম্, অস্ত্রসম্পৎ শিক্ষিতাস্ত্রবাহুল্যম্, বলং মানসিকী শক্তিঃ, লাঘবং ক্রুতাস্ত্রক্ষেপযোগ্যতা তৈঃ ॥৯॥
দৃষ্ট্বেতি। অন্তরপ্রেক্ষিণোঃ ছিদ্রান্বেষিণোঃ। সর্ব্বে উভয়পক্ষীয়া এব ॥১০॥
তত ইতি। ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ। সংঘশঃ দেবা দেবৈঃ সহেত্যাদিরূপেণ ॥১১॥

রাজা! ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও সমস্ত অস্ত্রে সুশিক্ষিত কর্ণ ও অর্জুন অনবরত বাণসন্ধান ও অবিশ্রান্ত বহুতর বাণক্ষেপ করিতে লাগিলেন এবং বিচিত্র যুদ্ধের প্রকার দেখাইতে থাকিলেন ॥৮॥

তাঁহারা রণস্থলে এইরূপ যুদ্ধ করিতে লাগিলে, কখনও বাহুবল, অস্ত্রসম্পৎ, মানসিক বল ও লঘুহস্ততার গুণে কর্ণ অধিক হইতে লাগিলেন এবং কখনও সেই সকল গুণে অর্জুন অধিক হইতে থাকিলেন ॥৯॥

যুদ্ধে পরস্পরের ছিদ্রান্বেষী কর্ণ ও অর্জুনের সেই ভীষণ ও দুঃসহ প্রহার দেখিয়া উভয়পক্ষের সমস্ত যোদ্ধাই বিস্ময়াপন্ন হইলেন ॥১০॥

রাজা! তাহার পর আকাশস্থিত প্রাণীরা কর্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিল। তাহারা হৃষ্ট ও সন্তুষ্ট হইয়া দলে দলে বলিতে থাকিল যে, 'কর্ণ! সাধু, অর্জ্জুন! সাধু' ॥১১॥

---

(১১) অত্র নানাবিধাঃ পাঠভেদা দ্রষ্টব্যাঃ।

অথোর্দ্ধঘাতোর্দ্ধগতির্জবেন সংদৃশ্য কর্ণার্জুনয়োর্বিমর্দ্দম্।
অয়ং কালোঽস্য দুরাত্মনো বৈ পার্থস্য বৈরপ্রতিযাতনায় ॥১৪॥
সঞ্চিন্ত্য চৈবং প্রবিবেশ তূণং কর্ণস্য রাজন্! শররূপধারী।
ততোঽস্ত্রসংঘাতসমাকুলং তদা বভূব জালং বিততাংশুজালম্ ॥১৫॥
তৌ কর্ণপার্থৌ শরসংঘবৃষ্টিভির্নিরন্তরং চক্রতুরম্বরং তদা।
তদ্বাণজালৈকময়ং মহান্তং সর্বেঽত্রসন্ কুরবঃ সোমকাশ্চ।
নান্যৎ কিঞ্চিদ্দদৃশুঃ সম্পতদ্ভে বাণান্ধকারে তুমুলেঽতিচিত্রে ॥১৬॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। অভিঘাতৈঃ সর্ব্বতশ্চলিতৈঃ, দলিতে পাদাঘাতেন মর্দ্দিতে, তৎ স্পন্দনাদেব সমুত্থিত ইতি ভাবঃ। কৃতং মাতুর্বধেন সম্পাদিতং বৈরং যস্য সঃ, অশ্বসেনো নাম তক্ষকপুত্রঃ। অন্তৈব পক্ষপাতিনঃ পঞ্চ সর্পাঃ প্রাগর্জ্জুনেন নিহতা ইতি বোধ্যম্। খাণ্ডবদাহান্মুক্তঃ মাতুর্বধে তদুদরান্নির্গমেনেত্যর্থঃ। বসুধায়াস্তলং পাতালম্ ॥১২—১৩॥

অথেতি। পাতালাদূর্দ্ধং ভূতলং যাতশ্চাসৌ ততোঽপি উর্দ্ধে গতিরাকাশে গতির্যস্য স চেতি সঃ, জবেন বেগেন। বৈরস্য প্রতিযাতনায় প্রতিশোধায় ॥১৪॥

সঞ্চিন্ত্যেতি। কর্ণস্য তূণং শরাধারম্, শররূপধারী কামরূপত্বাৎ। অস্ত্রাণাং সংঘাতেন সমূহেন সমাকুলং ব্যাপ্তম্, জালমানায়ঃ, বিততং বিস্তৃতমংশুজালং যস্য তৎ ॥১৫॥

উক্তার্থস্য সম্ভবপরতামাহ তাবিতি। নিরন্তরং নিরবকাশম্। অতএব তুমুলে অতিচিত্রে চ তস্মিন্ বাণান্ধকারে জাতে সতি, সর্বে কুরবঃ সোমকাশ্চ, মহান্তং তৎ বাণজালৈকময়ং

রাজা! খাণ্ডবদাহের সময়ে অর্জ্জুন পূর্ণগর্ভা তক্ষকপত্নীর কণ্ঠ ছেদন করেন, তখন তাহার উদরস্থিত তক্ষকপুত্র যে অশ্বসেন মাতার উদর হইতে নির্গত ও দাহমুক্ত হইয়া ক্রোধে পাতালে যাইয়া শয়ন করিয়া রহিয়াছিল, তখন সেই যুদ্ধে হস্তী, অশ্ব ও রথ সকল সমস্ত দিকে চলিতে লাগিলে এবং সেগুলির পদভরে ভূতল মর্দ্দিত ও তাহার কম্পন হইতে থাকিলে, সেই নাগবীর অশ্বসেন পূর্ব্বে অর্জ্জুনকৃত মাতৃবধ ও সেই শত্রুতা স্মরণ করিতে করিতে উত্থিত হইল ॥১২—১৩॥

তাহার পর অশ্বসেন ভূতলে আসিল এবং বেগে উপরে উঠিল, পরে তথা হইতে কর্ণ ও অর্জ্জুনের যুদ্ধ দেখিয়া চিন্তা করিল—'ইহাই এই দুরাত্মা অর্জ্জুনের শত্রুতার প্রতিশোধ দিবার সময়' ॥১৪॥

রাজা! এইরূপ ভাবিয়া অশ্বসেন বাণরূপ ধারণ করিয়া কর্ণের তূণের ভিতরে যাইয়া প্রবেশ করিল। তখন কিন্তু আকাশে কর্ণ ও অর্জুনের অস্ত্রসমূহের একটা জাল হইয়াছিল এবং তাহার কিরণরাশি সকল দিকে বিস্তৃত হইয়া পড়িয়াছিল ॥১৫॥

(১৫)…প্রবিবেশ তূর্ণম্…বঙ্গ বর্দ্ধ বা সো।

ততস্তৌ পুরুষব্যাঘ্রৌ সর্ব্বলোকধনুর্দ্ধরৌ।
প্রেক্ষমাণৌ রণে বীরৌ যুদ্ধশ্রমমুপাগতৌ ॥১৭॥
সমুৎক্ষেপৈর্বীজ্যমানৌ সিক্তৌ চন্দনবারিণা।
সবালব্যজনৈর্দিব্যৈর্দিবিষ্ঠৈরপ্সরোগণৈঃ।
শক্রসূর্য্যকরাব্জাভ্যাং প্রমার্জ্জিতমুখাবুভৌ ॥১৮॥
কর্ণোঽথ পার্থং ন বিশেষয়েদ্‌যদা ভৃশঞ্চ পার্থেন পরাভিতপ্তঃ।
ততস্তু বীরঃ শরবিক্ষতাঙ্গো দধ্রে মনো হ্যেকশয়স্য তস্য ॥১৯॥

ভারতকৌমুদী

মহৎ তৎ একবাণময়ং জালমেব দদৃশুঃ, সম্পতৎ বিচরৎ অন্যৎ বিহঙ্গাদিকং কিঞ্চিন্ন দদৃশুঃ অত্রসন্ ভীতাশ্চাভবন্। অত্র মহাস্তমিতি পুংস্বং বিশেষণানাং পরিবর্ত্তনঞ্চার্যম। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। প্রেক্ষ্যমাণৌ দেবমানুষাদিভির্দৃশ্যমানৌ। আস্তামিতি শেষঃ ॥১৭॥

অতএবাহ সমুৎক্ষেপৈরিতি। বালব্যজনৈশ্চামরৈঃ সহেতি তৈঃ, দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ, দিবিষ্ঠৈর্গগনবর্ত্তিভিরপ্সরোগণৈঃ, সমুৎক্ষেপৈশ্চামরান্দোলনৈঃ, বীজ্যমানৌ বায়ুস্পর্শসম্পদী-ক্রিয়মাণৌ, চন্দনবারিণা সিক্তৌ, তথা শক্রসূর্য্যয়োঃ পিত্রোঃ করৌ কিরণাবেব করাব্জে হস্তপদ্মে তাভ্যাম্, প্রমার্জ্জিতে মুখে যয়োস্তৌ, উভৌ অর্জ্জুনকর্ণৌ, আস্তামিতি শেষঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৮॥

কর্ণ ইতি। ন বিশেষয়েৎ কাতরীকর্ত্তুং ন শক্নুয়াৎ। ততস্তদা। একঃ প্রধানভূত এব শেতে তূণে তিষ্ঠতীতি তস্য, তস্য বাণস্য গ্রহণায়েতি শেষঃ, মনো দধ্রে ॥১৯॥

তৎকালে কর্ণ ও অর্জ্জুন বাণসমূহ বর্ষণ করিয়া আকাশকে নিরবকাশ (ফাঁক্‌শূন্য) করিয়া ফেলিয়াছিলেন। সুতরাং তুমুল ও অতিবিচিত্র বাণান্ধকার উৎপন্ন হইলে, সমস্ত কৌরব ও সোমকগণ আকাশে একটা বিশাল বাণময় জালই দেখিতে লাগিলেন; কিন্তু অন্য কোন পদার্থকেই বিচরণ করিতে দেখিলেন না, ভীতও হইলেন ॥১৬॥

ক্রমে সেই পুরুষশ্রেষ্ঠ, সর্ব্বলোকধনুর্দ্ধর ও বীর কর্ণ ও অর্জ্জুন যুদ্ধে পরিশ্রান্ত হইয়া পড়িলেন এবং তাহা সকলেই দেখিতে লাগিল ॥১৭॥

অতএব চামরহস্ত স্বর্গীয় অপ্সরোগণ আকাশে থাকিয়া চামর আন্দোলন করিয়া বায়ুসঞ্চালন ও চন্দনজলসেক করিতে লাগিল এবং ইন্দ্র ও সূর্য্য করপদ্মদ্বারা অর্জ্জুন ও কর্ণের মুখমার্জ্জন করিয়া দিতে থাকিলেন ॥১৮॥

তৎপরে কর্ণ যখন অর্জ্জুনকে কাতর করিতে পারিলেন না, বরং তাঁহার বাণেই অত্যন্ত সন্তপ্ত হইয়া পড়িলেন, তখন শরবিক্ষতদেহ বীর কর্ণ সেই প্রধান বাণটী গ্রহণ করিবার ইচ্ছা করিলেন ॥১৯॥

ততো রিপুঘ্নং সমধত্ত কর্ণঃ সুশংসিতং সর্পমুখং জ্বলন্তম্।
রৌদ্রং শরং সংযতি সুপ্রধৌতং পার্থার্থমত্যর্থচিরাভিগুপ্তম্ ॥২০॥
সদার্চ্চিতং চন্দনচূর্ণশায়িতং সুবর্ণতূণীরশয়ং মহার্চ্চিষম্।
আকর্ণপূর্ণং প্রবিকৃষ্য কর্ণঃ পার্থোন্মুখং সন্দধে তিগ্মমন্যুম্ ॥২১॥
প্রদীপ্তমৈরাবতবংশসম্ভবং শিরো জিহীর্ষুর্যুধি ফাল্গুনস্য।
ততঃ প্রজজ্বাল দিশো নভশ্চ উল্কাশ্চ ঘোরা হ্যশনির্নিপেতুঃ ॥২২॥

(বিশেষকম্)

তস্মিংস্তু নাগে ধনুষি প্রযুক্তে হাহাকৃতা লোকপালাঃ সশক্রাঃ।
ন চাপি তং বুবুধে সূতপুত্রো বাণে প্রবিষ্টং যোগবলেন নাগম্ ॥২৩॥
ততোঽব্রবীম্মদ্ররাজো মহাত্মা বৈকর্ত্তনং প্রেক্ষ্য হি সংহিতেষুম্।
ন কর্ণ! গ্রীবামিষুরেষ লপ্স্যতে সমীক্ষ্য সন্ধৎস্ব শরং শিরোঘ্নম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সুশংসিতমতিপ্রশস্তম্। রৌদ্রং ভীষণম্, সংযতি যুদ্ধে, সুপ্রধৌতমতীব-মার্জ্জিতম্, পার্থার্থমর্জ্জুনবধার্থম্, অত্যর্থম্, চিরমভিগুপ্তং রক্ষিতম্। সদা অর্চ্চিতমাদৃতম্, চন্দনচূর্ণে শায়িতং স্থাপিতম্, সুবর্ণতূণীরে শেতে তিষ্ঠতীতি তম্। প্রবিকৃষ্য ধনুরাকৃষ্য, পার্থোন্মুখমর্জ্জুনাভিমুখম্, তিগ্মমন্যুং সর্পত্বাত্তীক্ষ্ণক্রোধম্। প্রদীপ্তমুজ্জ্বলম্, ঐরাবতস্য নাগস্য বংশসম্ভবম্, জিহীর্ষুর্হর্ত্তুমিচ্ছুঃ, ফাল্গুনস্য অর্জ্জুনস্য। দিশঃ প্রজজ্বলুঃ, নভশ্চ প্রজজ্বাল। অশনির্বিদ্যুৎ ॥২০—২২॥

তস্মিন্নিতি। নাগে অশ্বসেনরূপে। সশক্রা ইন্দ্রেণ সহিতাঃ ॥২৩॥

তদনন্তর কর্ণ ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া শত্রুনাশক, অতিপ্রশস্ত, সর্পমুখ, উজ্জ্বল, ভীষণ, পরিমার্জ্জিত, অর্জ্জুনকে বধ করিবার জন্য চিরকাল বিশেষ-ভাবে রক্ষিত, সর্ব্বদা আদৃত, চন্দনচূর্ণে স্থাপিত, স্বর্ণময় তূণমধ্যে স্থিত, মহাতেজা ও তীক্ষ্ণক্রোধ বাণটাকে অর্জ্জুনাভিমুখে সন্ধান করিলেন। তখন কর্ণ যুদ্ধে অর্জ্জুনের মস্তক হরণ করিবার ইচ্ছা করিয়াই সেই উজ্জ্বল ও ঐরাবতনাগবংশজাত সর্পরূপ বাণ সন্ধান করিয়াছিলেন। তাহার পর দিক্ সকল ও আকাশ জ্বলিয়া উঠিল এবং ভয়ঙ্কর উল্কা সকল ও বিদ্যুৎ পতিত হইতে থাকিল ॥২০—২২॥

কর্ণ সেই নাগময় বাণ ধনুতে যোগ করিলে, ইন্দ্রের সহিত দিক্‌পালেরা হাহাকার করিতে লাগিলেন। কিন্তু নাগ অশ্বসেন যে যোগবলে সেই বাণে প্রবেশ করিয়াছিল, কর্ণ তাহা বুঝিতে পারেন নাই ॥২৩॥

(২০)···সুসঞ্চিতং সর্পমুখম্···সরতমুগ্রধৌতম্···বা সো। (২১)···পার্থোন্মুখঃ সন্দধে চোত্তমৌজাঃ—বা সো।

অথাব্রবীৎ ক্রোধসংরক্তনেত্রো মদ্রাধিপং সূতপুত্রস্তরস্বী।
ন সন্ধত্তে দ্বিঃ শরং শল্য ! কর্ণো ন মাদৃশা জিহ্মযুদ্ধা ভবন্তি ॥২৫॥
ইতীদমুক্ত্বা বিসসর্জ তং শরং প্রযত্নতো বর্ষগণাভিপূজিতম্।
হতোঽসি বৈ ফাল্গুন ইত্যবোচত্ত্বরন্ স রাজন্ ! বিজয়ার্থমুদ্যতঃ ॥২৬॥
স সায়কঃ কর্ণভুজাভিসৃষ্টো হুতাশনার্কপ্রতিমঃ সুঘোষঃ।
গুণচ্যুতঃ প্রাজ্বলদন্তরীক্ষে কুর্বন্ সীমন্তং নভসো ভীমরূপঃ ॥২৭॥
তং বীক্ষ্য দীপ্তং যুধি মাধবস্তু ত্বরান্বিতঃ কংসরিপুঃ সলীলম্।
পদা বিনিষ্পিষ্য রথোত্তমং তং প্রাবেশয়জ্জগতীং কিষ্কুমাত্রম্।
ক্ষিতিং গতা জানুভিস্তেঽথ বাহা হেমচ্ছন্না চন্দ্রমরীচিবর্ণাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অব্রবীৎ অর্জ্জুনরক্ষার্থং কাপট্যেনেতি ভাবঃ। বৈকর্ত্তনং কর্ণম্, সংহিত ইষুর্বাণো যেন তম্। এষ ইষুঃ, গ্রীবামর্জ্জুনস্য গলদেশম্, ন লপ্স্যতে সাকল্যেন প্রাপ্স্যতি, সূক্ষ্মমুখত্বাৎ। তত এব চ ছেদনাসম্ভব ইতি ভাবঃ। শিরোঘ্নং মস্তকবিদারকম্ ॥২৪॥

অথেতি। তরস্বী বলবান্। দ্বিঃ বারৌ। জিহ্মং কুটিলং যুদ্ধং যেষাং তে ॥২৫॥

ইতীতি। বর্ষগণং বহূন্ বৎসরান্ অভিপূজিতমত্যাদৃতম্। হে ফাল্গুন ! অর্জ্জুন ! ॥২৬॥

স ইতি। কর্ণস্য ভুজাভ্যামভিসৃষ্টো নিক্ষিপ্তঃ, হুতাশনার্কপ্রতিমঃ অগ্নিসূর্য্যবদুজ্জ্বলঃ, সুঘোষঃ মহাশব্দশালী। সীমন্তং কেশবিন্যাসং কুর্বন্নিবেতি প্রতীয়মানোৎপ্রেক্ষা ॥২৭॥

তমিতি। কংসরিপুরিত্যনেন মহাবলত্বং সূচিতম্। জগতীং ভূমিম্, কিষ্কুমাত্রং

তাহার পর মহাত্মা শল্য বাণসন্ধায়ী কর্ণের দিকে দৃষ্টিপাত করিয়া বলিলেন—'কর্ণ ! এই সূক্ষ্মমুখ বাণ অর্জ্জুনের সম্পূর্ণ গ্রীবা পাইবে না। সুতরাং তুমি ভাল করিয়া দেখিয়া উহার মস্তকবিদারকভাবে বাণ সন্ধান কর' ॥২৪॥

পরে বলবান্ কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া শল্যকে বলিলেন—'মদ্ররাজ ! কর্ণ দুইবার বাণ সন্ধান করেন না এবং আমার ন্যায় বীরেরা কূটযোধী হন না' ॥২৫॥

রাজা ! জয়লাভের জন্য উদ্যত কর্ণ এইভাবে এই কথা বলিয়া ত্বরান্বিত হইয়া বিশেষ যত্ন সহকারে বহুবৎসর যাবৎ সর্বতোভাবে আদৃত সেই বাণটাকে নিক্ষেপ করিলেন এবং বলিলেন—'অর্জ্জুন ! তুমি নিহত হইলে' ॥২৬॥

কর্ণবাহুনিক্ষিপ্ত, অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল, মহাশব্দকারী ও ভীষণমূর্ত্তি সেই বাণটা ধনুর গুণ হইতে নির্গত হইয়া আকাশের যেন সীমন্ত (সীঁথি) করিতে থাকিয়া জ্বলিতে জ্বলিতে আকাশপথে যাইতে লাগিল ॥২৭॥

(২৫)···ক্রোধসন্দীপ্তনেত্রঃ···বঙ্ক,···শঠযুদ্ধা ভবন্তি—পি। (২৬) তথৈবং চোক্ত্বা···পি। (২৭)···সুঘোরঃ···পি বা সো। (২৮)···সলীলঃ···পি।

সন্ধীয়মানং ভুজগং দৃষ্ট্বা কর্ণেন মাধবঃ।
আক্রামৎ স্যন্দনং পদ্ভ্যাং বলেন বলিনাং বরঃ।
অবগাঢ়ে রথে ভূমৌ জানুভ্যামগমন্ হয়াঃ ॥২৯॥

ততোঽন্তরীক্ষে সুমহান্ নিনাদঃ সম্পূজনার্থং মধুসূদনস্য।
দিব্যাশ্চ বাচঃ সহসা বভূবুর্দিব্যানি পুষ্পাণ্যথ সিংহনাদাঃ।
তস্মিংস্তথা বৈ ধরণীং নিমগ্নে রথে প্রযত্নান্মধুসূদনস্য ॥৩০॥

অথার্জ্জুনস্যোত্তমগাত্রভূষণং ধরাবিয়দ্দ্যোসলিলেষু বিশ্রুতম্।
ব্যালাস্ত্রসর্গোত্তমযত্নমন্যুভিঃ শরেণ মূর্দ্ধ্নঃ প্রজহার সূতজঃ ॥৩১॥

ভারতকৌমুদী

বিতস্তিপ্রমাণম্। যথা স শরোঽর্জ্জুনস্য গ্রীবায়াং ন পততি মস্তকাদূর্দ্ধেন চ যাতীতি ভাবঃ। তে বাহা অশ্বাস্তদানীং জানুভিঃ ক্ষিতিং ভূমিং গতাঃ প্রাপ্তা আসন্। অন্যথা রথস্যাধো গমনে তেষাং দণ্ডায়মানত্বমসম্ভবং স্যাদিত্যাশয়ঃ। হেমচ্ছন্নাঃ স্বর্ণালঙ্কারাবৃতাঃ, চন্দ্রস্য মরীচেঃ কিরণস্যেব শুভ্রো বর্ণো যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষাভিধানায় পুনরাহ সন্ধীয়েতি। ভুজগম্ অশ্বসেননাগাধিষ্ঠিতং বাণম্, দৃষ্ট্বা নিজৈশ্বর্য্যমহিম্না নাগস্যৈনাবগম্য। স্যন্দনং রথম্। অবগাঢ়ে মগ্নে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

তত ইতি। নিনাদ আনন্দকোলাহলোঽভবৎ। বাচঃ সাধুবাদাঃ। পুষ্পাণি পুষ্পবৃষ্টয়ঃ। নিমগ্নে প্রবিষ্টে, প্রযত্নাৎ পাদভরপ্রদানাৎ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩০॥

অথেতি। অথার্জ্জুনরথস্য বিতস্তিমাত্রভূপ্রবেশানন্তরম্, সূতজঃ কর্ণঃ, ব্যালাস্ত্রসর্গে বাণময়নাগাস্ত্রক্ষেপে য উত্তমযত্নো মন্যবঃ ক্রোধাশ্চ তৈঃ ক্ষিপ্তেনেতি শেষঃ, শরেণ, ধরা পৃথিবী বিয়দাকাশং দ্যৌঃ স্বর্গঃ সলিলং তদধিষ্ঠিতং পাতালঞ্চ তেষু, বিশ্রুতং প্রসিদ্ধম্, অর্জ্জুনস্য, মূর্দ্ধ্নো মস্তকাৎ, উত্তমগাত্রভূষণং মস্তকালঙ্কারং কিরীটম্, জহার ॥৩১॥

সেই উজ্জ্বল বাণটাকে আসিতে দেখিয়া কংসরিপু কৃষ্ণ ত্বরান্বিত হইয়া চরণদ্বারা লীলার সহিত নিষ্পেষণ করিয়া সেই উত্তম রথখানাকে এক বিতস্তি (অর্দ্ধ হস্ত) ভূতলে প্রবেশ করাইয়া দিলেন। তখন স্বর্ণালঙ্কারে আবৃত এবং চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ সেই অশ্বগণ জানুদ্বারা ভূতল স্পর্শ করিল ॥২৮॥

কর্ণ নাগবাণ সন্ধান করিতেছেন দেখিয়া বলিশ্রেষ্ঠ কৃষ্ণ বলপূর্ব্বক চরণযুগলদ্বারা অর্জ্জুনের রথের উপরে ভর দিলেন, তাহাতে রথখানা ভূমিতে কিছু মগ্ন হইলে, অশ্বগুলি জানুদ্বারা ভূতল স্পর্শ করিল ॥২৯॥

তাহার পর কৃষ্ণের গৌরব সূচনা করিবার জন্য আকাশে আনন্দকোলাহল হইতে লাগিল এবং কৃষ্ণের চেষ্টায় রথখানা ভূতলে কিছু নিমগ্ন হইলে, স্বর্গীয় সাধুবাদ, পুষ্পবৃষ্টি ও সিংহনাদ হইতে থাকিল ॥৩০॥

দিবাকরেন্দুজ্বলনগ্রহত্বিষং সুবর্ণমুক্তামণিবজ্রভূষিতম্।
পুরন্দরার্থং তপসা প্রযত্নতঃ স্বয়ং কৃতং যদ্বিভুনা স্বয়ম্ভুবা ॥৩২॥
মহার্হরূপং দ্বিষতাং ভয়ঙ্করং বিভর্ত্তুরত্যর্থসুখং সুগন্ধিনম্।
জিঘাংসতে দেবরিপূন্ সুরেশ্বরঃ স্বয়ং দদৌ যৎ সুমনাঃ কিরীটিনে ॥৩৩॥
হরাম্বুপাখণ্ডলবিত্তগোপ্তৃভিঃ পিনাকপাশাশনিসায়কোত্তমৈঃ।
সুরোত্তমৈরপ্যবিষহ্যমর্দ্দিতুং প্রসহ্য নাগেন জহার যদ্বৃষঃ ॥৩৪॥
স দুষ্টভাবো বিতথপ্রতিজ্ঞঃ কিরীটমাসাদ্য তমুগ্ররূপঃ।
বিশুদ্ধজাম্বূনদরত্নচিত্রং পার্থোত্তমাঙ্গাদহরত্তরস্বী ॥৩৫॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

কিরীটস্যোৎপত্তিমাহ দিবেতি। দিবাকরঃ সূর্য্যঃ, ইন্দুশ্চন্দ্রঃ, জ্বলনো বহ্নিঃ, গ্রহা অপরে মঙ্গলাদয়শ্চ তেষাং ত্বিষেব ত্বিষা প্রভা যস্য তৎ। বজ্রং হীরকম্। পুরন্দরার্থম্ ইন্দ্রায় দানার্থম্। বিভুনা প্রভাববতা, স্বয়ং স্বয়ম্ভুবা ব্রহ্মণা, যৎ কৃতম্। অর্জ্জুনস্য তৎপ্রাপ্তিমাহ মহার্হেতি। মহার্হরূপং প্রশস্তাকৃতি। বিভর্ত্তুর্বিশেষেণ ধারয়িতুঃ, অত্যর্থসুখমতীবসুখজনকম্। জিঘাংসতে হন্তুমিচ্ছতে, দেবরিপূনসুরান্। সুমনাঃ প্রসন্নচিত্তঃ, কিরীটিনে অর্জ্জুনায়। কিরীটস্য দৃঢ়ত্বমাহ হরেতি। সুরোত্তমৈঃ, হরো মহাদেবঃ অম্বুপো জলপতির্বরুণঃ আখণ্ডল ইন্দ্রঃ, বিত্তগোপ্তা ধনরক্ষকঃ কুবেরশ্চ তৈরপি, পিনাকো ধনুঃ, পাশো রজ্জুঃ, অশনির্বজ্রম্, সায়কোত্তমশ্চ তৈঃ। অত্র যথাসংখ্যেনান্বয়ঃ। অর্দ্দিতুং নাশয়িতুম্, অবিষহ্যমশক্যম্, যৎ কিরীটম্, বৃষঃ কর্ণঃ, প্রসহ্য বলেন, নাগেন বাণরূপিণা অশ্বসেনেন, জহার। দুষ্টো ভাবো-ঽভিপ্রায়ো যস্য সঃ, বিতথা মিথ্যা প্রতিজ্ঞা অর্জ্জুনবধপ্রতিশ্রুতির্যস্য সঃ, উগ্ররূপঃ, তরস্বী বলবাংশ্চ, স বাণরূপী অশ্বসেনঃ, আসাদ্য প্রাপ্য, পার্থস্য উত্তমাঙ্গান্মস্তকাৎ, বিশুদ্ধং যৎ জাম্বূনদং স্বর্ণং রত্নানি চ তৈশ্চিত্রম্, তং কিরীটম্, অহরৎ। "মুকুটং কিরীটং পুংনপুংসকম্" ইত্যমরঃ ॥৩২—৩৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৫॥ বাণজালৈকময়ং দৃষ্ট্বেতি শেষঃ ॥১৬—৩০॥ অথেতি। মূর্দ্ধ্নঃ সকাশাৎ ব্যালাস্ত্রস্য সর্গশ্চোত্তমযত্নশ্চ মন্যুশ্চ তৈঃ প্রযুক্তেন শরেণোত্তমগাত্রভূষণমুক্তনাঙ্গভূষণং

তদনন্তর কর্ণ নাগময় বাণক্ষেপের গুরুতর যত্ন ও ক্রোধভরে নিক্ষিপ্ত সেই বাণদ্বারা পৃথিবী, আকাশ, স্বর্গ ও পাতালে প্রসিদ্ধ অর্জ্জুনের মস্তকভূষণ কিরীটটাকে তাঁহার মস্তক হইতে হরণ করিলেন ॥৩১॥

প্রভাবশালী ব্রহ্মা স্বয়ং তপস্যা করিয়া বিশেষ যত্ন সহকারে ইন্দ্রের জন্য যাহা নির্ম্মাণ করিয়াছিলেন; যাহা—সূর্য্য, চন্দ্র, অগ্নি ও অন্যান্য গ্রহের ন্যায় দীপ্তিশালী;

(৩২)···মণিজালভূষণম্···সুসংস্কৃতং যদ্বিভুনা···পি। (৩৫)···কিরীটমীত্যাদ্যুতমর্জ্জুনস্য··· নাগো মহার্হং তপনীয়চিত্রম্···সো।

তদ্রত্নমালাবততং সুচারু জাজ্বল্যমানং বপুষা শ্রিয়া চ।
দিব্যং প্রমথ্যাশু নরেন্দ্র! সংখ্যে জহার নাগোঽর্জ্জুনমূর্দ্ধতো বলাৎ ॥৩৬॥
তদুত্তমেষুন্মথিতং বিষাগ্নিনা প্রদীপ্তমর্চ্চিষ্মদভিক্ষিতৌ প্রিয়ম্।
পপাত পার্থস্য কিরীটমুত্তমং দিবাকরোঽস্তাদিব পর্বতাজ্জলম্ ॥৩৭॥
স বৈ কিরীটং বহুরত্নভূষিতং জহার নাগোঽর্জ্জুনমূর্দ্ধতো বলাৎ।
গিরেঃ সুজাতাঙ্কুরপুষ্পিতদ্রুমং মহেন্দ্রবজ্রঃ শিখরোত্তমং যথা ॥৩৮॥
মহীবিয়দ্‌দ্যোসলিলানি বায়ুনা যথা বিরুগ্‌ণানি নদন্তি ভারত!।
তথৈব শব্দং ভুবনেষু তং তদা জনা ব্যবস্যন্ ব্যথিতাশ্চ চস্খলুঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তদিতি। রত্নমালয়া অবততং ব্যাপ্তম্। বপুষা আকৃত্যা। অর্জ্জুনস্য মূর্দ্ধতো মস্তকাৎ ॥৩৬॥

তদিতি। উত্তমেন ইষুণা বাণেন উন্মথিতং বিশ্লেষিতম্, বিষমেবাগ্নিস্তেন, প্রদীপ্তমুজ্জ্বলীকৃতম্, অর্চ্চিষ্মৎ তেজস্বি। জলং সমুদ্রস্য, অভি প্রতি ॥৩৭॥

স ইতি। সুষ্ঠু জাতা অঙ্কুরাস্তরুলতাপ্ররোহা যস্মিন্ তচ্চ তৎ পুষ্পিতা দ্রুমা যত্র তচ্চেতি তৎ। কিরীটগাত্রস্থনানাকারুকার্য্যসাদৃশ্যার্থমিদম্। শিখরোত্তমং শৃঙ্গশ্রেষ্ঠম্ ॥৩৮॥

যাহা—স্বর্ণ, মুক্তা, মণি ও হীরকে ভূষিত; যাহা—পরমসুন্দর, শত্রুগণের ভয়জনক, ধারয়িতার অত্যন্তসুখকর ও সৌরভযুক্ত; স্বয়ং দেবরাজ প্রসন্ন হইয়া অসুরসংহারার্থী অর্জ্জুনকে যাহা দান করিয়াছিলেন; দেবশ্রেষ্ঠ মহাদেব, বরুণ, ইন্দ্র এবং কুবেরও যথাক্রমে পিনাকধনু, পাশ, বজ্র ও উত্তম বাণদ্বারা যাহা নষ্ট করিতে সমর্থ হন না; আর কর্ণ নাগবাণদ্বারা বলপূর্বক যাহা হরণ করিলেন; দুরভিসন্ধিশালী, মিথ্যাপ্রতিজ্ঞ, ভীষণমূর্ত্তি ও বলবান্ বাণরূপী অশ্বসেন যাইয়া অর্জ্জুনের মস্তক হইতে বিশুদ্ধ স্বর্ণ ও রত্নবিচিত্র সেই কিরীটটীকে হরণ করিল ॥৩২—৩৫॥

রাজা! বাণরূপী নাগ অশ্বসেন সত্বর যাইয়া রত্নমালাব্যাপ্ত, অতিসুন্দর এবং আকৃতি ও কান্তির গুণে অতিশয় উজ্জ্বল সেই দিব্য কিরীটটীকে বলপূর্ব্বক অর্জ্জুনের মস্তক হইতে হরণ করিল ॥৩৬॥

সূর্য্য যেমন অস্তপর্ব্বত হইতে সমুদ্রের জলে পতিত হন, সেইরূপ নাগের বিষরূপ অগ্নিতে উজ্জ্বল, তেজস্বী ও অর্জ্জুনের প্রীতিজনক সেই উত্তম কিরীটটী মহাবাণে বিশ্লেষিত হইয়া ভূতলে পতিত হইল ॥৩৭॥

যাহাতে তরুলতাপ্রভৃতির অঙ্কুর এবং পুষ্পশালী বৃক্ষ থাকে, সেইরূপ পর্ব্বতের উত্তম শৃঙ্গ যেমন ইন্দ্রের বজ্র হরণ করে, তেমন বাণরূপী অশ্বসেন বলপূর্ব্বক অর্জ্জুনের মস্তক হইতে বহুরত্নভূষিত কিরীটটীকে হরণ করিল ॥৩৮॥

(৩৮)···বহুরত্নমণ্ডিতম্···শিখরং যথোত্তমম্—পি।

বিনা কিরীটং শুশুভে ন পার্থঃ শ্যামো যুবা শৈল ইবাত্তশৃঙ্গঃ।
তত স উদ্‌গ্রথ্য সিতেন বাসসা স্বমূর্দ্ধজানব্যথিতঃ স্থিতোঽর্জ্জুনঃ ॥৪০॥

গোকর্ণা সুমুখী কৃতেন ইষুণা গোপুত্রসংপ্রেষিতা
গোশব্দাত্মজভূষণং সুবিহিতং সুব্যক্তগোসুপ্রভম্।
দৃষ্ট্বা গোগতকং জহার মুকুটং গোশব্দগোপূরি বৈ
গোকর্ণাসনমর্দ্দনশ্চ ন যযাবপ্রাপ্য মৃত্যোর্বশম্ ॥৪১॥

ভারতকৌমুদী

মহীতি। মহী পৃথিবী বিয়দ্‌গগনং দ্যৌঃ স্বর্গঃ সলিলং জলঞ্চ তানি। বিরুগ্‌ণানি সঙ্কালিতানীত্যর্থঃ। ব্যবস্থন্ অম্বভবন্, চস্খলুঃ স্বস্বস্থানেভ্যোঽপসস্রুঃ ॥৩৯॥

বিনেতি। আত্তশৃঙ্গঃ কেনাপি ছিত্বা নীতশৃঙ্গঃ। উদ্‌গ্রথ্য উর্দ্ধে বদ্ধা, সিতেন শুভ্রেণ, স্বমূর্দ্ধজান্ আত্মকেশান্, অব্যথিতঃ গাত্রে প্রহারাভাবাদিতি ভাবঃ ॥৪০॥

ইদন্তু খাণ্ডবদাহকালে অর্জ্জুনেন ছিন্নমস্তকা লোকান্তরং গতা তক্ষকপত্ন্যেব সর্পাগ্রে চ-নয়া চকারেত্যাহ গোকর্ণেতি। শোভনং বিশালত্বেঽপি সুন্দরং মুখং যস্যাঃ সা সুমুখী, গৌশ্চ-ক্ষুরেব কর্ণো যস্যাঃ সা গোকর্ণা চক্ষুঃশ্রবাঃ সর্পী তক্ষকপত্নী। সর্পা হি চক্ষুষৈব শব্দং শৃণ্বন্তি। গৌঃ পৃথিবী সা চাদিতিঃ "ভূরসি ভূমিরস্যদিতিরসি" ইতি শ্রুতেঃ তস্যাঃ পুত্রেণ সূর্য্যেণ সংপ্রেষিতা অর্জ্জুনবধায় প্রেরিতা সতী, গবি নিম্নদেশে গতং কুক্ষেন ভুবি পদপ্রবেশন-স্থিতস্তিনাত্রমধোগতং কং মস্তকং যস্য তং গোগতকমর্জ্জুনং দৃষ্ট্বা, কৃতেন পুত্রেণ স্বয়মুৎপাদিতেন, ইষুণা বাণরূপিণা অশ্বসেনেন, সুবিহিতং ব্রহ্মণা সুষ্ঠু নির্ম্মিতম্, সুব্যক্তৈর্গোভিঃ কিরণৈঃ শোভনা প্রভা যস্য তৎ, গৌঃ পৃথিবী তয়া শব্দ্যতে উক্তৈর্ভবতি উচ্যত ইতি গোশব্দঃ অদিতিস্তস্যা আত্মজ ইন্দ্রস্তস্য ভূষণম্, গোষু দিক্ষু শব্দৈঃ প্রশংসাবাক্যৈঃ গাং পৃথিবীং পূরয়তীতি তং গোশব্দগোপূরি চ মুকুটং জহার। ননু বাণরূপী অশ্বসেনঃ মুকুটং জহাপি পুনর্গত্বা কথমর্জ্জুনস্য মস্তকং ন জহারেত্যাহ গবিত্যাদি। গোকর্ণঃ পূর্ব্ববদ্‌ব্যাখ্যানাৎ সর্পশ্চাসৌ অসনে কর্ণকর্ত্তৃকনিরসনেঽপি মর্দ্দনঃ অর্জ্জুননাশকশ্চেতি স গোকর্ণাসনমর্দ্দনশ্চাশ্ব-

ভরতনন্দন! পৃথিবী, আকাশ, স্বর্গ ও জল যেমন বায়ুবেগে সঞ্চালিত হইয়া শব্দ করে, সেইরূপ শব্দ তখন লোকেরা রণস্থলে অনুভব করিল এবং স্ব স্ব স্থান হইতে স্খলিত হইল ॥৩৯॥

কেহ ছেদন করিয়া শৃঙ্গ লইয়া গেলে পর্ব্বত যেমন শোভা পায় না, তেমন কিরীট না থাকায় শ্যামবর্ণ ও যুবক অর্জ্জুন শোভা পাইতে লাগিলেন না। তাহার পর অর্জ্জুন শুভ্র বস্ত্রদ্বারা কেশগুলিকে উপরে বন্ধন করিয়া অব্যথিত অবস্থায় রহিলেন ॥৪০॥

(৪১) অয়ং শ্লোকঃ নি নাস্তি।

স সায়কঃ কর্ণভুজপ্রসৃষ্টো হুতাশনার্কপ্রতিমো মহার্হঃ।
মহোরগঃ কৃতবৈরোঽর্জ্জুনেন কিরীটমাহত্য ততো ব্যতীয়াৎ ॥৪২॥
তঞ্চাপি দগ্ধ্বা তপনীয়চিত্রং কিরীটমাবিষ্কৃতমর্জ্জুনস্য।
ইয়েষ গন্তুং পুনরেব তূণং পৃষ্টশ্চ কর্ণেন ততোঽব্রবীদিদম্ ॥৪৩॥
মুক্তস্ত্বয়াহং ন সমীক্ষ্য কর্ণ! শিরো হৃতং যন্ন ময়ার্জ্জুনস্য।
সমীক্ষ্য মাং মুঞ্চ রণে ত্বমাশু হন্তাস্মি শত্রুং তব চাত্মনশ্চ ॥৪৪॥

ভারতকৌমুদী

সেনঃ, মৃত্যোর্বশমপ্রাপ্য ন যযৌ অর্জ্জুনকণ্ঠপর্য্যন্তং যাতুং ন শশাক, গগনমার্গে অর্জ্জুনেন ছেদনাত্তেনৈব চ মৃতত্বাদিতি ভাবঃ। কৃতেন ইষুণেতি উভয়োরপি পদত্বাৎ "পদয়োরবৃত্তৌ বা" ইতি বিকল্পবিধানান্ন সন্ধিঃ। "বাণে বাচি পশৌ ভূমৌ দিশি রশ্মৌ জলেঽক্ষিণি। স্বর্গে মাতরি বজ্রেঽগ্নৌ সুখে সত্যে চ গোধ্বনিঃ॥" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। "মারুতে বেধসি ব্রধ্নে পুংসি কঃ কং শিরোঽম্বুনোঃ" ইত্যমরঃ। অতএবেদৃশী কূটরচনাচাতুরী। শার্দ্দূলবিক্রীড়িতং বৃত্তম্—"সূর্য্যাশ্বৈর্মসজস্ততাঃ সগুরবঃ শার্দ্দূলবিক্রীড়িতম্" ইতি লক্ষণাৎ ॥৪১॥

স ইতি। সায়কো বাণরূপী, কর্ণস্য ভুজাভ্যাং বাহুভ্যাং প্রসৃষ্টো নিক্ষিপ্তঃ, হুতাশনার্কপ্রতিমো বহ্নিসূর্য্যবদুজ্জ্বলঃ, মহার্হঃ অতীবপ্রশস্তঃ। ব্যতীয়াৎ কর্ণান্তিকে প্রত্যাগচ্ছৎ ॥৪২॥

তমিতি। তপনীয়েন স্বর্ণে চিত্রমাশ্চর্য্যম্, আবিষ্কৃতং পাতিতম্। তূণং কর্ণস্য ॥৪৩॥

স্বয়ং ব্রহ্মা সুন্দরভাবে যাহা নির্ম্মাণ করিয়াছিলেন, যাহার সুস্পষ্ট কিরণের গুণে মনোহর কান্তি প্রকাশ পাইত, যাহা সকল দিকে প্রশংসাবাক্যে সমগ্র পৃথিবী পূর্ণ করিত এবং যাহা ইন্দ্রের মস্তকের আভরণ ছিল, চারুবদনা সর্পী তক্ষকপত্নী সূর্য্যকর্ত্তৃক প্রেরিত হইয়া অর্জ্জুনের মস্তকটী নীচে নামিয়া গিয়াছে দেখিয়া বাণরূপী পুত্র অশ্বসেনদ্বারা সেই মুকুটখানি হরণ করিয়াছিল। কিন্তু কর্ণ প্রত্যাখ্যান করিলেও অশ্বসেন স্বয়ং অর্জ্জুনবধার্থে পুনরায় ধাবিত হইয়া আকাশপথে মরিয়া গিয়াছিল বলিয়া পুনরায় অর্জ্জুনের কণ্ঠপর্য্যন্ত যাইতে পারে নাই ॥৪১॥

অর্জ্জুন মাতার কণ্ঠ ছেদন করিয়া যাহার সহিত শত্রুতা করিয়াছিলেন, অগ্নি ও সূর্য্যের ন্যায় তেজস্বী ও বিশেষপ্রশংসিত বাণরূপধারী সেই মহানাগ অশ্বসেন অর্জ্জুনের কিরীটটীকে আহত করিয়া পুনরায় কর্ণের নিকট আসিল ॥৪২॥

অর্জ্জুনের মস্তক হইতে পাতিত স্বর্ণবিচিত্র সেই কিরীটটীকে দগ্ধ করিয়া অশ্বসেন পুনরায় কর্ণের তূণের ভিতরে যাইতে ইচ্ছা করিল; তখন কর্ণ জিজ্ঞাসা করিলে অশ্বসেন এই কথা বলিল—॥৪৩॥

(৪২)…প্রতিমো মহাহবে…কৃতবৈরোঽর্জ্জুনস্য…পি। (৪৩) তচ্চাপি…পুনঃ স গত্বা প্রবিবেশ তূণম্…পি,…ততোঽব্রবীত্তম্—সো।

স এবমুক্তো যুধি সূতপুত্রস্তমব্রবীৎ কো ভবানুগ্ররূপঃ।
নাগোঽব্রবীদ্বিদ্ধি কৃতাগসং মাং পার্থেন মাতুর্বধজাতবৈরম্ ॥৪৫॥
যদি স্বয়ং বজ্রধরোঽস্য গোপ্তা তথাপি যাতা পিতৃরাজবেশ্ম।
ত্বং মাবমংস্থাঃ কুরু মে বচোঽস্য নিহন্মি শত্রুং তব মুঞ্চ মাং দ্রুতম্ ॥৪৬॥

কর্ণ উবাচ।

ন নাম কর্ণোঽস্য রণায় বান্য-বলং সমাস্থায় জয়ং বুভূষেৎ।
ন সন্দধ্যাং দ্বিঃ শরং চৈব নাগ! যদ্যর্জুনানাং শতমেব হন্যাম্ ॥৪৭॥
তমাহ কর্ণঃ পুনরেব নাগং তদাজিমধ্যে রবিসূনুসত্তমঃ।
ব্যালাস্ত্রসর্গোত্তমযত্নমন্যুভির্হন্তাস্মি পার্থং সুমুখো ব্রজ ত্বম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

মুক্ত ইতি। মুক্তঃ ক্ষিপ্তঃ। সমীক্ষ্য বক্ষো দৃষ্ট্বা। হন্তাস্মি হনিষ্যামি ॥৪৪॥

স ইতি। কৃতম্ আগোঽপরাধো যস্য তম্। বধেন জাতং বৈরং যস্য তম্ ॥৪৫॥

যদীতি। গোপ্তা রক্ষকঃ, যাতা যাস্যতি, পিতৃরাজবেশ্ম যমভবনম্ ॥৪৬॥

নেতি। অন্যস্য বলং শক্তিম্, সমাস্থায় আশ্রিত্য, বুভূষেৎ ভবিতুং প্রাপ্তুমিচ্ছেৎ "ভূ প্রাপ্তাবাত্মনেপদী বা" ইত্যস্য প্রয়োগোঽয়ম্ ॥৪৭॥

তমিতি। রবিসূনুসত্তমঃ সূর্য্যপুত্রশ্রেষ্ঠঃ। ব্যালাস্ত্রসর্গো হিংস্রাস্ত্রক্ষেপশ্চ উত্তমযত্নশ্চ মন্যুঃ ক্রোধশ্চ তৈঃ। সুমুখঃ প্রত্যাখ্যানেঽপ্যরোষকষায়িতবদনঃ, কৃপয়েতি ভাবঃ ॥৪৮॥

'কর্ণ! আপনি না দেখিয়া আমাকে নিক্ষেপ করিয়াছিলেন, যাহাতে আমি অর্জ্জুনের মস্তক হরণ করিতে পারি নাই। অতএব আপনি সত্বর লক্ষ্য করিয়া আমাকে নিক্ষেপ করুন, আমি আপনার ও আমার শত্রুকে বধ করিব' ॥৪৪॥

অশ্বসেন এইরূপ বলিলে, কর্ণ তাহাকে বলিলেন—'ভীষণমূর্ত্তি আপনি কে?' তখন অশ্বসেন বলিল—'অর্জ্জুন আমার মাতাকে বধ করিয়া শত্রুতা ঘটাইয়াছে এবং আমার নিকট অপরাধ করিয়াছে, ইহা অবগত হউন ॥৪৫॥

যদি স্বয়ং ইন্দ্রও উহার রক্ষক হন, তথাপি-ও যমালয়ে যাইবে। আপনি আমাকে অবজ্ঞা করিবেন না, আমার বাক্য রক্ষা করুন, আজই আপনার শত্রুকে বধ করিব, আমাকে সত্বর নিক্ষেপ করুন' ॥৪৬॥

কর্ণ বলিলেন—'কর্ণ যুদ্ধ করিবার জন্য কিংবা অন্য কোন বিষয় সম্পাদনের নিমিত্ত অন্যের শক্তি অবলম্বন করিয়া জয় লাভ করিবার ইচ্ছা করেন না। অতএব নাগ! আমি যদি শত অর্জ্জুনকেও বধ করিতে পারি, তথাপি এই বাণ দুই বার সন্ধান করিব না' ॥৪৭॥

(৪৭)···বাহ্যং বলম্···পি,···রণে পরস্য বলম্···বা সো।

ইত্যেবমুক্তো যুধি নাগরাজঃ কর্ণেন রোষাদসহংস্তু বাক্যম্।
স্বয়ং প্রায়াৎ পার্থবধায় রাজন্! কৃত্বেষুরূপং বিজিঘাংসুরুগ্রঃ ॥৪৯॥
কৃষ্ণস্ততঃ পার্থমুবাচ সংখ্যে মহোরগং কৃতবৈরং জহি ত্বম্।
স এবমুক্তো মধুসূদনেন গাণ্ডীবধন্বা রিপুষুগ্রধন্বা।
উবাচ কো হ্যেষ মমাদ্য নাগঃ স্বয়ং য আয়াদ্‌গরুড়স্য বক্ত্রম্ ॥৫০॥

কৃষ্ণ উবাচ।

যোঽসৌ ত্বয়া খাণ্ডবে চিত্রভানুং সন্তর্পয়াণেন ধনুর্দ্ধরেণ।
বিয়দ্‌গতো জননীগুপ্তদেহো মত্বৈকরূপং নিহতাস্য মাতা ॥৫১॥
স এষ তে বৈরমনুস্মরন্ বৈ ত্বামদ্য চায়াতি বধায় পার্থ!।
নভশ্চ্যুতাং প্রজ্বলিতামিবোল্কাং পশ্যৈনমায়ান্তমমিত্রসাহ! ॥৫২॥

ভারতকৌমুদী

ইতীতি। অসহন্ অসহমানঃ। ইষুরূপমাত্মনো বাণমূর্ত্তিম্, বিজিঘাংসুর্বিহন্তুমিচ্ছুঃ ॥৪৯॥ কৃষ্ণ ইতি। রিপুষু উগ্রং ধনুর্যস্য সঃ। গরুড়স্যেব মম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥ য ইতি। চিত্রভানুমগ্নিম্, সন্তর্পয়াণেন সন্তর্পয়মাণেন। বিয়দ্‌গত আকাশস্থিতঃ, জনন্যা গুপ্তো জঠরাভ্যন্তরে নিগীর্য্য রক্ষিতো দেহো যস্য সঃ। আদিপর্ব্বণি খাণ্ডবদাহে দৃশ্যমেতৎ ॥৫১॥

তখন সূর্য্যপুত্রশ্রেষ্ঠ কর্ণ পুনরায় সেই অশ্বসেনকে বলিলেন—'ক্রূরাস্ত্রনিক্ষেপ, গুরুতর যত্ন ও ক্রোধের গুণে আমিই অর্জ্জুনকে বধ করিতে পারিব; সুতরাং তুমি প্রসন্ন বদনে যাইতে পার' ॥৪৮॥

রাজা! কর্ণ এইরূপ বলিলে, অর্জ্জুনবধার্থী উগ্রমূর্ত্তি নাগরাজ অশ্বসেন ক্রোধে কর্ণের বাক্য সহ্য না করিয়া বাণরূপ ধারণপূর্ব্বক অর্জ্জুনকে বধ করিবার জন্য নিজেই আকাশপথে গমন করিতে লাগিল ॥৪৯॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি ইহার সহিত শত্রুতা করিয়াছিলে, সুতরাং এই মহানাগকে বধ কর'। কৃষ্ণ এইরূপ বলিলে, শত্রুর পক্ষে ভীষণ ধনুর্দ্ধর অর্জ্জুন বলিলেন—'এখন গরুড়ের মুখের ন্যায় আমার নিকটে এই যে নিজেই আসিতেছে, এ নাগটা কে?' ॥৫০॥

কৃষ্ণ কহিলেন—'অর্জ্জুন! খাণ্ডবদাহের সময়ে তুমি যখন ধনু ধারণ করিয়া অগ্নিকে সন্তুষ্ট করিতেছিলে, তখন যে নাগ জননীর উদরের ভিতরে প্রবেশ করিয়া আকাশপথে যাইতেছিল, সেই সময়ে তুমি এক ব্যক্তি মনে করিয়া উহার মাতাকে বধ করিয়াছিলে ॥৫১॥

(৫০)...গাণ্ডীবধন্বা রিপুবীর্য্যসাহঃ...বা সো। (৫২)...ত্বাং প্রার্থয়ত্যাত্মবধায় নূনম্... সো,...প্রজ্বলিতাং মহোল্কাম্...পি।

সঞ্জয় উবাচ।

ততঃ স জিষ্ণুঃ পরিবৃত্য রোষাচ্চিচ্ছেদ ষড়্‌ভির্নিশিতৈঃ পৃষৎকৈঃ।
নাগং বিয়ত্তির্য্যগিবাপতন্তং স চ্ছিন্নগাত্রো নিপপাত ভূমৌ ॥৫৩॥
হতে তু তস্মিন্ ভুজগে কিরীটিনা স্বয়ং বিভুঃ পার্থিব ! ভূতলাদথ।
সমুজ্জহারাশু মহাভুজঃ স তং রথং ভুজাভ্যাং পুরুষোত্তমঃ পুনঃ ॥৫৪॥
তস্মিন্ মুহূর্ত্তে দশভিঃ পৃষৎকৈঃ শিলাশিতৈর্বর্হিণবর্হবাজিতৈঃ।
বিব্যাধ কর্ণঃ পুরুষপ্রবীরং ধনঞ্জয়ং তির্য্যগবেক্ষমাণঃ ॥৫৫॥
ততোঽর্জ্জুনো দ্বাদশভিঃ স্বমুক্তৈর্বরাহকর্ণৈর্নিশিতৈঃ সমর্প্য।
নারাচমাশীবিষতুল্যবেগমাকর্ণপূর্ণায়তমুৎসসর্জ ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি। নভশ্চ্যুতাং গগনাৎ পতিতাম্। অমিত্রান্ শত্রূন্ সহত ইতি কর্ম্মণ্যণ্ ॥৫২॥
